GOV-GAZZ
JANU-DEE
1853

Librarian
Uttarpara Joykrishna Public Library
Govt. of West Bengal

Numb. 670 ৬৭০)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 4, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ৪ জানুআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 16.

To the Criminal Authorities in the Lower and Western Regulation Provinces.

The Court publish, for general information, the following amended Bengalee translation of the Bail Bond in Clause 4, Section 3, Regulation IX. 1807

(Signed) B. J. COLVIN, *Register.*

Fort William, the 24th September, 1852.

সদর নিজামৎ আদালতের সরকুলার অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা ১৮০৭ সালের ৯ আইনের ৩ ধারার ৪ প্রকরণে হাজিরজামিনের যে পাট আছে তাহার বাঙ্গলা ভাষার নীচের লিখিত সংশোধিত তর্জ্জমা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করিতেছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫২ সাল ২৪ সেপ্টেম্বর।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator*

লিখিতং শ্রী অমুক সাকিন অমুক কস্য হাজিরজামিনী পত্রমিদং কার্য্যঞ্চাগে অমুক সাকিনের অমুক ফরিয়াদী অমুক অপরাধপ্রযুক্ত অমুক সাকিনের অমুকের নামে অমুক জিলার ফৌজদারী আদালতে নালিশ করিয়াছে এবং নালিশের জওয়াব দিবার জন্যে আসামীকে অমুক দিবসে হজুরে হাজির হইবার হুকুম হইয়াছে অতএব আমি স্বেচ্ছা-পূর্ব্বক আসামীর হাজিরজামিন হইয়া লিখিয়া দিতেছি যে এই মোকদ্দমার নিষ্পত্তির হুকুম হওয়াপর্য্যন্ত আসামী হাজির থাকিবেক যদি গরহাজির হয় তবে তাহার দায়ের জওয়াব এত তঙ্কা দণ্ড সরকারে দিব এতদর্থে হাজিরজামিনী পত্র লিখিয়া দিলাম ইতি অমুক সন অমুক তারিখ মোতাবেক অমুক।

No. 26.

FORT WILLIAM, FINANCIAL DEPARTMENT,

THE 22ND DECEMBER, 1852.

NOTIFICATION.

By Section IX, Act XVII. of 1835 of the Government of India, it was enacted that thenceforward no Gold Coin should be a legal tender of payment in any of the Territories of the East India Company, and accordingly Gold ceased from the date of the passing of the Act to be a legal tender of payment in the Company's Territories in India.

But by a Proclamation issued on the 13th January 1841, Officers in charge of Public Treasuries were authorized freely to receive Gold Coins struck

২৬ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫২ সাল ২২ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের জারীহওয়া ১৮৩৫ সালের ১৭ আইনের ৯ ধারাতে হুকুম হইয়াছিল যে ঐ আইন জারী হওনঅবধি কোম্পানি বাহাদুরের শাসিত কোন দেশে কোন সোণার মুদ্রা দেনার পরিশোধে আইনসিদ্ধ চলন হইবেক না। অতএব ঐ আইন জারী হওনের তারিখঅবধি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দেনার পরিশোধে সোণার মুদ্রা দিবার প্রস্তাবকরা আইনক্রমে স্থগিত হইল।

পরন্তু ১৮৪১ সালের ১৩ জানুআরি তারিখে এক ইশ্‌তিহার প্রকাশ হইল এবং তাহার দ্বারা সরকারী খাজানাখানার কার্য্যকারকেরদের প্রতি হুকুম হইয়াছিল যে

in conformity with the Provisions of the same Act XVII. of 1835, at the rates indicated by the denomination of the pieces, until they should have passed certain limits of lightness set forth in a table published with the Proclamation, or until further orders, and Gold Coins have been thus received in liquidation of public demands up to the present date.

Notice is now given, that so much of the Proclamation of the 13th January 1841, as authorized the receipt of Gold Coins into the public Treasuries of Government, will be withdrawn and cancelled from the 1st January 1853, and that on and after that date, no Gold Coin will be received on account of payments due, or in any way to be made to the Government in any Public Treasury within the Territories of the East India Company.

Gold will continue as heretofore to be received into any of the Mints within the Territories of the East India Company for coinage, under the Act and Rules at present in force for the coinage of Gold, but Mint Certificates for Gold Coins will be discharged in Gold only, and no such Certificate for Gold will be accepted in any Public Treasury in liquidation of public demands, or on account of any payment to the Government whatever.

Published by Order of the Most Noble the Governor General of India in Council.

J. A. DORIN,
Secy. to the Govt. of India.

১৮৩৫ সালের উক্ত ১৭ আইনের বিধানানুসারে জরব-হওয়া সোণার মুদ্রা ঐ ইশ্‌তিহারের সঙ্গে যে ফর্দ প্রকাশ করা গিয়াছিল সেই ফর্দের নির্দ্দিষ্ট ওজনের কম ওজন যেপর্য্যন্ত না হয় সেইপর্য্যন্ত অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত তাঁহারা প্রত্যেক সোণার মুদ্রা তাহার মুল্যানুসারে স্বচ্ছন্দে গ্রহণ করেন। তাহাতে অদ্যকার তারিখপর্য্যন্ত সরকারী দাওয়ার পরিশোধের নিমিত্তে সোণার মুদ্রা সেইরূপে গ্রাহ্য হইয়া আসিতেছে।

এইক্ষণে সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪১ সালের ১৩ জানুআরি তারিখের ইশ্‌তিহারের যে অংশে হুকুম হইয়াছিল যে সোণার মুদ্রা গবর্ণমেণ্টের খাজানাখানাতে গ্রাহ্য হইতে পারে সেই অংশ ১৮৫৩ সালের ১ জানুআরি তারিখঅবধি স্থগিত ও রদ হইবেক। এবং সেই তারিখে ও তাহার পরে গবর্ণমেণ্টের পাওনার পরিশোধের জন্যে কিম্বা গবর্ণমেণ্টের নিকট কোন প্রকার দেনা টাকার পরিশোধার্থে সোণার মুদ্রা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন সরকারী খাজানাখানায় লওয়া যাইবেক না।

সোণার মুদ্রা জরবের বিষয়ে যে আইন ও যে সকল বিধান এক্ষণে চলন আছে সেই আইন ও বিধানমতে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন টাকশালে মুদ্রা জরবের নিমিত্তে সোণা যেমন লওয়া যাইতেছে তেমনি লওয়া যাইবেক। কিন্তু টাকশালহইতে সোণার মুদ্রার যে সর্টিফিকট দেওয়া যায় তদনুসারে কেবল সোণার মুদ্রা দেওয়া যাইবেক এবং সরকারী দাওয়ার পরিশোধের নিমিত্তে কিম্বা গবর্ণমেণ্টের পাওনা কোন টাকার বাবৎ ঐ প্রকার স্বর্ণের সর্টিফিকট সরকারী কোন খাজানাখানায় গ্রাহ্য হইবেক না।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রকাশিত।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindu College, on Saturday, the 8th of January, 1853.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary of the Council of Education, to all candidates on personal application.

(By order,)

F. J. MOUAT,
Secy. Council of Education.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫৩ সালের ৮ জানুআরি তারিখ শনিবার বেলা দশ ঘণ্টার সময়ে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারিবেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 29th December, 1852.

Baboo Bystubchurn Dass, a Diploma Holder of 1851, to be Acting Moonsiff of Juggernath Diggee, Zillah Tipperah, during the absence on leave of the incumbent, or until further orders.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৯ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার জগন্নাথদীঘীর মুনসেফের অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫১ সালের যোগ্যতার পত্রধারি শ্রীযুত বাবু বৈষ্ণবচরণ দাস ঐ স্থানের এক্‌টিং মুনসেফ হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৪ জানুআরি।]

LEAVE OF ABSENCE.

The 29th December, 1852.

Baboo Hurreemohun Bose, Moonsiff of Juggernath Diggee, Zillah Tipperah, for four months, in extension of the leave granted on the 6th ultimo, on Medical Certificate.

B. J. COLVIN, *Register*.

ছুটী।

১৮৫২ সাল ২৯ ডিসেম্বর।

জিলা ত্রিপুরার জগন্নাথদীঘীর মুনসেফ শ্রীযুত বাবু হরিমোহন বসু চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৬৪৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২০ ডিসেম্বর।

শ্রীযুত সি ডি রসেল সাহেবের (Mr. C. D. Russell,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) পুরণিয়ার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেবের (Mr. G. G. Balfour.) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker.) মুঙ্গেরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন এবং ঐ জিলাতে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৫২ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত আর এফ হজসন সাহেবের (Mr. R. F. Hodgson,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) বেহারের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) ঐ জিলার মধ্যে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman,) ঐ জিলার মধ্যে জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫২ সাল ২৮ ডিসেম্বর।

নীচের লিখিত সাহেবেরা ১৮৫২ সালের ১০ আইনানুসারে কলিকাতা নগর সুশোভিত করণার্থে ১৮৫৩ সালের নিমিত্তে কমিস্যনরী পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব। (Mr. W. H. Elliott.)

শ্রীযুত কাপ্তান এচ ই এল থুইলিয়র সাহেব। (Captain H. E. L. Thuillier.)

নীচের লিখিত মহাশয়েরা উক্ত আইনানুসারে কলিকাতা নগরের টাক্সদারিরদের দ্বারা ১৮৫৩ সালে কলিকাতা নগর সুশোভিত করণার্থে কমিস্যনরী পদে নিযুক্ত হইয়াছেন।

উত্তরাংশের নিমিত্তে শ্রীযুত বাবু ভুবনমোহন মিত্র।

দক্ষিণাংশের নিমিত্তে শ্রীযুত বাবু দীনবন্ধু দে।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) কমিস্যনরেরদের প্রেসীডেন্ট হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ২১ ডিসেম্বর।

মেদিনীপুরের কালেক্টর শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand.) স্বীয় কর্ম্মোপলক্ষে ইঙ্গলণ্ডে গমনার্থে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২২ ডিসেম্বর।

দিনাজপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব (Mr. J. Grant.) যে তারিখে আপনার কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

প্রথম খণ্ডের আবকারীর কমিস্যনর শ্রীযুত এস জি পামর সাহেব (Mr. S. G. Palmer,) ১৮৫০ সালের ১৩ নবেম্বর তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহা গত মাসের ১০ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি অপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বাঁকুড়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek,) গত অক্টোবর মাসের ৯ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি রহিত হইয়াছে। ঐ তারিখে তিনি আপন কর্ম্মে প্রত্যাগমন করেন।

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ২১ ডিসেম্বর।

এদেশীয় লঘু অস্ত্রধারি পদাতিক ৪২ পল্টনের এনসাইন শ্রীযুত ডবলিউ এন লীস সাহেব (Ensign W. N. Lees,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫২ সালের ৯ মার্চ তারিখের হুকুমের নির্দ্দিষ্ট নিয়মপর্য্যন্ত হিন্দী ভাষায় সুশিক্ষিত হইয়াছেন।

১৮৫২ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ জে বাইবার সাহেব (Lieutenant H. J. Bivar,) বর্ত্তমান মাসের ৯ তারিখে লক্ষ্মীপুরের কালেক্টরীর খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট এফ জি ইডন সাহেবের (Lieutenant F. G. Eden.) স্থানে গ্রহণ করেন।

কটকের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে আপন কর্ম্মের ও কালেক্টরীর খাজানাখানার ভার শ্রীযুত জি এ পেপর সাহেবের (Mr. G. A. Pepper,) স্থানে গ্রহণ করেন।

নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliff) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেবের (Mr. W. H. Henderson,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[Government Gazette...]

GOVERNMENT ADVERTISEMENTS.
OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
আফিম।

আফিমের ইশতেহার।

ইশতেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ১০ জানুআরি সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২০৫
বানারসের পয়দায়শী আফিম	১০৮৫
জুমলা সিন্দুক	৩২৯০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশতেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশতেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাক দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ১৫ এবং ২৫ জানুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ১৫ জানুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবেব কিম্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ২৫ জানুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশতেহারের মেকদার আফিম দেওয়ায় সন ১৮৫৩ সালে নীচের লিখিত মেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

					বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের	২১	ফেব্রুআরি	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১	মার্চ	ঐ	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	আপ্রিল	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	জুলাই	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১	আগস্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	সেপ্টেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১	নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০	ডিসেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
					২৪২৫৮	১১৯১৪	৩৬১৭২

হিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫২ সাল তারিখ ২৮ ডিসেম্বর।

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

জিলা ভুলুয়া।

এতলানামা কাছারী কালেক্টরী জিলা ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ী জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল সন ১২৫৯ সনের কিস্তী ভাদ্রপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্তক সন ১৮৫৩ সনের ১৫ জানুআরি মোতাবেক বাঙ্গলা সন ১২৫৯ সনের ৩ মাঘ রোজ শনিবার অত্র কালেক্টরিতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ সন তারিখ ২২ ডিসেম্বর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১২৫৯ সালের লাং কীস্তি ভাদ্রের পাওনা বাকী লাং ২৭ সেপ্টেম্বর সূর্য্যাস্তপর্য্যন্ত	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১৪২ নং	পং অমুরাবাদ হিস্যা ।।৶১৩ ৴ ক্রান্ত মধ্যে তাং খারিজা ইয়ারপুর	মাহামুদ মনওর ...	১৫৬৸১০	৪৬৸৶	এই মহাল সন ১৮৫২ সনের ১৭ নবেম্বর তারিখে আকামিয়া ১৭৲ টাকা মুল্যে খরিদ করিয়া মেয়াদ ৩০ রোজ মধ্যে বাকী পাওনা টাকা দাখিল না করাতে পুনর্নীলাম হইবেক ইতি।

W. H. Henderson, *Offg. Deputy Collector.*

জিলা মালদহ।

এস্তাহারনামা কাছারি কলেক্টরি জেলা মালদহ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতে সন ১২৫৯ সালের বাঙ্গালার কিস্তী আশ্বিন ও কার্ত্তিক ও অগ্রহায়ণ বাকী রাজস্ব আদায় নিমিত্ত সন ১৮৫৩ ইং সালের ১৭ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ৫ মাঘ সোমবার এই কালেক্টরির কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ২৯ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৯ সাল তারিখ ১৬ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম ও পরগনা	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৫৯ সালের কিস্তী আশ্বিন ও কিস্তী কার্ত্তিক ও কিস্তী অগ্রহায়ণের বাকী	কৈফিয়ৎ
১	এস্তমুরারি ধার্য্য হওয়া মহাল	১৩৬	তরফ কাকট পং মাকরাইন	আনন্দময়ী দাস্যা	১৫৩৪।৴৪	৩১৬৸৭	
ঐ	ঐ	২৩৮	তরফ হোসেনপুর পরগনে কাকজোল ...	হরমোহন বন্দ্যোপাধ্যায় ...	২১।৫	১১৲	
ঐ	ঐ	২৭৯	মৌজে গোহাইন বাড়ি পরগনে তাতীয়া গোপালপুর	রামতনু চক্রবর্ত্তী	১৯৶১০	১০৲	
ঐ	ঐ	২৯৮	মৌজে গঙ্গারামপুরদিগর জাগির নওয়াজস আলি জমাদার পরগনে তাতীয়া গোপালপুর ...	চন্দ্রনাথ রায়...	১০।৶।।	৫৲	

E. C. Craster, *Offg. Deputy Collector.*

জিলা বর্দ্ধমান।

সংবাদ দেওয়া যাইতেছে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার কালেক্টরি কাছারিতে নীচের লিখিত মহাল সন ১২৫৯ সালের লাগাইদ অগ্রহায়ণ তলবি মোং ইং সন ১৮৫২ সালের নবেম্বর মাহার তলবি বাকী খাজানা আদায় নিমিত্তে সন ১৮৫৩ সালের ১৯ জানুআরি মোং সন ১২৫৯ সালের ৭ মাঘ বুধবার দিবসে এই ডিপুটী কালেক্টরি কাছারিতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত নীলাম হইবেক. সন ১৮৫২ সাল ২৯ ডিসেম্বর।

নম্বর তরতিব	মহালের শ্রেণী	জিলার তৌজীর নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা কোম্পানি	বাকী লাং নবেম্বর সন ১৮৫২।	কৈং।
১	২০ বসৎর মিয়াদী	৩১৩	হিকীমমানা	সাগর দাস	৩০৷৶৬	১২৲	এই বাকী আদায় কারণ নীলাম হইবেক।
						মেয়াদ পেয়াদা ৮৶	
						১২৮৶	

W. J. LONGMORE, *Offg. Deputy Collector.*

জিলা বীরভূম।

এস্তালানামা কাছারী কালেক্টরী জেলা বীরভূম এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি অত্র কালেক্টরী সংক্রান্ত নিম্নের লিখিত মহালাৎ সন ১৮৫৩ সাল তারিখ ২৪ জানুআরি মতাবক সন ১২৫৯ সাল তারিখ ১২ মাঘ রোজ সোমবার দিবা দুই প্রহরের পর অত্র কাছারির প্রকাশস্থানে রীত্যনুসারে নীলাম বিক্রী হইবেক যে কেহ খরীদের বাশনা রাখহ উচিত যে ঐ তারিখ ও সময়ে এই কাছারিতে হাজির হইয়া খরিদ করহ আর যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ৩০ ডিসেম্বর মতাবক সন ১২৫৯ সাল তারিখ ১৭ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম মালিকান	সদর জমা	বাকী লাগাদী অগ্রহায়ণ সন ১২৫৯ সাল	কৈফিয়ৎ
১	দাএমী	৪১৩ নং	কিসমত হিলোড়া	ত্রিলোচন ভট্টাচার্য্য	৪৮৲২	৩৲৪	মুছলমমহাল।
	ঐ	৪২৮ নং	ঐ	ঐ জন	১৮৷৶৬	১৲৭	ঐ

W. C. SPENCER, *Offg. Collector.*

NOTICE.

SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the leaseholders of the undermentioned Lots in the Soonderbuns, have failed according to the terms of their leases, to bring into a state of cultivation the lands allotted to them for 20 years. That all future opposition that may be made by the Lot-holders may be obviated, they are hereby requested to state clearly in writing the reason, to the Commissioner of the Soonderbuns, within one month from this date. In default of which their right and title to those lands shall cease.

No. of Lot.	Area.	Name of Grantee.
105	8,400	Mr. A. Rogers.
106	20,900	Mr. Bell.
110	31,000	Mr. J. Hughes.
111	60,000	Mr. John Pittar.
112	29,000	Mr. Parbury.
113	26,000	Mr. W. Hammerton.
114	62,000	Mr. W. Hammerton.
115	38,000	Mr. W. Hammerton.
134	10,000	Mr. David Garrow and Birjomohun Dey.
135	28,000	Mr. David Hare.
140	18,000	Mr. John Shiels.
163	38,000	Mr. T. Humfry.

OOMAKAUNT SEIN, *Commissioner.*

Soonderbun Commissioner's Office, Camp Bussuntopore,
The 24th December, 1852.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৪ জানুআরি।]

ইশ্‌তিহার।

সুন্দরবনের কমিস্যনরের কাছারী।

যেহেতুক সুন্দরবনের নীচের লিখিত লাটের পাট্টাদারেরা আপনারদের পাট্টার নিয়মক্রমে বিশ বৎসরপর্য্যন্ত আপনারদের প্রাপ্ত জমী আবাদ করেন নাই অতএব ঐ পাট্টাদারেরদের উত্তর কালে কোন আপত্তি না হয় এই নিমিত্তে তাঁহারদিগকে আদেশ করা যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে তাঁহারা তাহার হেতু সুন্দরবনের কমিস্যনরের নিকটে স্পষ্টরূপে লিখিয়া জ্ঞাপন করেন। এই বিষয়ে ত্রুটি হইলে ঐ জমীতে তাঁহারদের স্বত্ব ও অধিকার রহিত হইবেক।

লাট নং	পরিমাণ	পাট্টাদারের নাম।
১০৫	৮,৪০০	শ্রীযুত এ রবর্স সাহেব।
১০৬	২০,৯০০	শ্রীযুত বেল সাহেব।
১১০	৩১,০০০	শ্রীযুত জে হিউস সাহেব।
১১১	৬০,০০০	শ্রীযুত জন পিটার সাহেব।
১১২	২৯,০০০	শ্রীযুত পার্বরি সাহেব।
১১৩	২৬,০০০	
১১৪	৬২,০০০	শ্রীযুত ডবলিউ হামর্টন সাহেব।
১১৫	৩৮,০০০	
১৩৪	১০,০০০	শ্রীযুত ডেবিড গারো সাহেব ও ব্রজমোহন দে।
১৩৫	২৮,০০০	শ্রীযুত ডেবিড হ্যার সাহেব।
১৪০	১৮,০০০	শ্রীযুত জন শীল্‌স্‌ সাহেব।
১৬৩	৩৮,০০০	শ্রীযুত টি হম্‌ফ্রি সাহেব।

উমাকান্ত সেন। কমিস্যনর।

ছাউনি বসন্তপুর সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। ১৮৫২ সাল ২৪ ডিসেম্বর।

NOTICE.

The Titalyah Fair will commence this season on the 20th February, 1853, and continue for a Fortnight.

A. CAMPBELL, *Superintendent.*

Superintendent's Office,
Darjeeling, the 5th December, 1852.

ইশ্‌তিহার।

বর্ত্তমান কালে তেঁতুলিয়ার মেলা ১৮৫৩ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইয়া দুই সপ্তাহ থাকিবেক।

এ কাম্বেল। সুপরিণ্টেণ্ডেণ্ট।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দপ্তরখানা।
দারজিলিঙ্গ। ১৮৫২ সাল ৫ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমীদারিদিগর ইজারা।

ত্রিপুরাসুন্দরী দেবীদিগর বাদী।
গৌরীচরণ মুখোপাধ্যায় প্রতিবাদী।
এবং
পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়দিগর বাদী।
অভয়চরণ মুখোপাধ্যায়দিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি সন ১৮৫৩ সালের ২২ জানুআরি শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এম এফ জি সেণ্ডেস সাহেব তাঁহার আফিসে মৃত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ইষ্টেটের শামিলাত নীচের লিখিত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

[*Government Gazette, 4th January,* 1853.]

প্রথম খণ্ড।

জেলা হুগলী মোত্তালক।

পরগনে বোরো লাট মনোহরপুর ২ মৌজা মনোহরপুর ও মৌজে গোবরা রকম ॥০ আনা ১

পরগনে বেলিয়া লাট রামপাড়া ১০ মৌজা মৌজে হাড়িখাড়া দেওড়া মল্লগ্রাম সন্তোষনগর গৌরীপুর খোষাল-বাটী চন্দ্রপুর বড়গ্রাম পাইখালী ও কিসমত ভূপতিপুর রকম ৵৬॥ = ক্রান্তি ১

পরগনে ভুরশীট লাট সোণাতোলা ২ মৌজা নিজ সোণাতোলা ও গোয়ালাবন্দ রকম ঐ ১

ঐ পরগনার লাট আয়মা কালুপাট ৬ মৌজা কিসমত নিজ কালুপাট মৌজে কুমারচক ঠাকুরাণীচক ধুরখালী সরপাই ও সাওরানা রকম ঐ ১

দ্বিতীয় খণ্ড।

মোকাম মনোহরপুর এক নীলের কুঠী মায় বাগান ও পুষ্করিণী এবং নীল তৈয়ারির কথক জিনিসপত্র রকম ৵৬॥ = ক্রান্তি। ১

মোকাম খড়িয়াল এক নীলের কুঠী মায় বাগান ও পুষ্করিণী এবং নীল তৈয়ারির কথক জিনিসপত্র রকম ষোল আনা। ১

মোকাম জনাই ছাওয়াখানা নামক এক বাগান মায় পুষ্করিণী ও পাকা ইমারত জমী আন্দাজী ৭৴ বিঘা রকম ষোল আনা ১

মোকাম ঐ বলতানামক এক পুষ্করিণী রকম ৵৬॥ = ক্রান্তি। ১

ঐ জেলা মোত্তালক লাখেরাজ ও খেরাজি ৵৬॥ = ক্রান্তি। ১

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ৩০ ডিসেম্বর ১৮৫২।

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের।

সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না করেন তাঁহারদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটরী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত সন ১৮৫২ সালের ১০ আগষ্ট তারিখের ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৪ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩১ ডিসেম্বর সন ১৮৫২ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মৌজুদ নমকের।

এজেন্সীর নাম।	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।						
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।	০	০	০	০	২,৭১,৪০৫/	২,৭১,৪০৫/
ঐ ঐ কৃষ্ণনগর।	০	০	০	১,৬৬৯/৬॥	১,০৮,৩৯৮।৬	১,১০,০৬৭॥২॥
ঐ ঐ রামনগর।	০	০	০	১,২০,৩৫২/	১,৯৬,৩৪০/	৩,১৬,৬৯২/
গাছা নমক।	৪,৬৭৭॥১॥	০	০	০	০	৪,৬৭৭॥১॥
একুন।	৪,৬৭৭॥১॥	০	০	১,২২,০২১/৬॥	৫,৭৬,১৪৩।৬	৭,০২,৮৪২/৪
তমলুক।						
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।	০	০	০	০	৩,৪০৭/৭॥	৩,৪০৭/৭॥
একুন।	০	০	০	০	৩,৪০৭/৭॥	৩,৪০৭/৭॥
চট্টগ্রাম।						
পাঙ্গা নমক নিজামপুর ঘাট ডোমখালি।	১২,০৪২।২৸৵	০	০	০	০	১২,০৪২।২৸৵
ঐ আরাকিন ঐ	০	১৩,৪০৮॥৮৸৵	০	০	০	১৩,৪০৮॥৮৸৵
ঐ সদর ঘাট এজেন্সী।	০	০	২,৭৬,৪৭১/।	৪,৮০,১৯৩/৯	৩,৯৮,৯৬৫/৫	১১,৫৫,৬২৯।৪।
ঐ ঐ আরাকিন।	৩,৫২,৬৪৩/	০	০	২৯,৮৯৩/	৭/২৸	৩,৮২,৫৪৩/২৸
একুন।	৩,৬৪,৬৮৫।২৸৵	১৩,৪০৮॥৮৸৵	২,৭৬,৪৭১/।	৫,১০,০৮৬/৯	৩,৯৮,৯৭২/৭৸	১৫,৬৩,৬২৩।৮৸৵

এজেন্সীর নাম।	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	মৌজুদ নমকের একুন।
ভুলুয়া।						
পাঙ্গা নমক ঘাট কাঁকড়া আরাকিন।	০	০	০	২,০১৫ ।০	০	২,০১৫ ।০
ঐ ঐ তক্তাখালি।						
একুন	০	০	০	২,০১৫ ।০	০	২,০১৫ ।০
শালিখা						
পাঙ্গা নমক কটক।	৭,৩৯,৫২৭ ।৫	৯,১২৬॥৫	২,৮৬৫/	৫৯,০৪৪/	০	৮,১০,৫৬৩/
ঐ বালেশ্বর।	০	০	০	০	২,৭৫৫/	২,৭৫৫/
ঐ খোরদা	২২৭॥১॥	৩৭৭॥২	৩২৯/	৫৮৯/	০	১,৪২৩/৩॥
ঐ চিলকা।	২৭৸০	১১৬/	২,৪৮৬/	২৩,৫৬০ ।০	০	২৬,১৯০/
করকচ নমক মান্দ্রাজ পরিমিট ১ পহিলা রকম	৩৭১॥০	০	০	০	০	৩৭১॥০
ঐ ঐ ২ দোসরা রকম।	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলি কালীনগর।	১২,১২৫॥৭	০	০	০	০	১২,১২৫॥৭
ঐ রামনগর।	০	০	০	১৭,২৮৪॥০	০	১৭,২৮৪॥০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	৩,২৭,০১৮/৪	০	০	০	৩,২৭,০১৮/৪
ঐ ঐ ডাইমন হারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর	০	৪৯,১৭২॥০	০	০	০	৪৯,১৭২॥০
ঐ হিজলি রসুলপুর।	০	০	০	১,৮৯,৮৪৩/	০	১,৮৯,৮৪৩/
একুন	৮,৭৪,৬৬৪৸৩॥	৪,৫৫,৮১০৸১	৫,৬৮০/	২,৯০,২২০৸০	২,৭৫৫/	১৬,২৯,১৩১ ।৪॥
আরাকিন						
পাঙ্গা ঘাট টৈকফু।	০	৫,৪৬১৸০	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	১,০৫,৪৬১৸০
একুন	০	৫,৪৬১৸০	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	১,০৫,৪৬১৸০
মোট একুন।	১২,৪৪,০২৭॥৭৸৶	৪,৭৪,৬৮১/৯৸৶	২,৮২,১৬৫/ ।	৯,৫৭,৬১৩৸৫॥	১০,৪৮,০০৭ ।১ ।	৪০,০৬,৪৮১/৪৸৶

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

জিলা ত্রিপুরা।

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মোতালক সন ১২৫৯ বাঙ্গলার লাং কিস্তী অগ্রহায়ণ বাকী মালগুজারীর নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারীর ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৩ ইংরেজীর ২৯ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সন বাঙ্গলার ১৭ মাঘ রোজ শনিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ২৯ ডিসেম্বর মোং সন ১২৫৯ বাং তাং ১৬ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৯ বাং	কৈফিয়ৎ
১	দহশালা বন্দোবস্তী	৮৮৯	পং মহব্বতপুর তাং রামধন মজুমদার ...	শ্রীমতী হরসুন্দরী শ্রীমতী অন্নপূর্ণা চৌধুরাইন রামচান্দ শাহ শ্রীমতী উজ্জ্বলমণি	১১৮৯৵১০	৫৫৪৵১০	
২	ঐ	৪৮৪	তং দুর্গাপুর তাং মঙ্গল সরফরাজ ...	রামসন্তোষ দেও কমলাকান্ত শর্ম্মণঃ কালীচন্দ্র শর্ম্মণঃ	৪১॥৮	২০॥৪	
৩	ঐ	৫২৫	পং পুরচণ্ডী তাং বণীখানম	রাজকেবল রায়	১৮॥৶৮	১২৸১০	
৪	ঐ	২৫	পং কবদি তাং রতিনাথ চক্র ...	রামকানাই চক্রবর্ত্তী	৩৮৶৮	২৩৷৶৬	
৫	ঐ	২৬	পং তথা তাং রামকৃষ্ণ চক্র	দুর্গাপ্রসাদ মিছির	১০৷৩	৫॥/৭	
৬	ঐ	২০০	পং প্রাণানন্দী তাং রুদ্রাম ঘোষ ...	গোবিন্দরাম ঘোষ	৩৫॥৬	১৮॥৶৮	
৭	ঐ	৬০৯	পং পুরচণ্ডী তাং রাজা ঘোষ ...	মাহিম খাঁ চান্দ খাঁ কাশীচন্দ্র ঘোষ ...	৩৫৷৪	২২৷৶৪	
৮	ঐ	৬৮৫	তং ফরকাবাদ তাং জগমোহন ও রাজকৃষ্ণ দত্ত মুং নৃসিংহ গৌর পালিত সাং মুং তাং রামচন্দ্র দত্ত ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও রামনারায়ণ দত্ত ও রামধন দত্ত ও কানাই ডিহিদার	জগমোহন দত্ত রাজকৃষ্ণ দত্ত	২০৲	৯॥/৭	
৯	ঐ	৬৭৬	তং তথা তাং জগমোহন ও রাজকৃষ্ণ দত্ত মুং ভবানী সাং মুং তাং রামচন্দ্র দত্ত ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও রামনারায়ণ দত্ত ও রামধন দত্ত ও কানাই ডিহিদার	দুর্গাপ্রসাদ মিছির	৩৮৷০	২৩৷॰৫	
১০	ঐ	৬৯৫	তং তথা তাং রামীরাম দাস মুং হিং ৴৫ গং রাধামাধব দেব রায়	হরিশ্চন্দ্র বসু	১০৩॥৶৪	৭০৷৶৫	

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৯ বং	কৈফিয়ৎ
১১	দহশালা বন্দোবস্তী	৭২০	তৎ তথা তাং রামকেশব দত্ত মুং হিং ৶৫ রাধামাধব দেব	দুর্গাপ্রসাদ মিছির … … …	১৮৶৯	১১৷৶৯	
১২	ঐ	৭৩৩	তৎ ফরকাবাদ তাং সমসাদ্দি …	মাহমুদ আরমান ভূঞা … … …	৬২৸৶১১	৩৮ ।৶৫	
১৩	ঐ	৭৫৬	তৎ তথা তাং হাসিম পাটওয়ারি মুং হিং ৶৫ গণ্ডা কৃষ্ণ রঘুনাথ সিছু	দৌলতগাজী … … … …	৬৪৷/৭	৪০৷৬	
১৪	ঐ	১২০৪	পং মৈজদ্দি তাং আনুমুরাদ …	তিলকচান্দ শাহা … … … …	১৭/১	৯/১	
১৫	ঐ	১২৩৩	পং তথা তাং সরফল্যা খন্দকার …	রামলোচন দাস রামকান্ত দাস … …	১৪৸৶১১	৮৸১০	
১৬	ঐ	১৩৪৫	পং সকদি তাং দৌলত খাঁ মুং /৪ রামনাথ রায় ও ৶৮৷ গণ্ডা হিং দুর্গাচরণ রায় হিং ৶৬ রমানাথ রায়	হরিশ্চন্দ্র বসু … … … …	১১৶৮	৭ ।৶৫	
১৭	ঐ	১৩৪৭	পং তথা তাং বিজয়রত্ন … …	হরিশ্চন্দ্র বসু … … … …	৬৮ ।৩	৪১৷/৭	
১৮	ঐ	১৩৯৯	পং সিঙ্গেরগাও তাং করমউল্যা মুং তাং জয়ধন গাজী	জয়ধন গাজী তনুল্য পাটওয়ারি মনগাজী পাটওয়ারি	১৮৶২	১১৶২	
১৯	ঐ	১৪১২	পং তথা তাং কৃষ্ণগোবিন্দ সেন …	কৃষ্ণকান্ত সেন গঙ্গাসাগর সেন … …	১৭৸৶৪	১১৶২	
২০	ঐ	১৪৩১	পং তথা তাং ছোবানগোছ …	শ্রীমতী ত্রিপুরাসুন্দরী … … …	২১ ।/৪	১৩৵/১০	
২১	ঐ	১৪৮৬	পং তথা তাং মাহামুদ হয়াত মুং হিং ১৬ গণ্ডা কুশল সিছু ও /৪ রামনারায়ণ	আরমান গাজী … … … …	১৯৶২	১০৷৶৮	
২২	ঐ	১৫৩৫	পং তথা তাং সাহেব খাঁ মুং হিং ৶৮। রামভদ্র রায়	কামতার খাঁ সমসের খাঁ কামতার খাঁ …	১৩।/৪	৮৷৬	
২৩	ঐ	১৫৪৩	পং তথা তাং সেক চান্দ মুং হিং ৶৮ গং	শিবরাম পাল মহরম খাঁ … … …	৬৩৻৬	৪০৸৯	
২৪	ঐ	১৫৪৫	পং তথা তাং সেক মাহাতাব …	শ্রীমতী ত্রিপুরাসুন্দরী … … …	১০৶২	৬ ।৶৪	
২৫	কাইমী বন্দোবস্তী	৮০০	পং বরদাখাত হিং ৷৶১১ ৶ ক্রান্ত মহাল বাজেআপ্তী মোং চুহুরিয়া	বিদ্যাধর ভট্টাচার্য্য রবিলোচন ভট্টাচার্য্য কৃষ্ণদেব ভট্টাচার্য্য শিবচন্দ্র ভট্টাচার্য্য কুলচন্দ্র ভট্টাচার্য্য গোলোকচন্দ্র ভট্টাচার্য্য রামলোচন ভট্টাচার্য্য কালীধন শর্ম্মণঃ হরিদেব ভট্টাচার্য্য	১০৸৮	২৷৶	

H. C. HALKETT, *Collector.*

জিলা রঙ্গপুর।

এত্তালানামা কচহরী কালেক্টরি জিলা রঙ্গপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজীর ১ আইনের ৬ ধারার মর্ম্মমত এতৎ জেলার নিম্নের লিখিত মহাল সন ১২৫৯ বাঙ্গলার লাগাএদ কিস্ত অগ্রহায়ণের বক্রী রাজস্ব আদায় জন্যে সন ১৮৫৩ ইংরেজির ২০ জানুআরি মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলার ৮ মাঘ রোজ বৃহস্পতিবার ইংরেজী ১২ ঘণ্টা বাজামাত্র মোকাম ধাপের এই কালেক্টরি কচহরির প্রকাশ স্থানে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চিত বিক্রী হবেক ইতি সন ১৮৫২ ইংরেজী তারিখ ২৯ ডিসেম্বর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৫৯ বাঙ্গলার লাগাএদ কিস্ত অগ্রহায়ণের বাকী	মন্তব্য কথা
১	প্রথম শ্রেণীর কাএমী বন্দবস্ত	৫২	মৌজে মুসরুত খুটামারাওগয়রহ ...	যাদবেন্দ্র চট্টোপাধ্যায় ...	৪২৯॥/১	১০৭/০	
২	ঐ	৩৮১	তাং ডাহাগ্রাম মোতালকে চাকলে পাটগ্রাম	দুর্গাপ্রসাদ ও চণ্ডীপ্রসাদ দোবে ও কৃষ্ণমোহন মজুমদার	১৮॥৶	২৲	
৩	ঐ	৪১৬	তাং সিন্দুন্যা চাকলে কাজ্জিরহাট	হরগোবিন্দ সরকার ...	৪৮৸১০	২৩৲	
৪	ঐ	৪৩৯	কিসমত রতিরাম পাইকান চাকলে বোদা	জয়দুর্গা দেব্যা ও বৈদ্যনাথ শর্ম্মা ও উলি খাঁ পাঠান	৫৩ ।১১	৬৲	
৫	ঐ	৪৭৩	তাং মরানদী চাকলে পূর্ব্বভাগ ...	কেশবরাম ও উৎসব রায় ও যাদবরাম বকসী নাবালগান	৫৬ ।৶৮	৩৮৲	

C. E. Lance, *Offg. Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ছয় ধারার মর্ম্মানুযায়ি জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নীচের লিখিত কাএমি বন্দোবস্তী মাহাল সন ১২৫৯ সালের লাগাইত কীস্তী অগ্রহায়ণের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৫৩ সালের ২০ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ৮ মাঘ বৃহস্পতিবার জেলা মজকুরের কালেক্টরির কাছারিতে অবোর্থ নীলাম হইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ৩১ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৯ সাল তারিখ ১৮ পৌষ।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদারাণ	সদর জমা	বাকী মালগুজারী	কৈফিয়ৎ
১	প্রথম শ্রেণীর মহাল	১০৭০	কিসমত গাইঘাটা	বৈদ্যনাথ দাস	৩৭ ৷/৫	২৫॥/৮	সমুদয় মাহাল নীলাম হইবেক।
		১৩১৫	কিসমত আব্দুলবেড়িয়া	সেখ আইনদ্দী	৩৪ ।১০	১৬॥/৭	ঐ
		১৪৭৭	কিসমত বৃন্দাবনবাটী	আজমতুল্লা চৌধুরী	১৮॥৶২	৯॥/২	ঐ

George Loch, *Collector.*

... ১ আইনের ৩ ধারার মর্ম্মানুসারে জেলা ঢাকা জালালপুরের নীচের লিখিত মহালের ১২৫৯ সনের লাং অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারি নিমিত্তে ১৮৫৩ সনের ২৬ জানুআরি মোং সন ১২৫৯ সনের ১৪ মাঘ বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাবেক এবং নিতান্ত বিক্রী হবেক ইতি সন ১৮৫২ সন তারিখ ২৯ ডিসেম্বর মোং সন ১২৫৯ সন তারিখ ১৬ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৯ সনের লাং ১ পৌষের পাওনা বাকী
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৬২৯	জিলে বিক্রমপুর খাং পং বিক্রমপুর তালুক গদাধর ঘোষ	গদাধর ঘোষ	৫০॥৶৬	৩৭॥০
		১১৭৪	জিলে দৌলতপুর মুং বৃন্দাবনচন্দ্র সেন তাং গোকুল দাস হিং রামসুন্দর দাস নিং রামচন্দ্র দেয় ও ঈশানচন্দ্র বসু ও রামদয়াল বসু	রামচন্দ্র দেও ও ঈশানচন্দ্র বসু ও রামদয়াল বসু	২৪/৩	২৪/৩
		১৫৭০	তং ইছাপুর তাং মহেশ ঘোষ নিং আমানুল্লা	আমানউল্লা	১২৸৯॥	১২৸৯॥
		১৬৬১	মুং বৃন্দাবনচন্দ্র সেন তাং মোহন বাঞ্ছ গোবিন্দকিশোর নিং খং ঈশানচন্দ্র বসু ও কালীকিঙ্কর বসু	ঈশানচন্দ্র বসু ও কালীকিঙ্কর বসু ...	১৪৸৶৮॥	১৪৸৶৮॥
		৩৬১৭	জিলে জালালপুর পং জালালপুর তালুক সাওরাম শর্ম্মা	সাওরাম শর্ম্মা ঈশানচন্দ্র বাঁড়ুয্যা ...	৭৪৭॥৶৯	১৮৬।০
		৩৬২১	তালুক রামশঙ্কর দেও	রামশঙ্কর দেও	২৫।৵৫॥	২৫।৵৫॥
		৩৭০৮	তাকলুক রাজারাম শর্ম্মা	রাজারাম শর্ম্মা	২৯/১	৶৮
		৪৫৭৬	জিলে নুরুল্লাপুর তং খোন্দ ধামরাই তাং মীর গোলামরছুল খাঁ মৌজে কান্দি বনিয়ারপুর	মীর গোলাম রছুল খাঁ	২৫।/৭	১১॥০
		৪৭৬৭	তং নন্দলালপুর তাং ঘনশ্যাম বর্দ্ধন নিং খং রামদুর্লভ বসু	রামদুর্লভ বসু	১৩।৬	১৩।৬

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক			সদর জমা	১৮৫৯ সনের লাং ১ পৌষের পাওনা বাকী
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৫৯৬৪	জিলে পাএন্দা বেগ সাবেক হজুরি তালুক গঙ্গাই শানা নিং খং গৌরমোহন চক্রবর্ত্তী	গৌরমোহন চক্রবর্ত্তী	...	...	৪৮৴৭	৩৬৲
		৬০৫৬	খাং পং বহর তালুক সীতারাম কর্ম্মকার	সীতারাম কর্ম্মকার	...	...	১১৷৶৯	১১৷৶৯

G. P. Leycester, *Collector.*

জিলা ঢাকা।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে জিলা ঢাকা জালালপুর অন্য বাবদের পাওনা বাকী ২৮ ডিসেম্বর আদাএ না করাতে ইং ১৮৫৩ সনের ২৬ জানুআরি মোং ১২৫৯ সনের ১৪ মাঘ বুধবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজর নীলামে ধরা যাবেক এবং নিতান্ত বিক্রী হবেক ইতি সন ১৮৫২ সন ২৯ ডিসেম্বর মোং সন ১২৫৯ সন তারিখ ১৬ পৌষ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক		সদর জমা	কোন্ সনের কোন্ মাসের পাওনা বাকী	মন্তব্য কথা
	বাকী মালগুজারি যে রূপে আদায় হয় সেই রূপে আদায় নিমিত্তে বিক্রয়হওয়া মহাল	৫৮৭২	পং জুয়ানশাহী মৌজে শালুয়া হিং ৫০ আনি তাং রহমত খাঁ	রহমত খাঁ	...	৬৭৶	দৈনিক জরীমানা ইং ১৬ জুলাই লাং ২০ সেপ্তম্বর মুং ৬৭৲ কাত ফিরোজ ৫৲ হিং ৩৩৫৲	স্থিতের কাগজ না দেওয়াতে লাল মিঞা ও চান্দ মিঞা দৈনিক জরিমানা উসুল কারণ চতুর্থ ঘরের লিখিত মহালে লাল মিঞা ও চান্দ মিঞার যে স্বত্ব আছে তাহা নীলাম হইবেক।
		৫৯৮০	পং তথা মৌজে তথা হিং ৷৵১০ আনি তাং ছাওয়াল খাঁ ...	ছাওয়াল খাঁ	...	১২৫৷৴	ঐ	ঐ

G. P. Leycester, *Collector.*

জিলা চব্বিশপরগনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা চব্বিশপরগনা এই যে

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত মহাল'তের সন ১২৫৯ সালের লাং অগ্রহায়ণ তলবের কিস্তীর সন ১৮৫২ সালের ২৮ ডিসেম্বরের বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫৩ সালের ২২ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ১০ মাঘ শনিবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনা ওজর বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩। ৪ জানুআরি মোং সন ১২৫৯। তারিখ ২২ পৌষ।

শুমারি নম্বর	শুমারি মহাল	রেজেষ্টরির নম্বর	মহাল ও পরগনার নাম	মালিকানের নাম	সদর জমা কোং	বাকী খাজানা	কৈফিয়ৎ।
১	চিরস্থায়ি বন্দবস্তী	২০	পং মাগুরা কিঃ শিখরবালী	আনন্দচন্দ্র মুখোপাধ্যায়	১৩৭ ।/৪	৪৫ ।৯	
	ঐ	১৬৪	পং কলিকাতা কিঃ মণ্ডলগাঁতি ওং	ইন্দ্রনারায়ণ রায় ...	২৩৪ ॥১	৭৪ ৻৪	
	ঐ	৮৭৮	পং হালিশহর কিঃ কাঠাল পাড়া	মাণিকরাম বন্দ্যোপাধ্যায়	১৯ ।৶৬	১৬৸৶১১	
	ঐ	১০৯৯	পং কলিকাতা মৌং মৌদপুর	রামগোপাল মুখোপাধ্যায়	১৬ ৻১১	৬।	
	ঐ	১২১৯	পং আনরপুর মৌং বোদাই	ভৈরবী দেব্য ওং ...	৩২॥৵৭ বিঃরসদ	২৸১	
২	মেয়াদী বন্দবস্তী মহাল	১৩৪৫	৫৬ নং লাট তাছনদহ ...	জানকের সাহেব ...	১০৮৪॥৶১ বিঃ ঐ	২৭০৲	
	ঐ	১৩২৯	৬৫ নং লাট কাছুগাছী ...	ঐ	৫৭১॥১০	১৪০৲	
৪	সরকারের অন্য পাওনা আদায় জন্য যে সমস্ত ইষ্টেট বিক্রয় হইবেক	১৬৬	পং কলিকাতা কিঃ দক্ষিণেশ্বর	মহেশচন্দ্র রায় ...	১৭৬/০	১৪৪৭৲	জেলা বাখরগঞ্জের মোতালক খাষ মহাল সৈদপুর পরগনার আবাদ ভুবখালির ইজারাদারের জেম্মার বাকী আদায় জন্যে তস্য জামিনদার মহেশচন্দ্র রায়ের এই ইষ্টেটে যে হক আছে তাহা বিক্রয় হইবেক।
		৩২৬	পং মুড়াগাছা মৌং বিষ্ণুপুর	কালীনাথ রায়ওং ...	২৫৬৯ ৻৩		এই ইষ্টেটের ॥০ আনা রকমে প্রিয়নাথ রায়ের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।
		৬৭৮	কিঃ পং বালিয়া কিঃ বালিয়া	ঐ	১১০৸৶২		এই ইষ্টেটে কালীনাথ রায়ের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।

তৌজি নম্বর	তৌজি মহাল	রেজেষ্টরির নম্বর	মহাল ও পরগনার নাম	মালিকানের নাম	সদর জমা কোং	বাকী খাজানা	কৈফিয়ৎ
৪	সরকারের অন্য পাওনা আদায় জন্য যে সমস্ত ইষ্টেট বিক্রয় হইবেক	৭০২	পং আমিরাবাদ কিঃ দত্ত-পাড়া	কালীনাথ রায় ওং ...	৯১॥৵১		এই ইষ্টেটে কালীনাথ রায়ের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।
		৭১৪	পং আমিরাবাদ কিঃ মেলা	ঐ	১৭৭।৶৪		ঐ ঐ ঐ।
		৯৫৮	কিঃ পং আগড়পাড়া কিঃ আগড়পাড়া	মথুরানাথ রায় ...	২৩০৸৩		এই ইষ্টেটে মথুরানাথ রায়ের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।
		৯৮৬	কিঃ পং পাইকহাটী কিঃ পাইকহাটী	কালীনাথ রায় ওং ...	৯৫০।৮		এই ইষ্টেটে প্রিয়নাথ রায়ের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।
		১০৫৩	কিঃ পং গুটলিয়াবাটী কিঃ গুটলিয়াবাটী	দ্বারকানাথ দত্ত ...	৪৪৸৵১		এই ইষ্টেটে দ্বারকানাথ দত্তের যে হক আছে তাহাই বিক্রয় হইবেক।

SHIBCHUNDER DEB, *Deputy Collector.*

জিলা চব্বিশপরগনা।

এতলানামা কাছারী কালেক্টরী জিলা চব্বিশপরগনা এই যে।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারার বিধানমতে নিম্নের লিখিত মহাল বাকী মালগুজারি আদায় নিমিত্তে বর্ত্তমান সনের ২২ জানের মোতাবেক বাঙ্গালা সন ১২৫৯ সালের ১০ মাঘ শনিবার দিবসে কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে রিসেল নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ৪ জানের মোতাবেক সন ১২৫৯ সাল তাং ২২ পৌষ।

তৌজি নম্বর	তৌজি মহাল	রেজেষ্টরির নম্বর	মহাল ও পরগনার নাম	মালিকানের নাম	সদর জমা কোং	বাকীর পরিমাণ লাং ভাদ্র ১২৫৯।
	চিরস্থায়ী বন্দবস্তী	৩৫৯	কিঃ পঃ বালিয়া কিঃ রায়পুর ওং মহাল ডাঙ্গা জলকর...	শিবনারায়ণ মজুমদার	২৩৯৸৵৭	২৯৻

SHIBCHUNDER DEB, *Deputy Collector.*

জিলা চব্বিশপরগনা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা চব্বিশপরগনা এই যে।

যেহেতু অষ্টাদশ বিভাগের রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের সন ১৮৫২ সালের ১৪ ডিসেম্বর তারিখের ৩২৩ নং ও সাহেবান বোর্ডের ঐ মাহার ৭ তারিখের ৩৮৭ নং এবং গবর্ণমেণ্টের ঐ সনের ২৫ নবেম্বর তারিখের ১১৩৯ নম্বরের চিঠীর হুকুমানুযারি সরকার বাহাদুরের খাস দখলি মোকাম বাগুণ্ডীর সাল্ট ডিপার্টমেণ্টের পরিত্যাগীয় সাবেক নেমকের কাছারি বাটী সংক্রান্ত ভুমি যার আওলাত মাফীক আন্দাজী নীচের তপসীল সন ১৮৫৩ সালের ২২ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ১০ মাঘ তারিখে শনিবারে মোকাম আলীপুর কালেক্টরী কাছারীর প্রকাশ স্থানে দিবা দুই প্রহরের সময়ে নীলাম বিক্রয় হইবেক যে কোন ব্যক্তি অধিক মূল্য কহিবেক তাহার হস্তে বিক্রয় করা যাইবেক এবং ইচ্ছুকদিগের কর্ত্তব্য হইবেক যে খরিদ করিবামাত্র পণের অর্দ্ধেক টাকা ও নীলামের তারিখহইতে ১৫ দিবসের দিবস বাকী অর্দ্ধেক পণ দাখিল করিবেক যদি তাহা না করে তবে পূর্ব্বের দেওয়া অর্দ্ধেক পণ সরকারে জব্দ হইয়া পুনর্নীলাম হইবেক ইতি সন ১৮৫৩। ৪ জানুআরি।

তপসীল

পরগনার নাম	গ্রামের নাম	ভুমির পরিমাণ যাহাতে সরকারের হক আছে নীলামে বিক্রয় হইবেক	বিক্রয় করিবার নিয়ম
মাইহাটী	দেবহাট্টা	১৪৮৩॥/ বিঘা ভুমি যার জলাশয় ও বৃক্ষাদিসমেত ইষ্টক আন্দাজ ৫০০০০ হাজার।	যে ব্যক্তি এই বস্তু খরিদ করিবেক তাহার স্থানে এইরূপে ডৌল কিস্তিবন্দী লেখাইয়া লওয়া যাইবেক যে গবর্ণমেণ্টের হুকুমানুযারি খরিদা ভুমির সম্বন্ধে ফিঃ বিঘা ॥০ আট [illegible] নিরিখে সালিআনা জোম্মা- নির ৭ ।৵৫ টাকা মালগুজারি সরকারে আদায় করিতে থাকিবেক যদি ন [illegible] তবে তাহার প্রতি সন ১৮৪৫ সালের ১ আইন খাটিবেক।

SHIBCHUNDER DEB, *Deputy Collector.*

জিলা দিনাজপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের নীচের লিখিত মাহাল ১২৫৯ সালের অগ্রহায়ণ মাসের কিস্তীপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারীর নিমিত্ত ১৮৫৩ সনের জানুআরি মাসের ২৭ মোতাবেক ১২৫৯ সালের মাঘ মাসের ১৫ তারিখ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রয় হইবেক ইতি তাং ৩১ ডিসেম্বর ১৮৫২ মোঃ ১৮ পৌষ ১২৫৯ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজীতে মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিক	সদর জমা	১৮৫৯ সনের অগ্রহায়ণ মাসের কিস্তপর্য্যন্তের বাকী	কৈং
১	চিরস্থায়ি বন্দবস্ত হওয়া মাহাল	১৪৯	মৌজে মহাদেবপুর ওগ- এরহ পরগনে শাল- বাড়ি	কৃষ্ণচন্দ্র বাবু ও গোবিন্দচন্দ্র বাবু ও আনচন্দ্র বাবু ...	২৯৩০ ।/১১।	১০১৩৲	সমুদয় মাহাল নীলাম হবেক।
		২৮২	মৌজে মাধাইপতি ওগ- এরহ পরগনে খো- ভাঘাট	উজ্জ্বলমণি চৌধুরাণী ও বি- শ্বেশ্বর দাস ও বৈকুণ্ঠেশ্বর দাস ও সর্ব্বেশ্বর দাস ...	১৮১৪৸৵৬।	৩০৯৲	এই মাহাল ১৮১৪ সনের ১১ আইনানুযারি বাঁটওয়ারা হইতেছে ও হিস্যা ॥০ আট আনার অংশী উজ্জ্বলমণি চৌধুরাণী আপন দেয় বাকী খাজানা বেবাক আদায় করিয়াছে অতএব উক্ত আইনের ৩৩ ধারানুসারে উক্ত অংশির অংশ বর্জ্জন করিয়া কেবল বাকীদার অংশি বিশ্বেশ্বর দাস ও বৈকুণ্ঠ দাস ও সর্ব্বেশ্বর দাসের অংশ ॥০ আনা নীলাম হইবেক ইতি।

G. U. YULE, *Collector.*

জিলা হুগলী।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা হুগলির নীচের লিখিত মহাল ও আরাজিয়াত সন ১৮৫২ সালের ২৮ দিসম্বর তারিখপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫৩ সালের ২০ জানেওয়ারি মোতাবক বাঙ্গালা সন ১২৫৯ সালের ৮ মাঘ বৃহস্পতিবার তারিখে শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫২ সালের ২৮ দিসম্বরের পর্য্যন্ত বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য-হওয়া মহাল	৬	লাট দ্বারবাসুনি পং পাণ্ডুয়া ..	মেং জানঃ ব্রিমেন সাহেব	৩০২০৬৵১	১১০৭৫।/১	
ঐ	ঐ	১৩৬	কাছন্দিয়া পং বোর	গোপীকৃষ্ণ গোস্বামী	৪ ৭।১	৬১৮ ৬	
ঐ	ঐ	১৬৭	বাদে চাতরা পং ঐ	ঐ	১১৪১৷৶১১	১৮৩ ৸৭	
ঐ	ঐ	২০১২	লাখরাজ বাজেআপ্তী মহাল ডিহি ভূরশীট পং ভূরশীট	শ্রীনাথ মুখোপাধ্যায়	১৭।৪	৭৸৶১০	
ঐ	ঐ	২৪৪৬	লাখরাজ বাজেআপ্তী মহাল ছামনাপুর পং ভূরশীট	শম্ভুচন্দ্র রায়	১৩৸/১০	৫৲	এই মহালের ৬৮৷৷৪/ বিঘা জমীন বার্ষিক ১৩৸/১০ টাকা জমায় মোকামি বন্দোবস্ত হয় ঐ জমীর মধ্যে রামফল মুখোপাধ্যায় দোসরা লাখরাজ করারে ২৷৷২ বিঘা জমী খালাসের প্রার্থনায় খাস কমিস্যনরি আদালতে দরখাস্ত করায় তথাকার হুকুমমতে ডিপুটী কালেক্টরের দ্বারা সরে জমীন তদারক আমলে আসিয়া ঐ ১৷৷১৷৷' বিঘা জমী যাহা সরকারি জরিপে ৪/৷৷৶ বিঘা হইয়াছে ঐ জমীন বাজেআপ্ত জমীনের অসংযুত থাক বিবরণে রোয়দাদ প্রশংসীয় আদালতে পাঠান গিয়াছে যদি তথাকার বিচারে ঐ জমীন খালাস পায় তবে ঐ ৪/০৷৷৶ বিঘা জমী মোট জমীজমাইইতে কমী হইবেক।
ঐ	ঐ	২৬২৮	লাখরাজ বাজেআপ্তী মহাল মাচিতাড়া বেলুন গোয়াড়া পং পাণ্ডুয়া	রামতারক ও মদনমোহন ও রামচরণ ভট্টাচার্য্য	১১।৶৯	৬৲	
ঐ	ঐ	২৬১৯	লাখরাজ বাজেআপ্তী মহাল মাচিতাড়ার শামিল চক কমলা পং মণ্ডলঘাট	শ্যামাচরণ ভট্টাচার্য্য ও মহেশচন্দ্র ভট্টাচার্য্য ও কালীচরণ ভট্টাচার্য্য	১০৸৷ ৭	১০	

জেলার নম্বর	[illegible]লের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫২ সালের ২৮ ডিজেম্বরের পাওনা বাকী	মন্তব্য কথা।
৪	অন্য মহালের বাবৎ পাওনা বাকী মালগুজারি নিমিত্তে যে মহাল নীলাম হয়	০	১ নং হাবেলি পরগনার শ্রীকৃষ্ণপুর গ্রামের দক্ষিণ মাঠে এক্তহারি লাখেরাজ সালি জমী আন্দাজী ।১ ২ নং ঐ গ্রামে চারা আম্র বাগানের উত্তর শুনা জমী আন্দাজী ।/৪ ৩ নং ঐ গ্রামে ইজারাদার বাকীদার মজুকুরের বাস্তু এক্তহারি লাখেরাজ ।১	প্রতাপচন্দ্র মুখোপাধ্যায় ইজারাদার		সরকারের সদর থানাদারি চাকরান বাজেআপ্তা ২১০৯নং তৌজীর মহাল নবীনা প্রতাপ-তিপুরের সন ১২৫৮ সালের বাকী ৯৩॥০	এই সকল জায়দাদে বাকীদারের যে স্বত্ত্ব ও লাভ আছে তাহাই নীলামে বিক্রী হইয়া খরিদারকে অর্শিবেক।
			চৌমুহা পরগনার কৃষ্ণনগর গ্রামের মধ্যে শরবেড়্যা নামক এক্তহারি লাখেরাজ পুষ্করিণী মায় পাহাড় ও বৃক্ষাদি জমী আন্দাজী ১॥০ ইহার মধ্যে চন্দ্রনাথ ঘোষের হিস্যা রকম ।০ আনা	চন্দ্রনাথ ঘোষ ইজারাদার ...	০	সন ১২৫৮ সালের লাৎ চৈত্রের বাকী খাজানা আসল ১০৮৬৶৪ সুদ ১৪৮॥৶৪ ১২৩৪৸৮	নাবালগ একতৌড়ি সিংহদিগরের ইষ্টেটের ইজারা মহালের সন ১২৫৮ সালের বাকী আদায় কারণ এই সকল জায়দাদ নীলাম হইবেক এই সকল জায়দাদে বাকীদারাদের যে স্বত্ত্ব ও লাভ আছে তাহাই নীলাম বিক্রয় হইয়া খরিদারকে অর্শিবেক।
			ঐ গ্রামের মধ্যে খিড়কীর এক্তহারি লাখেরাজ পুষ্করিণী মায় বৃক্ষাদি ও পাহাড় জমি আন্দাজী ৫/০ ইহার মধ্যে ভৈরবচন্দ্র ঘোষের অংশ ৷/৭ বৈকুণ্ঠনাথ মিত্রের হিস্যা ।০ চন্দ্রনাথ ঘোষের হিস্যা /০ ॥০/৭	ভৈরবচন্দ্র ঘোষ চন্দ্রনাথ ঘোষ বৈকুণ্ঠনাথ মিত্র ইজারাদারান ...			
			ঐ গ্রামে এক্তহারি লাখেরাজ তাল পুষ্করিণী মায় পাহাড় ও বৃক্ষাদি জমি আন্দাজি ১০/	ভৈরবচন্দ্র ঘোষ চন্দ্রনাথ ঘোষ ইজারাদারান			

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা।	১৮৫২ সন ২৮ ডিসেম্বরের পাওনা বাকী	মন্তব্য কথা।
			ঐ গ্রামে শরবেড্যা নামক এজহারি লাখরাজ জমি আন্দাজী ২/ ঐ গ্রামে ব'র'শমী হলুডাঙ্গা এজহারি লাখরাজ জমি আন্দাজী ॥০	বৈকুণ্ঠনাথ মিত্র ইজারাদার ...			
			ঐ গ্রামে গড নামক এজহারি লাখরাজ জমি ৩ কীতা ৫/	ভৈরবচন্দ্র ঘোষ দিং ইজারাদারান			
			ঐ গ্রামে এজহারি লাখরাজ পাল পুষ্করিণী জমি আন্দাজী ১॥০ ঐ গ্রামে এজহারি লাখরাজ মুচির ডাঙ্গা মায আম্ গাছ ৩ টা জমি আন্দাজী /৪ কাটা	বৈকুণ্ঠনাথ মিত্র ইজারাদার ..			
			ঐ গ্রামে এজহারি লাখরাজ শ্রী পুষ্করিণী জমি আন্দাজী ৪/ বিঘা ইহার রকম ৷৶ আনা	বৈকুণ্ঠনাথ মিত্র ভৈরবচন্দ্র ঘোষ চন্দ্রনাথ ঘোষ ইজারাদারান			
			ঐ গ্রামে এজহারি লাখরাজ ॥২	বৈকুণ্ঠনাথ মিত্র ইজারাদার ..			
			ঐ গ্রামে উত্তর মাঠে এজহারি লাখরাজ ৸০ ঐ গ্রামে এজহারি লাখরাজ ॥১ ঐ গ্রামে উত্তর মাঠে এজহারি লাখরাজ ॥০	চন্দ্রনাথ ঘোষ ইজারাদার ...			

W. T. TAYLOR, *Collector.*

জিলা বগুড়া।

এক্তেলানামা কাছারি ডেপুটী কালেক্টরি জেলা বগুড়া এই যে।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাত চলিত সনের কিস্তী অগ্রহায়ণপর্য্যন্তের বাকী মালগুজারী আদায় নিমিত্তে সন ১৮৫৩ সালের ২৫ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ১৩ মাঘ মঙ্গলবার অত্র ডেপুটী কালেক্টরীতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫২ সাল তারিখ ৩০ ডিসেম্বর মোতাবেক সন ১২৫৯ সাল তারিখ ১৭ পৌষ।

লাটের নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী লাং অগ্রহায়ণ সন ১২৫৯ বাঙ্গলা
১	ইস্তমরারী জমা ধার্য্য-হওয়া মহাল	১৭২	মৌং দোঘরা পং খাজের...	কৃপ মযী ও শাস্তমণি ও শ্যামসুন্দরী দেব্যা ..	৫১৫ ।৩।	২০৯৲
	ঐ	৪৪১	কিং চক আমবাড়ী পং মেহমানশাহী ..	বামকিশোর ঘোষ	১৬৶৪	৫৶৪
	ঐ	২৮৫	কিং পং বার্ব্বকপুর পং বার্ব্বকপুর ..	ব্রজচন্দ্র খাসনবিস . .	১৭৭/৫	৬১৲

R. H RUSSELL, *Offg Deputy Collector.*

জিলা ময়মনসিংহ।

সংবাদ দেওয়া যাইতেছে যে।

সন ১৮৪৫ সনের ১ আইনের ৬ দফার মর্ম্মানুসারে জিলা ময়মনসিংহের নীচের লিখা মহালাতের সরকারি বাকী খাজানা আদায় কারণ ১৮৫৩ সনের ২৬ জানুআরি মোং ১২৫৯ সনের ১৪ মাঘ রোজ বুধবার নিরূপিত করিয়া লিখা যায় উক্ত তারিখে বিনা ওজর ধরা গিয়া নিতান্ত বিক্রী হবেক ইতি সন ১৮৫২ সন তারিখ ৩০ ডিসেম্বর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	বাকী খাজানা।
১	চিরস্থ বন্দবস্তী ...	১৩০৬	রামশঙ্কর দেব পং কাশীপুর	উমানাথ রায় ওগয়রহ নীলাম খরিদার ...	২৪॥৭	ইং বৈশাখ লাং অগ্রহায়ণ ১২৫৯। ১৮৬/৭
ঐ	তথা	১৩৬৪	বিনোদরাম দত্ত পং কাগমারি	জাহ্নবী চৌধুরাণী	২৪০৲	কিস্তী অগ্রহায়ণ ১২৫৯। ২৯৶/১১
ঐ	তথা	১৪২৭	কংসনারায়ণ পং তথা	গোকুলচন্দ্র ধর নীলাম খরিদার	৬৫।৬	ইং আষাঢ় লাং অগ্রহায়ণ ১২৫৯। ৩৯।৯
ঐ	তথা	১৪৩০	দেবীরাম চৌধুরী পং তথা	ভৈরবনাথ বসু ওগয়রহ	৮৭৸৶১১	ইং ভাদ্র লাং অগ্রহায়ণ ১২৫৯। ৩০৶
ঐ	তথা	১৫০৪	বিজয়নারায়ণ মিত্র পং তথা	উমানাথ বিশ্বাস নীলাম খরিদার	২৮॥৬	ইং বৈশাখ লাং অগ্রহায়ণ ১২৫৯। ২৩।৶১০
ঐ	তথা	১৬০১	নন্দকুমার গোস্বামী পং তথা	নন্দকুমার গোস্বামী	২৩৸১০	কিস্তী তথা। ১৭/১
ঐ	তথা	১৬২২	রামকান্ত গোস্বামী পং তথা	নন্দকুমার গোস্বামী ওগয়রহ	১৯৸১০	কিস্তী তথা। ১৩৶/১১
ঐ	তথা	১৬৫৬	শ্যাম কুণ্ড তাং খএর উল্লা পং তথা ...	জাকর জানু ওগয়রহ	৩১/১	কিস্তী তথা। ২৩।৶৬
ঐ	তথা	৫২৩৪	মৌজে আড়ড়া পং আটিয়া	হরকিশোর নেউগী	২১৸৶	কিস্তী আশ্বিন ১২৫৯। ১০৲
২	মেয়াদী বন্দবস্তী ...	৫৫৫০	চর এগার আনী সংক্রান্ত মৌজে বালিয়া মেন্দা ইং ১২৫৮ সন লাং ১২৬২ সন মুং ৫ সন পং কাগমারি	অভয়াসুন্দরী চৌধুরাণী ওগয়রহ	৮১৲	কিস্তী আশ্বিন ১২৫৯। ২০৲
ঐ	তথা	৫৫৫২	পং তথা চর এগার আনী সংক্রান্ত চর বালিয়া বাড়ি ইং ১২৫৮ সন লাং ১২৬২ সন মুং ৫ সন	সৈয়দ মাহামুদ সা চৌধুরী	১৩১০	কিস্তী তথা। ৬৲

F. B. KEMP, *Collector.*

NOTICE.

The Titalyah Fair will commence this season on the 20th February, 1853, and continue for a Fortnight.

A. CAMPBELL, *Superintendent.*

Superintendent's Office,
Darjeeling, the 5th December, 1852.

ইশ্তিহার।

বর্ত্তমান কালে তেঁতুলিয়ার মেলা ১৮৫৩ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইয়া দুই সপ্তাহ থাকিবেক।

এ কাম্বেল। সুপরিন্টেণ্ডেণ্ট

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দপ্তরখানা।
দারজিলিঙ্গ। ১৮৫২ সাল ৫ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমীদারিদিগর ইজারা।

ত্রিপুরাসুন্দরী দেবীদিগর বাদী।
গৌরাচরণ মুখোপাধ্যায় প্রতিবাদী।
এবং
পূর্ণচন্দ্র মুখোপাধ্যায়দিগর বাদী।
অভয়চরণ মুখোপাধ্যায়দিগর প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি সন ১৮৫৩ সালের ২২ জানুআরি শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এম এফ জি সেণ্ডেস সাহেব তাঁহার আফিসে মৃত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ইষ্টেটের শামিলাত নীচের লিখিত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

প্রথম খণ্ড।

জেলা হুগলী মোতালক।

পরগনে বোরো লাট মনোহরপুর ২ মৌজা মনোহরপুর ও মৌজে গোবরা রকম ॥০ আনা ১

পরগনে বেলিয়া লাট রামপাড়া ১০ মৌজা মৌজে হাড়খাড়া দেওড়া মল্লগ্রাম সন্তোষনগর গৌরীপুর ঘোষালবাটী চন্দ্রপুর বড়গ্রাম পাইখালী ও কিসমত ভূপতিপুর রকম ৴৬॥ = ক্রান্তি ১

পরগনে ভুরশীট লাট সোণাতোলা ২ মৌজা নিজ সোণাতোলা ও গোয়ালাবন্দ রকম ঐ ১

ঐ পরগনার লাট আয়মা কালুপাট ৬ মৌজা কিসমত নিজ কালুপাট মৌজে কুমারচক ঠাকুরাণীচক খুরখালী সরপাই ও সাওরানা রকম ঐ ১

দ্বিতীয় খণ্ড।

মোকাম মনোহরপুর এক নীলের কুঠী সায় বাগান ও পুষ্করিণী এবং নীল তৈয়ারির কথক জিনিসপত্র রকম ৴৬॥ = ক্রান্তি। ১

মোকাম খড়িয়াল এক নীলের কুঠী সায় বাগান ও পুষ্করিণী এবং নীল তৈয়ারির কথক জিনিসপত্র রকম ষোল আনা। ১

মোকাম জনাই হাওয়াখানা নামক এক বাগান সায় পুষ্করিণী ও পাকা ইমারত জমী আন্দাজী ৭৴ বিঘা রকম ষোল আনা ১

মোকাম ঐ বলভানামক এক পুষ্করিণী রকম ৴৬॥ = ক্রান্তি। ১

ঐ জেলা মোতালক লাখরাজ ও খেরাজি ৴৬॥ = ক্রান্তি। ১

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ৩০ ডিসেম্বর ১৮৫২।

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের।

সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না করেন তাঁহারদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটরী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত সন ১৮৫২ সালের ১০ আগষ্ট তারিখের ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১১ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 18, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৮ জানুআরি।

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE.

The 6th January 1853

Moonshee D... Ilan, Moonsiff of Nurwa, Zillah Mirzapore, for one week from the 17th instant.

The 10th January, 1853

Baboo Srinath Bhooya, Moonsiff of Culmijole, Zillah Midnapore, for one month in extension of the leave granted on the 15th ultimo.

The 11th January, 1853

Baboo Radhanath Chatterjee, Moonsiff of Coomercolly, Zillah Jessore, for two months, in extension of the leave granted on the 24th November last, on Medical Certificate.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৬ জানুআরি।

জিলা ... মুনসেফ শ্রীযুত মৌলবি ... বর্তমান মাসের ১৭ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১০ জানুআরি।

জিলা মেদিনীপুরের কলমিজোলের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভূঞা গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১১ জানুআরি।

জিলা যশোহরের কুমারখালির মুনসেফ শ্রীযুত বাবু রাধানাথ চট্টোয্য চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত নবেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ জানুআরি।

শ্রীযুত পাদরি এফ ফারর সাহেব (Reverend F Farrer,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের শাসন ধর্ম্মোপদেশকর্তা পদে নিযুক্ত হইয়া " প্রিন্স অফ ওএল্স " নামক জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ গত মাসের ১৩ তারিখে খাজুরিতে পঁহুছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৭ ডিসেম্বর।

শ্রীযুত এল বারবর সাহেব ও শ্রীযুত রণাল্ড সাহেব (Mr. L. Barber and Mr Ronald,) কমিলাতে বিদ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ৫ জানুআরি।

শ্রীযুত এচ আথরটন সাহেব (Mr. H. Atherton,) গত মাসের ২৫ তারিখঅবধি ত্রিহুত ও সারণের অতিরিক্ত জজ হইলেন।

১৮৫৩ সাল ৬ জানুআরি।

শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W Bell,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত রঙ্গপুরের সিবল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E F Radcliffe,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত রাজশাহীর কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর জে লফনন সাহেবের (Mr. R. J. Loughnan,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনা ও বেহারের অতিরিক্ত জজ শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) পাটনার সিবিল ও সেশন জজী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫২ সাল ২৪ ডিসেম্বর।

আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেব (Captain S. R. Tickell,) বর্ত্তমান মাসের ১৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার পরিবর্ত্তে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫২ সাল ২৯ ডিসেম্বর।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) বর্ত্তমান কালে নিয়মিত ছুটী লইবার অনুমতি পাইয়াছেন।

১৮৫২ সাল ৩১ ডিসেম্বর।

আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ টি হম্ফ্রি সাহেব (Rev. W. T. Humphrey,) গত নবেম্বর মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে আগামি মাসের ১১ তারিখঅবধি "হটস্পর" নামক জাহাজের না গমনপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৫ জানুআরি।

ফোর্ট উলিয়ম কালেজের ছাত্র শ্রীযুত ডবলিউ জনষ্টন সাহেব (Mr. W. Johnstone,) আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৬ জানুআরি।

জুষ্টিস অফ দি পীস সাহেবের বিবেচনায় আপন জিলার কি প্রদেশের মধ্যে নালিশগ্রস্ত ব্যক্তিকে কয়েদ করণের উপযুক্ত যে স্থান থাকে এমত কোন স্থানে তাহাকে রাখিবেন কিম্বা যদি উপযুক্ত স্থান না থাকে তবে তাহাকে রাজধানীর জেলখানায় পাঠাইবেন এবং যাবৎ আদেশানুসারে তাহাকে সমর্পণ না করা যায় কিম্বা গবর্ণমেণ্টের হুকুমমতে খালাস না করা যায় তাবৎ সেই জেলখানায় কয়েদ থাকিবেক। যাহাতে সেই কয়েদীকে সোপর্দ্দ করা যাইতে কিম্বা হাজিরজামিনীতে রাখা যাইতে পারে এমত মাতবর সাক্ষ্য যদি না দেওয়া যায় তবে তাহাকে খালাস করা যাইবেক ইতি।

৮ ধারা। যে অপরাধের বিষয়ে নালিশ হয় তাহা যদি ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বহির্ভূত স্থানে হইয়াছে কিন্তু মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে হইলে অপরাধী জামিন দিয়া খালাস হইতে পারিত তবে সেই ব্যক্তি আবশ্যক জামিন দিলে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব তাহাকে খালাস করিতে পারেন। এমত গতিকে গবর্ণমেণ্টের হুকুম পঁহুছিবার উপযুক্ত মিয়াদ হাদ দিয়া যে দিবস মুচলকাতে কিম্বা হাজিরজামিনীনামাতে নিরূপণ করা যায় সেই দিবসে এবং মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব তৎপরে সময়ে২ অন্য যে কোন দিবস নিরূপণ করেন সেই দিবসে হাজির হইবার বিষয়ে ঐ মুচলকা কিম্বা হাজিরজামিনীনামা হইবেক ইতি।

৯ ধারা। যিনি পরওয়ানা বাহির করিয়াছেন তিনি ভিন্ন কিম্বা এক জিলার কি প্রদেশের মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস সাহেব ভিন্ন নয় অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে এই আইনানুসারে কোন ব্যক্তিকে হাজির করা যায় তবে যে ২ জোবানবন্দী ও দলীলক্রমে ঐ পরওয়ানা বাহির হইয়াছে তাহা কিম্বা তাহার নকল যে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে ঐ ব্যক্তিকে হাজির করা যায় তাঁহার নিকটে পাঠান যাইবেক কিন্তু তাহাতে যে জিলা কি প্রদেশে পরওয়ানা বাহির হইয়াছিল তাহার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের দস্তখত ও মোহর থাকিবেক। এবং যদি পরওয়ানা গবর্ণমেণ্টের হুকুমক্রমে বাহির হয় এবং যে গবর্ণমেণ্ট হুকুম বাহির করিলেন তদ্ভিন্ন অন্য গবর্ণমেণ্টের অধীন রাজধানীতে কি স্থানে জারী হয় তবে গ্রেপ্তারের এত্তেলা ঐ হুকুমকরণিয়া গবর্ণমেণ্টের নিকটে অযোগে দেওয়া যাইবেক তাহাতে যে স্থানে গ্রেপ্তার হইয়াছে সেই স্থান যে গবর্ণমেণ্টের অধীন থাকে তাঁহার নিকটে ঐ হুকুমকরণিয়া গবর্ণমেণ্ট আদেশপত্র এবং অন্য যে কোন দলীলক্রমে কার্য্য করিয়া ঐ আদেশ করেন সেই দলীল পাঠাইবেন ইতি।

১০ ধারা। যদি এমত প্রমাণ হয় যে যে দেশের মধ্যে অপরাধ হইয়াছে কথিত হয় সেই দেশে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা অপরাধির দোষ সাব্যস্ত হইয়াছিল ও দণ্ডের আজ্ঞা হইয়াছিল কিন্তু সেই দণ্ডাজ্ঞামতে কার্য্য করণের পূর্ব্বে অপরাধী পলাইয়াছে তবে ঐ দোষ সাব্যস্ত হওনের ও দণ্ডাজ্ঞা হওনের প্রমাণ হইলে এবং ঐ দোষ সাব্যস্ত হওন ও দণ্ডাজ্ঞা হওন অনুক্রমে নালিশগ্রস্ত ব্যক্তিকে সোপর্দ্দ কি গ্রেপ্তার করণের নিমিত্তে ঐ দেশের মধ্যে পরওয়ানা কি হুকুমনামা বাহির হইয়াছে এমত প্রমাণ হইলে এবং ঐ দোষ সাব্যস্ত ও দণ্ডাজ্ঞা হওনেতে ও পরওয়ানা কি হুকুমনামা বাহির হওনেতে শেষোক্ত দেশের মধ্যে ঐ ব্যক্তি ন্যায্যমতে গ্রেপ্তার হইতে পারে এমত প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার গ্রেপ্তারের নিমিত্তে পরওয়ানা জারী করিতে পারেন এবং অন্য প্রমাণ বিনা সেই অপরাধী গ্রেপ্তার হইয়া পূর্ব্বোক্তমতে সোপর্দ্দ হইতে পারে। কিন্তু যদি নালিশগ্রস্ত ব্যক্তি এমত প্রমাণ

viction or sentence was improperly obtained, or that the same has been reversed or annulled.

দেয় যে ঐ দোষ সাব্যস্ত করণ কিম্বা দণ্ডাজ্ঞা করণ বেদাঁড়ামতে হইয়াছে অথবা ঐ দণ্ডাজ্ঞা অন্যথা কি রহিত হইয়াছে তবে তাহাকে গ্রেপ্তার ও সোপর্দ্দ করিবেন না ইতি।

XI. If it shall appear to the Magistrate or Justice of the Peace, before whom any prisoner shall be carried under this Act for an offence alleged to have been committed in any territories not under the Government of the East India Company, that particular circumstances exist which render it advisable that the case should be investigated by the Magistrate or Justice of the Peace of a zillah or district nearer to such territories, he shall forthwith report the case and the particular circumstances to the Government, who shall either order such Magistrate or Justice of the Peace to proceed with the case himself, or to send the case to be investigated by the Magistrate or Justice of the Peace of any other district to be named. In the latter case the prisoner shall be sent, or if the offence be bailable shall give bail to appear before such last mentioned Magistrate or Justice of the Peace, who shall have power to deal with the case as if he had issued the warrant under which the prisoner shall be arrested, and all the depositions and documents shall be forwarded to such Magistrate or Justice of the Peace. The order of Government shall be a sufficient justification for all persons acting in pursuance thereof.

১১ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অনধীন কোন দেশে অপরাধ হইয়াছে কথিত হইলে যে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে এই আইনানুসারে অপরাধিকে হাজির করা যায় তিনি যদি বোধ করেন যে কোন বিশেষ গতিকপ্রযুক্ত আপনার জিলাঅপেক্ষা ঐ দেশের আরো নিকট কোন জিলার কি প্রদেশের মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা ঐ মোকদ্দমার বিচারহওয়া বিহিত হয় তবে তিনি অগৌণে সেই মোকদ্দমার এবং ঐ বিশেষ গতিকের রিপোর্ট গবর্ণমেণ্টের নিকটে করিবেন। তাহাতে ঐ গবর্ণমেণ্ট হয় উক্ত মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবকে স্বয়ং মোকদ্দমার বিচার করিতে হুকুম করিবেন নতুবা অন্য কোন জিলা নির্দ্দিষ্ট করিয়া সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের দ্বারা মোকদ্দমা তজবীজের নিমিত্তে পাঠাইতে হুকুম করিবেন। যদি শেষোক্তমতে হুকুম হয় তবে অপরাধিকে ঐ শেষোক্ত মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে পাঠান যাইবেক অথবা যদি এমত অপরাধ হয় যে হাজিরজামিন দেওয়া যাইতে পারে তবে তাঁহার সম্মুখে হাজির হইবার জামিন দিবেক। এবং যে পরওয়ানাক্রমে অপরাধিকে গ্রেপ্তার করা যায় সেই পরওয়ানা ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব আপনি জারী করিলে সেই মোকদ্দমা লইয়া যেরূপে কার্য্য করিতে পারিতেন সেইরূপে কার্য্য করিতে পারিবেন। এবং সকল জোবানবন্দী ও দলীল ঐ মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে পাঠান যাইবেক। গবর্ণমেণ্টের ঐ হুকুমানুসারে যে সকল ব্যক্তিরা কর্ম্ম করেন তাঁহারদিগকে দায়হইতে রক্ষা করিবার নিমিত্তে ঐ হুকুম প্রচুর হইবেক ইতি।

XII. The Government making the order for apprehension for an offence alleged to have been committed in the territories of a Foreign Prince or State, may, if they think fit, direct that copies of the depositions, and of any exhibits upon which the original warrant or document was issued, certified under the hand of the Officer issuing such warrant, and to be proved by the person producing the same to be true copies, may be received in evidence of the criminality of the person accused. Under an order for the arrest of any person for an offence alleged to have been committed in any part of Her Majesty's dominions, copies of such documents and exhibits, certified as aforesaid, may be admitted as evidence in manner aforesaid without an order of Government and without further proof.

১২ ধারা। বিদেশীয় রাজার কি অধ্যক্ষের দেশে অপরাধ হইয়াছে কথিত হইলে তাহার নিমিত্তে যে গবর্ণমেণ্টহইতে গ্রেপ্তারের হুকুম হয় সেই গবর্ণমেণ্ট যদি উচিত বোধ করেন তবে এইমত হুকুম করিতে পারেন যে জোবানবন্দীর নকল এবং অন্য যে কোন নিদর্শনক্রমে আসল পরওয়ানা কি দলীল বাহির হইয়াছিল তাহার নকল নালিশগ্রস্ত ব্যক্তির দোষের সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হয়। কিন্তু ঐ পরওয়ানা যে কার্য্যকারক জারী করিয়াছিলেন তাঁহার দস্তখৎ সেই নকলে থাকিবেক এবং যে ব্যক্তি তাহা দাখিল করে তাহার প্রমাণ দিতে হইবেক যে সেই নকল যথার্থ। শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের কোন স্থানে অপরাধ হইয়াছে কথিত হইলে তাহার নিমিত্তে কোন ব্যক্তির গ্রেপ্তারের হুকুম হইলে পূর্ব্বোক্তমতে দস্তখৎহওয়া ঐ প্রকার দলীলদস্তাবেজের নকল গবর্ণমেণ্টের হুকুম বিনা এবং অন্য কোন প্রমাণ বিনা পূর্ব্বোক্ত প্রকারে সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেক ইতি।

XIII. The Magistrate or Justice of the Peace, after committing the accused or holding him to bail as aforesaid, for any offence committed out of the territories under the Government of the East India Company, shall forthwith report the result of his proceedings to the Government to which he is subordinate, together with any remarks which he may deem necessary or proper to make upon the whole case. He shall also forward with such report a copy of all depositions which shall be taken or used

১৩ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরে করা কোন অপরাধের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব পূর্ব্বোক্তমতে নালিশগ্রস্ত ব্যক্তিকে সোপর্দ্দ করিলে কিম্বা হাজিরজামীনীতে রাখিলে পর তিনি যে গবর্ণমেণ্টের অধীন আছেন তাঁহার নিকটে অবিলম্বে আপন কার্য্যের ফলের রিপোর্ট করিবেন এবং সেই সমস্ত মোকদ্দমার বিষয়ে যে কোন মন্তব্য কথা লেখা আবশ্যক কি উচিত বোধ করেন তাহাও তাহার সঙ্গে পাঠাইবেন। আরো তাঁহার সম্মুখে যে সকল জোবানবন্দী লওয়া গিয়াছে কি ব্যবহার হইয়াছে তাহার এবং ঐ জোবানবন্দীতে তাঁহার সম্মুখে যে সকল দলী-

[*Government Gazette, 25th January*, 1853.]

before him, and of all documents referred to by such depositions, or used before him.

XIV. Upon receipt of the report, and after examining the case, the Government may, by order in writing to be signed by the Secretary to the Government, order the accused either to be discharged or to be held to bail to appear in such Court or place and at such time or times as the Government may think fit, or to be delivered up to the person authorized by the Government or Officer making the requisition, to receive and take charge of him, and the name of such person shall be specified in the order of Government. In cases falling within Act I. 1849, the Government may order the person accused to be tried under that Act.

XV. If ordered to be delivered up, the person to whom the accused may be ordered to be delivered shall not have the custody or charge of him so long as he shall remain in any part of the territories under the Government of the East India Company, but the accused shall be conveyed in custody through such last mentioned territories towards the territories in which the offence shall be alleged to have been committed, in the same manner as a prisoner sent from the station of one district to that of another, and as soon as he shall have been conveyed to the frontiers of the territories under the Government of the East India Company, he shall be delivered over to the person in that behalf appointed by the order of Government. If such person shall not attend to receive the prisoner, the latter shall be discharged out of custody.

XVI. Any Magistrate or Justice of the Peace, acting under the provisions of this Act, shall issue all necessary warrants, orders and directions for carrying the same, and also any order made under it by the Government, into effect under his signature and seal, or seal of office, if he shall have a seal of office, and all Magistrates and Officers acting in pursuance of this Act, shall have and exercise the same powers as if the offence charged had been committed within the zillah or district subject to their jurisdiction, and in cases where the accused may have been held to bail, the Magistrate may order the bail-bond to be renewed in such form as may be necessary to carry any order of Government into effect, and if such bail-bond shall not be renewed accordingly, may commit him to prison for such period as may be necessary to carry such order into effect.

XVII. In case any person arrested under this Act, shall escape out of any custody, he may be retaken in any part of the territories under the Government of the East Ind a Company, in the same manner as if he had escaped from custody under process, for an offence committed in that part of such last mentioned territories.

XVIII. The Government may, if they think fit, previously to making an order under this Act, re-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫০। ২৫ জানুআরি।]

সের উল্লেখ হইয়াছে কি ব্যবহার হইয়াছে তাহারও সকল ঐ রিপোর্টের সঙ্গে পাঠাইবেন ইতি।

১৪ ধারা। ঐ গবর্ণমেণ্ট ঐ রিপোর্ট পাইলে এবং মোকদ্দমা তজবীজ করিলে পর গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দস্তখৎকরা লিপির দ্বারা এমত হুকুম করিতে পারেন যে নালিশগ্রস্ত ব্যক্তিকে খালাস করা যায় কিম্বা ঐ গবর্ণমেণ্ট যে আদালত কি স্থান ও সময় উপযুক্ত বোধ করেন সেই আদালতে কি স্থানে ও সময়ে হাজির হইবার নিমিত্তে ঐ ব্যক্তিকে হাজিরজামিনীতে রাখা যায় অথবা আদেশকরণিয়া গবর্ণমেণ্ট কিম্বা কার্য্যকারকহইতে যে ব্যক্তি ঐ অপরাধিকে লইয়া আপন জিম্মায় রাখিবার ক্ষমতা পাইয়াছেন তাঁহার হস্তে সমর্পণ করা যায়। এবং ঐ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম গবর্ণমেণ্টের হুকুমনামার মধ্যে নির্দ্দিষ্ট করা যাইবেক। যে মোকদ্দমায় ১৮৪৯ সালের ১ আইন খাটে তাহাতে গবর্ণমেণ্ট হুকুম করিতে পারেন যে নালিশগ্রস্ত ব্যক্তির ঐ আইনমতে বিচার হয় ইতি।

১৫ ধারা। যদি নালিশগ্রস্ত ব্যক্তিকে সমর্পণ করিবার হুকুম হয় তবে যাবৎ সেই ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন স্থানের মধ্যে থাকে তাবৎ যাঁহার হস্তে নালিশগ্রস্ত ব্যক্তিকে সমর্পণ করিবার হুকুম হয় তাঁহার জিম্মায় কি হাওয়ালে দেওয়া যাইবেক না। কিন্তু যেমন কয়েদী এক জিলার সদর মোকামহইতে অন্য জিলার সদর মোকামে চালান হয় তেমনি নালিশগ্রস্ত ব্যক্তিকে হাওয়ালে রাখিয়া ঐ শেষোক্ত দেশ দিয়া যে দেশে অপরাধ হইয়াছে কথিত হয় সেই দেশে চালান করা যাইবেক। এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অঞ্চলে তাহাকে আনা গেলে তাহাকে জিম্মাস লইবার নিমিত্তে যে ব্যক্তি গবর্ণমেণ্টের হুকুমক্রমে নিযুক্ত হন তাঁহার হস্তে সমর্পণ করা যাইবেক। যদি সেই ব্যক্তি কয়েদীকে জিম্মায় লইবার নিমিত্তে হাজির না থাকেন তবে কয়েদীকে খালাস করা যাইবেক ইতি।

১৬ ধারা। যে কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব এই আইনের বিধানমতে কার্য্য করেন তিনি ঐ বিধান সফল করণার্থে এবং তদনুসারে গবর্ণমেণ্টের করা সকল হুকুম সফল করণার্থে আপন দস্তখৎ ও মোহরে কিম্বা যদি তাঁহার সিরিশতার মোহর থাকে তবে সিরিশতার মোহরে আবশ্যক সকল পরওয়ানা ও আজ্ঞা ও হুকুম জারী করিবেন। এবং যে সকল মাজিষ্ট্রেট সাহেব ও কার্য্যকারকেরা এই আইনানুসারে কার্য্য করেন যে অপরাধের নালিশ হইল তাহা তাঁহারদের এলাকার শামিলের জিলা কি প্রদেশের মধ্যে হইলে তাঁহারদের যেরূপ ক্ষমতা হইত সেইরূপ ক্ষমতা হইবেক ও সেই ক্ষমতামতে তাঁহারা কার্য্য করিবেন। এবং যে২ স্থলে নালিশগ্রস্ত ব্যক্তিকে হাজিরজামিনীতে রাখা গিয়াছে সেই২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব গবর্ণমেণ্টের কোন হুকুম সফল করণার্থে যে পাঠ আবশ্যক হয় সেই পাঠানুসারে হাজিরজামিনীনামা পুনরায় লিখিয়া দিবার হুকুম করিতে পারেন। এবং যদি তদনুসারে ঐ হাজিরজামিনীনামা পুনর্ব্বার না দেওয়া যায় তবে ঐ হুকুম সফল করণার্থে যে মিয়াদ আবশ্যক হয় সেই মিয়াদপর্য্যন্ত তাহাকে কয়েদ করিতে পারেন ইতি।

১৭ ধারা। এই আইনানুসারে গ্রেফ্তারহওয়া কোন ব্যক্তি যদি কাহারো জিম্মাহইতে পলায় তবে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন স্থানে অপরাধ করিলে তাহার নিমিত্তে পরওয়ানাক্রমে হাজতে রাখা গেলে পর পলায়ন করিলে যে প্রকারে পুনরায় গ্রেফ্তার হইতে পারিত সেই প্রকারে ঐ শেষোক্ত দেশের কোন স্থানে তাহাকে পুনরায় গ্রেফ্তার করা যাইতে পারিবেক ইতি।

১৮ ধারা। গবর্ণমেণ্ট যদি উচিত বোধ করেন তবে এই আইনঅনুসারে কোন হুকুম করিবার পূর্ব্বে এমত হুকুম

quire some person to be named as the prosecutor of the accused, and to give security that such person, if delivered up, shall be brought to trial with as little delay as possible, and if acquitted upon such trial, shall, if he require it, be provided with the means of returning to the place where he was apprehended, or as near thereto as he may desire free of expence, and in a manner suitable to his station of life.

করিতে পারেন যে নালিশগ্রস্ত ব্যক্তির ফরিয়াদীস্বরূপ কোন ব্যক্তিকে নির্দ্দিষ্ট করা যায় এবং তাহার স্থানে এই মজমুনে জামিন লওয়া যায় যে সেই নালিশগ্রস্ত ব্যক্তিকে সমর্পণ করা গেলে পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তাহার বিচার হইবেক এবং বিচারমতে যদি নির্দ্দোষ হয় তবে সে চাহিলে যে স্থানে গ্রেস্তার হইয়াছিল সেই স্থানে কিম্বা তাহার যত নিকট চাহে এমত কোন স্থানে বিনা খরচে ও তাহার মর্য্যাদার উপযুক্ত মতে ফিরিয়া যাইবার উপায় করা যাইবেক ইতি।

XIX. If a warrant shall have been issued in any part of Her Majesty's dominions for the arrest of any person for an offence alleged to have been committed therein, or for the arrest of any person for any offence whatever of which he may have been convicted in any part of Her Majesty's dominions, by a Court of competent jurisdiction, any Magistrate or Justice of the Peace within the territories under the Government of the East India Company, may upon the production of such warrant or document and proof of the signature of the Officer signing it, and of his authority to issue the same, proceed to cause the person accused to be apprehended and committed, or held to bail, in manner aforesaid, as the case may require, without an order of Government, but if the offence shall be alleged to have been committed in any place not within the British territories in India, the person accused shall not be delivered over as aforesaid without such order.

১৯ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের কোন স্থানে অপরাধ হইয়াছে কথিত হইলে তাহার নিমিত্তে সেই স্থানে কোন ব্যক্তির গ্রেস্তারী পরওয়ানা অথবা শ্রীশ্রীমতী মহারাণীর অধিকারের কোন স্থানে যে কোন ব্যক্তির যে কোন অপরাধ সাব্যস্ত হইয়াছে তাহার নিমিত্তে সেই ব্যক্তির গ্রেস্তারী পরওয়ানা যদি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা বাহির হয় তবে ঐ পরওয়ানা কি দলীল দরপেশ হইলে এবং যে কার্য্যকারক তাহাতে দস্তখৎ করিয়াছেন তাঁহার দস্তখতের এবং তাহা জারী করিতে তাঁহার ক্ষমতার প্রমাণ হইলে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে কোন মাজিষ্ট্রেট কিম্বা জুষ্টিস অফ দি পীস সাহেব গবর্ণমেণ্টের হুকুম বিনা নালিশগ্রস্ত ব্যক্তিকে গ্রেস্তার করাইয়া সোপর্দ্দ করিতে পারিবেন কিম্বা বিষয় বিশেষে পূর্ব্বোক্তমতে হাজিরজামিনীতে রাখিতে পারিবেন। কিন্তু যদি কথিত হয় যে সেই অপরাধ ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের বহির্ভূত কোন স্থানে করা গিয়াছে তবে উক্ত প্রকার হুকুম না হইলে নালিশগ্রস্ত ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে সমর্পণ করা যাইবেক না ইতি।

XX. In cases also of necessity in which the immediate apprehension of any person accused of having committed a heinous offence as defined in Section XXII in any of the territories mentioned in Section I. of this Act, may be necessary for the ends of justice, the person accused may be apprehended in the same manner as if the offence had been committed in the place where the person accused may be found, and after his apprehension may be committed or held to bail in manner aforesaid, as the case may require, without an order of Government, but he shall not be delivered up without such order.

২০ ধারা। আরো অত্যাবশ্যক যে স্থলে এই আইনের ১ ধারার নির্দ্দিষ্ট কোন দেশের মধ্যে কোন ব্যক্তির নামে ২২ ধারার নির্দ্দিষ্ট ভারি অপরাধ করণের নালিশ হইলে যথার্থ বিচারের অভিপ্রায়ের নিমিত্তে তাহার অবিলম্বে গ্রেস্তার করা আবশ্যক হয় এমত স্থলে নালিশগ্রস্ত ব্যক্তিকে যে স্থানে পাওয়া যায় সেই স্থানে অপরাধ হইলে যেমন তাহাকে গ্রেস্তার করা যাইতে পারিত তেমনি গবর্ণমেণ্টের হুকুম বিনা নালিশগ্রস্ত ব্যক্তি গ্রেস্তার হইতে পারে এবং গ্রেস্তার হইলে পর সোপর্দ্দ হইতে পারে অথবা বিষয়বিশেষে পূর্ব্বোক্তমতে হাজিরজামিনীতে রাখা যাইতে পারে। কিন্তু উক্ত প্রকার হুকুম না হইলে তাহাকে সমর্পণ করা যাইবেক না ইতি।

XXI. If any person imprisoned under this Act shall not either be conveyed out of the Presidency or place in which he shall have been arrested, or be discharged or brought to trial within two calendar months after his committal over and above the time required to convey him from the place to which he was committed for confinement by the readiest way to the place where the offence shall be alleged to have been committed, it shall be lawful for the principal Court of original jurisdiction in criminal cases in the district in which he shall be imprisoned, upon application by or on behalf of the prisoner, and upon proof that notice of the intention to make the application has been given to the Government, having authority in the place where the prisoner shall be detained, or to the Secretary of such Government, to order the person so committed to be discharged out of custody, either upon giving such bail as the Court may order, or without bail, unless suf-

২১ ধারা। এই আইনানুসারে কয়েদহওয়া কোন ব্যক্তিকে যে স্থানে কয়েদ হইবার নিমিত্তে সোপর্দ্দ করা গিয়াছে সেই স্থানহইতে যে স্থানে অপরাধ হইয়াছিল কথিত হয় সেই স্থানপর্য্যন্ত অত্যন্ত খাট পথ দিয়া চালান করিতে যত সময় লাগে তাহা বাদ দিয়া যদি দুই মাসের মধ্যে সে ব্যক্তি যে রাজধানীতে বা স্থানে গ্রেস্তার হইয়াছিল তাহাহইতে চালান না হয় অথবা খালাস না করা যায় কিম্বা বিচারার্থে উপস্থিত না করা যায় তবে সেই কয়েদী যে জিলাতে কয়েদ হয় সেই জিলার মধ্যে যে প্রধান আদালতের ফৌজদারী মোকদ্দমা প্রথমতঃ শুনিবার ক্ষমতা আছে সেই আদালতে আপনি কিম্বা তাহার তরফে কেহ দরখাস্ত করিলে এবং কয়েদী যে স্থানে আটক থাকে সেই স্থানে যে গবর্ণমেণ্টের কর্ত্তৃত্ব আছে সেই গবর্ণমেণ্টের অথবা সেই গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকটে ঐ দরখাস্ত করিবার মানসের এত্তেলা দেওয়া গিয়াছিল এমত প্রমাণ হইলে ঐ আদালত হুকুম করিতে পারিবেন যে উক্ত প্রকারে সোপর্দ্দহওয়া ব্যক্তি ঐ আদালত যে প্রকার জামিন দিবার হুকুম করেন তাহা দিলে কিম্বা জামিন বিনা তাহাকে কয়েদ হইতে খালাস করা যায়। কিন্তু সেই প্রকার খালাস

ficient cause shall be shown to such Court why such discharge ought not to be ordered.

XXII. The offences intended by the words "heinous offence" in this Act, are treason, murder, attempting to murder, rape or other great personal violence, maiming, dacoity, thuggee, robbery, burglary, breaking and entering a dwelling house, and stealing therein, arson, setting fire to a village, house, or town, forgery or uttering forged documents, counterfeiting current coin, knowingly uttering base coin, perjury, subornation of perjury, embezzlement, whether by public officers or other persons.

XXIII. The said words "heinous offence" shall also be deemed to include cattle stealing and any offence, for which by any treaty in force between Her Majesty or the East India Company, and any Foreign Prince or State, Her Majesty or the East India Company, shall, at the time of making any requisition as aforesaid, be bound to deliver up offenders to the Foreign Prince or State making the same, and any other offence which in the judgment of the Government to whom the requisition shall be made, shall be of an aggravated nature, and for which the person accused cannot be punished within the territories under the Government of the East India Company.

XXIV. If by any such treaty, Her Majesty or the East India Company shall be bound to deliver up to any Foreign Prince or State, any person liable to be proceeded against by the laws of such Foreign Prince or State, in any case not expressly provided for by this Act, or in any manner other than that provided by this Act, it shall be lawful for the Government of any part of the territories under the Government of the East India Company in which such person may be found, upon requisition made by or on the part of such Foreign Prince or State, to adopt such proceedings for carrying such treaty into effect, and for the surrender of such person, and for making any preliminary inquiry into the charge contained in the requisition, as they may think fit, and any order of the Government in writing under the hand of one of the Secretaries of such Government, shall be a sufficient authority and justification for all acts to be done in execution thereof.

XXV. Sections V., VI and VII, Regulation XI 1827, of the Bombay Code, are repealed.

XXVI. The words "the Government," as used in this Act, means the Governor or Governor in Council, or other person or persons administering the executive Government. The word 'British territories in India' shall include any part of the territories under the Government of the East India Company. The word "Magistrate," as used in this Act, is intended to include a Joint Magistrate, or any person lawfully exercising the powers of a Magistrate. Words in the singular number, are intend-

হওনের হুকুম করা অকর্ত্তব্য এমত প্রচুর হেতু ঐ আদালতে প্রকাশ হইলে তাহাকে খালাস করা যাইবেক না ইতি।

২২ ধারা। এই আইনের মধ্যে "ভারি অপরাধ" এই শব্দের অর্থের মধ্যে এই২ অপরাধ বুঝাইবেক অর্থাৎ রাজবিদ্রোহিতা, হত্যা, হত্যার উদ্যোগ, বলাৎকার কিম্বা ব্যক্তির প্রতি অন্য কোন ভারি অত্যাচার, অঙ্গচ্ছেদন, ডাকাইতী, ঠগী, দস্যুতা, সিঁধচুরী, বলতবাটী ভাঙ্গিয়া প্রবেশ করণ ও তাহাতে চুরী করণ, দ্বেষপূর্ব্বক গৃহাদি দাহ, গ্রামে কি ঘরে কি নগরে অগ্নি লাগাওন, জাল করণ কিম্বা জালকরা খৎ চালাওন, চলন মুদ্রা কৃত্রিম করণ, জানিয়া শুনিয়া কৃত্রিম মুদ্রা চালাওন মিথ্যা শপথ, মিথ্যা শপথের প্রবৃত্তি দেওন, সরকারী কার্য্যকারকেরদের কিম্বা অন্য ব্যক্তিবদের দ্বারা তহবীল ভাঙ্গন ইতি।

২৩ ধারা। "ভারি অপরাধ" এই শব্দের মধ্যে আরো এই২ অপরাধ গণ্য হইবেক অর্থাৎ গোমেষাদি চুরী করণ, এবং যে কোন অপরাধের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদরের সঙ্গে কোন বিদেশীয় রাজার কি অধ্যক্ষের প্রবল সন্ধিক্রমে শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা কোম্পানি বাহাদুর পূর্ব্বোক্ত কোনমতে আদেশ করণ সময়ে অপরাধিবদিগকে বিদেশীয় রাজার কি অধ্যক্ষের প্রতি সমর্পণ করিতে বদ্ধ আছেন সেই২ অপরাধ, এবং যে গবর্ণমেণ্টের নিকটে আদেশ করা যায় তাহার বিবেচনায় অন্য যে কোন অপরাধ উৎকট জ্ঞান হয় অথবা যে অপরাধের নিমিত্তে নালিশগ্রস্ত ব্যক্তি কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে দণ্ড পাইতে পারে না সেই২ অপরাধ ইতি।

২৪ ধারা। কোন বিদেশীয় রাজার কি অধ্যক্ষের আইনমতে যে কোন ব্যক্তির বিরুদ্ধে মোকদ্দমা চলিতে পারে এমত ব্যক্তিকে এই আইনেতে যে বিষয়ের স্পষ্ট বিধান হয় নাই এমত বিষয়ে তাহা এবং আইনেতে যে প্রকার কর্ম্ম করিবার বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য কোন প্রকারে ঐ বিদেশীয় রাজার কি অধ্যক্ষের হস্তে সমর্পণ করিতে যদি উক্ত প্রকার কোন সন্ধিক্রমে শ্রীশ্রীমতী মহারাণী অথবা কোম্পানি বাহাদুর বদ্ধ আছেন তবে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যে যে কোন স্থানে ঐ ব্যক্তিকে পাওয়া যায় সেই স্থানের গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবেক যে ঐ বিদেশীয় রাজা কি অধ্যক্ষ কিম্বা তাঁহারদের তরফে কেহ আদেশ করিলে ঐ সন্ধি সফল করণার্থে এবং ঐ ব্যক্তিকে সমর্পণ করণার্থে এবং আদেশপত্রে যে অভিযোগ লেখা আছে তাহার বিষয়ে পূর্ব্বে কোন তহকীক করণার্থে যে কার্য্য উচিত জ্ঞান করেন তাহাই করেন। এবং ঐ গবর্ণমেণ্টের এক জন সেক্রেটারী সাহেবের দস্তখৎহওয়া লিপির দ্বারা ঐ গবর্ণমেণ্টের যে কোন হুকুম হয় সেই হুকুম জারী করণেতে যে সকল কার্য্য করিতে হয় সেই কার্য্যের নিমিত্তে ঐ হুকুম প্রচুর ক্ষমতা হইবেক ও দায়হইতে রক্ষা করণার্থে মাতবর হইবেক ইতি।

২৫ ধারা। বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১১ আইনের ৫ ও ৬ ও ৭ ধারা রদ হইল ইতি।

২৬ ধারা। এই আইনের মধ্যে "গবর্ণমেণ্ট" এই শব্দেতে শ্রীযুত গবরনর সাহেব কিম্বা হজুর কোন্সেলে শ্রীযুত গবরনর সাহেব কিম্বা কর্ত্তৃত্বের কার্য্য নির্ব্বাহক অন্য ব্যক্তি বা ব্যক্তিরদিগকে বুঝায়। "ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশ" এই শব্দের অর্থের মধ্যে কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন স্থানকে বুঝায়। এই আইনের মধ্যে "মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থের মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেটকে কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্মকারি অন্য কোন ব্যক্তিকে বুঝা যাইবেক।

ed to include the plural, and words in the masculine gender to include the feminine.

Ordered, that the Draft now read, be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 22d day of March 1853.

J. P. GRANT,
Secy. to the Govt. of India.

এক বচনের শব্দ বহুবচনও বুঝাইবেক এবং পুংলিঙ্গবোধক শব্দ স্ত্রীলিঙ্গও বুঝাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫৩ সালের মার্চ মাসের ২২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 12th January, 1853

Baboo Lalchand Roy Chowdhry, a Diploma Holder of 1851, to be Acting Moonsiff of Sulkea, Zillah 24-Pergunnahs, during the absence on deputation of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 13th January, 1853.

Baboo Poornoochunder Bannerjee, Moonsiff of Kandera, Zillah Beerbhoom, for thirteen days, on private affairs.

The leave of absence from the 24th to the 27th ultimo, granted on the 22d idem, to Baboo Brujomohun Dutt, Moonsiff of Bowlaul, Zillah Backergunge, has been cancelled at his own request.

The 10th January, 1853

Syud Khadem Hossein, Moonsiff of Putneetollah, Zillah Dinagepore, for three months, in extension of the leave granted on the 26th November last, on Medical Certificate.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১২ জানুআরি।

জিলা চব্বিশপরগনার শালিখার মুনসেফের সরকারী কর্ম্মে অন্যত্র থাকন কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫১ সালের যোগ্যতার পত্রধারি শ্রীযুত বাবু লালচাঁদ রায় চৌধুরী ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১৩ জানুআরি।

জিলা বীরভূমের কান্দেরার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাড়ুয্যা স্বীয় কর্ম্মোপলক্ষে তেরো দিনের ছুটী পাইয়াছেন।

জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত গত মাসের ২২ তারিখে ঐ মাসের ২৪ তারিখঅবধি ২৭ তারিখপর্য্যন্ত যে ছুটী পান তাহা উঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

১৮৫৩ সাল ১০ জানুআরি।

জিলা দিনাজপুরের পত্নীতলার মুনসেফ শ্রীযুত সৈয়দ খাদেম হুসেন গত নবেম্বর মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১২ জানুআরি।

শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) বর্ত্তমান মাসের ৩ তারিখে সারণের কালেক্টরীর ভার কালেক্টর শ্রীযুত সি বি ক্বিণ্টিন সাহেবের (Mr. C B. Quintin,) প্রতি অর্পণ করেন।

ঢাকার কালেক্টর শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) বর্ত্তমান মাসের ৪ তারিখে ঢাকার কালেক্টরীর ভার শ্রীযুত এ জে জাকসন সাহেবের (Mr. A. J. Jackson) প্রতি অর্পণ করেন।

পুরীর একটিং কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond,) গত মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের (Mr. H. L. Dampier,) প্রতি অর্পণ করেন।

গবর্ণমেণ্টের ১৮৪৪ সালের ১০ অক্টোবর তারিখের নির্দ্ধারণানুসারে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সাহেবেরা ১৮৫২ সালের প্রশংসাযোগ্য যে ছাত্রদিগের নাম উল্লেখ করিয়াছেন তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

দ্বিতীয় শ্রেণী।

নীলমণি গাঙ্গুলি	কৃষ্ণনগর কালেজ।
শ্রীনাথ সেন	কৃষ্ণনগর কালেজ

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫২ সাল ২৪ ডিসেম্বর।

ত্রিহুতের সিবিল ও সেশন জজ শ্রীযুত অনরবিল আর ফর্বস সাহেব (Hon'ble R. Forbes,) সারণ জিলাতে সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতামতে তিনি চাম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ২৭ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী আবদুল লতীফ কালাকয়া এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন। শ্রীযুত মৌলবী আবদুল লতীফ

বারাসত, ও নদীয়া জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন। ঐ ক্ষমতামতে তিনি ক্যানারয়া এলাকা-খণ্ডের মধ্যে কার্য্য করিবেন।

১৮৫২ সাল ৩১ ডিসেম্বর।

শ্রীযুত মৌলবী মহম্মদ সায়েমের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ এস তামসন সাহেব (Mr. H. S. Thompson,) চব্বিশপরগনার প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এস তামসন সাহেবের (Mr. H. S. Thompson,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ রাইট সাহেব (Mr. W. Wright,) চব্বিশপরগনার সদর আমীনের ও সদর মোকামের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী আশ্রফ আলীর অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন মহম্মদ চাটিগাঁর প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন মহম্মদের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী অনওয়ার আলী চাটিগাঁর সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৮ জানুআরি।

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গাঙ্গুলী অন্য হুকুম না হওনপর্য্যন্ত কিঞ্চিৎ কালের নিমিত্তে মেদিনীপুরের চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১০ জানুআরি।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L Martin,) বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি ত্রিহুতের কালেকটর হইবেন।

শ্রীযুত এ রীড সাহেব (Mr. A. Reid,) ঐ তারিখঅবধি মেদিনীপুরের কালেকটর হইবেন।

শ্রীযুত আর ও হেউড সাহেব (Mr. R. O. Haywood) ঐ তারিখঅবধি ভাগলপুরের মাজিষ্ট্রেট হইবেন।

রাজশাহীর একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr J. C. Dodgson,) ঐ তারিখঅবধি দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন।

ছুটী।

১৮৫২ সাল ৩০ ডিসেম্বর।

পাটনার একটিং কালেক্টর শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr. A. Littledale,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত এফ জে কোবর্ন সাহেবের (Mr. F J. Cockburn,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত কোবর্ন সাহেব (Mr. Cockburn,) কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫২ সাল ৩১ ডিসেম্বর।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ সায়েম গত অকটোবর মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশ্রফ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ১০ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলী গত নবেম্বর মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১২ জানুআরি।

হিজলীর একটিং নিমকের এজেণ্ট শ্রীযুত সি চাপমান সাহেব (Mr. C. Chapman,) আপনার কর্ম্মের ভার রাখিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৫ জানুআরি।]

বিজ্ঞাপন।

১৮৫২ সাল ৩১ ডিসেম্বর।

নদীয়া জিলার অন্তঃপাতি মাথাভাঙ্গা নদীর হাঁসখালীতে যে গুদারা আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনের বিধানমতে সরকারী গুদারা প্রকাশ হইয়াছে।

আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ টি হম্‌ফ্রি সাহেব (Reverend W. T. Humphrey,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমন করিবার অনুমতি পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩ জানুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত জি এচ লারেন্স সাহেব (Mr. G. H. Lawrence,) এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

সদর আদালতের জজ শ্রীযুত জে ডনবার সাহেব (Mr. J. Dunbar,) ১৮৫১ সালের ৮ জানুআরি তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ১৫ তারিখঅবধি রহিত হইয়াছে।

১৮৫৩ সাল ১৫ জানুআরি।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৬ তারিখে "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত জে এচ রেবন্‌শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া ঐ মাসের ৭ তারিখে "[illegible]" নামক জাহাজে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাকরগঞ্জের কালেকটর শ্রীযুত এফ এফ রীড সাহেব (Mr. F F Reid,) সরকারি কর্ম্মোপলক্ষে [illegible] গমনার্থে গত মাসের ৩০ তারিখে [illegible] থানার ও আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার শ্রীযুত এফ বি সিমসন সাহেবের (Mr F. B. Simson,) প্রতি অর্পণ করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এ এস আনান্দ সাহেব (Mr A. S. Annand,) "ওরিয়েণ্টেল" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ৬ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১২৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৫ জানুআরি।

শ্রীযুত পাদরি জে ওয়াই বীচর সাহেব (Rev. J. Y. Beecher, B. A.) কটকের ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৩ সাল ১১ জানুআরি।

শ্রীযুত জান রাবিন্‌সন সাহেব (Mr. John Robinson,) বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি গবর্ণমেণ্টের বঙ্গভাষায় অনুবাদক হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

জিলা নদীয়া।

এস্তাহারনামা, কাছারি কালেক্টরি জেলা নদীয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার কালেক্টরির তৌজীর ও সেওয়ায় তৌজীর নীচের লিখিত মহালের সন ১২৫৯ সালের লাগাএদ কিস্তী অগ্রহায়ণের বাকী মায় বকয়া শ্রীযুত সরকার বাহাদুরের রাজস্ব পাওনার নিমিত্তে সন ১৮৫৩ সালের ৫ ফেব্রুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ২৪ মাঘ শনিবার উক্ত জেলার কালেক্টরি কাছারিতে শ্রীযুত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ১৫ জানুআরি মোতাবেক সন ১২৫৯ সাল তাং ৩ মাঘ।

নম্বর শ্রেণী	মহালের অবস্থা	নম্বর রেজেষ্টরি	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী লাং ১২৫৯ সনের কিস্তী অগ্রহায়ণ মায় বকয়া	মন্তব্য কথা।
১	খাএমী তৌজীভুক্ত …	৭২১	মৌজে রাধাকান্তপুর তরফ মামজোয়ানি …	নীলাম খরিদার মদনমোহন বন্দোপাধ্যায় …	২৩৲	১৩৲	সমুদয় বিক্রয় হইবেক।
”	ঐ	৭২৪	মৌজে কামদেবপুর পরগনে আলমপুর …	আনন্দচন্দ্র মুখোপাধ্যায় অছি সরবরাহকার জানবে গোলোকচন্দ্র মুখোপাধ্যায় … …	২৫৻৴	৬৷৷৶৮	ঐ
”	ঐ	২৮৭	মৌং মলুইগ্রাম তং মামজোয়ানি …	নীলাম খরিদার মফীজুদ্দীন শাহা … …	১১৸৶১	৬৸৶৩	ঐ
”	ঐ	১০৭২	মৌং গোপালপুর পং রাজপুর …	নীলাম খরিদার দীননাথ ঘটক … …	১০৶১০	৪৲	ঐ
”	ঐ	১০৭৩	মৌজে ঐ পং ঐ … … …	নীং রামনাথ রায় … … …	১২৶৩৷৷	৪৲	ঐ
”	ঐ	১৩০৩	মৌং দুর্গাপুর চাকলে মাটীয়ারি …	নীং কালীভৈরব ও উমাচরণ মুখুয্যা …	২০৶৯	১০৲	ঐ
”	ঐ	১৪১৩	মৌং ছোলেমানপুর পং সাহাউজিয়াল …	হরসুন্দরী দেব্যা জওজে মহেশচন্দ্র চট্টোপাধ্যায় … … … … …	২৪৷৷৶৬৷৷	৮৲	ঐ
”	ঐ	১৫১৫	মৌং আমরফপুর পং রাজপুর …	গোপালচন্দ্র ভট্টাচার্য্য ও মাণিকচন্দ্র মুখুয্যা	২৮৶৩।	৯।/৪	ঐ
”	ঐ	১৬৪৫	মৌং চাঁদবিলা পং রাজপুর …	রামকৃষ্ণ ও কৃষ্ণকুমার রায় … … .	১১৷৷/১৷৷	৬৷৷৶৮	ঐ
”	ঐ	১৭৭৬	মৌং বিক্রমপুর পং বাগয়ান	ব্রহ্মময়ী দেব্যা … … …	১২/৪	৬৲	ঐ
”	ঐ	১৮৬৪	মৌং পদ্মবিলা চাং শ্রীনগর …	নীং চন্দ্রকুমার মিত্র . … …	১১৶৬	১০৲	ঐ
”	ঐ	২০৩৩	মৌং মুজাপুর পং পলাশী …	দামোদরচন্দ্র রায় খোদ অছি জাং বেনওয়ারিলাল ও মুরারিলাল রায় নাবালগান পীছরাণ মৃত রঘুনাথ রায় ও চন্দ্রমোহন রায় খোদ অছি জানবে শ্রীকৃষ্ণনাথ রায় নাবালগ পেছরে মৃত ডোমন সিংহ ও কেবলচন্দ্র রায় ও বেহারিলাল রায় ও সর্ব্বচন্দ্র রায় ও ঈশানচন্দ্র রায় … …	১০৬৸৶৭	২৬৷৷৶৮	ঐ
”	ঐ	১৪০৭	মৌং গড় বক্তবাড়ি … … … …	নীং কালীভৈরব ও উমাচরণ মুখুয্যা .	১৭৷৷৶৩	১০৲	ঐ

নম্বর শ্রেণী	মহালের অবস্থা	নম্বর রেজিষ্টরি	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী লাং ১২৫৯ সনের কিস্তী অগ্রহায়ণ মায় বকয়া	মন্তব্য কথা
১	কাএমী তৌজীভুক্ত	২৪৩০	মৌং নারায়ণপুর পং রাজপুর ...	... নীং কালীভৈরব ও উমাচরণ মুখুয্যা ...	৮৫৸৵৫	৬০৲	সমুদয় বিক্রয় হইবেক।
„	ঐ	২৫০০	মৌং ধোপাকুড় পং উখড়া ...	... নীং কুঞ্জবেহারী চাটুয্যা	২৪৸৵৭	২৫৸৵২	ঐ
„	ঐ	২৫৫১	ছালিচর শিমুলিয়া তং শান্তিপুর	... নীলচন্দ্র ও কৃষ্ণচন্দ্র মুখুয্যা ও দুর্গাপ্রসাদ মুখুয্যা	৫৯ ৷৴১০	৩৮॥১	ঐ
২	মেয়াদী তৌজীভুক্ত	৮৪৫	চর গোপালপুর রাধাকান্তপুর ...	... ব্রজসুন্দর ও পদ্মলোচন ও রাধাপ্রসন্ন ও ব্রজনারায়ণ ও বেণিমাধব মল্লিক	৬৩৶৩	১৫৸৶১	ইং ১২৫৬ লাং ১২৬৫ সাল ১০ দশ সন মেয়াদে মেয়াদী বন্দোবস্ত।
„	ঐ	৮৯০	চর রামনগর ও রুদ্রনগর ...	... অভয়চরণ পাল	৪৬॥৮	১২৸৶১১	ইং ১২৫৪ লাং ১২৬৩ সাল ১০সন মেয়াদে মেয়াদী।
„	ঐ	১৬৬৫	বিল জেয়ালা পং বিল্লগ্রাম ...	... মদনমোহন দাস মোহন্ত	৩১॥৶৫	১১৸৶৫	ইং ১২৫৪ লাং ১২৬৩ সাল ১০ সন মেয়াদে মেয়াদী বন্দোবস্ত।
„	ঐ	২৫৫০	চর মামজোয়ানি তং শান্তিপু ...	... শিবচন্দ্র রায় ও কালাচাঁদ রায় ও হরমোহন রায় ও রাজচন্দ্র রায় আছালতন ও অছিঅতন ও অছি আনন্দময়ী দেব্যা জানবে নাবালগ ঈশানচন্দ্র রায় ও উমেশচন্দ্র রায় আছালতন ও অছিঅতন জানবে পূর্ণচন্দ্র রায় নাবালগ ও ভগবানচন্দ্র রায় ...	১৬/১	৯ ৷৶১০	ইং ১২৫৩ সাল লাং ১২৬২ সাল ১০ সন মেয়াদে মেয়াদী বন্দোবস্ত।
১	সেওয়ায় তৌজীর মহাল	৬	মৌং কাজলাকান্দী পং রাজপুর	... মথুরানাথ রায় বহীলা	৮৫৸৮।	৩৩ ৷/৪	সমুদয় বিক্রয় হইবেক।
„	ঐ	১৯	বিলকোণা পং রাজপুর ...	... জিমীস হেল সাহেব বগদ দেব্যা পীতাম্বর দত্ত রাধাবল্লভ দাস পেছরে রাধাকৃষ্ণ দাস অছি ও অলি ব্রজসুন্দরী প্রথা মাদরে শ্রীশচন্দ্র দাস নাবালগ ও বিশেশ্বরী প্রথা জওজে রাজচন্দ্র দাস অলি অছি গোপীমোহন দাস নাবালগ নবকৃষ্ণ মুখোপাধ্যায় ব্রজসুন্দর মল্লিক গোবিন্দপ্রসাদ রায়	৫৮০৸৬	৯৬০॥/২	ঐ
	ঐ	২১	মৌং কাগদেহপুর পং আনরপুর	... রাজমোহন সিংহ ও দুর্গাদাস সিংহ	২৩৶১১	২৩ ৷৹ ৪	ঐ

নম্বর শ্রেণী	মহালের অবস্থা	নম্বর রেজিষ্টরি	নাম মহাল ও পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী লাৎ ১২৫৯ সনের কিস্তী অগ্র হায়ণ মায় বকয়া	মন্তব্য কথা
১	সেওয়ায় তৌজীর মহাল	১৯৮	বিজধল রতেতুল বাড়িয়া পঃ রাজপুর ...	সর্ব্বেশ্বর ওঁ লক্ষ্মীদাস ও রাধাজীবন মুস্তফী	৩৩৬৮৶৯	৩৩৮৶১০	সমুদয় বিক্রয় হইবেক
"	ঐ	২৪৯	মৌৎ নওপুখারিয়া পৎ পলাশী ...	ত্রিপুরাসুন্দরী ও ব্রহ্মময়ী দেব্যা	১৪॥৫	১৬॥৶১০	ঐ
"	ঐ	৩৩৩	নাবিনা পৎ বেলগাঁ	তারিণীপ্রসাদ ঘোষ রাধামোহন সরকার বেণীমাধব ঘোষ কেদারনাথ ঘোষ প্রভাবতী দাসী ওগয়রে শ্রীরাম ঘোষ	১২৸/৭	৪৷৶৯	ঐ
"	ঐ	৩৮৪	মৌৎ ভোলাডাঙ্গা চাৎ কৃষ্ণনগর ...	নীৎ খরিদার কালীচরণ ভট্ট	৩২॥৵১	১২৷৹	ঐ
"	ঐ	৪১৪	পহিমউড়া চাৎ কৃষ্ণনগর ...	যাদবচন্দ্র ভট্টাচার্য্য	১৪॥৶৬	৫৷/৪	ঐ
"	ঐ	৪১৮	মেরুপুর পৎ মুলতানপুর ...	দুর্গাদাস নন্দকুমার অভয়চরণ রায় চৌধুরী	৮৬৷৶৪	১২॥/৮	ঐ
"	ঐ	৫১১	হাতিছালা চাৎ কৃষ্ণনগর ...	দামোদরচন্দ্র রায়	৩৬৸৭	১২॥৶৮	ঐ
"	ঐ	৫৩২	শ্রীকৃষ্ণপুর পৎ উখড়া ...	রামচন্দ্র রামনারায়ণ ও কালাচাঁদ মুখুয্যা	৪৩৷৶১০	৮৸৶২	ঐ

C P. Casperez, *Deputy Collector in charge.*

জিলা হুগলী।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪১ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা হুগলির নীচের লিখিত মহাল সন ১৮৫২ সালের ২৯ মার্চ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারির নিমিত্ত সন ১৮৫৩ সালের ৫ ফিব্রুআরি মোতাবেক সন ১২৫৯ সালের ২৪ মাঘ শনিবার তারিখে কালেক্টর সাহেবের কাছারীতে দিনাওক্তরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩। ৬ জানের।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫২ সালের ২৯ মার্চের পাওনা বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	২১১১ নং	রসুলপুর পৎ ভূরশীট	নুবণ নেছা বিবি	৪।১	৪৵১	এই মহাল সন ১৮৫২ সালের ১৫ মে তারিখে এই কাছারীতে নীলাম হইয়া সরকারী খাস ডাক হইয়াছিল এক্ষণে ঐ নীলাম নামঞ্জুর হইয়া পুনর্নীলাম হইবেক।

W T Taylor *Collector*

NOTICE.

SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the leaseholders of the undermentioned Lots in the Soonderbuns, have failed according to the terms of their leases, to bring into a state of cultivation the lands allotted to them for 20 years. That all future opposition that may be made by the Lot-holders may be obviated, they are hereby requested to state clearly in writing the reason, to the Commissioner of the Soonderbuns, within one month from this date. In default of which their right and title to those lands shall cease.

No. of Lot	Area.	Name of Grantee.
105	8,400	Mr. A Rogers.
106	20,900	Mr. Bell.
110	31 000	Mr. J. Hughes
111	60,000	Mr. John Pittar.
112	29 000	Mr Parbury
113	26,000	
114	62,000	Mr. W. Hammerton
115	38,000	
134	10,000	Mr David Garrow and Birjomohun Dey
135	28,000	Mr David Hare
140	18,000	Mr John Shiels.
163	38,000	Mr T. Humfry

OOMAKAUNT SEIN, *Commissioner*

Soonderbun Commissioner's Office, Camp Bussuntoporr,
The 24th December, 1852.

ইশতিহার।

সুন্দরবনের কমিস্যনরের কাছারী।

যেহেতুক সুন্দরবনের নীচের লিখিত লাটের পাট্টাদারেরা আপনারদের পাট্টার নিয়মক্রমে বিশ বৎসরপর্য্যন্ত আপনারদের প্রাপ্ত জমী আবাদ করেন নাই অতএব ঐ পাট্টাদারেরদের উত্তর কালে কোন আপত্তি না হয় এই নিমিত্ত তাঁহারদিগকে আদেশ করা যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে তাঁহারা তাহার হেতু সুন্দরবনের কমিস্যনরের নিকটে স্পষ্টরূপে লিখিয়া জ্ঞাপন করেন। এই বিষয়ে ত্রুটি হইলে ঐ জমীতে তাঁহারদের স্বত্ত্বাধিকার বঞ্চিত হইবেক

লাটের নং	পরিমাণ	পাট্টাদারের নাম।
১০৫	৮,৪০০	শ্রীযুত এ রজস সাহেব।
১০৬	২০,৯০০	শ্রীযুত বেল সাহেব
১১০	৩১,০০০	শ্রীযুত জে হিউস সাহেব।
১১১	৬০,০০০	শ্রীযুত জন পিটার সাহেব।
১১২	২৯,০০০	শ্রীযুত পার্বরি সাহেব।
১১৩	২৬,০০০	
১১৪	৬২,০০০	শ্রীযুত ডবলিউ হামর্টন সাহেব।
১১৫	৩৮,০০০	
১৩৪	১০,০০০	শ্রীযুত ডেবিড গাবো সাহেব ও ব্রজমোহন দে।
১৩৫	২৮,০০০	শ্রীযুত ডেবিড হ্যার সাহেব।
১৪০	১৮,০০০	শ্রীযুত জন শীল্‌স্‌ সাহেব।
১৬৩	৩৮,০০০	শ্রীযুত টি হম্‌ফ্রি সাহেব

উমাকান্ত সেন। কমিস্যনর।

সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা ছাউনি বসন্তপুর। ১৮৫২ সাল ২৪ ডিসেম্বর।

INSOLVENT COURT. যোত্রহীনবদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES DUPRE RUSSELL, an Insolvent.

On Monday, the 3d day of January instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs 7170-1-7 in his hands, pay a Dividend at the rate of Co.'s Re. 1 per 100 Sa Rs (which will amount to the sum of Co.'s Rs 5936 1 9) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given

Official Assignee's Office, Calcutta, 15th January, 1853

[*Government Gazette, 25th January*, 1853]

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস ডুপর রলেস সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান জানুআরি মাসের ৩ তারিখ সোমবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে কোং ৭১৭০/৭ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর সিক্কা শত টাকার প্রতি কোম্পানির ১৲ টাকা ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোম্পানির ৫৯১৬/৯ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৩ সাল ১৫ জানুআরি।

The like notice in the matter of AUGUSTUS GABRIEL ROUSSAC, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 8727-2-6, a Dividend at the rate of 17 Co.'s Rs..per 100 Sa Rs. (amounting to Co.'s Rs. 7532 8-9) be paid.

যোত্রহীন আগস্টস গেব্রিয়েল রুসাক সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোম্পানির ৮৭২৭৵৬ টাকাহইতে সিক্কা শত টাকার প্রতি কোং ১৭৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ কোম্পানির ৭৫৩২॥৯ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JOSEPH SAVIGNY, an Insolvent, in which it was ordered that out of the sum of Co's Rs. 950-6-8, a Dividend at the rate of Co.'s Rs. 4 8 Annas per 100 Sa Rs. (amounting to Co.'s Rs. 809-0-10) be paid.

যোত্রহীন জোসেফ সাবিনি সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ৯৫০ ।৶৮ টাকাহইতে সিক্কা শত টাকার প্রতি কোম্পানির ৪॥০ টাকা ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৮০৯৲১০ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of GEORGE ROBERT WILTON an Insolvent, in which it was ordered that out of the sum of Co's Rs. 1327-4-3, a Dividend at the rate of Co.'s Rs. 3-4 Annas per 100 Sa. Rs. (amounting to Co.'s Rs. 1161 10 7) be paid.

যোত্রহীন জার্জ রাবর্ট উইল্টন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোম্পানির ১৩২৭।৩ টাকাহইতে সিক্কা শত টাকার প্রতি কোম্পানির ৩।০ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১৬১॥৵৭ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JOHN MULLER, an Insolvent in which it was ordered that out of the sum of Co.'s Rs. 3091-7-8, a Dividend at the rate of 7½ per cent. (amounting to Co.'s Rs 2840-11-5) be paid.

যোত্রহীন জান মলর সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোম্পানির ৩০৯১ ।৶৮ টাকাহইতে শতকরা ৭॥০ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২৮৪০॥৶৫ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JAMES SMALL, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 1596-2-3, a Dividend at the rate of 26 per cent (amounting to Co's Rs 1444 2) be paid.

যোত্রহীন জেম্‌স স্মাল সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোম্পানির ১৫৯৬৵৩ টাকাহইতে শতকরা ২৬৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১৪৪৪৵ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of AVIETICK GALSTIN, an Insolvent, in which it was ordered that out of the sum of Co.'s Rs. 1065-10 3, a Dividend in full (amounting to Co's Rs. 937-8) be paid

যোত্রহীন আবিয়েটিক গালষ্টিন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে ১০৬৫॥৵৩ টাকাহইতে সম্পূর্ণ কর্জ্জশোধ হয় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯৩৭॥০ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশতিহার।

বিজ্ঞাপন পত্র।

গুণিগণাগ্রগণ্য বিজ্ঞবর মহাশয়দিগকে অবগত করা যাইতেছে যে যে ব্যক্তি মহা পুরাণ শ্রীমদ্ভাগবত গ্রন্থের অবিকল শ্রীধর স্বামির টীকানুসারে সুকোমল সাধু বঙ্গভাষায় শ্রীযুত আনন্দচন্দ্র বেদান্ত বাগীশ মহাশয়ের কৃত পঞ্চদশী ও বেদান্তসারাদি গ্রন্থের ভাষা টীকার ন্যায় বঙ্গভাষায় টীকা ও তাৎপর্য্য ও পূর্ব্বপক্ষাদি রচনাপূর্ব্বক সর্ব্বোৎকৃষ্টরূপে অদ্যাবধি এক বৎসরের মধ্যে আমার নিকটউপস্থিত করণানন্তর স্বামির কৃত টীকার অভিপ্রায়াদির সহিত সম্পূর্ণরূপে ঐক্য করিয়া দিবেন তাঁহাকে ৪০০৲ চারি শত টাকা পুরস্কার দেওনানন্তর তাহা গ্রহণ করা যাইবেক।

শ্রীহিতলাল মিশ্র সাং রাইপুর মানকর জেলা বীরভূম।

সন ১২৫৯ সাল ২০ কার্ত্তিক।

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের।

সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না করেন তাঁহারদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটরী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত সন ১৮৫২ সালের ১০ আগষ্ট তারিখের ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৫ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

India, or by Bills on the Court at twelve months date, and Two Shillings and One Penny the Sicca Rupee.

No. 4.

Proprietors who may subscribe their Five per Cent Transfer Loan Stock or Promissory Notes of that Loan into the Four per Cent Transfer Loan shall not be subjected on this operation to the Fees prescribed in the Rules for the Government Agency.

No. 5

The Stock of the New Loan will be transferrable only in Books to be kept in Bengal, at Madras, at Bombay, and in London, and not by endorsement of Stock Receipts, and the Stock Accounts may, at the option of the Proprietors, be transferred from the Books in India to the Books in London, and *vice versâ* as in the case of Stock of the 5 per Cent Transfer Loan.

No. 6

After the transposition of Stock Accounts to the London Books the interest payable on such Stock will be issued at the East India House at the rate of Two Shillings and One Penny per Sicca Rupee, by Dividend Warrants, payable at the Bank of England, at the same time as when the Bills would have become due had the remittance of interest previously been received by Bills of Exchange drawn upon the Court, under the option allowed in the 3rd Article of the present notice

No. 7

Proprietors of Stock in the Five per Cent Transfer Loan, whose accounts may be open in the London Books on the 22nd day of April 1854 who shall not on or before the 22nd day of July 1853, express their assent in writing at the East India House in London to the conversion of their 5 per Cent Transfer Loan Stock into Stock of the 4 per Cent Transfer Loan, will receive payment of their principal, together with the Interest due thereon, up to the 22nd day of April 1854, by a cash payment in London, on the 25th day of April 1855, the date at which the Bills would become due if the remittance of principal and Interest were made from India by means of Bills of Exchange drawn upon the Court of Directors The Court, however, reserving to themselves, in accordance with the stipulation in the first Article of this notice, the power to postpone payment of such principal for one, two or three years upon allowing interest at 5 per Cent per annum for the period of postponement.

No 8

No part of the 4 per Cent Transfer Loan shall be paid off before the 22nd day of April 1874 and whenever it shall be redeemed a previous notice of fifteen months shall be given by Public Advertisement, which notice may be issued at any time after the 21st of January 1873. Payment shall then be made at the option of the Creditors, either in Cash

কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নামে বারো মাস মিয়াদের হুণ্ডীর দ্বারা সিক্কা টাকার প্রতি দুই শিলিং এক পেনির হিসাবে দেওয়া যাইবেক।

৪ নম্বর।

যে অধিকারিরা আপনারদের ট্রান্সফর কর্জের শতকরা ৫৲ টাকার সুদের পুঁজি কিম্বা ঐ কর্জের প্রমিসরি নোট শতকরা ৪৲ টাকার ট্রান্সফর কর্জে দাখিল করিবেন তাঁহারদের প্রতি গবর্ণমেণ্টের এজেণ্টীর কর্ম্মের বিধানে যে রসুম নির্দ্দিষ্ট আছে সেই রসুম ঐ কার্য্যের নিমিত্তে লাগিবেক না।

৫ নম্বর।

নূতন কর্জের পুঁজির টাকা বাঙ্গলা দেশে ও মান্দ্রাজে ও বোম্বাইতে ও লণ্ডন নগরে যে খাতা রাখা যাইবেক কেবল সেই খাতায় খারিজদাখিল হইতে পারিবেক এবং পুঁজির রসীদের পৃষ্ঠে লিখনের দ্বারা হইতে পারিবেক না। এবং পুঁজির হিসাব, যেমন শতকরা ৫৲ টাকার ট্রান্সফর কর্জের পুঁজির বিষয়ে হইয়া থাকে তেমনি, অধিকারিরদের ইচ্ছামতে ভারতবর্ষস্থ খাতাহইতে লণ্ডননগরস্থ খাতায় খারিজদাখিল হইতে পারিবেক কিম্বা লণ্ডন নগরস্থ খাতাহইতে ভারতবর্ষস্থ খাতায় খারিজদাখিল হইতে পারিবেক।

৬ নম্বর।

বিশিষ্ট ও মাত্তবর হেতুতে ঐ দলীল দাখিল করিবার সময় বৃদ্ধি করেন তবে করিবেক না, এবং তাহার বিপক্ষ কোন ব্যক্তির এমত অধিকার থাকিবেক যে যাবৎ আপনি কি উকীলের দ্বারা ঐ দলীল দৃষ্টি না করে ও তাহার নকল না লয় তাবৎ ঐ সওয়ালজওয়াব ও কৈফিয়তের উত্তর দিতে তাহার আবশ্যক হইবেক না ইতি।

৪১ ধারা। এই আইনের অর্থ করণেতে "আদালত" এই শব্দেতে কোম্পানি বাহাদুরের কোন দেওয়ানী আদালতকে বুঝাইবেক এবং তাহার মধ্যে কোন জজ কিম্বা এই আইনের ২ ধারার লিখিত অন্য কোন কার্য্যকারক কি ব্যক্তি গণ্য হইবেন। "জজ" এই শব্দেতে উক্ত প্রকার কোন আদালতে কর্ত্তৃত্বকারি কোন প্রধান বিচারকর্ত্তাকে বুঝাইবেক এবংতাহার মধ্যে যে কোন কার্য্যকারক কি ব্যক্তি আইনের দ্বারা কি বাদিপ্রতিবাদির সম্মতিক্রমে সাক্ষিরদের জোবানবন্দী লইতে এবং বিচারকের কার্য্য করিতে ক্ষমতা পান তাঁহাকেও গণ্য করা যাইবেক। "মোকদ্দমা" এই শব্দেতে ২ ধারার লিখিত কোন মোকদ্দমা কি আপীল কিম্বা কার্য্য বুঝাইবেক। "সাক্ষী" এই শব্দের অর্থের মধ্যে কোন মোকদ্দমাতে কি বিষয়ে লিপ্ত হইলে কি না হইলে যে সকল ব্যক্তি সাক্ষ্য দিতে পারে ও দিবার যোগ্য হয় তাহারদিগকে বুঝাইবেক। পুংলিঙ্গ কি এক বচনের শব্দেতে স্ত্রীলিঙ্গ কি বহুবচনের শব্দও গণ্য হইবেক এবং স্ত্রীলিঙ্গ কি বহুবচনের শব্দেতে পুংলিঙ্গ কি এক বচনের শব্দও গণ্য হইবেক। কিন্তু যদি স্পষ্টরূপ অন্য প্রকার অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে অথবা যদি কথার ভাব কি পূর্ব্বাপর কথা দেখিয়া ঐরূপ অর্থকরা অসঙ্গত হয় কি ঐরূপ অর্থ বিষয়ের প্রতি খাটিতে না পারে তবে ঐ অর্থ করিতে হইবেক না ইতি।

৪২ ধারা। এই আইন কেবল দেওয়ানীর কার্য্যের বিষয়ে এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে খাটিবেক এবং তাহার মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্ট গণ্য হইবেক না ইতি।

হুকুম হইল যে আগামি মার্চ মাসের ৭ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সর্ক্যুলর অর্ডর।

৮০৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভুমির রাজস্বের শ্রীযুক্ত কালেক্টর সাহেব বরাবরেষু।

তোমাকে জানাইতেছি যে মার্ত্তাবান ও রাঙ্গুন ও বাসীন ও প্রোম ও সারওয় নগরেতে যে ডেপুটী কমিস্যনরেরা নিযুক্ত হইয়াছেন তাঁহারদের প্রত্যেক জনকে ক্ষমতা দেওয়া গিয়াছে যে চলিত বিধানক্রমে তোমার খাজানাখানার উপর বিল দেন এবং তোমাকে আদেশ করি যে তুমি ঐ বিলের টাকা দেও।

২। তোমার হিসাবে ঐ প্রকারে দেওয়া টাকার খরচ নুতন শিরনামার খাতায় লিখিতে হইবেক এবং তাহার নাম "পিগু ও মার্ত্তাবান প্রদেশের দেয় বিলের খাতা" হইবেক।

* ১৮৫২ সালের ৩০ ডিসেম্বর তারিখের কলিকাতার অতিরিক্ত গেজেট দেখ।

3rd. Until further orders you will be good enough not to issue Bills on the Deputy Commissioners.

(Signed) W. Maples,
Assistt. Accountant to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 27th January, 1853.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 1

To the Several Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

The Court circulate for general information the following questions addressed to the Advocate General, and that Officer's replies to them.

Question

1st. Whether in the event of a British born subject *out* of Calcutta evading or disregarding a Subpœna to attend to give evidence before a Mofussil Magistrate, the latter can issue his warrant to have the witness brought up for the purpose of giving his evidence, which includes the further question of what power can be exercised, or procedure followed by a Mofussil Magistrate for the punishment of a British subject refusing to give evidence after being brought before him ?

Answer

I. I am of opinion that a British subject resident in the Mofussil is not exempted from appearing as a witness in a Criminal Case pending in the Courts of the East India Company, and that the Magistrate has full power to summon such British Subject, who ought to obey such summons and attend, and if this be so, then I think it follows that the Magistrate may enforce the attendance of such British Subject as he would enforce the attendance of any other witness In summoning a British Subject and in enforcing obedience to such summons the Magistrate should be guided by the law of procedure in his own Court, which appears to me to be equally applicable to all persons summoned by him as witnesses and he may therefore, if he thinks fit, and the evidence of the witness is material, proceed under Regulation IV. of 1793, Section 6 and seize the witness and bring him before his Court.

I think however that the Mofussil Magistrate has no power to punish a witness if he refuses to give evidence when brought before him, for although the British Subject has no privilege exempting him from appearing as a witness in the Courts of the East India Company, yet he has a privilege, exempting him from punishment by a Mofussil Court except in certain cases and this is not one of such cases.

If the case should ever arise of a British Subject

৩। অন্য হুকুম না হওনপর্য্যন্ত ডেপুটী কমিস্যনরের-দের উপর তোমার বিল দিতে হইবেক না।

ডবলিউ মেপল্‌স।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টে আসিষ্টাণ্ট আকৌণ্টাণ্ট।
ফোর্ট উলিয়ম। আকৌণ্টেণ্ট সাহেবের দপ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৩ সাল ২৭ জানুআরি।

John Robinson, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরক্যলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত প্রত্যেক ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু।

আডবোকেট জেনরল সাহেবের নিকটে নীচের লিখিত যে প্রশ্ন করা গিয়াছে এবং তাহার যে উত্তর ঐ কার্য্যকারক সাহেব দিয়াছেন তাহা সদর আদালতের সাহেবেরা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করিতেছেন।

প্রথম প্রশ্ন।

যখন কলিকাতার বাহিরে ব্রিটন দেশজাত কোন প্রজার নামে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাক্ষ্য দিবার নিমিত্তে হাজির হইবার সফীনা বাহির হয় কিন্তু তাঁহার দেখা না দেওয়াতে ঐ সফীনা তাঁহার উপর জারী হইতে পারে না কিম্বা তিনি তাহা অমান্য করেন তখন মাজিষ্ট্রেট সাহেব ঐ সাক্ষিকে সাক্ষ্য দিবার নিমিত্তে আনাইবার পরওয়ানা বাহির করিতে পারেন কি না। ইহাতে অন্য প্রশ্ন উদয় হয় অর্থাৎ ব্রিটনীয প্রজাকে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির করা গেলে তিনি যদি সাক্ষ্য দিতে অস্বীকার করেন তবে মাজিষ্ট্রেট সাহেব তাহার দণ্ডের জন্যে কোন্ ক্ষমতামতে ও কোন্ ধারামতে কার্য্য করিতে পারেন।

উত্তর।

আমি বোধ করি যে মফঃসলনিবাসি ব্রিটনীয প্রজা কোম্পানি বাহাদুরের আদালতে উপস্থিতহওয়া ফৌজদারী মোকদ্দমায় সাক্ষিস্বরূপ হাজির হওনহইতে মুক্ত নহেন। এবং এমত ব্রিটনীয় প্রজার নামে সমন করিতে মাজিষ্ট্রেট সাহেবের সম্পূর্ণ ক্ষমতা আছে। এবং তাঁহার ঐ সমন মানিয়া হাজিরহওয়া উচিত। যদি এই কথা যথার্থ হয় তবে বোধ করি যে মাজিষ্ট্রেট সাহেব যেমন অন্য কোন সাক্ষিকে হাজির করাইতে পারেন তেমনি সুতরাং ব্রিটনীয় প্রজাকেও হাজির করাইতে পারেন। মাজিষ্ট্রেট সাহেবের আদালতে কার্য্য করণের যে বিধান আছে সেই বিধানমতে ব্রিটনীয় প্রজার নামে সমন জারী করণ এবং ঐ সমনমতে তাঁহাকে কার্য্য করাওনের বিষয়ে তাঁহার কর্ম্ম করা উচিত। ফলতঃ বোধ করি যে তিনি যে সকল ব্যক্তিকে সাক্ষিস্বরূপ তলব করেন তাঁহারদের সকলের প্রতি ঐ বিধান সমানভাবে খাটে। অতএব যদি উপযুক্ত বোধ করেন এবং সাক্ষির সাক্ষ্য আবশ্যক হয় তবে তিনি ১৭৯৩ সালের ৪ আইনের ৬ ধারামতে কার্য্য করিয়া সাক্ষিকে ধরিয়া আপন আদালতে হাজির করিতে পারেন।

পরন্তু আমি বোধ করি যে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে এমত সাক্ষিকে হাজির করা গেলে তিনি যদি সাক্ষ্য দিতে অস্বীকার করেন তবে তাঁহার দণ্ড করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা নাহি যেহেতুক যদিও ব্রিটনীয় প্রজার এমত অধিকার নাই যে কোম্পানি বাহাদুরের আদালতে সাক্ষিস্বরূপ হাজির হওনহইতে মুক্ত হন তথাপি কোন২ বিশেষ গতিকভিন্ন মফঃসলের আদালতের দণ্ডহইতে মুক্ত হইবার তাঁহার অধিকার আছে। এবং ঐ বর্জ্জিত গতিকের মধ্যে এই বিষয় নহে।

যদি এমন কখন হয় যে কোন ব্রিটনীয় প্রজা মফঃসল

refusing to give material evidence when summoned by, or brought before, a Mofussil Court, I would recommend the Government to indict him in the Supreme Court for an obstruction of Justice. It seems that an indictment will lie when the Court, whose process is disobeyed, has no power to attach (Russel on Crimes 497, note 2,) and the Supreme Court is bound to take Judicial cognizance of the existence of the Mofussil Criminal Courts, and I therefore think the Supreme Court is bound to punish an offence committed by a British Subject which is an obstruction of Justice in such Courts. I think that if it were proved that the evidence of the witness was material, that he was personally served with summons to attend the Mofussil Court, that he was tendered the usual expences allowed by such Courts, and disobeyed the summons, that he would be convicted in the Supreme Court, and I am of opinion that nothing but good would result from the prosecution, even if unsuccessful, in as much as it would call the attention of the Legislature to the state of the law on this point

আদালতে হাজির হইবার সফীনা পাইলে কিম্বা ঐ আদালতে হাজির করাণ গেলে পর কোন প্রয়োজনীয় সাক্ষ্য দিতে অস্বীকার করেন তবে আমার পরামর্শ এই যে গবর্ণমেণ্ট তাঁহার নামে সুপ্রিম কোর্টে যথার্থ বিচারের বাধা করণের অপরাধে নালিশ করেন। দৃষ্ট হইতেছে যে যে আদালতের পরওয়ানা অমান্য হয় তাঁহার যদি ক্রোক করিবার ক্ষমতা না থাকে তবে ঐরূপ নালিশ হইতে পারে [অপরাধ বিষয়ে রসেল সাহেবের পুস্তক ৪৯৭ পৃষ্ঠা ২ নোট] এবং মফঃসলের ফৌজদারী আদালতের সত্তার বিষয় সুপ্রিম কোর্টের বিচার সম্পর্কে অবশ্য স্বীকার করিতে হইবেক অতএব বোধ করি যে মফঃসলী আদালতে যে অপরাধ যথার্থ বিচারের বাধা হয় সেই অপরাধ ব্রিটনীয় প্রজা করিলে সুপ্রিম কোর্টের অবশ্য সেই অপরাধের দণ্ড করিতে হইবেক। ঐ সাক্ষির সাক্ষ্য প্রয়োজনীয় আছে এবং মফঃসল ফৌজদারী আদালতের সফীনা তাঁহারি উপর জারী হইয়াছে এবং ঐ আদালত যে খরচ রীতিমতে দিবা থাকেন তাহা দিবার প্রস্তাব হইয়াছে এবং তিনি ঐ সফীনা অমান্য করিয়াছেন যদি এই সকল বিষয়ের প্রমাণ হয় তবে বোধ করি যে সুপ্রিম কোর্টে তাঁহার অপরাধ সাব্যস্ত হইবেক। এবং আমি বোধ করি যে ঐ প্রকার নালিশ হইলে যদিও কৃতকার্য্যতা না হয় তথাপি তাহার দ্বারা মঙ্গল বিনা কোন ক্ষতি সম্ভাবন নহে যেহেতুক তাহা হইলে এই কথার সম্পর্কে আইনের অবস্থার বিষয়ে ব্যবস্থাপক কৌন্সেলের সাহেবদিগের মনোযোগ হইবেক।

Question

2nd. Whether it is necessary in Criminal cases to accompany Subpœnas to British Subjects with a sum sufficient to defray their expenses to and from the Court ?

দ্বিতীয় প্রশ্ন।

ফৌজদারী মোকদ্দমাতে ব্রিটনীয় প্রজারদের নামে যে সফীনা জারী হয় তাহার সঙ্গে তাঁহারদিগের আদালতে আসিবার ও তথাহইতে ফিরিয়া যাইবার নিমিত্তে যত খরচ উপযুক্ত হয় তত পাঠান আবশ্যক আছে কি না।

Answer.

II I am of opinion that the Mofussil Magistrates should be guided by the rules and procedure of their own Court as to the expenses of witnesses, but if the witness is poor, and refuses to attend, the tender of his expenses would I think be necessary to secure his conviction in the Supreme Court

উত্তর।

আমি বোধ করি মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবদিগের উচিত যে সাক্ষিরদের খরচের বিষয়ে তাঁহারদের আদালতে যে রীতি ও বিধান চলন আছে তদনুসারে কার্য্য করেন কিন্তু যদি সাক্ষী দরিদ্র হন এবং হাজির হইতে অস্বীকার করেন তবে বোধ করি যে সুপ্রিম কোর্টে তাঁহার অপরাধ সাব্যস্ত হইতে পারিবার নিমিত্তে তাঁহার খরচ দিবার প্রস্তাব করা আবশ্যক।

Question

3rd. How inhabitants of Calcutta whether British Subjects or natives can be compelled to appear before the Mofussil Magistrates to give their evidence ?

তৃতীয় প্রশ্ন।

কলিকাতানিবাসি লোকেরা ব্রিটনীয় প্রজা হউন কি এদেশীয় লোক হউন তাঁহারদিগকে সাক্ষ্য দেওনার্থে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কিপ্রকারে হাজির করাণ যাইতে পারে।

Answer.

III. The Magistrate should compel the appearance of witnesses resident in Calcutta by warrant regularly endorsed by one of the Judges of the Supreme Court under Act XXIII. of 1840.

(Signed) B. J. Colvin,
Register.

Fort William, the 6th January, 1853.

উত্তর।

মাজিষ্ট্রেট সাহেবের উচিত যে ১৮৪০ সালের ২৩ আইনানুসারে সুপ্রিম কোর্টের এক জন জজ সাহেবের রীতিমত পৃষ্ঠে দস্তখৎ করা পরওয়ানার দ্বারা কলিকাতানিবাসি সাক্ষিরদিগকে হাজির করান।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৬ জানুআরি।

John Robinson, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 26th January, 1853.

Moulvee Anwur Alee, who was appointed by the Government on the 31st Ultimo, to officiate as

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৬ জানুআরি।

জিলা চাটিগাঁর সদর মোকামের মুনসেফের সরকারী কর্ম্মে অন্যত্র থাকন কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত

Sudder Ameen of Zillah Chittagong, to be also Acting Moonsiff of the Sudder Station of the district, during the absence on deputation of the incumbent or until further orders.

LEAVES OF ABSENCE.

The 28th January, 1853.

Baboo Gobindchund Bose, Moonsiff of Poragacha, Zillah Dacca, for five days.

The 29th January, 1853.

Baboo Nobinchunder Mitter, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for fifteen days, from the date of his quitting his station.

B J Colvin, *Register*.

গত মাসের ৩১ তারিখে গবর্ণমেণ্টের হুকুমক্রমে জিলা চাটিগাঁর সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত শ্রীযুত মৌলবী আনওয়ার আলী ঐ জিলার সদর মোকামের একটিং মুনসেফও হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৮ জানুআরি।

ঢাকা জিলার পরগাছার মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৯ জানুআরি।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু নবীনচন্দ্র মিত্র আপন মোকাম ত্যাগ করণের দিনঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২০ জানুআরি।

শ্রীযুত বেণ্টাল সাহেবের (Mr. Bentall,) অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে এচ পাটন সাহেব (Mr. J. H. Patton,) চব্বিশপরগনা ও হুগলী ও নদীয়া ও পূর্ব্ব ও পশ্চিম বর্দ্ধমানের অতিরিক্ত সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এফ জেম্স সাহেব (Mr. H F James,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr. G. G. Mackintosh,) পূরণিয়ার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি চাপমান সাহেব (Mr. C. Chapman,) মেদিনীপুরের কালেক্টর হইবেন কিন্তু হিজলীতে নিমকের এজেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr M A G. Shawe,) ছিলটের কালেক্টর হইবেন।

শ্রীযুত আর জে রিচার্ডসন সাহেব (Mr. R J. Richardson,) সারণের মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ও টুগুড সাহেব (Mr. O Toogood,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENT

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE

The Titalyah Fair will commence this season on the 20th February, 1853, and continue for a Fortnight.

A Campbell, *Superintendent*.

Superintendent's Office,
Darjeeling, the 5th December, 1852

ইশ্তিহার।

বর্ত্তমান কালে তেঁতুলিয়ার মেলা ১৮৫৩ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইয়া দুই সপ্তাহ থাকিবেক।

এ কাম্বেল। সুপরিণ্টেণ্ডেণ্ট।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দফ্তরখান।
দারজিলিঙ্গ। ১৮৫২ সাল ৫ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENT.

সাধারণ ইশ্তিহার।

দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত

আইনের।

সার সংগ্রহ।

এই পুস্তক শীঘ্র মুদ্রিত হইবেক মূল্য স্বাক্ষরকারির প্রতি ১০৷৷ টাকা যাঁহারা গ্রন্থ প্রকাশের পূর্ব্বে স্বাক্ষর না করেন তাঁহারদিগের প্রতি ২৫৲ টাকা ধার্য্য হইল।

গ্রহণেচ্ছুক মহাশয়দিগের কর্ত্তব্য যে শহর কলিকাতার মিলিটরী একৌণ্টাণ্ট আফিসে শ্রী নবীনচন্দ্র রায়ের নিকট আপন২ নাম ও বাস স্থানের নির্ণয় প্রেরণ করেন পুস্তকের বৃত্তান্ত সন ১৮৫২ সালের ১০ আগষ্ট তারিখের ৬৪৯ নম্বরী গেজেটে পাওয়া যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৮ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত ।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 15, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৫ ফেব্রুআরি ।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 4TH FEBRUARY, 1853.

The following Act, passed by the Governor General of India in Council on the 4th February, 1853, is hereby promulgated for general information.

Act No II of 1853

An Act to remove doubts as to the liability of all subjects of Her Majesty to the same jurisdictions as Natives in respect of public and Police duties and public charges incident to the holders of land or their local Agents or Managers

Whereas by virtue of Act No IV 1837, it is lawful for any subject of Her Majesty to acquire and hold in perpetuity, or for any term of years, property in land, or in any emoluments issuing out of land, in any part of the Territories under the Government of the East India Company; and whereas doubts have arisen whether all subjects of Her Majesty acquiring or holding property in land, or in any emoluments issuing out of land, or acting as local Agents or Managers of such property, are subject to the same jurisdictions as Natives for enforcing the discharge of public and Police duties incident to the holding of such property or for the enforcement of public charges and assessments upon or in respect thereof; and whereas it is just and reasonable that all persons who may think fit to hold such property, or to be the local Agents or Managers thereof, should be liable to the public burthens and duties incident thereto, and in case of neglect or refusal to discharge the same, should be

আইন ।

ফোর্ট উলিয়ম ।
দেশীয় ডিপার্টমেণ্ট ।
লেজিসলেটিব ।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৪ ফেব্রুআরি ।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ৪ ফেব্রুআরি তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে ।

ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২ আইন ।

ভূম্যধিকারি কি তাঁহারদের গোমাশতা অথবা সরবরাহকারেরদের যে সরকারী ও পোলীসের কার্য্য নির্ব্বাহ করিতে হয় ও যে সরকারী খরচ দিতে হয় তৎসম্পর্কে এদেশীয় লোকেরা যেং আদালতের অধীন আছে শ্রীশ্রীমতী মহারাণীর সকল প্রজার সেইং আদালতের অধীন হওনের যোগ্যতার বিষয়ে যে সন্দেহ আছে তাহা ভঞ্জনের আইন ।

যেহেতুক ১৮৩৭ সালের ৪ আইনের শব্দানুসারে শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজা কোম্পানি বাহাদুরের শাসিত দেশের কোন ভাগে ভূমি সম্পত্তি অথবা ভূমিসংক্রান্ত কোন লাভ চির কালের জন্যে কিম্বা কোন মিয়াদের নিমিত্তে পাইতে ও দখল করিতে পারেন, এবং যেহেতুক ঐ ভূমি দখল করণসম্পর্কে যে সকল সরকারী ও পোলীসের কার্য্য করিতে হয় তাহা করাওনের কিম্বা ঐ ভূমির উপর কি তৎসম্পর্কে যে সরকারী খরচ ও কর দেয় হয় তাহা দেওয়াইবার বিষয়ে এদেশীয় লোকেরা যে আদালতের অধীন আছে শ্রীশ্রীমতী মহারাণীর যে সকল প্রজা ভূমিসম্পত্তি অথবা ভূমিসংক্রান্ত কোন লাভ প্রাপ্ত হন কি দখল করেন অথবা ঐ সম্পত্তির গোমাশ্তা কি সরবরাহকার্য্য করেন তাঁহারাও সেই আদালতের অধীন কি না এই বিষয়ে সন্দেহ জন্মিয়াছে, এবং যেহেতুক ইহা যথার্থ ও উচিত আছে যে যে সকল ব্যক্তি ঐ ভূমিসম্পত্তি দখল করিতে অথবা তাহার গোমাশতাগিরী কি সরবরাহ কর্ম্ম করিতে উচিত বোধ করেন তাঁহারা ঐ ভূমিসংক্রান্ত যে সকল সরকারী ঝুঁকী ও কার্য্য আছে তাহার বিষয়ে দায়ী হন এবং তাহা করিতে ত্রুটি বা অস্বীকার করিলে এদেশীয় লোকেরা যে আদালতের অধীন আছে সেই আ-

subject to the same jurisdictions as Natives ; It is therefore declared and enacted as follows :

I. No person whatever, being the owner, holder, or farmer of any property in land, or in any emoluments issuing out of land, in any part of the said Territories, whether in perpetuity or for a term, or being a local Agent or Manager of any such property, is by reason of his place of birth, or by reason of his descent, exempt from any public charge or assessment, or from any duty connected with the Police, or with the Salt or Opium revenue, or from any duty whatsoever of a public nature, to which he would otherwise be subject as the owner or holder of such property, or as a local Agent or Manager thereof.

II. For the non-payment of any such public charge or assessment, or for the breach of any such duty as aforesaid, or for any neglect or misconduct in the discharge thereof, every person, whatever may have been his place of birth, or his descent, shall be subject to the same laws, regulations, and procedure, and to the same jurisdictions as if he were a Native of the said Territories.

J. P. GRANT,
Secy. to the Govt. of India.

দালতের অধীন হন, অতএব নীচের লিখিতমতে হুকুম ও নির্দ্দিষ্ট হইল ।

১ ধারা । উক্ত দেশের কোন ভাগে যে কেহ কোন জুমিসম্পত্তির বা জুমিসম্পর্কীয় কোন লাভের, চির কালের জন্যে বা কোন মিয়াদের নিমিত্তে, স্বামী বা দখীলকার কি ইজারদার হন অথবা ঐরূপ কোন সম্পত্তির গোমাশ্তা বা সরবরাহকার হন, তিনি ঐ সম্পত্তির স্বামী কি দখীলকার অথবা তাহার গোমাশ্তা কি সরবরাহকার স্বরূপ, যে কোন সরকারী খরচ বা করের কিম্বা পোলীসসংক্রান্ত বা নিমক কি আফীনের রাজস্ব সংক্রান্ত কোন কার্য্যের বা সরকারী কোন কার্য্যের বিষয়ে দায়ী হইতেন, সেই সরকারী খরচপ্রভৃতির দায়হইতে আপনার জন্মস্থান বা বংশপ্রযুক্ত মুক্ত হইবেন না ইতি ।

২ ধারা । যে ব্যক্তি ঐরূপ কোন সরকারী খরচ কি কর না দেন অথবা পূর্ব্বোক্ত কোন কর্ত্তব্য কার্য্য না করেন কিম্বা তাহা করণেতে ত্রুটি কি কুকর্ম্ম করেন এইমত প্রত্যেক জনের যেখানে জন্মস্থান হউক বা তিনি যে বংশ্য হউন তিনি এদেশজাত ব্যক্তি হইলে যে আইন ও নিয়ম ও কার্য্য ও আদালতের অধীন হইতেন সেই আইনপ্রভৃতির অধীন হইবেন ইতি ।

জে পি গ্রাণ্ট ।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী ।

JOHN ROBINSON, *Bengalee Translator*

No. 4.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
1ST FEBRUARY, 1853.

NOTIFICATION.

Notice is hereby given, that the Sub Treasurers of Fort William, Fort St George and Bombay, respectively, are authorized to receive applications for transfer to the 4 per Cent Transfer Loan, advertized on the 22nd January last, when duly made under the terms and conditions of that advertizement. Proprietors who may desire to transfer Stock or Promissory Notes of the 5 per Cent Transfer Loan to the 4 per Cent Transfer Loan, will be required to surrender their Stock Receipts or Notes, as the case may be, to the Sub-Treasurer concerned, and will receive from that Officer in lieu thereof a Sub-Treasurer's Certificate in the accompanying Form .

FORM A.

No.————————

Fort William, or as the case may be.

I hereby certify that ———————————— has this day by transfer of Stock Receipt, No.——— (or Promissory Note, or as the case may be,)——— ———————————of the 5 per Cent Transfer Loan, paid into the East India Company's Treasury the sum of Sicca Rupees — ——— ——— in exchange for which — ——— ——— will receive from the Deputy Accountant General to the Government of India, a Stock Receipt in favor of ——————————— ——— bearing Interest at five per Cent per annum from ——— ——— ——————————— up to the 22nd April 1854,

৪ নম্বর ।

ফোর্ট উলিয়ম ।

ফিনান্সয়ল ডিপার্টমেণ্ট ।

১৮৫৩ সাল ১ ফেব্রুআরি ।

বিজ্ঞাপন ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ফোর্ট উলিয়ম রাজধানীর ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের সব-ত্রেজুরর সাহেবদিগকে হুকুম দেওয়া গিয়াছে যে গত জানুআরি মাসের ২২ তারিখের বিজ্ঞাপনমতে কোম্পানির কাগজ শতকরা ৪৲ টাকার সুদের ট্রান্সফর কর্জ্জেতে খারিজদাখিল করিবার বিষয়ে ঐ বিজ্ঞাপনের নিয়ম ও শর্ত্তঅনুসারে রীতিমতে যে দরখাস্ত করা যায় তাহা গ্রাহ্য করেন । যে সকল ধনাধিকারী শতকরা ৫৲ টাকার সুদের ট্রান্সফর কর্জ্জের পুঁজি কি কোম্পানির কাগজ শতকরা ৪৲ টাকার সুদের ট্রান্সফর কর্জ্জে দাখিল করিতে চাহেন তাঁহারদের ঐ পুঁজির রসীদ কিম্বা বিষয়বিশেষে কোম্পানির কাগজ সব-ত্রেজুরর সাহেবের নিকটে সমর্পণ করিতে হইবেক এবং তাহারা ঐ সাহেবের স্থানে নীচের লিখিত পাঠানুসারে সব-ত্রেজুরর সাহেবের সর্টিফিকট পাইবেন ।

A চিহ্নিত পাঠ ।

নং————————

ফোর্ট উলিয়ম (অথবা রাজধানী বিশেষ) ।

আমি ইহার দ্বারা জানাইতেছি যে শ্রীঅমুক শতকরা ৫৲ টাকার সুদের ট্রান্সফর কর্জ্জের অমুক নম্বরী পুঁজির রসীদ (অথবা বিষয়বিশেষে প্রমিসরি নোট) খারিজদাখিল করণের দ্বারা অদ্য সিক্কা ——————————টাকা কোম্পানি বাহাদুরের ত্রেজুরীতে দাখিল করিয়াছেন । তাহার পরিবর্ত্তে শ্রীঅমুক ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের স্থানে শ্রীঅমুকের নামে অমুক তারিখঅবধি ১৮৫৪ সালের ২২ আপ্রিল তারিখপর্য্যন্ত শতকরা ৫৲ টাকার বার্ষিক সুদের পুঁজির রসীদ পাইবেন । ঐ সুদ গবর্ণমেণ্টের ১৮৩৫ সালের ১ জুলাই তারিখের প্রকাশিত বিজ্ঞাপনের নিয়মানুসারে ছয়২ মাসে দেয় হইবেক । এবং ১৮৫৪ সালের ২২ আপ্রিল তারিখ

payable half-yearly according to the conditions of the advertizement issued by Government on the 1st July 1835, and from and after the 22nd April 1854, a fresh Stock Receipt, bearing Interest at four per Cent per annum, payable half-yearly according to the terms of the advertizement issued by Government, on the 22nd January 1853.

Sub-Treasurer.

Sicca Rupees ————

On delivery of the above Sub-Treasurer's Certificate to the Deputy Accountant General to the Government of India, the proprietor thereof will receive a Stock Receipt according to the accompanying Form :

FORM B.

FORT WILLIAM STOCK RECEIPT.

Registered as No. ————

of ————

Accountant General's Office.

The Governor General of India in Council does hereby acknowledge to have received from ———— the sum of Sicca Rupees ———— ———— as a Loan to the East India Company by transfer from the 5 per Cent Transfer Loan of ———— to the 4 per Cent Transfer Loan of the 22nd April 1854, and promises to pay Interest on the said sum of ———— at the rate of five per Cent per annum half-yearly from ———— up to the 22nd April 1854, and on or after the latter date, to issue in lieu hereof a fresh Stock Receipt, bearing Interest at four per Cent per annum, payable half-yearly.

"Not transferable by endorsement."

Signed by Order of the Governor General of India in Council,

Examined

Secy. to the Govt. of India.

Accountant General.

Officers in charge of Revenue Treasuries in the Provinces, are authorized to transmit Promissory Notes and Stock Receipts of the 5 per Cent Transfer Loan, which may be tendered within the prescribed period for transfer to the 4 per Cent Transfer Loan free of charge to the Sub-Treasurer.

And it will be observed, that there is nothing in the new form of Stock Receipt to diminish the facilities of Transfer to the London Books, or from the Books of one Presidency to those of another, now attaching to 5 per Cent Stock Receipts.

By Order of the Most Noble the Governor General of India in Council,

J. A. DORIN,
Secy. to the Govt. of India.

অবধি ও তাহার পরে বার্ষিক শতকরা ৪৲ টাকার সুদের নূতন পুঁজির রসীদ পাইবেন। ঐ সুদ গবর্ণমেণ্টের ১৮৫৩ সালের ২২ জানুআরি তারিখের প্রকাশিত বিজ্ঞাপনের নিয়মানুসারে ছয়২ মাসে দেয় হইবেক।

শ্রী অমুক।

সব-ট্রেজুরর।

সিক্কা———টাকা।

সব-ট্রেজুরর সাহেবের উক্ত সর্টিফিকট ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আকোণ্টেণ্ট সাহেবকে অর্পণ করা গেলে ঐ ধনাধিকারিকে নীচের লিখিত পাঠানুসারে পুঁজির এক রসীদ দেওয়া যাইবেক।

B চিহ্নিত পাঠ।

ফোর্ট উলিয়ম পুঁজির রসীদ।

অমুক সালের অমুক নম্বরে রেজিষ্টরীকরা।

আকোণ্টেণ্ট জেনরল সাহেবের দফ্তরখানা।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর [illegible]র কৌন্সেলে ইহার দ্বারা স্বীকার করিতেছেন যে অমুক তারিখের শতকরা ৫৲ টাকা সুদের ট্রান্সফর কর্জহইতে ১৮৫৪ সালের ২২ আপ্রিল তারিখের শতকরা ৪৲ টাকার ট্রান্সফর কর্জেতে খারিজদাখিল করণের দ্বারা তিনি কোম্পানি বাহাদুরের কর্জস্বরূপ সিক্কা এত টাকা শ্রীঅমুকের স্থানে পাইয়াছেন এবং প্রতিজ্ঞা করিতেছেন যে অমুক তারিখঅবধি ১৮৫৪ সালের ২২ আপ্রিল তারিখপর্য্যন্ত উক্ত এত টাকার সুদ বার্ষিক শতকরা ৫৲ টাকার হিসাবে ছয়২ মাসে দিবেন এবং তিনি ঐ তারিখে কি তাহার পরে ঐ পুঁজির রসীদের পরিবর্ত্তে বার্ষিক শতকরা ৪৲ টাকা সুদের নূতন রসীদ দিবেন ঐ সুদ ছয়২ মাসে দেয় হইবেক।

[illegible]

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে দস্তখৎ হয়।

শ্রী অমুক।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

মোকাবিলা হইল।

শ্রী অমুক।

আকোণ্টেণ্ট জেনরল।

প্রদেশের মধ্যে রাজস্বের খাজানাখানার ভারপ্রাপ্ত কর্ম্মকারকদিগকে হুকুম হইতেছে যে শতকরা ৫৲ টাকার ট্রান্সফর কর্জের যে সকল প্রমিসরি নোট ও পুঁজির রসীদ শতকরা ৪৲ টাকার ট্রান্সফর কর্জে খারিজদাখিল হইবার নিমত্তে নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে তাঁহারদের নিকটে অর্পণ করা যায় তাঁহারা ঐ প্রমিসরি নোটপ্রভৃতি বিনা খরচে সব-ট্রেজুরর সাহেবের নিকটে পাঠান্।

আরো দৃষ্ট হইবেক যে বর্ত্তমান শতকরা ৫৲ পাঁচ টাকার পুঁজির রসীদের লণ্ডন নগরস্থ খাতায়, কিম্বা এক রাজধানীর খাতাহইতে অন্য রাজধানীর খাতায়, খারিজ দাখিল করণ যেমন সুগম আছে তাহার কিছু ন্যূনতা পুঁজির রসীদের নূতন পাঠের কোন কথার দ্বারা হইল না।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের হুকুমক্রমে।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

PUBLIC DEPARTMENT,

No. 42 of 1852.

Our Governor General of India in Council.

Para. 1. With reference to our Despatch in this Department No. 20, dated the 5th May last, we have to acquaint you that the Council of the Society of Arts have come to the resolution of embodying their proposed exhibition of the Products and Manufactures of India with a great International Exhibition to be held in Dublin next year.

2. We desire that you will give equal publicity to this alteration in the Society's intentions as you did to their original design in order that parties who may wish to exhibit may be perfectly aware of the destination of their contributions.

(Signed) J. W. HOGG,
" RUSSELL ELLICE,
and other Directors.

London, 17th November, 1852.

(True Copy.)

(Signed) A. R. YOUNG,
Under Secy. to the Govt. of India.

(True Copy)

J. W. DALRYMPLE,
Under Secy. to the Govt. of Bengal.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 8th February, 1853.

Baboos Lukheenarain Roy and Moheschunder Roy, Moonsiffs of Dhumnagore and Kendraparah, in Zillah Cuttack, from the 9th October, to the 15th of November last, on account of the late Dusseerah, Mohurrum and Kartick Pooja Vacations.

The leave of absence for one month, granted on the 4th instant, to Moulvee Nussruddin Hyder, Moonsiff of Kheytoopara, Zillah Rajshahye, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

২০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২২ জানুআরি।

শ্রীযুত ই জাক্সন সাহেব (Mr. E. Jackson,) ডাকাইতী নিবারণার্থ কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত জাক্সন সাহেব (Mr. Jackson,) হাবড়া ও বারাসৎ ও হুগলী ও মেদিনীপুর ও যশোহর এবং চব্বিশপরগনা জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ হোপ সাহেব (Mr. A. Hope,) বারাসতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ ফেব্রুআরি।]

পবলিক ডিপার্টমেণ্ট।

১৮৫২ সাল ৪২ নম্বর।

হজুর কৌন্সেলে আমারদের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বরাবরেষু।

১ দফা। এই ডিপার্টমেণ্টে গত মে মাসের ৫ তারিখের আমারদের ২০, নম্বরী পত্রের উপলক্ষে তোমাকে জানাইতেছি যে শিল্পবিষয়ক সমাজের কমিটির সাহেবেরা নির্দ্ধারণ করিয়াছেন যে তাঁহারা ভারতবর্ষের উৎপন্ন ও নির্ম্মিত দ্রব্যের যে মহাপ্রদর্শন করিবার মানস করিয়াছিলেন তাহা ডবলিন নগরে আগামি বৎসরে সর্ব্ব দেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তাহার সঙ্গে সংযোগ করিবেন।

২ দফা। অতএব আমরা আদেশ করিতেছি যে উক্ত সমাজের অন্তঃপাতি সাহেবেরদের প্রথম অভিপ্রায় যেরূপে প্রকাশ করিয়াছিলা সেইরূপে ঐ অভিপ্রায়ের পরিবর্ত্তনও প্রকাশ কর। তাহাতে যেং ব্যক্তিরা আপনারদের দ্রব্য প্রদর্শন করাইতে চাহেন তাঁহারদের ঐ দ্রব্য কোন্ স্থানে প্রেরণ করা যাইবেক তাহা নিশ্চয় জানিতে পারিবেন।

জে ডবলিউ হগ।
রসেল এলিস।
এবং অন্যান্য ডৈরেক্টর।

লণ্ডন। ১৮৫২ সাল ১৭ নবেম্বর।

(যথার্থ নকল।)

এ আর ইয়ং।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

জে ডবলিউ ডালরিম্পল।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৮ ফেব্রুআরি।

জিলা কটকের ধুমনগরের মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ রায় ও কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায় গত দশহরা ও মহরম ও কার্ত্তিকপূজার ছুটীর উপলক্ষে গত অক্টোবর মাসের ৯ তারিখঅবধি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পান।

জিলা রাজশাহীর ক্ষেতুপাড়ার মুনসেফ শ্রীযুত মৌলবী নসরুদ্দীন হয়দর বর্ত্তমান মাসের ৪ তারিখে যে এক মাসের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

বি জে কলবিন। রেজিষ্টর।

শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে জামালপুর এলাকাখণ্ডের ভার গ্রহণ করিবেন। শ্রীযুত লান্স সাহেব ময়মনসিংহ জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন ঐ ক্ষমতামতে তিনি জামালপুর এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

১৮৫৩ সাল ২৫ জানুআরি।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) কলিকাতার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২০ জানুআরি।

চাটিগাঁয়ের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত রায় গত নবেম্বর মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ স্বীয় কর্ম্মোপলক্ষে চারিদিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৪ জানুআরি।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T Buckland,) গত মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৬ জানুআরি।

বাকরগঞ্জের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) আপনার কর্ম্মের ভার ঐ জিলার একটিং সিবিল ও সেশন জজ শ্রীযুত সি ষ্টিয়র সাহেবের (Mr. C. Steer,) প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকা এলাকার রাজস্বের একটিং কমিস্যনর শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes,) আপনার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৯ জানুআরি।

পূরণিয়ার কালেক্টর শ্রীযুত সি ডি রসেল সাহেব ও শ্রীযুত পাদরি জে ওয়াই বিচর সাহেব ও শ্রীযুত পাদরি ডবলিউ টি হম্ফ্রি সাহেব (Mr. C. D. Russell, Rev. J. Y. Becher, and Rev. W. T. Humphrey.) "হটস্পর" নামক জাহাজে কলিকাতা রাজধানীহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

কটকের কমিস্যনর শ্রীযুত এফ গুলসবরি সাহেব (Mr. F. Gouldsbury,) গত নবেম্বর মাসের ২২ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৩০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৫ জানুআরি।

শ্রীযুত কাপ্তান ই এ রৌলাট সাহেব ও শ্রীযুত সি কে হডসন সাহেব ও শ্রীযুত জেম্স হারিয়ট সাহেব (Captain E. A. Rowlatt, Mr. C. K. Hudson, and Mr. James Harriott,) ১৮৫০ সালের ২৬ আইনানুসারে গোহাটি নগর শোভা করণার্থ কমিস্যনর হইবেন।

১৮৫৩ সাল ২০ জানুআরি।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কে এচ ষ্টিবেন সাহেব (Mr. K. H. Stephen,) ঐ স্থানে সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ২২ জানুআরি।

শ্রীযুত টি ব্লমফিল্ড লেন সাহেব (Mr. T. Blomefield Lane,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৩ সাল ২৮ জানুআরি।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) কিঞ্চিৎ কালের নিমিত্তে বাকরগঞ্জের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ২৯ জানুআরি।

এতদ্দেশীয় পদাতিক ২৮ পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত সি এফ মাকেঞ্জি সাহেব (Lieutenant C. F. Mackenzie,) আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৫ জানুআরি।

মুরশিদাবাদের জজ শ্রীযুত ডি আই মনি সাহেব (Mr. D. I. Money,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২ ফেব্রুআরি।

আক্যাবে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেব (Lieutenant G. Faithful.) গত মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত কাপ্তান এস আর টিকল সাহেবের (Captain S. R. Tickell,) স্থানে গ্রহণ করেন।

তেজপুরে সব-আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ ব্রুস সাহেব (Mr. C. A. Bruce,) গত মাসের ১৮ তারিখে খাজানাখানার ও কালেক্টর সাহেবের কাছারীর চলিত কর্ম্মের ভার গ্রহণ করেন।

আরাকানের কমিস্যনর শ্রীযুত কাপ্তান হেনরি হপকিন্সন সাহেব (Captain Henry Hopkinson,) গত মাসের ২১ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

মেদিনীপুরের একটিং কালেক্টর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn) গত মাসের ২৯ তারিখে খাজানাখানার ভার পুনর্গ্রহণ করেন।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) গত ডিসেম্বর মাসের ৩১ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ৯ তারিখঅবধি রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৬০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২২ জানুআরি।

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষ হুগলীর সদর আমীন ও মুনসেফ হইবেন।

শ্রীযুত পণ্ডিত শ্রীরাম তর্কলঙ্কার শ্রীরামপুরের সদর আমীন ও মুনসেফ হইবেন।

১৮৫৩ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত জে বি বারি সাহেব (Mr. J. B. Barry,) আসামে গোয়ালপাড়ার চিকিৎসকতা কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

শ্রীযুত আর ইয়ং সাহেব (Mr. R. Young,) আসামে তেজপুরের চিকিৎসকতা কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৩১ জানুআরি।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) গত নবেম্বর মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের জজ শ্রীযুত জে গ্রাণ্ট সাহেব (Mr. J. Grant,) গত ডিসেম্বর মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২ ফেব্রুআরি।

বেহারের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) গত ডিসেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকট-

ক্রমে অষ্ট্রালিয়া দেশে কিম্বা কেপে গমনার্থে তেইশ মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২২ জানুআরি।

হুগলী জিলায় নওসরাইয়ের মুনসেফী পদ হুগলীর সদর আমীন ও মুনসেফের পদে সংযুক্ত হইয়াছে।

১৮৫৩ সাল ২ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি আর ইটিসন সাহেব (Reverend R. Eteson,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমন করিবার অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৫ ফেব্রুআরি।

শ্রীযুত কাপ্তান এচ বর্ডমোর সাহেব (Captain H. Berdmore,) গত মাসের ১১ তারিখে মরগুইতে থনাসরিম প্রদেশের কমিস্যনর সাহেবের আসিষ্টাণ্টের সিরিশ্তা ও খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট ডি এ চেস সাহেবের (Lieutenant D. A. Chase,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত কাপ্তান এচ হপকিন্সন সাহেব (Captain H. Hopkinson,) গত মাসের ১৫ তারিখে আমহর্ষ্টে থনাসরিম প্রদেশের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্টের সিরিশ্তা ও খাজানাখানার ভার শ্রীযুত লেপ্টেনেণ্ট জে পি ব্রিগস সাহেবের (Lieutenant J. P. Briggs.) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) সরকারী কর্ম্মোপলক্ষে মফঃসলে গমনার্থে গত মাসের ২৭ তারিখে ঢাকার কালেক্টরের খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজসুন্দর মিত্রের প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৩ ফেব্রুআরি।

শ্রীযুত ডাক্তর নর্ম্মান চিবর্স সাহেব (Dr. Norman Chevers,) হাবড়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগনিউ সাহেব (Lieutenant W. Agnew,) আসামের কমিস্যনর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এফ এফ বিনসেণ্ট সাহেব (Lieutenant G. F. F. Vincent,) দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান এ এ মাকডনেল সাহেব (Captain A. A. Macdonell,) নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৩ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তরাংশের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris,) রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের প্রথম অর্থাৎ উত্তরাংশের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। শ্রীযুত মরিস সাহেব পুরণিয়া ও ভাগলপুর ও দিনাজপুর ও রঙ্গপুর ও মালদহ ও মুঙ্গের ও বীরভূম ও মুরশিদাবাদ ও যশোহর ও ফরিদপুর এবং ময়মনসিংহ জিলাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনঅনুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

এদেশীয় ৬৪ পদাতিক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডি এ চেস সাহেব (Lieutenant D. A. Chase,) মরগুইতে থনাসরিম ও মার্ত্তাবান প্রদেশের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডি জি নিকলসন সাহেব (Mr. D. G. Nicolson,) থনাসরিম ও মার্ত্তাবান প্রদেশের কমিস্যনর সাহেবের অতিরিক্ত আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৯ জানুআরি।

বুদবুদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী গোলাম আশরফ স্বীয় কর্ম্মোপলক্ষে সাত দিনের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী মহম্মদ সফী উদ্দীন স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী আহমদ উদ্দীন ফতওয়াদায়কের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত মৌলবী সায়দ গোলাম ঘোস স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৪ ফেব্রুআরি।

শাহাবাদের জজ শ্রীযুত ডবলিউ টেলর সাহেব (Mr. W. Tayler,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৭ ফেব্রুআরি।

রাজশাহীতে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মথুরানাথ বাঁড়ুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৮ ফেব্রুআরি।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) গত মাসের ২৭ তারিখে নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্মের ভার শ্রীযুত এফ বি সিমসন সাহেবের (Mr. F. B. Simson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জি এফ এফ বিনসেণ্ট সাহেব (Lieut G. F. F. Vincent,) গত মাসের ২৭ তারিখে আসামে জিলা দরঙ্গের খাজানাখানার ও কালেক্টরীর ভার গ্রহণ করেন।

পূর্ব্ব বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) গত মাসের ৩১ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) গত মাসের ১২ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ১ তারিখে বাঁকুড়ার ডেপুটী কালেক্টরীর খাজানাখানার ভার শ্রীযুত এ আর তামসন সাহেবের (Mr. A. R. Thompson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley,) জিলার মফঃসলে গমনার্থে বর্ত্তমান মাসের ১ তারিখে চব্বিশপরগনার খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দত্তের প্রতি অর্পণ করেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ ফেব্রুআরি।]

রাজশাহীর কালেক্টর শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত এচ সি রেক্স সাহেবের (Mr. H. C. Raikes,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) বর্ত্তমান মাসের ৩ তারিখে কলিকাতার কালেক্টরীর ভার শ্রীযুত জি জি মাকিন্টশ সাহেবের (Mr. G. G. Mackintosh.) স্থানে গ্রহণ করেন।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) গত মাসের ১৮ তারিখে ত্রিহুতের কালেক্টরীর ভার পুনর্গ্রহণ করেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) গত মাসের ২৪ তারিখে বাকরগঞ্জের খাজানাখানা ও কালেক্টরীর ভার শ্রীযুত সি জেনকিন্স সাহেবের (Mr. C. Jenkins,) প্রতি অর্পণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

The Titalyah Fair will commence this season on the 20th February, 1853, and continue for a Fortnight.

A. Campbell, *Superintendent.*

Superintendent's Office,
Darjeeling, the 5th December, 1852.

ইশ্‌তিহার।

বর্ত্তমান কালে তেঁতুলিয়ার মেলা ১৮৫৩ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইয়া দুই সপ্তাহ থাকিবেক।

এ কাম্বেল। সুপরিণ্টেণ্ডেণ্ট।

সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দফ্তরখানা।
দারজিলিঙ্গ। ১৮৫২ সাল ৫ ডিসেম্বর।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা কটক।

এত্তালানামা কাছারি কালেক্টরি জেলা কটক মধ্য প্রদেশ সমস্ত লোকদিগের বিজ্ঞাতের জন্য সংবাদ দেওয়া-যাইতেছে।

সন ১৮৪৫ সাল ১ আইনের ৬ ধারানুসারে নীচের লিখিত মহালের কিস্ত মাহ জুন সন ১৮৫২ সাল মোতাবক সন ১২৫৯ সাল যোলপণি সরকারের পাওনা বাকী মালগুজারি আদায়ের কারণ সন ১৮৫৩ সাল মার্চ মাহার ৭ তারিখ মোতাবক সন ১২৬০ সাল ২৬ ফাল্গুণ সোমবার দিবসে উক্ত কাছারিতে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ৭ ফেব্রুআরি সন ১৮৫৩ সাল মোতাবক ২৮ মাহ মাঘ সন ১২৬০ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজির লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৫২ সাল জুন মাহার লাং কিস্ত বাকী টাকা	কএফিয়ৎ
৪	মিয়াদি বন্দোবস্ত ...	৬২৫ নং বাং ২৯	কিঃ আএমা মৌং তগুরাউগয়রহ পং ওলাস	ভাস্কর মিশ্র	৩৭ ৷৵১১	৩৩৬ ৷/১০	মধুপুর কেল্লার গজন মৌজার মুস্তাজর নিলাই বলিয়ার সিংহ ও মালজামিনদার ভাস্কর মিশ্রের উপরে মবলগ ৩৩৬ ৷/১০ বাকী আছে উক্ত বাকীর আদায়ের কারণ চতুর্থ ঘরের লিখিত দরোবস্ত মৌজার মধ্যে ভাস্কর মিশ্র জামিনদার মজুরের যে হক তাহা নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন ১৮২২ সাল মোতাবক সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে।

Roy Radhapersad Roy, *Uncovenanted Deputy Collector in charge.*

[*Government Gazette*, 15*th February*, 1853.]

OPIUM. আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ২১ ফিব্রুআরি সোমবার পূর্ব্বাহ্ণে দিব এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	..	...	২২০৫
বানারসের পয়দায়শী আফিম	..	...	১০৮৫
জুমলা সিন্দুক			৩২৯০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ২৬ ফিব্রুআরি এবং ১০ মার্চ এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদদারান যে সকল প্রমিসরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয় থাকেন তাহার খালাস করণার্থে সরকারের সাহেবের দস্তখতী ত্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী সনন্দ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ২৬ ফিব্রুআরি শনিবারের বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী মতে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ১০ মার্চ বৃহস্পতিবারের বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের	২১ মার্চ	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	১৫ এপ্রেল	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ জুলাই	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ সেপ্টেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১ নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ ডিসেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
				২২০৫৩	১০৮২৯	৩২৮৮২

বিশেষাজ্ঞার হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ১ ফিব্রুআরি।

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA. TUESDAY, FEBRUARY 22, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২২ ফেব্রুআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 2.

To the Session Judges in the Lower Provinces and Commissioners and Deputy Commissioners, &c. in the Extra Regulation Provinces.

I am directed by the Court to forward to you the accompanying forms of Statements Nos. 11 and 13, and to request that in submitting your Annual Criminal Statements for the year 1853, you will give the information required therein and forward them at the same time with the other prescribed Annual Statements of that period.

2. Such parts of the Forms as apply to Magistrates will be prepared in the Courts of those Officers and submitted at the end of the year to you, and you will embody them into one Statement with the particulars of your own Court. Columns 1 and 2 of No. 11 will be filled up by the Magistrates, and Column 3 by the Session Judges, while Columns 4, 5, and 6 will be prepared by the Sudder Court. Also as regards No. 13, the Magistrates and Session Judges will enter such offences as they can respectively pass sentence for, and the Statement when received will be filled up by the Court for those cases which they disposed of. Thus one form will contain all the information which it is intended to supply.

(Signed) B. J. COLVIN,

Register.

Fort William, the 26th January, 1853.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর ও ডেপুটী কমিস্যনর সাহেবপ্রভৃতি বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে ১১ ও ১৩ নম্বরী কৈফিয়তের নীচের লিখিত পাঠ তোমার নিকটে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে ১৮৫৩ সালের তোমার বার্ষিক ফৌজদারী কৈফিয়ৎ যখন তুমি পাঠাও তখন ঐ দুই কৈফিয়তের নির্দিষ্ট বিবরণও লেখ এবং ঐ বৎসরের অন্যান্য যে বার্ষিক কৈফিয়ৎ নির্দিষ্ট আছে তাহা যে সময়ে পাঠাইবা সেই সময়ে তাহার সঙ্গে ঐ দুই কৈফিয়ৎও পাঠাও।

২। ঐ পাঠের সেই অংশ মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি খাটে তাহা ঐ সাহেবেরা আপনারদের কাছারীতে প্রস্তুত করিয়া বৎসরের শেষে তোমার নিকটে পাঠাইবেন এবং তুমি ঐ সকল কথা আপন আদালতের বৃত্তান্তের সঙ্গে একি কৈফিয়তের মধ্যে লিখিবা। ১১ নম্বরী পাঠের ১ ও ২ ঘরের কথা মাজিষ্ট্রেট সাহেবেরা লিখিবেন, ৩ ঘরের কথা সেশন জজ সাহেবেরা লিখিবেন, এবং ৪, ৫ ও ৬ ঘরের কথা সদর আদালতের দ্বারা লেখা যাইবেক। ১৩ নম্বরী কৈফিয়তের বিষয়েও, মাজিষ্ট্রেট ও সেশন জজ সাহেবেরা যিনি যে অপরাধের দণ্ডাজ্ঞা দিতে পারেন তিনি সেই অপরাধ লিখিবেন পরে সেই কৈফিয়ৎ সদর আদালতে পঁহুছিলে সদর আদালতের সাহেবেরা যে মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন তাহা তাহাতে লিখিয়া কৈফিয়ৎ পূর্ণ করিবেন। এই প্রকারে সেই পাঠের দ্বারা যে বিবরণ প্রকাশ করিবার অভিপ্রায় আছে তাহা সমুদয় একি পাঠে পাওয়া যাইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৬ জানুআরি।

No. 11. Average duration of cases referred to the Nizamut or Fouzdarry Adawluts.

Years.	From apprehension to commitment.	From commitment to reference.	From transference to receipt.	From receipt of reference to sentence.	Total from apprehension.
	Days.	Days.	Days.	Days.	Days.
1853					
18					
18					
18					
18					

১১ নম্বর। নিজামৎ কি ফৌজদারী আদালতে যে সকল মোকদ্দমা পাঠান যায় তাহা উপস্থিত থাকনের গড় কাল।

বৎসর	গ্রেপ্তার হওনঅবধি সোপর্দ্দ হওনপর্য্যন্ত	সোপর্দ্দ হওনঅবধি পাঠাইয়া দেওনের কালপর্য্যন্ত	খারিজদাখিলের কালঅবধি পঁহুছনপর্য্যন্ত	প্রেরিত মোকদ্দমার পঁহুছনঅবধি হুকুম দেওনের কালপর্য্যন্ত	গ্রেপ্তার হওনঅবধি সর্ব্বসুদ্ধ যত দিন
	দিবস	দিবস	দিবস	দিবস	দিবস
১৮৫৩					
১৮					
১৮					
১৮					
১৮					

No. 13. Table Showing the Number of Persons Apprehended and Brought to Trial in 18— and the Result of the Proceedings.

	Offences.	Total number of offenders.	Convicted.																								Confined as insane.	Acquitted.
			Flogged, fined, or discharged on security.	Imprisonment not exceeding 6 months.	Above 6 months, and not exceeding 1 year.	Above 1 year, and not exceeding 2 years.	Above 2 years, and not exceeding 3 years.	Above 3 years, and not exceeding 4 years.	Above 4 years, and not exceeding 5 years.	Above 5 years, and not exceeding 6 years.	Above 6 years, and not exceeding 7 years.	Above 7 years, and not exceeding 8 years.	Above 8 years, and not exceeding 9 years.	Above 9 years, and not exceeding 10 years.	Above 10 years, and not exceeding 11 years.	Above 11 years, and not exceeding 12 years.	Above 12 years, and not exceeding 13 years.	Above 13 years, and not exceeding 14 years.	Above 14 years, and not exceeding 15 years.	Above 15 years, and not exceeding 16 years.	Above 16 years, and not exceeding 21 years.	For life.	Transportation.	Death.	Total.		
No. 1. Offences against the person.	Murder, ...																											
	Wounding with intent to kill, ...																											
	Suspicion of murder, ...																											
	Attempt to commit murder, ...																											
	Homicide, ...																											
	Affray with homicide, ...																											
	Assault with wounding, ...																											
	Attempt to assault and wound, ...																											
	Suttee, ...																											
	Suttee, aiding and abetting, ...																											
	Rape, ...																											
	Attempt at rape, ...																											
	Child stealing, ...																											
যেহেতুক ১৮৫০ সালের ২৬ আইনেতে বিধান হইয়াছিল যে উক্ত আইন কোন নগর কি শহরতলীতে চলন করিবার দরখাস্ত গবর্ণমেণ্টের নিকটে হইলে তাহার বিজ্ঞাপনপত্র ঐ রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক এবং ঐ নগর কি শহরতলীর মধ্যে যে যথা করা যাইবেক এবং ঐ বিজ্ঞাপনপত্রে দরখাস্তের অভিপ্রায় প্রকাশ হইবেক এবং উক্ত নগর কি শহরতলী নিবাসি লোকেরদিগকে ঐ সকল অভিপ্রায় কিম্বা কোন অভিপ্রায়ের নিমিত্তে উক্ত আইন চলনের বিষয়ে আপনারদের সপক্ষতা কি বিপক্ষতা প্রকাশ করিবার উপযুক্ত অবকাশ দেওয়া যাইবেক। এবং যেহেতুক জিলা নদীয়ার শান্তিপুর নগরনিবাসি অনেক লোক গবর্ণমেণ্টের নিকটে দরখাস্ত করিয়া প্রার্থনা করিয়াছেন যে উক্ত নগরের মধ্যে উক্ত ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে নগর সুশোভিত করণের যে অভিপ্রায় প্রকাশ হইয়াছে তাহার নিমিত্তে এবং উত্তর কালে স্বাস্থ্যের জন্যে অন্যান্য যে কার্য্য নগরে করিবার আবশ্যক বোধ হয় তাহার জন্যে ঐ আইন চলন হয় অতএব পূর্ব্বোক্ত দরখাস্তের সম্বাদ ইহার দ্বারা দেওয়া যাইতেছে এবং উক্ত শান্তিপুরনিবাসি সকল লোককে জ্ঞাপন করা যাইতেছে যে উক্ত আইনের নির্দ্দিষ্ট সকল কিম্বা কোন অভিপ্রায়ের নিমিত্তে উক্ত শান্তিপুর নগরে উক্ত ১৮৫০ সালের ২৬ আইনের চলন বিষয়ে যে কোন লোক আপনারদের সপক্ষতা কিম্বা বিপক্ষতা প্রকাশ করিতে ইচ্ছা করেন তাঁহারা আগামি মাসের ১০ তারিখঅবধি আগামি আপ্রিল মাসের ১০ তারিখপর্য্যন্ত কোন দিনে কাছারী খোলা থাকনের সময়ে আপনারদের মত শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে জ্ঞাপন করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

ডবলিউ গর্ডন ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.
LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজীর ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা শ্রীহট্ট সংক্রান্ত নীচের লিখিত মহাল সন ১৮৫২ ইংরেজীর কিস্ত আগষ্টপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারী নিমিত্তে সন ১৮৫৩ ইংরেজীর ১৪ মার্চ মোং সন ১২৫৯ বাঙ্গলা মাহে ২ চৈত্র রোজ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজী মাহে ১৫ ফেব্রুআরি মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলা মাহে।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	জিলার তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫২ ইং আগষ্ট মাসের কিস্তপর্য্যন্তের পাওন বাকী	মন্তব্য কথা
১	এস্তেমিরারি জমা ধার্য্য হওয়া মহাল	২৫	পং মোক্তারপুর ৪২২৭ নং ১ নং নানকার কানুনগো তাং জীবনকৃষ্ণ দস্তিদার নং আশারাম	করিম উল্লা	৭০ ।৷	১৩ ৵১০	এই মহাল সন ১৮৫২ ইংরেজীর ১৩ ডিসেম্বর তারিখে নীলাম হইয়াছিল খরিদার ব্যক্তি কাল উচিত মূল্যের বাকী টাকা দাখিল না করাতে তাহার দাখিলি বাএনার টাকা সরকারে জব্দ হইয়া ছানি নীলামের বিষয় এস্তেহার জারী করা গেল।

M. SHAWE, *Collector.*

জিলা শ্রীহট্ট।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ ইংরেজীর ১ প্রথম আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জিলা শ্রীহট্ট সংক্রান্ত নীচের লিখিত মহালাত সন ১৮৫২ ইংরেজীর কিস্তী ডিসেম্বরপর্য্যন্তের পাওনা বাকী মালগুজারী নিমিত্তক সন ১৮৫৩ ইংরেজীর মাহে ১৪ মার্চ মোং সন ১২৫৯ বাঙ্গলা ২ চৈত্র রোজ সোমবার কালেক্টর সাহেবের কাছারীতে বিনা উজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজী তাং ১৫ ফেব্রুআরি।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫২ ইংরেজীর ডিসেম্বর মাস পর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	ইস্তিমিরারি জমা ধার্য্য হওয়া মহাল	৪	পং গোধরাণী তাং শাহা মামুদ … …	গুরুপ্রসাদ গোপ্ত গং … … ..	১০১৸৵৩	৮॥৵৯	
		৫৪	পং ঢাকা দক্ষিণ তাং হরিনারায়ণ দত্ত রামকৃষ্ণ দত্ত	নিজ … .. .. … …	১৬৷৵৩	৮৶০	
		৯১	পং ঐ তাং রঘুরাম গোপ্ত … … …	ভুবনরাম কর গং …	১০৸৵১	৫৶৯	
		২৯৫	পং ঐ তাং রামনাথ চক্র … .. …	উমাকান্ত শর্ম্মা গং … … …	১৫৶৯	৩৲০	
		১৯	পং বেঙ্গা তাং মুকনরাম … … …	চান্দরাম গএরহ … … … …	৮৫৶৪	৯৸৲১১	
		৩১২	পং ঐ তাং বিনোদরাম … … .	হাফিজ মাং গং … … … …	৩৫৷৵৭	৯৸৶৪	
		৩১৫	পং ঐ তাং বিশ্বেশ্বর … … .	গোকুল সিংহ … … … …	৩৫৸৫	১৭৸৵০	
		৮৪০	পং চাপঘাট তাং হৃদয়নাথ … …	নাত্র চরণ গং .. … .. …	১১॥৶৯	॥৶১০	

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫২ ইংরেজীর ডিসেম্বর মাস পর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল।	১৫৮৯	পং চাপঘাট তাং উমেদরাম... ...	... গোপীবল্লভ গং	২১৷৯	১/০	
		১৫৯৮	পং ঐ তাং নন্দরাম	... জনার্দ্দন শর্ম্মা গং	১৩।৶০	৵৫	
		৫২৫	পং পঞ্চখণ্ডকানা তাং দুল্লভ দাস ..	.. মাং আলী গং	২৬৸৵১	১/৬	
		৬১৩	পং ঐ তাং জগন্নাথ দাস	.. আব্দুল আলী	১২৸১০	৬।৶০	
		৭	পং শাহাজপুর তাং জাহান খাঁ ...	... খুশীরাম	২০।৩	১০৶০	
		১১	পং বাহাদুরপুর তাং খদাবক্স ...	... গৌরকিশোর দাস	৬৮।৩	১১।৶০	
		১২	পং ঐ তাং সুলতান মামুদ	.. জামাল মাং গং	১১৸৶২	১৷১	
		১২৯	পং ঐ তাং রামলক্ষ্মণ	... রামকৃষ্ণ দাস বৈং	১০৻৫	৷/৪	
		৩০৩	পং ঐ তাং মাং মনাক	... সুনাউল্ল	১১/৬	২\	
		৩১	পং খুর্দ্দ পঞ্চখণ্ড তাং মোছনদ খাঁ ...	... আনছর খাঁ গং	১৫৷/২	৸৶৭	
		৭৮	পং আগিয়ারাম তাং হীরারাম ...	... উদয়রাম	২৬৷৶৮	১৻২০	
		৮৪	পং নজনা তাং যদুনাথ দাস ...	... নিজ গং	১৬।৶১০	৸/৩	
		৯৪	পং ঐ তাং সৈদ মাঘাব	... গৌরগোবিন্দ দেব	৩০/৩	১৪৸৶৭	
		১০৯	পং ঐ তাং গোলাম হাফিজ ...	... রাজীবরাম দেব	৩৪৸৶৯	১৭।৶০	
		৩১৫	পং ঐ তাং তিলোকপুর	... সম্পদরাম গং	১০।৶৩	৩/৫	
		৫৩০	পং ঐ তাং মাং হাফিজ	... নিজ	১১৷৪	১।০	
		৬৫৩	পং ঐ তাং হরনন্দন	... গঙ্গাপ্রসাদ গং	১০।৶৩	৩৶০	
		২	পং বরমচান তাং কাস্তগোবিন্দ হিং গোবিন্দ রাম	নিজ গং	১২০৸/৭	৩১/৩	
		৩৬	পং আওরাচান তাং গোলাব রায় ...	... মগন পাল গং	৩০৷৶৬	২৻২	
		৩৪৮	পং যোড়িয়া তাং ভবানীচরণ ..	.. রাজা আনাই গং	২৫৮৵৭	১২৪৸/৭	
		৩৫১	পং ঐ তাং বিনোদরাম .. .	.. অকুতরাম গং	১৬৷৶৩	৮৵০	
		১	পং গয়ার তাং রামরত্ন রাজকৃষ্ণ ..	.. বিনোদরাম গং	১৮০৷৶১	৩৶৮	
		১০১	পং হাং সুনাইতা তাং রাজকৃষ্ণ রায় ...	.. সুন্দররাম গং	১৬৶৫	৩৵১০	
		৯৬	পং মাহারাম তাং ভুমন হাএদর ...	... ধনসিংহ গং	১৩৻৩	৸৶৫	
		১৮১	পং নাউড় তাং গালাম হুরাজ ...	.. তুলসীরাম গং	১১৷/৫	১৶৫	
		৯৫	পং কুরশা তাং খেলারাম ...	সুনারাম দেব	১১৷৪	২।১০	

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫২ ইংরেজীর ডিসেম্বর মাস পর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমরারী জমা ধার্য্য হওয়া মহাল	২	পং দিনারপুর তাং আং বক্কাক ...	মাং বাখর গং	৬৩৶৪	‖৶০	
		১০	পং হাং সএসতি তাং ইন্দ্রনাথ রায় ...	... নিজ	১১ ।১১	।৵১	
		২	পং চৌকী তাং জএনগর আনন্দপুর	... ভুবনেশ্বরী	২৬৮ ।৶০	১০১৸১	
		১৩১	পং অবঙ্গপুর তাং মধুশালা	... সৈদ মাং জাফরের গং	১৩৸৶১১	‖৶৩	
		২	পং মোক্তারপুর তাং বাছির চৌং ...	... নিজ গং	১২১৶৯	১৪৶৮	
		৪৩	পং গহরপুর তাং আলি মামুদ ...	মাং মুজফর	১৫‖/১	২ ।৶০	
		২৬২	পং ঐ তাং দয়ারাম	... চান্দরাম গং	১২ ।৶০	১‖৪	
		১৫	পং খাং বনভাগ তাং আনন্দ রায় চৌং	... নিত্যানন্দ শর্ম্মা গং	১০৶১০	১ ।৪	
		৮৮৫	পং ঐ তাং সদরহারুন	... জএন্দি গং	১০৶১০	৸২	
		৫	পং রামবনভাগ তাং বাসুদেব রায় চৌং	... হরেকৃষ্ণ রায় গং	২৮‖/৫	।৵১	
		৫	পং আলিনগর তাং জীবন রায় ...	... আন্দনী মুতপরিনছিট	৮৮।৮	১৸৵০	
		১২০	পং ঐ তাং ভবানন্দ	... কৃষ্ণগোবিন্দ সম	১৩৬‖৬	৬৮‖৵১০	
		৯২	পং হাং মউরাপুর তাং কৃষ্ণরাম ...	... হরগোবিন্দ গং	১৩৸/১০	১ ।/৫	
		১১	পং চৌয়ালিশ তাং নীলকণ্ঠগুপ্ত ...	... নীলকণ্ঠ গং	১১/৬	৪৶৩	
		৫৪	পং বেজুড়া তাং মাং তকি	... গোলামহুসন গং	১৭৸৶৯	১‖৶১	
		৩৮৮	পং ঐ তাং নাথুমুরাদ	... খদাবক্স গং	২৮৸১০	৩৸১০	
		১	পং তরপ তাং সৈদ মাং নাজির হিং সৈদ নইম উল্লা	আছিজান বানু গং	৩৭৩/১	৩৬/৪	
		৫০১	পং ঐ তাং শাহা জেবুনন্দি	... চনাই বিবি গং	৫৭৯/১	১৬/৯	
		৩৪৯	পং ঐ তাং ধনরতন	... হরিরাম গং	১৬‖/৭	২/৮	
		৩৭৫	পং ঐ তাং জয়গোবিন্দ শর্ম্মা ...	... জগন্নাথ শর্ম্মা গং	২০২ ।৶৫	৬৸৩	
		৫৮১	পং ঐ তাং সেক কুরকান উল্লা ...	... গৌরচন্দ্র দেব গং	৫৭২‖৬	১৭৭৸/৭	
		৮৩০	পং ঐ তাং কৃপারাম শর্ম্মা	... ঈশ্বর দাস গং	১৩৶২	১‖৶১	
		৯৩৭	পং ঐ তাং গোবিন্দনাথ	... কৃষ্ণচরণ দাস গং	১৪ ।৩	।৶৬	
		১০৪৬	পং ঐ তাং সৈদ মাং অওয়াজির ...	... রাজনারায়ণ পাল	১২২‖৬	৪৸৶২	
		১০৫১	পং ঐ তাং সৈদ মাং আজির ..	.. জিউজান বিবি গং	২০৫‖৶৮	২৭।০	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১ মার্চ।]

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫১ ইং-রেজীর ডিসেম্বর মাসপর্য্যন্তের বাকী	মন্তব্য কং
১	উক্তমুবারী জম খার্য্য-হওর' মহাল	১১১৭	পং তরপ তাং হংস আলী পির র দ্দু	মৎ নিজ	১১॥৬	১৻২	
		১	পং গদ হাশন নগর তাং সৈদ অ'বুল হ সন ভিং সৈদ আকবর হ'সন	কৃষ্ণচরণ কর	১৮৭ ১	১১।১০	
		১৭	পং ঐ তাং জয়কৃষ্ণ বর্দ্মান ...	শ্রীকৃষ্ণ শর্ম্মা গং	২২৫/১	২।/৬	
		১	পং রঘুনন্দন তাং রঘুনন্দন শর্ম্মা ...	কৃষ্ণচরণ দাস গং	১৩৬/১	১৬৻২	
		১০১	পং বামৈ তাং কৃষ্ণনন্দ ...	নিজ	১০/১	৫৲	
৪	অন্য মহালের বাকি পাওন বাকী দরুণ ক্রোক-বি নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহা		কসবে শ্রীহট্ট মহলে রায়নগর নিষ্কর বাড়ি পূর্ব্বে রাস্তা পশ্চিমে মথুরা দাসের বাড়ি উত্তরে বিশ্বাসের বাড়ি দক্ষিণে রাস্তা নাম্বি পূর্ব্ব পশ্চিম ৭০ হাত চৌড়ি উত্তর দক্ষিণ ৫০ হাত ... কসবে শ্রীহট্ট মহলে রায়নগর নিষ্কর বাড়ি পূর্ব্বে রাস্তা পশ্চিমে বৈষ্ণব দাস ও আরমণী দাসের বাড়ি উত্তরে বোধুরাম ও শামরায়ের খরিদ বাড়ি দক্ষিণে রাস্তা ও গুরুচরণ শাঁকারির বাড়ি নাম্বি উত্তর দক্ষিণ ৬০ হাত চৌড়ী পূর্ব্ব পশ্চিম আন্দাজ ৪৫ হাত			১০৵১	পং ঢাক দক্ষিণ মহাল বাজেআপ্তি চিরকালীয় বন্দবস্তি ২৭২৩ নং ৮ নং মুদদমায় বৈং খএরউল্লা ১ নং পাঁচুরাম দাসের সন ১২৫৮ বাঙ্গলার খাস্ত বাকী খাজানা পরিশোধার্থে পাঁচুরাম দাস দায়িকের যে কিছু স্বত্ব নীলাম হবেক।
	ঐ		কসবে শ্রীহট্ট মহলে সৈদমঙ্গনী নিষ্কর বাড়ি পূর্ব্বে সরকারি শড়ক পশ্চিমে কুঠী হিমার বাড়ির বাস্ত উত্তরে পুড দক্ষিণে তালাবের দক্ষিণ পারের জাঙ্গল			১৩৸/৪	পং বোয়াল জোড মহাল মোদামী বন্দবস্তী ৩৭০৬ নং চেরাগী বৈং মাৎছাদক ১।২।৩ নং বেহাং উল্লা নামে পাট্টার সন ১২৫৮ বাং খাস্ত বাকী খাজানা পরিশোধার্থে বেহাং উল্লা দায়িকের যে কিছু স্বত্ব নীলাম হবেক।

M SHAWE, Collector.

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কার্শমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 8, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ৮ মার্চ।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 11TH FEBRUARY, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 11th February, 1853.

ACT No. —— OF 1853.

An Act to amend the law relating to the office and duties of Administrator General.

Whereas it is expedient to amend the law relating to the office and duties of Administrator General, It is enacted as follows :

I. In each of the Presidencies of Fort William in Bengal, Fort St. George and Bombay, there shall be an Administrator General. The said Administrators General shall be called respectively the Administrator General of Bengal, the Administrator General of Madras, and the Administrator General of Bombay.

II. Such officers shall be appointed and removable as follows :

The Administrator General of Bengal, by the Governor General of India in Council.

The Administrator General of Madras, and the Administrator General of Bombay, by the Governments of those Presidencies respectively.

III. Any person now holding the office of Administrator General at any of the said Presidencies, shall continue to hold the same, subject to the provisions of this Act.

IV. The Administrator General shall not be deemed in that capacity to be an officer of the Supreme Court.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১১ ফেব্রুআরি।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১১ ফেব্রুআরি তারিখে হজুর কৌন্সেলে প্রথম বার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধনের আইন।

যেহেতুক আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম ও ফোর্ট সেণ্ট জর্জ অর্থাৎ মান্দ্রাজ এবং বোম্বাই প্রত্যেক রাজধানীতে এক২ জন আডমিনিষ্ট্রেটর জেনরল থাকিবেন। ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা যিনি যে রাজধানীতে হন তিনি তদনুসারে বাঙ্গলা দেশের আডমিনিষ্ট্রেটর জেনরল ও মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল নামে খ্যাত হইবেন ইতি।

২ ধারা। ঐ কার্য্যকারকেরা নীচের লিখিতমতে নিযুক্ত হইবেন এবং কর্ম্মহইতে তগীর হইতে পারিবেন বিশেষতঃ।

বাঙ্গলা দেশের আডমিনিষ্ট্রেটর জেনরল হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের দ্বারা।

মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল ক্রমশঃ ঐ২ রাজধানীর গবর্ণমেণ্টের দ্বারা ইতি।

৩ ধারা। উক্ত কোন রাজধানীতে যে কোন ব্যক্তি এইক্ষণে আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে আছেন তিনি এই আইনের বিধানের অধীনে ঐ পদে থাকিবেন ইতি।

৪ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ পদোপলক্ষে সুপ্রিম কোর্টের এক জন কর্ম্মকারক জ্ঞান হইবেন না ইতি।

V. All letters of administration which have been granted by the Supreme Court of Judicature at Fort St. George to the Ecclesiastical Registrar of that Court in virtue of his office since the passing of Act No. II. 1850; and all estates, effects and interests, books, papers and documents, now vested in, or belonging to the said Ecclesiastical Registrar, or under his control, by virtue of any such letters of administration, are by this Act, transferred to and vested in him as Administrator General of that Presidency.

VI. The two offices of Ecclesiastical Registrar of the Supreme Court and Administrator General, may be held by the present Administrator General at the Presidency of Fort St. George. With that exception no person now holding the office of Administrator General, or hereafter to be appointed to such office, in any of the said Presidencies, shall, without the express sanction of the Government, hold the office of Ecclesiastical Registrar, or any other office, together with that of Administrator General.

VII. Every Administrator General hereafter to be appointed shall give security by bond to the East India Company for the due execution of his office, himself for one lakh of Rupees, and two or more sureties jointly and severally for another lakh of Rupees, or for separate sums amounting together to one lakh of Rupees, provided that at least two sureties shall be bound for each of such sums; and every Administrator General appointed, or hereafter to be appointed, shall, from time to time, when required by the Government so to do, cause a fresh surety or sureties to be substituted for any one or more of those previously bound, so far as the security shall relate to the due execution of his office for the time then to come.

VIII. No Administrator General shall be required by the Supreme Court to enter into any administration bond, or to give other security to the Court, on the grant of any letters of administration to him in virtue of his office.

IX. Any letters of administration, or letters *ad colligenda bonâ*, which shall hereafter be granted by the Supreme Court of Judicature, at any of the said Presidencies, shall be granted to the Administrator General of the Presidency, unless they shall be granted to the next of kin of the deceased; and it is hereby declared that the Administrator General of the Presidency, shall be deemed to have a right to letters of administration in preference to that of any person merely on the ground of his being a creditor or friend of the deceased.

X. The words "next of kin," shall be deemed throughout this Act to include a widower, or widow of the deceased, or a residuary legatee, or any other person, who, by law and according to the practice of the Courts, would be entitled to letters of administration in preference to a creditor of the deceased. Provided that no Ecclesiastical Registrar or other Officer of any of the said Courts, shall, by rea-

৫ ধারা। ১৮৫০ সালের ২ আইন জারী হওনের পরে মান্দ্রাজের সুপ্রিম কোর্ট যে সকল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন ঐ আদালতের ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্ট্রার সাহেবকে তাঁহার সেই পদোপলক্ষে দিয়াছেন তাহা এবং যে সকল ইষ্টেট ও সম্পত্তি ও বিষয় ও বহী ও কাগজপত্র ও দলীলদস্তাবেজ উক্ত প্রকার কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনের শক্তিক্রমে এইক্ষণে ঐ ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্ট্রার সাহেবকে অর্পিত হইয়াছে কি তাঁহার নিকটে আছে কিম্বা তাঁহার এখ্তিয়ারে আছে তাহা এই আইনের দ্বারা ঐ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলস্বরূপ তাঁহাকে দেওয়া গিয়াছে ও তাঁহার প্রতি অর্পণ করা গিয়াছে ইতি।

৬ ধারা। এইক্ষণে যিনি মান্দ্রাজ রাজধানীতে আডমিনিষ্ট্রেটর জেনরল আছেন তিনি সুপ্রিম কোর্টের ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্ট্রার এবং আডমিনিষ্ট্রেটর জেনরল এই উভয় পদ রাখিতে পারেন। তিনিভিন্ন উক্ত কোন রাজধানীতে যে কোন ব্যক্তি এক্ষণে আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে আছেন কিম্বা উত্তর কালে ঐ পদে নিযুক্ত হন তিনি গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি বিনা আডমিনিষ্ট্রেটর জেনরলের পদের সহিত ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্ট্রারের পদ কিম্বা অন্য কোন পদ ধারণ করিবেন না ইতি।

৭ ধারা। যে প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরল উত্তর কালে নিযুক্ত হইবেন তিনি আপন কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করণের জন্যে কোম্পানি বাহাদুরকে আপনি এক লক্ষ টাকার জামিনের বণ্ড দিবেন এবং দুই বা ততোধিক ব্যক্তিকে একত্রে ও স্বতন্ত্রে অন্য এক লক্ষ টাকার জামিন দিবেন অথবা ভিন্ন২ যে সংখ্যার মোটে এক লক্ষ টাকা হয় এমত নানা সংখ্যার জামিন দিবেন কিন্তু এই প্রকার প্রত্যেক ভিন্ন সংখ্যার নিমিত্তে অতিন্যূন দুই জামিন বদ্ধ হইবেন। এবং যে প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরল নিযুক্ত হন কিম্বা উত্তর কালে নিযুক্ত হইবেন তিনি সময়ে২ গবর্ণমেণ্টের স্থানে আজ্ঞা পাইলে তৎসময়ের উত্তর কালে তাঁহার কার্য্য উপযুক্তমতে নির্ব্বাহ করিবার বিষয়ে যেপর্য্যন্ত ঐ জামিনীর সম্পর্ক ছিল সেইপর্য্যন্ত পূর্ব্বে যে জামিনেরা বদ্ধ ছিলেন তাঁহারদের এক কি ততোধিক জনের পরিবর্ত্তে নূতন জামিন কি জামিনদিগকে দিবেন ইতি।

৮ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরলের পদোপলক্ষে তাঁহাকে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওনের সময়ে সুপ্রিম কোর্ট তাঁহাকে ঐ আদালতে কোন আডমিনিষ্ট্রেসন বণ্ড কিম্বা আর কোন জামিন দিতে হুকুম করিবেন না ইতি।

৯ ধারা। উক্ত কোন রাজধানীর সুপ্রিম কোর্ট উত্তর কালে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কিম্বা লেটর্স আড কালিজেণ্ডা বোনা দেন তাহা যদি মৃত ব্যক্তির অতি নিকট কুটুম্বকে না দেওয়া যায় তবে ঐ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলকে দেওয়া যাইবেক। এবং ইহার দ্বারা প্রকাশ করা যাইতেছে যে মৃত লোকের কেবল মহাজন কিম্বা বন্ধু হওনপ্রযুক্ত কোন ব্যক্তির লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাওনের যে স্বত্ব আছে তদপেক্ষা ঐ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলের স্বত্ব অগ্রগণ্য আছে এমত জ্ঞান হইবেক ইতি।

১০ ধারা। এই আইনের সমস্ত ধারাতে "অতি নিকট কুটুম্ব" এই কথায় মৃত স্ত্রীর স্বামিকে কি মৃত পুরুষের স্ত্রীকে কিম্বা উইলক্রমে সম্পত্তি বিলি হইলে পর অবশিষ্ট অংশ যে ব্যক্তি পান তাঁহাকে অথবা আইনের দ্বারা ও আদালতের চলন ব্যবহারমতে মৃত জনের মহাজন-অপেক্ষা অন্য যে কোন ব্যক্তি লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার অধিক স্বত্ব রাখেন তাঁহাকে বুঝায় এমত জ্ঞান করিতে হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে কোন ইক্লিসিয়াষ্টি-

son of his office, be deemed entitled to any letters of administration, or *ad colligenda bond*, or have any grant thereof made to him.

XI. If any person, not being a Mahomedan or Hindoo, shall have died, whether within any of the said Presidencies or not, and whether before or after the passing of this Act, and shall, if a British subject, have left personal assets exceeding the value of five hundred Rupees within any of the said Presidencies, or any of the Provinces or places subject thereto, or shall, if not a British subject, have left personal assets, exceeding five hundred Rupees, within the local limits of the jurisdiction of the Supreme Court of Judicature at any of the said Presidencies, and no person shall, within one month after his death, have applied for probate of a will, or for any letters of administration of his estate, the Administrator General of the Presidency in which such assets shall be, is hereby required, within a reasonable time after he shall have had notice of the death of such person, and of his having left such assets as aforesaid, to take such proceedings as may be necessary to obtain from the Supreme Court of Judicature at such Presidency, letters of administration to the effects of such person, either generally or with a will annexed, as the case may require. Provided that assets, which any person may be entitled to collect, receive, or dispose of, by virtue of a certificate granted under Act XX. 1841, shall not be deemed assets within the meaning of this Section.

XII. If in the course of such proceedings any executor, appointed by a will of the deceased, shall appear according to the practice of the Court, and prove the will and accept the office of executor, or any person shall appear according to such practice, and make out his claim to letters of administration as next of kin of the deceased, the Court shall grant probate of the will or letters of administration accordingly, and shall award to the Administrator General, his costs of the proceedings so taken by him, to be paid out of the estate, as part of the testamentary expenses thereof.

XIII. If no person shall appear according to the practice of the Court, and entitle himself to probate of a will, or to a grant of letters of administration, as next of kin of the deceased, the Court shall grant letters of administration to the Administrator General.

XIV.* Nothing in this Act is intended to preclude the Administrator General from applying to the Court for letters of administration in any case within the period of one month from the death of the deceased.

XV. If any letters of administration, which shall be granted to the Administrator General, under the provisions of this Act, shall be revoked or recalled, the same shall, as against the Administrator General, and all persons acting under his authority in pursuance thereof, be deemed to have been only voidable except as to any act done by any such Ad-

জেল রেজিষ্ট্রার কিম্বা উক্ত কোন আদালতের অন্য কার্য্যকারক আপন পদোপলক্ষে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কিম্বা লেটর্স আড কলিজেণ্ডা বোনা পাইবার কিম্বা তাঁহার প্রতি তাহা দেওয়া যাইবার স্বত্ত্ব রাখেন এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

১১ ধারা। মুসলমান কি হিন্দু ভিন্ন যদি কোন ব্যক্তি এই আইন জারী হওনের পূর্ব্বে কি পরে উক্ত কোন রাজধানীর মধ্যে কি বাহিরে মরেন এবং তিনি যদি ব্রিটনীয় প্রজা হন ও উক্ত কোন রাজধানীর মধ্যে কিম্বা তাহার অধীন কোন প্রদেশে কি স্থানে পাঁচ শত টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তি রাখিয়া মরেন অথবা যদি ব্রিটনীয় প্রজা না হন ও উক্ত কোন রাজধানীর সুপ্রিম কোর্টের এলাকার সীমাসরহদ্দের মধ্যে পাঁচ শত টাকার অধিক মূল্যের অস্থাবর সম্পত্তি রাখিয়া মরেন এবং তাঁহার মরণের পর এক মাসের মধ্যে কোন ব্যক্তি উইলের প্রোবেট কিম্বা তাঁহার ইষ্টেটের বিষয়ে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার জন্যে দরখাস্ত না করেন তবে ঐ সম্পত্তি যে রাজধানীর মধ্যে থাকে সেই রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের প্রতি ইহার দ্বারা হুকুম করা যাইতেছে যে উক্ত প্রকার ব্যক্তির মৃত্যুর ও তাঁহার পূর্ব্বোক্ত প্রকারে সম্পত্তি রাখিয়া মরণের সম্বাদ পাইলে পর তিনি উপযুক্ত সময়ে ঐ রাজধানীর সুপ্রিম কোর্টের স্থানে ঐ ব্যক্তির সম্পত্তির বিষয়ে সাধারণমতে কিম্বা বিষয় বুঝিয়া উইল সম্বলিত লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার জন্যে যে সকল কার্য্য আবশ্যক হয় তাহা করেন। পরন্তু জানা কর্ত্তব্য যে ১৮৪১ সালের ২০ আইনানুসারে দেওয়া সর্টিফিকটের শক্তিক্রমে কোন ব্যক্তি যে সকল সম্পত্তি সংগ্রহ করিতে কি লইতে কি হস্তান্তর করিতে পারেন তাহা এই ধারার অভিপ্রায়ের মধ্যে সম্পত্তি জ্ঞান হইবেক না ইতি।

১২ ধারা। উক্ত প্রকার কার্য্য করণ সময়ে যদি মৃত ব্যক্তির উইলক্রমে নিযুক্ত কোন এক্সেকিটর আদালতের দাঁড়ামতে উপস্থিত হইয়া উইলের প্রমাণ করিয়া এক্সেকিটরের কর্ম্ম গ্রহণ করেন অথবা যদি কোন ব্যক্তি ঐ দাঁড়ামতে উপস্থিত হইয়া মৃত ব্যক্তির অতি নিকট কুটুম্বস্বরূপ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার বিষয়ে আপনার দাওয়া সাবুদ করেন তবে আদালত তদনুসারে উইলের প্রোবেট কিম্বা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দিবেন এবং আডমিনিষ্ট্রেটর জেনরল যে কার্য্য করিয়াছিলেন তাহার খরচ তাঁহাকে দিতে হুকুম করিবেন। ঐ খরচ ঐ ইষ্টেটসম্পর্কীয় উইলঅনুসারে কার্য্য করিবার খরচের এক অংশস্বরূপ ইষ্টেটহইতে দেওয়া যাইবেক ইতি।

১৩ ধারা। যদি কোন ব্যক্তি আদালতের দাঁড়ামতে উপস্থিত না হন ও উইলের প্রোবেট লওন বিষয়ে অথবা মৃত ব্যক্তির অতিনিকট কুটুম্বস্বরূপ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাওন বিষয়ে আপনার দাওয়া সাবুদ না করেন তবে আদালত আডমিনিষ্ট্রেটর জেনরলকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দিবেন ইতি।

১৪ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব মৃত ব্যক্তির মরণের পর এক মাস মিয়াদের মধ্যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার নিমিত্তে আদালতে যে কোন গতিকেই দরখাস্ত করিতে পারেন না এই আইনের কোন কথায় এমত অভিপ্রায় নহে ইতি।

১৫ ধারা। এই আইনের বিধানানুসারে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তাহা যদি অন্যথা কি বাতিল করা যায় তবে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব কিম্বা ঐ লেটর্সঅনুসারে তাঁহার হুকুমের অধীনে যে সকল ব্যক্তি কর্ম্ম করেন তাঁহারা উইলের কিম্বা অন্য যে কোন কার্য্যের দ্বারা ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন বাতিল হইতে পারে

ministrator General, or other person as aforesaid, after notice of a will or of any other fact, which would render such letters of administration void.

XVI. If any letters of administration, which shall be granted under this Act, shall be revoked upon the production and proof of a will, all payments made, or acts done by, or under the authority of the Administrator General in pursuance of such letters of administration prior to the revocation thereof, which would have been valid under any letters of administration lawfully granted to him with such will annexed, shall be deemed valid, notwithstanding such revocation, as against all persons who shall not have previously had notice of the will.

XVII. If an executor or next of kin of the deceased, who shall not have been personally served with a citation, or had notice thereof in time to appear in pursuance thereof, shall establish to the satisfaction of the Court a claim to probate of a will or to letters of administration in preference to the Administrator General, any letters of administration which shall be granted by virtue of this Act to the Administrator General, may be recalled and revoked, and probate may be granted to such executor, or letters of administration granted to such other person as aforesaid. Provided that no letters of administration, which shall be granted to the Administrator General, shall be revoked or recalled for the cause aforesaid, except in cases in which a will or codicil of the deceased shall be proved, unless the application for that purpose shall be made within one year after the grant to the Administrator General, and the Court shall be satisfied that there has been no unreasonable delay in making the application, or in transmitting the authority under which the application shall be made.

XVIII. If any letters of administration, which shall be granted to the Administrator General in pursuance of this Act, shall be revoked, the Court may order the costs of obtaining such letters of administration, and the whole or any part of any commission which would otherwise have been payable under this Act, together with the costs of the Administrator General in any proceedings taken to obtain such revocation, to be paid to, or retained by, the Administrator General out of any assets belonging to the estate.

XIX. Any payment or delivery of assets to any legatee, or to any person entitled in distribution, which shall be made by an Administrator General after the expiration of one year from the grant of the letters of administration under which such payment or delivery shall be made, shall be allowed to the Administrator General as against all creditors and other claimants against the estate, of whose debts or claims he shall not have had notice before making such payment or delivery. Provided that nothing herein contained shall exempt the person

তাহার এত্তেলা পাওনের পরে যে কোন কর্ম্ম করেন কেবল সেই কর্ম্মের বিষয়ে ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত প্রকার অন্য ব্যক্তির বিপরীতে ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন বাতিল হইবার যোগ্য আছে এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

১৬ ধারা। এই আইনানুসারে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তাহা যদি উইল প্রকাশ করণ ও তাহার প্রমাণ করণপ্রযুক্ত বাতিল করা যায় তবে তাহা বাতিল হওনের পূর্ব্বে ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনক্রমে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্বারা কিম্বা তাঁহার হুকুমমতে যে সকল টাকা দেওয়া যায় কিম্বা কার্য্য করা যায় তাহা ঐ উইলসম্বলিত ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন তাঁহাকে আইনমতে দেওয়া গেলে যদি সিদ্ধ হইত তবে ঐরূপে বাতিল হইলেও সিদ্ধ জ্ঞান হইবেক এবং যে সকল ব্যক্তি পূর্ব্বে উইলের সম্বাদ না পাইয়াছিলেন তাঁহারদের প্রতি কোন দায় হইবেক না ইতি।

১৭ ধারা। কোন এক্সেকিটর কিম্বা মৃত ব্যক্তির অতি নিকট কুটুম্বের উপর তলবচিঠী জারী না হইলে কিম্বা তদনুসারে হাজির হইবার নিমিত্তে উপযুক্ত সময়ে তাহার এত্তেলা না পাইলে যদি তিনি উইলের প্রোবেট কিম্বা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার বিষয়ে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের অপেক্ষা আপনার দাওয়া আদালতের হৃদ্বোধমতে স্থাপন করিতে পারেন তবে এই আইনের শক্তিক্রমে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দেওয়া গিয়াছে তাহা অন্যথা ও বাতিল হইবেক এবং ঐ এক্সেকিটরকে প্রোবেট দেওয়া যাইবেক কিম্বা পূর্ব্বোক্ত প্রকার ঐ অন্য ব্যক্তিকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া গেলে পর এক বৎসরের মধ্যে যদি তাহা অন্যথা করিবার দরখাস্ত না হয় এবং ঐ দরখাস্ত করিবার বিষয়ে কিম্বা দরখাস্ত যে ক্ষমতাক্রমে করা যায় তাহার দলীল পাঠাইবার বিষয়ে কোন অনুপযুক্ত বিলম্ব হয় নাই ইহা যদি আদালতের হৃদ্বোধ না হয় তবে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দেওয়া গিয়াছে তাহা পূর্ব্বোক্ত কারণে অন্যথা কি বাতিল হইবেক না। কিন্তু যদি মৃত ব্যক্তির উইলের কিম্বা উইলের ক্রোড়পত্রের প্রমাণ করা যায় তবে অন্যথা ও বাতিল হইবেক ইতি।

১৮ ধারা। এই আইনানুসারে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন দেওয়া যায় তাহা যদি অন্যথা হয় তবে আদালত হুকুম করিতে পারেন যে ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার খরচ এবং তাহা বাতিল না হইলে এই আইনানুসারে যে কোন কমিসান দেওয়া যাইতে পারিত তাহার সমুদয় কি কোন অংশ এবং ঐ অন্যথার হুকুম পাইবার নিমিত্তে যে কোন কার্য্য করা যায় তাহাতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের যে খরচ লাগিয়াছে তাহা ঐ ইষ্টেটের সম্পর্কীয় কোন সম্পত্তিহইতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে দেওয়া যায় কিম্বা তিনি তাহা রাখেন ইতি।

১৯ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনঅনুসারে উইলের নির্দ্দিষ্ট কোন ব্যক্তিকে কিম্বা সম্পত্তি বিলি করণ সময়ে তাহার অংশ পাইবার স্বত্ত্ববান কোন ব্যক্তিকে টাকা দেন কি সম্পত্তি অর্পণ করেন সেই লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার পর এক বৎসর অতীত হইলে ঐ প্রকার যে কোন টাকা দেন কি সম্পত্তি অর্পণ করেন তাহার বিষয়ে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ প্রকারে টাকা দেওনের কি সম্পত্তি অর্পণ করণের পূর্ব্বে যে সকল মহাজনের এবং ইষ্টেটের উপর অন্য যে সকল দাওয়াদারের কর্জ্জের কি দাওয়ার সম্বাদ পান নাই তাহারদেরহইতে তাঁহার প্রতি কোন দায় ঘটি-

to whom such payment or delivery shall be made, from any liability to refund to which he would otherwise be liable.

XX. All letters of administration, which shall be granted to any Administrator General in virtue of his office, shall be granted to him by his name of office, and all letters of administration heretofore granted to the Ecclesiastical Registrar or Administrator General officially, or which shall be granted to any Administrator General in virtue of his office, shall authorize the Administrator General for the time being of the same Presidency, to act as Administrator of the Estate to which such letters of administration shall relate, and all estates, effects and interests, which at the time of the death, resignation or removal from office of any Administrator General shall be vested in him by virtue of such letters of administration, shall, upon such resignation or removal, cease to be vested in him, and shall vest in his successor in office immediately upon his appointment thereto, and all books, papers and documents kept by such Administrator General, by virtue of his office, shall be transferred to, and vested in his successor in office.

XXI. All actions, suits or other proceedings, which shall be commenced by or against any Administrator General, in his representative character, may be brought by or against him by his name of office, and no suit action or other proceedings already commenced, or which shall be commenced, against any person as Administrator General, either alone or jointly with any other person shall abate by reason of the death, resignation or removal from office of any such Administrator General but the same may, by order of the Court, and upon such terms as to the service of notices or otherwise as the Court may direct, be continued against his successor immediately upon his appointment, in the same manner as if no such death, resignation, or removal had occurred. Provided that nothing hereinbefore contained, shall render any such successor personally liable for any costs incurred prior to the order for continuing the action or suit against him.

XXII. The Administrator General of each of the said Presidencies, under any letters of administration, which shall be granted to him in his official character, or under any probate which shall be granted to him of a will wherein he shall be named as executor by virtue of his office, shall be entitled to receive a commission, at the rate of five rupees for every one hundred rupees, which he shall collect and invest in Government Securities, or pay into the public treasury, as hereinafter mentioned; and

বেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে যে ব্যক্তিকে ঐ প্রকারে টাকা দেওয়া যায় কি সম্পত্তি অর্পণ করা যায় সে যদি এই ধারা নির্দ্দিষ্ট না হইলে সেই টাকা কি সম্পত্তি ফিরিয়া দিবার যোগ্য হইত তবে ইহার মধ্যের লিখিত কোন কথার দ্বারা সেই ব্যক্তি সেই টাকাপ্রভৃতি ফিরিয়া দেওনের যোগ্যতাহইতে মুক্ত হইবেক না ইতি।

২০ ধারা। যে সকল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কোন আডমিনিষ্ট্রেটর জেনরলের পদের উপলক্ষে তাঁহাকে দেওয়া যায় তাহা তাঁহার পদের খ্যাতি উল্লেখ করিয়া তাঁহাকে দেওয়া যাইবেক এবং যে সকল লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন বর্ত্তমান কালপর্য্যন্ত ইক্লিসয়াষ্টিকেল রেজিষ্ট্রারকে কিম্বা আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদোপলক্ষে দেওয়া গিয়াছে কিম্বা কোন আডমিনিষ্ট্রেটর জেনরলকে তাঁহার পদোপলক্ষে দেওয়া যায় তাহাতে রাজধানীতে যিনি যে সময়ে আডমিনিষ্ট্রেটর জেনরল হন তাঁহার প্রতি হুকুম হইবেক যে ঐ লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন যে ইষ্টেটের বিষয়ে সম্পর্ক রাখে তাহার আডমিনিষ্ট্রেটরী কর্ম্ম করেন। এবং কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের মরণ কিম্বা কর্ম্মে ইস্তাফা দেওন কি তগীর হওনের সময়ে ঐ প্রকার লেটর্স অফ আডমিনিষ্ট্রেসনের শক্তিক্রমে তাঁহার প্রতি যে সকল ইষ্টেট ও সম্পত্তি ও বিষয় অর্পিত ছিল তাহা তাঁহার কর্ম্মে ইস্তাফা দেওন কিম্বা তগীর হওনেতে তাঁহার এখ্তিয়ারে আর থাকিবেক না এবং তাহার পর যে ব্যক্তি তাঁহার পদ পান তাঁহার সেই পদে নিযুক্ত হইবামাত্রে তাঁহার প্রতি অর্পিত হইবেক। এবং ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপন পদের উপলক্ষে যে সকল বহী ও কাগজপত্র ও দলীল দস্তাবেজ রাখিতেন তাহা তৎপরে যিনি ঐ পদ পান তাঁহাকে সমর্পণ করা যাইবেক ও তাঁহার এখ্তিয়ারে দেওয়া যাইবেক ইতি।

২১ ধারা। যে সকল নালিশ কি মোকদ্দমা কি অন্য কার্য্য অন্য ব্যক্তির স্থলাভিষিক্তস্বরূপ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দ্বারা কি তাঁহার বিরুদ্ধে আরম্ভ করা যায় তাহা তাঁহার পদের খ্যাতি উল্লেখ করিয়া তাঁহার দ্বারা কি তাঁহার বিরুদ্ধে উপস্থিত করা যাইতে পারিবেক। এবং আডমিনিষ্ট্রেটর জেনরলস্বরূপ কোন ব্যক্তির নামে যে কোন নালিশ কি মোকদ্দমা কি অন্য কার্য্য আরম্ভ হইয়াছে কি হইবেক তাহা কেবল তাঁহার নামে হউক কিম্বা তাঁহার সঙ্গে অন্য ব্যক্তির নাম সংযুক্ত করিয়া হউক তাহা উক্ত কোন আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের মৃত্যু কিম্বা কর্ম্মে ইস্তাফা দেওন কি তগীর হওনপ্রযুক্ত স্থগিত হইবেক না কিন্তু তাঁহার কর্ম্ম যিনি পান তিনি নিযুক্ত হইবামাত্রে তাঁহার বিরুদ্ধে ঐ নালিশপ্রভৃতি আদালতের হুকুমমতে এবং এত্তেলা জারী প্রভৃতির বিষয়ে আদালত যে নিয়মের আজ্ঞা করেন সেই নিয়মানুসারে উক্ত প্রকার মৃত্যু কি ইস্তাফা কি তগীর না হওনের মতে চালান যাইতে পারিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে ঐ নূতন নিযুক্ত ব্যক্তির নামে নালিশ কি মোকদ্দমা চালাইবার হুকুম হওনের পূর্ব্বে যে কোন খরচা লাগিয়াছে তাহা এই ধারার পূর্ব্বের লিখিত কোন কথার দ্বারা উক্ত প্রকারে নূতন নিযুক্ত কোন ব্যক্তি নিজহইতে দিবার যোগ্য হইবেন না ইতি।

২২ ধারা। উক্ত প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আডমিনিষ্ট্রেটর জেনরলস্বরূপ যে কোন লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পান তদনুসারে অথবা যে উইলেতে তাঁহাকে আপন পদোপলক্ষে এক্জিকিউটর করা যায় তাহার যে কোন প্রোবেট পান সেই প্রোবেট অনুসারে তিনি যে সকল টাকা আদায় করেন ও এই আইনেতে পরে নির্দ্দিষ্ট প্রকারে কোম্পানির কাগজ খরীদ করেন কিম্বা সরকারের খাজানাখানায় দাখিল করেন তাহার কিশত টাকার উপর পাঁচ টাকার হারে কমিসান পাইতে পারেন। এবং যে ইষ্টেটহইতে ঐ কমিসান

such commission may be retained by him out of any assets of the estate liable thereto, which shall come to his hands. In consequence, however, of the expenses and responsibility which will be incurred by the East India Company, two-fifths of the commission which shall be received by the Administrator General of Bengal, shall be paid by him into the public treasury, and be carried to the account and credit of the East India Company. The Administrator General of Madras and the Administrator General of Bombay may, subject to the provisions of the next Section of this Act, retain the whole of the five per cent. which shall be received by them, unless the Governments of Madras and Bombay respectively shall otherwise order. The said Governments of Madras and Bombay respectively, may issue orders, requiring the Administrators General of those Presidencies respectively, to pay into the General Treasury, to the account and credit of the East India Company, any portion, not exceeding two-fifths of the commission, which shall be payable to them respectively after the issuing of such orders.

লওয়া যাইতে পারে তাহার যে কোন সম্পত্তি তাঁহার হাতে আইলে তাহাহইতে তিনি ঐ কমিস্যন রাখিতে পারেন। পরন্তু কোম্পানি বাহাদুরের যে খরচ ও দায় হইবেক তাহার নিমিত্তে বাঙ্গলা দেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কমিস্যন পান তাহার পাঁচ অংশের দুই অংশ তিনি সরকারী খাজানাখানায় দাখিল করিবেন এবং তাহা কোম্পানি বাহাদুরের নামে হিসাবে লেখা যাইবেক ও জমা হইবেক। মান্দ্রাজের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ও বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব শতকরা যে পাঁচ টাকা পাইবেন তাহার সমুদয় এই আইনের ২৩ ধারার বিধানের অধীনে রাখিতে পারেন কিন্তু যদি মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট অন্য প্রকার হুকুম করেন তবে রাখিবেন না। উক্ত মান্দ্রাজের ও বোম্বাইয়ের গবর্ণমেণ্ট এমত হুকুম জারী করিতে পারেন যে ঐ২ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবদিগকে ঐ হুকুম জারী হওনের পর যে কমিস্যন দেওয়া যাইতে পারে তাহার কোন অংশ তাঁহারা কোম্পানি বাহাদুরের হিসাবে লেখা যাইবার ও জমা হইবার নিমিত্তে জেনরল ট্রেজুরীতে দাখিল করেন কিন্তু সেই অংশ পাঁচ ভাগের দুই ভাগের অধিক হইবেক না ইতি।

XXIII. The commission to which the Administrator General of each of the said three Presidencies shall be entitled, is intended to cover not merely the expense and trouble of collecting the assets, but also his trouble and responsibility in distributing them in due course of administration. It is therefore enacted, that two-thirds of such commission shall be retained by the Administrator General of each of the said Presidencies for his own use in respect of the collection of the assets, and the other one-third thereof shall be retained by him for his own use upon the administration of such assets, or shall be paid by him half-yearly into the public treasury, for the use of the person, whether himself or any of his successors in office, who, as Administrator General, shall administer the assets in respect of which the commission shall be received.

২৩ ধারা। উক্ত তিন রাজধানীর প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব যে কমিস্যন পাইবার অধিকার রাখেন তাহা কেবল সম্পত্তি আদায় করিবার খরচ ও ক্লেশ পোষাইবার অভিপ্রায়ে নহে কিন্তু আডমিনিষ্ট্রেটরী কর্ম্ম রীতিমতে নির্ব্বাহ করত ঐ সম্পত্তি বিলির কার্য্যে তাঁহার যে ক্লেশ ও ঝুঁকী হয় তাহার মেহনতানার জন্যেও আছে। অতএব হুকুম হইল যে উক্ত প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব ঐ সম্পত্তি আদায় করণের উপলক্ষে ঐ কমিসানের তিন অংশের দুই অংশ তাঁহার নিজ ব্যবহারের নিমিত্তে রাখেন এবং ঐ তিন অংশের অবশিষ্ট এক অংশ তিনি ঐ সম্পত্তির আডমিনিষ্ট্রেসনের জন্যে আপনার ব্যবহারের নিমিত্তে রাখেন অথবা যে সম্পত্তির উপলক্ষে ঐ কমিস্যন পাওয়া যায় তাহার আডমিনিষ্ট্রেসনের কার্য্য, আপনি কিম্বা তাঁহার পরে যে কেহ ঐ পদে নিযুক্ত হইবেন তিনি হউন, যে কোন ব্যক্তি আডমিনিষ্ট্রেটর জেনরলস্বরূপ নির্ব্বাহ করিবেন তাঁহার ব্যবহারের নিমিত্তে ছয়২ মাসান্তর সরকারী খাজানাখানায় দাখিল করেন ইতি।

XXIV. The Governor General of India in Council, and the Governments of the said Presidencies of Fort St. George and Bombay respectively, may, from time to time, order the aforesaid rate of commission hereby authorized to be received by the Administrators General of the respective Presidencies to be reduced and again to be raised, and may also, from time to time, order the proportion thereof payable into the public treasury as foresaid, and also the proportions thereof to be retained as abovementioned for the collection and administration respectively of the assets, to be altered in such manner as they may respectively think fit. Provided that the commission to be received shall not at any time exceed five per cent. of the assets collected, and that no person now holding the office of Administrator General of either of the said Presidencies of Bengal or Fort St. George, shall, by any such order, be deprived of the right to receive and retain for his own use, a commission at the rate of

২৪ ধারা। প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে পূর্ব্বোক্ত যে হারে কমিস্যন লইতে ইহার দ্বারা হুকুম হইয়াছে সেই হার ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে এবং উক্ত ফোর্ট সেণ্ট জর্জ ও বোম্বাই রাজধানীর গবর্ণমেণ্ট সময়ে২ কমাইবার ও পুনরায় বৃদ্ধি করিবার হুকুম করিতে পারেন। এবং তাহার যে অংশ পূর্ব্বোক্তমতে সরকারী খাজানাখানায় দিতে হয় এবং যে অংশ সম্পত্তি আদায় ও আডমিনিষ্ট্রেসন করণহেতুক পূর্ব্বোক্তমতে রাখিতে হয় তাহাও তাঁহারা সময়ে২ যেমন উচিত বোধ করেন তেমনি পরিবর্ত্ত করিবার হুকুম করিতে পারেন। পরন্তু জানা কর্ত্তব্য যে যে কমিস্যন লওয়া যাইবেক তাহা আদায়হওয়া সম্পত্তির শতকরা পাঁচ টাকার অধিক কোন সময়ে হইবেক না এবং এইক্ষণে যে কোন ব্যক্তি উক্ত বাঙ্গলা কি ফোর্ট সেণ্ট জর্জ রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরলের পদে আছেন তাঁহার দ্বারা আদায় হওয়া ও নিতান্ত আডমিনিষ্টর করা সকল সম্পত্তি বিষয়ে তাঁহার নিজ ব্যবহারের নিমিত্তে শতকরা তিন টাকার হারে কমিস্যন

three per cent. in respect of all assets collected and actually administered by him.

XXV. The Administrator General shall defray all the expenses of the establishment necessary for his office, and all other charges to which the said office shall be subject, except those for which express provision is made by this Act.

XXVI. No person other than the Administrator General, acting officially, shall be entitled to receive any commission or agency charges for any thing done as executor or administrator, under any probate or letters of administration, or letters *ad colligenda bona*, which have been granted by the Supreme Court of Judicature at Fort William in Bengal since the passing of Act No. VII. 1849, or by either of the said other Supreme Courts of Judicature since the passing of Act No. II. 1850, or which shall hereafter be granted by either of the said Courts; but this enactment shall not prevent any executor or other person, from having the benefit of any legacy bequeathed to him in his character of executor, or by way of commission or otherwise.

XXVII. The Administrator General of each of the said Presidencies shall enter into books, to be kept by him for that purpose, separate and distinct accounts of each estate, and of all such sums of money, bonds and other securities for money, goods, effects and things, as shall come to his hands, or to the hands of any person employed by him, or in trust for him, under this Act, and likewise of all payments made by him on account of such estate, and of all debts due by or to the same, specifying the dates of such receipts and payments respectively, which said books shall be kept in the Administrator General's Office, and shall be open for the inspection of all such persons, practitioners in the said Courts and others, as may have occasion to inspect the same, at office hours, paying only such reasonable fee as hath been or shall be, from time to time, fixed by the Government and published in the official *Gazette* of the Presidency to which the same may relate.

XXVIII. The Government shall have power, from time to time, to make and alter any general rules and orders consistent with the provisions of this Act, for the safe custody of the assets and securities, which shall come to the hands or possession of the Administrator General, and for the remittance to the East India Company at their house in England of all sums of money which shall be payable, or belong to persons resident in Europe, or in other cases where such remittances shall be required, and generally for the guidance and government of the Administrator General in the discharge of his duties, and may, by such rules and orders, amongst other things, direct what books, accounts and statements, in addition to those mentioned in this Act, shall be kept by the Administrator General, and in what form the same shall be kept, and

লইবার ও রাখিবার যে অধিকার আছে তাহাতে তিনি উক্ত প্রকার কোন হুকুমের দ্বারা বঞ্চিত হইবেন না ইতি।

২৫ ধারা। আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব আপনার কর্ম্মের আবশ্যক সিরিশ্তার সকল খরচ এবং উক্ত কার্য্য সম্পর্কে অন্য যে সকল খরচ হয় তাহা আপনি দিবেন কিন্তু যে খরচের বিষয়ে এই আইনেতে অন্য বিশেষ বিধান হইয়াছে তাহা দিবেন না ইতি।

২৬ ধারা। যে কোন প্রোবেট কিম্বা লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন কিম্বা লেটর্স আড কালিজেণ্ডা বোনা ১৮৪৯ সালের ৭ আইন জারী হওনের পর বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের দ্বারা দেওয়া গিয়াছে কিম্বা ১৮৫০ সালের ২ আইন জারী হওনের পর উক্ত অন্য কোন সুপ্রিম কোর্টের দ্বারা দেওয়া গিয়াছে কিম্বা উক্ত কোন আদালতের দ্বারা উত্তর কালে দেওয়া যাইবেক তদনুসারে স্বীয় পদোপলক্ষে কর্ম্মকারি আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবভিন্ন অন্য কোন ব্যক্তি এক্সেকিটর কি আডমিনিষ্ট্রেটর স্বরূপ যে কোন কার্য্য করেন তাহার জন্যে কোন কমিসান কিম্বা এজেন্সীর খরচ পাইবার অধিকার রাখিবেন না। কিন্তু এই বিধানের দ্বারা কোন এক্সেকিটরকে কিম্বা অন্য ব্যক্তিকে নিষেধ নাই যে দানপত্রক্রমে তাঁহার এক্সেকিটরের কর্ম্মোপলক্ষে কিম্বা কমিসানস্বরূপ অথবা অন্য কোন প্রকারে যে টাকা দান করা যায় তাহা ভোগ করিতে পারেন না ইতি।

২৭ ধারা। উক্ত প্রত্যেক রাজধানীর আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব তন্নিমিত্তে প্রস্তুতকরা হিসাব বহীর মধ্যে প্রত্যেক ইষ্টেটের আলাহিদা ও সপষ্ট হিসাব রাখিবেন এবং এই আইনানুসারে যে সকল নগদ টাকা ও বণ্ড ও টাকার অন্যান্য নিদর্শন ও জিনিস ও সম্পত্তি ও দ্রব্য তাঁহার হাতে কিম্বা তাঁহার দ্বারা নিযুক্ত কি তাঁহার জন্যে গচ্ছিত লওনিয়া কোন ব্যক্তিরদের হাতে আইসে তাহার স্বতন্ত্র ও সপষ্ট হিসাব ঐ বহীতে রাখিবেন এবং উক্ত ইষ্টেটের নিমিত্তে তিনি যে সকল টাকা ব্যয় করেন তাহা এবং ইষ্টেটের দেনা বা পাওনা সকল টাকা ঐ হিসাবের বহীতে লিখিবেন এবং ঐ টাকা পাওনের ও দেওনের তারিখ নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন এবং ঐ বহী আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের দপ্তরখানায় থাকিবেক এবং যে সকল ব্যক্তির অর্থাৎ উক্ত আদালতের উকীলপ্রভৃতির বা অন্য ব্যক্তির তাহা দেখিবার প্রয়োজন থাকে তাঁহারা দপ্তর খোলা থাকিবার সময়ে ঐ বহী দেখিতে পারিবেন এবং ঐ বিষয় যে রাজধানীর সঙ্গে সম্পর্ক রাখে সেই রাজধানীর গবর্ণমেণ্টের দ্বারা সময়ক্রমে যে রসুম নির্দ্দিষ্ট করা গিয়াছে বা করা যাইবেক এবং সরকারী গেজেটে প্রকাশ হইয়াছে বা হইবেক সেই রসুম ঐ২ ব্যক্তি দিবেন ইতি।

২৮ ধারা। গবর্ণমেণ্টের এমত ক্ষমতা থাকিবেক যে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হাতে কি দখলে যে সম্পত্তি ও নিদর্শনপত্র আইসে তাহা নির্ব্বিঘ্নরূপে রাখিবার জন্যে এবং ইউরোপনিবাসি লোকেরদের নিকটে যে সকল টাকা দেয় হয় কিম্বা তাহারদের যে টাকা আছে তাহা ইঙ্গলণ্ডে কোম্পানি বাহাদুরের কুঠীতে ঐ কোম্পানি বাহাদুরের নিকটে পাঠাইবার জন্যে এবং অন্য যে২ গতিকে ঐ প্রকারে টাকা পাঠান আবশ্যক হয় তাহা পাঠাইবার জন্যে এবং সাধারণমতে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কার্য্য নির্ব্বাহ করণেতে তাঁহার উপদেশ ও পথ দর্শাওনের জন্যে এই আইনের বিধানের ব্যতিক্রমে না হয় এমত কোন সাধারণ বিধান ও হুকুম সময়ে২ করেন ও পরিবর্ত্ত করেন। এবং সেই প্রকার বিধান ও হুকুমের দ্বারা যেমন অন্যান্য বিষয়ের আদেশ করেন তেমন এই আইনের নির্দ্দিষ্ট হিসাব বহীপ্রভৃতির অতিরিক্ত আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব অন্য যে২ বহী ও হিসাব ও কৈফিয়ৎ রাখিবেন এবং যে পাঠানুসারে তাহা রাখা যাই-

what entries the same shall contain, and where the same shall be kept, and where and how the assets and securities belonging to the estates to be administered by such Administrator General shall be kept and invested or deposited, pending the administration thereof, and how and at what rate or rates of exchange any remittances thereof shall be made.

XXIX. Such orders shall be published in the official *Gazettes* of the several Presidencies, and it shall be the duty of the several Administrators General to obey and fulfil the same, and the same shall be a full authority and indemnity for all persons acting in pursuance thereof.

[To be Continued.]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court, in supersession of the principle declared by the decision of the 14th June, 1852, in the case Lukhee Persaud and others, Appellants,

Versus

R. Cruise and others, Respondents, hereby notify that in the case noted in the margin,* to be printed in due course, they have ruled that the withdrawal of one out of several joint Plaintiffs or Appellants does not render it absolutely necessary to pass an order of nonsuit. If the circumstances are such as to admit of it, the case may be carried on to judgment by the remaining Joint Plaintiffs or Appellants.

(Signed) B. J. Colvin,
Register.

Fort William, the 27th January, 1853.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 2nd March, 1853.

Baboo Oma Churn Mitter, Moonsiff of Nassirnugger, Zillah Tipperah, to be Moonsiff of Begumgunge, in the same district.

Baboo Gopeenath Moetree, Moonsiff of Begumgunge, to be Moonsiff of Nassirnugger.

The 3rd March, 1853.

Baboo Kallydoss Dutt, a Diploma Holder of 1851, to be Acting Moonsiff of Borobaree, Zillah Rungpore, until further orders.

* Mr. Grant, Attorney, &c. of Messrs. Gisborne and Co. and others, *Petitioners,*

Versus

Dwarkanath Ghose, and others, *Opposite party.*

Decided by a full Court on the 27th January, 1853.

বেক ও তাহাতে যেং কথা এণ্টর করা যাইবেক ও তাহা যে স্থানে রাখা যাইবেক এবং ঐ আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবেরা যে ইষ্টেটের আডমিনিষ্টর করিবেন তাহার আডমিনিষ্ট্রেসন হইবার অপেক্ষাতে তৎসম্পর্কীয় সম্পত্তি ও নিদর্শনপত্র যে স্থানে ও যে প্রকারে রাখা যাইবেক ও আমানৎ কি গচ্ছিত হইবেক এবং তৎসম্পর্কীয় কোন টাকা যে প্রকারে ও যে ভাও অনুসারে পাঠান যাইবেক এই সকল বিষয়ের হুকুম করিতে পারেন ইতি।

২৯ ধারা। ঐ সকল হুকুম প্রত্যেক রাজধানীর সরকারী গেজেটে প্রকাশ করা যাইবেক এবং প্রত্যেক আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের তাহা মানা ও পালন করা কর্ত্তব্য হইবেক এবং তদনুসারে যে সকল ব্যক্তি কর্ম্ম করেন সেই হুকুম তাঁহারদের সম্পূর্ণ ক্ষমতা হইবেক এবং তদ্দ্বারা তাঁহারদের দায়হইতে রক্ষা হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে হইবেক।]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

যে মোকদ্দমায় লক্ষ্মীপ্রসাদ ও অন্যেরা আপেলাণ্ট
এবং আর ক্রুস সাহেব ও অন্যেরা রেসপাণ্ডেণ্ট

সেই মোকদ্দমায় ১৮৫২ সালের ১৪ জুন তারিখের নিষ্পত্তিতে যে মূল নিয়ম প্রকাশ হয় তাহার অন্যথায় সদর আদালতের সাহেবেরা ইহার দ্বারা জানাইতেছেন যে নীচের লিখিত মোকদ্দমায় তাঁহারা বিধান করিয়াছেন যে একত্র অনেক ফরিয়াদী কি আসামীরদের মধ্যে এক জন দস্তবরদার হইলে তাহার সেই কার্য্যপ্রযুক্ত ননসুটের হুকুমকরা নিতান্ত আবশ্যক নহে। (ঐ মোকদ্দমা রীতিমতে প্রকাশ হইবেক।) যদি বৃত্তান্ত বুঝিয়া এমত হইতে পারে তবে অবশিষ্ট একত্র ফরিয়াদীরা কি আপেলাণ্টেরা মোকদ্দমার নিষ্পত্তিপর্য্যন্ত তাহা চালাইতে পারিবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৭ জানুআরি।

John Robinson, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২ মার্চ।

জিলা ত্রিপুরার নাসির নগরের মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ মিত্র ঐ জিলার বেগমগঞ্জের মুনসেফ হইবেন।

বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র নাসির নগরের মুনসেফ হইবেন

১৮৫৩ সাল ৩ মার্চ।

১৮৫১ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কালিদাস দত্ত অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা রঙ্গপুরের বড়বাড়ির একটিং মুনসেফ হইবেন।

* গিসবর্ণ কোম্পানি ও অন্যেরদের উকীলপ্রভৃতি গ্রাণ্ট সাহেব দরখাস্তকারী।

দ্বারকানাথ ঘোষ ও অন্যেরা অন্য পক্ষ।

১৮৫৩ সালের ২৭ জানুআরি তারিখে সম্পূর্ণ আদালতের বৈঠকে নিষ্পত্তি হয়।

LEAVES OF ABSENCE.

The 26th February, 1853.

Baboo Degumber Biswas, Moonsiff of Indoss, in Zillah East Burdwan, for the 27th instant.

The 28th February, 1853.

Cazee Hamid Ally, Moonsiff of Radhanagore, Zillah West Burdwan, for three days, from the 25th Proximo.

The 2nd March, 1853.

Baboo Dussoruth Chowdhry, Moonsiff of Nulbaree, Zillah Kamroop, for ten days.

LII. Nothing in this Act is intended to require the Administrator General to take proceedings to obtain letters of administration to the estate or effects of any officer or soldier or other person subject to any Articles of War, or to the estate or effects of any officer, seaman, or other person dying in the Marine Service of the East India Company, called the Indian Navy, unless when the Administrator General shall be duly authorized or required so to do by the Military Secretary, or other officer having similar powers with regard to the estate or effects of any officer, seaman, or other person dying in the Indian Navy , nor is anything in this Act contained intended to interfere with or alter the provisions of any Act of Parliament, for regulating the payment of regimental debts, and the distribution of the effects of officers and soldiers dying in the service of the East India Company, or of any Articles of War, or of any Act of Parliament relating to the Indian Navy

Ordered, that the Draft now read be published for general information

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 11th day of May next.

J P. GRANT,
Secy. to the Govt of India.

বুঝায় ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝায় কিন্তু যদি এইরূপ অর্থ পূর্ব্বাপর কথার সঙ্গে না মিলে কি বিপরীত হয় তবে সেই অর্থ করিতে হইবেক না ইতি।

৫১ ধারা। উত্তর.কালে যে সকল লেটর্স অফ আড-মিনিষ্ট্রেসন পাইবার দরখাস্ত হয় কি দেওয়া যায় তাহার বিষয়ে ১৮৪৯ সালের ৭ আইন ও ১৮৫০ সালের ২ আ-ইন ইহার দ্বারা রদ হইল ইতি।

৫২ ধারা। কোন সেনাপতি কি সৈন্য কিম্বা যুদ্ধসম্পা-কীয় কোন আইনের অধীন অন্য ব্যক্তির ইষ্টেটের কি সম্পত্তির বিষয়ে অথবা ইণ্ডিয়ান নেবি নামে খ্যাত কোম্পানি বাহাদুরের যুদ্ধ জাহাজসম্পর্কীয় কার্য্যকারি কোন জুম্দাদার কি নাবিক,কি অন্য ব্যক্তি মরিলে তাহার ইষ্টেটের কি সম্প-ত্তির বিষয়ে আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে লেটর্স অফ আডমিনিষ্ট্রেসন পাইবার জন্যে কোন কার্য্য করিতে হুকুম হয় এই আইনের কোন কথার এমত অভিপ্রায় নহে। কিন্তু মিলিটারী সেক্রেটারী সাহেব, অথবা ইণ্ডিয়ান নেবির মধ্যে যে কোন জুম্দাদার কি নাবিক কি অন্য ব্যক্তি মরে তাহার ইষ্টেটের কি সম্পত্তির বিষয়ে মিলিটারী সেক্রে-টারী সাহেবের তুল্য ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সা-হেব, যদি আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে উপযুক্তমতে ক্ষমতা দেন কি হুকুম করেন তবে তিনি লেটর্স অফ আড-মিনিষ্ট্রেসন পাইবার জন্যে কার্য্য করিতে পারেন। এবং পল্টনীয় লোকেরদের কর্জ্জ দেওনবিষয়ে ও কোম্পানি বা-হাদুরের কর্ম্মেতে যে সেনাপতিরা ও সৈন্যেরা মরেন তাঁ-হারদের সম্পত্তির বিলির বিষয়ে যে কোন অ্যাক্ট পা-র্লিমেণ্টে বিধান করা যায় তাহার কিম্বা যুদ্ধসম্পর্কীয় কোন আইন কিম্বা ইণ্ডিয়ান নেবি বিষয়ে কোন আক্ট পার্লিমেণ্টের বিধান অন্যথা কি পরিবর্ত্ত করা এই আইনের মধ্যের কোন কথার অভিপ্রায় নহে ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ১১ মে তারিখের পর ভারত বর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহা-তে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

LEAVES OF ABSENCE

The 10th March, 1853

Baboo Raj Chunder Chuckerbutty, Moonsiff of Serajgunge, Zillah Mymensingh, for two months, from the 1st instant, in extension of the leave given on the 24th January last, on Medical Certificate.

Moulvee Abdool Rubb, 1st Grade Moonsiff of Kaguzpookooria, Zillah Nuddea, for two weeks, from the 14th instant, on urgent private affairs.

Baboo Bolindurnarain Koowur, Moonsiff of Rungeah, Zillah Kamroop, for twelve days, from the 10th of December last.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১০ মার্চ।

জিলা ময়মুনসিংহের সিরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র চক্রবর্ত্তী গত জানুআরি মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্ত-মান মাসের ১ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়া-ছেন।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রব বর্ত্তমান মাসের ১৪ তারিখ-অবধি স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা কামরূপের রঙ্গিয়ার মুনসেফ শ্রীযুত বলেন্দ্রনা রায়ণ কুঙার গত ডিসেম্বর মাসের ১০ তারিখঅবধি বারো দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

[*Government Gazette*, 15th *March* 1853.]

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ২১ মার্চ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	... ...	২২০৫
বানারসের পয়দায়শী আফিম	... ...	১০৮৫
জুমলা সিন্দুক		৩২৯০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ২৮ মার্চ এবং ৬ আপ্রেল দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সহরেক্তরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ২৮ মার্চ সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ৬ আপ্রেল বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না ইতি।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের	১৫ আপ্রেল	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ মে	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ জুন	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ জুলাই	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২২ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ সেপ্টেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১ নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ ডিসেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
				১৯৮৩৮	৯৭৪৪	২৯৫৯২

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ৭ মার্চ।

এ গ্রোট। ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ মার্চ।]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ত্রিপুরা।

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মতালক সন ১২৫৯ বাঙ্গলার লাং কিস্তী অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৫৩ ইংরেজির ৩১ মাহে মার্চ মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলার ১৯ চৈত্র রোজ বৃহস্পতিবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজি তারিখ ১ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৯ বাং	কৈফিয়ৎ।
১	মহশাল বন্দবস্তী	৮৮৯	পং মহব্বতপুর তাং রামধন মজুমদার ...	শ্রীমতী হরসুন্দরী শ্রীমতী অন্নপূর্ণা চৌধুরাইন রায় চান্দ সাং শ্রীমতী উজ্জলমণি	১১৮৯৴ ৹	৫৫৪৮৴১০	এই সমস্ত মহালাত গত ২৯ জানুআরি নীলামে বিক্রয় হইয়াছিল পর খরিদারান উক্ত আইনের মর্ম্মমতে নিরূপিত মেয়াদ মধ্যে মুল্যাবশিষ্ট টাকা দাখিল না করাতে ঐ আইনের ১৬ দফামতে তাহাদের দাখিলি বায়না জরিমানাস্বরূপ সরকারে জব্দ হইয়াছে সেমতে এই সমস্ত মহালাত পুনর্নিলাম হইবেক ইতি।
২	ঐ	১৫	পং করতি তাং রতিনাথ চক্র	রামকানাই চক্রবর্ত্তী	৩৮৶৮	১৩।৶৬	
৩	ঐ	১৬	পং তথা তাং রামকৃষ্ণ চক্র	দুর্গাপ্রসাদ মিছির	১০।৩	৫॥৴৭	
৪	ঐ	৬৭৫	তং ফরকাবাদ তাং জগমোহন ও রাজকৃষ্ণ দত্ত মুং নৃসিংহ গৌর পালিত সাং মুং তাং রামচন্দ্র দত্ত ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও রামনারায়ণ দত্ত ও রামধন দত্ত ও কানাই ডিহিদার ...	জগমোহন দত্ত রাজকৃষ্ণ দত্ত	২০৲	৯॥৴৭	
৫	ঐ	৬৭৬	তং তথা তাং জগমোহন দত্ত ও রাজকৃষ্ণ দত্ত মুং ভবানী সাং মুং তাং রামচন্দ্র দত্ত ও লক্ষ্মীনারায়ণ দত্ত ও রামনারায়ণ দত্ত ও রামধন দত্ত ও কানাই ডিহিদার	দুর্গাপ্রসাদ মিছির	৩৮।০	২৩।৶৩	
৬	ঐ	৭২০	তং তথা তাং রামকেশব দত্ত মুং হিং ৶৫ রাধামাধব দেব	দুর্গাপ্রসাদ মিছির	১৮৶৯	১১৲৶৯	

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজির মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী অগ্রহায়ণ সন ১২৫৯ বাং	কৈফিয়ৎ
৭	দহশালা বন্দবস্তী	৭১১	তং ফরকাবাদ তাং সমসাদ্দী	মাহামুদ আরমান ভূঞা	৬২৸৵১১	৩৮।৵৫	এই সমস্ত মহালাত গত ২৯ জানুআরি নীলামে বিক্রয় হইয়াছিল পর খরিদারান উক্ত আইনের মর্ম্মমতে নিরূপিত মেয়াদ মধ্যে মূল্যাবশিষ্ট টাকা দাখিল না করাতে ঐ আইনের ১৬ দফামতে তাহাদের দাখিলি বায়না জরিমানাস্বরূপ সরকারে জব্দ হইয়াছে সেমতে এই সমস্ত মহালাত পুনর্নীলাম হইবেক ইতি।
৮	ঐ	১২০৪	পং মৈজুদ্দি তং অনুমুরাদ	তিলকচান্দ শাহা	১৭/১	৯/১	
৯	ঐ	১২৩১	পং তথা তাং সরফল্যা খন্দকার	রামলোচন দাস রামকান্ত দাস	১৪৸৵১১	৮৸১০	
১০	ঐ	১৩৪৫	পং সফদি তাং দৌলত খাঁ মুং /৪ রামনাথ রায় ও ।৮॥ গণ্ডা হিং দুর্গাচরণ রায় হিং ১৬ রমানাথ রায়	হরিশ্চন্দ্র বসু	১১৶৮	৭।৶৫	
১১	ঐ	১৩৪৭	পং তথা তাং বিজয় রক্ষ	হরিশ্চন্দ্র বসু	৬৮।৩	৪১॥/৭	
১২	ঐ	১৪১২	পং সিঙ্গের গাও তাং কৃষ্ণগোবিন্দ সেন ..	কৃষ্ণকান্ত সেন গঙ্গাসাগর সেন	১৭৸৶৪	১১৶২	
১৩	ঐ	১৪৩১	পং তথা তাং ছোটনগোড়	শ্রীমতী ত্রিপুরাসুন্দরী	২১।/৪	১৩৸/১০	
১৪	ঐ	১৪৮৬	পং তথা তাং মাহামুদ হয়াত মুং হিং ১৬ গণ্ডা কুশল সিংহ ও /৪ রামনারায়ণ	আরমান গাজী	১৯৶২	১০॥৵৮	
১৫	ঐ	১৫৩৫	পং তথা তাং সাহেব খাঁ হিং ৵৮ রামভদ্র রায়	কামতার খাঁ সমশের খাঁ কামতার খাঁ	১৩।/৪	৮॥৬	
১৬	ঐ	১৫৪৫	পং তথা তাং সেক মাহাতাব	শ্রীমতী ত্রিপুরাসুন্দরী	১০৵২	৬।৵৪	

E. W. MOLONY, *Assistt. Collector in charge.*

জিলা ভুলুয়া।

এতলানামা কাছারি কালেক্টরি জিলা ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ আইনের ৬ ষষ্ঠ ধারার মর্ম্মানুযায়ি নীচের লিখিত মহালাতের সন ১২৫৯ সনের লাং কিস্তী মাঘের সরকারের পাওনা বাকী মালগুজারি আদাএর নিমিত্তে এবং অন্যং যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৩ সনের ২৩ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৫৯ সনের ১১ চৈত্র রোজ বুধবার অত্র কালেক্টরী কাছারিতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ সন তাং ২৮ ফেব্রুআরি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১৮৫৩ সনের লাং ২৫ ফেব্রুআরি সূর্য্যাস্তপর্য্যন্ত দেয় বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল	৬ নং	পরগনে বাবুপুর হিস্যা ৷৵০ আনা … … …	কেবলকৃষ্ণ রামকানাই গৌরচন্দ্র নবকৃষ্ণ উদয়কৃষ্ণ রায় প্রাণকৃষ্ণ গুহ গোকুলচন্দ্র চৌধুরী রাম নব সিংহ রাধামাধব ঘোষ নীলমাধব ঘোষ কাশীনাথ ঘোষ কালীকিশোর রামরতন গুহ জয়দুর্গা কৃষ্ণগোবিন্দ কৃষ্ণকান্ত রায় করুণাময়ী ঈশানচন্দ্র রায় কৃষ্ণকান্ত রায় কৃষ্ণকান্ত রায়	৫০৬১৲৵১০	১১৬৪ ।৪	
ঐ	ঐ	১৭ নং	কায়েমি জমিদারী পং সন্দ্বীপ চাকলে হাতিয়া মৌজে চর আবজন ভবানীচরণ ও চর নিলক্ষ্মী মর কেওয়াতলী ও লালাবালু … … … … …	শ্রীমতী বামাসুন্দরী দেবী ও শ্রীমতী ষোড়শীবালা দেবী	১১৫০০॥/৫	৩৬৯৮ ।৵২	
ঐ	ঐ	১০০ নং	পং অমরাবাদ হিং ৵৬॥ = ক্রান্তির খাং তাং বিবন বিবি	বিবন বিবি … … … …	২০৯ ।৵২	৩৪ ৻৯	
ঐ	ঐ	৩৯৪ নং	পং ঐ হিং ॥৵১৩। – ক্রান্তির খারিজা তাং কাশীনাথ দত্ত … … … … … …	শ্রীরাম দেও … … … …	৭৮৸৫	৩২৸৵৭	
ঐ	ঐ	৫১৪ নং	পং হিস্যে ঐ তাং বাণীজয় রতন শৌ … … …	বাণীজয় রতন শৌ … … …	২৭॥৮	১৫॥৮	
ঐ	ঐ	৬৬০ নং	পং হিস্যে ঐ তাং মকিম … … … …	মাহাতাবদ্দীন বাণীরাম শৌ রামরতন শৌ …	২২॥৵১০	১২৸১০	
ঐ	ঐ	৯৭৭ নং	পং ঐ হিং ।৶৬॥ = ক্রান্তির খারিজা তাং মহম্মী মনু …	রামচরণ আচার্য্য … … … …	১৫৵২	৮॥২	
ঐ	ঐ	১৩৫০ নং	পং সন্দ্বীপ মুখলুদ ষোল আনার খারিজা মুং জিম্মা রামভদ্র চক্রবর্ত্তী হাল তালুক গঙ্গাদাস চক্র রামকিঙ্কর চক্রবর্ত্তী কালীকিঙ্কর চক্র হরচন্দ্র চক্র … …	গঙ্গাদাস চক্র রামকিঙ্কর চক্র কালীকিঙ্কর চক্র হরচন্দ্র চক্র	৮॥৶৭	৮॥৶৭	
ঐ	ঐ	১৩৬৫ নং	পং সন্দ্বীপ চর লক্ষ্মী আবজন ফকিরা মধ্যে লাখেরাজ বাজেআপ্তী শিরোত্তর গদাধর হাজারি হাল বন্দোবস্তী কায়েমি তালুক শালগ্রাম হাজারি … … …	মাহামুদ ইছক … … … …	৯২॥৶৮	২৯৲	

৯ মং নও মহালমাত্র

F. B. SIMSON, *Offg. Deputy Collector.*

[*Government Gazette*, 15*th March*, 1853.]

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্‌তিহার।

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমীদারী ইজারা।

ত্রিপুরাসুন্দরী দেবা দীগর বাদী।
গৌরীচরণ মুখোপাধ্যায় প্রতিবাদী।

এবং

পূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দীঃ বাদী।
অভয়চরণ মুখোপাধ্যায় দীঃ প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ২৩ মার্চ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এমঃ এফঃ জিঃ শেগেষ সাহেব তাঁহার আফিসে মৃত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ইষ্টেটের সামিল নীচের লিখিত তালুকাতের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা হুগলি মোতালক।

এক পত্তনি তালুক পরগনে বালিয়া লাট বাঙ্গালপুর চারি মৌজা মৌজে বাঙ্গালপুর ও নবা চক ও চক মনোহরপুর ও মাণিকদাপ রকম ৵৬॥ = ক্রান্তি।
এক পত্তনি তালুক পরগনে ভুরশিট লাট পেঁড়াকুল দুই মৌজা মৌজে পেঁড়াকুল ও কুমারপুর রকম ঐ।
এক তালুক পরগনে বোর কাশমত বাসুদেবপুর অথবা চাতরা রকম ঐ।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট কৌস রিসিবর আফিস।
তারিখ ৭ মার্চ ১৮৫৩।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 22, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২২ মার্চ।

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No 804

To the Collectors of Land Revenue, Lower Provinces

Under instructions from Government, I have the [illegible] to request you will receive and remit free of premium, by drafts on the Sub Treasurer in favor of the Secretary to the Government of Bengal all sums tendered to you as subscriptions to the Wellington Memorial agreeably to the Government Notification published in the *Calcutta Gazette* of the 19th instant

2d After the words "value received into this Treasury from," you will be good enough to state in the Bills the name of the subscriber with the words "on account of his subscription to the Wellington Memorial"

(Signed) W. MAPLES,
Asstt. Acctt to the Govt of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 10th March, 1853.

আকোণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৮০৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টহইতে হুকুম পাইয়া তোমাকে আদেশ করিতেছি যে বর্ত্তমান মাসের ১৯ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত গবর্ণমেণ্টের বিজ্ঞাপনানুসারে "ওএলিংটন মিমোরিয়ল" অর্থাৎ ডুাক অফ ওএলিংটনের চিরস্মারক কার্য্যার্থে চাঁদাস্বরূপ যে সকল টাকা তোমার নিকটে অর্পণ করা যায় সেই টাকা তুমি লইয়া বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নামে সব-ত্রেজুরর সাহেবের উপর প্রিমিয়ম বিনা হুণ্ডীর দ্বারা পাঠাও।

২। হুণ্ডীর মধ্যে "অমুকের স্থানে এই খাজানাখানায় টাকা পাওয়া যায়" এই কথার সম্বলিত চাঁদার টাকাদেওনিয়ার নাম লেখ এবং "ওএলিংটন মিমোরিয়লের নিমিত্তে তাঁহার চাঁদার বাবতে" এই কথা লেখ।

ডবলিউ মেপলস।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আকোণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম। আকোণ্টেণ্ট সাহেবের দফতরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৩ সাল ১০ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT

No 2

To the Judges in the Lower Provinces and Commissioners and Deputy Commissioners, &c in the Extra Regulation Provinces

I am directed by the Court to forward to you the accompanying form of Statement No 14, showing the average duration of suits from date of institution to date of decision, and to request that, in submitting your Annual Statements for the year 1853, you

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কমিস্যনর ও ডেপুটী কমিস্যনর সাহেব প্রভৃতি বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে ১৪ নম্বরী কৈফিয়তের নীচের লিখিত পাঠ তোমার নিকটে পাঠাইতেছি। মোকদ্দমা উপস্থিত হওনের তারিখঅবধি নিষ্পন্ন হওনের তারিখপর্য্যন্ত গড়ে যত কাল থাকে তাহা ঐ কৈফিয়তে প্রকাশ হইবেক। এবং আদেশ করিতেছি যে তো-

will give the information required therein for the years 1849, '50, '51, '52 and '53 for your own and subordinate offices, and forward the same with the other prescribed Annual Statements of that and following years.

(Signed) B. J. COLVIN,

Register

Fort William, the 23d February, 1853.

আর ১৮৫৩ সালের বার্ষিক কৈফিয়ৎ যখন পাঠাও তখন ঐ ১৪ নম্বরী কৈফিয়তে যে কথা লিখিবার হুকুম আছে তোমার নিজের ও তোমার অধীন সিরিশতার ১৮৪৯। ৫০। ৫১। ৫২ ও ১৮৫৩ সালের ঐ কথা লেখ এবং সেই বৎসরের ও তাহার পর প্রতিবৎসরের নির্দিষ্ট অন্যান্য বার্ষিক কৈফিয়তের সঙ্গে তাহা পাঠাও।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৩ ফেব্রুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 14. Average Duration of Suits.

	18			18			18			18			18		
	Years.	Months.	Days.	Years.	Months.	Days.	Years.	Months.	Days.	Years.	Months.	Days.	Years.	Months.	Days.
Zillah Judges, ..															
Additional Judges, ..															
Principal Sudder Ameens,															
Sudder Ameens, ...															
Moonsiffs, ..															

১৪ নম্বর। মোকদ্দমা থাকনের গড় কাল।

	১৮			১৮			১৮			১৮			১৮		
	বৎসর	মাস	দিন	বৎসর	মাস	দিন	বৎসর	মাস	দিন	বৎসর	মাস	দিন	বৎসর	মাস	দিন
জিলার জজ															
অতিরিক্ত জজ ...															
প্রধান সদর আমীন															
সদর আমীন ...															
মুনসেফ ...															

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২২ মার্চ।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 11th March, 1853.

Baboo Hureemohun Bose, Moonsiff of Juggernathdiggee, Zillah Tipperah, for fifteen days, in extension of the leave granted on the 29th December last, on Medical Certificate.

The 14th March, 1853.

Baboo Sitikanth Singh, Moonsiff of Pothna, Zillah East Burdwan, for the 8th and 9th instant, on account of the Hindoo Holidays, Sivo Rattree.

The leave of absence for three days, granted on the 23rd ultimo, to Baboo Nubo Coomar Banerjee, Officiating Moonsiff of Gowas, Moorshedabad, has been cancelled at his own request.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১১ মার্চ।

জিলা ত্রিপুরার জগন্নাথ দীঘীর মুনসেফ শ্রীযুত বাবু হরিমোহন বসু গত ডিসেম্বর মাসের ২৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৪ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পথন্যার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ শিবরাত্রি হিন্দু পর্ব্বের নিমিত্তে বর্ত্তমান মাসের ৮। ৯ তারিখের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের গওয়াসের একটিং মুনসেফ শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা গত মাসের ২৩ তারিখে যে তিন দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৪০০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৯ মার্চ।

কটকের একটিং কালেক্টর শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) গত মাসের ২৮ তারিখে খাজানাখানার ভার পুনর্গ্রহণ করেন।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) গত মাসের ১ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ই জে পিয়রসন সাহেবের (Mr E. J. Pearson,) প্রতি অর্পণ করেন।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব ও শ্রীযুত ডবলিউ জে হর্সল সাহেব (Messrs. S. H. C. Tayler and W. J. Herschel,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বঙ্গল দেশের সিবিলসম্পর্কীয় নিযুক্তার নিযুক্ত হইয়া "ওরিএণ্টেল" নামক বাষ্পীয় জাহাজে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২ তারিখে কলিকাতায় পঁহুছে।

বাঁকুড়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) বর্ত্তমান মাসের ৩ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

বর্দ্ধমানের কালেক্টর শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward.) বর্ত্তমান মাসের ৪ তারিখে খাজানাখানার ভার পুনর্গ্রহণ করেন।

যশোহরের কালেক্টর শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) জিলার মফঃসলে গমনার্থে গত মাসের ৫ তারিখে খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যার প্রতি অর্পণ করেন।

চব্বিশপরগনার একটিং কালেক্টর শ্রীযুত এচ বি বেলি সাহেব (Mr. H. V. Bayley.) বর্ত্তমান মাসের ৭ তারিখে খাজানাখানার ভার পুনর্গ্রহণ করেন।

ঢাকার কালেক্টর শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) বর্ত্তমান মাসের ৪ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) গত মাসের ২০ তারিখে যে অতিরিক্ত ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৪১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১২ মার্চ।

শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. R. H. Alexander) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৭ মার্চ।

বীরভূমের একটিং কালেক্টর শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie.) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত রায় গত জানুআরি মাসের ২০ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাস পনের দিনের ছুটী পাইয়াছেন।

জিলা শাহাবাদের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী মজহর আলী স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১২ মার্চ।

শ্রীযুত জে ডবলিউ মাকনাব সাহেব ও শ্রীযুত জে ডি উর্স্‌লি সাহেব ও শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব (Messrs. J. W. Macnabb, J. D. Ouseley and R. H. Alexander,) এতদ্দেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হইয়া সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

পুরীর কালেক্টর শ্রীযুত অনরবিল ই ড্রমণ্ড সাহেব (Hon'ble E. Drummond.) বর্ত্তমান মাসের ১ তারিখে ঐ জিলার খাজানাখানার ভার শ্রীযুত বাবু নীলমণি কুণ্ডুরের স্থানে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

যেহেতুক ১৮৪৫ সালের ১ আইনের মর্ম্মানুসারে নীচের লিখিত মহালাতের বাকী খাজানা আদাএর কারণ উক্ত আইনের ৬ দফামতে এস্তেহার দেওয়া যাইতেছে যে ঐ সকল মাহালাত সন ১৮৫৩ ইংরেজির ৩১ মার্চ মোতাবেক সন ১২৫৯ বাঙ্গলার ১৯ চৈত্র রোজ শুক্রবার জিলা মজকুরের কালেক্টরিতে নীলাম হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজি তারিখ ৮ মার্চ।

নম্বর রকম	মাহালের রকম	নম্বর মহাল	নাম মাহাল	নাম মালিক	সদর জমা	বাকী খাজানা লাং ২৫ ফেব্রুআরি ১৮৫৩ ইং	কৈফিয়ৎ
	কাইমি	১১৮	নিং বৈদ্যনাথ কাননগোএ বং তরফ কানুরাম চৌং কিং শরণ	বৈদ্যনাথ কাননগোএ	৭৯০ ।১	৭৯০।২	
		২০৫	তরফ ফেদাইদে লত ..	জএনদ্দিটি ও হরিচান্দ ও বদন ও মুরাদ গএরহ	৪৭৪ ৬	৪৮।৬৯	
		২৬৫	তরফ যুগলকিশোর	ঈশানচন্দ্র কাননগোএ ও উদয়চান্দ বসু গএরহ	৬০৯৪।৬৬	৬॥৶৬	এই মাহাল জের বাটরাতে আছে অতএব ত্রিপুরাসুন্দরীর হকিয়তের মবলগ ২৬৬৶৬পাই জমা বিক্রী হইবেক।
		৩০৭	তরফ কেওঝে হোষসঙ্গ	বংশরাম ও দেবীচরণ ও লুনক ও মেরদি ও রামশরণ রক্ষিত গএরহ	১১২৯।১	৩৯।৬৬	
		৩৪১	তরফ মির মাহমুদ ছন	মাহমুদ মনু শীকদার . ..	৭৮৫॥৶৩	১৯৬৲	
		৩৭৫	তরফ মুকীম খোসাল	প্রতাপনারায়ণ ও রামকিশোর গএরহ ...	২১১৯৶০	৫৪৸৬	
		৫১৫	তরফ রামকিশোর কাননগোএ .	প্রেমনারায়ণ ও কেবলকৃষ্ণ কাননগোএ ও বৃন্দাবন গএরহ	৮১৯ ৶৩	১৫৶০	
		৬০৩	তরফ ছাদকলাল	লুধি	৪৫৩৸৩	১১৩৲৩	
		৬৯৯	তরফ আকবর পীং কালা	জীবন ও জব্বর আলী . .	২২॥৶৬	২৴৬	
		৯৫২	তরফ রছিব মাহামুদ... .	রছিব মহমুদ	১০৬৶৯	৮৲১	
		১০৮৯	তরফ কামিন পীং তুলী . .	কাসিম ও মহম্মদ খ	১৪॥৲৩	.২।৬৫	

নম্বর রকম	মাহালের রকম	নম্বর মাহাল	নাম মাহাল	নাম মালিক	সদর জমা	বাকী খাজানা লা৲ ২৫ ফেব্রুআরি ১৮৫৩ ইং	কৈফিয়ৎ
		১১০৪	তরফ কাশীপস্ত	শ্রীমতী যমুনা ও কৃষ্ণচন্দ্র ও দাতারাম ...	২৮ ।৬	১৪॥১০	
		১১৩৬	তরফ এতজ রোসন	এতজ ও রোসন	১০৸৯	২/৭	
	ক,ইমি	১৪১৯	তরফ হরিরাম চৌধুরী	কুলচন্দ্র ঘোষ	১৫/০	১১ ।৯	
		১৫৫৫	তরফ হয়আত মাহামুদ	হয়আত মাহামুদ	৩৩ ।৶০	৭॥৵৩	
		১৬৫৮	তরফ যুগিরাম পণ্ডিত	রামসুন্দর	১৩ ।৶৯	১০/০	
		১৭৭৬	তরফ কৃষ্ণরাধা	চণ্ডীচরণ বিশ্বাস	১৫॥৵৯	১১৸০	
		২১৩৪	তরফ মজিদ জাফর	লক্ষ্মীকান্ত	১০ ।৶৬	২॥/৮	
		২২২৭	তরফ নেআজ নজর...	চণ্ডীচরণ	১২৸৶৬	৯॥৵৮	
		২২৪৬	তরফ নন্দরাম লাহা	নন্দরাম লাহা	২৩ ।৶৬	১৭॥/৭	
		২৩০৯	তরফ অভিরাম কিশোর	জান আলী	২৩৶৯	১৭ ৷/১১	
		২৪৭৬	তরফ রামশরণ	মাহামুদ আবিদ	১৪॥৶৬	১১ ৩৭	
		২৫৯৭	নিং রাজবল্লভ	রাজবল্লভ	২০৸/৬	১৫॥৵১	
		২৬৫৮	তালুক রামকিশোর	রামদয়াল	১৪৵৩	১০॥/৭	
		২৬৯৫	তরফ শান্তিরাম দত্ত	পার্ব্বতীচরণ ও শ্যামসুন্দর	২৫৸৵৩	১৯ ।৶০	
		২৩৮৯৬	তালুক করাহাত ওল্লা ও হাএদরবক্স ও নাজিরজমা	খোদহায়	২২৸৵৩	১ ।৪	
		২৭২৫৮	তালুক রামহরি	খোদ	১২ ৩৬	৬৲	
		২৭৮১৫	তালুক মাহামুদ আলি চৌং	খোদ	১৩৸৶৬	৬৸৵৯	
		২৭৯৬৫	তালুক আনোআরমিআ ও আএনাবিবি ও রাজামিয়া ও আশীন মিয়া	খোদহায়	২৬৸৵৯	১৩ ।৶০	

E. T. TREVOR, *Offg. Collec*

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER DONALD MACLEOD, and another, Insolvents

NOTICE is hereby given, that Saturday, the second day of April next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a Dividend, and that the last Account in detail of the Receipts and Disbursements of the Assignee, ending the Twenty-eighth day of February, 1853, has been filed, and may be inspected at the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 14th March, 1853

ফোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

ফোত্রহীন আলেকজাণ্ডর ডনাল্ড ম্যাকলৌড সাহেব এবং অন্যের বিষযে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। আসৈনি সাহেবের ১৮৫৩ সালের ২৮ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত জমা ও খরচের বিস্তারিত শেষ হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষযে লিপ্ত অন্য যে কেহ উক্ত ফোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনির দপ্তরখানা। ১৮৫৩ সাল ১৪ মার্চ।

জান কাক্রেন। সরকারি আসৈনি।

In the matter of JAMES YOUNG, and others, Insolvents.

NOTICE is hereby given, that Saturday, the second day of April next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a Dividend, and that the last Account in detail of the Receipts and Disbursements of the Assignee, ending the Twenty-eighth day of February 1853 has been filed, and may be inspected at the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee*

Assignee's Office, 14th March, 1853.

ফোত্রহীন জেম্স ইয়ং সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এই বিষয়ের অতিরিক্ত শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। আসৈনি সাহেবের ১৮৫৩ সালের ২৮ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত জমা ও খরচের বিস্তারিত শেষ হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত ফোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দপ্তরখানা। ১৮৫৩ সাল ১৪ মার্চ।

জান কাক্রেণ। সরকারী আসৈনি।

In the matter of JOHN THOMAS, an Insolvent

Notice is hereby given, that Saturday, the 2d day of April next, is appointed for further hearing in this matter, for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 2nd day of September last, until the 1st day of March instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing

Official Assignee's Office, 15th March, 1853.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২২ মার্চ।]

যোত্রহীন জান টামস সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের অতিরিক্ত শুনানির জন্যে আগামি আপ্রিল মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং গত সেপ্টেম্বর মাসের ২ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দপ্তরখানা। ১৮৫৩ সাল ১৫ মার্চ।

জান কাক্রেণ। সরকারী আসৈনি।

The like notice in the matter of NILRUTTON HALDAR, an Insolvent, 2nd Insolvency, wherein the Account of the Assignee is filed from the 9th day of October, 1849, to the 1st day of March instant.

দ্বিতীয়বার যোত্রহীন নীলরত্ন হালদারের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ৯ অকটোবর তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of JAMES STEWART BLACKIE SCOTT, an Insolvent, 2nd Insolvency, wherein the Account of the Assignee is filed from the 22nd day of February, 1849, to the 1st day of March instant

দ্বিতীয়বার যোত্রহীন জেম্‌স ষ্টুআর্ট ব্লাকি স্কট সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তদ্বিষয়ে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ২২ ফেব্রুআরি তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of MICHAEL SCHLATTER, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 22nd day of February, 1849, to the 1st day of March instant

যোত্রহীন মাইকাল শলাটর সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ২২ ফেব্রুআরি তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of BENJAMIN WALTER LAZARUS, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 22nd day of February, 1849 to the 1st day of March instant.

যোত্রহীন বেঞ্জামিন ওয়াল্টর লাজারস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ২২ ফেব্রুআরি তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of SABINO D'OLIVERA, an Insolvent, 2nd Insolvency, wherein the Account of the Assignee is filed from the 19th day of February last, to the 1st day of March instant

দ্বিতীয়বার যোত্রহীন সেবিনো ডলিবেরা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের গত ফেব্রুআরি মাসের ১৯ তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of WILLIAM HENRY BOLST, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 24th day of July, 1850, to the 1st day of March instant.

যোত্রহীন উলিয়ম হেনরি বোলষ্ট সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫০ সালের ২৪ জুলাই তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 7th day of August, 1849, to the 1st day of March instant.

যোত্রহীন এড্বার্ড ডেবি ফেবিয়ন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ৭ আগষ্ট তারিখঅবধি বর্ত্তমান মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

[*Government Gazette, 22nd March,* 1853]

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

জমীদারী ইজারা।

ত্রিপুরাসুন্দরী দেবী দীগর বাদী।
গৌরীচরণ মুখোপাধ্যায় প্রতিবাদী।
এবং
পূর্ণচন্দ্র মুখোপাধ্যায় দীঃ বাদী।
অভয়চরণ মুখোপাধ্যায় দীঃ প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ১৩ মার্চ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এমঃ এফঃ জিঃ পেশ্বেষ সাহেব তাঁহার আফিসে মৃত দুর্গাচরণ মুখোপাধ্যায়ের ইষ্টেটের সামিল নীচের লিখিত তালুকাতের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা হুগলি মোতালক।

এক পত্তনি তালুক পরগনে বালিয়া লাট বাঙ্গালপুর তাবে মৌজা মোজে জ্ঞানপুর ও ...ক ও চকমনোহরপুর ও মাণিকদীপ বকেয়া ৮৬॥ = ক্রান্তি। ১

এক পত্তনি তালুক পরগনে ভুরশিট লাট পেঁড়ো বসন্তপুর মৌজা গোপালপুর পেঁড়োবসন্ত ও ... বকেয়া ॥ ১

এক তালুক পরগনে বোর কাশমত বাসুদেবপুর অথবা চাতর বকেয়া ঐ। ১

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস।
তারিখ ৭ মার্চ ১৮৫৩

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১১ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান ক্লার্কমন সাহেবকর্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 29, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৯ মার্চ।

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 805.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

In modification of Circular No. 677, dated 21st June, 1844, I have the honor to inform you that, under the orders of the Government of India in the Military Department, the power of issuing Drafts for Commissariat expenditure has been vested from 1st May next in the Commissary General alone.

2d. You will be good enough therefore from the above date to honour that Officer's Drafts only, instead of Drafts drawn by the Deputy and Joint Deputy Commissary General as heretofore.

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
Revenue Department,
The 19th March, 1853.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৮০৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

১৮৪৪ সালের ২১ জুন তারিখের ৬৭৭ নম্বরী সরক্যুলর অর্ডর মতান্তর হওনক্রমে তোমাকে জ্ঞাপন করিতেছি যে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে আগামি মে মাসের ১ তারিখঅবধি কমিসেরিয়েট খরচের নিমিত্তে হুণ্ডী দিবার ক্ষমতা কেবল কমিসরি জেনরল সাহেবের প্রতি অর্পিত হইয়াছে।

২। অতএব তুমি ডেপুটী ও জাইণ্ট ডেপুটী কমিসরি জেনরল সাহেবেরদের হুণ্ডীর টাকা যেমন এইক্ষণপর্য্যন্ত দিয়া আসিতেছ তেমনি আর না দিয়া উক্ত তারিখঅবধি কেবল কমিসরি জেনরল সাহেবের হুণ্ডীর টাকা দিবা।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কৌণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
রেবিনিউ ডিপার্টমেণ্ট।
১৮৫৩ সাল ১৯ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 16th March, 1853.

Moulvee Mazoom Hossein, Moonsiff of Madhubgunge, Zillah West Burdwan, to be also Acting Moonsiff of Kotulpore, in the same district, during the absence on leave of Baboo Gopeekishen Bannerjee, or until further orders.

The 19th March, 1853.

Syud Moozum Hossein, (a Diploma Holder) to be

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৬ মার্চ।

শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন উক্ত জিলার কোতোলপুরের একটিং মুনসেফও হইবেন।

১৮৫৩ সাল ১৯ মার্চ।

জিলা ময়মুনসিংহের সিরাজগঞ্জের মুনসেফের ছুটী-

Acting Moonsiff of Serajgunge, Zillah Mymensingh, during the absence on leave of the incumbent or until further orders.

The 21st March, 1853.

Baboo Gungachurn Shome, late 1st Grade Moonsiff of Nyaserai, Zillah Hooghly, to be Acting Moonsiff of Oundah, Zillah West Burdwan, during the absence on deputation of Baboo Bissessur Chuckerbutty, or until further orders.

Pundit Mudunmohun Turkobhoosun, (a Diploma Holder of 1849,) to be Additional Moonsiff of Howlah, Zillah Chittagong.

Baboo Moheshchunder Sein, (a Diploma Holder of 1849,) to be Moonsiff of Rawoojan, Zillah Chittagong.

LEAVES OF ABSENCE.

The 16th March, 1853.

Baboo Gopeekishen Bannerjee, Moonsiff of Kotulpore, Zillah West Burdwan, for two months, from the date of making over charge of his office, on Medical Certificate.

The 19th March, 1853.

Moulvee Gholam Rubbanee, 1st Grade Moonsiff of Sookhsagur, Zillah Nuddeah, from the 25th to the 30th instant on private affairs

B. J. COLVIN, *Register*.

প্রযুক্ত অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওন পর্য্যন্ত যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত সৈয়দ মুজম হুসেন ঐ স্থানের এক্টিং মুনসেফও হইবেন।

১৮৫৩ সাল ২১ মার্চ।

শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তির সরকারী কর্ম্মোপলক্ষে অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা হুগলীর নওয়াসরাইয়ের সাবেক প্রথম শ্রেণীভুক্ত মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম জিলা পশ্চিম বর্দ্ধমানের আওন্দার এক্টিং মুনসেফ হইবেন।

১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত পণ্ডিত মদনমোহন তর্কভূষণ জিলা চাটিগাঁয়ের হৌলার অতিরিক্ত মুনসেফ হইবেন।

১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মহেশচন্দ্র সেন জিলা চাটিগাঁয়ের রাউজানের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১৬ মার্চ।

জিলা পশ্চিম বর্দ্ধমানের কোতোলপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা যে তারিখে আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন

১৮৫৩ সাল ১৯ মার্চ।

জিলা নদীয়ার সুখসাগরের প্রথম শ্রেণীভুক্ত মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানি স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ২৫ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৪১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১২ মার্চ।

পাটনার কমিসানর শ্রীযুত জি গফ সাহেব (Mr. G. Gough,) গত মাসের ১২ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল এ মাসের ২৫ তারিখঅবধি রহিত হইয়াছে।

কটকের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) গত নবেম্বর মাসের ১৭ তারিখের হুকুমমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে দুই মাসের ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত জানুআরি মাসের ১৮ তারিখঅবধি রহিত হইয়াছে ঐ তারিখে তিনি বাকরগঞ্জের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত হন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত অনরবিল এচ জি কাম্বেল সাহেব (Hon'ble H. G. Campbell,) কোম্পানি বাহাদুরের "বিক্টোরিয়া" নামক বাষ্পীয় পত্রবাহক জাহাজে বর্ত্তমান মাসের ১ তারিখে বোম্বাইহইতে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত সি জি হিলর্সডন সাহেব (Mr. C. G. Hillersdon,) "বেন্টিঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটি সাহেব ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৯ মার্চ।]

৪৫১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৫ মার্চ।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওএস্ট সাহেব (Mr. J. Weston,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুর জিলার ফতওয়াদারক শ্রীযুত মৌলবী গোলা[illegible] হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন

শাহাবাদের সদর আমীন শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালি[illegible] স্বীয় কর্ম্মোপলক্ষে চারি দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৬ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এম সি অমনি সাহে[ব] (Mr. M. C. Ommanney,) নিয়মিত ছুটী লইয়া "সতলজ" নামক জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপো[র্ট] করেন। আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ১১ তারিখে [ঐ] জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবে[র] হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৪৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৫ মার্চ।

মেডিকাল কালেজে ঔষধ চিকিৎসার অধ্যাপক শ্রীযুত ডাক্তর এফ জে মৌআট সাহেব (Dr. F. J. Mouat স্বীয় পদোপলক্ষে কালেজের হাসপাতালে ঔষধের প্রধা[ন] চিকিৎসক হইবেন।

মেডিকাল কালেজে মাটিরিয়া মেডিকার অধ্যাপক শ্রীযু[ত]

ডাক্তর ই গুডিব সাহেব (Dr. E. Goodeve,) স্বীয় পদোপলক্ষে কালেজের হাসপাতালে ঔষধের দ্বিতীয় চিকিৎসক এবং শয্যাগত রোগিরদের ঔষধের অধ্যাপক হইবেন।

মেডিকাল কালেজে অস্ত্র চিকিৎসার অধ্যাপক শ্রীযুত আর ওশাগনেসি সাহেব (Mr. R. O'Shaughnessy, F. R. C. S.,) স্বীয় পদোপলক্ষে কালেজের হাসপাতালে প্রধান অস্ত্র চিকিৎসক হইবেন।

মেডিকাল কালেজের কারণ প্রদর্শক ও অস্ত্র চিকিৎসাযুক্ত ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপক শ্রীযুত আলেন ওয়েব সাহেব (Mr. Allan Webb,) স্বীয় পদোপলক্ষে কালেজের হাসপাতালে দ্বিতীয় অস্ত্র চিকিৎসক ও শয্যাগত রোগিরদের অস্ত্র চিকিৎসার অধ্যাপক হইবেন।

মেডিকাল কালেজের ধাত্রী বিদ্যার অধ্যাপক শ্রীযুত ডাক্তর ডনকান ষ্টুয়ার্ট সাহেব (Dr. Duncan Stewart,) স্বীয় পদোপলক্ষে কালেজের হাসপাতালে ধাত্রী বিদ্যাসম্পর্কীয় চিকিৎসক হইবেন।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের একটিং জজ শ্রীযুত এ জে এম মিলস সাহেব (Mr. A. J. M. Mills,) আসাম প্রদেশে ও রঙ্গপুর ও ময়মনসিংহ জিলায় বিশেষ কর্ম্মোপলক্ষে গমন করিতে আজ্ঞা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ১০ মার্চ।

ছিলটে ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী করিম দাদ খাঁ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৫ মার্চ।

১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিসানর শ্রীযুত আর এচ মিটন সাহেব (Mr. R. H. Mytton,) বর্ত্তমান মাসের ১৪ তারিখঅবধি "ওরিএন্টেল" নামক বাষ্পীয় জাহাজ খুলিয়া যাওনের তারিখপর্য্যন্ত স্বীয় কর্ম্মোপলক্ষে ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৯ মার্চ।

সেণ্ট আন্ড্রুস গির্জার দ্বিতীয় ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর হেণ্ডর্সন সাহেব (Reverend R. Henderson,) বর্ত্তমান মাসের ১৭ তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তারাচাঁদ ঘোষ গত জানুআরি মাসের ২০ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫০৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১২ মার্চ।

রাজশাহীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap,) ছুটী বিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ ওসমান আলী গত মাসের ১৬ তারিখের হুকুমক্রমে যে অতিরিক্ত ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৫ মার্চ।

পূর্ব্ব বর্দ্ধমানের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমাচরণ সেট ১৮৪৯ সালের জানুআরি মাসের ৬ তারিখের হুকুমক্রমে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হয় তাহা দেওনার্থে বারাকপুরে মেডিকাল কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৮ মার্চ।

পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেট শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে "মারিসিয়স" নামক বাষ্পীয় জাহাজ যেপর্য্যন্ত প্রস্থান না করে সেইপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সেণ্ট জান গির্জার দ্বিতীয় ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জে এম বেলু সাহেব (Revd. J. M. Bellew,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ২৫ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৩ মার্চ।

শ্রীযুত হেনরি বি সিমসন সাহেব ও শ্রীযুত ডবলিউ এস হালসি সাহেব (Messrs. Henry B. Simson and W. S. Halsey,) শ্রীযুক্ত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৮ তারিখে "পটিঞ্জর" নামক বাষ্পীয় জাহাজে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

শ্রীযুত পাদরি জান শার্কি সাহেব (Revd. John Sharkey,) শ্রীযুক্ত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকতা পদে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ১৬ তারিখে "মারিসিয়স" নামক বাষ্পীয় জাহাজে কলিকাতায় পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এফ বি এলিয়ট সাহেব (Mr. F. B. Elliot,) "বেণ্টীঙ্ক" নামক বাষ্পীয় জাহাজে কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ৬ তারিখে আড় কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৫০৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১২ মার্চ।

শ্রীযুত জে ডি উস্‌লি সাহেব (Mr. J. D. Ouseley,) মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৩ সাল ১৭ মার্চ।

পশ্চিম প্রদেশের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে বাম্বর সাহেব (Mr. H. J. Bamber,) জলেশ্বরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এচ টেরাণো সাহেব (Mr. W. H. Terraneau,) পশ্চিম প্রদেশের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই জেম্‌স সাহেব (Mr. E. James,) কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ১৯ মার্চ।

আক্যাবে আরাকান প্রদেশের কমিসনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জি ফেথফুল সাহেব (Lieutenant G. Faithful,) উক্ত জিলায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

[*Government Gazette*, 29th *March*, 1853.]

১৮৫৩ সাল ২১ মার্চ।

মান্দ্রাজের এতদ্দেশীয় ২৬ পদাতিক পল্টনের লেপ্টে-নেণ্ট শ্রীযুত জে এফ জে ষ্টিবনসন সাহেব (Lieutenant J. F. J. Stevenson,) থনাসরিম প্রদেশের কমিস্যনর সাহে-বের ছোট আসিষ্টাণ্ট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৬ মার্চ।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এল এস জাক্‌সন সাহেব (Mr. L. S. Jackson,) মরিচ উপদ্বীপে গমনার্থে "বস ফরস" নামক বাষ্পীয় জাহাজে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন আড়কাটি সাহেব ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৬ তারিখে সুমুদ্রে ছাড়িয়া আইসেন।

যশোহরের কালেক্টর শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) বর্ত্তমান মাসের ১৮ তারিখে উক্ত জিলার খাজানাখানার ভার পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ইশ্‌তিহার।

NOTICE.

In the Press, and shortly will be published, a Bengalee Translation of the Assistant's Kutcherrie Companion and Help to the Revenue Examinations.

This little work contains (in the shape of Questions and Answers) a practical illustration of the entire Revenue System of the Bengal Government.

Early application to be made to the Calcutta Tutta Budhuni Press, or at the Office of the Government Pleader, Sudder Court.

Price 2 Rupees a copy.

ইশ্‌তেহার।

মালসংক্রান্ত আইনের সারসংগ্রহ অর্থাৎ এতদ্দেশীয় মালসংক্রান্ত তাবৎ আইন ও চিঠি ও অপরাপর নিয়-মের সারার্থ প্রশ্ন উত্তরের ছলে রাজস্বের অতি প্রধান পদাভিষিক্ত কোন মহাত্মাকর্ত্তৃক ইংরাজী ভাষায় বিরচিত হই-য়া সংপ্রতি বঙ্গভাষায় অনুবাদিত হইল কলিকাতা রাজধানীস্থ তত্ত্ববোধিনী সভার যন্ত্রালয়ে অথবা সদর আদালতে সরকারি উকিলের আপীশে অনুসন্ধান করিলে পাওয়া যাইবেক।

মূল্য ২৲ টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৯ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 5, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ৫ আপ্রিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 24th March, 1853.

Baboo Omachurn Kastogree, (a Diploma Holder of 1849,) to be Moonsiff of Rungunneeah, Zillah Chittagong, vice Moulvie Hadee Alee, removed.

LEAVES OF ABSENCE.

The 24th March, 1853.

Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Bhuttooriah, Zillah East Burdwan, for the 26th and 27th instant.

The 28th March, 1853.

Baboo Thakoordoss Mookerjee, Moonsiff of Handrah, Zillah Nuddea, from the 5th to the 19th proximo, on urgent private affairs.

Baboo Debnath Phokun, Moonsiff of Mungledye, Zillah Durrung, for two days, in excess of the period of the late Dolejattra vacation.

The 30th March, 1853.

Baboo Sitikunth Singh, Moonsiff of Pothna, Zillah East Burdwan, for the 27th instant.

B. J. COLVIN, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৪ মার্চ।

শ্রীযুত মৌলবী হাদি আলী স্থানান্তর হওয়াতে তাঁহার পরিবর্ত্তে ১৮৪৯ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু উমাচরণ কাষ্টগিরি জিলা চাটিগাঁয়ের রঙ্গুনিয়ার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৪ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাতুড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ২৬ ও ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৮ মার্চ।

জিলা নদীয়ার হাঁড়রার মুনসেফ শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে আগামি মাসের ৫ তারিখঅবধি ১৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা দরঙ্গের মঙ্গলদায়ের মুনসেফ শ্রীযুত বাবু দেবনাথ ফুকন গত দোলযাত্রা পর্ব্বের সময়াতিরিক্ত দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের পতনিয়ার মুনসেফ শ্রীযুত বাবু শিতিকণ্ঠ সিংহ বর্ত্তমান মাসের ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৫১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৭ মার্চ।

জিলা নদীয়ার শান্তিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ বসু প্রথম শ্রেণীর মুনসেফ হইবেন।

১৮৫৩ সাল ২১ মার্চ।

শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) ডাকাইতী দমনার্থ কমিসানর হইবেন।

শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell.) বারাসতের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেটী ও ডেপুটী কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B Glover,) চাম্পারণের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মালদহ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা মালদহ।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জিলা মালদহের অধীন নীচের লিখিত মহালাত সন ১২৫৯ সালের লাগাইদ কিস্তী ফাল্গুণের পাওনা বাকী মালগুজারি নিমিত্ত সন ১৮৫৩ সালের ২১ এপ্রেল মোতাবেক সন ১২৬০ সালের ১০ বৈশাখ রোজ বৃহস্পতিবার অত্র কালেক্টরির সদর কাছারিতে বিনাওজরে নিলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫৩ ইংরাজী তারিখ ৩১ মার্চ মোতাবেক সন ১২৫৯ সাল বাঙ্গালা তারিখ ১৮ চৈত্র।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর নম্বর	মহালের নাম ও পরগণার নাম	মালীকের নাম	সদর জমা	সন ১২৫৯ সালের লাগাইদ কিস্তী ফাল্গুণের বাকী	মন্তব্য কথা।
১	স্থিরতর বন্দবস্ত	৩৪৪	টৌজা নিশ্চিন্তপুর ও অভিরামপুর জাগীর উমরাও সিংহ পরগণে ভাতিয়া গোপালপুর	জগৎনারায়ণ চৌধুরী … …	৬ ।৵৫॥	৬ ।৵৫॥	
	ঐ	৩৪৫	ঐ	ঐ … …	৬ ।৵৫।	৬ ।৵৫॥	
	ঐ	৩৫০	টৌজা ঐ জাগীর আমুর বেগপরগণে ঐ …	মুজা বাহাদুর বেগ … …	৭৵	৭৵	
৪ অন্য মহালের বাবত পাওনা বাকী মালগুজারি নিমিত্ত যে মহাল নিলাম হইবেক।	ঐ	২৪৮	ক্রপ্তী মৌজে সূর্য্যনারায়ণপুর পরগণে সেরসাহাবাদ … … … …	রাণী মোনমোহনী … …	৬৬।৵১	৮৬৪।৵১	জেলা মুরসীদাবাদের শ্রীযুত কালেক্টর সাহেবের সন ১৮৫৩ সালের ৪ জানুআরির রোবকারির আদেশমত উক্ত জেলার অধীন বাজেআপ্তী মহাল কিরিট কোণার গয়রেহ মালীক রাণী মোনমোহনীর জেম্মার সরকারের লাগাদ সন১২৫৬ সালের ৮৬৪ ।৵১ টাকা বাকী আদায় কারণ এই মহাল নিলাম হইবেক।
	ঐ	২৫১	মৌজে কারখানা জহরপুর পরগণে ঐ …	ঐ …	২৩২,১	ঐ	ঐ

E. C. CRASTER, *Offg. Deputy Collector.*

জিলা ফরিদপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জিলা ফরিদপুরের কালেক্টরীর নীচের লিখিত মহাল সন ১৮৫৩ সনের লাং কিস্তী ফেব্রুআরিপর্য্যন্ত পাওনা বাকি মালগুজারির নিমিত্ত এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকি মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৫৩ সালের ১৮ অপ্রিল তারিখে এবং সোমবারে কালেক্টর সাহেবের কাছারীতে বিনা ওজরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইং তাং ২৯ মার্চ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫৩ লাং কিং ফেব্রুআরি পাওনা বাকি	মন্তব্য কথা।
১	কাএমী বন্দবস্তী লাখেরাজ বাজেয়াপ্তি মহাল	১৪৪	নং দর্পনারায়ণপুর ...	চন্দ্রনারায়ণ রায় বক্সাধিকারী ...	১৪১ ৭॥	১২১৲	এই মহাল অর্দ্ধ জমায় কাএমী বন্দবস্ত হইয়াছে ইতি।
২	মেয়াদী বন্দবস্তী	২৫০	চর পঞ্চাশহাজারী মৌং কেওটান ওগয়রহ ...	বৈকুণ্ঠনাথ গোপালপ্রসাদ চন্দ্রনাথ দীপচন্দ্র বিশ্বনাথ তজ্ঞাচরণ মহেশচরণ বসু মজুমদার ও শ্রীদুর্গা চৌধুরাণী জওজে মৃত অম্বিকাচরণ বসু ও শ্রীচরণ বসু ও কাশীশ্বরী চৌধুরাণী মাদরে অম্বিকাচরণ বসু মজুমদার ও উমাসুন্দরী চৌধুরাণী মাদরে মহাফেজে গুরুদাস বসু নাবালগ ও চন্দ্রকিশোর সর্ব্বানন্দ বসু মজুমদার ও ধনমণি চৌধুরাণী জওজে নরপচন্দ্র বসু ও কালীকান্ত গুহ মৌলিক সাং শ্রীবাড়ি	৭৬৭৮৮৪।	১৬৮৲	এই মহালে শতকরা ২৫৲ টাকা হিসাব মুনাফা দখিলকার পাইয়া থাকে ইতি।

T. B. Mactier, *Deputy Collector.*

জিলা বীরভূম।

এহেলানামা কাছারি কালেক্টরি জেলা বীরভূম এই যে

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the Court for the Relief of Insolvent Debtors at Calcutta, dated the ninth day of April current, made in the matter of **HURRYNARAIN DAY** of Tuntunneah Bazar Street, Calcutta, an Insolvent, upon the Petition of Thomas Seddon Kelsall, Richard Hoare, Edmund Charles Buxton, and Edward Miller, carrying on business in copartnership under the style or firm of Kelsall, Hoare and Company, creditors of the said Insolvent. It is ordered, that Saturday, the twenty-third day of April instant, at the hour of eleven o'clock in the forenoon, be appointed for the hearing of the matter of the Petition of the said Insolvent, for the purpose of proving the debt of the said Petitioners on which day or any other day to which the said hearing may be adjourned, any other creditors or other persons desirous of proving their claims may come in and prove their respective debts in this matter.

JUDGE, VRIGNON and NEWMARCH,
Attornies for the Petitioners.

Calcutta, 11th April, 1853.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে কলিকাতার টনটনিয়া বাজারের রাস্তানিবাসি যোত্রহীন হরিনারায়ণ দের মহাজন কেলসল হোর কোম্পানির নামে যৌতায় কর্ম্মকারি তমাস সেডন কেলসল সাহেব ও রিচার্ড হোর সাহেব ও এডমণ্ড চার্লস বকষ্টন সাহেব ও এড্বার্ড মিলর সাহেবের দরখাস্তমতে কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালতে বর্ত্তমান আপ্রিল মাসের ৯ তারিখে হুকুম হইয়াছিল যে উক্ত দরখাস্তকারিরদের পাওনার প্রমাণ করণার্থে উক্ত যোত্রহীনের দরখাস্ত শুননির নিমিত্তে বর্ত্তমান আপ্রিল মাসের ২৩ তারিখ শনিবার বেলা এগার ঘণ্টার সময় নিরূপণ হইয়াছে। অন্য যে কোন মহাজন অথবা অন্য যে কোন ব্যক্তি আপনার দাওয়ার প্রমাণ করিতে চাহেন তাঁহারা সেই তারিখে কিম্বা শুননির নিমিত্তে তাহার পর অন্য যে কোন তারিখ নির্দ্ধার্য্য হয় সেই তারিখে উপস্থিত হইয়া এই বিষয়ে আপন২ পাওনার প্রমাণ করিতে পারেন।

কলিকাতা ১৮৫৩ সাল ১১ অপ্রিল। জজ ও ব্রিনন ও নিউমার্চ।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

NOTICE.

In the Press, and shortly will be Published, a Bengalee Translation of the Assistant's Kutcherrie Companion and Help to the Revenue Examinations.

This little work contains (in the shape of Questions and Answers) a practical illustration of the entire Revenue System of the Bengal Government.

Early application to be made to the Calcutta Tutta Budhuni Press, or at the Office of the Government Pleader, Sudder Court.

Price 2 Rupees a copy.

ইশ্‌তেহার।

মালসংক্রান্ত আইনের সারসংগ্রহ অর্থাৎ এতদ্দেশীয় মালসংক্রান্ত তাবৎ আইন ও চিঠি ও অপরাপর নিয়মের সারার্থ প্রশ্ন উত্তরের স্থলে রাজস্বের অতি প্রধান পদাভিষিক্ত কোন মহাত্মাকর্ত্তৃক ইংরাজী ভাষায় বিরচিত হইয়া সংপ্রতি বঙ্গভাষায় অনুবাদিত হইল কলিকাতা রাজধানীস্থ তত্ত্ববোধিনী সভার যন্ত্রালয়ে অথবা সদর আদালতে সরকারি উকিলের আপীশে অনুসন্ধান করিলে পাওয়া যাইবেক।

মূল্য ২৲ টাকা মাত্র।

বিজ্ঞাপন।

এতদ্দেশীয় বিদ্যার্থী ও বিজ্ঞ মহাশয়দিগের বিদিতার্থে প্রকাশ করা যাইতেছে যে উত্তম কাগজে ও সদক্ষরে লিখিত গৌড়ীয় সাধু ভাষায় গদ্য ও পদ্যে ও প্রাচীন সংস্কৃত নাটকের ধারায় রচিত "ভানুমতী চিত্তবিলাস" নামে নাটক কলিকাতার সংবাদ পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে আশু প্রকাশ হইবেক। উক্ত নাটকের ইতিহাস সেক্সপিয়র নামে প্রসিদ্ধ ইংরাজী মহানাটকের মরচাণ্ট অফ বিনিস" ইত্যভিধেয় উপাখ্যানের প্রায় অনুরূপ। যে সকল মহাশয়েরা প্রাগুক্ত নাটক গ্রহণেচ্ছা করেন্ তাঁহারা কলিকাতার বড়বাজারের আমড়াতলার গলিতে ১২ নং বাটীতে সংবাদ পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে স্ব২ নাম প্রেরণ করিবেন। স্বাক্ষরকারিরা ঐ নাটক ১৷৷০ দেড় টাকা ও অস্বাক্ষরকারিরা ২৲ দুই টাকা মূল্যে পাইবেন ইতি।

মালদহ। ২ আপ্রেল ১৮৫৩।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৯ আপ্রিল।]

সুপ্রিম কোর্ট।

রিসিবর আফিস।

তালুকদিগর ইজারা।

আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

বাদী।

হরমোহন রায় ও রাজচন্দ্র রায়।

প্রতিবাদী।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে আগামি ৩০ আপরেল শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত এম: এফ: জী: সেণ্ডেস সাহেব তাঁহার আফিসে উপরোক্ত প্রতিবাদি হরমোহন রায় ও রাজচন্দ্র রায়ের নীচের লিখিত তালুকদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হবেন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা নদীয়া।

তালুক তরফ মাম জোয়ানি ১০২ মোজা বকম ১১১—ক্রান্তি।

এবং

মোকাম শান্তিপুর বড় বাগান নামক এক বাগান মাধ ইমারৎ বকম তিন অংশের দুই অংশ।
মোকাম শান্তিপুর চারা বাগান নামক এক বাগান বকম ঐ।

আবং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ১৩ আপরেল ১৮৫৩ সাল।

[*Government Gazette*, 19*th April* 1853.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জন ক্লার্কমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 26, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৬ আপ্রিল।

ACTS.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 15TH APRIL, 1853.

The following Act, passed by the Governor General of India in Council on the 15th April, 1853, is hereby promulgated for general information :

ACT NO. VI. OF 1853.

An Act relating to Summary Suits for Arrears of rent, to sales of Putnee Talooks, and other saleable tenures, and to sales of land in satisfaction of Summary Decrees for rent.

WHEREAS, by Regulation VIII. 1831 of the Bengal Code, the hearing and decision of Summary Suits or claims relating to arrears or exactions of rents were transferred from the Judges of the Zillah or City Courts to the Collectors of Land Revenue of the several districts ; and whereas by Regulation VII. 1832 of the Bengal Code, the conduct of sales of Putnee Talooks and other saleable tenures, under Regulations VIII. 1819, and I. 1820 of the same Code, and the performance of other acts preparatory to, or connected with, such sales, were transferred to the Collector or Deputy Collector of Land Revenue, or Head Assistant to the Collector or Deputy Collector, subject to an appeal as therein provided ; and whereas by Act VIII. 1835, the power theretofore vested in the Judges of the Dewanny Adawlut of selling land in satisfaction of summary decrees for rent was transferred to the Collectors of Land Revenue, and it was enacted that all sales for the recovery of arrears of rent held under Clause 7, Section XV. Regulation VII. 1799, should be conducted by the Collector, his Deputy, or duly authorized Assistant, and that

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৫ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৫ আপ্রিল তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৬ আইন।

মালগুজারীর বাকীর বিষয়ের সরাসরী মোকদ্দমা এবং পত্তনি তালুক ও বিক্রয়যোগ্য অন্যান্য অধিকারের নীলাম এবং খাজানার বিষয়ে সরাসরী ডিক্রী জারী করণার্থে ভূমির নীলামের বিষয়ে আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৮ আইনানুসারে মালগুজারীর বাকী অথবা তাহা অন্যায়েতে তহসীল করণের বিষয়ে সরাসরী মোকদ্দমা অথবা দাওয়ার শুনানি ও নিষ্পত্তি করণের ভার জিলা অথবা শহরের জজ সাহেবের স্থানহইতে উঠাইয়া লওয়া গেল এবং নানা জিলার ভূমির মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল। এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের দ্বারা ঐ দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইন এবং ১৮২০ সালের ১ আইনক্রমে পত্তনি তালুক ও বিক্রয়যোগ্য অন্যং অধিকারের নীলাম করণের ভার এবং ঐ নীলামের পূর্ব্বে অথবা তৎসম্পর্কে অন্য যেং কর্ম্ম করিতে হয় তাহা করণের ভার ভূমির মালগুজারীর কালেক্টর কি ডেপুটী কালেক্টর সাহেবকে কিম্বা ঐ কালেক্টর অথবা ডেপুটী কালেক্টরের প্রধান আসিষ্টাণ্ট সাহেবকে অর্পণ হইল এবং ঐ আইনের নির্দ্দিষ্টমতে আপীল হইতে পারিত। এবং যেহেতুক খাজানার বিষয়ে সরাসরী ডিক্রী জারীক্রমে ভূমি নীলাম করণের যে ক্ষমতা ইহার পূর্ব্বে দেওয়ানী আদালতের জজ সাহেবের প্রতি ছিল সেই ক্ষমতা ১৮৩৫ সালের ৮ আইনানুসারে ভূমির মালগুজারীর কালেক্টর সাহেবের প্রতি অর্পণ হইল এবং এইমত হুকুম হইল যে ১৭৯৯ সালের ৭ আইনের ১৫ ধারার ৭ প্রকরণানুসারে খাজানার বাকী উসুল করিবার সকল নীলাম কালেক্টর সাহেব কি তাঁহার ডেপুটী

ten days' notice should be given of such sales by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court or local Adawlut, and that of the Collector; and whereas it is expedient that Act XXV. 1850, and Section IX. Regulation VIII. 1819 of the Bengal Code, as modified by Clause 1, Section XVI. Regulation VII. 1832 of the same Code, and as altered by the said Act XXV. 1850, should be extended to sales under Act VIII. 1835; and whereas doubts may be entertained as to who ought to exercise the jurisdiction transferred by the above-mentioned Regulations and Acts, where lands situate within the zillah or other district of one Collector, form part of an entire estate, paying revenue to the Collector of another zillah or district: In order therefore to avoid such doubts, and also to define who are the proper Officers to exercise such jurisdictions in cases where lands are situate in a district assigned to an independent Deputy Collector, and also in cases where lands held in Putnee, or other tenure, at one entire rent, are situate in two or more Collectorates, and to prevent any such decision or sale already made from being held invalid, upon the ground of its having been made by an Officer of a wrong district. It is enacted as follows:

সাহেব কি তাঁহার রীতিমত ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেবের দ্বারা নির্ব্বাহ হইবেক. এবং জিলা অথবা স্থানীয় আদালতের কাছারীতে এবং কালেক্টর সাহেবের কাছারীতে ইশ্‌তিহারনামা লট্‌কাইয়া ঐ প্রকার নীলামের বিষয়ে দশ দিবসের এত্তেলা দেওয়া যাইবেক। এবং যেহেতুক ১৮৫০ সালের ২৫ আইন এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৩২ সালের ৭ আইনের ১৬ ধারার ১ প্রকরণের দ্বারা মতান্তরহওয়া এবং ঐ ১৮৫০ সালের ২৫ আইনের দ্বারা পরিবর্ত্তহওয়া বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারা ১৮৩৫ সালের ৮ আইনানুসারে হওয়া নীলামের বিষয়ে খাটান বিহিত হইয়াছে। এবং যেহেতুক যে গতিকে কোন এক কালেক্টর সাহেবের জিলা অথবা অন্য প্রদেশে স্থিত ভূমি এক সম্পূর্ণ মহালের অংশ হয় এবং সেই সমুদয় মহালের মালগুজারী অন্য জিলা বা প্রদেশের কালেক্টর সাহেবকে দেওয়া যায় সেই গতিকে উক্ত সকল আইনের দ্বারা যে ক্ষমতা নিবর্ত্তপরিবর্ত্ত হইল সেই ক্ষমতানুসারে কাহার কার্য্য করিতে হইবেক এই বিষয়ে সন্দেহ জন্মিতে পারে অতএব ঐ সকল সন্দেহ ভঞ্জনার্থে এবং আরো যে২ গতিকে ভূমি কোন স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবের জিম্মায় করা প্রদেশের মধ্যে থাকে এবং যে২ গতিকে পত্তনি তালুকের অথবা অন্য অধিকারের এক মোট খাজানা ধার্য্য আছে কিন্তু সেই ভূমি দুই বা ততোধিক কালেক্টর সাহেবের এলাকার মধ্যে আছে সেই২ গতিকে ঐ ক্ষমতানুসারে কার্য্য করিতে কোন২ কর্ম্মকারকের শক্তি আছে তাহা নির্ণয় করণার্থে এবং ইহার পূর্ব্বে সেইরূপ যে কোন নিষ্পত্তি কি ভূমির নীলাম হইয়াছিল তাহা অপ্রকৃত জিলার কর্ম্মকারকের দ্বারা হইয়াছে বলিয়া অসিদ্ধ জ্ঞান না হওনের জন্যে নীচের লিখিতমতে হুকুম হইল।

I. If the lands which may be the subject of any such sale, or to the rent of which any such suit may relate, be all situate in one Collectorate, the Collector of such Collectorate is the Collector to conduct the sale, or to hear and decide the suit. If one Talook or tenure shall comprise lands situate in two or more Collectorates, or if any lands situate in two or more Collectorates be held under one lease or engagement, or at one entire rent, the Collector, in whose Collectorate the greater part of such lands shall be situate, is the Collector to conduct the sale of such Talook, or tenure, or of such lands, and to hear and decide any summary suit relating to arrears or exactions of rent in respect thereof.

১ ধারা। যে২ ভূমির উক্ত প্রকারে কোন নীলাম হয় তাহা অথবা যে২ ভূমির খাজানার বিষয়ে উক্ত প্রকার মোকদ্দমা হয় সেই সকল ভূমি যদি একি কালেক্টর সাহেবের এলাকার মধ্যে থাকে তবে ঐ কালেক্টরীর কালেক্টর সাহেব ঐ নীলাম নির্ব্বাহ করিবার অথবা ঐ মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার উপযুক্ত কালেক্টর হন। যদি কোন তালুক বা অধিকারের জমী দুই বা ততোধিক কালেক্টরীর মধ্যে থাকে কিম্বা যদি দুই বা ততোধিক কালেক্টরীর মধ্যস্থিত কোন ভূমি একি পাট্টা অথবা বন্দোবস্তক্রমে কি মোট একি জমাক্রমে ধার্য্য হইয়াছে তবে যে কালেক্টর সাহেবের কালেক্টরীর মধ্যে ঐ ভূমির অধিকাংশ থাকে সেই কালেক্টর সাহেব ঐ তালুক কি অধিকার অথবা সেইরূপ ভূমির নীলাম নির্ব্বাহ করিবার উপযুক্ত কালেক্টর হন এবং তাহার বাবৎ কোন বাকী খাজানার অথবা তাহা অন্যায়েতে তহসীল করণের বিষয়ে কোন সরাসরী মোকদ্দমা হইলে তাহাও তিনি শুনিবেন ও নিষ্পত্তি করিবেন ইতি।

II. If a Collector, to whom application shall be made to exercise any of the powers above mentioned, shall entertain any doubt as to whether the lands or the greater part of them are situate within his Collectorate, he shall report the case for the order of the Board to which he is subordinate, and if ordered by such Board to proceed in the matter, such order shall be conclusive upon the question of his jurisdiction.

২ ধারা। পূর্ব্বোক্ত কোন ক্ষমতানুসারে কার্য্য করিতে যে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করা যায় যদি আপনার কালেক্টরীর মধ্যে সেই ভূমি কি তাহার অধিকাংশ থাকনের বিষয়ে তাঁহার কোন সন্দেহ হয় তবে তিনি যে বোর্ডের অধীনে থাকেন সেই বোর্ডের হুকুম পাইবার জন্যে তথায় সেই বিষয়ের রিপোর্ট করিবেন এবং যদি ঐ বোর্ড তাঁহাকে সেই বিষয় নির্ব্বাহ করিতে হুকুম করেন তবে ঐ হুকুম তাঁহার এলাকার বিষয়ে চূড়ান্ত হইবেক ইতি।

III. The word "Collectorate" in this Act means the zillah or other district, to which a Collector is appointed, and no lands situate beyond the limits of such zillah or district shall be deemed to be situate within the Collectorate, by reason of their forming

৩ ধারা। এই আইনের মধ্যে "কালেক্টরী" এই কথা যে জিলা অথবা অন্য প্রদেশে কালেক্টর নিযুক্ত হন তাহা বুঝাইবেক এবং ঐ জিলা অথবা প্রদেশের সীমার বাহিরে যে কোন ভূমি থাকে তাহা ঐ কালেক্টরীর কালেক্টর সাহেবকে যে মহালের মালগুজারী দেওয়া যায়

part of an estate paying revenue to the Collector thereof.

IV. An independent Deputy Collector may, within his Deputy Collectorate, exercise all the powers and jurisdictions of a Collector with which he may be entrusted, in the same manner and to the same extent as a Collector may do within his Collectorate, and with reference to the exercise of such powers and jurisdictions, his Deputy Collectorate shall be deemed a Collectorate, and he shall be deemed to be a Collector within the meaning of this Act.

V. An independent Deputy Collector is an Officer appointed by Government to act as Deputy Collector, independently of a Collector, whether his office is one for the receipt of revenue or not. A Deputy Collectorate is the district within which an independent Deputy Collector is directed by Government to act.

VI. In cases of sales by an independent Deputy Collector, under the abovementioned Regulations or Act, any notice thereby required to be stuck up at the Cutcherry of the Collector, may be stuck up at the Cutcherry of the Deputy Collector.

VII. An independent Deputy Collector may exercise the powers assigned to him over any part of his Deputy Collectorate in public Cutcherry, in whatever part of his Deputy Collectorate the same may be situate or held.

VIII. Any notice required by the abovementioned Regulations or Act, to be given by advertisement to be stuck up at the Cutcherry of the Zillah Court or local Adawlut, shall be stuck up at the Zillah Court or local Adawlut within the jurisdiction of which the lands to be sold, or the greater portion of them, as the case may be, shall be situate.

IX. No order, decision, or sale made in the discharge of any of the duties aforesaid under any of the aforesaid Regulations, or under the aforesaid Act, before the passing of this Act, shall be disputed, or deemed invalid, upon the ground that the Collector, Deputy Collector, or other Officer making the same, was not the Collector, Deputy Collector or Officer of the proper district, or upon the ground that the Cutcherry, at which notice of such sale was given, was not the Cutcherry of the proper district, unless proceedings shall, previously to the passing of this Act, have been commenced, for the purpose of disputing the validity of such order, decision, or sale, upon such ground.

X. Act XXV. 1850, and Section IX. Regulation VIII. 1819 of the Bengal Code, as modified by Clause 1, Section XVI. Regulation VII. 1852 [illegible] same Code, except so far as the same has [illegible] altered by the said Act XXV. 1850, are hereby extended to all sales under Act VIII. 1835.

J. P. GRANT,

Secy. to the Govt. of India.

তাহার এক অংশ হওনপ্রযুক্ত ঐ কালেক্টরীর মধ্যস্থিত আছে এইমত বোধ হইবেক না ইতি।

৪ ধারা। কালেক্টর সাহেব আপন কালেক্টরীর মধ্যে যে প্রকারে ও যেপর্য্যন্ত কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিতে পারেন স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবও সেই প্রকারে ও সেইপর্য্যন্ত আপন ডেপুটী কালেক্টরীর মধ্যে কালেক্টরের যে ক্ষমতা ও এলাকা প্রাপ্ত হন তদনুসারে কার্য্য করিতে পারেন। এবং ঐ ক্ষমতা ও এলাকার কার্য্য সম্পর্কে তাঁহার ডেপুটী কালেক্টরী এক কালেক্টরীস্বরূপ জ্ঞান হইবেক এবং তিনি এই আইনের অর্থের মধ্যে কালেক্টর জ্ঞান হইবেন ইতি।

৫ ধারা। গবর্ণমেণ্ট যে কার্য্যকারককে কালেক্টরের অধীন না হইয়া ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে নিযুক্ত করেন, তাঁহার কাছারী মালগুজারী আদায়ের কাছারী হউক কি না হউক, তিনিই স্বাধীন ডেপুটী কালেক্টর। গবর্ণমেণ্ট যে সীমার মধ্যে কোন স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবকে কর্ম্ম করিতে আজ্ঞা করেন তাহাই ডেপুটী কালেক্টরী হয় ইতি।

৬ ধারা। পূর্ব্বোক্ত আইনমতে যখন কোন স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবের দ্বারা নীলাম হইবেক তখন উক্ত আইনমতে কালেক্টর সাহেবের কাছারীতে যে কোন এস্তেহার লট্‌কাইবার হুকুম আছে তাহা ডেপুটী কালেক্টর সাহেবের কাছারীতে লট্‌কান যাইতে পারে ইতি।

৭ ধারা। স্বাধীন ডেপুটী কালেক্টর সাহেবের কাছারী আপন ডেপুটী কালেক্টরীর মধ্যে যে কোন স্থানে থাকে কি করা যায় তিনি আপনার ডেপুটী কালেক্টরীর কোন অংশের উপর আপনার প্রতি অর্পিত ক্ষমতানুসারে খোলা কাছারীতে কার্য্য করিতে পারেন ইতি।

৮ ধারা। পূর্ব্বোক্ত আইনক্রমে যে কোন এস্তেহার জিলার আদালতের কি স্থানীয় আদালতের কাছারীতে ইস্তেহারনামা লট্‌কাওনের দ্বারা দেওয়া যাইবার হুকুম আছে সেই এস্তেহার যে ভূমি নীলাম হইবেক তাহা কিম্বা বিষয়বিশেষে তাহার অধিকাংশ যে জিলার আদালতের কি স্থানীয় আদালতের এলাকার শামিল থাকে সেই আদালতে লট্‌কান যাইবেক ইতি।

৯ ধারা। এই আইন জারী হইবার পূর্ব্বে পূর্ব্বোক্ত কোন আইনানুসারে অথবা পূর্ব্বোক্ত আক্ট অনুসারে পূর্ব্বোক্ত কোন কার্য্য নির্ব্বাহ করণেতে যে কোন হুকুম কি নিষ্পত্তি কি নীলাম হইয়াছে তাহা যে কালেক্টর কিম্বা ডেপুটী কালেক্টর সাহেব কিম্বা অন্য কর্ম্মকারক করিয়াছেন তিনি উপযুক্ত জিলার কালেক্টর কি ডেপুটী কালেক্টর কিম্বা কর্ম্মকারক ছিলেন না বলিয়া কিম্বা যে কাছারীতে ঐ নীলামের এস্তেহার দেওয়া গিয়াছিল সেই কাছারী উপযুক্ত জিলার কাছারী ছিল না বলিয়া তাহার বিষয়ে কোন বিবাদ হইতে পারিবেক না ও তাহা অসিদ্ধ জ্ঞান হইবেক না। কিন্তু যদি এই আইন জারী হওনের পূর্ব্বে ঐ হুকুম কি নিষ্পত্তি কি নীলামের সিদ্ধতার বিষয়ে আপত্তি করণার্থে মোকদ্দমার কার্য্য আরম্ভ হইয়া থাকে তবে সেই বিষয়ে বিবাদ হইতে পারে ও তাহা অসিদ্ধ জ্ঞান হইতে পারে ইতি।

১০ ধারা। ১৮৫০ সালের ২৫ আইন এবং বাঙ্গলা দেশের চলিত ১৮৫২ সালের ৭ আইনের ১৬ ধারার ১ প্রকরণ যেপর্য্যন্ত ঐ ১৮৫০ সালের ২৫ আইনের দ্বারা পরিবর্ত্তন না হইয়াছে সেইপর্য্যন্ত ঐ ১ প্রকরণের দ্বারা মতান্তরকরা বাঙ্গলা দেশের চলিত ১৮১৯ সালের ৮ আইনের ৯ ধারা ১৮৩৫ সালের ৮ আইনানুসারে সকল নীলামের বিষয়ে ইহার দ্বারা খাটান গিয়াছে ইতি।

জে পি গ্রাণ্ট।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 15TH APRIL, 1853.

The following Act, passed by the Governor General of India in Council, on the 15th April, 1853, is hereby promulgated for general information.

ACT No. VII. OF 1853.

An Act to extend the jurisdiction of Magistrates, under the 53rd George 3rd, Cap. 155, Sect. 105 in cases of assaults, forcible entries, and other injuries accompanied with force, not being felonies.

WHEREAS, by an Act passed in the 53rd year of the reign of King George the 3rd, it was enacted amongst other things that it should be lawful for any Native of India resident in the East Indies or parts therein mentioned, and out of the Towns of Calcutta, Madras and Bombay, in case of any assault, forcible entry, or other injury accompanied with force, not being felony, alleged to have been done against his person or property by a British subject, to complain of such assault, forcible entry, or other injury accompanied with force, not being felony, to the Magistrate of the zillah, or district where the alleged offender should be resident, or in which such offence should have been committed, and that such Magistrate should have the power and authority therein mentioned : and whereas Natives of India, resident in the East Indies, upon complaints preferred by them under the aforesaid provisions of the said Act, may be prevented from obtaining redress under the same, by reason of their inability to prove the place of their birth : and whereas it is expedient to extend the aforesaid provisions of the said Act as amended by Act IV. 1843, to cases of assaults, forcible entries, and other injuries accompanied with force, not being felonies, committed in any part of the territories under the Government of the East India Company, not being within the said Towns of Calcutta or Madras, or the Islands of Bombay and Colaba, or the settlement of Prince of Wales' Island, Singapore and Malacca, against the person or property of any person whatever, whether a Native of India or not : It is enacted as follows :

I. The provisions of the said Act of the 53rd George 3rd and of Act IV. 1843, so far as the said provisions extend to cases of assault, forcible entries, or other injuries accompanied with force, not being felonies, against the person or property of any Native of India, are hereby extended to the case of any assault, forcible entry, or other injury accompanied with force, not being felony, which may at any time hereafter be committed in any part of the territories under the Government of the East India Company, not being within the said towns of Calcutta or Madras, the said Islands of Bombay and Colaba, or the said settlement of Prince of Wales'

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৫ আপ্রিল।

ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৫ আপ্রিল তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৭ আইন।

চড়াউ করণ এবং বলপূর্ব্বক প্রবেশ করণ ও বলপূর্ব্বক যে ক্ষতি ফেলোনি না হয় এমত অন্য প্রকার অপরাধ করণের মোকদ্দমায় তৃতীয় জর্জ বাদশাহের ৫৩ বৎসরীয় আইনের ১৫৫ অধ্যায়ের ১০৫ ধারানুসারে মাজিষ্ট্রেট সাহেবেরদের যে ক্ষমতা আছে তাহা বৃদ্ধি করণের আইন।

যেহেতুক তৃতীয় জর্জ বাদশাহের অধিকারের ৫৩ বৎসরে জারীহওয়া আইনের দ্বারা অন্যান্য বিষয়ের মধ্যে ইহারো হুকুম হইয়াছিল যে ভারতবর্ষে কিম্বা ঐ আইনের মধ্যের নির্দ্দিষ্ট স্থান এবং কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই শহরের বাহিরের স্থাননিবাসি ভারতবর্ষজাত কোন লোকের উপর কিম্বা তাহার সম্পত্তির উপর ব্রিটনীয় কোন প্রজাকর্ত্তৃক কোন চড়াউ কিম্বা বলপূর্ব্বক প্রবেশ কিম্বা ফেলোনি না হইয়া বলপূর্ব্বক অন্য কোন ক্ষতি হইয়াছে কথিত হইলে ভারতবর্ষজাত ঐ ব্যক্তি ঐ কথিত অপরাধী যে জিলাতে কি প্রদেশে বাস করে কিম্বা ঐ অপরাধ যে জিলার কি প্রদেশের মধ্যে হইয়াছে তাহার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এমত চড়াউ কি বলপূর্ব্বক প্রবেশ কিম্বা ফেলোনি না হইয়া বলপূর্ব্বক অন্য ক্ষতির বিষয়ে নালিশ করিতে পারে এবং তাহার বিষয়ে ঐ মাজিষ্ট্রেট সাহেবের ঐ আইনের নির্দ্দিষ্ট শক্তি ও ক্ষমতা থাকিবেক। এবং যেহেতুক ভারতবর্ষের মধ্যনিবাসি ভারতবর্ষজাত লোকেরা উক্ত আইনের পূর্ব্বোক্ত বিধানমতে নালিশ করিলেও আপনারদের জন্মস্থানের বিষয়ে প্রমাণ দিতে অক্ষম হওয়াপ্রযুক্ত ঐ আইনানুসারে তাঁহারদের প্রতিকার পাইবার বাধা হইতে পারে। এবং যেহেতুক উক্ত কলিকাতা বা মান্দ্রাজ শহর কি বোম্বাই কি কোলাবা উপদ্বীপ অথবা পুলোপিনাঙ্গ কি সিংহপুর বা মালাকার বসতির স্থানভিন্ন কোম্পানি বাহাদুরের শাসিত দেশের মধ্যের কোন স্থানে ভারতবর্ষজাত হউন বা না হউন কোন ব্যক্তির কি তাঁহার সম্পত্তির উপর যে চড়াউ কিম্বা বলপূর্ব্বক প্রবেশ কিম্বা ফেলোনি না হইয়া বলপূর্ব্বক অন্য যে কোন প্রকার ক্ষতি করা যায় তাহার বিষয়ে ১৮৪৩ সালের ৪ আইনের দ্বারা সংশোধিত উক্ত আইনের পূর্ব্বোক্ত বিধান খাটান বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। তৃতীয় জর্জ বাদশাহের ৫৩ বৎসরীয় উক্ত আইন এবং ১৮৪৩ সালের ৪ আইনের বিধান যেপর্য্যন্ত ভারতবর্ষজাত কোন ব্যক্তির কি তাঁহার সম্পত্তির উপর চড়াউ কি বলপূর্ব্বক প্রবেশ করণের কিম্বা ফেলোনি না হইয়া বলপূর্ব্বক অন্য প্রকার ক্ষতি করণের বিষয়ে খাটে সেইপর্য্যন্ত বিস্তারিত হইয়া উক্ত কলিকাতা বা মান্দ্রাজ শহর কিম্বা উক্ত বোম্বাই কি কোলাবা উপদ্বীপ অথবা পুলোপিনাঙ্গ কি সিংহপুর বা মালাকার উক্ত বসতির স্থানভিন্ন কোম্পানি বাহাদুরের শাসিত দেশের অন্য কোন স্থানে কোন ব্রিটনীয় প্রজা কিম্বা অন্য কোন ব্যক্তিকর্ত্তৃক উত্তর কালে যে কোন চড়াউ কিম্বা বলপূর্ব্বক প্রবেশ কিম্বা ফেলোনি না হইয়া অন্য কোন প্রকার ক্ষতি কোন ব্যক্তির

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ২৬ আপ্রিল।]

Island, Singapore and Malacca, by any British subject or other person, against the person or property of any person whatever.

II. The powers in such cases given to the Magistrate of the zillah or district, may be lawfully exercised by any Joint Magistrate or other person lawfully exercising the powers of a Magistrate, in the case of any such offence as aforesaid, which may hereafter be committed within the district over which his authority extends.

J. P. GRANT,
Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 22ND APRIL, 1853.

The following Act is brought up before the Legislative Council this day. The Governor General of India in Council being desirous that no time should be lost in passing the Act;

Resolved,—That the Rule requiring that no Draft of a law shall be ordered to be published till at least one week shall have elapsed from the day on which it was first laid before the Council of India in its Legislative Department, and that the Rules requiring that all Acts of the Governor General of India in Council shall be brought up for second reading in two months, or in three months, from the date of the first reading, be suspended in respect to the following proposed Act, and that it be at once passed into law.

ACT No. IX. OF 1853.

An Act to amend Act No. VI. of 1853.

It is hereby enacted, that the first eight Sections of Act No. VI. of 1853, shall not extend to any case in which a petition for the sale of any saleable tenure was presented on the first day of Bysack, 1260, of the Bengal era, nor to any case in which any proceedings were pending at the time of the passing of the said Act.

J. P. GRANT,
Secy. to the Govt. of India.

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 1ST APRIL, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 1st of April, 1853.

ACT No. —— OF 1853.

An Act to amend the practice and course of proceeding on the Equity side of Her Majesty's Supreme Courts of Judicature at Fort William in Bengal, Fort St. George and Bombay.

WHEREAS it is expedient to amend the practice

বা তাঁহার কোন সম্পত্তির উপর করা যায় তাহার বিষয়ে ইহার দ্বারা খাটান গেল ইতি।

২ ধারা। কোন জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কোন ব্যক্তির যে প্রদেশে ক্ষমতা থাকে সেই প্রদেশের মধ্যে উক্ত প্রকার যে কোন অপরাধ উত্তর কালে করা যায় তাহার বিষয়ে জিলা কিম্বা প্রদেশের মাজিষ্ট্রেট সাহেবের যে ক্ষমতা আছে সেই ক্ষমতাক্রমে ঐ জাইণ্ট মাজিষ্ট্রেট-প্রভৃতি আইনমতে কার্য্য করিতে পারিবেন ইতি।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২২ আপ্রিল।

নীচের লিখিত আইন ব্যবস্থাপক কৌন্সেলের সম্মুখে অদ্য অর্পণ করা যায়। ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ঐ আইন অবিলম্বে জারী করিতে ইচ্ছুক হইয়া

নির্দ্ধারণ করিলেন

যে ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের কৌন্সেলের সম্মুখে যে দিবসে কোন আইনের মুসাবিদা অর্পণ করা যায় তাহার পর অতিন্যূন এক সপ্তাহ গত না হইলে যে বিধানক্রমে তাহা প্রকাশ করা যাইবেক না, এবং যে২ বিধানক্রমে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সকল আক্ট প্রথমবার পাঠ করা যাইবার তারিখের পর দুই মাস কিম্বা তিন মাস গত হইলে তাহা দ্বিতীয়বার পাঠ হইবার জন্যে উপস্থিত করা যাইবেক সেই২ বিধান নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা একেবারে আইনস্বরূপ জারী করা যায়।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৯ আইন।

১৮৫৩ সালের ৬ আইন সংশোধনের আইন।

ইহার দ্বারা হুকুম হইল যে যে কোন স্থলে বিক্রয়যোগ্য কোন অধিকারের নীলাম হইবার দরখাস্ত বাঙ্গলা সন ১২৬০ সালের বৈশাখ মাসের প্রথম দিবসে অর্পণ করা গিয়াছিল অথবা যে কোন স্থলে উক্ত আইন জারী হওনের সময়ে কোন মোকদ্দমার কার্য্য উপস্থিত ছিল সেই২ স্থলে ১৮৫৩ সালের ৬ আইনের ১। ২। ৩। ৪। ৫। ৬ ৭। ৮ ধারা খাটিবেক না ইতি।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১ আপ্রিল।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১ আপ্রিল তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে ও মান্দ্রাজে ও বোম্বাইতে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের একুটিপক্ষে কার্য্য করণের ব্যবহার ও ধারা সংশোধন করণের আইন।

যেহেতুক বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে

and course of proceeding on the Equity side of Her Majesty's Supreme Courts of Judicature at Fort William in Bengal, Fort St. George and Bombay, It is enacted as follows:

এবং মান্দ্রাজে ও বোম্বাইতে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের একুটি পক্ষে কার্য্য করণের ব্যবহার ও ধারা সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিত-মতে হুকুম হইল।

1. Every bill of complaint to be filed in any of the said Courts after the time hereinafter appointed for the commencement of this Act, shall contain, as concisely as may be, a narrative of the material facts, matters and circumstances on which the plaintiff relies, such narrative being divided into paragraphs numbered consecutively, and each paragraph containing, as nearly as may be, a separate and distinct statement or allegation, and shall pray specifically for the relief which the plaintiff may conceive himself entitled to, and also for general relief, but such bill of complaint shall not contain any interrogatories for the examination of the defendant.

১ ধারা। এই আইন আমলে আসিবার যে সময় পরে নির্দ্দিষ্ট হইয়াছে সেই সময়ের পর উক্ত কোন আদালতে যেং নালিশের বিল ফাইল করা যায় তাহাতে ফরিয়াদী যে সকল প্রয়োজনীয় কার্য্য ও বিষয় ও বৃত্তান্তের প্রতি নির্ভর করে তাহার বিবরণ যথাসাধ্য সংক্ষেপে লেখা থাকিবেক। ঐ বিবরণ দফাং করিয়া বিভাগ হইয়া সেইং দফায় ক্রমশঃ ১,২,প্রভৃতি নম্বর থাকিবেক। এবং যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত প্রত্যেক দফায় স্বতন্ত্র ও পৃথক্ বয়ান কি এজহার লেখা থাকিবেক এবং ফরিয়াদী যে উপকার পাওয়া আপনার হক জ্ঞান করে সেই বিশেষ উপকার এবং সাধারণ উপকারও প্রার্থনা করিবেক। কিন্তু ঐ নালিশের বিলের মধ্যে আসামীর স্থানে জওয়াব লইবার জন্যে কোন সওয়াল থাকিবেক না ইতি।

II. Within a time, to be limited by the rules or orders to be made by the Judges of the said Courts respectively in that behalf, the plaintiff in any suit in any of the said Courts commenced by bill may, if he requires an answer from any defendant thereto, file in the sworn clerk's or other proper office of the said Court, interrogatories for the examination of the defendant or defendants, or such of them from whom he shall require an answer, and deliver to the defendant or defendants so required to answer, or to his or their solicitor, a copy of such interrogatories, or of such of them as shall be applicable to the particular defendant or defendants, and no defendant shall be called upon or required to put in any answer to a bill unless interrogatories shall have been so filed, and a copy thereof delivered to him or his solicitor, within the time so to be limited, or within such further time as the Court shall think fit to direct.

২ ধারা। উক্ত কোন আদালতে বিলের দ্বারা আরম্ভ-হওয়া কোন মোকদ্দমায় যদি ফরিয়াদী ঐ মোকদ্দমার কোন আসামীর স্থানে জওয়াব চাহে তবে আসামীকে কি আসামীরদিগকে কিম্বা তাহারদের যে কোন কাহার স্থানে জওয়াব লইতে চাহে তাহারদিগকে জিজ্ঞাসা করিবার নিমিত্তে, ঐ প্রত্যেক আদালতের জজ সাহেবেরা বিধান কি হুকুম করিয়া সওয়াল ফাইল করিবার জন্যে যে মিয়াদ নির্দ্দিষ্ট করেন সেই মিয়াদের মধ্যে, ফরিয়াদী উক্ত আদালতের শপথকরা ক্লার্কের দফ্তরখানায় কিম্বা অন্য উপযুক্ত দফ্তরখানায়, সওয়াল ফাইল করিবেক এবং যে আসামীর কি আসামীরদের স্থানে জওয়াব লইতে চাহে তাহাকে কি তাহারদিগকে, কিম্বা তাহার কি তাহারদের উকীলকে, ঐ সমুদয় সওয়ালের নকল কিম্বা বিশেষ আসামীর কি আসামীরদের প্রতি বিশেষ যেং সওয়াল খাটে তাহার নকল তাহাকে কি তাহারদিগকে অর্পণ করিবেক। এবং সেই প্রকারের নির্দ্দিষ্ট করা মিয়াদের মধ্যে, অথবা আদালত তাহার অতিরিক্ত যে কোন সময়ের হুকুম করা উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে, যদি সেই সওয়াল দাখিল না করা যায় এবং তাহার এক নকল কোন আসামীকে কি তাহার উকীলকে না দেওয়া যায় তবে সেই আসামীকে বিলের কোন উত্তর দিতে তলব কি হুকুম করা যাইবেক না ইতি।

III. Whether the plaintiff in any suit in any of the said Courts shall or shall not require any answer from the defendant, or any one or more of the defendants to the bill, such defendant or defendants may, without leave of the Court, put in a plea, answer, or demurrer to the plaintiff's bill within the time now allowed to the defendant for demurring alone to a bill, or within such other time as shall be fixed by any rules or orders to be framed by the Judges of the said Courts respectively in that behalf; but after that time a defendant or defendants not required to answer the plaintiff's bill shall not be at liberty to put in a plea, answer, or demurrer to the bill, without leave of the Court; provided that the power of the Court to grant further time for pleading, answering, or demurring to any bill, upon the application of any defendant or defendants thereto, whether required to answer the bill or not, shall remain in full force, and shall not be in any wise prejudiced or affected; provided also that if the Court shall grant any further time to any defendant for

৩ ধারা। উক্ত কোন আদালতে কোন মোকদ্দমার ফরিয়াদী বিলের আসামীর কিম্বা তাহারদের এক কি অনেক জনের স্থানে জওয়াব চাহিলে কি না চাহিলেও, ঐ আসামীর কি আসামীরদের ক্ষমতা থাকিবেক যে, বিলের কথার উপর কেবল আইনঘটিত আপত্তি করিবার যে মিয়াদ এইক্ষণে আসামীকে দেওয়া যাইতেছে সেই মিয়াদের মধ্যে, কিম্বা ঐ কার্য্যের নিমিত্তে উক্ত প্রত্যেক আদালতের জজ সাহেবেরা যে কোন বিধান কি হুকুম করেন তদনুসারে নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে, আদালতের অনুমতি না লইয়া, ফরিয়াদীর বিলের প্লী অর্থাৎ আইন ও কার্য্যঘটিত আপত্তি কিম্বা জওয়াব অথবা বিলের কথার উপর আইনঘটিত আপত্তিপত্র অর্পণ করে। কিন্তু সেই মিয়াদ গত হইলে পর, যে আসামী কি আসামীরদিগকে ফরিয়াদীর বিলের জওয়াব দিতে হুকুম না হয় সে বা তাহারা আদালতের অনুমতি বিনা আইন ও কার্য্য ঘটিত আপত্তি কি জওয়াব কি বিলের কথার উপর আইনঘটিত আপত্তি দাখিল করিতে পারিবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে বিলের কোন আসামী কি আসামীরদিগকে বিলের জওয়াব দিতে হুকুম হইলে কি না হইলেও, তাহারদের কোন কাহার প্রার্থনামতে, কোন বিলের আইন ও কার্য্যঘটিত আপত্তি করিবার কি জওয়াব দিবার কি বিলের কথার

pleading, answering or demurring to the bill, the plaintiff's right to move for a decree under the provisions hereinafter contained shall in the mean time be suspended.

উপর আইনঘটিত আপত্তি করিবার নিমিত্তে অধিক সময় দিতে আদালতের যে ক্ষমতা আছে তাহা সম্পূর্ণরূপে বলবৎ থাকিবেক এবং তাহার কোন প্রকারে হানি কি হ্রাস বৃদ্ধি হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে যদি আদালত কোন আসামীকে আইন ও কার্য্য ঘটিত আপত্তি কি জওয়াব কি বিলের কথার উপর আইনঘটিত আপত্তি করিবার নিমিত্তে অধিক সময় দেন তবে তৎকালের নিমিত্তে এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে ফরিয়াদীর ডিক্রী পাইবার প্রার্থনা করিবার যে অধিকার হয় তাহা স্থগিত থাকিবেক ইতি।

IV. The answer of the defendant to any bill of complaint in any of the said Courts may contain not only the answer of the defendant to the interrogatories so filed as aforesaid, but such statements material to the case as the defendant may think it necessary or advisable to set forth therein, and such answer shall also be divided into paragraphs, numbered consecutively, each paragraph containing, as nearly as may be, a separate and distinct statement or allegation.

৪ ধারা। উক্ত কোন আদালতে কোন নালিশের বিলের যে জওয়াব আসামী দেয় তাহার মধ্যে পূর্ব্বোক্ত প্রকারে ফাইল করা সওয়ালের উত্তরে আসামীর কথা লেখা থাকিবেক এবং তদ্ভিন্ন আসামী মোকদ্দমাসম্পর্কীয় গুরুতর অন্য যে কোন বয়ান তাহার মধ্যে প্রকাশ করা আবশ্যক কি উচিত বোধ করে তাহাও লেখা যাইতে পারে। সেই জওয়াবও দফা২ করিয়া বিভাগ হইবেক এবং সেই২ দফায় ১, ২, প্রভৃতি নম্বর ক্রমশঃ থাকিবেক এবং যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত প্রত্যেক দফায় স্বতন্ত্র ও পৃথক্ বয়ান ও এজহার থাকিবেক ইতি।

V. The plaintiff in any suit commenced by bill shall be at liberty, at any time after the time allowed to the defendant for answering the same shall have expired (but before replication,) to move the Court, upon such notice as shall in that behalf be prescribed by any rule or order to be made by the Judges of the said Courts respectively, for such decree or decretal order as he may think himself entitled to, and the plaintiff and defendant respectively shall be at liberty to file affidavits in support of and in opposition to the motion so to be made, and to use the same on the hearing of such motion; and if such motion shall be made after an answer filed in the cause the answer shall, for the purposes of the motion, be treated as an affidavit.

৫ ধারা। বিলের দ্বারা আরম্ভহওয়া কোন মোকদ্দমার ফরিয়াদীর ক্ষমতা থাকিবেক যে, ঐ বিলের জওয়াব করণের যে সময় আসামীকে দেওয়া যায় তাহা অতীত হইলে পর কিন্তু জওয়াবলজওয়াব দাখিল করণের পূর্ব্বে কোন সময়ে, আদালতে প্রার্থনা করণের বিষয়ে উক্ত প্রত্যেক আদালতের জজ সাহেবেরদের করা কোন বিধান কি হুকুমের দ্বারা যে এত্তেলা নির্দ্দিষ্ট করা যায়, সেই এত্তেলা করণ পূর্ব্বক, ফরিয়াদী যে ডিক্রী কি ডিক্রীর সম্পর্কীয় হুকুম পাওয়া আপনার হক জ্ঞান করে তাহা পাইবার প্রার্থনা করে। এবং উক্ত প্রকারে যে প্রার্থনা করিবার মনস্থ থাকে তাহার পোষকতার নিমিত্তে ফরিয়াদী এবং তাহার প্রতিবন্ধকতার নিমিত্তে আসামীও আফিডেবিট দাখিল করিতে পারে, এবং ঐ প্রার্থনার শুনানির সময়ে ঐ আফিডেবিট ব্যবহার করিতে পারে। এবং ঐ মোকদ্দমায় জওয়াব দাখিল হওনের পরে যদি ঐ প্রার্থনা করা যায় তবে ঐ জওয়াব ঐ প্রার্থনার অভিপ্রায়ের উপলক্ষে আফিডেবিটের তুল্য জ্ঞান হইবেক ইতি।

VI. Upon any such motion for a decree or decretal order, it shall be discretionary with the Court to grant or refuse the motion, or to make an order giving such directions for or with respect to the further prosecution of the suit as the circumstances of the case may require, and to make such order as to costs as it may think right.

৬ ধারা। ডিক্রী কিম্বা ডিক্রীসম্পর্কীয় হুকুম পাইবার এমত কোন প্রার্থনা হইলে, আদালত আপনার বিবেচনামতে ঐ প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারেন কিম্বা বিষয়ের ভাব বুঝিয়া যেমন আবশ্যক হয় তেমন মোকদ্দমা উত্তর কালে চালাইবার জন্যে কি চালাইবার বিষয়ে হুকুম জারী করিবেন এবং খরচার বিষয়ে যেরূপ হুকুম করা উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

VII. The practice of excepting to bills, answers and other proceedings in the said Courts for impertinence, shall be, and the same is hereby abolished; provided that it shall be lawful for any of the said Courts to direct the costs occasioned by any impertinent matter introduced into any proceeding in the said Court to be paid by the party introducing the same, upon application being made to the Court for that purpose.

৭ ধারা। উক্ত আদালতে বিলের ও জওয়াবের এবং অন্যান্য কার্য্যের মধ্যে অসম্পর্কীয় কথা থাকাপ্রযুক্ত তদ্বিষয়ে আপত্তি করণের যে ব্যবহার আছে তাহা রহিত হইবেক এবং ইহার দ্বারা রহিত করা গিয়াছে। পরন্তু জানা কর্ত্তব্য যে উক্ত কোন আদালতের কোন কার্য্যের মধ্যে অসম্পর্কীয় কোন কথা লেখাইয়া দেওনপ্রযুক্ত যে খরচ লাগে তাহা দিবার দরখাস্ত উক্ত আদালতে হইলে ঐ আদালতের ক্ষমতা থাকিবেক যে যে ব্যক্তি ঐ কথা লেখাইয়া দিয়াছে তাহাকে ঐ খরচ দিবার হুকুম করেন ইতি।

VIII. It shall be lawful for the Court, upon the application of the plaintiff in any suit in any of the said Courts, whether commenced by bill or by claim, and as to a suit commenced by bill, whether the defendant may or may not have been required to answer the bill, or may or may not have been interrogated as to the possession of documents, to

৮ ধারা। উক্ত কোন আদালতে কোন মোকদ্দমা বিলের দ্বারা কিম্বা ক্লেম অর্থাৎ দাবীপত্রের দ্বারা আরম্ভ হইলে, এবং যদি বিলের দ্বারা আরম্ভ হয় তবে আসামীর প্রতি ঐ বিলের জওয়াব দিতে হুকুম হইলে কি না হইলে, অথবা তাহার দখলে দলীল থাকন বিষয়ের জিজ্ঞাসা হইলে বা না হইলেও, আদালতের ক্ষমতা থাকিবেক যে ঐ মোকদ্দমার ফরিয়াদীর দরখাস্তমতে, মোকদ্দমায় সেই বিষয়ের

make an order for the production by any defendant, upon oath, of such of the documents in his possession or power relating to matters in question in the suit as the Court shall think right, and the Court may deal with such documents when produced in such manner as shall appear just.

IX. It shall be lawful for any defendant in any suit, whether commenced by bill or by claim, but in suits commenced by bill which the defendant is required to answer, not until after he shall have put in a sufficient answer to the bill, and without filing any cross bill of discovery, to file, in the sworn clerk's or other proper office of the Court wherein such suit is pending, interrogatories for the examination of the plaintiff, to which shall be prefixed a concise statement of the subjects on which a discovery is sought, and to deliver a copy of such interrogatories to the plaintiff or his solicitor, and such plaintiff shall be bound to answer such interrogatories, in like manner as if the same had been contained in a bill of discovery filed by the defendant against him on the day when such interrogatories shall have been filed, and as if the defendant to such bill of discovery had on the same day duly appeared; and the practice of the Court with reference to excepting to answers for insufficiency, or for scandal, shall extend and be applicable to answers put in to such interrogatories; provided that in determining the materiality or relevancy of any such answer, or of any exception thereto, the Court is to have regard, in suits commenced by bill, to the statement contained in the original bill, and in the answer which may have been put in thereto by the defendant exhibiting such interrogatories for the examination of the plaintiff, and in suits commenced by claim, to the statements therein, and in any affidavits which may have been filed either in support thereof or in opposition thereto; provided also that a defendant, if he shall think fit so to do, may exhibit a cross bill of discovery against the plaintiff, instead of filing interrogatories for his examination.

X. It shall be lawful for the Court, upon the application of any defendant in any suit, whether commenced by bill or by claim, but as to suits commenced by bill where the defendant is required to answer the plaintiff's bill, not until after he has put in a full and sufficient answer to the bill, unless the Court shall make any order to the contrary, to make an order for the production by the plaintiff in such suit, on oath, of such of the documents in his possession or power relating to the matter in question in the suit as the Court shall think right, and the Court may deal with such documents when produced in such manner as shall appear just.

XI. Every plea, answer, disclaimer, or examination may be filed without any further or other

তজবীজ হয় তাহার সম্পর্কে কোন আসামীর দখলে কি এখ্তিয়ারে থাকা যে২ দলীল আদালত উচিত বোধ করেন তাহা তাহাকে শপথপূর্ব্বক উপস্থিত করিতে হুকুম করেন, আর ঐ দলীল সেইপ্রকারে উপস্থিত করা গেলে যেমন ন্যায় বোধ হয় তেমনি আদালত তাহা লইয়া করিবেন ইতি।

৯ ধারা। কোন মোকদ্দমা বিলের দ্বারা কিম্বা দাবীপত্রের দ্বারা আরম্ভ হইলে, আসামীর ক্ষমতা থাকিবেক যে ফরিয়াদীর স্থানে উত্তর লইবার জন্যে, ঐ মোকদ্দমা যে আদালতে উপস্থিত আছে সেই আদালতের শপথহওয়া ক্লার্কের দফ্তরখানায় কিম্বা অন্য কোন উপযুক্ত দফ্তরখানায়, সওয়াল ফাইল করে। কিন্তু যদি বিলের দ্বারা আরম্ভ হয় এবং আসামীকে তাহার জওয়াব দিবার হুকুম হয় তবে ঐ বিলের মাতবর জওয়াব দাখিল করিলে পর এবং প্রকাশার্থ কোন বিপরীত বিলফাইল না করিলে, ঐ সওআল ফাইল করিতে পারে। যে২ বিষয় প্রকাশ হইবার প্রার্থনা হয় তাহার সংক্ষেপ বয়ান ঐ সওয়ালের উপরিভাগে লেখা যাইবেক এবং আসামী ঐ সওয়ালের নকল ফরিয়াদীকে কি তাহার উকীলকে অর্পণ করিবেক। এবং ঐ সওয়াল যে দিবসে ফাইল হইয়াছিল সেই দিবসে ফরিয়াদীর বিরুদ্ধে আসামী প্রকাশার্থ বিল ফাইল করিয়া তাহার মধ্যে ঐ সওয়াল লিখিলে এবং ঐ প্রকাশার্থ বিলের আসামী সেই দিবসে রীতিমতে হাজির হইলে যেরূপে ঐ ফরিয়াদীর ঐ প্রকার সওয়ালের জওয়াব দিতে হইত সেই রূপে দিতে হইবেক। এবং গরমাতবরীপ্রযুক্ত কি গ্লানিপ্রযুক্ত জওয়াবের বিষয়ে আপত্তি করণের সম্পর্কে আদালতের যে ব্যবহার আছে তাহা বিস্তারিত হইয়া ঐ সওয়ালের যে জওয়াব দাখিল করা যায় তাহার বিষয়েও খাটিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে এমত কোন জওয়াবের কিম্বা তদ্বিষয়ে কোন আপত্তির কথা আবশ্যক কিম্বা বিষয় সম্পর্কীয় কথা কি না ইহা নির্ণয় করণেতে, যদি বিলের দ্বারা মোকদ্দমার আরম্ভ হয় তবে আসল বিলের লিখিত বয়ানের বিষয়ে এবং আসামী ঐ আসল বিলের যে জওয়াবের মধ্যে ফরিয়াদীর স্থানে উত্তর লইবার নিমিত্তে ঐ সওয়াল লিখিয়া দাখিল করিয়াছে সেই জওয়াবের লিখিত বয়ানের বিষয়ে, আদালত মনোযোগ করিবেন। এবং যদি দাবীপত্রের দ্বারা মোকদ্দমার আরম্ভ হয় তবে তাহার লিখিত কথায় এবং তাহার পোষকতার কিম্বা প্রতিবন্ধকতার নিমিত্তে যে কোন আফিডেবিট দাখিল হইয়া থাকে তাহার লিখিত কথায় মনোযোগ করিবেন। আরো জানা কর্ত্তব্য যে আসামী যদি উচিত বোধ করে তবে ফরিয়াদীর স্থানে উত্তর লইবার নিমিত্তে সওয়াল ফাইল না করিয়া তাহার বিরুদ্ধে প্রকাশার্থ এক বিপরীত বিল দাখিল করিতে পারে ইতি।

১০ ধারা। কোন মোকদ্দমা বিলের দ্বারা কি দাবীপত্রের দ্বারা আরম্ভ হইলেও সেই মোকদ্দমার কোন আসামী দরখাস্ত করিলে আদালতের ক্ষমতা থাকিবেক যে ঐ মোকদ্দমায় যে বিষয়ের তজবীজ হইতেছে তাহার সম্পর্কে ফরিয়াদীর দখলে কি এখ্তিয়ারে থাকা যে কোন দলীলদস্তাবেজ আদালত উচিত বোধ করেন তাহা শপথপূর্ব্বক দাখিল করিতে ঐ মোকদ্দমার ফরিয়াদীকে হুকুম করেন এবং সেই দলীলদস্তাবেজ দাখিল হইলে পর যেমন যথার্থ বোধ হয় তেমনি আদালত তাহা লইয়া করিবেন। কিন্তু যদি বিলের দ্বারা মোকদ্দমার আরম্ভ হয় এবং ফরিয়াদীর বিলের উত্তর করিতে আসামীর প্রতি আজ্ঞা হয় তবে সেই মোকদ্দমায় আদালত বিপরীত হুকুম না করিলে যাবৎ ফরিয়াদী ঐ বিলের সম্পূর্ণ ও মাতবর জওয়াব দাখিল না করিয়াছে তাবৎ আদালত দলীলদস্তাবেজ দাখিল করিতে হুকুম করিবেন না ইতি।

১১ ধারা। আফিডেবিটের বিষয়ে শপথ করণ ও তাহা ফাইল করণেতে যে রীতিমতে কার্য্য করিতে হয় সেই

formality than is required in the swearing and filing of an affidavit.

XII. In suits commenced in any of the said Courts by bill, where notice of motion for a decree or decretal order shall not have been given, or, having been given, where a decree or decretal order shall not have been made thereon, issue shall be joined by filing a replication, in the form or to the effect of the replication now in use in the said Courts respectively, and where a defendant shall not have been required to answer and shall not have answered the plaintiff's bill, he shall be considered to have traversed the case made by the bill.

[To be Continued.]

রীতিমতে এবং তদ্ভিন্ন অন্য কোন নিয়ম ব্যতিরেকে প্রত্যেক প্লী ও জওয়াব ও ডিসক্লেমর অর্থাৎ অসম্পর্ক-প্রকাশক পত্র ও সওয়ালের জওয়াব দাখিল করা যাইতে পারে ইতি।

১২ ধারা। উক্ত কোন আদালতে বিলের দ্বারা যে মোকদ্দমা আরম্ভ হয় তাহাতে ডিক্রী পাইবার কি ডিক্রীসম্পর্কীয় হুকুম পাইবার প্রার্থনার এত্তেলা যদি দেওয়া যায় নাই কিম্বা দেওয়া গেলেও যদি তদনুসারে ডিক্রী কি ডিক্রীসম্পর্কীয় হুকুম করা যায় নাই তবে রদ্দজওয়াব দাখিল করণের দ্বারা ইসু নির্দ্দিষ্ট হইবেক। এইক্ষণে উক্ত প্রত্যেক আদালতে রদ্দজওয়াব লিখিবার যে পাঠ চলন হইতেছে সেই পাঠক্রমে কিম্বা তাহার মর্ম্মানুসারে ঐ রদ্দজওয়াব লেখা যাইবেক। এবং যদি আসামীর জওয়াব করিবার হুকুম না হইয়াছে ও আসামী ফরিয়াদীর বিলের জওয়াব না দিয়াছে তবে আসামী বিলের নির্দ্দিষ্ট বিষয় অস্বীকার করিয়াছে জ্ঞান হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the Examination of Candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College, on Saturday, the 7th of May, 1853.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education to all Candidates on personal application.

(By Order,)

F. J. MOUAT,

Secy Council of Education.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫৩ সালের ৭ মে তারিখ শনিবারে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারেন।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 16th April, 1853.

Moulvee Muhumud Muhumud, Moonsiff of Boro baree, Zillah Rungpore, for six days, from the 6th instant, on Medical Certificate.

B. J. COLVIN, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১৬ আপ্রিল।

জিলা রঙ্গপুরের বড়বাড়ির মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মহমুদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৫৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৯ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ ফোর্ড সাহেব (Mr. W. Ford,) ইউরোপে গমনার্থ কোম্পানি বাহাদুরের "আকবার" নামক বাষ্পীয় জাহাজে বোম্বাই হইতে গত মাসের ২৯ তারিখে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬১৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১১ আপ্রিল।

শ্রীযুত সি এচ লশিংটন সাহেবের (Mr. C. H. Lushington,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) বোর্ড রেবিনিউর সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৮ আপ্রিল।

চম্পারণের জেলখানার ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে ডুরাণ্ট সাহেব (Mr. J. J. Durant,) স্বীয় কর্ম্মোপলক্ষে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কটকের সিবিল ও সেশন জজ শ্রীযুত এম এস গিলমোর সাহেব (Mr. M. S. Gilmore,) ছুটীবিষয়ক সং-

শোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৫১ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।
নিয়োগ
১৮৫৩ সাল ১১ আপ্রিল।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young.) বোর্ড রেবিনিউর ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) কলিকাতার কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর এচ স্নেল সাহেব (Mr. R. H. Snell.) ইষ্টাম্প ও কাগজকলমাদির সুপরিণ্টেণ্ডেণ্টী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর এ সিমসন সাহেব (Dr. A. Simpson,) ত্রিহুত জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।
১৮৫৩ সাল ৮ আপ্রিল।

বালেশ্বর জিলায় দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr. E. E. Woodcock.) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) উক্ত জিলার খাজানাখানার ভার বর্ত্তমান মাসের ৪ তারিখে পুনর্গ্রহণ করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৬৯ নম্বর।
বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।
নিয়োগ।
১৮৫৩ সাল ১২ আপ্রিল।

শ্রীযুত পাদরি জে সার্কি সাহেব (Revd. J. Sharkey.) বারাকপুরের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ১৩ আপ্রিল।

বনগাঁয়ে নীলকর শ্রীযুত আর টি লারমুর সাহেব (Mr. R. T. Larmour,) উক্ত মোকামে ডাকের অধ্যক্ষ হইবেন।

১৮৫৩ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত জি ই ডবলিউ কুপর সাহেব (Mr. G. E. W. Couper,) ও শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম পাটনায় সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি আর স্কিনর সাহেব (Mr. G. R. Skinner,) ত্রিপুরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৩ সাল ১৬ আপ্রিল।

লাইবার রীতিমত কি আবশ্যক ডিক্রী কি হুকুম পাইবার জন্যে কোন পুনরুত্থাপনের বিল কিম্বা অবশেষ বিল দাখিল করিবার আবশ্যক হইবেক না। কিন্তু ঐ মোকদ্দমা স্থগিত হওনের কিম্বা তাহা অসম্পূর্ণ হওনের বিষয়ে এবং সম্পর্ক কি দায়ের পরিবর্ত্তন কি হস্তান্তর করণ বিষয়ে এজহার হইলে রীতিমত পুনরুত্থাপনের হুকুমের কিম্বা রীতিমত অবশেষ ডিক্রীর, তুল্য মর্ম্মের এক হুকুম কায়েং পাওয়া যাইতে পারিবেক। এবং উক্ত আদালতের বর্ত্তমান ব্যবহারমতে, যে ব্যক্তি কি ব্যক্তিরা পুনরুত্থাপনের বিলের কি অবশেষ বিলের আসামী কি আসামীরা হইত তাহার কি তাহারদের উপর উক্ত প্রকারে পাওয়া ঐ হুকুম জারী হইলে, সেই হুকুম আদালতের বর্ত্তমান ব্যবহারক্রমে জাবেতামতে পাওয়া গেলে তদ্দ্বারা ঐ ব্যক্তি বা ব্যক্তিরা যে প্রকারে বদ্ধ হইত, সেই প্রকারে সর্ব্বতোভাবে ঐ হুকুম জারী হওনঅবধি ঐ ব্যক্তি বা ব্যক্তিরা বদ্ধ হইয়া তদবধি মোকদ্দমাতে লিপ্ত হইবেক, এবং পুনরুত্থাপনের বিল কি অবশেষ বিল সেই ব্যক্তির বা ব্যক্তিরদের বিরুদ্ধে ফাইল হওয়াতে হাজির হইবার পরওয়ানা তাহার বা তাহারদের নামে রীতিমতে জারী হইলে, যে সময়ের মধ্যে ও যেপ্রকারে রেজিষ্ট্রার সাহেবের কিম্বা আদালতের অন্য কার্য্যকারকের দপ্তরখানায় তাহার বা তাহারদের হাজির হইতে হইত ঐ হুকুম জারী হওনেতে সেই সময়ের মধ্যে ও সেই প্রকারে সেই দপ্তরখানায় হাজির হইতে হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে পুনরুত্থাপনের বিল কি অবশেষ বিল হইলে ঐ ব্যক্তি বা ব্যক্তিরা মোকদ্দমার পূর্ব্বের কার্য্যের বেওরা লিখিয়া এবং সম্পর্কের কি দায়ের কথিত পরিবর্ত্তন কি হস্তান্তর করণ প্রকাশ করিয়া এবং তৎপ্রযুক্ত রীতিমত যে উপকার হয় তাহা প্রার্থনা করিয়া যে কোন হেতুতে ঐ পরওয়ান স্থগিত হইবার প্রার্থনা করিতে, পারিত সেই হেতুতে যে ব্যক্তির বা ব্যক্তিরদের উপর ঐ হুকুম জারী হইয়াছে সে বা তাহারা, তদ্বিষয়ে ঐ প্রত্যেক আদালতের জজ সাহেবেরা কোন বিধান কি হুকুম করিয়া ঐ জারী হওনের পরে তন্নিমিত্তে যে মিয়াদ নির্দ্দিষ্ট করেন সেই মিয়াদের মধ্যে, ঐ হুকুম স্থগিত হইবার বিষয়ে আদালতে জোবানী কি দরখাস্তের দ্বারা প্রার্থনা করিতে পারে। আরো জানা কর্ত্তব্য যে যাহার উপর উক্ত প্রকার হুকুম জারী হয় এমত কোন ব্যক্তি যদি বিবাহিতা হওন বিনা অন্য কোন প্রকারে অপারগ হয় তবে যাবৎ মোকদ্দমার উপলক্ষে ঐ ব্যক্তির নিমিত্তে কোন রক্ষক কি রক্ষকেরা রীতিমতে নিযুক্ত না হয়, এবং তৎপরে তদ্বিষয়ে উক্ত প্রত্যেক আদালতের জজ সাহেবেরা কোন বিধান কি হুকুম করিয়া তন্নিমিত্তে যে মিয়াদ নির্দ্দিষ্ট করেন সেই মিয়াদ যাবৎ অতীত না হয়, তাবৎ ঐ ব্যক্তির বিপরীতে ঐ হুকুমের কোন বল কি ফল হইবেক না ইতি।

৩২ ধারা। কোন মোকদ্দমা উপস্থিত হওনের পর যে কোন কার্য্য কি বৃত্তান্ত ঘটিয়াছে কেবল তাহা প্রকাশ করিবার নিমিত্তে কিম্বা ইসুতে অর্পণ করিবার নিমিত্তে উক্ত কোন আদালতে কোন অবশেষ বিল দাখিল করিবার আবশ্যক হইবেক না। কিন্তু মোকদ্দমার কার্য্য যেপর্য্যন্ত চলিয়াছে তাহা বুঝিয়া, যদি মোকদ্দমায় নালিশের আসল বিল সংশোধন করা যাইতে পারে তবে তাহার সংশোধনস্বরূপ ঐ কার্য্য কি বৃত্তান্ত তাহাতে লেখা যাইতে পারে। কিন্তু যদি তাহা না হইতে পারে, তবে ঐ২ আদালতের জজ সাহেবেরা কোন বিধান কি হুকুম করিয়া ঐ কার্য্য কি বৃত্তান্ত রিকার্ডে প্রকাশ করিবার নিমিত্তে যে প্রকারে এবং তদ্বিষয়ের প্রমাণ করণ ও আসামীকে তাহার জওয়াব দিবার ও উত্তর করিবার অনুমতি ও অবকাশ দেওনের উপলক্ষে যে বিধান ও আজ্ঞা নির্দ্দিষ্ট করেন সেই প্রকারে ও সেই বিধান ও আজ্ঞাক্রমে, ফরিয়াদী ঐ কার্য্য কি বৃত্তান্ত রিকার্ডে লিখিতে পারিবেক ইতি।

XXXIII. It shall be lawful for the Court in any case where any account is required to be taken, to give such special directions, if any, as it may think fit, with respect to the mode in which the account should be taken or vouched, and such special directions may be given either by the decree or order directing such account, or by any subsequent order or orders, upon its appearing to the Court that the circumstances of the case are such as to require such special directions, and particularly it shall be lawful for the Court, in cases where it shall think fit so to do, to direct that in taking the account, the books of account in which the accounts required to be taken have been kept, or any of them, shall be taken as *primâ facie* evidence of the truth of the matters therein contained, with liberty to the parties interested to take such objections thereto as they may be advised.

XXXIV. If after a suit shall have been instituted in any of the said Courts in relation to any real estate, it shall appear to the Court that it will be necessary or expedient that the said real estate, or any part thereof, should be sold for the purposes of such suit, it shall be lawful for the said Court to direct the same to be sold at any time after the institution thereof, and such sale shall be as valid to all intents and purposes as if directed to be made by a decree or decretal order on the hearing of such cause; and any party to the suit in possession of such estate, or in receipt of the rents and profits thereof, shall be compelled to deliver up such possession or receipt to the purchaser or such other person as the Court shall direct.

XXXV. Where any real or immoveable or any personal property shall form the subject of any proceedings in any of the said Courts, and the Court shall be satisfied that the same will be more than sufficient to answer all the claims thereon, which ought to be provided for in such suit, it shall be lawful for the said Court, at any time after the commencement of such proceedings, to allow to the parties interested therein, or any one or more of them, the whole or part of the annual incomes of such real or immoveable property, or a part of such personal property, or a part or the whole of the income thereof, up to such time as the said Court shall direct, and for that purpose to make such orders as may appear to the said Court necessary or expedient.

XXXVI. Upon application, by motion or petition, to any of the said Courts in any suit depending therein for an injunction, or a receiver, or to dissolve an injunction or discharge an order appointing a receiver, the answer of the defendant shall, for the purpose of evidence on such motion or petition, be regarded merely as an affidavit of the defendant, and affidavits may be received and read in opposition thereto.

XXXVII. In case any of the directions herein

৩৩ ধারা। যে স্থলে কোন হিসাব লইবার প্রয়োজন হয় এমত কোন স্থলে আদালতের ক্ষমতা থাকিবেক যে যদি কোন আজ্ঞা করেন তবে ঐ হিসাব যে প্রকারে লওয়া যাইবেক কি সাব্যস্ত হইবেক তাহার বিষয়ে যে কোন বিশেষ আজ্ঞা করা উচিত বোধ করেন তাহা করেন। এবং যদি আদালত বোধ করেন যে বিষয়ের ভাব বুঝিয়া ঐ প্রকার বিশেষ আজ্ঞা করণের প্রয়োজন আছে তবে যে ডিক্রী কি হুকুমেতে ঐ হিসাব লওনের আজ্ঞা হয় তদ্দ্বারা, অথবা তাহার পর কোন এক কি ততোধিক হুকুমের দ্বারা, ঐ বিশেষ আজ্ঞা দেওয়া যাইতে পারিবেক। এবং আদালতের বিশেষমতে এই ক্ষমতা থাকিবেক যে যখন উচিত বোধ করেন তখন এমত আজ্ঞা করেন যে হিসাব লওন সময়ে, যে হিসাব লওনের প্রয়োজন হয় তাহা যেং খাতাবহীতে লেখা গিয়াছে সে সকল কিম্বা তাহার কোন খাতাবহী তাহার মধ্যের লিখিত কথার সত্যতার বিষয়ে আদৌ প্রমাণস্বরূপ গ্রাহ্য হয়। এবং তদ্বিষয়ে লিপ্ত ব্যক্তিরদের প্রতি অনুমতি হইবেক যে তাহারা ঐ খাতাবহীর লিখিত কথায় পরামর্শক্রমে যে আপত্তি করিতে চাহে তাহা করে ইতি।

৩৪ ধারা। উক্ত কোন আদালতে কোন ভূমি সম্পত্তির সম্পর্কে মোকদ্দমা উপস্থিত হইলে পর যদি আদালত বোধ করেন যে ঐ মোকদ্দমার অভিপ্রায়ের নিমিত্তে ঐ ভূমি সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ বিক্রয় করা আবশ্যক কি বিহিত হয় তবে ঐ আদালত মোকদ্দমা উপস্থিত হওনের পর কোন সময়ে তাহা বিক্রয় করিবার হুকুম করিতে পারিবেন। এবং মোকদ্দমার শুনানি হইয়া ডিক্রী কিম্বা ডিক্রীসম্পর্কীয় হুকুমের দ্বারা তাহা বিক্রয় হইবার হুকুম হইলে সেই বিক্রয় যেমন সিদ্ধ হইত তেমনি সর্ব্বতোভাবে সিদ্ধ হইবেক। এবং মোকদ্দমাতে লিপ্ত যে কোন ব্যক্তির দখলে ঐ সম্পত্তি থাকে, কিম্বা যে কোন ব্যক্তি ঐ সম্পত্তির খাজানা ও উপস্বত্ব পাইয়া থাকে, সেই ব্যক্তির ঐ দখল কি খাজানা ও উপস্বত্ব লওনের ক্ষমতা ঐ খরীদারের প্রতি, কিম্বা আদালত অন্য যে কোন কাহার বিষয়ে হুকুম করেন তাহার প্রতি, সমর্পণ করিতে হইবেক ইতি।

৩৫ ধারা। যখন কোন ভূমি কিম্বা স্থাবর কি অস্থাবর সম্পত্তি লইয়া উক্ত কোন আদালতে কোন মোকদ্দমার কার্য্য চালান যায়, এবং যদি আদালত স্ববোধমতে জানেন যে ঐ মোকদ্দমাতে ঐ সম্পত্তির উপর যে সকল দাওয়ার বিধান করিতে হয় তাহা পোষাইবার নিমিত্তে ঐ সম্পত্তি কুলায়, ও কিছু অবশিষ্ট থাকে তবে উক্ত আদালতের ক্ষমতা থাকিবেক যে ঐ মোকদ্দমা আরম্ভ হওনের পর কোন সময়ে, মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিরদিগকে কিম্বা তাহারদের কোন এক কি ততোধিক লোককে আদালত যত কাল হুকুম করেন তত কালপর্য্যন্ত ঐ ভূমি কি স্থাবর সম্পত্তির সমুদয়ের কি কোন অংশের বার্ষিক উৎপন্ন, কিম্বা ঐ অস্থাবর সম্পত্তির এক অংশ, কিম্বা তাহার উৎপন্নের এক অংশ কি সমুদয় ভোগ করিতে দেন, এবং সেই অভিপ্রায়ে আদালত যে কোন হুকুম আবশ্যক ও বিহিত বোধ করেন তাহা করেন ইতি।

৩৬ ধারা। উক্ত কোন আদালতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমায় যদি নিষেধসূচক হুকুমনামা জারী হওনের বিষয়ে, কিম্বা রিসিবর অর্থাৎ গ্রাহক নিযুক্ত করণের বিষয়ে, অথবা নিষেধসূচক হুকুমনামা মৌকুফ করণের কিম্বা যে হুকুমের দ্বারা রিসিবর নিযুক্ত হন তাহা স্থগিত করণের বিষয়ে, জোবানী কি দরখাস্তের দ্বারা প্রার্থনা হয় তবে ঐ জোবানী প্রার্থনা কি দরখাস্তের সাক্ষ্যের নিমিত্তে আসামীর জওয়াব তাহার কেবল আফিডেবিটস্বরূপ জ্ঞান হইবেক এবং তাহার বিরুদ্ধে আফিডেবিট গ্রাহ্য হইয়া পাঠ করা যাইতে পারে ইতি।

৩৭ ধারা। উক্ত কোন আদালতে মোকদ্দমাঘটিত

contained with respect to the practice and course of proceedings in any of the said Courts shall, by mistake of parties, fail to be followed in any suit or proceeding in any of the said Courts, it shall be lawful for the Court, if it shall think fit, upon payment of such costs as such Court shall direct, to make such order giving effect to and rectifying such proceedings as may be justified by the merits of the case.

XXXVIII. In cases where, according to the present practice of the said Courts, they decline to grant equitable relief until the legal title or right of the party or parties seeking such relief shall have been established in a proceeding at law, the said Court, sitting as a Court of Equity, may itself determine such title or right, without requiring the parties to proceed at law to establish the same.

XXXIX. The Judges of the said Courts respectively may, from time to time, make General Rules and Orders for carrying the purposes of this Act into effect, and for regulating the times and form and mode of proceeding, and generally the practice of the said Court, in respect of the matters to which this Act relates, and for regulating the fees and allowances to all officers of the said Court and solicitors thereof, in respect to such matters, and, so far as may be found expedient, for altering the course of proceeding hereinbefore prescribed in respect to the matters to which this Act relates or any of them, and such Rules and Orders may, from time to time, be rescinded or altered by the like authority, and all such Rules and Orders shall be subject to be confirmed or disallowed by the Governor General of India in Council, and to be altered or rescinded by Her Majesty, her heirs or successors, in Council, in the same manner as the like Rules and Orders would have been, if made by the said Courts respectively under their general or statutory power of making Rules.

XL. This Act shall extend to suits and proceedings on the Equity side only of the said Supreme Courts, and in the construction of this Act the words "Bill of Complaint" shall mean and include "Information," the word "Affidavit" shall mean and include "Affirmation" in cases where affirmation is allowed.

XLI. This Act shall commence and take effect from and after the
day of provided that it shall be lawful for the Judges of the said Courts respectively to make and issue any such Rules or Orders as aforesaid at any time after the passing of this Act, so as the same be not made to take effect before the time appointed for the commencement of this Act.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৩ মে]

কার্য্য চলনের ব্যবহার ও রীতির বিষয়ে এই আইনের মধ্যে যেং আজ্ঞা লিখিত হইয়াছে যদি তাহার কোন অজ্ঞামতে, উক্ত কোন আদালতে উপস্থিতহওয়া কোন মোকদ্দমাতে কি কার্য্যে, মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিরদের ভুলক্রমে কর্ম্মের ক্রটি হয় তবে আদালতের ক্ষমতা থাকিবেক যে যদি উচিত বোধ করেন তবে ঐ আদালত যে খরচা দেওনের আজ্ঞা করেন সেই খরচা দেওয়া গেলে মোকদ্দমার দোষগুণ বিবেচনায় যথার্থমতে যে হুকুম করা যাইতে পারে তাহা করিয়া ঐ মোকদ্দমার কার্য্য সফল ও সংশোধন করেন ইতি।

৩৮ ধারা। যেং স্থলে উক্ত সকল আদালতের চলন ব্যবহারমতে যাবৎ একটি পক্ষে উপকার প্রার্থনাকারি ব্যক্তি বা ব্যক্তিরা আপনারদের আইনসিদ্ধ স্বত্ত্ব কি অধিকার আইনঘটিত মোকদ্দমায় স্থাপন না করে তাবৎ আদালত একটি পক্ষে উপকার করিতে অস্বীকার করেন, এমত স্থলে উক্ত আদালত ঐ ব্যক্তিদিগকে আইনমত মোকদ্দমা করিয়া ঐ স্বত্ত্ব ও অধিকার স্থাপন করিবার হুকুম না দিয়া একটির আদালতস্বরূপ বসিয়া স্বয়ং ঐ স্বত্ত্ব কি অধিকার নির্ণয় করিতে পারেন ইতি।

৩৯ ধারা। উক্ত প্রত্যেক আদালতের জজ সাহেবেরা এই আইনের অভিপ্রায় সফল করিবার নিমিত্তে, এবং কার্য্য করিবার সময় ও পাঠ ও ধারা নিরূপণ করিবার নিমিত্তে, এবং এই আইন যে সকল বিষয়ে সম্পর্ক রাখে তাহার বিষয়ে সাধারণমতে উক্ত আদালতের ব্যবহার নিরূপণ করিবার নিমিত্তে, এবং ঐং বিষয়ে উক্ত আদালতের সকল কার্য্যকারকের এবং তাঁহার উকীলেরদের রসুম ও বেতনতালা নিরূপণ করিবার নিমিত্তে, এবং এই আইন যেং বিষয়ে সম্পর্ক রাখে তাহার সকলের কি তাহার কোন বিষয়ে কার্য্যকরণের যে রীতি এই আইনের মধ্যে পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার যেপর্য্যন্ত বিহিত বোধ হয় পরিবর্ত্তনের নিমিত্তে সময়েং সাধারণ বিধান ও হুকুম করিতে পারেন। এবং ঐ বিধান ও হুকুম সময়েং সেই আদালতের দ্বারা রদ কি মতান্তর করা যাইতে পারে। এবং বিধান করিবার সাধারণ কি আইনানুযায়ি ক্ষমতামতে উক্ত প্রত্যেক আদালত ঐ বিধান ও হুকুম করিলে তাহা যে প্রকারে শ্রীলশ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে মঞ্জুর কি নামঞ্জুর করিতে পারিতেন এবং শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা তাঁহার উত্তরাধিকারীগণ কিম্বা তাঁহার পর সিংহাসনোপবিষ্ট রাজগণ হুজুর কৌন্সেলে রদ কি মতান্তর করিতে পারিতেন, সেই প্রকারে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে সেই সকল বিধান ও হুকুম মঞ্জুর কি নামঞ্জুর করিতে পারেন এবং শ্রীশ্রীমতী মহারাণী কিম্বা তাঁহার উত্তরাধিকারিগণ কি তাঁহার পরে রাজ্যপ্রাপ্ত রাজগণ হুজুর কৌন্সেলে মতান্তর কি রদ করিতে পারেন ইতি।

৪০ ধারা। এই আইন উক্ত সুপ্রিম কোর্টের কেবল একটি পক্ষের মোকদ্দমার ও কার্য্যে খাটিবেক এবং এই আইনের অর্থ করণেতে "নালিশের বিল" এই শব্দেতে এবং এই শব্দের অভিপ্রায়ের মধ্যে "এজহারও" বুঝাইবেক এবং "আফিডেবিট" এই শব্দেতে এবং এই শব্দের অর্থের মধ্যে, যেং স্থলে প্রতিজ্ঞার অনুমতি হয় সেইং স্থলে, "প্রতিজ্ঞাও" বুঝাইবেক ইতি।

৪১ ধারা। এই আইন অমুক সালের অমুক মাসের অমুক দিবসঅবধি ও তাহার পরে আমলে আসিবেক ও চলন হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে উক্ত প্রত্যেক আদালতের জজ সাহেবদিগের ক্ষমতা থাকিবেক যে এই আইন জারী হওনের পর কোন সময়ে উপরের উক্তমতে কোন বিধান কি হুকুম করেন ও জারী করেন, কিন্তু এই আইন আরম্ভ হওনের যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পূর্ব্বের সময়ের বিষয়ে ঐ বিধান কি হুকুম চলন হইবেক না ইতি।

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 1st day of July next.

J. P. GRANT,

Secy. to the Govt of India.

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুলাই মাসের ১ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 13.

FORT WILLIAM,

FINANCIAL DEPARTMENT,

THE 23RD APRIL, 1853.

NOTIFICATION.

Notice is hereby given that the Five per Cent Promissory Notes of this Government of 1825-26, standing in the general Register of the Registered Debt of this Presidency from No. 1151 to No. 5500 inclusive, will be discharged on the 25th July next, on which day the interest thereon will cease.

Prompt settlement of principal and interest at the rate of 5 per Cent per annum to the date of advertised discharge will be made with proprietors who may be desirous of transferring their 5 per Cent Notes now ordered for payment to the open 4 per Cent Loan of the 1st February, 1843; provided however in this case that interest at the rate of 4 per Cent per annum shall be allowed on the new acknowledgments, only from such advertised date of discharge of the 5 per Cent Notes.

The fractional amount necessary to convert any Note into one of even hundreds in Company's Rupees, at the prescribed rate of 16 Company's for 15 Sicca Rupees, will be either paid to or received from the proprietor at his option.

The Sub-Treasurers at Fort William, Fort St. George and Bombay, the several Residents, Collectors and other Public Officers authorized to receive Subscriptions to the 4 per Cent Loan now open, are hereby required to grant acknowledgments to proprietors who may desire to transfer their 5 per Cent Notes ordered for discharge to the open 4 per Cent Loan.

These acknowledgments, together with the Promissory Notes for which they may have been issued, shall, without fee or expense of any kind to the proprietors, be transmitted to the Deputy Accountant General to the Government of India in Calcutta, who will forthwith cause to be prepared and issued to the parties entitled thereto Promissory Notes in the 4 per Cent Loan.

১৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৩ সাল ২৩ আপ্রিল।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই গবর্ণমেণ্টের ১৮২৫। ২৬ সালের শতকরা পাঁচ টাকার সুদের যে সকল প্রমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ এই রাজধানীর রেজিষ্টরী কর্জের সাধারণ রেজিষ্টরী বহীর মধ্যে ১১৫১ নম্বর অবধি ৫৫০০ নম্বরপর্য্যন্ত কোন নম্বরে লেখা আছে সেই সকল কোম্পানির কাগজের টাকা আগামি জুলাই মাসের ২৫ তারিখে শোধ করা যাইবেক। ঐ তারিখঅবধি ঐ কাগজের উপর আর সুদ চলিবেক না।

শতকরা ৫৲ টাকার সুদের যে কোম্পানির কাগজের টাকা শোধ করিবার হুকুম এইক্ষণে হইতেছে তাহার অধিকারি কোন ব্যক্তি যদি ১৮৪৩ সালের ১ ফেব্রুআরির শতকরা ৪৲ টাকার সুদের কর্জে ঐ কাগজ দাখিল করিতে চাহে তবে এ টাকা শোধ হইবার যে তারিখের ইশ্‌তিহার হইয়াছে সেই তারিখপর্য্যন্ত কর্জের আসল টাকা এবং বার্ষিক শতকরা ৫৲ টাকার দরে যত সুদ হয় তাহা অবিলম্বে পরিষ্কার করিয়া দেওয় যাইবেক। পরন্তু জানিতে হইবেক যে এমত স্থলে শতকরা ৫৲ টাকার সুদের কাগজের টাকা শোধ হইবার যে তারিখ ইশ্‌তিহারে প্রকাশ হয় কেবল সেই তারিখঅবধি নূতন কাগজের উপর বার্ষিক শতকরা ৪৲ টাকার হিসাবে সুদ দেওয়া যাইবেক।

সিক্কা ১৫৲ টাকার জন্যে কোম্পানির ১৬৲ টাকার যে দর নির্দ্দিষ্ট হইয়াছে তৎক্রমে যদি কোন কাগজের অধিকারী সিক্কা টাকার কাগজ খারিজ করিয়া শতের কমবেশ না হয় এত শতের কোম্পানির কাগজ লইতে চাহেন তবে সিক্কা যত শত টাকার কাগজ হয় তত্তুল্য শতের কোম্পানির কাগজ চাহিলে ঐ দরে তাঁহার যে অধিক পাওনা হয় তাহা তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবেক কিম্বা তাহার ঊর্দ্ধ শতের কোম্পানির কাগজ চাহিলে তাহা পূর্ণ করিতে যত বাকী হয় তাহা তাঁহার স্থানে লওয়া যাইবেক।

ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর সব-ত্রেজুরর সাহেবদিগকে এবং নানা স্থানের রেসিডেণ্ট সাহেবদিগকে ও কালেক্টর সাহেবদিগকে এবং অন্য যে সকল সরকারী কার্য্যকারকদিগকে শতকরা ৪৲ টাকার সুদে কর্জের সবস্ক্রিপসন গ্রহণ করিতে অনুমতি হইয়াছে তাঁহারদিগকে ইহার দ্বারা হুকুম করা যাইতেছে যে শতকরা ৫৲ টাকার সুদের যে কাগজের টাকা এইক্ষণে শোধ করিবার হুকুম হইয়াছে সেই কাগজের অধিকারির যদি আপনারদের টাকা শতকরা ৪৲ টাকার কর্জে দাখিল করিতে চাহেন তবে তাহার রসীদ দেন।

ঐ সকল রসীদ এবং যে কোম্পানির কাগজের ঐ রসীদ দেওয়া গিয়াছে সেই কাগজ, অধিকারির স্থানে কোন রসুম কি কোন প্রকার খরচ না লইয়া, কলিকাতায় ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠান যাইবেক এবং তিনি অবিলম্বে শতকরা ৪৲ টাকার কর্জের কোম্পানির কাগজ প্রস্তুত করাইয়া যাহারদের পাইবার স্বত্ব থাকে তাহারদের নিকটে প্রেরণ করাইবেন।

It is further notified that for the accommodation of the Proprietors of Government Promissory Notes now advertised for payment who, not being resident in India, may not have furnished powers to their Agents and Attornies to receive the principal amount so to be paid and to grant discharge for the same on their behalf, the Most Noble the Governor General of India in Council has authorized the Deputy Accountant General to allow the conditional transfer of such Notes to the open 4 per Cent Loan, leaving it optional with the proprietors to confirm the transfer or to require payment in cash, when they shall be informed thereof; provided, however, that no notice disallowing a transfer will be received after six months from the present date.

Published by order of the Most Noble the Governor General of India in Council.

J. A. DORIN,
Secy. to the Govt. of India.

যে কোম্পানির কাগজের টাকা পরিশোধ হইবার সম্বাদ এইক্ষণে দেওয়া যাইতেছে তাহার যে অধিকারিরা ভারতবর্ষের মধ্যে বাস না করাপ্রযুক্ত আপনারদের মোক্তারদিগকে কি টর্ণিরদিগকে উক্ত প্রকারে যে টাকা দেওয়া যাইবেক তাহার আসল টাকা লইয়া তাহার ফারখত্তী দিতে ক্ষমতা না দিয়া থাকিবেন, তাঁহারদের সাহায্যের নিমিত্তে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর আকেকোণ্টেণ্ট জেনরল সাহেবকে আজ্ঞা করিয়াছেন যে এইক্ষণে ঐ সকল কাগজ শতকরা ৪৲ টাকার কর্জে অপণ করেন, পরে ঐ কাগজের অধিকারিরা ঐ খারিজদাখিলের সম্বাদ পাইলে আপনারদের ইচ্ছামতে ঐ খারিজদাখিল মঞ্জুর করিতে পারেন কিম্বা নগদ টাকার দাওয়া করিতে পারেন। কিন্তু জানা কর্ত্তব্য যে অদ্যকার তারিখঅবধি ছয় মাস অতীত হইলে পর ঐ খারিজদাখিল নামঞ্জুর করণের এত্তেলা গ্রাহ্য হইবেক না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রকাশিত।

জে এ ডোরিন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

EDUCATION NOTICE.

It is hereby notified, that the Examination of candidates for promotion and employment in the Education Department, will be held in the Hindoo College on Friday instead of Saturday next, at 10 o'clock A. M.

(By Order.)

F. J. MOUAT, *Secy. Council of Education.*

The 31st April, 1853.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক শনিবারে না হইয়া শুক্রবার বেলা দশ ঘণ্টা সময়ে হিন্দু কালেজে হইবেক। (হুকুমক্রমে।)

এফ জে মোআট।
বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

১৮৫৩ সাল ৩১ আপ্রিল।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার।

এতদ্দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সন ১৮৫৩ সালের আগামি মে মাহার ১ পহিলা তারিখে ও তাহার পরে সরকারী গোলায় প্রত্যেক রকম নেমকের নিরিখ দর নীচের লিখিতমতে নির্দ্ধারিত হইবেক অর্থাৎ প্রত্যেক নিমকের তিন বৎসরের পড়ত দরে গড় ধরিয়া ফি মোনের উপর ২॥০ টাকা হাসিল চড়াইয়া দর নির্দ্দিষ্ট করা গেল।

	ফিশত মোন দর
হিজলি পাঙ্গা নেমক মোং হিজলির ঘাটে গোলায়	৩০২ টাকা
ঐ ঐ মোং সালিখার গোলায়	৩১৪
তমলুকের পাঙ্গা নেমক	৩০৬
২৪ পরগনার ঐ মোং সালিখার গোলায়	৩৫৭
চট্টগ্রামের পাঙ্গা নেমক	৩১৯
আরাকিন ঐ মোং কৈকফউর গোলায়	৩০২
আরাকিন পাঙ্গা নেমক মোং চট্টগ্রামের গোলায়	৩৩২
কটকের পাঙ্গা নেমক মোং সালিখার গোলায়	৩৩৬
বালেশ্বর পাঙ্গা নেমক মোং সালিখার গোলায়	৩১৩
খোরদা এবং চিলকা পাঙ্গা নেমক মোং ঐ ঐ	৩৩০

ইহার পর নিরিখ দরের সাম্বৎসরিক পরিবর্ত্তন আগামি সন ১৮৫৪ সালের ১ মে তারিখে হইবেক।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ২৬ আপ্রিল।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

Notice is hereby given for public information, that the subjoined Notification, dated the 7th of April, 1853, of Estates to be sold for arrears of Revenue, &c., by the Collector of Midnapore not having appeared in due time in the *Bengalee Government Gazette*, the Sale has this day been adjourned under the provisons of Section XIII. Act I. of 1845, until to-morrow the 29th of April, and will be so adjourned from day to day until 7 days shall have elapsed from the date of the publication of this Notice and of the said Notification.

Midnapore Collectorate, the 28th April, 1853.

G. F. COCKBURN, *Offg. Collector.*

সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত এত্তোলানামা তারিখ ৭ আপরেল সন ১৮৫৩ সাল ঐ সকল মহালাত যাহা বাকী খাজানা আদায়ের নিমিত্তে জেলা মেদিনীপুরের কালেক্টর সাহেব কর্ত্তৃক নীলামে বিক্রয় হইবেক তাহা যথাযোগ্য সময়ে বাঙ্গলা গেজেটে প্রকাশ না হওয়ায় সন ১৮৪৫ সালের ১ আইনের ১৩ দফা মোতবেক অদ্যকার তারিখে ঐ নীলাম আগত কল্য ২৯ আপরেল লাগাদ মুলতবি রাখা গেল এবং এইরূপ রোজ বরোজ মুলতবি হইবেক এই ইস্তাহার উক্ত এত্তেলানামা প্রচার হওন তারিখহইতে ৭ দিবসপর্য্যন্ত ইতি সন ১৮৫৩ সাল তারিখ ২৮ আপরেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৩ মে]

জিলা মেদিনীপুর।

নকল।

এস্তেহারনামা।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার অনুমত্যানুসারে জেলা মেদিনীপুরের মোতালক নীচের লিখিত মহালাত সন ১৮৫৩ সালের ২৮ আপ্রিল মোতাবক বাঙ্গলা সন ১২৬০ সালের ১৭ বৈশাখ মোওয়াফকে আমলী সন ১২৬০ সালের ১৮ বৈশাখ রোজ বৃহস্পতিবার জেলা মজকুরের কালেক্‌টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিশ্চয় বিক্রী হইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ৪ আপ্রিল মোং সন ১২৫৯ সাল তারিখ ২৩ চৈত্র মোং সন ১২৬০ সাল তারিখ ২৪ চৈত্র।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫৩ সাল ২৮ মার্চ তারিখে বাকী
১	দাওমি বন্দোবস্তী মহাল	১৪ ।১	মঃ গাজাই পং কাশীজোড়া … … …	অদ্বৈত মাসান্ত … … … …	২০৫৯৷১॥	১০১৮ ।৶৯
		২৬	মঃ কামিনাচক পং ঐ … … …	গুরুপ্রসাদ আস ও কালীনাথ জানা ও ঠাকুরদাস মাইতি ও দয়ারাম সুফল ও জয়নারায়ণ পট্টনাএক ও সনাতন পট্টনাএক … … …	১৯১৬॥/৭৸	২৪৯ ৷১১৸
		৫৪	মঃ চৈতনপুর পং ঐ … … … …	জয়গোবিন্দ দাস ও বঙ্কিনারায়ণ দাস ও পীতাম্বর দাস ও লক্ষ্মীচরণ মাজী ও সিদ্ধেশ্বর মাজী ও ভগবতীচরণ চট্টোপাধ্যায় ও ভবানীচরণ ভূঞা ও বেচারাম ভূঞা … … … …	৭৩৮॥৶৮ *	৩১৫৶১০৸
		৭৬	মঃ পশ্চিম মুকুত্যা পং ঐ … … …	বাবু মধুসূদন মুখোপাধ্যায়… … …	৩০৪৶৫৸	১১৯ ।৶০॥
		২৭১	মঃ নারাজোল তর্পে নারাজোল … …	চুনিলাল খাঁ ও অহল্যা দেই ও শঙ্করা দেই …	১৩৩৩৩ ।/৪।	৬৫৮৭৸১১।
		৩১৩	মঃ দেওড়া পং সবঙ্গ… … …	দুর্গাপ্রসাদ পাল ও কৃষ্ণামণি ও গোলোকচন্দ্র দাস	৫২০৸/১০॥	২১৫/০
		৫৮৪	মঃ শ্রীরামপুর পং অমরসী … … …	নবকিশোর ভূঞা ও গৌরমোহন গোস্বামী …	৪৭৩৮ ।৶০	১৬০২৸৶৩।
		৬১১ ।৪	মঃ গোনাড়া ভেড়ি পং অমরসী … …	বিশ্বাধর চাউল্যা … … …	৭/১॥	৬৸৶৭৭
		৬৬৮	মঃ বাড় ভগবানপুর পং ভূঞামুঠা … …	শ্যাম গোপীমোহন অধিকারী … …	১০১০॥/৫	৫০০৸৶১॥
		৮৬৫	মঃ করকাই পং খান্দার … … …	বাবু কুঞ্জনারায়ণ রায় … … …	৪২৭৮ ।৪।	১২৫০৸/০

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫৩ সাল ২৮ মার্চ তারিখে বাকী	
		২১১	মঃ হাড় পুরুষোত্তম পং খান্দার... ...	বিপ্রপ্রসাদ ভূঞা ও রাজনারায়ণ ভূঞা ও সৈএদ আলে হুসেন হুসেনি ও জগন্নাথ দে ও দুর্গাপ্রসাদ দে ও বৈদ্যনাথ মাইতি ও রামপ্রসাদ মাইতি ও বৃন্দাবন দে ও কাশীনাথ দত্ত ও বিনোদরাম মহাপাত্র	৬৩৮৸৴১৸	৮॥০	এই মহালের মধ্যে সৈএদ আলে হুসেন হুসেনির হিস্যা নীলাম হইবেক।
		১২৮৯	মঃ গৌরী বেলদা পং নাপোচৌর ...	ধরণীধর ঘোষ	১১১৴০।	২৬॥৵২	
		১৪১০	মঃ দক্ষিণ মেজগ্রাম পং কীং কাশীজোড়া	মুনশী মহাম্মদ নজীর	১০৮৩৸৴৯৸	৫২৮৸৵১	
		১৪৯৮	মঃ মিরাডাঙ্গা পং ব্রাহ্মণভূম	রাধানাথ মিত্র ও ধ্যানানন্দ মিত্র ও চন্দ্রমোহন মিত্র ও ঈশানচন্দ্র মিত্র ও সুধামণি ও শিবসুন্দরী	১১।১১॥	১১।১১॥	
		১৫৬১	মঃ গোপালনগর পং চেতুয়া	রসসুন্দর পহরাজ	৩৵৮।	৩৵৮॥	
২	দাএমি বন্দবস্তু না হওয় মহল	১০৬১	মং জগন্নাথ চক পং খালিস ভোগরাই ...	বিবি মহতাব মান্দরে ও গোলাম আলি মহাফেজ আবদুল উসমান নাবালগ	১৸ ০৲	১৲	আমলি সন ১২৭৮ সাল তক মিয়াদে এক্ষণকার মালিকের নিকট কবুলতি লওয়া গিয়াছে।
		১১২০	মঃ কৃষ্ণরায় চক অমরপাতি মৌং দুলেচেড়ি পং কালিন্দী বালসাই	দিনেদলাল বন্দোপাধ্যায় ও মুক্তকেশী দেব্যা	৮৮।৵৫।	৬১৴৫।	ঐ ঐ
		১১৩৫	মঃ রাধাবিনোদ চক মৌং অর্জুননগর পং নাড়ুয়মুঠা	হরপ্রসাদ মাহারি ও মহেশ্বর শতপতি	২১৸৴৬৭	১২৵৬৸	ঐ ঐ
		১৪৫১	মঃ গোবিন্দ চক মৌং সাহজাদপুর পং মাজনা মুঠা	রামকৃষ্ণ মাইতি ও রঘুনাথ সিংহ	৪৮॥৬॥	১০৵০৲	ঐ ঐ
	বাকী মালগুজারি যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয়হওন মহাল	১৮৯	মঃ গাজিপুর পং চেতুয়া	সুন্দর কুমারী ও শ্রীমতী চম্পাকুমারী	৮১৪২৸ ৬॥	২১৩৲	
		২৯০	মঃ গঙ্গাপ্রসাদ পং ঐ	ঐ জন .	১০৭১৪।৯৸	২১৩৲	

G. F. Cockburn, *Offg Collector*

The like notice in the matter of NILRUTTON HALDAR, an Insolvent, 2d Insolvency, in which it was ordered, that out of the sum of Co.'s Rs. 3,587-6 0, a Dividend at the rate of 18 per Cent. (amounting to Co.'s Rs. 3,252-10-1,) be paid.

দ্বিতীয়বার যোত্রহীন নীলরত্ন হালদারের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ৩৫৮৭ ।৶ টাকাহইতে শতকরা ১৮৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব সুদ্ধ কোং ৩২৫২ ॥৶১ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of SABINO DeOLIVERA, an Insolvent, 2d Insolvency, in which it was ordered, that out of the sum of Co.'s Rs 1,138-10-3, a Dividend at the rate of 70 per Cent. (amounting to Rs 1,031-1-7,) be paid

দ্বিতীয়বার যোত্রহীন সেবিনো ডিওলিবেরা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ১১৩৮॥৶৩ টাকাহইতে শতকরা ৭০৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব সুদ্ধ কোং ১০৩১/৭ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JAMES STEWART BLAKIE SCOTT, an Insolvent, 2d Insolvency, in which it was ordered, that out of the sum of Co.'s Rs 2,104-14 7, a Dividend at the rate of 1 Re. 13 As. per Cent (amounting to Rs 1,8, 1-10-10,) be paid

দ্বিতীয়বার যোত্রহীন জেম্‌স ষ্টুয়ার্ট ব্লেকি স্কট সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ২১০৪৸৶৭ টাকাহইতে শতকরা ১৸৴ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব সুদ্ধ কোং ১৮৭৮॥৶১০ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of MICHAEL SCHLATTER an Insolvent, in which it was ordered, that out of the sum of Co's Rs 14,738-5-8, a Dividend at the rate of 2 per Cent (amounting to Co's Rs 11,793 7-9) be paid.

যোত্রহীন মাইকেল শ্লাটর সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ১৪৭৩৮ ।/৮ টাকাহইতে শতকরা ২৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১৭৯৩ ।।৯ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of BENJAMIN WALTER LAZARUS, an Insolvent, in which it was ordered, that out of the sum of Co's Rs 3 281-9-1 a Dividend at the rate of 1½ per Cent (amounting to Co.'s Rs. 2916-11-8,) be paid.

যোত্রহীন বেনজামিন ওআলটর লাজারস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ৩২৮১॥/১ টাকাহইতে শতকরা ১॥০ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব সুদ্ধ কোং ২৯১৬॥/৮ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of WILLIAM HENRY BOLST, an Insolvent, in which it was ordered, that out of the sum of Co's Rs 2,223-14 0, a Dividend at the rate of 4 per Cent (amounting to Co's Rs 1,869-1-3,) be paid

যোত্রহীন উলিয়ম হেনরি বোল্‌ষ্ট সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে তাহাতে হুকুম হইল যে কোং ২২২৩৸৶ টাকাহইতে শতকরা ৪৲ টাকার হারে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্ব সুদ্ধ কোং ১৮৬৯/৩ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS — সাধারণ ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

মেকফর্শন সাহেবের দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত আইনের সারসংগ্রহ নামক পুস্তক বাঙ্গালায় তর্জ্জমা হইয়া শীঘ্র মুদ্রিত হইবেক। মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ বিনা স্বাক্ষরকারির ২৫৲ টাকা। কলিকাতা মিলেটরী আকৌণ্টেণ্ট আফিসে অথবা চাঁপাতলার মুদ্রাপুর ট্যাঙ্কলেনের ৪ নম্বরী বাটীতে কলিকাতা নিউ প্রেসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট পুস্তক পাওয়া যাইবেক। পুস্তকের বৃত্তান্ত ৬৮৯ নং গেজেটে আছে।

NOTICE is hereby given, that the business of MESSRS YEATHERD AND CO, STONE MASONS and UNDERTAKERS has been continued, since the death of MR T YEATHERD, by his widow.

MESSRS YEATHERD AND CO beg to acknowledge with thanks the support they have received from the Public, and to solicit a continuance of the public patronage

21st April, 1853

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ভাস্কর ও মুর্দ্দা ফরাশ শ্রীযুত ইয়টর্ড কোম্পানির কর্ম্ম টি ইয়টর্হর্ড সাহেবের মৃত্যুর পরঅবধি তাঁহার বিধবার দ্বারা নির্ব্বাহ হইয়াছে।

ইয়টর্হর্ড কোম্পানি সাধারণ লোকেরদের স্থানে যে উপকার প্রাপ্ত হইয়াছেন তাহা কৃতজ্ঞতাপূর্ব্বক স্বীকার করিয়া ঐ প্রকার উপকার প্রাপণে রহিত না হয় এমত প্রার্থনা করেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৩ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 10, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১০ মে।

REPORT OF A SUMMARY CASE DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

21st April, 1853.

Execution of a summary decree for arrears of rent cannot be stayed in consequence of the institution of a regular suit for its reversal.

Rajah Moodhnarain Sing,—Petitioner.

The petitioner appealed against an order of the Judge of Behar, dated the 16th December, 1852, confirming the order of the Sudder Ameen of that District of the 19th August, 1851, rejecting the objections urged by him, under Construction No. 738, against the interference of the Court in staying the execution of a summary decree for arrears of rent passed by the Collector.

By the Court (Present Mr. Jackson.) "It is plain from Construction 738, that execution of a summary decree for arrears of rent cannot be stayed on account of the institution of a regular suit for its reversal. The Judge was wrong to release the debtor on security and to stay execution of the decree. A summary decree may be executed notwithstanding a regular suit to reverse it may be pending. As however, the debtor has been released, no order is now necessary except to bring the circumstance to the notice of the Judge.

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তি হওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫৩ সাল ২১ আপ্রিল।

বাকী খাজানার বাবৎ সরাসরী ডিক্রী অন্যথা করিবার জন্যে নম্বরী মোকদ্দমা উপস্থিত থাকাপ্রযুক্ত ঐ ডিক্রী জারী স্থগিত হইতে পারিবেক না।

রাজা মধুনারায়ণ সিংহ। দরখাস্তকারী।

কালেক্টর সাহেব বাকী খাজানার বাবৎ যে সরাসরী ডিক্রী করেন দেওয়ানী আদালত সেই ডিক্রী জারী স্থগিত করেন তাহাতে দেওয়ানী আদালতের হস্তক্ষেপ করণ বিষয়ে দরখাস্তকারী ৭৩৮ নম্বরী আইনের অর্থমতে আপত্তি করে সেই আপত্তি বেহারের সদর আমীন ১৮৫১ সালের ১৯ আগষ্ট তারিখে অগ্রাহ্য করেন। পরে বেহারের জজ সাহেব ১৮৫২ সালের ১৬ ডিসেম্বর তারিখে সদর আমীনের ঐ হুকুম মঞ্জুর করেন। জজ সাহেবের ঐ হুকুমের উপর দরখাস্তকারী আপীল করে।

তাহাতে সদর আদালতের জজ শ্রীযুত জাকসন সাহেব হুকুম করিলেন যে ৭৩৮ নম্বরী আইনের অর্থেতে স্পষ্ট আছে যে বাকী খাজানার বাবৎ যে সরাসরী ডিক্রী হয় তাহা অন্যথা করিবার নিমিত্তে নম্বরী মোকদ্দমা উপস্থিত থাকাপ্রযুক্ত ঐ ডিক্রী জারী স্থগিত হইতে পারে না। খাতকের স্থানে জামিন লইয়া তাহাকে খালাস করা ও ডিক্রী জারী স্থগিত করা জজ সাহেবের উচিত কর্ম্ম ছিল না। সরাসরী ডিক্রী অন্যথা করিবার নিমিত্তে নম্বরী মোকদ্দমা উপস্থিত থাকিতেও ঐ ডিক্রী জারী হইতে পারে। পরন্তু খাতককে খালাস করা গিয়াছে অতএব তদ্বিষয়ে জজ সাহেবকে মনোযোগ করাণ ভিন্ন কোন হুকুমের এক্ষণে আবশ্যক নাই।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 4.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of   Dated Fort William, the 12th April, 1853.

I am directed by the Board of Revenue to for-

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ আপ্রিল।

এই পত্রের সঙ্গে গবর্ণমেণ্টের   মাসের ২১ তারি-

ward herewith for the information and guidance of Revenue Officers, a copy of the orders of Government, dated the 29th Ultimo, No. 104, fixing the remuneration on account of recoveries of stamp fees in pauper suits, and of realizations under decrees of Court at 10 per cent., to be distributed to the Government Pleader, the Record-keeper and the Nazir, with reference to the share taken by each in effecting the realizations, with the limitation therein mentioned.

2nd. The present orders, you will observe, modify those of the 15th April,* 1846, regarding stamp fees in pauper suits, and those of the 16th June,† 1847, regarding realizations of unexecuted decrees.

(Signed) C. H. LUSHINGTON,
Secretary.

Board of Revenue,
Lower Provinces.

No. 104.

From the Offg. Under-Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue. Dated Fort William, the 29th March. 1853.

I am directed by the Most Noble the Governor of Bengal to acknowledge the receipt of your letter, No. 83, dated the 18th ultimo, and in reply to state that, under the circumstances represented, His Lordship approves of the Board's proposition, that the remuneration for the realization of the sums due to Government, on account both of stamp dues in pauper suits, and of decrees gained, be raised to 10 per cent. and distributed, at the discretion of the Collector, among the Government Pleader, the Record-keeper and the Nazir, in proportion to the exertions of each in effecting the recovery; but with the proviso that not more than Rupees 1,000 should be thus distributed in any one case.

(Signed) W. G. YOUNG,
Offg. Under Secy to the Govt. of Bengal.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 12th April, 1853.

(True Copy).

(Signed) C. H. LUSHINGTON,
Secretary.

No. 5.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of . Dated Fort William, the 22d April, 1853.

Paras. 9 and 10 of the late Sudder Board's Circular, No. 9 A, dated the 29th May, 1847, prescribed the course to be followed by Collectors when cases may be decided against the Government in District Courts.

* Late Board of Customs' Circular, 27th May, 1846, No. 1013.

† Late Sudder Board's Circular, 21st July, 1847, No. 14.

খের ১০৪ নম্বরী হুকুমের নকল বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি। ঐ হুকুমমতে পাপরেরদের মোকদ্দমায় ইষ্টাম্পের রসুম আদায় করিবার, এবং আদালতের ডিক্রীক্রমে টাকা উসুল করিবার মেহনতানা শতকরা ১০৲ টাকার হারে নির্দ্দিষ্ট হইয়াছে, এবং গবর্ণমেণ্টের উকীল ও মহাফেজ ও নাজির ঐ টাকা উসুল করণের বিষয়ে যিনি যেমন মেহনৎ করিয়াছেন তদনুসারে তাঁহারদের মধ্যে বিলি করা যাইবেক। কিন্তু ঐ হুকুমেতে যে মোট টাকার সংখ্যা লেখা আছে তাহার প্রতি দৃষ্টি রাখিতে হইবেক।

২ দফা। তুমি জানিবা যে পাপরেরদের মোকদ্দমায় ইষ্টাম্পের রসুমের বিষয়ি ১৮৪৬ সালের ১৫ আপ্রিল তারিখের * হুকুম, এবং জারী না হওয়া ডিক্রীর টাকা উসুল করণের বিষয়ি ১৮৪৭ সালের ১৩ জুন তারিখের † হুকুম, এই হুকুমের দ্বারা মতান্তর করা গিয়াছে।

সি এচ লশিংটন। সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

১০৪ নম্বর।

বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৩ সাল ২৯ মার্চ।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে তোমার গত মাসের ১৮ তারিখের ৮৩ নম্বরী পত্র প্রাপ্ত হওয়া গিয়াছে এবং তাহার উত্তরে শ্রীযুক্ত কহেন যে উল্লিখিত গতিকে পাপরেরদের মোকদ্দমায় ইষ্টাম্পের রসুমের বাবৎ, ও ডিক্রীর বাবৎ, গবর্ণমেণ্টের পাওনা টাকা উসুল করণের মেহনতানা বৃদ্ধি হইয়া শতকরা ১০৲ টাকা নির্দ্ধার্য্য হয়, এবং তাহা উসুল করিবার জন্যে গবর্ণমেণ্টের উকীল ও মহাফেজ ও নাজির যিনি যেরূপ মেহনত করিয়াছেন তদ্বিষয়ে দৃষ্টি রাখিয়া কালেক্টর সাহেবের বিবেচনামতে ঐ টাকা তাঁহারদের মধ্যে বিলি করা যায়, বোর্ডের সাহেবেরদের এই প্রস্তাব শ্রীযুক্ত মঞ্জুর করিয়াছেন। কিন্তু জানিতে হইবেক যে একি বিষয়ে ১০০০৲ টাকার অধিক কখন বিলি করিয়া দেওয়া যাইবেক না।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ আপ্রিল।

(যথার্থ নকল।)

সি এচ লশিংটন। সেক্রেটারী।

---

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২২ আপ্রিল।

যখন জিলার আদালতে মোকদ্দমা গবর্ণমেণ্টের বিপরীত নিষ্পত্তি হয় তখন কালেক্টর সাহেবেরদের যে নিয়মমতে কার্য্য করিতে হইবেক তাহা সাবেক সদর বোর্ডের ১৮৪৭ সালের ২৯ মে তারিখের ৯ A নম্বরী সরকুলর অর্ডরের ৯ ও ১০ দফাতে নির্দ্দিষ্ট হইয়াছিল।

* সাবেক হাসিলের বোর্ডের ১৮৪৬ সালের ২৭ মে তারিখের ১০১৩ নম্বরী সরকুলর।

† সাবেক সদর বোর্ডের ১৮৪৭ সালের ২১ জুলাই তারিখের ১৪ নম্বরী সরকুলর।

2nd. Since the issue of that Circular, the law of procedure, in cases appealable to the Sudder Court, has been modified by Act IV. of 1850, and the time allowed for regular appeal having been contracted, the necessity provided against in its 9th para. may now occur in the cases referred to in its 10th.

3rd. In all cases, therefore, decided against Government in the Courts of the Judges and Principal Sudder Ameens, Collectors should be careful to file their petition of appeal within the 6 weeks prescribed in Section I. of the Law above quoted, without waiting for instructions to that effect from the Legal Remembrancer. It can be withdrawn should it eventually be determined not to prosecute an appeal.

4th. A decision reversing a sale for arrears of rent or revenue should always be regarded as a decision adverse to the Government, even though the Courts should exonerate Government from payment of costs, and petition of appeal should be timely lodged as above directed.

(Signed) A. GROTE,
Officiating Secretary.

Board of Revenue,
Lower Provinces.

২ দফা। ঐ সরকুালর জারী হওনের পর, সদর আদালতে যেং মোকদ্দমার আপীল হইতে পারে সেইং মোকদ্দমায় কার্য্য করণের নিয়ম ১৮৫০ সালের ৪ আইনের দ্বারা মতান্তর করা গিয়াছে। এবং জাবেতামতে আপীল করণের মিয়াদ কমান যাওয়াতে ঐ সরকুালরের ৯ দফার লিখিত গতিকে যে আবশ্যক নিয়ম করা গিয়াছিল সেই নিয়ম এইক্ষণে ১০ দফার উল্লিখিত মোকদ্দমায় খাটিতে পারে।

৩ দফা। অতএব জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের আদালতে গবর্ণমেণ্টের বিপরীত যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হয় তাহাতে কালেক্টর সাহেবেরা এই বিষয়ে মনোযোগ করিবেন যে আপীল করিবার বিষয়ে সরকারী মোকদ্দমার রিমেম্ব্রান্সর সাহেবের অনুমতির অপেক্ষা না করিয়া উপরের লিখিত আইনের ১ ধারাতে যে ছয় সপ্তাহ মিয়াদ নির্দ্দিষ্ট হইয়াছে তাহারি মধ্যে আপীলের দরখাস্ত দাখিল করেন। তাহার পর যদি স্থির হয় যে আপীল চালান যাইবেক না তবে ঐ আপীলের দরখাস্ত উঠাইয়া লওয়া যাইতে পারিবেক।

৪ দফা। খাজানার কি মালগুজারীর বাকীর বাবৎ নীলাম যে ডিক্রীর দ্বারা অন্যথা করা যায় তাহাতে যদিও আদালত গবর্ণমেণ্টকে খরচা দিতে হুকুম না করেন তথাপি তাহা গবর্ণমেণ্টের বিপরীত ডিক্রী সর্ব্বদাই জ্ঞান হইবেক এবং উপরের হুকুমমতে সময় থাকিতে আপীলের দরখাস্ত দাখিল করা উচিত।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 3.

To the Civil and Sessions Judges in the Lower Provinces and the Deputy Commissioners of Hazareebaugh and Assam.

I am directed by the Court to forward for your information, the accompanying copy of a letter, and its enclosure, from the Officiating Under Secretary to Government of Bengal No. 46, dated the 14th instant, and to request your attention to the 2d Paragraph thereof.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 23d March, 1853.

(Copies.)

No. 463.

From the Officiating Under Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court. Dated Fort William, the 14th March, 1853.

I am directed by the Most Noble the Governor of Bengal, with reference to the correspondence noted in the Margin,* to forward copy of a

* Letter No. 703 of 25th March, 1851, to the Officiating Register of Sudder Dewanny Adawlut.

Letter No. 1668, of 9th August, 1851, to Register of Sudder Dewanny Adawlut.

Letter No. 1970, of 17th December, 1851, from Register of Sudder Dewanny Adawlut with enclosures.

সদর দেওয়ানী আদালতের সরকুালর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব এবং হাজারীবাগ ও আসামের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ১৪ তারিখের ৪৬ নম্বরী পত্রের ও তাহার সঙ্গে প্রেরিত পত্রের নীচের লিখিত নকল তোমার বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাইয়া আদেশ করিতেছি যে তুমি তাহার ২ দফায় মনোযোগ কর।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৩ মার্চ।

(নকল)

৪৬৩ নম্বর।

সদর আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১৪ মার্চ।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে নীচের লিখিত পত্রের * উপলক্ষে দেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত জানুআরি মা-

* সদর দেওয়ানী আদালতের শ্রীযুত একটিং রেজিষ্টর সাহেবের প্রতি ১৮৫১ সালের ২৫ মার্চ তারিখের ৭০৩ নম্বরী পত্র।

সদর দেওয়ানী আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি ১৮৫১ সালের ৯ আগষ্ট তারিখের ১৬৬৮ নম্বরী পত্র।

সদর দেওয়ানী আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের ১৮৫১ সালের ১৭ ডিসেম্বর তারিখের ১৯৭০ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত পত্র।

Resolution of the Government of India, Home Department, dated the 7th January last, the principle laid down in which will be borne in mind.

2d. The Civil and Sessions Judges might be directed to report to the Sudder Court whenever it is desirable in their opinion that an Uncovenanted Judge should be removed from one District or Station to another, and the Court would of course act upon such representations as the circumstances of each case might seem to require.

(Signed) HODGSON PRATT,
Offg. Under Secy. to the Govt. of Bengal.

Fort William, Home Department, (Judicial),

The 7th January, 1853.

Read again a Petition from certain Proprietors of landed estate farmers and others, dated 1st February, 1851, representing that evils arise from the present judicial system obtaining in the Mofussil, and suggesting the periodical transfer of Uncovenanted Judges from one station to another.

Read again letter to the Secretary to the Government of Bengal, dated the 7th March, 1851, forwarding the foregoing for report.

Read again letter from Secretary to the Government of Bengal, dated 22d January, 1852, with enclosure submitting the Deputy Governor's opinion on the subject.

Read again note by the Secretary, dated 25th February, 1852.

Read again Minute by the Most Noble the Governor General, dated 16th March, 1852.

Read again Minute by the Hon'ble Sir F. Currie, dated 20th March, 1852.

Read again Minute by the Hon'ble J. Lowis, dated 23d March, 1852.

Read again letter to Secretaries to Governments of Fort St. George, Bengal and North Western Provinces, dated 27th March, 1852, requesting the opinion of the Sudder Courts of the general character and qualifications of the Native Judicial officers.

Read letter from the Secretary to the Government of the North Western Provinces, dated the 20th July with enclosures, submitting the required information.

Read letter to the Secretaries to the Government of Fort St. George and Bombay, repeating call for Sudder Court's reports.

Read letter from the Secretary to the Government of Fort St. George, dated the 2d October with enclosure.

Read letter from the Secretary to the Government of Bombay, dated the 19th October with enclosure.

সের ৭ তারিখের নির্দ্ধারণের নকল পাঠাইতেছি। ঐ নির্দ্ধারণে যে মুল নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে তাহাতে মনোযোগ করিতে হইবেক।

২ দফা। সিবিল ও সেশন জজ সাহেবদিগকে আজ্ঞা দেওয়া যাইতে পারিবেক যে যখন তাঁহারদের বিবেচনায় অচিহ্নিত কোন বিচারকর্ত্তাকে এক জিলা কি মোকামহইতে অন্য জিলায় কি মোকামে পাঠান উচিত তখন সদর আদালতে সেই বিষয়ের রিপোর্ট করেন তাহাতে সদর আদালতের সাহেবেরা ঐ প্রকার রিপোর্ট পাইলে পর সুতরাং প্রত্যেক বিষয়ের ভাবগতিক বুঝিয়া যেমন আবশ্যক বোধ হয় তেমনি কার্য্য করিবেন।

হজসন প্রাট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট। (জুডিসিয়ল।)

১৮৫৩ সাল ৭ জানুআরি।

কএক জন ভূম্যধিকারির ও ইজারদারের ও অন্য ব্যক্তিরদের ১৮৫১ সালের ১ ফেব্রুআরি তারিখের এক দরখাস্ত পুনশ্চ পাঠ করা যায়। তাহাতে লেখা আছে যে মফঃসলে বিচার কার্য্যসম্পর্কীয় যে নিয়ম একক্ষণে চলন আছে তদ্দ্বারা অপকার জন্মে এবং এই প্রস্তাব আছে যে অচিহ্নিত বিচারকর্ত্তারদিগকে নিরূপিত সময়ে এক মোকামহইতে অন্য মোকামে পাঠান যায়।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ১৮৫১ সালের ৭ মার্চ তারিখের পত্র পুনশ্চ পাঠ করা গেল। ঐ পত্রের সঙ্গে ঐ দরখাস্ত দাখিল হইবার জন্যে পাঠান যায়।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২২ জানুআরি তারিখের পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত পত্র পুনশ্চ পাঠ করা যায়। তাহাতে উক্ত বিষয়ে শ্রীযুত ডেপুটী গবরনর সাহেবের মত প্রকাশ হয়।

শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৮৫২ সালের ২৫ ফেব্রুআরি তারিখের নোট পুনশ্চ পাঠ করা যায়।

শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের ১৮৫২ সালের ১৬ মার্চ তারিখের লিখিত মত পুনশ্চ পাঠ করা যায়।

শ্রীযুত অনরবিল সর এফ করি সাহেবের ১৮৫২ সালের ২০ মার্চ তারিখের লিখিত মত পুনশ্চ পাঠ করা যায়।

শ্রীযুত অনরবিল জে লৌইস সাহেবের ১৮৫২ সালের ২৩ মার্চ তারিখের লিখিত মত পুনশ্চ পাঠ করা যায়।

মান্দ্রাজের ও বাঙ্গলা দেশের ও উত্তরপশ্চিম প্রদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবেরদের প্রতি ১৮৫২ সালের ২৭ মার্চ তারিখের পত্র পুনশ্চ পাঠ করা যায়। তাহাতে সদর আদালতের সাহেবদিগকে দেশীয় বিচারকর্ত্তারদের সাধারণ রীতিচরিত্র ও কর্ম্মক্ষমতার বিষয়ে আপনারদের মত জ্ঞাপন করিতে আদেশ হয়।

উত্তর পশ্চিম প্রদেশের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ২০ জুলাই তারিখের পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত পত্র পাঠ করা যায়। তাহাতে পূর্ব্বোক্ত যে সম্বাদ জানাইবার আদেশ হইয়াছিল তাহা পাঠান যায়।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবেরদের প্রতি পত্র পাঠ করা যায়। তাহাতে সদর আদালতের যে রিপোর্ট পূর্ব্বে তলব হইয়াছিল তাহা পুনরায় তলব করা যায়।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ২ অক্টোবর তারিখের পত্র ও তাহার সঙ্গে প্রেরিত পত্র পাঠ করা যায়।

বোম্বাইয়ের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ১৯ অক্টোবর তারিখের পত্র ও তাহার সঙ্গে প্রেরিত পত্র পাঠ করা যায়।

Resolution.

In the above Petition were alleged grave and unqualified general charges against the whole class of Uncovenanted Judges employed under Government, and although, from their nature, it was impossible that such general charges could be formally investigated, the Governor General in Council was desirous that every possible enquiry should be made, and that all available information should be obtained, in regard to the working of the Uncovenanted Agency employed in the Judicial Department in all the Presidencies. With this object, the local Governments were called upon to report their own and their respective Sudder Court's opinions regarding the character and qualifications, as a body, of the Native Judicial officers employed under them.

The tenor of the replies which have been received from the several Presidencies is such as to convince His Lordship in Council, that the charges advanced generally by the Petitioners against this useful class of public servants, are greatly exaggerated; and he believes that he may accept with confidence, as generally applicable, the gratifying assurance of the Sudder Court of Calcutta, that "as a body the Uncovenanted Judges have advanced, and are greatly advancing in probity, good conduct, and the knowledge requisite for the discharge of their responsible duties."

The Petitioners suggest three measures for the remedy of the evils under which they conceive themselves to labour, from defects in the present system.

1st. The periodical removal from one District to another, of the Uncovenanted Judges, and the Serishtadars and Peishkars of the Covenanted Civil and Criminal Judges.

2d. The extension of the grounds for special appeal and

3d. The examination of witnesses, in Civil cases, by the presiding Judge himself.

Of these three measures, the two last have been already considered, and will be introduced by two Draft Acts; (one "for amending the Law of Special Appeals," and the other "to amend the Law of Evidence in the Civil Courts,") which are now under the consideration of Government in the Legislative Department. These two measures therefore, need not be further noticed now.

In regard to the question of the advantage or disadvantage of the frequent removal of Native Judicial Officers, the opinions of the Authorities who have been consulted are much divided. On the whole, the Governor General in Council thinks, that Uncovenanted Judges should not be moved periodically, of necessity, or as a matter of course. At the same time, he is of opinion that it is really objectionable that such Officers should be allowed to remain for an unduly long period in one place.

He believes that, without adopting any such

নিৰ্দ্ধারণ।

উক্ত দরখাস্তের মধ্যে গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত অচিহ্নিত বিচারকর্ত্তা সমুদয়ের বিপরীত গুরুতর সাধারণ অভিয়োগ প্রকাশ হইয়াছিল আর তাহার লঘুকর কথাও তাহাতে মিশ্রিত নাই। ঐ প্রকার অভিযোগ সাধারণরূপে হওয়াতে দাঁড়ামতে তাহার মীমাংসা করা অসাধ্য তথাপি হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ইচ্ছা করিলেন যে তদ্বিষয়ের যেপর্য্যন্ত অনুসন্ধান করা যাইতে পারে তাহা করা যায় এবং সকল রাজধানীতে বিচারসম্পর্কীয় কার্য্যেতে অচিহ্নিত যে সকল কার্য্যকারক নিযুক্ত আছেন তাঁহারদের দ্বারা কার্য্য হওনের বিষয়ে যে সকল সম্বাদ পাওয়া যাইতে পারে তাহা পাওয়া যায়। এই অভিপ্রায়ে স্থানীয় সকল গবর্ণমেণ্টকে হুকুম করা গিয়াছিল যে তাঁহারদের অধীনে নিযুক্ত এতদ্দেশীয় বিচারকর্ত্তার সম্প্রদায়ের রীতিচরিত্র ও কর্ম্মক্ষমতার বিষয়ে তাঁহারা আপনারদের মত ও আপনং সদর আদালতের মত জ্ঞাপন করেন।

তাহাতে নানা রাজধানীহইতে যে সকল উত্তর পাওয়া গিয়াছে তাহার মর্ম্মের দ্বারা হজুর কৌন্সেলে শ্রীযুক্ত নিশ্চয় বোধ করেন যে দরখাস্তকারিরা সরকারী ঐ অতিকর্ম্মণ্য কার্য্যকারক সম্প্রদায়ের বিপরীত সাধারণমতে যে সকল অভিযোগ প্রকাশ করিলেন তাহা অতিশয় বাড়াইয়া লিখিয়াছেন। এবং তিনি বোধ করেন যে কলিকাতার সদর আদালত যে তুষ্টিজনক নিশ্চিত কথা লিখিয়াছেন তাহা তাঁহারদের প্রতি সাধারণমতে খাটান গেলে তিনি বিশ্বাসপূর্ব্বক গ্রহণ করিতে পারেন। বিশেষতঃ তাঁহারা লিখিয়াছেন যে "সম্প্রদায়স্বরূপ অচিহ্নিত কার্য্যকারকেরদের বিশ্বাসযোগ্যতা, ও সদাচরণ, ও আপনারদের দায়ঘটিত কার্য্য নির্ব্বাহার্থে আবশ্যক জ্ঞান, বৃদ্ধি হইয়াছে ও অতিশয় বৃদ্ধি হইতেছে।"

দরখাস্তকারিরা বর্ত্তমান নিয়ম পরিপক্ক না হওয়াতে যে সকল অপকার ভোগ করিতেছেন বোধ করেন তাহা নিবারণের তিন উপায় প্রস্তাব করিয়াছেন।

প্রথম। অচিহ্নিত বিচারকর্ত্তারদিগকে এবং চিহ্নিত দেওয়ানী ও ফৌজদারীর জজ সাহেবেরদের সিরিশ্তাদার ও পেশকারদিগকে নিরূপিত সময়ে এক জিলাহইতে অন্য জিলায় পাঠান যায়।

দ্বিতীয়। খাস আপীলের হেতু বিস্তার করা যায়।

তৃতীয়। দেওয়ানী মোকদ্দমায় আদালতের বিচারকর্ত্তা আপনি সাক্ষিরদের জোবানবন্দী লন।

এই তিন উপায়ের মধ্যে দ্বিতীয় ও তৃতীয় উপায়ের কথার পূর্ব্বাবধি বিবেচনা হইতেছে এবং দুই আইনের মুসাবিদার দ্বারা তাহার অনুষ্ঠান হইবেক। ঐ দুই মুসবিদা অর্থাৎ "খাস আপীলের আইন সংশোধনের" এক, এবং "দেওয়ানী আদালতে সাক্ষ্য লইবার বিষয় আইন সংশোধনের" এক, এক্ষণে ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের বিবেচনাধীন আছে। অতএব এইক্ষণে ঐ দুই প্রস্তাবের বিষয়ে অধিক লেখা আবশ্যক নাই।

এতদ্দেশীয় বিচারকর্ত্তারদের পুনঃ২ স্থানান্তর করণের উপকার কি অনুপকারের বিষয়ে যে সকল কার্য্যকারক সাহেবেরদের পরামর্শ লওয়া গিয়াছে তাঁহারদের মতের বিস্তর অনৈক্য আছে। কিন্তু সর্ব্ব বিষয় বিবেচনায় হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বোধ করেন যে অচিহ্নিত বিচারকর্ত্তারদিগকে নিরূপিত সময়ে অবশ্য ও নিশ্চিতরূপে স্থানান্তর করা উচিত নহে। তথাপি তিনি বোধ করেন যে ঐ কার্য্যকারকদিগকে অনুপযুক্ত দীর্ঘ কাল একি স্থানে থাকিতে দেওয়া নিতান্ত অনুচিত।

তিনি বোধ করেন যে প্রস্তাবিতমতে নিরূপিত সময়ে

general system of periodical removal from District to District, as is proposed, the Executive Government has it always in its power unobjectionably to make such changes of post as, taking both the good and the evil of changes into consideration, are believed to be, upon the whole, good for the public service. There are always some stations less desirable than others, and it is reasonable that, for the most part, Juniors should commence their service in any grade at other than favorite stations. So also it is very proper that deserving Officers, who have done good service in unpopular stations, should be transferred in due time to more desirable places, and whenever it happens that a Native Judge has become really less useful, by reason of his having been fixed for a great length of time in one Society, and at one station, he should be removed elsewhere, on that account, without unnecessarily involving in a general change, others whose removal will be of no public benefit.

(True Copy.)

(Signed) A. R. YOUNG,
Under Secy. to the Govt. of India.

No. 4.

To the Civil Authorities in the Lower and Extra Regulation Provinces.

It having been represented to the Court that, notwithstanding the instructions contained in Circular Order No. 131, of the 23rd May, 1851, much inconvenience still continues from the practice of the Lower Courts writing their decrees on long rolls of paper, and this complaint appearing to the Court to be well founded, it is hereby again ordered that, in future, the Lower Courts shall have their decrees drawn out strictly according to the directions of that Circular Order, the rules contained in which are also to be applied to copies of decrees granted to parties in a suit according to Circular Order No. 143, dated 8th August, 1851.

2d. In copies of decrees granted according to Article 3, Schedule B. Regulation X. 1829, the sheets of stamp paper shall only be written on one side, and they are not to be fastened with paste one to the other, but shall be attached to each other by a strong tape or string passing through the top of the sheets, each sheet being signed and sealed separately as now.

3rd. The Court further direct that the paper, on which the presiding Judges of every grade of Court write their Judgments according to Act XII. of 1843, shall be as nearly as possible uniform in size and arrangement with the paper to be used as above directed for copies to be given to parties in a suit.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 31st March, 1853.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১০ মে।]

এক জিলাহইতে অন্য জিলায় পাঠাইবার উক্ত প্রকার কোন সাধারণ নিয়ম স্থাপন না করিয়াও কর্তৃত্বকারি গবর্ণমেণ্টের সর্ব্বদাই এইমত ক্ষমতা আছে যে আপত্তির পথ না রাখিয়া কার্য্যকারকেরদের স্থান পরিবর্ত্তনের দ্বারা যে উপকার কি অপকার হয় তাহা বিবেচনায় লইয়া যেরূপ স্থানান্তর করাওণের দ্বারা মোটে সরকারী কার্য্যের হিতজনক বোধ হয় তাহা করান। কোন২ স্থান অন্য২ স্থানহইতে সর্ব্বদাই ইষ্ট আছে এবং নূতন কোন শ্রেণীর কার্য্যকারকেরদের প্রিয় স্থানভিন্ন প্রায় সর্ব্বদা অন্য স্থানে কার্য্যারম্ভ করা যুক্তিসিদ্ধ বটে। তদ্রূপে উপযুক্ত যে কার্য্যকারকেরা অপ্রিয় স্থানে উত্তমরূপে কার্য্য নির্ব্বাহ করিয়াছেন তাঁহারদিগকে সময়মতে আরো ইষ্ট স্থানে নিযুক্ত করা উচিত। এবং যদি কখন এইরূপ হয় যে এতদ্দেশীয় কোন বিচারকর্ত্তা একি স্থানে একি প্রকার লোকেরদের সহবাসে বহু কালপর্য্যন্ত নিযুক্ত থাকনের দ্বারা নিতান্ত পূর্ব্বাপেক্ষা কম কর্ম্মণ্য হইয়াছেন তবে তৎপ্রযুক্তই তাঁহাকে অন্য স্থানে নিযুক্ত করিতে হয় কিন্তু অন্য যে২ লোকের স্থানান্তর করণের দ্বারা সরকারের কোন উপকার হইতে পারে না এমত লোকেরদিগকে সাধারণরূপে অনাবশ্যকমতে স্থানান্তর করাইবার প্রয়োজন নাই।

(যথার্থ নকল।)

এ আর ইয়ং।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

---

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের এবং আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতকে অবগত করাণ গিয়াছে যে ১৮৫১ সালের ২৩ মে তারিখের ১৩১ নম্বরী সরক্যুলর অর্ডরের প্রকাশিত উপদেশ হইলেও অধস্থ আদালতের কার্য্যকারকেরা আপনারদের ডিক্রী এক ফর্দ্দ লম্বা কাগজে লিখিয়া থাকেন ইহাতে অনেক ক্লেশ এখনও হইতেছে, এবং সদর আদালত বোধ করেন যে ঐ কথা সমূলক। অতএব ইহার দ্বারা পুনশ্চ আজ্ঞা করা যাইতেছে যে উত্তর কালে অধঃস্থ আদালতের কার্য্যকারকেরা ঠিক ঐ সরক্যুলর অর্ডরের আদেশমতে আপনারদের ডিক্রী প্রস্তুত করান। আরো ১৮৫১ সালের ৮ আগষ্ট তারিখের ১৪৩ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে মোকদ্দমার বাদিপ্রতিবাদিকে যে ডিক্রীর নকল দেওয়া যায় তাহার বিষয়েও ঐ সরক্যুলর অর্ডরের লিখিত বিধান খাটিবেক।

২ দফা। ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৩ প্রকরণানুসারে ডিক্রীর যে নকল দেওয়া যায় তাহাতে ইষ্টাম্প কাগজের প্রত্যেক ফর্দ্দের কেবল এক দিগে লেখা থাকিবেক এবং এক ফর্দ্দ অন্য ফর্দ্দের সঙ্গে লেই দিয়া যোড়া যাইবেক না কিন্তু প্রতি ফর্দ্দের উর্দ্ধ ভাগে অতিশক্ত ফিতা কি রসি দিয়া সে সকল ফর্দ্দ টাঁকান যাইবেক। এইক্ষণে যেমন হইয়া থাকে তেমনি প্রত্যেক ফর্দ্দেতে সহী ও মোহর থাকিবেক।

৩ দফা। সদর আদালতের সাহেবেরা আরো হুকুম করিতেছেন যে মোকদ্দমার বাদিপ্রতিবাদিদিগকে নকল দিবার জন্যে যে কাগজ ব্যবহার হয় তাহার উক্ত হুকুমমতে যে পরিমাণ হয় ও যে নিয়মে সাজান যায় সাধ্যমতে সেই পরিমাণের ও সেই নিয়মে সাজান কাগজে সকল শ্রেণীর আদালতের বিচারকর্ত্তারা ১৮৪৩ সালের ১২ আইনানুসারে আপনারদের ডিক্রী লেখেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল। ৩১ মার্চ।

No. 5.

To the Civil Authorities in the Regulation and Non-Regulation Provinces.

The Court circulate for general information, the following amended Bengalee translation of Section 9, Regulation XV. of 1793.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 28th March, 1853.

৫ নম্বর।

আইনের অধীন ও আইনবহির্ভুত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা সকল লোককে জানাইবার নিমিত্তে ১৭৯৩ সালের ১৫ আইনের ৯ ধারার নীচের লিখিত সংশোধিত বাঙ্গলা তরজমা প্রকাশ করিতেছেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৮ মার্চ।

১৭৯৩ সাল ১৫ আইন ৯ ধারা।

ইঙ্গরেজী ১৭৮০ সালের ২৮ মার্চ তারিখে কি তাহার পরে যে মোকদ্দমার হেতু হয় এমত কোন মোকদ্দমাতে যে নিরিখে সুদ দিবার ও লইবার হুকুম এই আইনে লেখা যায় তাহার অধিক সুদ যদি লওয়া গিয়াছে কিম্বা লইবার একরার হইয়াছে এবং এমত প্রমাণ হয় যে এই আইনের নির্দ্দিষ্ট বিধান এড়াইবার জন্যে আসল কর্জ্জের কোন অংশ বাদ দেওনের দ্বারা কিম্বা কোন কৌশলে কি উপায়ে কোন উদ্যোগ হইয়াছে তবে আদালত ফরিয়াদীর পক্ষে কিছুই সুদের ডিক্রী করিবেন না এবং ফরিয়াদীর স্থানহইতে খরচা দেওয়াইয়া ঐ মোকদ্দমা ডিসমিস করণ বিনা অন্য হুকুম করিবেন না ইতি।

No. 6.

To the Civil Authorities in the Lower and Extra Regulation Provinces.

I am directed by the Court to forward to you for your information, the accompanying Extracts paragraphs 8 and 19 from a letter from the Judge of Backergunge, No. 16, dated the 24th ultimo, and to request that with reference to the statements there made, you will keep a watch over the manner in which cases are taken up and decided in all the subordinate Courts in your District.

2d. The ordinary rule should certainly be that the decision on one case should be delivered before another case is taken up, and further that, except in occasional instances of special intricacy, or difficulty, the decision should be at once written on the Bench after the close of the argument by the Pleaders.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 4th April, 1853.

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

বাকরগঞ্জের জজ সাহেবের গত মাসের ২৪ তারিখের ১৬ নম্বরী পত্রের নীচের লিখিত ৮ ও ১৯ ধারা সদর আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে পাঠাইতেছি এবং তাহার লিখিত কথার উপলক্ষে আদেশ করিতেছি যে তোমার জিলার অন্তঃপাতি অধস্থ সকল আদালতে যে প্রকারে মোকদ্দমা রুবকার হইয়া নিষ্পত্তি হইতেছে তদ্বিষয় তুমি সতর্কতাপূর্ব্বক দেখ।

২ দফা। এক মোকদ্দমার নিষ্পত্তি প্রকাশ না হওনপর্য্যন্ত অন্য মোকদ্দমার রুবকার না হন. আরো, বিশেষরূপে পেঁচাল ও কঠিন কোন মোকদ্দমাভিন্ন অন্য সকল মোকদ্দমায়, উকীলেরদের সওয়ালজওয়াব সমাপ্ত হইলে পর একেবারেই বিচারাসনে ডিক্রী লেখা যায়. এইরূপ চলন বিধান হওয়া উচিত।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৪ আপ্রিল।

Extracts paragraphs 8 and 19 from a letter from the Officiating Judge of Backergunge, No. 16, dated the 24th March, 1853.

Para. 8. The mode of conducting business with the Moonsiff, to which I have made allusion above is, that all the early part of the month is devoted to reading through the cases, and preparing materials for a judgment and the latter part is occupied in concocting the judgments. Thus I found that the Moonsiff of Cowkallee, had not decided a single case during the month up to the 18th March!

Para. 19th. I explained to the Moonsiff how objectionable his practice was of hearing 10 or 12 cases at a time and writing his judgments upon them at his leisure, and I instructed him to observe in future that except in any special cases when he was in doubt as to the Law or when he wanted to search for precedents, that he was never to hear a second suit till he had written his judgment in the first. I also instructed him to pay particular regard to that wholesome rule which prescribes that cases shall be taken up and decided if capable of decision, ac-

চুম্বক।

বাকরগঞ্জের একটিং জজ সাহেবের ১৮৫৩ সালের ২৪ মার্চ তারিখের ১৬ নম্বরী পত্রের ৮ ও ১৯ দফা।

৮ দফা। ঐ মুনসেফের কার্য্য করণের যে রীতির বিষয় পূর্ব্বে লিখিয়াছি তাহা এই। মাসের আরম্ভে কএক দিবস মোকদ্দমার কাগজপত্র পাঠ করণ এবং ডিক্রীর জন্যে প্রয়োজনীয় বিষয় প্রস্তুত করণ বিনা কিছু করেন না পরে মাসের শেষ কএক দিবস ঐ ডিক্রী প্রস্তুত করিয়া থাকেন। এই প্রকারে দেখিলাম কাউখালির মুনসেফ মার্চ মাসের ১৮ তারিখপর্য্যন্ত একটি মোকদ্দমাও নিষ্পত্তি করেন নাই।

১৯ দফা। দশ বারো মোকদ্দমা এক সময়ে শুনিয়া পরে অবকাশমতে তাহার ডিক্রী লেখা মুনসেফের এই ব্যবহার কেমন অনুচিত তাহা তাহাকে বুঝাইয়া দিলাম। আরো কহিলাম যে উত্তর কালে যদি কোন বিশেষ মোকদ্দমায় আইনের বিষয়ে তাঁহার সন্দেহ থাকে কিম্বা তিনি নজির অনুসন্ধান করিতে চাহেন তবে সেই প্রকার মোকদ্দমা ছাড়া, যাবৎ এক মোকদ্দমার ডিক্রী না লিখিয়াছেন তাবৎ দ্বিতীয় মোকদ্দমা কখন না শুনেন। আরো যে বিধানে নির্দ্দিষ্ট হইয়াছে যে নথীতে নম্বরঅনুসারে মোকদ্দমার রুবকার হইবেক এবং নিষ্পত্তি হইতে পারিলে নিষ্পত্তিও হইবেক এই অতি হিতজনক বিধানে তাঁহাকে

cording to their number on the file, for, if I am rightly informed, Moonsiffs are more apt to take up easy cases out of their turn, than do their best to ripen for a hearing, the suits that are of a more intricate nature.

(True Extracts,)

R. STUART,
Asstt Register

বিশেষমতে মনোযোগ করিতে আদেশ করিলাম কেননা যদি আমার শ্রুত কথা সত্য হয় তবে মুনসেফেরা পেঁচাল রকমের মোকদ্দমা শুনিবার নিমিত্তে প্রস্তুত করিতে সাধ্যমতে উদ্যোগ করণঅপেক্ষা বরং নম্বর ব্যতিক্রমে সহজ২ মোকদ্দমা ফয়সল করিতে প্রায়ই উদ্যত হন।

(যথার্থ চুম্বক)

জে আর ষ্টয়ার্ট।
আসিষ্টান্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translater.*

CIRCULAR ORDER OF THE SPECIAL COMMISSIONER'S COURT, SUDDER DEWANNY ADAWLUT

No 6

To the Judge of ——— .

The Court having reason to believe that misunderstanding prevails on the subject of the jurisdiction of Zillah Judges as Special Commissioners connected with the execution of decrees already passed, direct me to state that the notification of 15th April, 1852, applies as much to Zillah Judges in that capacity as to the Judges of the Sudder Court, and that the Zillah Judges should dispose of applications for execution of such decrees, or of disputes originating therein, as provided for in that notification, under the powers with which they have been vested as Special Commissioners

(Signed) B J. COLVIN,
Register

Fort William, the 31st March, 1853

সদর দেওয়ানী আদালতের স্পেসিয়ল কমিস্যনর সাহেবের সরকুলর অর্ডর।

৬ নম্বর।

অমুক স্থানের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে পূর্ব্ব হওয়া ডিক্রী জারী করণ সম্পর্কে স্পেসিয়ল কমিস্যনরস্বরূপ জজ সাহেবেরদের এলাকার বিষয়ে কোন ভ্রম আছে। অতএব তোমাকে জানাইতে আদেশ করিয়াছেন যে ১৮৫২ সালের ১৫ আপ্রিল তারিখের বিজ্ঞাপন যেমন সদর আদালতের জজ সাহেবেরদের প্রতি খাটে তেমনি স্পেসিয়ল কমিস্যনরী পদোপলক্ষে জিলার জজ সাহেবেরদের প্রতিও খাটে এবং জিলার জজ সাহেবেরদের উচিত যে স্পেসিয়ল কমিস্যনরস্বরূপ তাঁহাদের প্রতি যে ক্ষমতার্পণ হইয়াছে সেই ক্ষমতানুসারে ঐ বিজ্ঞাপনের নির্দ্দিষ্টমতে ঐ প্রকার ডিক্রী জারীর দরখাস্তের অথবা তাহাতে যে বিবাদ উৎপন্ন হয় তাহার বিচার করেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৩১ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT

APPOINTMENTS.

The 25th April, 1853

Baboo Bessun bur Budiabhoosun, a Diploma Candidate, to act as Moonsiff of Dhamnugur, until further orders

The 22d April, 1853

Baboo Neelmadhub Mookerjea, Moonsiff of Dhekabaree, to be Moonsiff of Gopalpore, and Baboo Gopeenath Das, Moonsiff of Gopalpore, to be Moonsiff of Dhekabaree, in Zillah Beerbhoom

B. J. COLVIN, *Register*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৫ আপ্রিল।

ডিপ্লোমাপ্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বম্ভর বিদ্যাভূষণ দ্বিতীয় হুকুম না হওনপর্য্যন্ত ধামনগরের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ২২ আপ্রিল।

জিলা বীরভূমে ঢেকাবাড়ীর মুনসেফ শ্রীযুত বাবু নীলমাধব মুখুয্যা গোপালপুরের মুনসেফ হইবেন। গোপালপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ দাস ঢেকাবাড়ীর মুনসেফ হইবেন।

বি জে কলবিন। রেজিষ্টর।

LEAVE OF ABSENCE.

The 2d May, 1853.

Baboo Jadooram Deka Boorwa, Moonsiff of Golahghat, in Zillah Shibsagur, for 18 days, from the 10th Ultimo.

C. T. BUCKLAND, *Offg Registei*.

ছুটী।

১৮৫৩ সাল ২ মে।

জিলা শিবসাগরে গোলাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু যাদুরাম ডেকা বড়ুয়া গত মাসের ১০ তারিখঅবধি আঠারো দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। এক্টিং রেজিষ্টর।

* See *Government Gazette* of 21st Idem, page 741.

* ঐ মাসের ২১ তারিখের গবর্ণমেণ্ট গেজেটের ৭৪১ পৃষ্ঠা দেখ।

রাজকর্ম্মে নিয়োগ।

৬৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৯ আপ্রিল।

শ্রীযুত এফ বি ড্রমণ্ড সাহেব (Mr. F. B. Drummond,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়া ত্রিহুতের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ ডবলিউ রসেল সাহেব (Mr. A. W. Russell,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৩ সাল ১০ আপ্রিল।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৩ সাল ১২ আপ্রিল।

শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) ১১ সংখ্যক অর্থাৎ পাটনা এলাকার রাজস্বের কমিস্যানরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland.) আপনার কর্ম্মের ভার স্বীয় আসিষ্টাণ্ট শ্রীযুত আর বি চাপমান সাহেবের (Mr. R. B. Chapman.) প্রতি অর্পণ করিয়া সদর আদালতের রেজিষ্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর সি রেকস সাহেব (Mr. R. C. Raikes,) সারণের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ জে জাক্সন সাহেব (Mr. A. J. Jackson,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১৪ আপ্রিল।

চাটিগাঁয়ে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত রায় গত মাসের ৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৩ আপ্রিল।

ছিলট ও কাছাড়ে ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা গত নবেম্বর মাসের ১১ তারিখের হুকুমক্রমে যে তিন মাসের ছুটী পান তাহার অবশিষ্ট কাল গত মাসের ২২ তারিখঅবধি রহিত হইয়াছে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জে কুম সাহেব (Mr. J. Combe.) "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১০ তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭১৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ

১৮৫৩ সাল ১৯ আপ্রিল।

দিনাজপুরের কালেক্টর সাহেব স্বীয় পদোপলক্ষে ঐ জিলার ডাকের অধ্যক্ষ হইবেন।

১৮৫৩ সাল ২২ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) বর্দ্ধমানের মাজিষ্ট্রেট হইবেন কিন্তু বীরভূমের মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৬ আপ্রিল।

বেহারের আফীমের এজেণ্ট শ্রীযুত সি বেরি সাহেব (Mr. C. Bury,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে আট মাসের ছুটী পাইয়াছেন।

হাজারীবাগে শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান টি সিমসন সাহেব (Captain T. Simpson,) স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৭ আপ্রিল।

কলিকাতার হাসিলের কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr. W. Bracken,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৭ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এফ লৌথ সাহেব (Mr. F. Lowth,) কলিকাতার রাজধানীহইতে কেপে গমনার্থ ও শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) ইউরোপে গমনার্থ "মারিসিয়স" নামক ইশক্রুকলের বাষ্পীয় জাহাজে কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন। আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে ঐ জাহাজ সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৭৩২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৯ আপ্রিল।

সদর আদালতের জজ শ্রীযুত ডবলিউ বি জাকসন সাহেব (Mr. W. B. Jackson) বিশেষ কর্ম্মোপলক্ষে বাঙ্গলা দেশের মফঃসলে গমনার্থে আজ্ঞাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes.) ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেশিয়ল কমিস্যানরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া সদর আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) পনেরসংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিস্যানরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ঢাকা জিলা ও শহরে সেশন জজের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) ঢাকার সিবিল্ ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর জে লফনেন সাহেব (Mr. R. J. Loughnan,) বেহারের আফীমের এজেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ ট্রাবর্স সাহেব (Mr. W. Travers,) পাটনার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) যশোহরের মাজিষ্ট্রেট হইবেন। কিন্তু সদর আদালতের রেজিষ্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.
SALT.

গবর্ণমেণ্টের ইশতিহার।
নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তি বাবৎ লাগাদ ৩০ আপ্রিল সন ১৮৫৩ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলা।

এজেন্সীর নাম		সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।		০	০	০	০	২.৪২.৬৮২/	১,০৪,৬১২/	৩,৪৭,২৯৪/
ঐ ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	২৭,২৬০ ।৬	৪২,৩২৭/	৬৯,৫৮৭ ।৬
ঐ ঐ রামনগর।		০	০	০	৫ ১১০/	১,০০২॥০	৩৮.২৯৮/	৪৫,১১০॥০
গাছা নমক।		৪,১০৮/১॥	০	০	০	০	০	৪,১০৮/১॥
	একুন।	৪.১০৮/১॥	০	০	৫.১১০/	২,৭০.৯৪৪৸৬	১.৮৫,৯৩৭/	৪,৬৬,০৯৯৸৭॥
তমলুক।								
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	৪,০৩৭ ।৫৶/১০	২,৮৩,৫৩২/	২,৮৭,৫৬৯ ।৫৶/১০
	একুন।	০	০	০	০	৪,০৩৭ ।৫৶/১০	২,৮৩ ৫৩২/	২,৮৭,৫৬৯ ।৫৶/১০
চট্টগ্রাম।								
পাঙ্গা নমক নিজামপুর ঘাট ডোমখালি।		০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ		০	১০,৪২৯ ।৫ ।৶	০	০	০	০	১০,৪২৯ ।৫ ।৶
ঐ সদর ঘাট এজেন্সী।		০	০	২,৭৫.২১৪/ ।	৪.১৭.২১০/২	২,৯১,২৫৯/৫	০	২,৮৫,১০৩/৭ ।
ঐ ঐ আরাকিন।		৩,২০,২০৭/	০	০	১৬.৮২৩/	৭৸৫৸	০	৩,৩৭,১০৭৸৫৸
	একুন।	৩,২০,২০৭/	১০ ৪২৯ ।৫ ।৶	২.৭৫.২১৪ ।	৪.৩৪.৮২৩/ ১	২,৯১,২৬৭/ ৸	০	১৩,৩২,৬৪০ ।৮ ।৶

এজেন্সীর নাম	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
ভুলুয়া।							
পাঙ্গা নমক ঘাট কাঁকড়া আরাকিন।	•	•	•	•	•	•	•
একুন	•	•	•	•	•	•	•
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৭,৩৮,৬৬১ ।৫	৮,৬২৬॥৫	২,৮৬৫/	৫৯,০৪৪/	•	•	৮,০৯,১৯৭/
ঐ ঐ বালেশ্বর।	•	•	০	•	•	•	•
ঐ ঐ খোরদা।	১২৭॥১৭	১৮৮ ।০	৩২৯/	৭৯,০২৩॥০	৮৬,২৪১॥০	•	১,২৬,০০৯৸১॥
ঐ ঐ চিলকা।	২॥৯	১১৬/	২,৫৮৬/	৪০,৯৩৩ ।০	১,১১,১১৯॥০	•	১,৫৪,৬৭৭ ।৯
করকচ নমক মান্দ্রাজ পরিমিট ১ পহিলা রকম।	২১৭/	•	০	•	•	•	২১৭/
ঐ ঐ ২ দোসরা রকম।	•	•	০	•	•	•	•
পাঙ্গা হিজলি কালীনগর।	১২,১২৪/৭	•	০	•	•	•	১২,১২৪/৭
ঐ রামনগর।	•	•	০	২,৬৭৯/	৬,৪৮০ ।১	•	৯,১৫৯ ।১
ঐ রসুলপুর।	•	•	০	১,৭৬,০৫১/	•	•	১,৭৬,০৫১/
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	•	৩,৯,১১১৮/৪	০	•	•	•	৩,৯১,২১৮/৪
ঐ ঐ ডাইমন হারবর।	১,২২,৩৮৫/	০	০	•	•	•	১,২২,৩৮৫/
ঐ সাগর	•	৪৯,১৭২॥০	০	•	•	•	৪৯,১৭২॥০
একুন।	৮,৭৩,৬১৭৸১॥	৪,৪৯,৩২১ ।৯	৫,৬৮০/	৩,১৭,৭৫০৸০	২,০৩,৮৪১ ।১	০	১৮,৫০,২১১ ।২॥
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	•	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	•	১,০১,০৬৯/৮
একুন।	০	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	•	১,০১,০৬৯/৮
মোট একুন।	১১,৯৭,৯৩১৸৪	৪,৬০,৮২০/২ ।০	২,৮১,৫৯৪ ।	৭,৯০,৯৩৪ ।২	৮,৩৬,৮২০/ ৩॥/১০	৪,৬৯,৪৬৯/	৪০,৩৭,৫৯০ ।২ ।১০

এ আর ইয়ং। একটিং সেক্রেটারী।

[*Government Gazette*, 10th May, 1853.]

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ঢাকা জালালপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জিলা ঢাকা জালালপুরের নীচের লিখিত মহালের ১২৫৯ সনের লাগাএত অগ্রহায়ণের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে ১৮৫৩ সনের ১৩ মাই মোতাবেক ১২৬০ সনের ১ জ্যৈষ্ঠ শুক্রবার কালেক্টর সাহেবের কাচারিতে বিনাওজরে নীলাম হবেক এবং নিতান্ত বিক্রী হবেক ইতি সন ১৮৫৩ ইং তারিখ ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৬০ বাঙ্গলা তারিখ ১৪ বৈশাখ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজিতে মহালের নম্বর	মহালের নাম	মাহালের লিখিত মালিক	সদর জমা	১২৫৯ সনের লাগাএত ১ পৌষের পাওনা বাকী	মন্তব্য কথা
	ইস্তমোরারি ধার্য্যহওয়া মহাল	১৫৭০	জিলা দৌলতপুর তৎ ইছাপুর তালুক মহেশ ঘোষ নিং খং আমান উল্যা	আমান উল্যা	১২৮৯॥	১২৮৯॥	এই বাকীর কারণ ১৮৫৩ সনের ২৬ জানুআরি ও ২১ মার্চ নীলাম হয় তাহাতে খরিদদারান বাকী কিস্তত না-দেওয়াতে দাখিলি বাএনা সরকারে জব্দ হইয়া ১৬ ধারামতে মহাল বাজ নীলাম হবেক ইতি।

G. P. Leycester, *Collector*.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

NOTICE.

Shortly will be published a Bengalee Drama, or *Natuck*, entitled " Bhanoo Muttee Chittu Billash," the plot and under plots of the play being similar to those of Shakspear's " Merchant of Venice." Price to Subscribers Re. 1-8, to Non-Subscribers Rs. 2 per copy.

Apply to the Editor of the *Poornoochundrodoy*, Calcutta, Burrabazar, Amrahtullah Lane, No. 12.

বিজ্ঞাপন।

কিঞ্চিৎ কাল পরে ভানুমতী চিত্তবিলাস নামক এক নাটক গ্রন্থ বঙ্গভাষায় প্রকাশ হইবেক। উক্ত নাটকের ইতিহাস ও ক্ষুদ্র গপ্প সকল সিক্‌সপিয়র সাহেবের কৃত মার্চেন্ট অফ বিনিস নামক গ্রন্থের তুল্য ঐ পুস্তকের মূল্য অগ্রে স্বাক্ষরকারি গ্রাহকেরদের পক্ষে ১॥০ তদ্ভিন্ন ব্যক্তিরদের প্রতি ২৲ টাকা নির্দ্ধারিত হইয়াছে।

এই পুস্তক কলিকাতার বড় বাজারের আমড়াতলার গলিতে ১২ নম্বর বাটীতে পূর্ণচন্দ্রোদয় সম্পাদকের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

NOTICE is hereby given, that the business of MESSRS. YEATHERD AND CO., STONE MASONS and UNDERTAKERS has been continued, since the death of MR. T. YEATHERD, by his widow.

MESSRS. YEATHERD AND CO. beg to acknowledge with thanks the support they have received from the Public; and to solicit a continuance of the public patronage.

21st April, 1853.

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ভাস্কর ও মুর্দ্দা ফরাশ শ্রীযুত ইয়টহর্ড কোম্পানির কর্ম্ম টি ইয়টহর্ড সাহেবের মৃত্যুর পরঅবধি তাঁহার বিধবার দ্বারা নির্ব্বাহ হইয়াছে।

ইয়টহর্ড কোম্পানি সাধারণ লোকেরদের স্থানে যে উপকার প্রাপ্ত হইয়াছেন তাহা কৃতজ্ঞতাপূর্ব্বক স্বীকার করিয়া ঐ প্রকার উপকার প্রাপণ রহিত না হয় এমত প্রার্থনা করেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১০ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 17, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৭ মে।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 6TH MAY, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 6th of May, 1853:

ACT NO —— OF 1853.

An Act to amend Act No. XXII. of 1836.

WHEREAS it is expedient to prevent boats, rafts and floats from remaining longer than necessary, in any part of the lines of Navigation, described in Act No. XXII. of 1836; It is enacted as follows:

I. Section IV. of the said Act is repealed except as to rent now due under any order or Notification made in pursuance of the provisions thereof.

II. The Governor of Bengal shall be competent to prescribe the length of time during which boats, rafts or floats may remain in any part of either of the lines of Navigation aforesaid without paying rent or demurrage, and also the rate of rent or demurrage to be levied on any boat, raft or float, which shall so remain longer than the prescribed time.

III. The provisions of Sections VII., VIII. and IX. of the said Act, so far as they apply to rent, are hereby extended to the rent or demurrage to be prescribed in pursuance of this Act.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India, after the 6th day of July next.

J. P. GRANT,
Secy. to the Govt. of India.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৬ মে।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ৬ মে তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

১৮৩৬ সালের ২২ আইন সংশোধনের আইন।

যেহেতুক ১৮৩৬ সালের ২২ আইনে নৌকা চলিবার যে পথ নির্দ্দিষ্ট হইয়াছে সেই পথের কোন স্থানে যত কাল আবশ্যক তাহার অধিক কাল নৌকার ও কাষ্ঠের ও বাঁশের মাড় থাকা নিবারণ করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। উক্ত আইনের ৪ ধারা রদ হইল। কিন্তু ঐ ধারার বিধানক্রমে যে কোন হুকুম কি বিজ্ঞাপন করা গিয়াছে তদনুসারে যে কর এইক্ষণে পাওনা আছে তাহার বিষয়ে ঐ ধারা রদ হইল না ইতি।

২ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত গবর্ণর সাহেবের ক্ষমতা থাকিবেক যে পূর্ব্বোক্ত জলপথের কোন এক পথের কোন স্থানে যত কাল কর কি গহিরা না দিয়া নৌকা কি কাষ্ঠের কি বাঁশের মাড় থাকিতে পারে তাহা নির্দ্দিষ্ট করেন এবং যে কোন নৌকা কি কাষ্ঠের কি বাঁশের মাড় নির্দ্দিষ্ট সময়ের অধিক কাল এমতে থাকে তাহার উপর যত কর কি গহিরা উসুল করা যাইবেক তাহাও নির্দ্দিষ্ট করেন ইতি।

৩ ধারা। উক্ত আইনের ৭। ৮। ৯ ধারার বিধানের কথা যেপর্য্যন্ত করের বিষয়ে খাটে সেইপর্য্যন্ত ঐ কথা ইহার দ্বারা বিস্তারিত হইয়া এই আইনানুসারে যে কর কি গহিরা নির্দ্দিষ্ট হইবেক তাহার প্রতিও খাটিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি জুলাই মাসের ৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জে পি গ্রাণ্ট।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 806.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

In compliance with a requisition from the Secretary Uncovenanted Service Family Pension Fund, I have the honor to request that you will forward to him at Calcutta a monthly Statement in the annexed Form, shewing the Subscriptions realized by you during the month and credited in your Accounts under the head of "Uncovenanted Service Family Pension Fund."

2d. The Statement should be sent immediately after the close of the month, commencing from May 1853.

(Signed) W. MAPLES,
Asstt. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Accountant's Office,
The 28th April, 1853.

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর।

৮০৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ফেমিলি পেনসান ফণ্ডের সেক্রেটারী সাহেবের দরখাস্তমতে তোমাকে আদেশ করিতেছি যে তুমি নীচের লিখিত পাঠানুসারে এক মাসিক কৈফিয়ৎ তাঁহার নিকটে কলিকাতায় পাঠাও। মাসের মধ্যে তুমি চাঁদার যত টাকা পাইয়া "অচিহ্নিত কার্য্যকারকেরদের ফেমিলি পেনসান ফণ্ডের" খাতায় জমা করিয়াছ তাহা ঐ কৈফিয়তে প্রকাশ হইবেক।

২ দফা। ১৮৫৩ সালের মে মাসঅবধি মাসের শেষ হইলে পর তোমার ঐ কৈফিয়ৎ অগৌণে পাঠাইতে হইবেক।

ডবলিউ মেপল্‌স।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট আক্কৌণ্টেণ্ট।
ফোর্ট উলিয়ম।
আক্কৌণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৩। ২৮ আপ্রিল।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

FORM.

Memorandum of Subscriptions to the Uncovenanted Service Family Pension Fund realized during the month of 185 .

Date of Receipts.		Name of Subscriber.	For what month professedly.	Amount received.	In cash or by deduction from Pay Abstract.
December 1852, ...	15th	G. Lawrence. ...	... January 1853.... ...	17 1 0	From Pay Abstract.
"	10th	W. Greenway. ...	... December 1852. ..	27 14 0	In Cash.

The 185 . (Signed) A. B.

পাঠ।

১৮৫ সালের অমুক মাসে "অচিহ্নিত কার্য্যকারকেরদের ফেমিলি পেনসান ফণ্ডের" নিমিত্তে যে চাঁদার টাকা দাখিল হয় তাহার কৈফিয়ৎ।

যে তারিখে পাওয়া যায়		চাঁদাকারির নাম	যে মাসের চাঁদা কথিত হয়	যত টাকা পাওয়া যায়।	নগদ কিম্বা বেতন হইতে বাদ দেওনের দ্বারা পাওয়া যায়।
১৮৫২ সাল ডিসেম্বর ...	১৫	জি লারেন্স সাহেব ..	১৮৫৩ সাল জানুআরি মাস...	১৭/	বেতনহইতে বাদ দিয়া।
"	১০	ডবলিউ গ্রিনওএ সাহেব ...	১৮৫২ সাল ডিসেম্বর মাস ..	২৭৸৵	নগদ।

অমুক সাল তাং অমুক। শ্রী অমুক।

No. 810.

Notification.—The following list of Thannahs through which the Grand Trunk Road passes in Bengal and Behar, with the terminal points of each Magisterial jurisdiction along the same, is published for general information:

Hooghly.

South-eastern terminal point, Ghyretty Ghat; North-western terminal point, the Village of Borragorree.

This portion of the road passes through Thannahs Singhoor, Hooghly, Bansbariah, Benipore and Pandooah, and is within the jurisdiction of the Magistrate at Hooghly.

Burdwan.

South-eastern terminal point, Chotekund; North-western terminal point, Fagoopore, near the 78th Milestone.

This portion of the road passes through the Thannahs of Sulleemabad, Gangooreah and Burdwan, and is within the jurisdiction of the Magistrate of Burdwan.

Bood-Bood.

South-eastern terminal point, Fagoopore; North-western terminal point, Katpookur, near to the 109th Milestone, not far from the Kairasole Bungalow.

This portion of the road passes through the Thannahs of Potenah and Seinpaharee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Bood-Bood.

Munglepore.

South-eastern terminal point, Kairasole; North-western terminal point, Churkoonda drain bridge, about 180 yards West of the Churkoonda Muhella.

This portion of the road passes through the Thannahs of Ookera, Bogra and Neamutpore, and is within the jurisdiction of the Assistant stationed at Babasole, on a hill, a short distance off the road, about a mile Eastward of the Bukhtyanuggur Bungalow, and near the Singara Suspension bridge.

Govindpore.

South-eastern terminal point, Churkoonda drain bridge; North-western terminal point, Umulkooree, about four miles beyond the Topechanchee Bungalow.

A mark will be put up to define this boundary. This portion of the road passes through the Thannahs of Pandra and Rajahpeetah, and is within the jurisdiction of the Deputy Magistrate of Govindpore, whose residence is at Baghsoma, immediately adjacent to the road.

Burhee.

South eastern terminal point, Mudhoopore; North-western terminal limit the bridge over the small river Gowearee, about a mile to the West of the Dhunwa Bungalow.

This portion of the road passes through the Thannahs of Bagodhur and Burhee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Burhee.

৮১০ নম্বর।

বিজ্ঞাপন।

বাঙ্গলা ও বেহার দেশে বড় সদর রাস্তা যেং থানার এলাকা দিয়া যায় তাহার নীচের লিখিত ফর্দ্দ এবং ঐ রাস্তার নানা স্থানে মাজিষ্ট্রেটী এলাকার যেং সীমা আছে তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

হুগলী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গরেটীর ঘাট। উত্তর পশ্চিম সীমা বলাগড়ি গ্রাম।

রাস্তার এই অংশ সিঙ্গুর ও হুগলী ও বাঁশবেড়িয়া ও বেণিপুর ও পাণ্ডুয়া থানার এলাকা দিয়া যায় তাহা হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বর্দ্ধমান।

দক্ষিণ পূর্ব্ব সীমা চোতখণ্ড। উত্তর পশ্চিম সীমা ৭৮ মাইলের পাতরের নিকট ফাগুপুর।

রাস্তার এই অংশ সলীমাবাদ ও গাঙ্গুড়িয়া ও বর্দ্ধমানের থানার এলাকা দিয়া যায় তাহা বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বুদবুদ।

দক্ষিণ পূর্ব্ব সীমা ফাগুপুর। উত্তর পশ্চিম সীমা কাটপুকুর তাহা ১০৯ মাইলের পাতরের নিকট কায়রাসোল বাঙ্গলাহইতে দূর নহে।

রাস্তার এই অংশ পতনা ও সেনপাহাড়ীর থানার এলাকা দিয়া যায়। তাহা বুদবুদে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

মঙ্গলপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা কায়রাসোল। উত্তর পশ্চিম সীমা চরকুণ্ডা নালার পুল তাহা চরকুণ্ডা মহেল্লার পশ্চিম দিগে কমবেশ তিন শত যাইট হাত অন্তর।

রাস্তার এই অংশ উকরা ও বোগড়া ও ন্যামৎপুর থানার এলাকা দিয়া যায়। যে আসিষ্টান্ট সাহেব বাবাসোলে এক পর্ব্বতের উপর নিযুক্ত আছেন তাঁহার এলাকার মধ্যে। সেই পর্ব্বত রাস্তাহইতে দূর নহে বখতিয়ারনগরের বাঙ্গলার পূর্ব্ব দিগে আধ ক্রোশান্তর ও সিঙ্গারার ঝুলান পুলের নিকট।

গোবিন্দপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা চরকুণ্ডা নালার পুল। উত্তর পশ্চিম সীমা অমলকুড়া। তাহা তোপছাঞ্চির বাঙ্গলার ওদিগ দুই ক্রোশ অন্তর।

এই সীমা নিরূপণের নিমিত্তে একটা নিশানী দেওয়া যাইবেক। রাস্তার এই অংশ পাঁড়রা ও রাজাপীটা থানার এলাকা দিয়া যায়। তাহা গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে। ঐ ডেপুটী মাজিষ্ট্রেট বাগসোমাতে রাস্তার ধারে বাস করেন।

বড়ী।

দক্ষিণ পূর্ব্ব সীমা মধুপুর। উত্তর পশ্চিম সীমা গৌইয়ারীনামক যে ছোট নদী ধনওয়ার বাঙ্গলার পশ্চিমে আধ ক্রোশ অন্তর আছে তাহার উপর সাঁকো।

রাস্তার এই অংশ বাগোধর ও বড়ী থানা দিয়া যায়। তাহা বড়ীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

[*Government Gazette*, 17*th May*, 1853.]

Shergotty.

South eastern terminal limit, the River Goweeree; North-western terminal limit, the River Soane.

This portion of the road passes through the Thannahs of Shergotty and Aurungabad, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Shergotty.

Sasseram.

South-eastern terminal limit, the River Soane; North-western terminal limit, the River Karumnassa.

This portion of the road passes through the Thannahs of Sasseeram, Bhubhooa and Sawunt, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Sasseeram.

The Murheilas and Station Houses of the Road Police will be white washed, and over each will be painted in large letters, both in the English and Native languages, its number and the name of the Magisterial jurisdiction to which it belongs.

The Chowkeydars, Burkundazes and Sowars of the Road Police, will wear red Turbans and Kummurbunds, with Badges indicating their number and rank on red Cross belts edged with green. The Jemadars will have a Red Stripe on the right arm.

By Order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 7th May, 1853.

Baboo Kylaschunder Dey, Moonsiff of Singhea, to be Moonsiff of Noabad.

Abdoor Rouf, Moonsiff of Sulkea, to be Moonsiff of Singhea.

Baboo Doorga Pershad Roy, Moonsiff of Noabad, to be Moonsiff of Sulkea.

Atteeoollah, Moonsiff of Tailah, to be Moonsiff of Dhurmpoor.

Baboo Gourchunder Mujoomdar, Moonsiff of Dhurmpoor, to be Moonsiff of Tallah.

Moulvee Seediq Ahmud, Moonsiff of Jhenidah, to be Moonsiff of Tirmohunee.

Moonshee Ghulam Abed, Moonsiff of Tirmohunee, to be Moonsiff of Jhenidah.

The 10th May, 1853.

Baboo Kaleedoss Dutt, (a Diploma Holder of 1851,) to be Acting Moonsiff of Borobaree, Zillah Rungpore, during the absence on leave of the incumbent or until further orders.

Baboo Nobinchunder Paul, (a Diploma Holder of 1851,) to be Moonsiff of Lakhdah, Zillah Manbhoom, vice Minnutoollah, promoted.

শেরঘাটী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গোইয়ারী নদী। উত্তর পশ্চিম সীমা সোণ নদী।

রাস্তার এই অংশ শেরঘাটী ও আড়ঙ্গাবাদ থানার এলাকা দিয়া যায় তাহা শেরঘাটীতে নিযুক্ত ডেপুটী মাজিস্ট্রেটের এলাকার মধ্যে।

শাসিরাম।

দক্ষিণ পূর্ব্ব সীমা সোণ নদী। উত্তর পশ্চিম সীমা কর্ম্মনাশা নদী।

রাস্তার এই অংশ শাসিরাম ও ভভূয়া ও সাবন্ত থানার এলাকা দিয়া যায় তাহা শাসিরামে নিযুক্ত ডেপুটী মাজিস্ট্রেটের এলাকার মধ্যে।

যে সকল মরহেল্লা ও রাস্তার পোলীসের থানার ঘর আছে তাহা চূণকাম করা হইবেক এবং তাহার উপর থানার নম্বর ও যে মাজিষ্ট্রেটী এলাকার অন্তঃপাতি হয় তাহার নাম ইঙ্গরেজী ও বাঙ্গলা বড়২ হরফে রঙ্গ দিয়া লেখা যাইবেক।

রাস্তার পোলীসের চৌকীদারেরা ও বরকন্দাজেরা ও সওয়ারেরা লাল পাগড়ি ও কোমরবন্দ পরিবেক এবং যে পরতলায় চাপরাস বাঁধা থাকে তাহা লাল ও পাড়ে সবুজ হইবেক এবং চৌকীদারপ্রভৃতির নম্বর ও পদ চাপরাসে খোদা যাইবেক। জমাদারেরদের দক্ষিণ বাহুর উপর লাল রেখাও থাকিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৭ মে।

সিংহিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দে নওয়াবাদের মুনসেফ হইবেন।

শালিখার মুনসেফ শ্রীযুত আবদুর রৌফ সিংহিয়ার মুনসেফ হইবেন।

নওয়াবাদের মুনসেফ শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ রায় শালিখার মুনসেফ হইবেন।

টালার মুনসেফ শ্রীযুত আটিউল্লা ধর্ম্মপুরের মুনসেফ হইবেন।

ধর্ম্মপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোরচন্দ্র মজুমদার টালার মুনসেফ হইবেন।

ঝিনিদহের মুনসেফ শ্রীযুত মৌলবী সীদিক আহমদ ত্রিমোহিণীর মুনসেফ হইবেন।

ত্রিমোহিণীর মুনসেফ শ্রীযুত মুনশী গোলাম আবেদ ঝিনিদহের মুনসেফ হইবেন।

১৮৫৩ সাল ১০ মে।

জিলা রঙ্গপুরের বড়বাড়ির মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫১ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু কালিদাস দত্ত ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

শ্রীযুত মিনহউল্লা উচ্চ পদপ্রাপ্ত হওয়াতে ১৮৫১ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু নবীনচন্দ্র পালিত জিল্লা মানভূমের লক্ষ্মদহের মুনসেফ হইবেন।

LEAVES OF ABSENCE.

The 6th May, 1853.

Baboo Raj Chunder Chuckerbutty, Moonsiff of Serajgunge, Zillah Mymensing, for one month, from the 1st Instant, on Medical Certificate, in extension of the leave granted on the 10th March last.

The 10th May, 1853.

Moulvee Mahmood Mahmood, Moonsiff of Borobaree, Zillah Rungpore, for three months, on Medical Certificate.

The 12th May, 1853.

Fuzul Ruhuman, Moonsiff of Awsgaon, Zillah East Burdwan, for three days, from the 22nd instant.

C. T. Buckland, *Offg. Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৩৪১ নম্বর।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেণ্ট।

১৮৫৩ সাল ৬ মে।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে বারণেট শ্রীযুত অনরবিল সর ফ্রিড্রিক করি সাহেবকে (The Hon'ble Sir Frederick Currie, Bart.,) অনুমতি দিয়াছেন যে "ফ্রিকরসর" নামক বাষ্পীয় জাহাজ যে তারিখে আড়কাটি সাহেব সমুদ্রে ছাড়িয়া আইসেন সেই তারিখঅবধি কোম্পানি বাহাদুরের সিবিলসম্পর্কীয় কর্ম্মে ইশতাফা দেন।

৩৩৯ নম্বর।

১৮৫৩ সাল ১০ মে।

বারণেট শ্রীযুত অনরবিল সর ফ্রিড্রিক করি সাহেবের (The Hon'ble Sir Frederick Currie, Bart.,) কর্ম্মে ইশতাফা দেওনেতে ভারতবর্ষের হজুর কৌন্সেলে এক পদ শূন্য হয় তাহাতে শ্রীযুত জোসেফ আলেকজাণ্ডর ডোরিন সাহেব (Joseph Alexander Dorin, Esq.,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা নিযুক্ত হইয়া অদ্য হজুর কৌন্সেলের তৃতীয় নিয়মিত মেম্বরস্বরূপ শপথ ও আসন গ্রহণ করেন ও তৎসমকালে ফোর্ট উলিয়ম কিল্লার বুরুজহইতে রীতিমতে তোপধ্বনি হয়।

৩৪০ নম্বর।

নিয়োগ।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নীচের লিখিত নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি আলেন সাহেব (Mr. C. Allen.) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী হইবেন এবং স্বীয় পদোপলক্ষে গবর্ণমেণ্টের পক্ষে বাঙ্গাল ব্যাঙ্কের ডৈরেক্টর ও টাকশালের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত আলেন সাহেব (Mr. Allen.) আপনার ফিনান্সিয়ল সেক্রেটারীর কর্ম্মের অতিরিক্ত অন্য হুকুম না হওনপর্য্যন্ত বিদেশীয় ডিপার্টমেণ্টে সেক্রেটারীর কর্ম্মও নির্ব্বাহ করিতে থাকিবেন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

জে পি গ্রাণ্ট।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette* 17*th May*, 1853.]

ছুটী।

১৮৫৩ সাল ৬ মে।

জিলা ময়মুনসিংহের শরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রাজচন্দ্র চক্রবর্ত্তী গত মার্চ মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১০ মে।

জিলা রঙ্গপুরের বড়বাড়ির মুনসেফ শ্রীযুত মৌলবী মহমুদ মাহমুদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১২ মে।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের আউশগাঁয়ের মুনসেফ শ্রীযুত ফজল রহমান বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। একটিং রেজিষ্টর।

৭৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) হুগলীর মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত ও টুগুড সাহেব (Mr. O. Toogood,) যশোহরের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত এচ এফ জেমস সাহেব ও শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Messrs. H F. James and J. J. Ward.) বর্দ্ধমানের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) হুগলীর গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এ সি ডেবিডসন সাহেব ও শ্রীযুত সি পি ওয়াইট সাহেব (Messrs. A. C. Davidson and C. P. White,) ময়মুনসিংহের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত কাপ্তান এচ এম নেসন সাহেব (Captain H. M. Nation.) পাটনার গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) ত্রিহুতের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২১ আপ্রিল।

বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর তামসন সাহেব (Mr. R. Thompson,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৩ আপ্রিল।

পুরাণ অর্থাৎ মিশন গির্জার বড় ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ তামস সাহেব (Rev. H. Thomas,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ২৫ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৮ আপ্রিল।

পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৭৬৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২২ আপ্রিল।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ রফিক উক্ত জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ২৮ আপ্রিল।

শ্রীযুত এচ সি রেক্স সাহেব (Mr. H. C. Raikes.) রাজশাহীর সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T. Hastings,) উক্ত জিলায় দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৩ সাল ৩০ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ ডাইসি সাহেব (Mr. W. Dicey,) কলিকাতায় মাষ্টর আটেণ্ডান্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর এফ জে মৌয়াট সাহেব (Dr. F. J. Mouat,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত গবর্ণমেন্টের কিমিয় বিদ্যা বিষয়ের তত্ত্বাবধারকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডাক্তর ডবলিউ বি ওশাগনেসি সাহেবের (Dr. W. B. O'Shaughnessy,) বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থানপর্য্যন্ত বঙ্গ দেশের ইঞ্জিনিয়রেরদের লেপ্টেনেন্ট শ্রীযুত পাটরিক ষ্টুয়ার্ট সাহেব (Lieutenant Patrick Stewart,) ইলেকট্রিক টেলিগ্রাফের সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২ মে।

কলিকাতার পোলীসের বড় মাজিষ্ট্রেট শ্রীযুত জেম্‌স হিউম সাহেব (Mr. James Hume,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

বর্দ্ধমানের কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ মসপ্রাট সাহেব (Mr. H. Muspratt,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৮০৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ

১৮৫৩ সাল ২৯ আপ্রিল।

শ্রীযুত বাবু মৃত্যুঞ্জয় বসু সম্বলপুরের সব-আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৫৩ সাল ৯ মে।

শ্রীযুত এস বৌরিং সাহেব (Mr. S. Bowring,) কলিকাতার ছাসিলের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত স্কন সাহেবের (Mr. Sconce) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এ ফরবস সাহেব (Mr. A. Forbes,) চাটির্গাঁর সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন এবং ঐ জিলাতে ১৮২৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতায়তে কার্য্য করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ১৭ মে।]

ছুটী।

১৮৫৩ সাল ২৯ আপ্রিল।

ভাগলপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মোআজম হুসেন গত জানুআরি মাসের ৬ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত হেনরি ডবটন সাহেব (Mr. Henry Doveton,) গত মার্চ মাসের ২৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী ওয়াসিফুদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৯ মে।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) আপনার কর্ম্মের ভার ঐ জিলার কালেক্টর সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত কালেক্টর সাহেব মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

১৫ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

১৮৫৩ সাল ৯ মে।

বিজ্ঞাপন।

হজুর কৌন্সেলে শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর ১৮৪৯ সালের ৭ আইনের ১২ ধারানুসারে সরকারী ১৮৫৩। ৫৪ সালের জন্যে বাঙ্গলা দেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের হিসাবের আডিটরের কর্ম্মে নিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত ডবলিউ মেপল্‌স সাহেবকে ও শ্রীযুত সি পি হবহোস সাহেবকে (Messrs. W. Maples and C. P. Hobhouse,) নিযুক্ত করিয়াছেন।

---

১৬ নম্বর।

১৮৫৩ সাল ১৪ মে।

নিয়োগ।

বিশেষ কর্ম্মোপলক্ষে শ্রীযুত ডাক্তর ওশাগনেসি সাহেবের (Dr. O'Shaughnessy,) অনুপস্থানপর্য্যন্ত বোম্বাইয়ের চিকিৎসকতা কার্য্যসম্পর্কীয় আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত তামস বাইকট সাহেব (Assistant Surgeon Thomas Boycott,) কলিকাতার টাকশালের ডেপুটী আসে মাষ্টর অর্থাৎ ধাতুপরীক্ষক হইবেন।

সি আলেন।

ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

৮২৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৬ মে।

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) ফরিদপুরের দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

পাটনার অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী তফজ্জল হুসেন কিঞ্চিৎ কালপর্য্যন্ত শাহাবাদের অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৭ মে।

শ্রীযুত এচ জে বাম্বর সাহেব (Mr. H. J. Bamber,)

চাটিগাঁর নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট ও চাটিগাঁ এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এ পিকক সাহেব (Mr. W. A. Peacock,) ভুলুয়া এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত আর ইন্স সাহেব (Mr. R. Ince,) বাকরগঞ্জ এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব (Mr. F. Crank,) বারুইপুর এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ টেরানো সাহেব (Mr. W. H. Terraneau,) পশ্চিম এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এচ জে মষ্টন সাহেব (Mr. H. J. Muston,) জলেশ্বর এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) বাগুণ্ডী এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই বেকর সাহেব (Mr. E. Baker,) মেদিনীপুর এলাকায় নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১২ মে।

বীরভূমের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) গত জানুআরি মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৪ মে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট আগামি জুলাই মাসের ১ তারিখঅবধি গবর্ণমেণ্টের ছাপার কার্য্য নির্ব্বাহ বিষয়ে সামুএল স্মিথ কোম্পানির (Messrs. Samuel Smith and Co.,) সঙ্গে চুক্তি করিয়াছেন। অতএব এই গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত সরকারী কার্য্যকারকদিগকে ইহার দ্বারা হুকুম করা যাইতেছে যে তাঁহারা সেই তারিখঅবধি ও তাহার পরে গবর্ণমেণ্টের কোন কাগজপত্রাদি ছাপাইবার জন্যে অন্য কোন ছাপাখানায় না পাঠান।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডবলিউ উইনিয়ার্ড সাহেব (Mr. W. Wynyard,) ইউরোপে গমনার্থে "প্রিকরসর" নামক বাষ্পীয় জাহাজ রাজধানীহইতে প্রস্থান করিয়াছে এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ আড়কাটি সাহেব বর্ত্তমান মাসের ৮ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the leaseholders of the undermentioned Lots in the Soonderbuns have failed according to the terms of their leases to bring into a state of cultivation the lands allotted to them for 20 years. That all future oppositions that may be made by the Lot holders may be obviated, they are hereby requested to state clearly in writing the reason to the Commissioner in the Soonderbuns within one month from this date, in default of which, their right and title of those lands shall cease.

No. of Lot.	Area.	Name of Grantee.
18	12,900	Parbutty Churn Mookerjee.
27	11,200	Luckheynarian Mundell.
87	2,200	Mr. Alexander McArthur, original grantee. Present proprietor, Newab Nazeer Seedhee Nuzur Allee Khan Behadoor.
88	1,750	
89	2,700	

OOMAKAUNT SEIN, *Commissioner.*

Soonderbun Commissioner's Office, Camp Barripore,
The 9th April, 1853.

ইশ্‌তিহার।

সুন্দরবনের কমিস্যনরের কাছারী।

যেহেতুক সুন্দরবনের নীচের লিখিত লাটের পাট্টাদারেরা আপনারদের পাট্টার নিয়মক্রমে বিশ বৎসরপর্য্যন্ত আপনারদের প্রাপ্ত জমী আবাদ করেন নাই অতএব ঐ পাট্টাদারেরদের উত্তর কালে কোন আপত্তি না হয় এই নিমিত্তে তাঁহারদিগকে আদেশ করা যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে তাঁহারা তাহার হেতু সুন্দরবনের কমিস্যনরের নিকটে স্পষ্টরূপে লিখিয়া জ্ঞাপন করেন। এই বিষয়ে ক্রটি হইলে ঐ জমীতে তাঁহারদের স্বত্ব ও অধিকার রহিত হইবেক।

লাট নম্বর	পরিমাণ	পাট্টাদারের নাম।
১৮	১২,৯০০	পার্ব্বতীচরণ মুখুয্যা।
২৭	১১,২০০	লক্ষ্মীনারায়ণ মণ্ডল।
৮৭	২,২০০	সাবেক পাট্টাদার শ্রীযুত আলেকজাণ্ডর মাকআর্থর সাহেব হাল পাট্টাদার নওয়াব নাজির সিদ্ধী নজর আলী খাঁ বাহাদুর।
৮৮	১,৭৫০	
৮৯	২,৭০০	

Letters and packets once put into the Post Office.

[To be Continued.]

হয় তাহার তুল্য মাসুল ঐ সম্বাদপত্রের কি পত্রের পুলিন্দার কি পুলিন্দার উপর বসান যাইবেক ইতি।

[পত্রের উপর ঠিকানা পুনশ্চ লিখন।]

২১ ধারা। দেশের মধ্যের এক স্থানহইতে অন্য স্থানে প্রেরিত কিম্বা বিদেশহইতে আগত কোন পত্রের কি পত্রের পুলিন্দার শিরনামায় যে ঠিকানা লেখা আছে তাহা যদি কাটিয়া অন্য ঠিকানা লেখা গিয়া ডাকের দ্বারা পাঠান যায় তবে ঐ পত্রাদির উপর অন্য যে সকল মাসুল দেওয়া গিয়াছে কি দিতে হয় তদতিরিক্ত ঐ নূতন ঠিকানা যে স্থানে লেখা গিয়াছিল সেই স্থানহইতে শেষ পঁহুছাইবার স্থানপর্য্যন্ত পাঠাইবার জন্যে তাহার মাসুল পূর্ব্বে দেওয়া গেলে কি ডাকে দেওন সময়ে উপযুক্ত ও উচিতমতে ইষ্টাম্প করা গেলে তাহার উপর যত মাসুল লাগিত তত মাসুল বসান যাইবেক ইতি।

[পত্রাদি লইবার ও পঁহুছাইবার নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বিধান করিতে পারেন।]

২২ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা দেশবিশেষের গবর্ণমেণ্ট যে২ বিধান করেন ও সকল পত্রের ও অন্যান্য দ্রব্যের পরিমাণ ও তাহার মধ্যে অর্পণীয় পত্রপ্রভৃতির বিষয়ে যে নিয়ম ও নিষেধ করেন সেই২ বিধানানুসারে ও সেই২ নিয়ম ও নিষেধের অধীনে ঐ২ পত্র ও অন্য দ্রব্য ডাকে দেওয়া ও পাঠান ও চালান ও পঁহুছান যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে যে বস্তু শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত বস্তু কিম্বা অন্য কোন আশঙ্কাজনক দ্রব্য কি বিষয় যে পত্র কি পুলিন্দার মধ্যে থাকে এমত কোন পত্র কি পুলিন্দা কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ডাকে দিবেক না কি দেওয়াইবেক না কি প্রেরণ করিবেক না কি করাইবেক না কি দিতে উদ্যত হইবেক না কি ডাকের দ্বারা পাঠাইবার নিমিত্তে অর্পণ করিবেক না। এবং যে কোন ব্যক্তি এই নিষেধের বিপরীত কর্ম্ম করে তাহার এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ইতি।

[হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কম হারে মাসুল লইতে পারেন।]

২৩ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে দেনা মাসুলের যে হার এই আইনেতে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ছাড়া অন্য হারে মাসুল লইবার হুকুম কোন সময়ে করিতে পারেন। পরন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের ৩৬ ধারাতে যে প্রকার নির্দ্দিষ্ট হইয়াছে সেই প্রকার ভিন্ন শ্রীযুতের ঐ হুকুমের দ্বারা কোন বিষয়ে নির্দ্দিষ্ট হারের কিছু বৃদ্ধি হইবেক না ইতি।

[একবার ডাকঘরে দেওয়া পত্র ও পুলিন্দা।]

২৪ ধারা। যে কোন পত্র একবার কোন ডাকঘরে অর্পণ করা যায় তাহা এই আইনের ১৯ ধারার নির্দ্দিষ্ট প্রকার ভিন্ন অন্যপ্রকারে ঐ পত্রপ্রেরক ফিরিয়া লইবেক না কি তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক না। কিন্তু কোন সম্বাদপত্র কি পুলিন্দার বিষয়ে যে কোন ব্যক্তি দাওয়া রাখে সে আপনি ঐ সম্বাদপত্রাদি ডাকঘরে পাঠাইয়াছিল এই বিষয়ে যদি ডাকঘরের কর্ম্মের ভারপ্রাপ্ত কর্ম্মকারকের হৃদ্বোধ করিতে পারে এবং ঐ সম্বাদপত্র কি পুলিন্দা পাঠান গেলে তাহার উপর যত মাসুল দেনা পড়িত তাহা যদি দেওয়া যায় তবে ঐ সম্বাদপত্র কি পুলিন্দা ফিরিয়া লওয়া যাইতে কি ফিরিয়া দেওয়া যাইতে পারে ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৪ মে।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 7.

To the Civil Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you, Extracts, paragraphs 1 and 3, from a letter from the Officiating Under Secretary to the Government of Bengal, No. 742, dated the 28th ultimo, and to request that you will submit an early report as to the state of each Registry Office in your District with reference especially to the preparation of Indexes,* noticed in paragraph 3, the defect animadverted on in which paragraph should be carefully avoided as regards all future Registries.

(Signed) B. J. COLVIN,
Register.

Fort William, the 12th April, 1853.

Extracts paragraphs 1 and 3 from a letter from the Officiating Under Secretary to the Government of Bengal, No. 742, dated the 28th ultimo.

Para. 1. I am directed by the Most Noble the Governor of Bengal, to call the attention of the Court to the management and economy of the Offices for the Registration of Deeds, with a view to the adoption of such measures as may seem to be called for.

Para. 3. Indeed in no district of those visited by Mr. Currie, except Noacolly, it would appear, are the rules regarding indexes strictly observed, the indexes being generally prepared from the books at the end of the year instead of being kept up simultaneously with the Registry itself.

(True Extract)
R. STUART,
Asstt. Register.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সেক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ৭৪২ নম্বরী পত্রের চুম্বক অর্থাৎ ১ ও ৩ দফা তোমার নিকটে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে ঐ পত্রের ৩ দফাতে ফিরিস্তি * প্রস্তুত করণের বিষয়ে যে কথা লেখা আছে তাহার প্রতি বিশেষমতে লক্ষ করিয়া তোমার জিলার মধ্যে প্রত্যেক রেজিষ্টরী সিরিশ্তার যে দশা আছে তদ্বিষয়ের রিপোর্ট শীঘ্র পাঠাও। ঐ ৩ দফাতে যে ক্রটির উল্লেখ হইয়াছে তাহা উত্তরকালীন রেজিষ্টরীর বিষয়ে না হয় এই বিষয়ে মনোযোগ করিতে হইবেক।

বি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ আপ্রিল।

চুম্বক। বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং ছোট সক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ৭৪২ নম্বরী পত্রের ১ ও ৩ দফা।

১ দফা। বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণের সিরিশ্তায় কার্য্য করণের নিয়মের ও তাহার অবস্থার বিষয়ে এই অভিপ্রায়ে আদালতের মনোযোগ করাইতেছি যে উচিত যে উপায় বোধ হয় তাহা করা যায়।

৩ দফা। দৃষ্ট হইতেছে যে শ্রীযুত করি সাহেব যে সকল জিলাতে গমন করিয়াছিলেন তাহার মধ্যে নওয়াখালী ভিন্ন অন্য কোন জিলাতে ফিরিস্তির বিষয়ি বিধান ঠিকরূপে পালন হয় নাই বিশেষতঃ রেজিষ্টরী করণের সমকালে তাহার বৃত্তান্ত ফিরিস্তির মধ্যে লেখা না গিয়া প্রায় সর্ব্ব স্থানে বৎসরের শেষে রেজিষ্টরী বহীহইতে ঐ ফিরিস্তি প্রস্তুত করা যাইতেছে।

(যথার্থ নকল।)

আর ষ্টুরার্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 810.

Notification.—The following list of Thannahs through which the Grand Trunk Road passes in Bengal and Behar, with the terminal points of each Magisterial jurisdiction along the same, is published for general information:

Hooghly.

South-eastern terminal point, Ghyretty Ghat; North-western terminal point, the Village of Borragorree.

This portion of the road passes through Thannahs Singhoor, Hooghly, Bansbariah, Benipore and Pandooah, and is within the jurisdiction of the Magistrate at Hooghly.

Burdwan.

South-eastern terminal point, Chotekund; North-western terminal point, Fagoopore, near the 78th Milestone.

This portion of the road passes through the Than-

৮১০ নম্বর

বিজ্ঞাপন।—বাঙ্গলা ও বেহার দেশে বড় সদর রাস্তা যেং থানার এলাকা দিয়া যায় তাহার নীচের লিখিত ফর্দ্দ এবং ঐ রাস্তার নানা স্থানে মাজিষ্ট্রেটী এলাকার যেং সীমা আছে তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

হুগলী

দক্ষিণ পূর্ব্ব সীমা গরেটীর ঘাট। উত্তর পশ্চিম সীমা বলাগড়ি গ্রাম।

রাস্তার এই অংশ সিঙ্গুর ও হুগলী ও বাঁশবেড়িয়া ও বেণিপুর ও পাণ্ডুয়া থানার এলাকা দিয়া যায় তাহা হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বর্দ্ধমান।

দক্ষিণ পূর্ব্ব সীমা চোতখণ্ড। উত্তর পশ্চিম সীমা ৭৮ মাইলের পাতরের নিকট ফাগুপুর।

রাস্তার এই অংশ সলীমাবাদ ও গাঙ্গুড়িয়া ও বর্দ্ধ-

* See Para. XI. C. O. No. 62, dated 31st January, 1845.

* ১৮৪৫ সালের ৩১ জানুআরি তারিখের ৬২ নম্বরী সরকুলর অর্ডরের ১১ দফা দেখ।

nahs of Sulleemabad, Gangooreah and Burdwan, and is within the jurisdiction of the Magistrate of Burdwan.

Bood-Bood.

South-eastern terminal point, Fagoopore; North-western terminal point, Katpookur, near to the 109th Milestone, not far from the Kairasole Bungalow.

This portion of the road passes through the Thannahs of Potenah and Seinpaharee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Bood-Bood.

Munglepore.

South-eastern terminal point, Kairasole; North-western terminal point, Churkoonda drain bridge, about 180 yards West of the Churkoonda Murhella.

This portion of the road passes through the Thannahs of Ookera, Bogra and Neamutpore, and is within the jurisdiction of the Assistant stationed at Babasole, on a hill, a short distance off the road, about a mile Eastward of the Bukhtyanuggur Bungalow, and near the Singara Suspension bridge.

Govindpore.

South-eastern terminal point, Churkoonda drain bridge; North-western terminal point, Umulkooree, about four miles beyond the Topechanchee Bungalow.

A mark will be put up to define this boundary. This portion of the road passes through the Thannahs of Pandra and Rajahpeotah, and is within the jurisdiction of the Deputy Magistrate of Govindpore, whose residence is at Baghsoma, immediately adjacent to the road.

Burhee.

South eastern terminal point, Mudhoopore; North-western terminal limit the bridge over the small river Gowearee, about a mile to the West of the Dhunwa Bungalow.

This portion of the road passes through the Thannahs of Bagodhur and Burhee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Burhee.

Shergotty.

South-eastern terminal limit, the River Gowearee; North-western terminal limit, the River Soane.

This portion of the road passes through the Thannahs of Shergotty and Aurungabad, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Shergotty.

Sasseeram.

South-eastern terminal limit, the River Soane; North-western terminal limit, the River Karumnassa.

This portion of the road passes through the Thannahs of Sasseeram, Bhubhooa and Sawunt, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Sasseeram.

The Murhellas and Station Houses of the Road Police will be white washed, and over each will be

মানের থানার এলাকা দিয়া যায় তাহা বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বুদবুদ।

দক্ষিণ পূর্ব্ব সীমা ফাগুপুর। উত্তর পশ্চিম সীমা কাটপুকুর তাহা ১০৯ মাইলের পাতরের নিকট কায়রাসোল বাঙ্গলাহইতে দূর নহে।

রাস্তার এই অংশ পতনা ও সেনপাহাড়ীর থানার এলাকা দিয়া যায়। তাহা বুদবুদে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

মঙ্গলপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা কায়রাসোল। উত্তর পশ্চিম সীমা চরকুণ্ডা নালার পুল তাহা চরকুণ্ডা মরহেল্লার পশ্চিম দিগে কমবেশ তিন শত ষাইট হাত অন্তর।

রাস্তার এই অংশ উকরা ও বোগড়া ও ন্যামৎপুর থানার এলাকা দিয়া যায়। যে আসিষ্টান্ট সাহেব বাবাসোলে এক পর্ব্বতের উপর নিযুক্ত আছেন তাঁহার এলাকার মধ্যে। সেই পর্ব্বত রাস্তাহইতে দূর নহে বখতিয়ানগরের বাঙ্গলার পূর্ব্ব দিগে আধ ক্রোশান্তর ও সিঙ্গারার ঝুলান পুলের নিকট।

গোবিন্দপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা চরকুণ্ডা নালার পুল। উত্তর পশ্চিম সীমা অমলকুড়ী। তাহা তোপচাঞ্চির বাঙ্গলার ওদিগ দুই ক্রোশ অন্তর।

এই সীমা নিরূপণের নিমিত্তে একটা নিশানী দেওয়া যাইবেক। রাস্তার এই অংশ পাঁড়রা ও রাজাপীটা থানার এলাকা দিয়া যায়। তাহা গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে। ঐ ডেপুটী মাজিষ্ট্রেট বাগসোমাতে রাস্তার ধারে বাস করেন।

বঢ়ী।

দক্ষিণ পূর্ব্ব সীমা মধুপুর। উত্তর পশ্চিম সীমা গোঁইয়ারীনামক যে ছোট নদী ধনওয়ার বাঙ্গলার পশ্চিমে আধ ক্রোশ অন্তর আছে তাহার উপর সাঁকো।

রাস্তার এই অংশ বাগোধর ও বঢ়ী থানা দিয়া যায়। তাহা বঢ়ীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

শেরঘাটী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গোঁইয়ারী নদী। উত্তর পশ্চিম সীমা সোণ নদী।

রাস্তার এই অংশ শেরঘাটী ও আড়ঙ্গাবাদ থানার এলাকা দিয়া যায় তাহা শেরঘাটীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

শাসিরাম।

দক্ষিণ পূর্ব্ব সীমা সোণ নদী। উত্তর পশ্চিম সীমা কর্ম্মনাশা নদী।

রাস্তার এই অংশ শাসিরাম ও ভভুয়া ও সাবন্ত থানার এলাকা দিয়া যায় তাহা শাসিরামে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

যে সকল মরহেল্লা ও রাস্তার পোলীসের থানার ঘর আছে তাহা চুণকাম করা হইবেক এবং তাহার উপর

painted in large letters, both in the English and Native languages, its number and the name of the Magisterial jurisdiction to which it belongs.

The Chowkeydars, Burkundazes and Sowars of the Road Police, will wear red Turbans and Kummurbunds, with Badges indicating their number and rank on red Cross belts edged with green. The Jemadars will have a Red Stripe on the right arm.

By Order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 14*th May*, 1853.

Moulvee Syud Ahmud, late 1st Grade Moonsiff of Mahomedpore, in Jessore, to be Moonsiff of Paneeghatta, Nuddea, vice Mahomed Wafee, pensioned.

C. T. BUCKLAND, *Offg. Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

---

৮৪০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৩ মে।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) চাটিগাঁয়ের অতিরিক্ত সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) ঢাকার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব (Mr. W. B. Buckle,) ময়মুনসিংহের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) ছিলটের মাজিস্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ১৭ মে।

শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যা যশোহরে সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১৩ মে।

চাটিগাঁয়ের একটিং অতিরিক্ত সিবিল ও সেশন জজ শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 24*th May*, 1853.]

থানার নম্বর ও যে মাজিস্ট্রেটী এলাকার অন্তঃপাতি হয় তাহার নাম ইঙ্গরেজী ও বাঙ্গলা বড়২ হরফে রঙ্গ দিয়া লেখা যাইবেক।

রাস্তার পোলীসের চৌকীদারেরা ও বরকন্দাজেরা ও সওয়ারেরা লাল পাগড়ি ও কোমরবন্দ পরিবেক এবং যে পরতালায় চাপরাস বাঁধা থাকে তাহা লাল ও ধারে২ সবুজ হইবেক এবং চৌকীদারপ্রভৃতির নম্বর ও পদ চাপরাসে খোদা যাইবেক। জমাদারেরদের দক্ষিণ বাহুর উপর লাল রেখাও থাকিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৪ মে।

শ্রীযুত মহম্মদ ওয়াফী পেনশ্যন পাওয়াতে যশোহরে মহম্মদপুরের সাবেক প্রথম শ্রেণীভুক্ত মুনসেফ শ্রীযুত মৌলবী সায়দ আহমদ জিলা নদীয়ার পানিঘাটার মুনসেফ হইবেন।

সি টি বকলাণ্ড একটিং রেজিষ্টর।

---

৮৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৬ মে।

শ্রীযুত হাফিজ সরফরাজ আলী খাঁ পাটনার ফতওয়াদায়ক হইবেন।

সারণের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী অজুহর উলহক ১৮২১ সালের ৩ আইনের ৩ ধারার ২ প্রকরণে যে বিশেষ ক্ষমতা নির্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১০ মে।

শ্রীযুত এচ সি উএক সাহেব (Mr. H. C. Wake,) ঢাকার মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৩ সাল ১৮ মে।

শ্রীযুত ব্রোণ উড সাহেব (Mr. Browne Wood,) আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট হইবেন।

গোবিন্দপুরের ডেপুটী মাজিস্ট্রেট স্বীয় কার্য্যোপলক্ষে উক্ত মোকামে ডাকাধ্যক্ষও হইবেন।

১৮৫৩ সাল ২০ মে।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এচ ডায়াপর সাহেব (Mr. H. Diaper,) গয়ার মিউনিসিপল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৬ মে।

বগুড়ার সদর আমীন শ্রীযুত বাবু দ্বারকানাথ রায় চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যার প্রতি আপন কার্য্যের ভার অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে পাঁচ সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৭ মে।

ফরিদপুরের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি বি মাকটীয়র সাহেব (Mr. T. B. Mactier,) আপন কর্ম্মের ভার শ্রীযুত এ জে জাকসন সাহেবের (Mr. A. J. Jackson,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত জাক্‌সন সাহেব (Mr. Jackson,) অন্য

হুকুম না হওনপর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ২০ মে।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ সি উএক সাহেব (Mr. H. C. Wake,) চিকিৎসকের সর্টিফিকট্‌ক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২১ মে।

এতদ্দেশীয় পদাতিক ১২ পল্টনের লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জি টি মার্সল সাহেব (Lieutenant Colonel G. T. Marshall,) উর্দু ও হিন্দী ভাষার ১৮৫২ সালের ৯ মার্চের গবর্ণমেণ্টের হুকুমক্রমে যেপর্য্যন্ত পটুতার নিয়ম নির্দ্দিষ্ট হয় তাহা প্রাপ্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেব হুকুম করেন যে বর্ত্তমান মাসের ২৪ তারিখ মঙ্গলবার শ্রীশ্রীমতী মহারাণীর জন্ম দিন হওয়াতে সরকারী সমস্ত সিরিশ্‌তা বন্দ হয়।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Whereas the leaseholders of the undermentioned Lots in the Soonderbuns have failed according to the terms of their leases to bring into a state of cultivation the lands allotted to them for 20 years. That all future oppositions that may be made by the Lot-holders may be obviated, they are hereby requested to state clearly in writing the reason to the Commissioner in the Soonderbuns within one month from this date, in default of which, their right and title of those lands shall cease.

No. of Lot.	Area.	Name of Grantee.
18	12,900	Parbutty Churn Mookerjee.
27	11,200	Luckheynarian Mundell.
87	2,200	Mr. Alexander McArthur, original grantee. Present proprietor, Newab Nazeer Seedhee Nuzur Allee Khan Behadoor.
88	1,750	
89	2,700	

OOMAKAUNT SEIN, *Commissioner.*

Soonderbun Commissioner's Office, Camp Barripore, The 9th April, 1853.

ইশ্‌তিহার।

সুন্দরবনের কমিস্যনরের কাছারী।

যেহেতুক সুন্দরবনের নীচের লিখিত লাটের পাট্টাদারেরা আপনারদের পাট্টার নিয়মক্রমে বিশ বৎসরপর্য্যন্ত আপনারদের প্রাপ্ত জমী আবাদ করেন নাই অতএব ঐ পাট্টাদারেরদের উত্তর কালে কোন আপত্তি না হয় এই নিমিত্তে তাঁহারদিগকে আদেশ করা যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি এক মাসের মধ্যে তাঁহারা তাহার হেতু সুন্দরবনের কমিস্যনরের নিকটে সপষ্টরূপে লিখিয়া জ্ঞাপন করেন। এই বিষয়ে ত্রুটি হইলে ঐ জমীতে তাঁহারদের স্বত্ত্ব ও অধিকার রহিত হইবেক।

লাট নম্বর	পরিমাণ	পাট্টাদারের নাম।
১৮	১২,৯০০	পার্ব্বতীচরণ মুখুয্যা।
২৭	১১,২০০	লক্ষ্মীনারায়ণ মণ্ডল।
৮৭	২,২০০	সাবেক পাট্টাদার শ্রীযুত আলেকজাণ্ডর মাকআর্থর সাহেব হাল পাট্টাদার নওয়াব নাজির সিদ্ধী নজর আলী খাঁ বাহাদুর।
৮৮	১,৭৫০	
৮৯	২,৭০০	

উমাকান্ত সেন কমিস্যনর।

ছাউনি বারুইপুর সুন্দরবনের কমিস্যনরের দপ্তরখানা। ১৮৫৩ সাল ৯ আপ্রিল।

NOTICE.

It being in contemplation to permit Owners of Holdings paying Ground rent in the Town of Calcutta, to redeem their property from the Land tax, upon the payment of 20 years' purchase, and the Officiating Collector of Calcutta, being desirous of ascertaining whether or not such a measure would be acceptable to the Proprietors generally, he hereby invites the said Proprietors to favor him with their views on the question, either personally or in writing at his Office, Nos. 10 and 11, Old Court House Street.

F. A. LUSHINGTON, *Offg. Collector.*

Calcutta, Collector's Office, the 12th of May, 1853.

এস্তেহার।

কলিকাতা নগরের মধ্যে যে যোতের মালিকেরা ভূমির খাজানা দিয়া থাকে তাহারদিগকে বিশ বৎসরের খরীদী টাকা দিয়া আপনারদের সম্পত্তি করহইতে মুক্ত করিবার অনুমতি দেওনের মনস্থ হইয়াছে। কিন্তু উক্ত প্রকার নিয়মে সর্ব্বসাধারণ ভূম্যধিকারির সম্মতি আছে কি না কলিকাতার এক্‌টিং কালেক্টর সাহেব ইহা জানিতে

ইচ্ছুক হইয়া উক্ত ভূম্যধিকারিরদিগকে কহিতেছেন যে তাঁহারা স্বয়ং হাজির হইয়া অথবা ওলড কোর্ট হৌস স্ট্রিটের ১০। ১১ নম্বর বাটীতে সাহেবের দপ্তরখানায় পত্র পাঠাইয়া তদ্বিষয়ে আপনারদের অভিপ্রায় জ্ঞাপন করেন।

এফ এ লশিংটন। একটিং কালেক্টর।

কলিকাতার কালেক্টরী কাছারী। ১৮৫৩ সাল ১২ মে।

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.
JUGGETCHUNDER MOOKERJEE,
versus
SREEMUTTY BISSNOOSOONDERY DABEE, SREEMUTTY HURROMONEY DABEE, MOHESCHUNDER MOOKERJEE and KALLYPROSONO GANGOOLY.

NOTICE is hereby given, that on the fifteenth day of June, now next ensuing, or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause, may be taken proconfesso as against the Defendant Sreemutty Hurromoney Dabee, for want of answer pursuant to the Rule of this Honourable Court in this behalf, made and provided. Dated this 19th day of May, 1853.

G. O. BEEBY, *Complainant's Solicitor.*

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।
শ্রীজগৎচন্দ্র মুখুয্যা। ফরিয়াদী।
শ্রীমতী বিষ্ণুসুন্দরী দেবী ও শ্রীমতী হরমণি দেবী ও শ্রীমহেশচন্দ্র মুখুয্যা ও শ্রীকালীপ্রসন্ন গাঙ্গোলি আসামী।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে আগামি জুন মাসের পনেরঞি তারিখে কিম্বা তাহার পর যত শীঘ্র কৌন্সেলীর কথা শুনা যাইতে পারে তত শীঘ্র উক্ত ফরিয়াদীর পক্ষে আদালতের নিকটে প্রার্থনা হইবেক যে এই মোকদ্দমায় যে নালিশের বিল দাখিল করা যায় তাহার উত্তর না দেওনপ্রযুক্ত এই সম্ভ্রান্ত আদালতের উক্ত বিষয়ে করা ও নির্দ্দিষ্ট করা বিধানানুসারে আসামী শ্রীমতী হরমণি দেবী তাহার সত্যতা স্বীকার করিয়াছেন আসামীর বিপরীত এমত হুকুম হয়। ইং ১৮৫৩ সাল তাং ১৯ মে।

জি ও বীবি। ফরিয়াদীর উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশতিহার।

NOTICE.

Shortly will be published a Bengalee Drama, or *Natuck*, entitled " Bhanoo Muttee Chittu Billash," the plot and under-plots of the play being similar to those of Shakspear's " Merchant of Venice." Price to Subscribers Re. 1-8, to Non-Subscribers Rs. 2 per copy.

Apply to the Editor of the *Poornoochundrodoy*, Calcutta, Burrabazar, Amrahtullah Lane, No. 12.

বিজ্ঞাপন।

কিঞ্চিৎ কাল পরে ভানুমতী চিত্তবিলাসনামক এক নাটক গ্রন্থ বঙ্গভাষায় প্রকাশ হইবেক। উক্ত নাটকের ইতিহাস ও ক্ষুদ্র গল্প সকল সিক্সপিয়র সাহেবের কৃত মার্চেণ্ট অফ বিনিস নামক গ্রন্থের তুল্য ঐ পুস্তকের মূল্য অগ্রে স্বাক্ষরকারি গ্রাহকেরদের পক্ষে ১॥০ তদ্ভিন্ন ব্যক্তিরদের প্রতি ২৲ টাকা নির্দ্ধারিত হইয়াছে।

এই পুস্তক কলিকাতায় বড় বাজারের আমড়াতলার গলিতে ১২ নম্বর বাটীতে পূর্ণচন্দ্রোদয় সম্পাদকের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হইবেন।

NOTICE is hereby given, that the business of MESSRS. YEATHERD AND CO., STONE MASONS and UNDERTAKERS has been continued, since the death of MR. T. YEATHERD, by his widow.

MESSRS. YEATHERD AND CO. beg to acknowledge with thanks the support thay have received from the Public; and to solicit a continuance of the public patronage.

21st April, 1853.

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ভাস্কর ও মুর্দ্দা ফরাশ শ্রীযুত ইয়টহর্ড কোম্পানির কর্ম্ম টি ইয়টহর্ড সাহেবের মৃত্যুর পরঅবধি তাঁহার বিধবার দ্বারা নির্ব্বাহ হইয়াছে।

ইয়টহর্ড কোম্পানি সাধারণ লোকেরদের স্থানে যে উপকার প্রাপ্ত হইয়াছেন তাহা কৃতজ্ঞতাপূর্ব্বক স্বীকার করিয়া ঐ প্রকার উপকার প্রাপণ রহিত না হয় এমত প্রার্থনা করেন।

সম্প্রতি প্রকাশ হইয়াছে। মূল্য ৬৲ টাকা।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের বিচার্য্য জাবেতা এবং সরাসরি মোকদ্দমা সমুহের নিষ্পত্তির মন্তব্যের সহিত সারসংগ্রহ বাবতে সন ১৮৪৯। ৫০। ৫১। ইং। জিলা ময়মনসিংহের জজ আদালতের কেরাণি। শ্রীজান্ বাপ্‌টিষ্ট সাহেবের কৃত।

কলিকাতার মেঃ পিঃ এস, ডিরোজেরিও ও কোম্পানির দোকানে বিক্রয়ার্থে প্রস্তুত আছে।

[*Government Gazette*, *24th May*, 1853.]

JUST PUBLISHED.

To be had at the Baptist Mission Press, Circular Road, or of Messrs. R. C. Lepage and Co., Tank Square, Calcutta.

MACPHERSON ON CIVIL PROCEDURE,

Rendered into Urdoo by the Author,

and

George Smoult Fagan, Esq., B. A., Barrister at Law, Advocate of the Supreme Court, and Pleader in the Sudder Dewanny Adawlut.

In Two vols. Price Rs. 24. Or if 5 or more copies are taken Rs. 21. Vol. II. may be had separately, Price Rs. 12 or 10 Rs. 8 Ans. as above.

বিজ্ঞাপন।

শ্রীযুত মেকফারসন সাহেবের কৃত দেওয়ানী আইনের উর্দ্দু তরজমার পুস্তক সুপ্রিম কোর্টের কৌন্সেলী ও সদর দেওয়ানী আদালতের উকিল শ্রীযুক্ত জার্জ ফেগেন সাহেবের দ্বারা প্রস্তুত হইয়া।

সংপ্রতি বাপটিষ্ট মিশনপ্রেসে মুদ্রাঙ্কিত হইয়াছে এই পুস্তক ২ বালমে সংগৃহীত ইহার মূল্য ২৪৲ টাকা।

সরকুলর রাস্তার নিকট এই পুস্তক উপরোক্ত যন্ত্রালয়ে এবং আর. সী. লেপেজ কোম্পানীর দোকানে লালদীঘীর নিকট প্রাপ্তব্য। ৫ খান কি তাহার অধিক ক্রয় করিলে ন্যূন মূল্য ২১৲ টাকায় দেওয়া যাইবেক।

দ্বিতীয় বালম স্বতন্ত্র দেওয়া যাইতে পারে মূল্য ১২৲ টাকা অধিক লইলে অর্থাৎ ৫ খান লইলে ১০৷৷০ ।= হিসাবে দেওয়া যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৪ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA TUESDAY, MAY 31, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ৩১ মে।

DRAFT OF ACT.

ACT NO. —— OF 1853.

An Act for the management of the Post Office, and for the Regulation of the duties of Postage.

[Continued from Page 264.]

XXV. *Steam postage.* The postage charged on letters and packets by Her Majesty's Post Master General, under the name of Steamer British packet postage, or by any other denomination, shall, after the rates of such postage have been published in the official *Gazette* of any Presidency, be recovered in the same manner as postage chargeable under this Act.

XXVI. *Postage stamps.* All letters and other articles, if having a stamp or stamps affixed thereto (such stamp or stamps in every case being affixed on the outside, and being equal in value or amount to the rate or rates of postage to which such letters or other articles are liable under this Act,) shall, provided the stamp or stamps shall not have been used before, pass by the post free of postage.

XXVII. *How to be provided.* The Governor General of India in Council shall cause stamps to be provided, denoting rates or duties of six pies, and one anna, or rates or duties of such other value or amount as the said Governor General of India in Council may direct, and shall give such other orders and make such other regulations relative thereto as may be deemed expedient.

XXVIII. *Postage stamps to be under manage-* The rates or duties which shall be expressed or denoted by any such stamps as aforesaid, shall be under the care and manage-

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

ডাকঘরের কর্ম্ম নির্ব্বাহের এবং ডাক মাসুলের নিয়ম করণের বিষয়ি আইন।

[২৬৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[বাষ্পীয় জাহাজের মাসুল।]

২৫ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর পোষ্ট মাষ্টর জেনরল সাহেব ব্রিটনীয় পত্রবাহক বাষ্পীয় জাহাজে প্রেরিত পত্রের মাসুল নামে কিম্বা অন্য কোন নামে পত্রের ও পুলিন্দার উপর যে সকল ডাকমাসুল বসান্ তাহার হার কোন রাজধানীর সরকারী গেজেটে প্রকাশ হইলে পর, এই আইনানুসারে যে মাসুল লওয়া যাইতে পারে তাহা যেপ্রকারে উসুল হয় সেই প্রকারে ঐ মাসুল উসুল করা যাইবেক ইতি।

[ডাক মাসুলের ইষ্টাম্প।]

২৬ ধারা। যে সকল পত্রেতে ও অন্য দ্রব্যেতে এক কি অনেক ইষ্টাম্প বসান যায় যদি সেই এক কি অনেক ইষ্টাম্প পূর্ব্বে কোন পত্রাদিতে বসান না গিয়াছিল তবে সেই পত্র ও অন্য দ্রব্য বিনামাসুলে ডাকঘরে চালান করা যাইবেক। ঐ এক বা অনেক ইষ্টাম্প সর্ব্বদা পত্রাদির বাহিরে বসান যাইবেক। এবং ঐ পত্র কি অন্য দ্রব্যের উপর এই আইনানুসারে যে হারে মাসুল লাগিতে পারে ঐ ইষ্টাম্প সেই মাসুলের মূল্যের কি মোট মূল্যের তুল্য হইবেক ইতি।

[যেপ্রকারে প্রস্তুত করা যাইবেক।]

২৭ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ইষ্টাম্প প্রস্তুত করাইবেন। ঐ ইষ্টাম্পে দুই পয়সার ও এক আনার হার কি মাসুল, কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অন্য যে মূল্য কি মোট মূল্য হুকুম করেন সে মূল্যের হার কি মাসুল বুঝাইবেক। এবং তদ্বিষয়ে অন্য যে কোন হুকুম এবং অন্য যে কোন বিধি উচিত বোধ হয় তাহা উক্ত শ্রীযুত করিবেন ইতি।

[যে কোন কার্য্যকারক নিযুক্ত হইবেন তিনি ডাক মাসুলের ইষ্টাম্পের কার্য্য নির্ব্বাহ করিবেন।]

২৮ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের এমত কোন ইষ্টাম্পের দ্বারা যে হার কি যত মাসুল ব্যক্ত হইবেক কি বুঝাইবেক

ment of any Officer to be appointed.

ment of such Officer or Officers as the Governor General of India in Council or the local Governments with the sanction of the Governor General of India in Council shall direct. And all sums of money realized by the sale of postage stamps shall be brought in the public accounts to the credit of the Post Office.

XXIX. The Governor General of India in Council, or any of the local Governments may appoint Government venders of postage stamps, and may make rules for the regulation of such venders of stamps, and thereby direct how and under what terms and conditions postage stamps may be supplied to them for sale; and whether any and what security shall be given by such venders, and whether any and what remuneration or discount shall be allowed to them, and how and in what manner and at what time or times such venders shall keep and render their accounts and pay over the proceeds of any sales made by them or re-deliver the stamps intrusted to them.

Venders of postage stamps to be appointed.

XXX. If any person so appointed a vender of stamps shall accept the appointment he shall be bound by such rules, and in case of any wilful breach thereof shall be liable to a penalty not exceeding two hundred rupees, in addition to any other proceedings to which he may be liable.

Venders to be bound by Rules.

XXXI. Any person so appointed a vender of stamps who shall be convicted of refusing or unnecessarily delaying without reasonable excuse to furnish postage stamps to any person desiring to purchase the same, and tendering in lawful currency the full value thereof (the stamp vender having in his possession for sale sufficient stamps of the description and value required) shall be subject to a fine not exceeding one hundred rupees.

Penalty of vender refusing to supply stamps.

XXXII. Any person so appointed vender of stamps convicted of taking from a purchaser a higher price than that, denoted on the stamps sold, shall be deemed guilty of extortion and shall be punished on conviction with imprisonment, with or without hard labor, for any term not exceeding six months, or to a fine not exceeding one hundred rupees, and shall also be liable to refund to the purchaser the whole amount proved to have been taken in excess, which amount may be recovered by such purchaser before a Magistrate in the same manner as any penalty under this Act.

Penalty of vender selling stamps for higher price than the amount denoted thereby.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৩১ মে।]

তাহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অথবা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে দেশবিশেষের গবর্ণমেণ্ট যে কার্য্যকারক কি কার্য্যকারকদিগকে হুকুম করেন তাঁহার কি তাঁহারদের তজ্ঞ ও কর্তৃত্বাধীনে থাকিবেক। এবং ডাক মাসুলের ইষ্টাম্প বিক্রয় করণের দ্বারা যে সকল টাকা উৎপন্ন হয় তাহা সরকারী খাতা বহীতে ডাকঘরের হিসাবে জমা হইবেক ইতি।

[ডাক মাসুলের ইষ্টাম্পবিক্রেতারা নিযুক্ত হইবেক।]

২৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অথবা দেশবিশেষের কোন গবর্ণমেণ্ট গবর্ণমেণ্টের ডাকমাসুলের ইষ্টাম্পবিক্রেতাকে নিযুক্ত করিতে পারেন এবং ঐ ইষ্টাম্প বিক্রেতারদের কার্য্য নির্ব্বাহের নিমিত্তে বিধান করিতে পারেন এবং যেপ্রকারে ও যে নিয়ম ও শর্ত্তমতে ডাক মাসুলের ইষ্টাম্প তাহারদিগকে বিক্রয়ার্থে দেওয়া যাইবেক, এবং ঐ বিক্রেতারদের কোন জামিন দিতে হইবেক কি না ও কি জামিন দিতে হইবেক, এবং তাহারদিগকে কোন মেহনতানা কি ধরাট দেওয়া যাইবেক কি না ও কত দেওয়া যাইবেক, এবং যেরূপে ও যেপ্রকারে এবং যে এক কি অনেক সময়ে ঐ বিক্রেতারা আপনারদের হিসাব রাখিবেক ও দাখিল করিবেক এবং যে কোন ইষ্টাম্প বিক্রয় করিয়াছে তাহার উৎপন্ন টাকা দাখিল করিবেক কিম্বা যে ইষ্টাম্প তাহারদের নিকট গচ্ছিত ছিল তাহা ফিরিয়া দিবেক এই সকল বিষয়ের হুকুম ঐ বিধানে নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[বিক্রেতারদের বিধানমতে কার্য্য করিতেই হইবেক।]

৩০ ধারা। এমতে ইষ্টাম্পবিক্রেতাস্বরূপ নিযুক্ত কোন ব্যক্তি যদি ঐ কর্ম্ম গ্রহণ করে তবে ঐ বিধানমতে তাহার অবশ্য কার্য্য করিতে হইবেক, এবং যদি সে ইচ্ছাপূর্ব্বক তাহা লঙ্ঘন করে তবে তাহার নামে অন্য যে কোন মোকদ্দমার কার্য্য চালান যাইতে পারিবেক তদতিরিক্ত তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[বিক্রেতা ইষ্টাম্প দিতে অস্বীকার করিলে তাহার দণ্ড।]

৩১ ধারা। কোন ব্যক্তি ডাক মাসুলের ইষ্টাম্প কিনিতে চাহিলে এবং তাহার সম্পূর্ণ মুল্য চলন মুদ্রাতে দিতে প্রস্তাব করিলে এবং যে প্রকারের ও যে মুল্যের ইষ্টাম্প চাহে তাহা এমতে ইষ্টাম্পবিক্রেতাস্বরূপ নিযুক্ত কোন ব্যক্তির নিকটে কুলানমতে থাকিলে যদি সেই ইষ্টাম্পবিক্রেতা উপযুক্ত হেতুবিনা তাহা না দেয় কিম্বা দিতে অনাবশ্যকমতে বিলম্ব করে তবে তাহার প্রমাণ হইলে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক ইতি।

[ইষ্টাম্পের দ্বারা যে মুল্য দর্শায় তাহার অধিক মূল্যে বিক্রয় করিলে বিক্রেতার দণ্ড।]

৩২ ধারা। এমত ইষ্টাম্পবিক্রেতাস্বরূপ নিযুক্ত যে কোন ব্যক্তি বিক্রয়হওয়া ইষ্টাম্পের উপর যে মুল্য ব্যক্ত হয় তাহার অধিক খরীদারের স্থানে লয় এমত প্রমাণ হয় সেই ব্যক্তি টাকা বলপূর্ব্বক লওনের দোষী জ্ঞান হইবেক। এবং তাহার প্রমাণ হইলে সেই ব্যক্তির ছয় মাসের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদের দণ্ড হইবেক অথবা এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক এবং অধিক যত লওয়া গিয়াছে প্রমাণ হয় ঐ ব্যক্তি তাহা সমুদয় খরীদারকে ফিরিয়া দিতে যোগ্য হইবেক। এই আইনানুসারে কোন জরীমানার টাকা যে প্রকারে উসুল হইতে পারে সেই প্রকারে ঐ খরীদার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

XXXIII. If any person shall forge or counterfeit or cause or procure to be forged, or counterfeited, any die, plate or other instrument which shall be used for the purpose of making any stamps which shall be provided as aforesaid ; or if any person shall forge or imitate, or cause to be forged or imitated, any stamp or stamps which shall be provided as aforesaid ; or if any person shall knowingly and without lawful excuse (the proof of which excuse shall lie on the person accused) have in his possession any false, forged or counterfeited die, plate or other instrument resembling or intended to resemble, either wholly or in part, any die, plate or instrument that shall be used for the purpose aforesaid ; or if any person shall stamp or mark, or cause to be stamped or marked, any paper or other substance with any such false, forged or counterfeit die, plate or instrument as aforesaid ; or if any person shall knowingly use, utter, sell, or expose for sale, or cause to be used, uttered, sold or exposed for sale, or shall knowingly and without lawful excuse (the proof of which excuse shall lie on the person accused) have in his possession any paper or other substance having thereon the impression of any such false, forged, or counterfeit die or other instrument as aforesaid ; or having thereon any counterfeit stamp resembling or intended to resemble, or be mistaken for the stamp or stamps which shall be provided as aforesaid ; then and in every such case every person so offending, and every person knowingly aiding, abetting or assisting any person in committing any such offence, shall be punished with imprisonment with or without hard labor, for a term not exceeding seven years, and shall also be liable to fine.

Penalties for forging stamps, &c.

XXXIV. If any person shall fraudulently remove or cause to be removed, from any letter, newspaper, or other cover or paper any stamp or stamps provided and used as aforesaid, with intent to use or place such stamp or stamps with or upon any other letter, newspaper or other cover or paper or otherwise to dispose of the same ; or if any person shall knowingly use or cause to be used any such stamp or stamps so fraudulently removed ; or if any person shall fraudulently erase or remove or cause to be erased or removed from any such stamp or stamps any writing or other matter or thing thereon written or impressed, with intent to use any such stamp or stamps, every person so offending shall forfeit two hundred rupees for every such offence.

Penalties for evading postage stamp duties.

XXXV. In all cases, except that of letters and packets posted for despatch to any place beyond the territories under the Government of the East India Company, it shall be optional with parties sending any

Option to prepay postage.

[ইষ্টাম্প জাল করণপ্রভৃতির দণ্ড।]

৩৩ ধারা। উক্ত প্রকারে যে ইষ্টাম্প প্রস্তুত করা যাইবেক এমত কোন ইষ্টাম্প প্রস্তুত করিবার নিমিত্তে যে কোন ছাপ কি পাতা কি অন্য যন্ত্র ব্যবহার হয় তাহা যদি কেহ জাল কি কৃত্রিম করে বা করায় বা করিতে প্রবৃত্তি দেয়, অথবা পূর্ব্বোক্তমতে যে কোন এক বা অনেক ইষ্টাম্প প্রস্তুত করা যাইবেক তাহা যদি কেহ জাল করে বা করায় কিম্বা তাহার অনুরূপ করে বা করায়, অথবা পূর্ব্বোক্ত অভিপ্রায়ে যে কোন ছাপ কি পাতা কি যন্ত্র ব্যবহার হইবেক তাহার ঠিক কি অংশমতে তুল্য কিম্বা তুল্য হওয়ার ভাবে বানান কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপ কি পাতা বা অন্য যন্ত্র যদি কেহ জানিয়াশুনিয়া ও আইনসিদ্ধ ওজর বিনা আপন দখলে রাখে (এবং ঐ ওজরের প্রমাণ করণের ভার নালিশগ্রস্ত ব্যক্তির প্রতি হইবেক।) অথবা যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপ কি পাতা কি যন্ত্র লইয়া কোন কাগজে কি অন্য দ্রব্যে ইষ্টাম্প কি চিহ্ন দেয় কিম্বা ইষ্টাম্প কি চিহ্ন দেওয়ায়, অথবা পূর্ব্বোক্ত প্রকারের কোন মিথ্যা কি জালকরা কি কৃত্রিম ছাপের কি অন্য যন্ত্রের প্রতিরূপ যে কাগজ কি অন্য দ্রব্যের উপর থাকে, কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের যে এক কি অনেক ইষ্টাম্প প্রস্তুত করা যাইবেক তাহার মত কি তাহার মত হইবার ভাবে বানান কি তাহাই এমত বুঝাইবার নিমিত্তে কোন জালকরা ইষ্টাম্প যে কাগজ কি অন্য দ্রব্যের উপর থাকে, এমত কোন কাগজ কি অন্য দ্রব্য যদি কেহ জানিয়াশুনিয়া ব্যবহার করে কি চালায় কি বিক্রয় করে কিম্বা বিক্রয়ার্থে প্রকাশ করে কি ব্যবহার করায় কি অন্যের দ্বারা চালায় কি বিক্রয় করায় কি বিক্রয়ার্থে প্রকাশ করায় কিম্বা জানিয়াশুনিয়া ও আইনসিদ্ধ ওজর বিনা আপন দখলে রাখে (এবং ঐ ওজরের প্রমাণ করণের ভার নালিশগ্রস্ত ব্যক্তির প্রতি হইবেক।) তবে এবং এমত প্রত্যেক গতিকে ঐ প্রকারের অপরাধি প্রত্যেক ব্যক্তির, এবং যে কেহ জানিয়াশুনিয়া এমত অপরাধ করিতে কোন ব্যক্তির সহায়তা ও উপকার করে সেই প্রত্যেক ব্যক্তির, সাত বৎসরের অনধিক মিয়াদে পরিশ্রমসহিত কি পরিশ্রমবিনা কয়েদের দণ্ড হইবেক এবং তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[ডাক মাসুলের ইষ্টাম্পের মূল্য এড়াইবার দণ্ড।]

৩৪ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে যে কোন এক কি অনেক ইষ্টাম্প প্রস্তুত করা গিয়াছে ও ব্যবহার হইয়াছে এমত এক কি অনেক ইষ্টাম্প যদি কোন ব্যক্তি, কোন পত্রের কি সম্বাদপত্রের কি খামের কি কাগজের সঙ্গে কি উপর ব্যবহার করণের কি বসাইবার অভিপ্রায়ে কিম্বা তাহা অন্য কর্ম্মে লাগাইবার অভিপ্রায়ে, অন্য কোন পত্র কি সম্বাদপত্র কিম্বা অন্য খাম কি কাগজহইতে চাতুরীক্রমে তুলিয়া লয় কি তুলিয়া লওয়ায়, অথবা যদি কোন ব্যক্তি ঐ প্রকারে চাতুরীক্রমে তুলিয়া লওয়া এমত কোন এক কি অনেক ইষ্টাম্প জানিয়াশুনিয়া ব্যবহার করে বা ব্যবহার করায়, অথবা যদি কোন ব্যক্তি এমত এক কি অনেক ইষ্টাম্প ব্যবহার করণের অভিপ্রায়ে এমত কোন এক কি অনেক ইষ্টাম্পহইতে কোন লিখন কিম্বা তাহাতে লেখা কি ছাপা কোন কথা বা বিষয় চাতুরীক্রমে কিরিয়া কি তুলিয়া লয় কিম্বা কিরিয়া কি তুলিয়া লওয়ায় তবে এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে এমত প্রত্যেক অপরাধির দুই শত টাকা জরীমানা হইবেক ইতি।

[ডাক মাসুল স্বেচ্ছামতে পূর্ব্বে দেওন।]

৩৫ ধারা। কোম্পানি বাহাদুরের শাসিত দেশের বাহিরের কোন স্থানে পাঠাইবার জন্যে যেং পত্র ও পুলিন্দা ডাকে দেওয়া যায় তদ্ভিন্ন, সকল গতিকে যে সকল ব্যক্তি ডাকের দ্বারা কোন পত্র কি পুলিন্দ পাঠায় তাহারা পূর্ব্বের নির্দ্দিষ্ট প্রকারে স্বেচ্ছামতে ঐ পত্রাদির উপর এক

e tters or packets by the post, to forward the same free of postage by means of a proper stamp or stamps placed or affixed thereon in the manner hereinbefore provided; or to forward them unpaid, or in the case of parcels only, to prepay the postage in money. But no money shall hereafter be received at any Post Office in prepayment of postage on any letter, newspaper or other printed or engraved paper forwarded by the post. Provided that nothing in this Section shall be construed to require the prepayment of British packet postage or letters or packets upon which the prepayment of such postage has been left optional by Her Majesty's Post Master General.

Governor General in Council may direct that all postage shall be prepaid, and that by stamps alone.

XXXVI. It shall be lawful for the Governor General of India in Council at any time to withdraw either wholly or in part the option allowed by the preceding Section of this Act; and to direct that all or any letters, packets or parcels shall not be forwarded by post unless the postage thereof shall be prepaid by means of a proper stamp or stamps, or to charge on all letters, packets or parcels on which the postage shall not be prepaid, or which shall not by duly and properly stamped, such higher rates of postage than would otherwise be payable, as from time to time be deemed expedient.

Postage on unpaid letters, &c., to be paid by the receiver.

XXXVII. The person to whom any letter or packet, the postage of which has not been paid, may be delivered shall not be bound to pay the postage if he return the same unopened, but if he open the same he shall be bound to pay the postage due thereon. If he return the same unopened, the sender of the letter or packet shall be bound to pay the postage thereof. If any person shall refuse to pay any postage which he is legally bound to pay for any letter or packet, the same may be recovered by any Post Master General, or any Officer in charge of a Post Office, for the use of the East India Company, in the same manner as a fine recovered under this Act, and it shall be lawful for the Officer in charge of any Post Office to withhold from the person so refusing, until such postage be paid, any other letter or packet addressed to that person not being superscribed as on the public service.

Registered letters.

XXXVIII. In case it be deemed expedient that any letters or other packets should be registered at the Post Office, it shall be lawful for the Governor General in Council to direct that in addition to any rates of postage payable under this Act, a fee not exceeding four annas shall be charged on any such letter or packet; and such registration fee shall be paid on the letter being put into the Post Office.

[To be Continued]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ৩১ মে।]

কি অনেক উপযুক্ত ইষ্টাম্প বসাইয়া কি লাগাইয়া বিনামাসুলে তাহা পাঠাইতে পারে অথবা মাসুল পূর্ব্বে না দিয়া পাঠাইতে পারে কিম্বা কেবল পুলিন্দা হইলে মাসুলের টাকা কি পয়সা পূর্ব্বে দিয়া পাঠাইতে পারে। কিন্তু যে কোন পত্র কি সম্বাদপত্র কিম্বা ছাপাকরা কি খোদা হরফে ছাপা অন্য কাগজ উত্তর কালে ডাকের দ্বারা পাঠান যায় তাহার পূর্ব্ব দেওয়া মাসুলের কোন টাকা কি পয়সা কোন ডাকঘরে লওয়া যাইবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে ব্রিটনীয় পত্রবাহক জাহাজে প্রেরিত পত্রের মাসুল কিম্বা যেং পত্রের কি পুলিন্দার উপর ঐ মাসুলের পূর্ব্বে দেওনবিষয় শ্রীশ্রীমতী মহারাণীর পোষ্ট মাষ্টর জেনরল সাহেব লোকেরদের স্বেচ্ছাধীন রাখিয়াছেন তাহা পূর্ব্বে দেওয়ার হুকুম হইয়াছে এই ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম করিতে পারেন যে সকল মাসুল পূর্ব্বে দেওয়া যায় ও কেবল ইষ্টাম্পের দ্বারা দেওয়া যায়।]

৩৬ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে এই আইনের উক্ত ৩৫ ধারাতে স্বেচ্ছামত কার্য্যের যে অনুমতি হইয়াছে তাহা কোন সময়ে সম্পূর্ণরূপে কি অংশমতে রহিত করেন, এবং সকল কি কোন পত্রের কি পত্রের পুলিন্দার কি পুলিন্দার মাসুল যদি উপযুক্ত এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা পূর্ব্বে না দেওয়া যায় তবে তাহা ডাকের দ্বারা পাঠান যাইবেক না এমত হুকুম করেন, অথবা যে সকল পত্রের কি পত্রের পুলিন্দার কি পুলিন্দার উপর মাসুল পূর্ব্বে না দেওয়া যাইবেক কি উচিত ও উপযুক্ত ইষ্টাম্প বসান না যাইবেক সেই পত্রপ্রভৃতির মাসুল দেওয়া গেলে যত দিতে হইত তাহার অধিক যে হারের মাসুল সময়ে বিহিত বোধ করেন তাহা বসান ইতি।

[পত্রাদির যে মাসুল পূর্ব্বে না দেওয়া যায় তাহা গ্রাহকের দিতে হইবেক।]

৩৭ ধারা। যে কোন পত্র কি পুলিন্দার মাসুল পূর্ব্বে দেওয়া যায় নাই এমত পত্রাদি যে ব্যক্তির নিকটে পঁহুছান যায় সে যদি তাহা না খুলিয়া ফিরিয়া দেয় তবে ঐ মাসুল তাহার দিতে হইবেক না। কিন্তু যদি তাহা খোলে তবে তাহার উপর যে মাসুল পাওনা আছে তাহা তাহার দিতেই হইবেক। যদি সেই ব্যক্তি ঐ পত্রাদি কি পুলিন্দা না খুলিয়া ফিরিয়া দেয় তবে যে জন তাহা পাঠাইয়াছিল তাহারি তাহার মাসুল দিতে হইবেক। কোন পত্রের কি পুলিন্দার যে মাসুল কোন ব্যক্তির আইনমতে অবশ্য দিতে হয় তাহা যদি সে না দেয় তবে এই আইনানুসারে জরীমানা যে প্রকারে উসুল হয় সেই প্রকারে কোন পোষ্টমাষ্টর জেনরল সাহেব কিম্বা ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক কোম্পানি বাহাদুরের ব্যবহারের নিমিত্তে ঐ মাসুল উসুল করিতে পারেন। এবং ডাকঘরের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারকের এমত ক্ষমতা থাকিবেক যে যাবৎ ঐ মাসুল না দেওয়া যায় তাবৎ যে ব্যক্তি ঐ প্রকারে মাসুল দিতে নারাজ হইয়াছে তাহার নামে অন্য যে কোন পত্র কি পত্রের পুলিন্দা আইসে তাহা তাহাকে না দেন, কিন্তু যে পত্রাদির উপর সরকারী কার্য্যের বিষয় হওয়ার কথা লেখা থাকে তাহা রাখিবেন না ইতি।

[রেজিষ্টরী পত্র।]

৩৮ ধারা। যে স্থলে কোন পত্র কি অন্য পুলিন্দা ডাকঘরে রেজিষ্টরী করা বিহিত বোধ হয় সেই স্থলে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক যে এই আইনানুসারে যে কোন হারে মাসুল দিতে হয় তদতিরিক্ত এমত কোন পত্রের কি পুলিন্দার উপর।০ চারি আনার অধিক না হয় এমত রসুম বসাইবার হুকুম করেন। এবং পত্র ডাকঘরে দেওন সময়ে ঐ রেজিষ্টরী করণের রসুম দেওয়া যাইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

No. 810.

Notification.—The following list of Thannahs through which the Grand Trunk Road passes in Bengal and Behar, with the terminal points of each Magisterial jurisdiction along the same, is published for general information :

Hooghly.

South-eastern terminal point, Ghyretty Ghat ; North-western terminal point, the Village of Borragorree.

This portion of the road passes through Thannahs Singhoor, Hooghly, Bansbariah, Benipore and Pandooah, and is within the jurisdiction of the Magistrate at Hooghly.

Burdwan.

South-eastern terminal point, Chotekund ; North-western terminal point, Fagoopore, near the 78th Milestone.

This portion of the road passes through the Thannahs of Sulleemabad, Gangooreah and Burdwan, and is within the jurisdiction of the Magistrate of Burdwan.

Bood-Bood.

South-eastern terminal point, Fagoopore ; North-western terminal point, Katpookur, near to the 109th Milestone, not far from the Kairasole Bungalow.

This portion of the road passes through the Thannahs of Potenah and Seinpaharee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Bood-Bood.

Munglepore.

South-eastern terminal point, Kairasole ; North western terminal point, Churkoonda drain bridge, about 180 yards West of the Churkoonda Murhella.

This portion of the road passes through the Thannahs of Ookera, Bogra and Neamutpore, and is within the jurisdiction of the Assistant stationed at Babasole, on a hill, a short distance off the road, about a mile Eastward of the Bukhtyanuggur Bungalow, and near the Singara Suspension bridge.

Govindpore.

South-eastern terminal point, Churkoonda drain bridge ; North-western terminal point, Umulkooree, about four miles beyond the Topechanchee Bungalow.

A mark will be put up to define this boundary. This portion of the road passes through the Thannahs of Pandra and Rajahpeetah, and is within the jurisdiction of the Deputy Magistrate of Govindpore, whose residence is at Baghsoma, immediately adjacent to the road.

Burhee.

South-eastern terminal point, Mudhoopore; North-western terminal limit the bridge over the small river Gowearee, about a mile to the West of the Dhunwa Bungalow.

This portion of the road passes through the Thannahs of Bagodhur and Burhee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Burhee.

[*Government Gazette,* 31*st May,* 1853.]

৮১০ নম্বর

বিজ্ঞাপন।—বাঙ্গলা ও বেহার দেশে বড় সদর রাস্তা যেং থানার এলাকা দিয়া যায় তাহার নীচের লিখিত ফর্দ্দ এবং ঐ রাস্তার নানা স্থানে মাজিস্ট্রেটী এলাকার যেং সীমা আছে তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

হুগলী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গরেটীর ঘাট। উত্তর পশ্চিম সীমা বলাগড়ি গ্রাম।

রাস্তার এই অংশ সিঙ্গুর ও হুগলী ও বাঁশবেড়িয়া ও বেণিপুর ও পাণ্ডুয়া থানার এলাকা দিয়া যায় তাহা হুগলীর মাজিস্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বর্দ্ধমান।

দক্ষিণ পূর্ব্ব সীমা চোতখণ্ড। উত্তর পশ্চিম সীমা ৭৮ মাইলের পাতরের নিকট ফাগুপুর।

রাস্তার এই অংশ সলীমাবাদ ও গাঙ্গুড়িয়া ও বর্দ্ধমানের থানার এলাকা দিয়া যায় তাহা বর্দ্ধমানের মাজিস্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বুদবুদ।

দক্ষিণ পূর্ব্ব সীমা ফাগুপুর। উত্তর পশ্চিম সীমা কাটপুকুর তাহা ১০৯ মাইলের পাতরের নিকট কায়রাসোল বাঙ্গলাহইতে দূর নহে।

রাস্তার এই অংশ পতন্যা ও সেনপাহাড়ীর থানার এলাকা দিয়া যায়। তাহা বুদবুদে নিযুক্ত ডেপুটী মাজিস্ট্রেটের এলাকার মধ্যে।

মঙ্গলপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা কায়রাসোল। উত্তর পশ্চিম সীমা চরকুণ্ডা নালার পুল তাহা চরকুণ্ডা মরহেল্লার পশ্চিম দিগে কমবেশ তিন শত ষাইট হাত অন্তর।

রাস্তার এই অংশ উকরা ও বোগুড়া ও ন্যামৎপুর থানার এলাকা দিয়া যায়। যে আসিষ্টাণ্ট সাহেব বাবাসোলে এক পর্ব্বতের উপর নিযুক্ত আছেন তাঁহার এলাকার মধ্যে। সেই পর্ব্বত রাস্তাহইতে দূর নহে বখতিয়ানগরের বাঙ্গলার পূর্ব্ব দিগে আধ ক্রোশান্তর ও সিঙ্গারার ঝুলান পুলের নিকট।

গোবিন্দপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা চরকুণ্ডা নালার পুল। উত্তর পশ্চিম সীমা অমলকুড়া। তাহা তোপচাঞ্চির বাঙ্গলার ওদিগ দুই ক্রোশ অন্তর।

এই সীমা নিরূপণের নিমিত্তে একটা নিশানী দেওয়া যাইবেক। রাস্তার এই অংশ পাঁড়রা ও রাজাপীটা থানার এলাকা দিয়া যায়। তাহা গোবিন্দপুরের ডেপুটী মাজিস্ট্রেটের এলাকার মধ্যে। ঐ ডেপুটী মাজিস্ট্রেট বাগসোমাতে রাস্তার ধারে বাস করেন।

বড়ী।

দক্ষিণ পূর্ব্ব সীমা মধুপুর। উত্তর পশ্চিম সীমা গোইয়ারীনামক যে ছোট নদী ধনওয়ার বাঙ্গলার পশ্চিমে আধ ক্রোশ অন্তর আছে তাহার উপর সাঁকো।

রাস্তার এই অংশ বাগোধর ও বড়ী থানা দিয়া যায়। তাহা বড়ীতে নিযুক্ত ডেপুটী মাজিস্ট্রেটের এলাকার মধ্যে।

Shergotty.

South-eastern terminal limit, the River Goweeree; North-western terminal limit, the River Soane.

This portion of the road passes through the Thannahs of Shergotty and Aurungabad, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Shergotty.

শেরঘাটী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গোইরারী নদী উত্তর পশ্চিম সীমা সোণ নদী।

রাস্তার এই অংশ শেরঘাটী ও আওরঙ্গাবাদ থানার এলাকা দিয়া যায় তাহা শেরঘাটীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

Sasseeram.

South-eastern terminal limit, the River Soane; North-western terminal limit, the River Karumnassa.

This portion of the road passes through the Thannahs of Sassoeram, Bhubhooa and Sawunt, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Sasseeram.

The Murhellas and Station Houses of the Road Police will be white-washed, and over each will be painted in large letters, both in the English and Native languages, its number and the name of the Magisterial jurisdiction to which it belongs.

The Chowkeydars, Burkundazes and Sowars of the Road Police, will wear red Turbans and Kummurbunds, with Badges indicating their number and rank on red Cross belts edged with green. The Jemadars will have a Red Stripe on the right arm.

By Order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,
Secy. to the Govt. of Bengal.

শাসিরাম।

দক্ষিণ পূর্ব্ব সীমা সোণ নদী। উত্তর পশ্চিম সীমা কর্ম্মনাশা নদী।

রাস্তার এই অংশ শাসিরাম ও ভভুয়া ও সাবন্ত থানার এলাকা দিয়া যায় তাহা শাসিরামে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

যে সকল মরহেল্লা ও রাস্তার পোলীসের থানার ঘর আছে তাহা চূণকাম করা হইবেক এবং তাহার উপর থানার নম্বর ও যে মাজিষ্ট্রেটী এলাকার অন্তঃপাতি হয় তাহার নাম ইঙ্গরেজী ও বাঙ্গলা বড়২ হরফে রঙ্গ দিয়া লেখা যাইবেক।

রাস্তার পোলীসের চৌকীদারেরা ও বরকন্দাজেরা ও সওয়ারেরা লাল পাগড়ি ও কোমরবন্দ পরিবেক এবং যে পরতালায় চাপরাস বাঁধা থাকে তাহা লাল ও ধারে২ সবুজ হইবেক এবং চৌকীদারপ্রভৃতির নম্বর ও পদ চাপরাসে খোদা যাইবেক। জমাদারেরদের দক্ষিণ বাহুর উপর লাল রেখাও থাকিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 25th May, 1853.

Baboo Koonjololl Bonnerjee, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, to be Acting Moonsiff of Bograh, retaining charge of his own office, during the absence on leave of Baboo Dwarkanath Roy, or until further orders.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৫ মে।

শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়ের অনুপস্থান অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা আপনার কর্ম্মের ভার রাখিয়া বগুড়ার একটিং মুনসেফ হইবেন।

LEAVES OF ABSENCE.

The 21st May, 1853.

Moulvee Abdoor Rouf, Moonsiff of Zorawurgunge, Zillah Chittagong, for five days, from the 17th instant, on urgent private affairs.

Moulvee Gholam Rubanee, Moonsiff of Sooksagur, Zillah Nuddea, for three days, from the 22d instant, on urgent private affairs.

Moulvee Mahomed Munaim, Moonsiff of Dwarhatta, Zillah Hooghly, for seven days, from the date of delivering over charge of his office, on private affairs.

C. T. BUCKLAND, *Offg. Register.*

ছুটী।

১৮৫৩ সাল ২১ মে।

জিলা চাটিগাঁয়ের জোরাওরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুর রৌফ আপনার অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

13. The Magistrates, Assistants and Deputy Magistrates will warn all the Road Police to be on the alert regarding the passing of bodies of Up-country men along the road, either in numbers or following each other, without much baggage or with only a lotah and clothes; and notice of such is to be forthwith sent to the Assistant or Deputy Magistrate, who will take measures to stop and examine them. Immediately on the occurrence of a Dacoitee or Robbery by a body of Up country men, notice will be sent by dak to all the Magistrates of Districts and Deputy Magistrates on the road to the West of the place where the offence was committed, so that means may be taken by them to watch the bye-roads and the fords on the River Soane leading to Shahabad, and thus the offenders be stopped on their return.*

* The mode of proceeding adopted by the Shahabad and Behar Dacoits is as follows:—They set out from their villages to a place of *rendezvous*, and then go singly, or in small parties, down the road, generally with only lotahs, clothes and a small sum of money amongst them. They supply themselves with lattees which are sold on the road-side, and they either send out spies to see what carts are coming, or they have informants at some of the Chut-

দেখিয়াছিল ও যাহার সঙ্গে দেখা গিয়াছিল ইহা নিশ্চয় জানিতে পোলীসের আমলারা সম্পূর্ণ উদ্যোগ করিবেক

১০। রাস্তার উপর রাহাজানী কি ডাকাইতী হইলে মরহেলার বরকন্দাজ তাহার খবর দিবার জন্যে এক জন চৌকীদারকে অতিনিকট পোলীসের থানায় পাঠাইবেক এবং অন্য চৌকীদারকে অতিনিকট মরহেলায় পাঠাইবেক তাহাতে যাবৎ রাস্তার জমাদারের কর্ণগোচর না হয় তাবৎ মরহেলায় মরহেলায় খবর চালান হইবেক। জমাদার সরেজমীনে গমন করিয়া অপরাধিরদের সন্ধান পাইতে উদ্যোগ করিবেক। কিন্তু থানার পোলীস পঁহুছিলে জমাদার তদ্বিষয়ে যাহা কিছু অবগত হইতে পারিয়াছে তাহা তাহারদিগকে জানাইয়া ঐ তদারকের কার্য্য তাহারদিগকে অর্পণ করিবেক।

১১। রাস্তার উপর কোন অপরাধ ঘটিলে বিশেষতঃ পথিকেরা তাহাতে কোন প্রকারে লিপ্ত হইলে তাহাতে লিপ্ত ব্যক্তিরদের অনাবশ্যকমতে আটক না হয় এই নিমিত্তে ডেপুটী ও আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটেরা অবিলম্বে ঐ বিষয়ের তদারক করিবেন। যদি সেই বিষয়ের বিচার করা তাঁহারদেরই ক্ষমতার মধ্যে হয় তবে তাহা একেবারে নিষ্পত্তি করিবেন। এবং যদি সেই বিষয় উপরিস্থ আদালতে পাঠাওন আবশ্যক হয় তবে তাঁহারা অতিসতর্ক হইবেন যে যাহারদের সাক্ষ্য নিতান্ত অত্যাবশ্যক কেবল তাহারদিগকে যাইতে না দিয়া আটক করিয়া রাখা যায়।

১২। যে পথিকেরা ও অন্য ব্যক্তিরা সওদাগরীর মাল ও আসবাব লইয়া রাত্রি কালে গমন করে তাহারদের সেই সময়ে যাইবাতে যে আপদ ঘটিতে পারে তদ্বিষয়ে জমাদারেরা ও বরকন্দাজেরা ও চৌকীদারেরা তাহারদিগকে সতর্ক করাইবেক। কিন্তু তাহারদিগকে অতিশক্ত নিষেধ করা যাইতেছে যে তাহারা পথিকেরদিগকে কোন বিশেষ স্থানে জোর করিয়া না থামায়। এবং যাহারা তাহারদের নিকট স্থানে থামে তাহারদিগকে রক্ষা করিবেক।

১৩। মাজিষ্ট্রেট ও আসিষ্টাণ্ট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা রাস্তার পোলীসের সকল আমলাকে সতর্ক করিবেন যে উত্তর পশ্চিম দেশীয় বহুতর লোক অনেক আসবাব না লইয়া কিম্বা কেবল লোটা ও কাপড় লইয়া রাস্তা দিয়া এক সঙ্গে কি একের পশ্চাতে অন্য গেলে তাহারদের যাওন বিষয়ে অতিসাবধান থাকে। এবং সেই প্রকার লোকেরদের গমন বিষয়ের এত্তেলা অগোণে আসিষ্টাণ্ট কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেটকে দেওয়া যাইবেক এবং তিনি তাহারদিগকে থামাইয়া তাহারদের বেওরা জিজ্ঞাসা করিবেন। উত্তর পশ্চিম দেশীয় লোকেরদের দলের দ্বারা কোন ডাকাইতী কি বলপূর্ব্বক চৌর্য্য হইবামাত্র যে স্থানে অপরাধ করা গিয়াছে তাহার পশ্চিম দিগের রাস্তার উপর যে জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা আছেন তাঁহারদের সকলকে ডাকের দ্বারা তদ্বিষয়ের এত্তেলা দেওয়া যাইবেক তাহাতে তাঁহারা শাহাবাদে যাইবার পথে যে সকল গুপ্ত পথ আছে ও শোণ নদীর যে স্থান হাঁটিয়া পার হওয়া যায় সেই সকল স্থানে চৌকী রাখিবার উপায় করেন তাহাতে অপরাধিদিগকে ফিরিয়া যাওন সময়ে আটক করা যায়।*

* শাহাবাদের ও বেহারের ডাকাইতেরদের কার্য্য চালাওনের নিয়ম এই। তাহারা আপনারদের গ্রামহইতে বাহির হইয়া জমায়তের কোন স্থানে যায় পরে একং জন করিয়া কি ক্ষুদ্রং দলে কএক জন কেবল লোটা ও কাপড় ও যৎকিঞ্চিৎ টাকা পয়সা লইয়া রাস্তায় চলে। রাস্তার ধারে লাঠি বিক্রয় হয় তাহারা কএক লাঠি কিনিয়া লইয়া বলদগাড়ি আসিতেছে কি না দেখিবার জন্যে চরেরদিগকে পাঠায় কিম্বা কোনং চটিতে তাহারদের গোয়েন্দারা থাকে। তাহারা সুযোগ পাইলে সন্ধ্যার পরে

14. The Magistrates, Assistants and Deputy Magistrates will take every opportunity of warning travellers against allowing strangers to attach themselves to their party, and to avoid eating, drinking, or smoking anything from the hands of persons with whom they have been previously unacquainted. Should the Jemadars observe any persons constantly going up and down the road and attaching themselves to parties, they will communicate the circumstance to their superiors, who will make such inquiries and pass such orders as may be requisite.

১৪। মাজিষ্ট্রেট ও আসিষ্টাণ্ট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেটেরা সুযোগ পাইলেই সর্ব্বদাই পথিকদিগকে সতর্ক করিবেন যে তাহারা অপরিচিত লোকেরদিগকে আপনারদের লোকেরদের সঙ্গে মিলিয়া যাইতে না দেয় এবং যাহারদের সঙ্গে তাহারদের পূর্ব্বে পরিচয় না ছিল এমত লোকেরদের হাতে কিছুই না খায় কি পান না করে কিম্বা কলিকা না খায়। যদি জমাদারেরা দেখিতে পায় যে কোন লোকেরা সর্ব্বদাই রাস্তায় যাওয়া আসা করে ও লোকেরদের সঙ্গে মিলে তবে তাহারা সেই বিষয় আপনারদের উপরিস্থ কার্য্যকারকদিগকে জানাইবেক ও তাঁহারা যে প্রকার তদারক করা ও যে প্রকার হুকুমকরা আবশ্যক হয় সেই প্রকার করিবেন।

15. In cases of emergency, the Jemadars may despatch a Sowar to carry information to the next Station, whence another Sowar shall proceed with the same to his superior; but, as a general rule, the Sowars, Burkundazes and Chowkeydars will be kept to their duties of patrol, protection of lives and property, and prevention of crime on the road.

১৫। অত্যাবশ্যক স্থলে জমাদারেরা অতিনিকটের থানায় সম্বাদ লইয়া যাইবার নিমিত্তে সওয়ারকে পাঠাইতে পারে এবং সেই থানাহইতে আর এক জন সওয়ার আপনার উপরিস্থ কার্য্যকারকের নিকটে সম্বাদ লইয়া যাইবেক। কিন্তু সচরাচর এই বিধান চলন থাকিবেক যে সওয়ারেরা ও বরকন্দাজেরা ও চৌকীদারেরা রাস্তার উপর আপনারদের রোঁদগস্তির কার্য্য এবং ব্যক্তিরদের প্রাণ ও সম্পত্তি রক্ষার ও অপরাধ নিবারণের কার্য্য ভিন্ন অন্য কার্য্যে পাঠান না যায়।

16. Should any of the Jemadars, Sowars or others of the Road Police require temporary leave of absence, from sickness or on private affairs, they may be allowed to place their own nominees as substitutes whilst they are absent; provided that their superior sees no objection, and that such nominee is personally capable of performing the duties.

১৬। যদি কোন জমাদার কি সওয়ার কি রাস্তার পোলীসের অন্য ব্যক্তি রোগপ্রযুক্ত অথবা নিজ কর্ম্মের নিমিত্তে কিঞ্চিৎ কালের ছুটী চাহে তবে তাহারদের গরহাজির থাকন সময়ে তাহারদের নিজ লোককে বদলী হইয়া কর্ম্ম করিবার জন্যে তাহারদের রাখিতে অনুমতি হইতে পারিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে তাহারদের উপরিস্থ কার্য্যকারক সেই বিষয়ে কোন আপত্তি না জানেন এবং সেই বদলী নিজে ঐ কর্ম্ম চালাইতে পারগ হয়।

17. All promotions shall be given as much as possible in the force, so as to give encouragement to the subordinate officers to evince activity, vigilance and efficiency in the performance of their duties.

১৭। উপরিস্থ কোন পদ খালী হইলে সাধ্যমতে ঐ রাস্তার পোলীসের আমলারদের মধ্যের কোন ব্যক্তিকে সেই পদে নিযুক্ত করা যাইবেক তাহাতে কার্য্য নির্ব্বাহ করণে অধীন আমলারদের চালাকী ও সতর্কতা ও কর্ম্মের উপযোগিতা প্রকাশ করিতে আশ্বাস জন্মে।

18. Every man in the force may be transferred from one Station to another at the discretion of the Authorities.

১৮। মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতি কার্য্যকারকেরা আপনারদের বিবেচনামতে পোলীসের এক থানার কোন আমলাকে অন্য থানায় নিযুক্ত করিতে পারেন।

19. For the apprehension of parties who have committed offences on or near the road, or for any other Police business relating to the road or its neigh-

১৯। রাস্তার উপর কি তাহার নিকটে অপরাধিরদের গ্রেফ্তার করণের বিষয়ে, কিম্বা রাস্তার কি তাহার নিকটস্থ কোন স্থানের সম্পর্কে পোলীসের অন্য কোন কার্য্য

---

tees. They commit their Dacoitees early in the evening, if they have opportunity, and immediately after, make off with their plunder to the bed of some River or Nullah in the jungles, in which they bury their booty, easing themselves round and near the spot, so as to prevent persons approaching it. Part of the gang then returns, or may go on to commit another robbery. Those with the booty, after staying near the place for a day, remove it, and proceed by bye-roads through the jungles to their homes, halting during the day on the banks of a stream, in the sands of which they conceal the property. If, therefore, timely notice of a robbery is sent to the Authorities and Districts Westward of the place of occurrence, there will always be some chance of recovering the property and securing part of the gang. The Shahabad Dacoits have not been known to come on the road lower than Gulsee Chuttee.

অধিক রাত্রি না হইতে২ ডাকাইতী করিয়া তৎক্ষণে আপনারদের লুঠের মাল জঙ্গলের মধ্যে লইয়া কোন নদীর কি নালার গাবাতে পুতিয়া রাখে এবং লোকেরা সেই লুকাইবার স্থানের নিকটে না যায় এনিমিত্তে তাহার নিকটে ও চারি দিগে ঝাড়া ফিরে। পরে ঐ দলের কএক জন ফিরিয়া যায় কিম্বা অন্য কোন ডাকাইতী করিতে চলে। যাহারা লুঠের মালের সঙ্গে থাকে তাহারা ঐ স্থানের নিকটে এক দিন থাকিয়া তাহা তোলে এবং জঙ্গলের মধ্যে গুপ্ত পথ দিয়া আপনারদের ঘরের দিগে যায় কিন্তু দিনমানে কোন জলস্রোতের তীরে থাকিয়া বালিতে ঐ মাল পুতিয়া রাখে। অতএব যে স্থানে ডাকাইতী হয় সেই স্থানের পশ্চিম দিগে নিযুক্ত কার্য্যকারকদিগকে ও নানা জিলাতে ঐ ডাকাইতীর সম্বাদ সময়মতে পাঠান গেলে চোরা জিনিস ফিরিয়া পাইবার এবং ডাকাইতীর দলের কোন লোকদিগকে ধরিবার সর্ব্বদাই সম্ভাবনা থাকে। শাহাবাদের ডাকাইতেরা গলসী চটির পূর্ব্ব দিগে রাস্তার উপর কখনও আইসে এমত জানা যায় নাই।

[*Government Gazette*, 21*st June*, 1853.]

bourhood, the Road Police have concurrent authority with the Police of the Districts on either side.

W. DAMPIER,
Supt. Police, L. P.

No. 810.

Notification.—The following list of Thannahs through which the Grand Trunk Road passes in Bengal and Behar, with the terminal points of each Magisterial jurisdiction along the same, is published for general information:

Hooghly.

South-eastern terminal point, Ghyretty Ghat; North-western terminal point, the Village of Borragorree.

This portion of the road passes through Thannahs Singhoor, Hooghly, Bansbariah, Benipore and Pandooah, and is within the jurisdiction of the Magistrate at Hooghly.

Burdwan.

South-eastern terminal point, Chotekund; North-western terminal point, Fagoopore, near the 78th Milestone.

This portion of the road passes through the Thannahs of Sulleemabad, Gangooreah and Burdwan and is within the jurisdiction of the Magistrate of Burdwan.

Bood-Bood.

South-eastern terminal point, Fagoopore; North-western terminal point, Katpookur, near to the 109th Milestone, not far from the Kairasole Bungalow.

This portion of the road passes through the Thannahs of Potenah and Seinpaharee, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Bood-Bood.

Munglepore.

South-eastern terminal point, Kairasole; North-western terminal point, Churkoonda drain bridge, about 180 yards West of the Churkoonda Murhella.

This portion of the road passes through the Thannahs of Ookera, Bogra and Neamutpore, and is within the jurisdiction of the Assistant stationed at Babasole, on a hill, a short distance off the road, about a mile Eastward of the Bukhtyanuggur Bungalow, and near the Singara Suspension bridge.

Govindpore.

South-eastern terminal point, Churkoonda drain bridge; North-western terminal point, Umulkooree, about four miles beyond the Topechanchee Bungalow.

A mark will be put up to define this boundary. This portion of the road passes through the Thannahs of Pandra and Rajahpeetah, and is within the jurisdiction of the Deputy Magistrate of Govindpore, whose residence is at Baghsoma, immediately adjacent to the road.

Burhee.

South-eastern terminal point, Mudhoopore; North-western terminal limit, the bridge over the small

নির্ব্বাহ করণের বিষয়ে, উভয় পার্শ্বের জিলার পোলীসের যে ক্ষমতা আছে রাস্তার পোলীসের সেই ক্ষমতা থাকিবেক।

ডবলিউ ডাম্পিয়র।
বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

---

৮১০ নম্বর।

বিজ্ঞাপন।—বাঙ্গলা ও বেহার দেশে বড় সদর রাস্তা যেং থানার এলাকা দিয়া যায় তাহার নীচের লিখিত ফর্দ্দ এবং ঐ রাস্তার নানা স্থানে মাজিষ্ট্রেটী এলাকার যেং সীমা আছে তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

হুগলী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গরেটীর ঘাট। উত্তর পশ্চিম সীমা বলাগড়ি গ্রাম।

রাস্তার এই অংশ সিঙ্গুর ও হুগলী ও বাঁশবেড়িয়া ও বেণিপুর ও পাণ্ডুয়া থানার এলাকা দিয়া যায় তাহা হুগলীর মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বর্দ্ধমান।

দক্ষিণ পূর্ব্ব সীমা চোতখণ্ড। উত্তর পশ্চিম সীমা ৭৮ মাইলের পাতরের নিকট ফাগুপুর।

রাস্তার এই অংশ সলীমাবাদ ও গাঙ্গুড়িয়া ও বর্দ্ধমানের থানার এলাকা দিয়া যায় তাহা বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে।

বুদবুদ।

দক্ষিণ পূর্ব্ব সীমা ফাগুপুর। উত্তর পশ্চিম সীমা কাটপুকুর তাহা ১০৯ মাইলের পাতরের নিকট কায়রাসোল বাঙ্গলাহইতে দূর নহে।

রাস্তার এই অংশ পতনা ও সেনপাহাড়ীর থানার এলাকা দিয়া যায়। তাহা বুদবুদে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

মঙ্গলপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা কায়রাসোল। উত্তর পশ্চিম সীমা চরকুণ্ডা নালার পুল তাহা চরকুণ্ডা মরহেল্লার পশ্চিম দিগে কমবেশ তিন শত যাইট হাত অন্তর।

রাস্তার এই অংশ উকরা ও বোগুড়া ও ন্যামৎপুর থানার এলাকা দিয়া যায়। যে আসিষ্টাণ্ট সাহেব বাবাসোলে এক পর্ব্বতের উপর নিযুক্ত আছেন তাঁহার এলাকার মধ্যে। সেই পর্ব্বত রাস্তাহইতে দূর নহে বখতিয়ানগরের বাঙ্গলার পূর্ব্ব দিগে আধ ক্রোশান্তর ও সিঙ্গারার ঝুলান পুলের নিকট।

গোবিন্দপুর।

দক্ষিণ পূর্ব্ব সীমা চরকুণ্ডা নালার পুল। উত্তর পশ্চিম সীমা অমলকুড়ী। তাহা তোপছাঞ্চির বাঙ্গলার ওদিগ দুই ক্রোশ অন্তর।

এই সীমা নিরূপণের নিমিত্তে একটা নিশানী দেওয়া যাইবেক। রাস্তার এই অংশ পাঁড়রা ও রাজাপীটা থানার এলাকা দিয়া যায়। তাহা গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে। ঐ ডেপুটী মাজিষ্ট্রেট বাগসোমাতে রাস্তার ধারে বাস করেন।

বড়ী।

দক্ষিণ পূর্ব্ব সীমা মধুপুর। উত্তর পশ্চিম সীমা গৌই-

river Gowearee, about a mile to the West of the Dhunwa Bungalow.

This portion of the road passes through the Thannahs of Bagodhur and Burheo, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Burhee.

Shergotty.

South-eastern terminal limit, the River Gowearee ; North-western terminal limit, the River Soane.

This portion of the road passes through the Thannahs of Shergotty and Aurungabad, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Shergotty.

Sasseeram.

South-eastern terminal limit, the River Soane , North-western terminal limit, the River Karumnassa.

This portion of the road passes through the Thannahs of Sasseeram, Bhubhooa and Sawunt, and is within the jurisdiction of the Deputy Magistrate stationed at Sasseeram.

The Murhellas and Station Houses of the Road Police will be white-washed, and over each will be painted in large letters, both in the English and Native languages, its number and the name of the Magisterial jurisdiction to which it belongs.

The Chowkeydars, Burkundazes and Sowars of the Road Police, will wear red Turbans and Kummurbunds, with Badges indicating their number and rank on red Cross belts edged with green. The Jemadars will have a Red Stripe on the right arm.

By Order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,
Secy. to the Govt. of Bengal.

য়ারীনামক যে ছোট্ট নদী ধনওয়ার বাঙ্গলার পশ্চিমে আধ ক্রোশ অন্তর আছে তাহার উপর সাঁকো।

রাস্তার এই অংশ বাগোধর ও বড়ী থানা দিয়া যায়। তাহা বড়ীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

শেরঘাটী।

দক্ষিণ পূর্ব্ব সীমা গোঁইয়ারী নদী উত্তর পশ্চিম সীমা সোণ নদী।

রাস্তার এই অংশ শেরঘাটী ও আওরঙ্গাবাদ থানার এলাকা দিয়া যায় তাহা শেরঘাটীতে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

শাসিরাম।

দক্ষিণ পূর্ব্ব সীমা সোণ নদী। উত্তর পশ্চিম সীমা কর্ম্মনাশা নদী।

রাস্তার এই অংশ শাসিরাম ও ভভূয়া ও সাবন্ত থানার এলাকা দিয়া যায় তাহা শাসিরামে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে।

যে সকল মরহেল্লা ও রাস্তার পোলীসের থানার ঘর আছে তাহা চূণকাম করা হইবেক এবং তাহার উপর থানার নম্বর ও যে মাজিষ্ট্রেটী এলাকার অন্তঃপাতি হয় তাহার নাম ইঙ্গরেজী ও বাঙ্গলা বড় হরফে রঙ্গ দিয়া লেখা যাইবেক।

রাস্তার পোলীসের চৌকীদারেরা ও বরকন্দাজেরা ও সওয়ারেরা লাল পাগড়ি ও কোমরবন্দ পরিবেক এবং যে পরতালায় চাপরাস বাঁধা থাকে তাহা লাল ও ধারেং সবুজ হইবেক এবং চৌকীদারপ্রভৃতির নম্বর ও পদ চাপরাসে খোদা যাইবেক। জমাদারেরদের দক্ষিণ বাহুর উপর লাল রেখাও থাকিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 13th June, 1853.

LEAVE OF ABSENCE.

Mun Mohun Baboo, Moonsiff of Khundghose, East Burdwan, for the 12th instant.

C. T. BUCKLAND, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১৩ জুন।

পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত মনমোহন বাবু বর্ত্তমান মাসের ১২ তারিখের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১ জুন।

নিম্নে লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরদের নামের পার্শ্বে যেং জিলা লিখিত আছে সেইং জিলায় তাঁহারা জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) ... ... কটক।

শ্রীযুত টি পি লারকিন্স সাহেব (Mr. T. P. Larkins,)... ... ... ছিলট।

„ সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) ... ... ময়মনসিংহ।

„ টি ই রেবনসা সাহেব (Mr. T. E. Ravenshaw,) ... ... মুঙ্গের।

„ ডবলিউ এফ মাকডনেল সাহেব (Mr. W. F. McDonell,) ... সারণ।

„ ই ডবলিউ মলোনি সাহেব (Mr. E. W. Molony,) ... ... ত্রিপুরা।

„ জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) রাজস্বসম্পর্কীয় জরিপের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের এলাকায় যেং জিলা আছে তাহাতে।

শ্রীযুত এ আর টামসন সাহেব (Mr. A. R. Thompson,) রাজস্বসম্পর্কীয় রিপোর্ট চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকায় যেং জিলা আছে তাহাতে।

নিম্নে লিখিত আসিষ্টান্ট সাহেবেরদের নামের পার্শ্বে যেং জিলা লিখিত আছে তাহাতে তাঁহারা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ২ প্রকরণ এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) ... ... ফরিদপুর।
" এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) ... .. পুরী।
" জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) চব্বিশপরগনে।
" উবলিউ সি স্পেন্সর সাহেব (Mr. W. C. Spencer,) ... বীরভুম।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০০১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২০ মে।

শ্রীযুত সি ষ্টিয়র সাহেব ও শ্রীযুত এফ ই রীড সাহেব (Mr. C. Steer, and Mr. F. E Read,) ও শ্রীযুত তজনউল আলী বাকরগঞ্জে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ২৭ মে।

শ্রীযুত বাবু দেবধর শর্ম্মা বরদলৈ গৌহাটির প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু ব্রজনাথ রায় নওগাঁয়ের সদর আমীন হইবেন।

১৮৫৩ সাল ১ জুন।

শ্রীযুত ডাক্তর সি মর্চিসন সাহেব (Dr C Murchison,) মেডিকাল কালেজে কিমিয়া বিদ্যার অধ্যাপকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৮ জুন।

বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত জে গোয়ান সাহেব (Reverend J. Gawen,) কলিকাতার লার্ড বিশপ সাহেবের স্থানে যে এক মাসের ছুটী পাইয়াছিলেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৮ জুন।

শ্রীযুত পাদরি এম আর বর্জ সাহেব (Reverend M. R. Burge,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের আসিষ্টাণ্ট ধর্ম্মোপদেশকের পদে নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৩ তারিখে "টৈনমৌথ কাষ্টল" নামক জাহাজে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এবং সরকারী যে সকল কার্য্যকারক গবর্ণমেণ্টের ষ্টেসনরি আফিসে কাগজকলমাদি চাহিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন তাহারদের উপদেশের নিমিত্তে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেব নিম্নের লিখিত বিধান জারী করিয়াছেন এবং ১৮৫১ সালের ফেব্রুআরি মাসের ২২ তারিখের কলিকাতা গেজেটের ক্রোড়পত্রে যেং বিধান প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

২৯ A বিধান। কোন দপ্তরখানায় কি সিরিশতার যে কাগজ কলমাদির নিমিত্তে পূর্ব্বে মাসিক নির্দিষ্ট টাকা দেওয়া যাইত কিন্তু এইক্ষণে ২৯ নম্বরী বিধানক্রমে তাহার খরচ বাজেখরচের মধ্যে লেখা যায় সেই কাগজ কলমাদির খরচ যখন কোন বিশেষ মাসে উক্ত নির্দিষ্ট টাকার অধিক হয় তখন ঐ বিল ষ্টেসেনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে অর্পণ হইবার পূর্ব্বে যে দপ্তরখানায় ঐ অধিক খরচ হইয়াছে সেই দপ্তরখানার বাজে খরচ মঞ্জুর করিবার ক্ষমতা যে কার্য্যকারকের আছে তাঁহার ঐ বিল মিলাইতে ও আডসহী করিতে হইবেক। যে কার্য্যকারক ঐ হিসাব মিলান তাঁহার হুবোধমতে যদি কোন গতিকে উক্ত অধিক খরচ আবশ্যক না হয় তবে তাহা নামঞ্জুর করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১০৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৩ জুন।

বরিসালের সদর আমীন শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন উক্ত জিলার প্রধান সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৬ জুন।

শ্রীযুত সায়দ লুৎফ আলী খাঁ ও শ্রীযুত মোলবী অহমদ উল্লা পাটনার সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ৭ জুন।

শ্রীযুত সাহেবজাদা মহম্মদ কাইকোবাদ বসাপাগলার পাঠশালার তত্ত্বাবধারক কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ৯ জুন।

শ্রীযুত পাদরি এম আর বর্জ সাহেব (Reverend M. R Burge,) দানাপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

রাজস্বের কমিস্যনর যাঁহারা যে সময়ে হন তাঁহারা স্বীয় পদোপলক্ষে আপনং এলাকার মধ্যে সাধারণ বিদ্যাধ্যাপনের সমস্ত লোকেল কমিটির মেম্বরী পদে ইহার দ্বারা নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ৬ জুন।

চৈবাসীর সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু গিরিশচন্দ্র পালিত স্বীয় কর্ম্মোপলক্ষে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন।

সিউড়ির সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৭ জুন।

বালেশ্বরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr. E E Woodcock,) গত আপ্রিল মাসের ৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

LAND ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুঙ্গের।

সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইন ধারানুসারে জেলা মুঙ্গেরে নীচের লিখিত মহাল মাহ জুন মাসের ৭ তারিখপর্য্যন্ত পাওনা বাকী মালগুজারি নিমিত্ত এবং অন্যান্য চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করণের যে হুকুম আছে তাহার নিমিত্ত সন ১৮৫৩ সালের জুলাই মাসের ৪ তারিখে মতাবেক ৭ আষাঢ় সন ১২৬০ ফসলি মুঙ্গেরের কালেক্টর সাহেবের কাছারিতে দিনা ওক্তরে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক·	সদর জমা	বাকী তারিখ ৩১ মে সন ১৮৫৩ সাল	কৈফিয়ৎ
		৪৬৫	মৌজে মুলতানপুর ধনাই পরগনা মুঙ্গের ...	গণেশ দত্ত	৫৫৷৷৫	২৸০	
		৫২০	অরাজি রসীদপুর বসমন পরগনা মুঙ্গের ...	সেখ শম্ভু এবং হাজি আহাম্মেদ	১১।০	৯৷৷৵০	
		৩১১১	অরাজি আয়মা তাতারপুর পরগনা মালদহ ...	সেখ হেচন ও সেখ ফজল হুসেন ওগয়রহ ...	১৪৷৷১১	৭।৶৬	
		১৭৫১	অরাজি ইনবেলিড জায়গীর রমজান আলী সিপাই অন্তঃপাতি থানা জাফরা পরগনা ফরকিয়া	মোসম্মাত মুননা	২/৮	২/৮	
১	ইস্তমুরারি ভূমি ধার্য্যহওয়া মহাল	১৭৫৬	অরাজি ইনবেলিড জায়গীর মহিআর খাঁ সিপাই অন্তঃপাতি থানা জাফরা পরগনা ফরকিয়া	ঐ	১।/৪	১।/৪	
		২৩০৯	মৌজে বেওরান পরগনা অমরিথু	মেদিনীপ্রসাদ ওগয়রহ	২১১৬৸৫	১৬৫৷৷০	
		২৪৫৩	অরাজি ইনবেলিড জায়গীর মনিয়ার সিংহ নায়েক অন্তঃপাতি থানা রাটন পরগনা ফরকিয়া	লছমীনারায়ন	১৬৷৷৵৮	১৬৷৷৵৮	
		২৯৫০	অরাজি ইনবেলিড জায়গীর পীরবক্স হাবেলদার অন্তঃপাতি থানা সরসা পরগনা উত্তর খণ্ড	মোসম্মাত আমিরন ও এতবারি	১১৴০৲	১১৴০৲	
		৩১১৩	চক ভাগি পরগনা মুঙ্গের	ত্রিভঙ্গীনাথ উপাধ্যায় ও মোহন লাল উপাধ্যায় ওগয়রহ	৩৮।৶৬	২৩৷৷৵৩	

মুঙ্গের কাছারি কালেক্টরি তারিখ ১৩ জুন ১৮৫৩ সাল।

HAMILTON FERGUSSON, *Collector.*

জিলা পুরুষোত্তম।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সালের আপ্রিল মাহার ২৮ তারিখের ৩৭৮ গবর্ণমেণ্টের আজ্ঞানুসারে নিম্নের লিখিত জমাহীন নাওয়ারিসী বসতভূমি পুরুষোত্তম ক্ষেত্র অন্তঃপাতি কুণ্ডাইবেণ্ট সাই তৌজীভ সরকারের হকিয়ৎ ৭০৯ নং জরিব কাগজ প্রমাণ সন ১৮৫৩ সালের জুলাই মাহার ১৫ তারিখ মোতাবক সন ১২৬০ আমলী শ্রাবণ মাহার ২ তারিখ শুক্রবার দিবস বেলা বারো ঘটিকার সময় কিস্মত জনুবী জেলা কটক পুরী মোকামের কালেক্টর সাহেবের কাছারিতে নীলাম হইবেক।

নাম পরগনা	নাম মৌজা	তৈয়ন ভূমি	কৈফিয়ৎ।
পুরী	কুণ্ডাই বেণ্টসাই	১ গুণ্ঠ ১৪ বিসুৎ, ৩ তিনকানি	তিনবখরা মায় পাথরের কূপ ও পাথরের ধাপ।

তারিখ ৮ জুন সন ১৮৫৩ সাল।

E DRUMMOND, *Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ২১ জুন]

এতলানামা কাছারি কালেক্টরি মধ্যমপ্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহাল সকল লাগাএত কিস্তী মাহ জানুআরি সন ১৮৫৩ সাল বাকী আদায় কারণ সন ১৮৫৩ সাল জুন মাহার ২৯ তারিখ মোতাবক সন ১২৬০ সাল আষাঢ় মাহার ১৮ তারিখ বুধবার দিবসে এই জেলার কালেক্টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক ২ তারিখ মাহ জুন সন ১৮৫৩ সাল।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজী লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫৩ সাল জানুআরি মাহার লাগাএত কিস্তী বাকী পাওনা টাকা	মন্তব্য কথা।
নং ২	মিয়াদী বন্দোবস্ত	নং ২৪	কিসমত তালুকে সুন্দরপুর পঃ জাজপুর	চৌধুরী সুদর্শন মাহাপাত্র … … …	মঃ ৬৮৯৸৵৭৸	মঃ ৩৪৪৷৵৯।	এ মাহাল দরোবস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ কানুন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ৩০	তালুকে খড়সিংহা পঃ জাজপুর	চৌধুরী শ্যামসুন্দর খাডঙ্গা মাহাপাত্র ও চৌধুরী শ্রীপতি বাউনপতি মাহাপাতর ও ত্রিলোচন মাহাপাতর ও নন্দকিশোর রায় মাহাপাতর ও চৌধুরী সুদর্শন মাহাপাতর ও ব্রজকিশোর রায় মাহাপাতর নাবালগ মাতা ও মাহাফেজ সুনাদেই চৌধুরাণী ও অঙ্কুরপানি ও অভিরাম পানি ও দধিবাবন পৃষ্ঠী ও জয়জয়ে মাহাপাতর নাবালগ মাহাফেজ ও মাতা সুনাদেই ও রঘুনাথ সেনাপতি ও লম্বোদরপাণ্ডা ও অঙ্কুর পাণ্ডা ও শিবমিশ্র ও নিশাকর মাহাপাতর নাবালগ মাহাফেজ চৌধুরাণী সুনাদেই ও গোপীনাথ পানি ও উদ্ধব পানি ও শ্রীরাম পানি আশালতন ও চৌধুরী সাধুচরণ পৃষ্ঠী ও চৌধুরী বৈরোগী পৃষ্ঠী নাবালগান মাতা ও মাহাফেজ চারতুনাদেই ও উদেকর	মঃ ১১৪১৷৵৪৷৷	মঃ ২০২৸৵৩৸	এ মাহাল সন ১৮১৪ সালের ১৯ আইনানুসারে বাঁটওয়ারার দায়ের থাকা এবং কিঃ ৷৵১৮৷৷ বাকীদার রঘুনাথ সেনাপতি ও লম্বোদর পাণ্ডা ও অঙ্কুর পাণ্ডা ও চৌধুরী সুদর্শন মাহাপাতর সরিকদার সকল আপন২ হিস্যা বাকী টাকা আদায় করাতে তাহাদিগের হিস্যা সন ১৮৩৯ সালের জুন মাহার ৫ তারিখ লিখিত ১১ নম্বর সদর বোর্ড সরক্যুলিয়র চিঠি মুতাবক জের বাঁটওয়ারা সুরত লাট বন্দিহইতে খারজ দেওয়া গিয়া বাকী কোঃ ৷৷১৷৷ সরিকদার চৌধুরী শ্যামসুন্দর খাডঙ্গা মাহাপাতর ও চৌধুরী শ্রীপতি বাউনপতি মাহাপাতর ও ত্রিলোচন মাহাপাতর ও নন্দকিশোর রায় মাহাপাতর নাবালগ মাতা ও মাহাফেজ সুনাদেই চৌধুরাণী ও অঙ্কুর পানি ও অভিরাম পানি ও

[Government Gazette, 21st June, 1853.]

				মাহাপাত্র নাবালগ মাতা ও মাহাফেজ চৌধুরাণী সুনাদেই ও বিপ্রচরণ দাস ও চৌধুরাণী হেমদেই			দধিবাবন পৃষ্ঠী ও জয়জয় মাহাপাতর নাবালগ মাহাফেজ ও মাতা সুনাদেই ও শিবমিশ্র ও নিশাকর মাহাপাতর না-বালগ মাহাফেজ চৌধুরাণী সুনাদেই ও গোপীনাথ পানি ও উদ্ধব পানি ও শ্রীরাম পানি আশালতন ও চৌধুরী সাধুচরণ পৃষ্ঠী ও চৌধুরী বৈরাগী পৃষ্ঠী নাবালগান মাতা ও মাহাফেজ চারভুলাদেই ও উদেকর মাহাপতর নাবালগ মাতা মাহাফেজ চৌধুরাণী সুনাদেই ও বিপ্রচরণ দাস ও চৌধুরাণী হেমদেই বাকিদার সকল আপনং হিস্যা বাকী দাখিল না করাতে তাহাদিগের হিস্যা নীলাম হইবেক এবং এ মাহাল ৭ আইন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ১৪১	খরিদগী মৌজে গঙ্গাধরপুর পঃ জাজপুর	বিশ্বম্বর পাণ্ডা ও অনাদি পাণ্ডা	মঃ ৭০॥/৪	মঃ ৮॥০	এ মাহাল দরোবস্ত নীলাম হইবেক এবং এ মাহাল ৭ সাত আইন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ৩৭৪	তালুকে মাণ্ডিয়া পঃ সুখনই	শএদ গোলামরসুল	মঃ ৭৪২/২	মঃ ২৬৯।৮২	ঐ
নং ২	ঐ	নং ৫৮৫	কোঃ পটনে আবদুলাবাদ পটনে বেস্কি ও হনুপুর পঃ অমুরেশ্বর	সুদামশাহু	মঃ ১১২৮২॥	মঃ ৫৬৲	ঐ
নং ২	ঐ	নং ৭৬৪	খরিদগী মৌজে শাহুপাড়া ওগেরহ পঃ কালামাটীয়া	হরিকর ও পুরিকর ও প্রমুকর ও দেবেন্দ্রকর ও মাহারাজে পদ্মনাভ দেও	মঃ ২৬৫৸৴৪	মঃ ১৩২॥০	ঐ
নং ২	ঐ	নং ৮১৯	কিসমত মৌজে আরডি পঃ কিসমত কায়েমা	নীলাদ্রিশম্বর সিংহ ও বাহানি শাহু ও ভোলাই বিশওয়াল ও পানু মাহাপাত্র ও সুনাতন বিষওয়াল ও রাঘবহরিচন্দন ও চৌধুরী গজেন্দ্র মাহাপাত্র	মঃ ১০২।১	মঃ ১৬॥৩	ঐ
নং ২	ঐ	নং ৮২৫	মৌজে কুলাইপদা পঃ কিসমত কায়েমা	যুগল মাহাপাত্র ও বৈষ্ণবচরণ বিদ্যাধর ও রামকৃষ্ণ মাহাপাত্র ও নারায়ণ বিষওয়াল ও শিববিষওয়াল ও পানু বিষওয়াল ও কাহাই বিষওয়াল ও ভিকারি বিশওয়াল	মঃ ২৫৪৸৴৪	মঃ ১২৭৲	ঐ
নং ২	ঐ	নং ৮৫৭	তালুকে বিনোতরা পঃ কায়েমা	[illegible]	মঃ ২৬৫।৮২॥	মঃ ১৩২।০	ঐ

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২১ জুন।]

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজী লিখিত মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫৩ সাল জানুআরি মাহার লাগাএত কিস্তী বাকী পাওনা টাকা	মন্তব্য কথা।
নং ২	মিয়াদী বন্দোবস্ত।	নং ৮৫৮	তালুকে বড়ুক পঃ কায়েমা	আনন্দচন্দ্র বসু ও বিচিত্রানন্দ বিদ্যাধর ও কমললোচন রায় ও বৈরাগিচরণ বলবন্তরা ও দুর্গাচরণ জোগীন্দ্র ও কামপাল গজেন্দ্র ও বিপ্রচরণ বাহবনিন্দ্র ও বলভদ্র শ্রীবন্তরা নাবালগ্‌ মাহাফেজ অভয়চরণ পাটনায়েক ও চৌধুরী দামোদর মাহাপাত্র।	মঃ ৯৩২৶১০॥	মঃ ১৩২৲	এ মাহাল সন ১৮১৪ সালের ১৯ আইনানুসারে বাঁটওয়ারায় দায়ের থাকা এবং কিং ।৫ গণ্ডার বাকীদার বিচিত্রানন্দ বিদ্যাধর ও বৈরাগিচরণ বলবন্তরা ও দুর্গাচরণ যোগীন্দ্র ও কামপাল গজেন্দ্র ও বিপ্রচরণ বাহবনিন্দ্র ও বলভদ্র শ্রীবন্তরা নাবালগ মাহাফেজ অভেচরণ পাটনায়েক শরিকদার সকল আপন২ হিসা বাকী টাকা আদায় করাতে তাহারদিগের হিসা সন ১৮৩১ সালের জুন মাহার ৫ তারিখ লিখিত ১১ নম্বর সদর বোর্ড সরকুলর চিঠি মোতাবক জের বাঁটওয়ারা সুরত লাটবন্দিহইতে খারজ দেওয়া গিয়া বাকী কিঃ ॥৴১৫ গণ্ডা সরিকদার আনন্দচন্দ্র বসু ও কমললোচন রায় ও চৌধুরী দামোদর মাহাপাত্র বাকীদার সকল আপন২ হিসা বাকী দাখিল না করাতে তাহারদিগের হিসা নীলাম হইবেক এবং এমাহাল ৭ আইন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ৮১৬ ও ৯০৫	তালুকে বালিগাঁ ও নাগপুর পং কায়েমা	দেওয়ান জয়কৃষ্ণ মাহাপাশায়েত ও চৌধুরী গজেন্দ্র মাহাপাত্র ও মুসমাত সুলোচনা দেই।	মঃ ৯৫২॥৴	মঃ ১৫৮॥৶৮	এ মাহাল উপর লিখিত আইনানুসারে বাঁটওয়ারায় দায়ের থাকা এবং কিঃ ॥৶১৩।১ ক্রান্তের বাকীদার দেওয়ান জয়কৃষ্ণ মাহাপাশায়েত ও চৌধুরী গজেন্দ্র মাহাপাত্র শরিকদার শকল আপন২ হিসা বাকী আদায় করাতে তাহারদিগের হিসা উপর উক্ত চিঠি মোতাবক জের বাঁটওয়ারা সুরত লাটবন্দিহইতে খারজ দেওয়া গিয়ে বাকী কিঃ ৴৬॥২ ক্রান্ত সরিকদার মুসমাত সুলোচনা দেই বাকীদার আপন হিসা বাকী দাখিল না করাতে তাহার হিসা নীলাম হইবেক এবং এমাহাল উপর লিত আইনানুসার বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ১০৩২	তালুকে রফীকপুর পঃ সাহেব নগর	আনাদী পাটনায়েক ও রঘুনাথ মাইতি।	মঃ ১৫২৴২॥	মঃ ৭৫৯৶১১॥	এ মাহাল দরোবস্ত নীলাম হইবেক এবং মাহাল ৭ আইন সন ১৮২২ সালানুসারে সন ১২৭৪ সালপর্য্যন্ত বন্দোবস্ত আমলে আসিয়াছে ইতি।
নং ২	ঐ	নং ১৪৮৪	কিসমত মৌজে পহলো পঃ দেওগাঁ	উদ্ধব মাহাপাত্র ও বিম্বাধর মাহাপাত্র ও চন্দ্রা দেই।	মঃ ১১৬॥৶	মঃ ৫৮৲	ঐ

R. P. Harrison, *Offg. Collector.*

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the Petition of PULTENY MALCOLM CARBERY, of Cassia Bagaun, in the Twenty-four Pergunnahs, Commander in the Inland Steam Service, adjudged entitled on Saturday, the fourth day of November, One Thousand Eight Hundred and Forty-eight to the benefit of the Act of the Ninth George the Fourth, Chapter Seventy-three, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies.

NOTICE is hereby given, that by an order made in this matter on and bearing date the 4th day of June instant, it is ordered that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, (that is to say,) Mr. Peter Palmer, Mr. R. Aubrey, Mr. P. R. Crump, Baboo Dwarkanauth Dutt, Messrs. Shaw Brothers, Mr. Williams, Messrs. G. F. Wilkie and Co., Messrs. Wallis and Co., Baboo Bulloram Biswass, Mrs. Anderson, Messrs. D. Wilson and Co., Assignee of the Estate and Effects of Messrs. Tulloh and Co., John Hughes's Estate, Messrs. F. W. Browne and Co., Mr. Arson, Mr. E. Budd, Baboo Rajkissore Mullick, T. Goldsworthy, Esq., Messrs. David and Co., Mr. P. Neuville, Messrs. Lattey Brothers, Mesdames Stacy and Co., Baboo Gungaram Mullick, Mr. Gould, Mrs. Love, Mr. T. Perry, Messrs. J. and C. Cameron and Co., Messrs. Dwarkanauth Doss and Co., Mrs. Weston, Baboo Gungaram, Mrs. Carbery, Messrs. Smith and Stanistreet, Mrs. Maria Alexander, Bungyee, Chinaman; Messrs. Hunter and Co., Messrs. Jones, Allan and Co., Messrs. Eastman, Messrs. R. Scott Thompson and Co., Messrs. Cook and Co., Charles George Strettell, Esq., Ramrutton Shaw. P. S. De Rozario, J. P. Rosewell, H. and G. Cook, and Messrs. W. Thacker and Co., unless cause be shewn to the contrary on Saturday, the second day of July next.

WIGHT and ORR, *Attornies for the said Insolvent.*

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

নদীতে গমনাগমনকারি বাষ্পীয় জাহাজের অধ্যক্ষ, চব্বিশপরগনার কাশিয়া বাগাননিবাসি শ্রী পল্টনী মালকম কারবরি সাহেব ভারতবর্ষে যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আইননামক চতুর্থ জর্জ রাজার নবম বর্ষের তেহাত্তর অধ্যায়ের আইনঅনুসারে উপকার পাইবার যোগ্য এইরূপ ১৮৪৮ সালের ৪ নবেম্বর তারিখ শনিবারে অবধারিত হইয়াছিল। সেই সাহেবের দরখাস্তের বিষয়ে

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ বিষয়ে বর্ত্তমান জুন মাসের ৪ তারিখে হুকুম হইয়াছিল যে আগামি জুলাই মাসের ২ তারিখ শনিবারে বিপরীত কারণ দর্শান না গেলে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যে সকল কর্জ্জ ধারেন তাহার ও তাহার বিষয়ে তিনি সমস্ত দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হন। বিশেষতঃ পিটর পামর সাহেব, আর অব্রি সাহেব, পি আর ক্রম্প সাহেব, বাবু দ্বারকানাথ দত্ত, শাব্রাদর, উলিয়ম্স সাহেব, জি এফ উইলকি কোম্পানি, ওয়ালিস কোম্পানি, বাবু বলরাম বিশ্বাস, বিবি আণ্ডরসন, ডি উইলসন কোম্পানি, টলা কোম্পানির ইষ্টেট ও সম্পত্তির আসৈনি, জান হিউস সাহেবের ইষ্টেট, এফ ডবলিউ ব্রোন কোম্পানি, আরসন সাহেব, ই বড সাহেব, বাবু রাজকিশোর মল্লিক, টি গোল্ডসওর্থি সাহেব, ডেবিড কোম্পানি, পি নিউবিল সাহেব, লাটিব্রাদর, মাদাম ষ্টেসি কোম্পানি, বাবু গঙ্গারাম মল্লিক, গুল্ড সাহেব, বিবি লব, টি পেরি সাহেব, জে এবং সি কামিরন কোম্পানি, শ্রী দ্বারকানাথ দাস কোম্পানি, বিবি ওএষ্টন, বাবু গঙ্গারাম, বিবি কারবরি, স্মিথ ও ষ্টানিষ্ট্রিট সাহেব, বিবি মারাইয়া আলেকজাণ্ডর, বঙ্গৈস চিনা, হণ্টর কোম্পানি, জোন্স আলেন কোম্পানি, ইষ্টমান সাহেব, আর স্কট তামসন কোম্পানি, কুক কোম্পানি, চার্লস জর্জ ষ্ট্রেটল সাহেব, শ্রীরামরত্ন শা, পি এস ডিরোজারিও সাহেব, জে পি রোসওএল সাহেব, এচ এবং জি কুক সাহেব, ও ডবলিউ থাকর কোম্পানি।

ওয়াইট এবং অর। উক্ত যোত্রহীনের উকীল।

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

JUGGETCHUNDER MOOKERJEE,

versus

SREEMUTTY BISSNOOSOONDERY DABEE, SREEMUTTY HURROMONEY DABEE, MOHESCHUNDER MOOKERJEE and KALLYPROSONO GANGOOLY.

NOTICE is hereby given, that on the twenty-fifth day of July, now next ensuing, or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause, may be taken proconfesso as against the Defendant Sreemutty Hurromoney Dabee, for want of answer pursuant to the Rule of this Honourable Court in this behalf, made and provided. Dated this Eighteenth day of June, 1853.

G. O. BEEBY, *Complainant's Solicitor.*

7, Somerset Buildings, Calcutta.

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

শ্রীজগৎচন্দ্র মুখুয্যা। ফরিয়াদী।

শ্রীমতী বিষ্ণুসুন্দরী দেবী ও শ্রীমতী হরমণি দেবী ও শ্রীমহেশচন্দ্র মুখুয্যা ও শ্রীকালীপ্রসন্ন গাঙ্গোলি আসামীরা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই মোকদ্দমায় যে নালিশের বিল দাখিল হইয়াছিল তাহার উত্তর দাখিল করা যায় নাই অতএব আসামী শ্রীমতী হরমণি দেবী ঐ নালিশের বিল স্বীকার করিয়াছেন জ্ঞান হয় তাহার বিরুদ্ধে এমত হুকুম উপরোক্ত ফরিয়াদীর পক্ষে হয় এতদ্বিষয়ে এই সম্ভ্রান্ত আদালতের করা ও নির্দ্ধার্য্য করা বিধানক্রমে আগামি জুলাই মাসের ২৫ তারিখে কিম্বা তাহার পর যত শীঘ্র কৌন্সেলীর কথা শুনা যাইতে পারে তত শীঘ্র এই আদালতে প্রার্থনা করা যাইবেক ইতি ইং ১৮৫৩ সাল তাং ১৮ জুন।

জি ও বীবি। ফরিয়াদীর উকীল।

৭। সমরসেট বিলডিং কলিকাতা।

[*Government Gazette, 21st June,* 1853.]

JUST PUBLISHED.

To be had at the Baptist Mission Press, Circular Road, or of Messrs. R. C. Lepage and Co., Tank Square, Calcutta.

MACPHERSON ON CIVIL PROCEDURE,

Rendered into Urdoo by the Author,

and

George Smoult Fagan, Esq., B. A., Barrister at Law, Advocate of the Supreme Court, and Pleader in the Sudder Dewanny Adawlut.

In Two vols., Price Rs. 24. Or if 5 or more copies are taken, Rs. 21. Vol. II. may be had separately, Price Rs. 12; or 10 Rs. 8 Ans. as above.

বিজ্ঞাপন।

শ্রীযুত মেকফারসন সাহেবের কৃত দেওয়ানী আইনের উর্দ্দু তরজমার পুস্তক সুপ্রিম কোর্টের কৌন্সেলী ও সদর দেওয়ানী আদালতের উকিল শ্রীযুক্ত জার্জ ফেগেন সাহেবের দ্বারা প্রস্তুত হইয়া।

সংপ্রতি বাপটিষ্ট মিশনপ্রেসে মুদ্রাঙ্কিত হইয়াছে এই পুস্তক ২ বালমে সংগৃহীত ইহার মুল্য ২৪৲ টাকা।

সরকুলর রাস্তার নিকট এই পুস্তক উপরোক্ত যন্ত্রালয়ে এবং আর. সি. লেপেজ কোম্পানির দোকানে লালদীঘীর নিকট প্রাপ্তব্য। ৫ খান কি তাহার অধিক ক্রয় করিলে ন্যূন মুল্য ২১৲ টাকায় দেওয়া যাইবেক।

দ্বিতীয় বালম স্বতন্ত্র দেওয়া যাইতে পারে মুল্য ১২৲ টাকা অধিক লইলে অর্থাৎ ৫ খান লইলে ১০ ॥০ ।= হিসাবে দেওয়া যাইবেক।

MESSRS. YEATHERD AND CO.,

Stone Masons and Undertakers,

No. 36, Bow Bazar.

Orders promptly attended to.

Terms.—Moderate.

শ্রীযুত য়েথার্ড কোম্পানি।

ভাস্কর ও মুর্দ্দাফরাশ ।

নং ৩৬ বাটী বহুবাজার।

হুকুম অগৌণে মানা যাইবেক।

মূল্য অল্প।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২১ জুন ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 28, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৮ জুন।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 10TH JUNE, 1853.

The following Extract from the Proceedings of the Governor General of India in Council, in the Legislative branch of the Home Department, under date the 10th June, 1853, is published for general information.

Read a second time the Draft of a proposed Act, dated the 5th November, 1852, and published in the *Bengalee Government Gazette* of the 30th November 1852, for the amendment of Procedure in cases of appeal to the Sudder Courts in the Presidency of Fort William in Bengal.

Resolution.—The Governor General in Council resolves that the following revised Draft on the subject be published for general information:

ACT No. —— OF 1853.

An Act for the amendment of Procedure in cases of appeal to the Sudder Courts in the Presidency of Fort William in Bengal.

WHEREAS it is desirable to simplify and shorten the procedure and modes of pleading in regular appeals to the Courts of Sudder Dewanny Adawlut in the said Presidency; It is enacted as follows:

I. Act IV. 1850, and Sections II., III. and IV., Act XXX. 1850, are hereby repealed, except as to appeals presented before the passing of this Act.

II. Every petition of regular appeal in a case appealable to the Sudder Court shall be presented to the Court in which the decision was passed within six weeks from the day of the decision: unless the Sudder Court shall, upon sufficient cause shewn, extend the time for presenting such appeal. Such petition of appeal shall contain only notice that the

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১০ জুন।

দেশীয় বিধিশভার ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১০ জুন তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সদর আদালতে আপীলী মোকদ্দমার কার্য্য করণের নিয়ম সংশোধনের বিষয়ে ১৮৫২ সালের ৫ নবেম্বর তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৫২ সালের ৩০ নবেম্বর তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিয়াছেন যে তদ্বিষয়ি নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সদর আদালতে আপীলী মোকদ্দমায় কার্য্য করণের নিয়ম সংশোধনের আইন।

যেহেতুক উক্ত রাজধানীর সদর দেওয়ানী আদালতে নম্বরী আপীলে কার্য্যের নিয়ম ও সওয়ালজওয়াবের দাড়া সহজ ও সংক্ষেপ করণ বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৫০ সালের ৪ আইন ও ১৮৫০ সালের ৩০ আইনের ২। ৩। ৪ ধারা ইহার দ্বারা রদ হইল কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে সকল আপীল উপস্থিত করা গিয়াছিল তাহার বিষয়ে রদ হইল না ইতি।

২ ধারা। সদর আদালতে যে মোকদ্দমার আপীল হইতে পারে সেই মোকদ্দমার নম্বরী আপীলের প্রত্যেক দরখাস্ত, যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে, ডিক্রীর তারিখের পর ছয় সপ্তাহের মধ্যে, দাখিল করা যাইবেক। কিন্তু যদি মাতবর কারণ দর্শান যাইবাতে সদর আদালত ঐ প্রকার আপীল দাখিল করিবার মিয়াদ বৃদ্ধি করেন তবে ছয় সপ্তাহের পরও দাখিল

party, being dissatisfied with the judgment, is desirous of appealing from it, except in cases of petitions under Section XIII. of this Act.

III. On presentation of a petition of regular appeal to the Court, in which the decision was passed, notice thereof to the respondent, as well as a proclamation to the same effect, shall immediately issue from that Court. If the notice cannot be personally served, the proclamation shall at once be fixed upon the door of the respondent's dwelling-house, or in some conspicuous place in the village where he usually resides; or in cases in which the respondent may not have a fixed residence within the jurisdiction of the Company's Courts, the proclamation may be fixed upon the door of his house of business or cutcherry, or the notice may be served on his known local Agent. In case the proclamation cannot be fixed or served in the manner abovementioned, it shall be affixed in the Court House of the said last mentioned Court, and also in such other place, if any, as the said last mentioned Court shall direct. The nazir shall return the order of notice or proclamation with an endorsement, stating at what times and places it may have been served or fixed up. The return of the nazir is to be filed in Court, and to form a part of the record of the trial.

IV. The Rule in Section XI. Regulation VI. 1793, which directs copies of all original papers transmitted to the Sudder Dewanny Adawlut with the record of an appealed case to be made out and deposited in the Court in lieu of the originals, is hereby modified, and it shall be necessary to copy only the exhibits and any papers of importance which either of the parties may specify, including the pleadings, or any parts of them which may be desired by either of the parties.

V. The appeal record shall be certified to the Sudder Dewanny Adawlut as soon as conveniently may be after the presentation of the petition of appeal.

VI. On arrival of the appeal record at the Sudder Court, notice shall be affixed in the Court-house of the Sudder Dewanny Adawlut, or given in such form and manner as that Court shall order by a Rule to be framed under Section II. Act XVII. 1841, requiring the appellant, to file within four weeks from the date thereof his grounds of objection to the decision of the Court below. Within the said space of four weeks the appellant shall file in the Court of Sudder Dewanny Adawlut his grounds of objection to the decision. Such grounds of objections shall be stated distinctly and concisely without any argument or narrative of facts; they shall be numbered consecutively, and shall be on paper, bearing the stamp duty prescribed by Article 9, Schedule B. Regulation X. 1829. On failure to file the

করা যাইতে পারিবেক। আপীলের ঐ দরখাস্তের মধ্যে কেবল এই লেখা থাকিবেক যে আপেলাণ্ট ডিক্রীতে নারাজ হইয়া তাহার উপর আপীল করিতে চাহে কিন্তু এই আইনের ১৩ ধারানুসারে যে দরখাস্ত হয় তাহা বর্জ্জিত থাকিবেক ইতি।

৩ ধারা। যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে নম্বরী আপীলের দরখাস্ত দাখিল হইলে রেস্পাণ্ডেণ্টের নিকটে তদ্বিষয়ের এক এত্তেলা এবং সেই মজমুনের এক ইশ্‌তিহারনামা ঐ আদালতহইতে অগৌণে দেওয়া যাইবেক। যদি সেই এত্তেলা রেস্পাণ্ডেণ্টের উপর জারী হইতে না পারে তবে ঐ ইশ্‌তিহারনামা রেস্পাণ্ডেণ্টের বসতবাটীর দ্বারে কিম্বা যে গ্রামে সামান্যতঃ বাস করে তথায় সকলের দৃষ্টিগোচর কোন স্থানে একেবারে লট্‌কান যাইবেক অথবা যদি কোম্পানি বাহাদুরের আদালতের এলাকার মধ্যে রেস্পাণ্ডেণ্টের নির্দ্দিষ্ট কোন বাসস্থান না থাকে তবে ঐ ইশ্‌তিহারনামা তাহার কর্ম্মস্থানের কি কাছারীর দরওয়াজায় লট্‌কান যাইতে পারে কিম্বা ঐ এত্তেলা তাহার সেই স্থানে জানিত মোক্তারের উপর জারী হইতে পারে। যদি ইশ্‌তিহারনামা উপরের উক্ত প্রকারে লট্‌কান যাইতে কি জারী হইতে পারে না তবে ঐ শেষোক্ত আদালতের আদালত ঘরে লট্‌কান যাইবেক এবং যদি শেষোক্ত আদালত অন্য কোন স্থানে লট্‌কাইতে হুকুম করেন তবে সেই অন্য স্থানেও লট্‌কান যাইবেক। পরে নাজির যে সময়ে ও যে স্থানে সে এত্তেলা জারী হইয়াছে কিম্বা ইশ্‌তিহারনামা লট্‌কান গিয়াছে তাহা ঐ এত্তেলা কিম্বা ঐ ইশ্‌তিহারনামার হুকুমের পৃষ্ঠে লিখিয়া তাহা পুনরায় আদালতে দাখিল করিবেন। নাজিরের ঐ ওয়াপোসী হুকুমনামা আদালতে দাখিল হইবেক এবং সেই মোকদ্দমার রোয়দাদের শামিলে থাকিবেক ইতি।

৪ ধারা। ১৭৯৩ সালের ৬ আইনের ১১ ধারার যে বিধানমতে হুকুম আছে যে আপীলী মোকদ্দমার রোয়দাদের সঙ্গে যে সকল আসল কাগজপত্র সদর দেওয়ানী আদালতে পাঠান যায় তাহার নকল লিখিত হইয়া আসল কাগজপত্রের পরিবর্ত্তে আদালতে দাখিল হইবেক সেই বিধান ইহার দ্বারা মতান্তর হইল। এবং যে দস্তাবেজ ও অন্য যে সকল গুরুতর কাগজপত্র বাদী কিম্বা প্রতিবাদী নির্দ্দিষ্ট করে তাহা এবং সওয়ালজওয়াব কিম্বা ঐ সওয়ালজওয়াবের যে কোন অংশ বাদী কি প্রতিবাদী চাহে তাহাছাড়া অন্য কাগজপত্রের নকল করিবার প্রয়োজন হইবেক না ইতি।

৫ ধারা। আপীলের দরখাস্ত দরপেশ হওনের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র আপীলী মোকদ্দমার রোয়দাদ সদর দেওয়ানী আদালতে পাঠান যাইবেক ইতি।

৬ ধারা। আপীলী মোকদ্দমার রোয়দাদ সদর আদালতে পঁহুছিলে পর সদর দেওয়ানী আদালত ঘরে এক এত্তেলানামা লট্‌কান যাইবেক অথবা ঐ আদালত ১৮৪১ সালের ১৭ আইনের ২ ধারানুসারে করা বিধানক্রমে যে কোন পাঠ ও নিয়মের হুকুম করেন সেই পাঠ ও নিয়মানুসারে দেওয়া যাইবেক তাহাতে আপেলাণ্টের প্রতি এই হুকুম হইবেক যে অধস্থ আদালতের ডিক্রীর বিষয়ে তাহার আপত্তির যে হেতু থাকে তাহা ঐ এত্তেলার তারিখের পর চারি সপ্তাহের মধ্যে দাখিল করে। ঐ চারি সপ্তাহ মিয়াদের মধ্যে আপেলাণ্ট ডিক্রীর বিষয়ে আপনার আপত্তির হেতু সদর দেওয়ানী আদালতে দাখিল করিবেক। ঐ আপত্তির হেতু স্পষ্টরূপে ও সংক্ষেপে লেখা যাইবেক এবং তাহাতে কোন বিতর্ক কি কার্য্যের বৃত্তান্ত থাকিবেক না। তাহা ১,২প্রভৃতি নম্বর বিলিক্রমে লেখা যাইবেক এবং ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৯ প্রকরণে যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট

grounds of objection within the said space of four weeks, the appeal shall be dismissed, unless the appellant shall show reasonable cause to the satisfaction of the Court for his default, in which case the Court may allow him to file his grounds of objection within such further time as the Court may order. A separate paper, containing detailed reasons in support of the grounds of objection may at the option of the appellant be filed on plain paper within the said period of four weeks, or such further time if any as may be allowed by the Court for filing the grounds of objection.

আছে সেই মুল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক। যদি উক্ত চারি সপ্তাহের মধ্যে ঐ আপত্তির হেতু দাখিল না করা যায় তবে আপীল ডিসমিস হইবেক কিন্তু যদি আপেলাণ্ট আপন কসুরের উপযুক্ত হেতু আদালতের হৃদ্বোধমতে দর্শাইতে পারে তবে ডিসমিস হইবেক না এইমত স্থলে আদালত অধিক যে মিয়াদের হুকুম করেন সেই মিয়াদের মধ্যে তাহাকে আপনার আপত্তির হেতু দাখিল করিবার অনুমতি দিতে পারেন। যদি আপেলাণ্ট চাহে তবে আপত্তির হেতুর পোষকতার নিমিত্তে শাদা কাগজে বিস্তারিত কারণ লিখিয়া আলাহিদা এক কাগজ ঐ চারি সপ্তাহ মিয়াদের মধ্যে অথবা আদালত আপত্তির হেতু দাখিল করিবার যদি অধিক মিয়াদ দেন তবে সেই মিয়াদের মধ্যে দাখিল করিতে পারে ইতি।

VII. On the filing of the grounds of objection by the appellant, notice shall be given to the respondent, in the manner prescribed by the preceding Section of this Act, requiring him to file his grounds of objection, if any, to the decision within four weeks from the date of such notice, and any grounds of objection to the decision whether involved in the appeal or in the objections filed by the appellant or not, may be filed by the respondent within the said space of four weeks, or within such further time as the Sudder Court may allow for that purpose upon reasonable cause shown to the satisfaction of the Court for such extension of time.

৭ ধারা। আপেলাণ্ট আপত্তির হেতু দাখিল করিলে তাহার এত্তেলা এই আইনের ৬ ধারার নির্দ্দিষ্টমতে রেসপাণ্ডেণ্টকে দেওয়া যাইবেক তাহাতে তাহার প্রতি হুকুম হইবেক যে ডিক্রীর বিষয়ে তাহার কোন আপত্তি থাকিলে ঐ এত্তেলার তারিখের পর চারি সপ্তাহের মধ্যে তাহা দাখিল করে। এবং ডিক্রীর বিষয়ে আপত্তির যে কোন হেতু আপীলের মধ্যে কিম্বা আপেলাণ্টের দাখিলকরা আপত্তির মধ্যে থাকুক কি না থাকুক এমত কোন আপত্তির হেতু রেসপাণ্ডেণ্ট ঐ চারি সপ্তাহ মিয়াদের মধ্যে দাখিল করিতে পারে অথবা আদালতের হৃদ্বোধমতে ঐ কার্য্যের নিমিত্তে ঐ মিয়াদ বৃদ্ধি করণের উপযুক্ত কারণ থাকিলে আদালত যে অধিক মিয়াদের অনুমতি দেন তাহার মধ্যে তাহা দাখিল করিতে পারে ইতি।

VIII. At the expiration of such last mentioned space of four weeks, or of such extended time as may be allowed by the Court as last aforesaid, the record shall be considered complete, and the case ready for hearing. The grounds of objection, if any, which shall be filed by the respondent, shall be stated distinctly and concisely, without any argument or narrative of facts; they shall be numbered consecutively, and shall be on paper, bearing the stamp duty prescribed by Article 9, Schedule B., Regulation X. 1829.

৮ ধারা। ঐ শেষোক্ত চারি সপ্তাহ মিয়াদ অথবা শেষোক্তমতে আদালত অধিক যে মিয়াদ দেন তাহা অতীত হইলে রোয়দাদ সম্পূর্ণ হইয়াছে এবং মোকদ্দমা শুনানির নিমিত্তে প্রস্তুত আছে জ্ঞান হইবেক। রেসপাণ্ডেণ্ট যদি কোন আপত্তির হেতু দাখিল করে তবে সেই হেতু স্পষ্টরূপে ও সংক্ষেপে লেখা যাইবেক এবং তাহাতে কোন বিতর্ক কি কার্য্যের বৃত্তান্ত থাকিবেক না। তাহা ১, ২, প্রভৃতি নম্বর বিলিমতে লেখা যাইবেক এবং ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৯ প্রকরণে যে মূল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক ইতি।

IX. If any of the grounds of objection filed by the respondent shall not be involved in the appeal, on the grounds filed by the appellant, but would be the ground of a separate petition of appeal by the respondent, such grounds of objection shall be on paper bearing, in addition to the stamp abovenamed, the stamp which would have been required on a separate petition of appeal filed by the respondent, unless the respondent shall have presented a separate petition of appeal in the case; Provided that, if the suit in appeal be referred back for further investigation and decision, without a judgment on the merits of the case, the last mentioned stamp duty paid by the respondent shall be returned to him in the same manner as if such stamp duty had been paid on a separate petition of appeal.

৯ ধারা। রেসপাণ্ডেণ্ট আপত্তির যে সকল হেতু দাখিল করে তাহার কোন হেতু যদি আপেলাণ্টের দাখিলকরা হেতুতে আপীলের মধ্যে না থাকে কিন্তু ঐ হেতুতে রেসপাণ্ডেণ্ট আপীলের আলাহিদা দরখাস্ত করিতে পারিত এবং যদি রেসপাণ্ডেণ্ট ঐ মোকদ্দমায় আপীলের এক আলাহিদা দরখাস্ত দাখিল না করিয়া থাকে তবে উপরে যে ইষ্টাম্প নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন রেসপাণ্ডেণ্টের দ্বারা দাখিলকরা আপীলের আলাহিদা দরখাস্তের উপর যে মুল্যের ইষ্টাম্প লাগিত সেই মুল্যেরও ইষ্টাম্প কাগজে ঐ আপত্তির হেতু লেখা যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে মোকদ্দমার দোষগুণ বিবেচনায় হুকুম না হইয়া যদি আপীলের মোকদ্দমা পুনর্বিচারের ও নিষ্পত্তির নিমিত্তে ফিরিয়া পাঠান যায় তবে রেসপাণ্ডেণ্ট যে শেষোক্ত ইষ্টাম্পের মাসুল দিয়াছিল তাহা আপীলের আলাহিদা দরখাস্তের উপর দেওয়া গেলে যেমন তাহাকে ফিরিয়া দেওয়া যাইত তেমনি তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

X. A separate paper, containing detailed reasons in support of the grounds of appeal filed by the respondent or in answer to the detailed reasons, if any, filed by the appellant, may at the option of the respondent, be filed on plain paper within the period of four weeks allowed for filing the respondent's objections, or within such further time as

১০ ধারা। যদি রেসপাণ্ডেণ্ট চাহে তবে আপনি আপীলের যে অজুহাৎ দাখিল করিয়াছে তাহার পোষকতার নিমিত্তে কিম্বা আপেলাণ্ট কোন বিস্তারিত হেতু দাখিল করিলে তাহার উত্তরস্বরূপ রেসপাণ্ডেণ্ট শাদা কাগজে বিস্তারিত হেতুর এক আলাহিদা কাগজ, ঐ রেসপাণ্ডেণ্টের আপত্তি দাখিল করিবার নিমিত্তে যে চারি সপ্তাহ মিয়াদ দেওয়া যায় তাহার মধ্যে কিম্বা আদালত ঐ আ-

may be allowed by the Court for filing such objections.

ইস্তক সন ১২৬০ সাল লাং সন ১২৬৯ সাল ১০ সন মেয়াদে।

G. W. Battye, *Collector.*

জিলা পাবনা।

এক্তালানামা কাছারী ডিপুটী কালেক্টরী মহকুমা পাবনা।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নীচের লিখিত মহাল চলিত সনের কিস্তী বৈশাখ সমেত বকায়া সন ১২৫৯ সালের বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারি ন্যায় আদায় করণের হুকুম আছে তদনুসারে সন ১৮৫৩ সালের ২৬ জুলাই মোতাবেক সন ১২৬০ সালের ১২ শ্রাবণ মঙ্গলবার অত্র কালেক্টরিতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রী হইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ২৯ জুন মোতাবেক সন ১২৬০ সাল তারিখ ১৬ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজির রেজিষ্টরির নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	বাকী খাজানা কিস্তী বৈশাখ সমেত বকায়া সন ১২৫৯।	মন্তব্য কথা।
২	এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল	৯০৮	চর দরুণ বালিয়া পাড়া পং ইশীক শাহী	শ্রীনাথ রায় উমেশচন্দ্র রায় কালীগোবিন্দ ঘোষ ঈশানচন্দ্র হরচন্দ্র তারিণী কৃষ্ণরাম পাকড়াশী	১১০॥৵	৩০৷৶৩	এই মহাল ১২৫৫ সালের ১ শ্রাবণহইতে ১২৬৪ সালের ৩০ চৈত্রপর্য্যন্ত মুদ্দত ৯। ৯ মাস মেয়াদে বন্দবস্ত হইয়াছে ঐ বাকীর কারণ মালিকানা স্বত্ত্ব নীলাম হইবেক।
ঐ	ঐ	২৬৪	চর আট, পাড়া পং কাগমারি …	জাহ্নবী চৌধুরাণী …	৭২৮॥৶১০	৫০৲	এই মহাল ১২৫৯। হইতে ১০ বৎসর মেয়াদে বন্দবস্ত হইয়া রিবনু কমিস্যনরির ১৮৫২ সালের ৩১ জুলাইতে মঞ্জুর হইয়াছে ঐ বাকীর কারণ মালিকানা স্বত্ত্ব নীলাম হইবেক।

F. BEAUFORT, *Offg Deputy Collector.*

জিলা বগুড়া।

এক্তালানামা কাছারী ডিপুটী কালেক্টরী জেলা বগুড়া এই যে।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ ইংরেজীর ১ আইনের ৬ ধারানুসারে এ জেলার সংক্রান্ত নীচের লিখিত মহাল সন ১২৬০ সালের লাগাএদ কিস্তী বৈশাখের বাকী আদায় কারণ সন ১৮৫৩ ইংরেজীর ২০ জুলাই মোতাবেক সন ১২৬০ সালের ৬ শ্রাবণ রোজ বুধবার অত্র ডিপুটী কালেক্টরীর কাছারীতে বিনাওজর নীলাম ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫৩ ইঙ্গরেজী তারিখ ১ জুলাই মোতাবেক সন ১২৬০ সাল তারিখ ১৮ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের নির্দ্দিষ্ট মালিক	সদর জমা	বাকী	কৈফিয়ৎ
২	এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল	৮০২	পরগণে কালীগাঁও মৌজে নিয়াইদীঘী ও হাটদীঘী	কাশীকমল ঠাকুর ও গোবিন্দমণি দেব্যা আর ভবানীশরণ ঠাকুর ও ব্রহ্মময়ী দেব্যা পরিবর্ত্তে গৌরীনাথ রায় ও রুদ্রচন্দ্র রায় স্বয়ং ও রুদ্রচন্দ্র রায় ওছি ও রসময়ী দাস্যা ও মাদরে প্রসন্ননাথ রায় দিগর নাবালগ।	১০৮৮৵০	২৭৬॥৴৬	সন ১২৫৯ সালের বাকী

R. H. RUSSELL, *Offg. Deputy Collector.*

জিলা দিনাজপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারানুসারে জেলা দিনাজপুরের নীচের লিখিত মাহাল ১২৬০ সনের জ্যৈষ্ঠ মাসের কিস্তপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্ত ১৮৫৩ সনের জুলাই মাসের ২২ মোতাবেক ১২৬০ সনের শ্রাবণ মাসের ৮ তারিখ শুক্রবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্তই বিক্রয় হইবেক ইতি তাঃ ১ জুলাই ১৮৫৩ মোঃ ১২৬০ তাং ১৮ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মাহালের শ্রেণী	জেলার তৌজিতে মাহালের নম্বর	মাহালের নাম	মাহালের লিখিত মালিক	সদর জমা	বাকী লাগাএদ কিস্তী জ্যৈষ্ঠ ১২৬০।	কৈফিয়ৎ।
১	চিরস্থায়ি বন্দোবস্তী মাহাল	২৮০	মৌজে ইটাহারা ওগএরহ পরগনে মহেশো	প্রসন্নকুমার বড়াল ও চুনীলাল বড়াল ও রেবতীমণি চৌধুরাণী মাদরে হৃষীকেশ বড়াল ওগএরহ ও হরলাল শর্ম্মা	৪৫৮৮।৭	৩১৲	এই মাহাল ১৮১৪ সনের ১৯ আইননানুসারে বাটওয়ারা হইতেছে এবং চুনীলাল বড়াল ও রেবতীমণি ও হরলাল শর্ম্মা এ তিন শরিক আপনং দেনা বাকী মালগুজারি আদায় করিয়াছে প্রসন্নকুমার বড়াল আপন দেনা বাকী আদায় করে নাই অতএব উক্ত আইনের ৩৩ ধারানুযায়ি আরং শরিকের হিস্যা বর্জ্জন হইয়া কেবল বাকীদার প্রসন্নকুমার বড়ালের হিস্যা ।৴০ আনা নীলাম হইবেক।

G. U. Yule, *Collector.*

জিলা মালদহ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মালদহ।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারানুসারে জেলা মালদহের অধীন নীচের লিখিত মাহালাত সন ১২৬০ সালের লাগাইদ কিস্তী জ্যৈষ্ঠের পাওনা বাকী মালগুজারি নিমিত্ত সন ১৮৫৩ সালের ২৬ জুলাই মোতাবেক সন ১২৬০ সালের ১২ শ্রাবণ রোজ মঙ্গলবার অত্র কালেক্টরির সদর কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রী হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজী তারিখ ২৯ জুন মোতাবেক সন ১২৬০ সাল তারিখ ১৬ আষাঢ়।

নম্বর শ্রেণী	মহালের শ্রেণী	তৌজির নম্বর	মহালের নাম ও পরগনার নাম	মালিকের নাম	সদর জমা	সন ১২৫৯ সালের কিং চৈত্রের বাকী	সন ১২৬০ সালের লাগাএদ কিস্তী জ্যৈষ্ঠের বাকী	মোট বাকী
১	স্থিরতর বন্দবস্ত ...	১৬৩	তোরতক্কিপুরদিগর মোতালকে মাধাইপুর পরগনে রোকণপুর	বিবিতাজো ও গোলাম পীর ও বিবি জএনবদিগর	১১৮৮৸৭॥	১৫২॥৵৫॥	৪১৸৯	১৯৪।৵২॥
	ঐ	৯৪	কিসমত পরগনে হুজরাপুর	... পদ্মলোচন মিত্র	৯০।৫	৮৶৩	০	৮৶৩
	ঐ	১৭৯	কিসমত নওহাট্টা পরগনে চান্দনাই ...	... সন্তোষ রায়	১১৵১	৩॥৵৭	০	৩॥৵৭

E. C. Craster, *Offg. Deputy Collector.*

ADVERTISEMENT.

500 *Rupees Reward.*

Whereas the above reward has been sanctioned by the Superintendent of Police, L. P., for the apprehension of "Meerza Ahmud Alee," alias "Burra Saheb," who is charged with being concerned in the murder of two men, named "Hingoo" and "Muddee," in the Camp of the Nawab Nazim of Bengal, on the 6th of April, 1853, corresponding with 25th day of Chaitre, 1259, B. S., at a place called "Gajole," situated in the District of Maldah. Notice is hereby given, that any person or persons, giving such information as shall lead to the apprehension of the said "Meerza Ahmud Alee," alias "Burra Saheb," shall receive the above reward on an application to this Court being made for the same.

Description of Meerza Ahmud Alee.

"Meerza Ahmud Alee," alias "Burra Saheb," son of "Yad Alee," a resident of Omraogunge, thannah Shahnugur, Zillah Moorshedabad, about 40 or 41 years of age, fair complexion, middling stature, rather stout, and wears whiskers, moustache and beard.

C. F. Carnac, *Magistrate.*

Moorshedabad, Foujdaree Adawlut, the 2d July, 1853.

বিজ্ঞাপন।

৫০০৲ টাকা পুরস্কার।

যেহেতুক মুর্জা আহাম্মদ আলী ওরফে বড়ে সাহেব যে জেলা মালদহর অধীন গাজোল নামক স্থানে বাঙ্গালার শ্রীযুক্ত নবাব নাজেমের ছাউনির মধ্যে ইং সন ১৮৫৩ সালের ৬ আপ্রিল মোং বাঙ্গালা সন ১২৫৯ সালের ২৫ চৈত্র তারিখে মদ্দি ও হিঙ্গুনামক দুই ব্যক্তিকে হত্যা করা মোকদ্দমায় লিপ্ত থাকা অপরাধগ্রস্ত হইয়াছে তাহাকে ধৃত করণ জন্য উক্ত পুরস্কার বাঙ্গলার শ্রীযুত সুপরিণ্টেণ্ডেণ্ট পুলিষ সাহেবকর্ত্তৃক মঞ্জুর হইয়াছে অতএব ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে যে কোন ব্যক্তি অথবা ব্যক্তিসকল সংবাদ দিয়া উক্ত মুর্জা আহাম্মদ আলী ওরফে বড়ে সাহেবকে ধৃত করাইয়া দিবেক সে অথবা তাহারা উক্ত পুরস্কার পাওয়ার জন্যে এ আদালতে দরখাস্ত করিলে তাহা পাইবেক ইতি।

উক্ত মুর্জা আহাম্মদ ওরফে বড়ে সাহেবের অবয়ব।

মুর্জা আহাম্মদ আলী ওরফে বড়ে সাহেব পিতার নাম ইয়াদ আলী সাং ওমরাওগঞ্জ থানা শাহানগর জেলা মুরশীদাবাদ বএস আন্দাজ ৪০। ৪১ বৎসর গৌরবর্ণ মধ্যমাকৃতি দোহারা শরীর চেওড়া কপাল বড় চক্ষু খাট চুল শরীরে কোন বিশেষ চিহ্ন নাই দাড়ি মোচ আছে ইতি।

اشتہار در مادہ انعام پانسو روپیہ

چونکہ مرزا احمد علی عرف بڑی صاحب ضلع مالدہ کا متعلق گاجن نامی یک جگے مین چھاونی مین نواب ناظم بنگالہ کی چھٹیس اپریل سنہ ۱۸۵۳ مسیحی مطابق ۲۵ چیت سنہ ۱۲۵۹ بنگالہ کے مدی و ہنگو نامی دو ادمی کو خون کرنیکا مقدمہ مین شریک رہنیکا جرم مین مجرم ہوا ہی اسکو گرفتاری کا واسطے انعام مرقومہ صاحب عالیشان سپرنتندنت پولیس صوبہ بنگالہ منظور فرمائے ہین پس ذریعہ مین اس اشتہار کے خبر دیا جاتا ہی جو جو کوی ادمی یا ادمیان خبر دیکے مرزا احمد علی عرف بڑی صاحب مذکور کو گرفتار کراکے دیگا وہ یا کہ وہ سب انعام مذکورہ پانیکا واسطے اس عدالت مین درخواست کرنے سے پاویگا فقط

چہرہ مرزا احمد علی عرف بڑی صاحب مذکور کا

مرزا احمد علی عرف بڑی صاحب ولد یاد علی ساکن عمراوگنج تھانہ شاہ نگر ضلع مرشداباد عمر انداز چالیس یکتالیس برس گو رارنگ میانہ قد اوسط اندام کشادہ پیشانے چشم کلان موی چھوٹہ بدن مین کچھ مخصوص نشان نہین داڑی اور موچھ ہی فقط

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১২ জুলাই।]

NOTICE.

Lost or Stolen.—The undermentioned Bank of Bengal Notes, in transmission from the Naraingunj Post Office, Zillah Dacca, to Thannah Borobaree, Zillah Rungpore, viz.

No. 32,323	for	Rupees	50
No. 16,761	for	Rupees	250
No. 35,847	for	Rupees	50
No. 7,847	for	Rupees	250

Total Rupees, 600

A. W. RUSSELL, *Offg. Magistrate.*

ইশ্তিহার।

হারাণ অথবা খোয়া যাওয়া নিম্নের লিখিত নম্বরী বাঙ্গাল ব্যাঙ্কের নোট ঢাকা জিলার নারায়ণগঞ্জের ডাকঘর হইতে রঙ্গপুর জিলার বড়বাড়ী থানার প্রেরণে অর্থাৎ।

নং ৩২৩২৩	৫০	টাকা
নং ১৬৭৬১	২৫০	টাকা
নং ৩২৮৪৭	৫০	টাকা
নং ৭৮৪৭	২৫০	টাকা

সর্ব্বসুদ্ধ ৬০০ টাকা

IN THE SUPREME COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

In Equity.

JUGGETCHUNDER MOOKERJEE,

versus

SREEMUTTY BISSNOOSOONDERY DABEE, SREEMUTTY HURROMONEY DABEE, MOHESCHUNDER MOOKERJEE and KALLYPROSONO GANGOOLY.

NOTICE is hereby given, that on the twenty-fifth day of July, now next ensuing, or so soon thereafter as Counsel can be heard, this Court will be moved on behalf of the Complainant abovenamed for an order that the Bill of Complaint filed in this cause, may be taken proconfesso as against the Defendant Sreemutty Hurromoney Dabee, for want of answer pursuant to the Rule of this Honourable Court in this behalf, made and provided. Dated this Eighteenth day of June, 1853.

G. O. BEEBY, *Complainant's Solicitor.*

7, Somerset Buildings, Calcutta.

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টে।

একুটি পক্ষে।

শ্রীজগৎচন্দ্র মুখুয্যা। ফরিয়াদী।

শ্রীমতী বিষ্ণুসুন্দরী দেবী ও শ্রীমতী হরমণি দেবী ও শ্রীমহেশচন্দ্র মুখুয্যা ও শ্রীকালীপ্রসন্ন গাঙ্গোলি আসামীরা।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এই মোকদ্দমায় যে নালিশের বিল দাখিল হইয়াছিল তাহার উত্তর দাখিল করা যায় নাই অতএব আসামী শ্রীমতী হরমণি দেবী ঐ নালিশের বিল স্বীকার করিয়াছেন জ্ঞান হয় তাহার বিরুদ্ধে এমত হুকুম উপরোক্ত ফরিয়াদীর পক্ষে হয় এতদ্বিষয়ে এই মহামান্য আদালতের করা ও নির্দ্ধার্য্য করা বিধানক্রমে আগামি জুলাই মাসের ২৫ তারিখে কিম্বা তাহার পর যত শীঘ্র কৌন্সেলার কথা শুনা যাইতে পারে তত শীঘ্র এই আদালতে প্রার্থনা করা যাইবেক ইতি ইং ১৮৫৩ সাল তাং ১৮ জুন।

জি ও বীবি। ফরিয়াদীর উকীল।

৭। সমরসেট বিলডিং কলিকাতা।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশতিহার।

বিজ্ঞাপন।

গুণজ্ঞ বিজ্ঞ সন্নিধানে সবিনয় নিবেদন এই যে শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলের আজ্ঞানুসারে ১৮৪০ সালের মুনসেফী পদাকাঙ্ক্ষি ব্যক্তিদিগের পরীক্ষা জন্য স্থানে স্থানে কমিটী স্থাপন হইবাতে অনেকানেক আইনজ্ঞ মহাশয়গণ কর্ত্তৃক নানাবিধ আইনপুস্তক ভাষান্তরিত হইয়া এতদ্দেশীয় লোকের হিতার্থে ও পরীক্ষার সুগমতা নিমিত্তে প্রকাশিত হইয়া এতাবৎ কালপর্য্যন্ত বহুবিধ উপকার হইয়া আসিতেছে, কিন্তু সম্প্রতি কলিকাতাস্থ মহামান্য সদর দেওয়ানী আদালত দ্বারা ওকালতী পদাভিলাষিগণ সমূহের পরীক্ষা নিমিত্ত যে সুকঠিন নিয়ম সংস্থাপিত হইয়াছে তাহাতে উত্তীর্ণ হইবার কয়েক প্রতিবন্ধক দৃষ্ট হইতেছে। প্রথম এই যে মূল আইন ব্যয় বাহুল্য ও দুষ্প্রাপ্য হেতু অনেকানেক মহাশয়েরা ক্রয় করিতে অসমর্থ। দ্বিতীয় এই যে যদিচ কেহ অর্থব্যয়ে গ্রহণ করিতে সমর্থ হয়েন তথাচ সমুদয় মূল আইন একত্র সংগ্রহ বহুকালব্যাপক আয়াসসাধ্য। তাহাতে পাঠক মহাশয়দিগের মনে বৈরক্ত্য জন্মিয়া এতাদৃশ হিতজনক বিষয়াভ্যাসে প্রায় বিমুখ হইয়া ইহার ফলভোগী হইতে অসমর্থ হয়েন, ইহাতে এতদ্দেশীয় জনগণের অনেক অনিষ্ট হইতেছে, অতএব তাহার সুলভতা জন্য উপরি প্রশংসিত আদালতের প্রধান২ উকীলদিগের অনুমত্যনুসারে বর্ত্তমানে প্রচলিত দেওয়ানী ও কালেক্টরী আদালতসম্পর্কীয় সমুদয় আইন ও আইনের অর্থ এবং সাধারণ লিপি আর সদর আদালতের সরাসরী ও জাবেতা রিপোর্ট ১৭৯৩ সালাবধি ১৮৫২ সালপর্য্যন্ত মূল গ্রন্থহইতে অবিকল আনুপূর্ব্বিকরূপে ও পরিপাটিক্রমে সংগৃহীত, এবং সদরের এক প্রধান উকীল শ্রীযুত বাবু কৃষ্ণকিশোর ঘোষ প্রভৃতির দ্বারা সংশোধিত ও পরীক্ষোপদেশ নামাভিষিক্ত হইয়া দুই খণ্ডে অর্থাৎ (প্রথম খণ্ডে সমুদয় আইন, ও দ্বিতীয় খণ্ডে আইনের অর্থ ও সাধারণ লিপি ও সদর আদলতের সরাসরী ও নম্বরী রিপোর্ট ইত্যাদি) মুদ্রিত ও তন্মূল্য ১০ মুদ্রা অর্থাৎ (এক এক খণ্ডের মূল্য ৫ পাঁচ টাকা) অবধারিত হইয়া, ও ১৮৪৭ সালের ২০ আইনমতে রেজিষ্টরি হইয়া প্রচারিত হইতেছে যেহেতুক এই পুস্তক আইন অভ্যাস কারকবর্গের সম্বন্ধে বিশেষ প্রয়োজনীয় অতএব আগামি পরীক্ষা দেওয়ার নিমিত্তে এই গ্রন্থ যাঁহারদিগের গ্রহণেচ্ছা হইবেক তাঁহারা মোকাম কলিকাতা সদর দেওয়ানি আদালতে পত্র পাঠাইলে পাইতে পারিবেন আর ইহাও জানাইতেছি যে যাঁহারা উপরোক্ত গ্রন্থের প্রথম খণ্ড লইয়াছেন তাঁহারদিগের কর্ত্তব্য যে দ্বিতীয় খণ্ড অতিসত্বর হস্তগত করেন নতুবা পশ্চাৎ প্রাপ্ত হওয়া কঠিন ও দুষ্কর হইবেক ইতি তারিখ ১ জুলাই ১৮৫৩ সাল।

শ্রী মহম্মদ ইছমাইল। সদর দেওয়ানি আদালতের উকীল।

[*Government Gazette*, 12*th July*, 1853.]

* اشتهار کلکته *

محمد اسمعیل وکیل عدالت صدر کلکته بخدمات صاحبان ممالک صدر مشرقی گذارش میکند که بعضی مخدومان و دوستان خیر بنده را چنان ایما کردند که برای دادن امتحان وکالت صدر و منصفی بهر سببی که بنده قوانین وکنستر کشن وسرکولرو رپورت مصری و متفرقه یاد کرده و نایز المرام شده یعنی سارتیفکت های عهده وکالت صدر و منصفی حاصل کرده است اگر همان ترتیب کتاب بزبان و حروف فارسی تالیف کرده شود ازان فایده عام بامیدواران امتحان وغیره خواهد شد چون خواهشمندان این چنین کتاب بسیار دیدم کمر همت به بجا آوری فرمان مخدومان ومحبان خود دربستم وباعانت وتصحیح مخدومی جناب مولوی عبدالاحد صاحب اردو مترجم عدالت صدر کلکته ومخدومم جناب مولوی سید مرحمت حسین صاحب وکیل صدر کتابے باین تفصیل یعنی

* پاره اول * متضمن جمیع قوانین مجاریه متعلقه دیوانی ومال از ابتدای سنه ۱۷۹۳ ع لغایت سنه ۱۸۴۰ ع

* پاره دوم * متضمن جمیع کنستر کشن مجاریه بقید نمبر *

* پاره سوم * متضمن جمیع سرکولر اردر عدالت دیوانی صدر تا آخر سنه ۱۸۴۰ ع

* پاره چهارم * متضمن رپورت های مصری ومتفرقه لغایت سنه ۱۸۴۰ ع تالیف کرده نام مسایر المرام موسوم کردم وقیمت دوازده روپیه مقرر نمودم خریداران را اخبار است که خواه از کتاب دکان بنده که باطراف روانه شده اند بخرند یا بارسال قیمت از بنده طلبند تحریر التاریخ اول جولای سنه ۱۸۴۳ ع •

محمد اسمعیل وکیل صدر کلکته

JUST PUBLISHED

To be had at the Baptist Mission Press, Circular Road, or of Messrs R C Lepage and Co., Tank Square, Calcutta.

MACPHERSON ON CIVIL PROCEDURE,

Rendered into Urdoo by the Author,

and

George Smoult Fagan, Esq, B A., Barrister at Law, Advocate of the Supreme Court, and Pleader in the Sudder Dewanny Adawlut

In Two vols, Price Rs 24 Or if 5 or more copies are taken, Rs 21 Vol II may be had separately, Price Rs 12, or 10 Rs 8 Ans as above

বিজ্ঞাপন।

শ্রীযুত মেকফারসন সাহেবের কৃত দেওয়ানী আইনের উর্দ্দু তরজমার পুস্তক সুপ্রিম কোর্টের কৌন্সেলী ও সদর দেওয়ানী আদালতের উকিল শ্রীযুক্ত জার্জ ফেগেন সাহেবের দ্বারা প্রস্তুত হইয়া।

সংপ্রতি বাপটিষ্ট মিশনপ্রেসে মুদ্রাঙ্কিত হইয়াছে এই পুস্তক ২ বালমে সংগৃহীত ইহার মূল্য ২৪৲ টাকা।

সরকুলর রাস্তার নিকট এই পুস্তক উপরোক্ত যন্ত্রালয়ে এবং আর সি লেপেজ কোম্পানির দোকানে লালদীঘীর নিকট প্রাপ্তব্য ৫ খান কি তাহার অধিক ক্রয় করিলে ন্যূন মূল্য ২১৲ টাকায় দেওয়া যাইবেক।

দ্বিতীয় বালম স্বতন্ত্র দেওয়া যাইতে পারে মূল্য ১২৲ টাকা অধিক লইলে অর্থাৎ ৫ খান লইলে ১০ ॥০ ।= হিসাবে দেওয়া যাইবেক।

MESSRS YEATHERD AND CO,
Stone Masons and Undertakers,
No. 36, Bow Bazar
Orders promptly attended to
Terms —Moderate.

শ্রীযুত য়েথার্ড কোম্পানি।
ভাস্কর ও মুর্দ্দাফরাশ।
নং ৩৬ বাটী বহুবাজার।
হুকুম অগৌণে মানা যাইবেক।
মূল্য অল্প।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১২ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, SATURDAY, JULY 16, 1853.

কলিকাতা শনিবার ১৮৫৩ সাল ১৬ জুলাই।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT

No. 8

To the Judges in the Lower Provinces and Civil Authorities in the Non Regulation Provinces

I am instructed by the Court to transmit to you the accompanying forms of Statements No. 1, monthly and annual, and No. 5, annual, and to request that you will prepare and forward your future Statements Nos. 1 and 5, for the current year, and your monthly Statement No. 1, commencing from the month of July next, according to these revised forms. The alteration made is for the purpose of exhibiting separately suits decided on "Ikbal Dawa" or confession of judgment, from those Decided on Trial, which latter term will in future, in these Statements, include only cases decided either on appearance of the Parties or Exparte.

2. I am also desired to request that you will prepare and submit the Annual Civil Report of your district for the current year in the form annexed, which is framed so as to show the exact state of the files under each head and the amount of business transacted by each Judicial Officer, with the number and result of appeals from his decision and the opinion of his character and qualifications entertained by the Judge of the District. Any general observations which you may find it important to offer on the results exhibited in the Statements, or on the Civil Administration generally, should be appended to the Report prepared in this form.

3. In furnishing the report as above directed, you will distinctly advert also to the following subjects.

সদর দেওয়ানী আদালতের সর্কুলর অর্ডর।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব এবং আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব সমীপেষু।

সদর আদালতের হুকুমক্রমে ১ নম্বরী মাসিক ও বাৎসরিক এবং ৫ নম্বরী বার্ষিক কৈফিয়তের নীচের লিখিত পাঠ তোমার নিকটে পাঠাইতেছি এবং আদেশ করিতেছি যে তুমি বর্ত্তমান বৎসরের নিমিত্তে তোমার উত্তর কালীন ১ ও ৫ নম্বরী কৈফিয়ৎ এবং আগামি জুলাই মাসঅবধি তোমার ১ নম্বরী মাসিক কৈফিয়ৎ এই সংশোধিত পাঠানুসারে প্রস্তুত করিয়া পাঠাও। যে মোকদ্দমা "ইকবাল দাওয়া" ক্রমে অর্থাৎ দায়ের কবুলক্রমে নিষ্পত্তি হইয়াছে এবং যে মোকদ্দমা "বিচারক্রমে নিষ্পন্ন" হইয়াছে তাহা পৃথকরূপে দেখাইবার অভিপ্রায়ে পাঠের পরিবর্ত্তন হইয়াছে। উত্তর কালে এই কৈফিয়তের মধ্যে "বিচারক্রমে নিষ্পত্তি হওয়" মোকদ্দমা এই শব্দের মধ্যে যে মোকদ্দমার বাদিপ্রতিবাদী উপস্থিত থাকিয়া, অথবা একতরফা, নিষ্পত্তি হইয়াছে কেবল সেই২ মোকদ্দমা গণ্য হইবেক।

২। আরো হুকুমক্রমে আদেশ করিতেছি যে তুমি আপন জিলার বর্ত্তমান বৎসরের বার্ষিক দেওয়ানী রিপোর্ট নীচের লিখিত পাঠানুসারে প্রস্তুত করিয়া পাঠাও। এ পাঠ এমন করা গিয়াছে যে তদ্দ্বারা প্রত্যেক বিষয়ে নথীর প্রকৃত অবস্থা দৃষ্ট হইবেক, এবং প্রত্যেক বিচারকর্ত্তা যত কার্য্য নির্বাহ করিয়াছেন তাহা, এবং তাঁহার ডিক্রীর উপর আপীলের সংখ্যা ও ফল, এবং সরকারী কার্য্য সম্পর্কে তাঁহার আচারের ও ক্ষমতার বিষয়ে জিলার জজ সাহেবের যে মত, তাহা দৃষ্ট হইবেক। কৈফিয়তে যে ফল দৃষ্ট হয় তাহার বিষয়ে কিম্বা সাধারণমতে দেওয়ানী কার্য্য নির্ব্বাহের বিষয়ে তুমি যে কোন সাধারণ মন্তব্য কথা লেখা প্রয়োজন বোধ কর তাহা তোমার এই পাঠানুসারে প্রস্তুত করা রিপোর্টের শেষে লেখা উচিত।

৩। উপরের নির্দিষ্টমতে রিপোর্ট প্রেরণ সময়ে তুমি নীচের লিখিত বিষয়ও স্পষ্টরূপে উল্লেখ করিবা।

1st. The state of the Registers, and whether they are regularly kept up according to the Regulations and orders of the Court, and are, with the Indices, in good order.	See Cir. Order No. 215, 23 Dec., 1836, (See Nizamut Cir. Order Book.) See Cir. Ord. No. 31, 8th March, 1839. See Cir. Order No. 62, 31st January, 1845.
2nd. The state of the Buhee-yad Dashts.	See Cir. Order No. 31, 8th March, 1839.
3rd. The state generally of the Records, and *the years* up to which they have been duly arranged according to the Court's several Circulars on that subject.	See Cir. Order No. 154, 18th June, 1841. See Cir. Order No. 77, 23d January, 1845. See Cir. Order No. 167, 3d March, 1852. See Cir. Order No. 181, 22d June, 1852 See Cir. Order No. 182, 30th June, 1852.
4th. The state of the Vernacular Gazettes, and if they are regularly filed and preserved by the Uncovenanted Judges.	See Cir Order of 16th September, 1842. See Cir. Order No. 90, 17th June, 1845
5th. The progress made in introducing the practice of trying regular suits and appeals on stated issues, previously interchanged between the parties, or their pleaders and filed on the record.	See Cir Order No. 154, 20th November, 1851
6th. The Security of the Treasurer, Nazir, &c.	See Cir Order No. 34, 23rd September, 1831
7th. The result of the experimental employment of translators to the Judge's Court (in districts in which this experiment has been authorized.)	See Court's letters to certain Judges No. 428, of March 29th, 1853, and No. 547, of April 22d, 1853.

4. You are requested to distinguish carefully in part 2, of Statement No. 1, by the use of the words "1st Grade," Moonsiffs of the 1st Grade from others of the ordinary grade, continuing to append the letter D. to such Moonsiffs, whether of the 1st or ordinary grade, as are holders of diplomas.

5. The above Report and the Annual Statements connected therewith, must be forwarded to this Office on or before the 1st of February of every year after they become due

(Signed) B. J Colvin, *Register.*

Fort William, the 25th April, 1853.

(True Copy.)

R. Stuart, *Asstt. Register.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৬ জুলাই।]

১। রেজিষ্টরের অবস্থা এবং তাহা আইন ও আদালতের হুকুম অনুসারে নিয়মমতে রাখা যাইতেছে কি না এবং ফিরিস্তি সমেত সদবস্থায় আছে কি না।

(১৮৩৬ সালের ২ ডিসেম্বরের ২১৫ নম্বরী সরকুলর অর্ডর দেখ। (সদর নিজামতের সরকুলর অর্ডরের বহী দেখ) আরো ১৮৩৯ সালের ৮ মার্চের ৩১ নম্বরী এবং ১৮৪৫ সালের ৩১ জানুআরির ৬২ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

২। ইয়াদ্দাশত বহীর অবস্থা।

(১৮৩৯ সালের ৮ মার্চের ৩১ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

৩। সাধারণমতে আদালতের কাগজপত্রের অবস্থা এবং তদ্বিষয়ে সদর আদালতের নানা সরকুলর অনুসারে তাহা যেং বৎসরপর্য্যন্ত উপযুক্তমতে সাজান গিয়াছে তাহা।

(১৮৪১ সালের ১৮ জুনের ১৫৪ নম্বরী। এবং ১৮৪৫ সালের ২৩ জানুআরির ৭৭ নম্বরী। এবং ১৮৫২ সালের ৩ মার্চের ১৬৭ নম্বরী। এবং ১৮৫২ সালের ২২ জুনের ১৮১ নম্বরী এবং ১৮৫২ সালের ৩০ জুনের ১৮২ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

৪। দেশীয় ভাষার গেজেটের অবস্থা এবং অচিহ্নিত বিচারকর্ত্তারা তাহা নিয়মমতে নথীতে গাঁথেন ও রক্ষা করেন কি না।

(১৮৪২ সালের ১৬ সেপ্টেম্বর ও ১৮৪৫ সালের ১৭ জুনের ৯৯ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

৫। বাদিপ্রতিবাদির মধ্যে কিম্বা তাহারদের উকীলেরদের মধ্যে যে ইসু পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়া রে যদাদের শামিল করা যায় সেই নির্দ্দিষ্ট ইসুক্রমে নম্বরী মোকদ্দম ও আপীল বিচার করণের ব্যবহার চলন বিষয়ে যেপর্য্যন্ত কার্য্য হইতেছে।

(১৮৫১ সালের ২০ নবেম্বরের ১৫৪ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

৬। খাজাঞ্চী ও নাজিরপ্রভৃতির জামিন।

(১৮৩১ সালের ২৩ সেপ্টেম্বরের ৩৪ নম্বরী সরকুলর অর্ডর দেখ।)

৭। যেং জিলার মধ্যে জজ সাহেবের আদালতে তরজমাকারক পরীক্ষার নিমিত্তে নিযুক্ত হইয়াছেন সেইং জিলাতে ঐ পরীক্ষার ফল।

(কএক জন জজ সাহেবের প্রতি সদর আদালতের ১৮৫৩ সালের ২৯ মার্চের ৪১৮ নম্বরী এবং ১৮৫৩ সালের ২২ আপ্রিলের ৫৪৭ নম্বরী পত্র দেখ।)

৪। তোমাকে আদেশ করা যাইতেছে যে ১ নম্বরী কৈফিয়তের ২ ভাগে প্রথম শ্রেণীর মুনসেফদিগকে সাধারণ শ্রেণীর অন্য মুনসেফেরদেরহইতে ভিন্ন করিবার নিমিত্তে "প্রথম শ্রেণীর" এই শব্দ ব্যবহার কর এবং প্রথম কি সাধারণ যে শ্রেণীর যে সকল মুনসেফ যোগ্যতার পত্র পাইয়াছেন তাহারদের নামের পর D এই অক্ষর লিখিতে থাকে।

৫। উক্ত রিপোর্ট ও তাহাতে সংযুক্ত বার্ষিক কৈফিয়ৎ যে বৎসরের নিমিত্তে হয় তাহার পর বৎসরের ১ ফেব্রুআরি তারিখে কি তাহার পূর্ব্বে এই দপ্তরখানায় পাঠাইতে হইবেক।

জি জে কলবিন। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩। ১৫ আপ্রেল।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।

আসিস্টান্ট রেজিষ্টর।

FORM OF ANNUAL CIVIL REPORT.

No.

To the Register of the Sudder Dewanny Adawlut.

With reference to the Court's Circular Order No 8, dated the 25th April last, I have the honor of reporting on the administration of Civil Justice in this District for the past year

2. The following was the state of the Regular files on the 1st January, 185 and 1st January, 185 .

185 —— 185 – –

Judge – – ———
P S. Ameen ———
S. Ameen ———
Moonsiffs ———

showing in the number pending on the last mentioned date, ——— ——— of ——— ——— Suits and Appeals

(Here enter any explanatory remarks that may be thought necessary)

3. The number of Suits and Appeals instituted during the past two years, as per margin* shows of ——— ——— in the year under review.

* Instituted	185	185
Judge		
P. S Ameen		
S Ameen		
Moonsiffs		

(Here any explanation as above)

4 The number of Suits and Appeals decided on trial and finally disposed of in the years 185 —— and 185 —— is given in the margin * and shows ——— in the former of ——— ——— ——— and in the latter of ——— ——— in the year under review

* Disposed of by	185 Decided on Trial	185 Finally disposed of	185 Decided on Trial	185 Finally disposed of
Judge,				
P. S. Ameen,				
S. Ameen,				
Moonsiffs,				
Total,				
Increase,				
Decrease,				

(As above)

5 The state of the files as regards Suits and Appeals pending above one year, stood on the 1st January, 185 and 1st January, 185

185 —— 185 ——

Judge ——— ———
P. S. Ameen ——— ———
S Ameen ———
Moonsiffs ———

showing on the last mentioned date ——— of ——— Suits and Appeals

(As above)

6. The state of the Miscellaneous files was, on the 1st January, 185 and 1st January, 185 as follows :—

185 —— 185 -

Judge ———
P. S Ameen ———
S Ameen ———
Moonsiffs ———

showing ——— in the number pending on the last mentioned date ——— cases.

(As above)

[সম্বাদ ভাস্কর। ১৮৫৩। ১৬ জুলাই।]

বার্ষিক দেওয়ানী রিপোর্টের পাঠ।

অমুক নম্বর।

সদর দেওয়ানী আদালতের শ্রীযুক্ত রেজিষ্টর সাহেব বরাবরেষু।

সদর আদালতের গত আপ্রিল মাসের ২৫ তারিখের ৮ নম্বরী সরকুলর অর্ডরের উপলক্ষে এই জিলাতে গত বৎসরের দেওয়ানী কার্য্য নির্ব্বাহের রিপোর্ট পাঠাইতেছি।

২। অমুক সালের ১ জানুআরি তারিখে এবং অমুক সালের ১ জানুআরি তারিখে নম্বরী মোকদ্দমার নথীর এই অবস্থা ছিল।

১৮৫ — ১৮৫ ——

জজ সাহেবের———— ————
প্রধান সদর আমীনের ————
সদর আমীনের————————
মুনসেফের——— ——— – ————

তাহাতে শেষোক্ত তারিখে উপস্থিত মোকদ্দমার অমুক সংখ্যার মধ্যে এত মোকদ্দমা ও আপীল দৃষ্ট হয়।

(যে কোন মন্তব্য কথা আবশ্যক বোধ হয় তাহা এই স্থানে লিখিতে হইবেক।)

৩। গত দুই বৎসরে যে সকল মোকদ্দমা ও আপীল উপস্থিত করা গিয়াছিল তাহার সংখ্যা * হাঁশিয়াতে লেখা আছে তাহাতে দৃষ্ট হয় গত বৎসরে এত মোকদ্দমা ছিল।

* উপস্থিত হয়। ১৮৫ ——— ১৮৫ ———
জজ সাহেবের ——— — —
প্রধান সদর আমীনের ——
সদর আমীনের ————
মুনসেফের———— – – –

(এই স্থানে উক্ত প্রকারে মন্তব্য কথা।)

৪। অমুক সালে এবং অমুক সালে যে মোকদ্দমার ও আপীলের বিচারক্রমে নিষ্পত্তি ও চূড়ান্ত নিষ্পত্তি হয় তাহার সংখ্যা হাঁশিয়াতে * প্রকাশ হইল। তাহাতে দৃষ্ট হয় গত বৎসরে প্রথমোক্ত প্রকারের এত ও শেষোক্ত প্রকারের এত মোকদ্দমা নিষ্পত্তি হয়।

* যাঁহার দ্বারা নিষ্পত্তি হয়	১৮৫		১৮৫	
	বিচারক্রমে নিষ্পত্তি	চূড়ান্ত নিষ্পত্তি	বিচারক্রমে নিষ্পত্তি	চূড়ান্ত নিষ্পত্তি
জজ সাহেব ...				
প্রধান সদর আমীন				
সদর আমীন ..				
মুনসেফ ...				
মোট				
বৃদ্ধি				
হ্রাস				

(পূর্ব্বোক্তমতে মন্তব্য কথা।)

৫। এক বৎসরের অধিক কাল উপস্থিত মোকদ্দমার ও আপীলের বিষয়ে অমুক সালের ১ জানুআরি তারিখে ও অমুক সালের ১ জানুআরি তারিখে নথী এইরূপ।

১৮৫ —— ১৮৫ ——

জজ সাহেব——————
প্রধান সদর আমীন————
সদর আমীন ——————
মুনসেফ———————

তাহাতে শেষোক্ত তারিখে এত মোকদ্দমা ও আপীল দৃষ্ট হয়।

(পূর্ব্বোক্তমতে মন্তব্য কথা।)

৬। অমুক সালের ১ জানুআরি তারিখে ও অমুক সালের ১ জানুআরি তারিখে মুৎফরক্কা মোকদ্দমার নথী এইরূপ ছিল। ১৮৫ —— ১৮৫ ——

জজ সাহেব————————
প্রধান সদর আমীন—————
সদর আমীন ———— ——
মুনসেফ ———————

তাহাতে শেষোক্ত তারিখে উপস্থিত মোকদ্দমার অমুক সংখ্যার মধ্যে এত মোকদ্দমা দৃষ্ট হইতেছে।

(পূর্ব্বোক্তমতে মন্তব্য কথা।)

[*Government Gazette*, 16*th July*, 1853.]

7. The statement in the margin* shows the number of Miscellaneous cases instituted and disposed of in the years 185 and 185 as also the number of cases of above one year's standing at the close of those years respectively.

		Instituted.	Disposed of by an order on their merits.	Finally disposed of.	Pending above one year.
*185	Judge, P. S Ameen, S. Ameen, Moonsiffs,				
	Total,				
185	Judge, P S Ameen, S Ameen, Moonsiffs,				
	Total,				
	Increase,				
	Decrease,				

(As above)

8 Mr ——— ——— —— —— was Judge throughout the year He sat during it ——————— days for the disposal of Civil business, to - —— ——— days devoted to it in the year 185

(Here enter any explanation as to the state of the Judge's file)

9 —— —— —— — — was Principal Sudder Ameen of the district throughout the year The result of the Appeals disposed of during the year and the number preferred in it are given in the margin *

(Here enter remarks on the state of the P. S A-meen s file, his character, &)

*Name and official designation.	Appeals preferred in 185	Confirmed	Reversed or modified

10 —— —— ——— was Sudder Ameen of the district throughout the year The number of suits decided on trial, the number of Appeals preferred from his decisions, and the result of those disposed of during the year, is shown in the margin *

	1	2	3	4
		Appeals		
*Name, &c.	Decided on Trial.	Preferred during the year	Number confirmed.	Number reversed or modified.

(As above)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৬ জুলাই।]

৭। হাঁশিয়াতে * যে কৈফিয়ৎ আছে তাহাতে অমুক সালে ও অমুক সালে উপস্থিতহওয়া ও নিষ্পত্তিহওয়া মুৎফরক্কা মোকদ্দমার সংখ্যা দৃষ্ট হয় এবং ঐ২ বৎসরের শেষে যে২ মোকদ্দমা এক বৎসরের অধিক কাল উপস্থিত ছিল তাহার সংখ্যা দৃষ্ট হয়।

*		উপস্থিত	দোষগুণক্রমে হুকুম হইয়া নিষ্পত্তি হয়	চূড়ান্ত নিষ্পত্তি হয়	এক বৎসরের অধীক কাল উপস্থিত
১৮৫	জজ সাহেব ...				
	প্রধান সদর আমীন				
	সদর আমীন ..				
	মুনসেফ				
	মোট				
১৮৫	জজ সাহেব ..				
	প্রধান সদরআমীন				
	সদর আমীন ...				
	মুনসেফ... ...				
	মোট				
	বৃদ্ধি				
	হ্রাস				

(পূর্ব্বোক্তক্রমতে মন্তব্য কথা।)

৮। শ্রী অমুক সাহেব সমস্ত বৎসর জজ ছিলেন। তিনি দেওয়ানী কার্য্য নির্ব্বাহের নিমিত্তে অমুক সালে এত দিন বসিয়াছিলেন গত বৎসরে এত দিন বসেন।

(জজ সাহেবের নথীর বিষয়ে কোন মন্তব্য কথা থাকিলে এই স্থলে লেখ।)

৯। শ্রী অমুক সমস্ত বৎসর জিলার প্রধান সদর আমীন ছিলেন। ঐ বৎসরে যে সকল আপীলের নিষ্পত্তি হয় তাহার ফল ও যত আপীল উপস্থিত করা যায় তাহার সংখ্যা * হাঁশিয়াতে লেখা আছে।

* নাম ও পদের খ্যাতি	অমুক সালে যে আপীল হয়	যত বহাল হয়	অন্যথা কি মতান্তর হয়

(এই স্থলে প্রধান সদর আমীনের নথীর বিষয়ে ও তাঁহার আচারপ্রভৃতির বিষয়ে মন্তব্য কথা লেখ।)

১০। শ্রী অমুক সমস্ত বৎসর জিলার সদর আমীন ছিলেন। বৎসরের মধ্যে বিচারক্রমে যত মোকদ্দমা নিষ্পত্তি হয় ও তাঁহার হুকুমের উপর যত আপীল হয় ও নিষ্পত্তি হওয়া আপীলের ফল হাঁশিয়াতে * প্রকাশ আছে।

	১	২	৩	৪
		আপীল		
নামপ্রভৃতি	বিচারক্রমে নিষ্পত্তি	বৎসরে উপস্থিত হয়	যত বহাল হয়	যত অন্যথা কি মতান্তর হয়

(পূর্ব্বোক্তক্রমতে মন্তব্য কথা।)

* Name and Station.	1	2	3	4	5	6	7	8	9	10	11
									Appeals.		
	No of cases under trial in the course of the year	Decided exparte.	Decided on trial	Total decided on trial.	Dismissed on default	Withdrawn or adjusted	Ikbal Dawa.	Total cases disposed of.	Preferred during the year.	Number confirmed.	Number reversed or modified
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Moonsiff of											
Total,											

11. **The Statement in the margin* exhibits the total number of cases disposed of by each Moonsiff, the number of Appeals preferred from their decisions, and the result of the Appeals disposed of during the period under review.**

(As above regarding each Moonsiff.)

General Remarks.

(Here such general remarks as may be thought necessary.)

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE

No. 9

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of — —. Dated Fort William, the 7th June, 1853.

I am directed by the Board of Revenue to forward herewith a set of Rules, which they have drawn up for the observance of Revenue Offices in the execution of Summary Decrees.

(Signed) A. Grote,
Offg. Secretary.

Board of Revenue,
Lower Provinces.

Rules for the Execution of Summary Decrees.

1. All decrees in Summary Suits shall contain provision for immediate execution, as required by the Board's Circular Order, No. 11, dated 24th April, 1841.

2. Decrees shall be prepared and presented for

সদর বোর্ড রেবিনিউর সরকুলের অর্ডর।

৯ নম্বর।

অমুক এলাকার বাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৭ জুন।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে ইহার সঙ্গে এক প্রস্থ বিধান তোমার নিকটে পাঠাইতেছি। সরাসরী ডিক্রী জারী করণেতে রাজস্বের কার্য্যকারকেরদের পালন করিবার নিমিত্তে বোর্ডের সাহেবের এ বিধান করিয়াছেন।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

সরাসরী ডিক্রী জারী করণের বিধান।

১। সদর বোর্ডের ১৮৪১ সালের ২৪ আপ্রিল তারিখের ১১ নম্বরী সরকুলর অর্ডরে যেমন হুকুম হইয়াছিল তেমন সরাসরী মোকদ্দমার সকল ডিক্রীর মধ্যে, ঐ ডিক্রী অবিলম্বে জারী করণের হুকুম লিখিতে হইবেক।

২। যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, কিন্তু ডিক্রীর

নাম ও মোকাম।	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
									আপীল		
	বৎসরের মধ্যে যত মোকদ্দমার বিচার হয়।	একতরফা ডিক্রী হয়।	বিচারক্রমে ডিক্রী হয়।	বিচারক্রমে নিষ্পত্তি হওয়া মোকদ্দমার মোট।	কতিপড়ুক ডিসমিস হয়।	উঠিয়া লওয়া যায় কি রফা হয়।	ইস্তফা দাওয়া।	নিষ্পত্তি হওয়া মোকদ্দমার মোট।	বৎসরে উপস্থিত করা যায়।	যত বহাল হয়।	যত অন্যথা কি মতান্তর হয়।
অমুক স্থানের মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
,, মুনসেফ											
মোট											

১১। হাঁশিয়াতে * যে কৈফিয়ৎ আছে তাহাতে প্রত্যেক মুনসেফ গত বৎসরে যত মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহার মোট ও তাঁহারদের হুকুমের উপর যত আপীল হয় ও নিষ্পত্তিকরা আপীলের ফল দৃষ্ট হয়।

(প্রত্যেক মুনসেফের বিষয়ে পূর্ব্বমতে এই স্থলে মন্তব্য কথা।)

সাধারণ

মন্তব্য কথা।

(যে সাধারণ মন্তব্য কথা আবশ্যক বোধ হয় তাহা এই স্থলে লিখিতে হইবেক।)

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

signature as soon as possible, and in no case later than the fifth day from the date thereof; and the presiding Officer shall, under his signature, write the date on which the decree was signed.

3. A writ of execution, drawn up in the form No. 5 attached to Circular Order No. 22, dated 12th August, 1846, and also a writ of attachment and sale drawn up in the form annexed, shall be presented for signature with the decree.

4. The writ of execution and the writ of attachment and sale shall be sent from the Summary Suit department to the Nazir's office not later than the third day from the date on which the decree was signed.

তারিখঅবধি পঞ্চম দিবসের পর কখন না হয়, ডিক্রী প্রস্তুত হইয়া দস্তখৎ হইবার নিমিত্তে দরপেশ করা যাইবেক এবং ডিক্রীতে যে তারিখে দস্তখৎ করা যায় তাহা কর্ত্তৃঅকারি বিচারকর্ত্তা আপন দস্তখতের নীচে লিখিবেন।

৩। ১৮৪৬ সালের ১২ আগষ্ট তারিখের ২২ নম্বরী সরকুলর অর্ডরে সংযুক্ত যে ৫ নম্বরী পাঠ আছে সেই পাঠানুসারে লিখিত ডিক্রীজারীর এক পরওয়ানা এবং এই সরকুলর অর্ডরে সংযুক্ত পাঠানুসারে ক্রোকের ও নীলামের এক পরওয়ানা দস্তখৎ হইবার নিমিত্তে ডিক্রীর সঙ্গে দরপেশ করা যাইবেক।

৪। যে তারিখে ডিক্রীতে দস্তখৎ হয় সেই তারিখঅবধি তৃতীয় দিবসের পর না হয় ঐ ডিক্রীজারীর পরওয়ানা এবং ক্রোকের ও নীলামের পরওয়ানা সরাসরী মোকদ্দমার সিরিশ্তাহইতে নাজিরের দফ্তরখানায় পাঠান যাইবেক।

5. Should the defendant be in attendance on bail under the provisions of Section XVI. Regulation XIX. of 1817, he will be committed to Jail unless he shall pay the sum decreed, immediately upon the decree-holder making the necessary deposit of subsistence allowance.

6. Should the defendant not be in attendance, the Nazir will issue the writs specified in Rule 3, immediately on the decree-holder depositing the requisite tulubana, provided he makes the deposit within 15 days from the date on which the writ reached the Nazir's office. If the tulubana be not paid before the 15th day, the writ will be returned by the Nazir with an endorsement to that effect, and the case will, as a matter of course, be struck off the file of pending cases.

7. When a defendant shall have given security under Section XVI. Regulation XIX. of 1817, the writ of execution and the writ of attachment and sale will uniformly include the surety as well as the defendant.

8. A case struck off the file under Rule 6, may be re-admitted on petition from the decree-holder, if presented within the period prescribed by Law. On receipt of such petition the writs will be returned to the Nazir with orders for immediate execution, if within one year from the date of the decision. If more than a year has elapsed, the Collector will serve the party with notice to show cause why the decree should not be executed against him. If the necessary tulubana be not deposited within 15 days, the case will be again struck off the file as prescribed in Rule 6.

Form of Writ of Sale of Personal Property in execution of Summary Decree.

To *Nazir*

Plaintiff *Defendant*

Whereas a writ of execution bearing this date, in the case noted above, has been directed to you, should the defendant not be found, or if found not pay the amount of the decree, you will proceed forthwith to attach such of his personal property as the defendant may point out, and convey it to the office of the Sale Commissioner of the pergunnah, or if it be of a nature not to be conveniently removed, leave it in the custody of a peada, and convey a list of the same to the Sale Commissioner, who on view of this perwannah will after due notice sell the same, or so much of it as will satisfy the plaintiff's claim, to the best advantage, and having deducted his commission, pay the remaining proceeds to the plaintiff. or, in his absence, remit the same to you for deposit in this office till plaintiff shall apply for it.

Board of Revenue, Lower Provinces,
Fort William, the 7th June, 1853.

(Signed) A. GROTE,
Officiating Secretary.

৫। যদি আসামী ১৮১৭ সালের ১৯ আইনের ১৬ ধারার বিধানমতে জামিনীতে হাজির হয় তবে সে ডিক্রীর টাকা না দিলে, ডিক্রীদার তাহার খোরাকীর আবশ্যক টাকা আমানৎ করিবামাত্র, ঐ আসামাকে জেলখানায় কয়েদ করা যাইবেক।

৬। যদি আসামী হাজির না হয় তবে ডিক্রীদার উপযুক্ত তলবানা দাখিল করিবামাত্র নাজির ৩ বিধানের নির্দ্দিষ্ট পরওয়ানা জারী করিবেন কিন্তু ঐ পরওয়ানা নাজিরের দফ্তরখানায় পঁহুছিবার পর পনের দিনের মধ্যে ঐ তলবানা দাখিল করিতে হইবেক। যদি পঞ্চদশ দিবসপর্য্যন্ত তলবানা না দেওয়া যায় তবে নাজির ঐ মর্ম্মের কথা পরওয়ানার পৃষ্ঠে লিখিয়া ফিরিয়া পাঠাইবেন এবং মোকদ্দম কায়েং উপস্থিত মোকদ্দমার নথীহইতে খারিজ করা যাইবেক।

৭। যদি আসামী ১৮১৭ সালের ১৯ আইনের ১৬ ধারানুসারে জামিন দিয়া থাকে তবে ডিক্রীজারীর পরওয়ানা এবং ক্রোক ও নীলামের পরওয়ানা যেমন আসামীর নামে হয় তেমনি সর্ব্বদাই তাহার জামিনের নামেও হইবেক।

৮। ৬ বিধানানুসারে যে মোকদ্দমা নথীহইতে খারিজ হইয়াছে তাহা ডিক্রীদারের দরখাস্তমতে পুনশ্চ গ্রাহ্য হইতে পারে কিন্তু ঐ দরখাস্ত আইনের নির্দ্দিষ্ট মিয়াদের মধ্যে দাখিল করিতে হইবেক। ঐ প্রকার দরখাস্ত পাওয়া গেলে ঐ পরওয়ানা নাজিরের নিকটে ফিরিয়া পাঠান যাইবেক, এবং যদি ডিক্রীর তারিখের পর এক বৎসরের মধ্যে হয় তবে তাহা অগৌণে জারী করিবার হুকুম ঐ পরওয়ানার সঙ্গে দেওয়া যাইবেক। যদি এক বৎসরের অধিক কাল অতীত হইয়াছে তবে আসামীর বিরুদ্ধে ডিক্রীজারী না হয় এমত হেতু দর্শাইবার নিমিত্তে কালেক্টর সাহেব তাহার নামে এত্তেলা জারী করিবেন। যদি আবশ্যক তলবানা পনেরো দিনের মধ্যে দাখিল না করা যায় তবে ৬ বিধানের নির্দ্দিষ্টমতে মোকদ্দমা পুনরায় নথীহইতে খারিজ করা যাইবেক।

সরাসরী ডিক্রী জারীক্রমে অস্থাবর সম্পত্তির পরওয়ানার পাঠ।

শ্রীঅমুক। নাজির প্রতি আগে।

শ্রীঅমুক ফরিয়াদী। শ্রীঅমুক আসামী।

যেহেতুক উপরের উক্ত মোকদ্দমায় অদ্যকার তারিখে ডিক্রীজারীর পরওয়ানা তোমার নামে হইয়াছে অতএব যদি আসামীকে পাওয়া না যায় কিম্বা পাওয়া গেলেও যদি ডিক্রীর টাকা না দেয় তবে আসামী আপনার যে অস্থাবর সম্পত্তি দেখাইয়া দেয় তাহা তুমি অগৌণে ক্রোক করিয়া পরগনার ফরোশ আমীনের দফ্তরখানায় পাঠাইবা কিম্বা যদি ঐ সম্পত্তি এমন বিষয় হয় যে তাহা অক্লেশে স্থানান্তর করা যায় না তবে তুমি তাহা এক জন পেয়াদার জিম্মায় রাখিয়া তাহার এক ফর্দ্দ ফরোশ আমীনের নিকটে পাঠাইবা। ঐ আমীন এই পরওয়ানা দেখিয়া উপযুক্ত এত্তেলা দিলে পর যে অতিউচ্চ মূল্য পাইতে পারে সেই মূল্যে ঐ সকল সম্পত্তি, অথবা তাহার যত সম্পত্তি বিক্রয় করিলে ফরিয়াদীর দাওয়া পোষায় তত বিক্রয় করিবেক এবং আপনার কমিসান বাদ দিয়া অবশিষ্ট উৎপন্ন টাকা ফরিয়াদীকে দিবেক অথবা ফরিয়াদী হাজির না হইলে ঐ উৎপন্ন টাকা তোমার নিকটে পাঠাইবেক এবং ফরিয়াদী যাবৎ তাহার বিষয়ে দরখাস্ত না করে তাবৎ এই দফ্তরখানায় তাহা আমানৎ রাখিবা।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৭ জুন।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ১৬ জুলাই।]

No. 10.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 24th June, 1853.

With reference to Articles VII. to XI. of the Rules of Practice of 1842, and to para. 8 of their Circular of the 30th April, 1852, No. 7, I am desired by the Board of Revenue to direct that, in the returns of settlements confirmed by Collectors and Commissioners, a new column be introduced immediately before the column showing the former jumma, to be headed "date of order sanctioning former jumma." This alteration is necessary to enable the office of Account to trace the authority under which the former jumma was sanctioned, and thus to facilitate the checks employed in that office.

2nd. It is not necessary to make any change in the form of the return of permanent settlements confirmed, prescribed by Circular Order dated the 23rd April, 1844. No. 7, as this return is submitted only to the Board and Government, and is not enjoined for purposes of account.

3rd. You will instruct the Collectors also to bear in mind, whenever they have occasion to recommend abatements or alterations of jumma, invariably to specify the amount of the old jumma to be abated or altered, and the authority under which that jumma was sanctioned. With this information regularly supplied, the Board will be able to furnish their returns to the Accountant in a form sufficient for all purposes of check in that department.

(Signed) A. GROTE,
Officiating Secretary.

Board of Revenue, Lower Provinces.

১০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৪ জুন।

১৮৪২ সালের কার্য্যের বিধানের ৭,৮,৯,১০.১১ দফার এবং বোর্ড রেবিনিউর ১৮৫২ সালের ৩০ আপ্রিল তারিখের ৭ নম্বরী সরক্যুলর অর্ডরের ৮ দফার উপলক্ষে বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে আদেশ করিতেছি যে কালেক্টর সাহেবেরদের ও কমিস্যনর সাহেবেরদের মঞ্জুর করা বন্দোবস্তের কৈফিয়তের মধ্যে যে ঘরে সাবেক জমা প্রকাশ হয় তাহার অব্যবহিত পূর্ব্বে এক নূতন ঘর কর। তাহার শিরনামায় "সাবেক জমার অনুমতি দিবার হুকুমের তারিখ" এই কথা লেখা থাকিবেক। সাবেক জমার অনুমতি যাঁহার হুকুমমতে হইয়াছে এই বিষয়ের সন্ধান হিসাবসম্পর্কীয় দফ্তরখানার কার্য্যকারকেরদের পাইতে পারিবার নিমিত্তে এবং তদ্দ্বারা ঐ দফ্তরখানার মোকাবিলার যে উপায় আছে তাহা সহজ হইবার নিমিত্তে ঐ কৈফিয়তের উক্ত প্রকার পরিবর্ত্তনের আবশ্যক আছে।

২। যে ইস্তমরারি বন্দোবস্ত মঞ্জুর হয় তাহার কৈফিয়তের যে পাঠ ১৮৪৪ সালের ২৩ আপ্রিল তারিখের ৭ নম্বরী সরক্যুলর অর্ডরে নির্দ্দিষ্ট হইয়াছে সেই পাঠের কোন পরিবর্ত্তনের আবশ্যক নাই যেহেতুক ঐ কৈফিয়ৎ কেবল বোর্ডের ও গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করা যায় এবং হিসাবসম্পর্কীয় অভিপ্রায়ে তাহা করিবার হুকুম হয় নাই।

৩। আরো কালেক্টর সাহেবদিগকে এই বিষয়ে মনোযোগ করিতে কহিবা যে তাঁহারদের যখন জমা কমা করণের কি বদল করণের পরামর্শ দিতে হয় তখন সাবেক যে জমা কমা কি বদল করিতে হইবেক তাহা যত আছে এবং সেই জমার অনুমতি যাঁহার হুকুমমতে হইয়াছিল তাহা সর্ব্বদাই নির্দ্দিষ্ট করেন। এই সম্বাদ নিয়মমতে পাইলে বোর্ডের সাহেবেরা, আকৌণ্টেণ্ট সাহেবের সম্পূর্ণ হিসাবের মোকাবিলার সকল অভিপ্রায়ের নিমিত্ত উপযুক্ত এক পাঠে আপনারদের রিটর্ণ ঐ সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

JOHN ROBINSON, *Bengalee Translator*

ভারতবর্ষের শ্রীযুত সরবেয়র জেনরল সাহেবের দফ্তরখানায় পাতরে ও তামাতে খোদা যে সকল নক্শা বিক্রয়ার্থে আছে ১৮৫৩ সালের ১ মে তারিখপর্য্যন্ত তাহার সংশোধিত ফর্দ্দ।

জিলার নক্শা। তাহাতে ১ ইঞ্চি পরিমাণে ইঙ্গরেজী ১ মাইল বুঝায়। এই নক্শাতে গ্রামের সীমা দৃষ্ট হয়।

বালেশ্বর।	৮ খণ্ড	এই তিন জিলাতে উড়িয্যা দেশ হয়	১২ টাকা
কটক।	১৫ ঐ		১৬ „
পুরী।	৯ ঐ		১২ „
বেহার	৩৫ ঐ	দক্ষিণ বেহার ...	৩২ „
পাটনা	১৫ ঐ		১৬ „
শাহাবাদ	১৬ ঐ		১৬ „
সারণ	২৮ ঐ	... .	২৫ „
জঙ্গলী	এক তক্তা কাগজে ...	...	৫ „
কাছাড়	এক ঐ ...	...	৪ „
হিজলী	এক তক্তা বড় কাগজে	...	৮ „

বাঙ্গলা দেশস্থ জিলার পরগনার যে নক্শা পাওয়া যায় তাহাতে এক ইঞ্চি পরিমাণে ১ মাইল বুঝায় এবং গ্রামের সীমা দৃষ্ট হয়। রঙ্গকরা নক্শার মূল্য ২৲ টাকা।

জিলা ভাগলপুর।

১ নম্বরী পরগনা	ভাগলপুর, খেড়ী, হাজারটকী ও সতীহারী এক তক্তা কাগজে।
২ „ „	কাহলগাঁ, ও মণিহারী এক তক্তা কাগজে।
৩ „ „	তেলিয়াগড়া ও যমুনী এক তক্তা কাগজে।
৪ „ „	মথরাবাদী, জাহাঙ্গীরা ও লক্ষ্মণপুর এক তক্তা কাগজে।
৫ „ „	কাঁকজোল, বাহাদুরপুর ও চিতৌলিয়া এক তক্তা কাগজে।
৬ „ „	সুলতানাবাদ এক তক্তা কাগজে।
৭ „ „	অম্বার এক তক্তা কাগজে।

বীরভূম জিলা।

১ নম্বরী পরগনা	সেনো ও মল্লারপুর এক তক্তা কাগজে।

২ „ তপ্পা — হরিপুর ও মহম্মদাবাদ এবং পরগনা জুকমাপুর ও কটা ও আখবারশাহী ধাওয়া এক তক্তা কাগজে।

৩ „ পরগনা — জৈনুজ্জুল ও আলিনগর এক তক্তা কাগজে।

কটক মধ্যমাংশ।

১ নম্বরী পরগনা — অলন্তী, এরকপুর, কুণ্ড জয়পুর, খিরওয়ালকুণ্ড, কাচীকুণ্ড, মাৎকট নগর, সুঙ্গরা, সরস্বতী, করিমুল পদ্মপুর, ও কোকওয়াকুণ্ড এক তক্তা কাগজে।

২ „ „ — বহুটেরা, বারাণ, কেলাকয়মা, কয়মা ও কিসমৎ কয়মা এক তক্তা কাগজে।

৩ „ „ — মঞ্জুরী এবং যাজপুর ও সাহেবনগর ও মাৎকটাবাদ পরগনার এক২ অংশ এক তক্তা কাগজে।— ১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।

জিলা চাটিগাঁ।

১ নম্বরী পরগনা কুতবদিয়া।
২ „ „ মাশকাল।
৩ „ „ নিজামপুর ১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।
৪ „ থানা সাতকন্যা।
৫ „ „ ফটিকচেরী।
৬ „ „ হাটহাজারি।
৭ „ „ ইসলামাবাদ।
৮ „ „ পটিয়া।
৯ „ „ তীকনাফ।
১০ „ „ রাওজান।
১১ „ „ রামু।
১২ „ „ চকেরিয়া।

জিলা হিজলী।

(১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।)

১ নম্বরী পরগনা নরওয়া মুঠা।
২ „ „ কিসমৎ পটাশপুর।
৩ „ „ পাহাড়পুর।
৪ „ „ দন্তকরাই।
৫ „ „ কালিন্দী বালশায়ী।
৬ „ „ জালা মুঠা।
৭ „ „ বোগরাই। খালসা বোগরাই ও খাদুয়া গাঁওমেব … … (১ তক্তা কাগজে।)
৮ „ „ এরিঞ্চ, পার বিসিয়ান, কসবা হিজলী ও বাইন্দা বাজার এক তক্তা কাগজে।
৯ „ „ মাজনা মুঠা, শরিফাবাদ, দক্ষিণ মাল, কিসমৎ শিবপুর, মাজনা নয়াবাদ, কেওরা মাল নওয়াবাদ, বালিঘোড়া ও আমীরাবাদ এক তক্তা কাগজে।

(১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।)

১০ নম্বরী পরগনা তমলুক।
১১ „ „ ময়না।
১২ „ „ বাহারী মুঠা ও বাঁইটগড় (এই দুই স্থান পরগনা দক্ষিণ মালের সঙ্গে ৯ নম্বরী পরগনা হয়) হরিপুর ও পার বেহারীপ্রভৃতির মহাল এক তক্তা কাগজে।
১৩ „ „ মহিষাদল, তেরুপাড়া, কাশিমনগর, নয়া আবাদী ও গোমাই এক তক্তা কাগজে।
১৪ „ „ সুজা মুঠা ও আরঙ্গনগর।
১৫ „ „ দুরুদুমনান।
১৬ „ „ বারঙ্গল, উড়িষ্যা বালশায়ী, মীরগদা ও কাঁকড়া চৌড় এক তক্তা কাগজে।

জিলা মুঙ্গের।

১ নম্বরী পরগনা সলীমাবাদ।
২ „ „ অমৃত্তা ১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।
৩ „ „ কজরা ঐ

জিলা মেদিনীপুর।

(১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।)

১ নম্বরী পরগনা বগড়ীভূম।
২ „ „ খড়্গপুর।
৩ „ „ বাহাদুরপুর।
৪ „ „ ঢেকিয়া বাজার।
৫ „ „ বলরামপুর।
৬ „ „ কেদার কুণ্ড।

জিলা পুরী।

১ নম্বরী পরগনা কোঠদেশ।
২ „ „ অনন্ত্রুদ, দুমারকুণ্ড, বাঞ্চাশ খোদার, খুরলু, আষ্টুঙ্গ, অঠেসো তপ্পা কনমন মাৎগটপৎনা ও কীল: মেরিচপুর এক তক্তা কাগজে।
৩ „ „ ওলধার, ও পরগনা রাহঙ্গের এক অংশ, পূর্ব্বদোআই, পশ্চিম দোআই, কোটুঙ্গ, ও লিম্বাই এক তক্তা কাগজে।

(১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়।)

৪ „ „ সেরাইন, তাহার মধ্যে তালুক সাতমোজা, বর্ম্মকুণ্ডপুর, ও কৃষ্ণনগর, জিলা বলভদ্রপুর রামেশ্বর, তাপঙ্গ, ও পরগনা লিম্বাই এক তক্তা কাগজে।
৫ „ „ চৌবিশকুদ তাহার মধ্যে কোলাস রোরঙ্গ ও কোকলু ও তালুক কৃষ্ণচন্দ্র এক তক্তা কাগজে।
৬ „ „ রাহঙ্গ।
৭ „ „ কিল্লাস বাঁকী ও ডোমপাড়ার নকশা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৬ জুলাই।]

উড়িষ্যা প্রদেশের নক্শা ... ১৲
মুঙ্গের ... ৩৲
উত্তর আসামের শিবপুর জিলা * ... ৩৲

* শহরের নক্শা।

নক্শা	মূল্য
বেহার জিলাতে গয়া ও সাহেবগঞ্জ শহর, ১ ইঞ্চি পরিমাণে ৮ মাইল বুঝায় এক তক্তা কাগজ। ...	৩৲
পাটনা শহরের নক্শা। ঐ। দুই তক্তা কাগজে ...	৫৲
পুরী জিলাতে জগন্নাথ শহরের নক্শা ১ ইঞ্চি পরিমাণে ১০ শিকলি বুঝায় এক তক্তা কাগজে ...	২৲
চাটিগাঁ সদর মোকামের নক্শা ১ ইঞ্চি পরিমাণে ৪৪০ ফুট বুঝায় এক তক্তা কাগজে	৩৲
কটক নগর ও সদর মোকামের নক্শা ১ ইঞ্চি পরিমাণে ২০ শিকলি বুঝায় এক তক্তা কাগজে ...	২৲
মুঙ্গের কিল্লার নক্শা ১ ইঞ্চি পরিমাণে ৫ শিকলি বুঝায় এক তক্তা কাগজে ...	২৲
ত্রিহুত জিলার পূসাতে ঘোড়ার বাতানের জমী ১ ইঞ্চি পরিমাণে ২০ শিকলি বুঝায় এক তক্তা কাগজে ...	১৲
কুরন্তাহদের ঘোড়ার বাতানের জমী ১ ইঞ্চি পরিমাণে ১০ শিকলি বুঝায় এক তক্তা কাগজে ...	১৲
দমদমার ছাউনি স্থানের নক্শা ১২ ইঞ্চি পরিমাণে ১ মাইল বুঝায় এক তক্তা কাগজে	২৲
চানকের ছাউনিস্থান ও লার্ড সাহেবের বাগানের নক্শা ১২ ইঞ্চি পরিমাণে ১ মাইল বুঝায় এক তক্তা কাগজে ...	২৲

ভূমির অন্তর্গত প্রস্তরাদিসম্পর্কীয় নক্শা।

নক্শা	মূল্য
আলাহাবাদঅবধি রাজমহলপর্য্যন্ত বিন্ধ্য পর্ব্বতের পূর্ব্বাঞ্চলের প্রস্তরাদিসম্পর্কীয় নক্শা। ঐ নক্শাতে কয়লার যে সকল থাক জানা আছে তাহার স্থান এবং রূপার ও তামার ও সীসা ও খুরমার এবং লোহার প্রধান২ স্থান নির্দ্দিষ্ট আছে। নক্শার পরিমাণ ৪ ফুট ১০ ইঞ্চি লম্বা, ৩ ফুট ৩ ইঞ্চি চৌড়া। ১ ইঞ্চি পরিমাণে ৮ মাইল বুঝায়...	এক বড় তক্তা কাগজে মূল্য ৮৲
জিলা মুঙ্গেরের যে অংশ গঙ্গার দক্ষিণ দিগে এবং জিলা ভাগলপুরের যে অংশ সেই দিগে আছে তাহার প্রস্তরাদিসম্পর্কীয় নক্শা তাহাতে চারি খণ্ড আছে। ১ ইঞ্চি পরিমাণে ৪ মাইল বুঝায়...	এক তক্তা কাগজে মূল্য ৩৲

উত্তর পশ্চিম দেশের যে জিলার নক্শা পাওয়া যায়। তাহাতে ১ ইঞ্চি পরিমাণে ৪ মাইল বুঝায়।

জিলা	মূল্য
আগ্রা ...	৩৲ টাকা
আজিমগড় ...	৩৲
বরেলী ...	৩৲
বারাণসী ...	৩৲
বিজনৌর ...	৩৲
বুলন্দশহর ...	৩৲
দিল্লী ...	৩৲
এতাওয়া ...	৩৲
গাজীপুর ...	৩৲
গুরগাঁও ...	৩৲
গোরক্ষপুর ...	৩৲
হরিয়াণা ...	৩৲
জৌনপুর ...	৩৲
মীরট ...	৩৲
মির্জাপুর ...	৩৲
মোরাদাবাদ ...	৩৲
পানিপৎ ...	৩৲
রুহটক ...	৩৲
শাজাহানপুর ...	৩৲

* কলিকাতায় পাতরে খোদিত হয়।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৬ জুলাই।]

নক্শা	মূল্য
উত্তর পশ্চিম দেশে রাজস্বের জরিপী জিলার নক্শার পূর্ব্বাঙ্গ তাহার মধ্যে অযোধ্যা দেশ। তাহা ত্রিকোণ যন্ত্রেতে সাধারণ জরিপী কার্য্যমতে সংশোধন করা যায়। ১ ইঞ্চি পরিমাণে ইঙ্গরেজী ১৬ মাইল বুঝায় ...	এক তক্তা কাগজে মূল্য ৬৲

নীচের লিখিত জিলার এই২ নক্শার পূর্ব্বাঙ্গ ২৲ টাকা করিয়া পাওয়া যায়। ১ ইঞ্চি পরিমাণে ৪ মাইল বুঝায়।

মেদিনীপুর।	২৪ পরগনার একাংশ ১॥০ টাকা
মুঙ্গের।	ভাগলপুর।
পূরণিয়া।	বীরভূম।
হুগলী।	মালদহ।

নানাবিধ নক্শা।

নক্শা	মূল্য
সুন্দরবনের ও জিলা চব্বিশপরগনার মধ্যে যে সীমা কাপ্তান টি প্রিন্সেপ সাহেব ১৮১৭ সালের ও ১৮২২ সালের মধ্য কোন সময়ে নির্দ্দিষ্ট করিয়াছিলেন তাহার নিরূপণের নিমিত্তে জরিপী কার্য্যের নক্শা। কাপ্তান আর স্মিথ সাহেব ১৮৪৯। ৫০ সালে ঐ নক্শার পূর্ব্বাঙ্গ করেন। তাহার ৫ খণ্ড। ১ ইঞ্চি পরিমাণে আধ মাইল বুঝায়	প্রত্যেক খণ্ড ৩ টাকা করিয়া পাওয়া যায়।
কুমাউন এবং ইঙ্গলণ্ডীয়েরদের অধিকৃত গড়ওয়াল দেশের নক্শা। তাহা ভারতবর্ষের সরবেয়র জেনরল সাহেবের দফ্তরখানায় প্রস্তুত করা গিয়াছিল এবং এঞ্জিনিয়র শ্রীযুত কাপ্তান এচ ষ্ট্রেকি সাহেব ১৮৪৬ সালে ও লেপ্টেনেণ্ট রিচার্ড ষ্ট্রেকি সাহেব ১৮৪৯ সালে ঐ দেশঅনুসন্ধান করিয়া যাহা অবগত হন তদনুসারে সংশোধিত হইয়া কলিকাতায় ১৮৫০ সালের আপ্রিল মাসে প্রকাশ হয়।	১ ইঞ্চি পরিমাণে আট মাইল বুঝায় মূল্য ৩৲ টাকা।
সিন্ধু নদের ওপারস্থ উত্তরাঞ্চলের সৈন্যসম্পর্কীয় জরিপের নক্শা, বোম্বাই দেশের ইঞ্জিনিয়রেরদের লেপ্টেনেণ্ট জে টি ওয়াকর সাহেবকর্ত্তৃক ১৮৪৯। ৫০। ৫১। ৫২ সালে প্রস্তুত হয়। ১ ইঞ্চি পরিমাণে ইঙ্গরেজী ২ মাইল বুঝায়।	মূল্য ৬৲ টাকা।

ভারতবর্ষের মধ্যমাংশ।

মারওয়ার কি যোধপুর দেশের নক্শা তাহার মধ্যে মেহেরওয়ারা নামে খ্যাত প্রদেশও আছে। ১৮৫০ সালের ফেব্রুআরি মাসপর্য্যন্ত তাহাতে অন্যং স্থান দেওয়া গিয়াছে ও তাহা সংশোধিত হইয়াছে।	১ ইঞ্চি পরিমাণে ৮ মাইল বুঝায় মুল্য ৫৲ টাকা।
জয়পুর দেশের নক্শা। ও তাহার নিকটবর্ত্তি এতদ্দেশীয় রাজারদের অধীন অলওয়র ও ভরতপুর ও শিক্ষাবতী ও কৃষ্ণগড় ও তোরবতী ও টোঙ্ক দেশ। ১৮৫০ সাল জুন মাস	১ ইঞ্চি পরিমাণে ৮ মাইল বুঝায় মুল্য ৪৲ টাকা।
বড়ং তক্তায় খোদিত ভারতবর্ষীয় নক্শা নম্বর ৪২, ৪৪, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫৬, ৬০, ৬১, ৬২, ৬৫, ৬৬, ৬৭. ৬৮, ৬৯, ৭০, ৭২, ৭৫, ৭৬, ৭৭. ৭৮, ৭৯, ৮০, ৮৯, ৯৪. ১০৭' ১০৮, ১০৯, ১২৪, ১২৫, ১২৯, ১৩০, ১৩১. ১৩৮,	১ ইঞ্চি পরিমাণে ৪ মাইল বুঝায় প্রত্যেক নম্বরের মুল্য ৪৲ টাকা।
উক্ত নক্শার নির্ঘণ্ট	মুল্য ২৲ টাকা করিয়া।

এই ইশতিহারে প্রকাশিত পরগনাভিন্ন অন্য কোন পরগনার নক্শা পাওয়া যায় না।

এচ এল থুইলিযর।

ডেপুটী সরবেয়র জেনরল।

রেবিনিউ সরবেয়র জেনরল সাহেবের দফ্তরখানা।

কলিকাতা। ১৮৫৩ সাল ১ মে।

রাজকর্ম্মে নিয়োগ।

১১১৫ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২২ জুন।

শ্রীযুত ডাক্তর ই গুডীব সাহেব (Dr. E. Goodeve,) গত মার্চ মাসের ২৯ তারিখঅবধি মেডিকাল কালেজে মাটিরিয়া মেডিকার উপদেশক হইবেন ঐ তারিখে রাজধানীতে ডেপুটী আপথিকারি পদ রহিত হইয়াছিল।

১৮৫৩ সাল ২৩ জুন।

কটকের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr. G. C. Fletcher,) পেশকসী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন। শ্রীযুত ফ্লেচর সাহেব (Mr. Fletcher,) ঐ পেশকসী মহালে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ২৫ জুন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier,) ভাগলপুরের গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত সরফিরাজ হুসেন খাঁ পাটনার পূর্ব্বাংশের মিউনিসিপল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৯ জুন।

চাটিগাঁগের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণকান্ত রায় গত আপ্রিল মাসের ১৪ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দেড় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৪ জুন।

১।	এল ডবলিউ হচিনসন সাহেব... ...	মুরশিদাবাদ	লালবাগ...	১৮৪৪ সাল ২৩ ফেব্রুআরি।	
২।	শ্রীতারাকৃষ্ণ হালদার	পূর্ব্ব বর্দ্ধমান	কাঁটওরা...	১৮৪৪ সাল ২২ নবেম্বর।	
৩।	শ্রীফরহৎ আলী	ভাগলপুর ..	সূর্য্যগড়া	১৮৪৫ সাল ১০ জানুআরি।	
৪।	শ্রীমহীউদ্দিন	ঐ	আমীরপুর	১৮৪৪ সাল ২৯ মার্চ।	
৫।	শ্রীমহম্মদ ওয়াজেদ	সারণ	সেওয়ান	১৮৪৫ সাল ৩১ অক্টোবর।	
৬।	মুফ্তী এরাদৎ আলী (মৌলবী) ...	ত্রিহুত	মোজফরপুর	১৮৪৬ সাল ২৩ জানুআরি।	সদর আমীনের পদে নিযুক্ত হইবার নিমিত্তে যে মুনসেফেরদের নাম উল্লেখ হইয়াছে তাঁহারদের মধ্যে ইঁহার নাম ৮ নম্বরে আছে।
৭।	শ্রীদিগম্বর বিশ্বাস	পূর্ব্ব বর্দ্ধমান ...	ইন্দাস	১৮৪৬ সাল ৮ মে।	
৮।	শ্রীরামতারক রায়	ছিলট	লশ্করপুর	১৮৪৭ সাল ২৬ ফেব্রুআরি।	
৯।	শ্রীগোপীকৃষ্ণ বঁড়ুয্যা	পশ্চিম বর্দ্ধমান	কোতলপুর	১৮৪৭ সাল ১৬ আপ্রিল।	
১০।	শ্রীশিবপ্রসাদ সিংহ	কটক	কটক	১৮৪৭ সাল ১৩ আগষ্ট।	

List of First Grade Moonsiffs recommended for Promotion to the Office of Sudder Ameen.

	Name.	District.	Station.	Date of Appointment as 2nd Grade Moonsiff.	Date of Appointment as 1st Grade Moonsiff.	For what District Qualified.	Remarks.
1	Obhoy Koomar Dutt, ...	Dacca, ...	Lechragunge, ...	25th November, 1842, ...	7th March, 1850, ...	Bengal.	
2	Poornochunder Mitter, ...	East Burdwan, ...	Kytee, ...	3rd November, 1843, ...	6th August, 1849, ...	Do.	
3	Gopeenath Doss, ...	Beerbhoom, ..	Dhekabary, ...	1st June, 1832, ...	10th May, 1850, ...	Do.	
4	Mr. W. Wright, ...	24-Pergunnahs, ...	Sulkea, ...	30th May, 1845, ...	10th May, 1850, ...	Bengal or Behar.	
5	Benee Madhob Shome, ...	Ditto, ...	Puthorghotta, ...	19th August, 1842, ...	10th May, 1850, ...	Do.	
6	Anundo Chunder Banerjea,	Jessore, ...	Comercolly, ...	20th August, 1841, ...	10th May, 1850, ...	Bengal.	
7	Imdad Ali, 2nd. ...	Shahabad, ...	Buxar, ...	26th April, 1848, ...	21st August, 1850, ...	Behar.	
8	Mooftee Eradut Ali, (Law Officer)	Tirhoot, ...	Mozufferpore, ...	23rd January, 1846, ..	No. 6 of list for promotion to 1st Class Moonsiffship.	Behar.	

সদর আমীনের পদে নিযুক্ত হইবার নিমিত্তে প্রথম শ্রেণীর যে মুনসেফেরদের নাম উল্লেখ হইয়াছে তাঁহারদের নামের ফর্দ্দ।

	নাম	জিলা	মোকাম	নিযুক্ত হইবার তারিখ দ্বিতীয় শ্রেণীর মুনসেফী পদে	নিযুক্ত হইবার তারিখ প্রথম শ্রেণীর মুনসেফী পদে	কোন্ প্রদেশের উপযুক্ত	মন্তব্য কথা
১	শ্রীঅভয়কুমার দত্ত ...	ঢাকা	লেচরাগঞ্জ ..	১৮৪২ সাল ২৫ নবেম্বর ...	১৮৫০ সাল ৭ মার্চ	বাঙ্গলা দেশ	
২	শ্রীপূর্ণচন্দ্র মিত্র	পূর্ব্ব বর্দ্ধমান ...	কাইটী	১৮৪৩ সাল ৩ নবেম্বর ..	১৮৪৯ সাল ৬ আগষ্ট	ঐ	
৩	শ্রীগোপীনাথ দাস ..	বীরভূম	ঢেকাবাড়ি ...	১৮৩২ সাল ১ জুন ..	১৮৫০ সাল ১০ মে	ঐ	
৪	ডবলিউ রাইট সাহেব ..	চব্বিশপরগনা ...	শালিখা	১৮৪৫ সাল ৩০ মে ...	১৮৫০ সাল ১০ মে	বাঙ্গলা কি বেহার	
৫	শ্রীবেণীমাধব সোম ...	ঐ	পাথুরিয়াঘাটা ...	১৮৪২ সাল ১৯ আগষ্ট ...	১৮৫০ সাল ১০ মে	ঐ	
৬	শ্রীআনন্দচন্দ্র বাঁড়ুয্যা ...	যশোহর	কুমারখালী ...	১৮৪১ সাল ২০ আগষ্ট ..	১৮৫০ সাল ১০ মে	বাঙ্গলা দেশ	
৭	শ্রীইমদাদ আলী। দ্বিতীয় ...	শাহাবাদ	বক্সার	১৮৪৮ সাল ২৬ আপ্রিল ...	১৮৫০ সাল ২১ আগষ্ট	বেহার	
৮	মুফ্তী ইরাদৎ আলী (মৌলবী)	ত্রিহুত	মোজফরপুর ...	১৮৪৬ সাল ২৩ জানুআরি ...	প্রথম শ্রেণীর মুনসেফী পদভুক্ত হইবার প্রস্তাবিত ব্যক্তিরদের ৬ নম্বরী নাম	বেহার	

[*Government Gazette*, 16*th August*, 1853.]

List of Sudder Ameens recommended for Promotion to the Office of Principal Sudder Ameen.

No.	Name.	Station.	Date of Appointment as			For what District Qualified.	Remarks.
			Moonsiff.	Moonsiff of First Grade.	Sudder Ameen.		
1	Mahomed Huneef, ...	Sarun, ...	... 15th March, 1838,	.. 15th January, 1844, ...	10th May, 1850, ...	Behar.	
2	Gobind Chunder Bydiaruttun,	Backergunge, ...	... 3rd February, 1836,	.. 5th December, 1842, ...	10th May, 1850, ...	Bengal.	
3	Mr. H. S. Thompson, ...	24 Pergunnahs,	.. 26th August, 1842,	... 7th February, 1846, ...	10th May, 1850, ...	Behar or Bengal.	
4	Nazirooddeen Mahomed, 1st, ...	Midnapore, ...	. 30th June, 1837,	... 26th January, 1841, ...	10th May, 1850, ...	Behar or Bengal.	
	Gobind Chunder Chowdree, ..	Beerbhoom, ...	... 26th November, 1841,	... 12th August, 1848, ...	10th May, 1850, ...	Bengal.	
	Nazirooddeen Mahomed, 2d, ...	Sylhet, ...	.. 17th December, 1841,	.. 12th August, 1848, ...	10th May, 1850, ...	Bengal or Behar.	

প্রধান সদর আমীনের পদে নিযুক্ত হইবার নিমিত্তে যে সদর আমীনেরদের নাম উল্লেখ হইয়াছে তাঁহারদের নামের ফর্দ।

নম্বর	নাম	মোকাম	নিযুক্ত হইবার তারিখ।			যে প্রদেশের উপযুক্ত	মন্তব্য
			মুনসেফী পদে	প্রথম শ্রেণীর মুনসেফী পদে	সদর আমীনী পদে		
১	শ্রী মহম্মদ হনীফ	সারণ	.. ১৮৩৮। ১৫ মার্চ ...	.. ১৮৪৪। ১৫ জানুআরি	.. ১৮৫০। ১০ মে	বেহার।	
২	শ্রী গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন	বাকরগঞ্জ ...	... ১৮৩৬। ৩ ফেব্রুআরি	... ১৮৪২। ৫ ডিসেম্বর	... ১৮৫০। ১০ মে	বাঙ্গলা দেশ।	
৩	এচ এস তামসন সাহেব	চব্বিশপরগনা ...	... ১৮৪২। ২৬ আগষ্ট	... ১৮৪৬। ৭ ফেব্রুআরি	.. ১৮৫০। ১০ মে	বেহার কি বাঙ্গলা দেশ।	
৪	শ্রী নাজিরুদ্দীন মহম্মদ (১)	মেদিনীপুর ...	... ১৮৩৭। ৩০ জুন ...	.. ১৮৪১। ২৬ জানুআরি	.. ১৮৫০। ১০ মে	বেহার কি বাঙ্গলা দেশ।	
	শ্রী গোবিন্দচন্দ্র চৌধুরী	বীরভূম	.. ১৮৪১। ২৬ নবেম্বর	... ১৮৪৮। ১২ আগষ্ট	.. ১৮৫০। ১০ মে	বাঙ্গলা দেশ।	
	শ্রী নাজিরুদ্দীন মহম্মদ (২)	ছলট	... ১৮৪১। ১৭ ডিসেম্বর	.. ১৮৪৮। ১২ আগষ্ট	... ১৮৫০। ১০ মে	বাঙ্গলা কি বেহার।	

List of Three Principal Sudder Ameens recommended for Promotion to the 1st Grade.

Name.	Station.	Date of Appointments as				Remarks.
		Moonsiff.	1st Grade Moonsiff.	Sudder Ameen.	Principal Sudder Ameen.	
Mr. Charles Mackay, ..	Furreedpore, ...	... ...	Established subsequent to appointment as Sudder Ameen, ...	13th December, 1836, ...	1st September, 1840.	
Baboo Lokenath Bose, ...	Hooghly, ...	... .	8th May, 1838, ...	27th October, 1840,	28th May, 1845.	
Opender Chunder Nyaruttun Bhuttacharge,	Jessore, ...	... ...	8th May, 183.	12th February, 1839,	25th Sept., 1843.	

(True Copies.)
R. STUART, *Asst. Register.*

প্রথম শ্রেণীভুক্ত হইবার জন্যে যে তিন জন প্রধান সদর আমীনের নাম উল্লেখ হইয়াছে তাঁহারদের নামের ফর্দ।

নাম	মোকাম	নিযুক্ত হইবার তারিখ।				মন্তব্য।
		মুনসেফী পদে	প্রথম শ্রেণীর মুনসেফী পদে	সদর আমীনী পদে	প্রধান সদর আমীনী পদে	
চার্লস মাকি সাহেব ...	ফরিদপুর	... ...	এই শ্রেণী স্থাপনের পূর্ব্বে সদর আমীনী পদে নিযুক্ত হন	১৮৩৬। ১৩ ডিসেম্বর ...	১৮৪০। ১ সেপ্টেম্বর।	
শ্রী বাবু লোকনাথ বসু ...	হুগলী	... ...	১৮৩৮। ৮ মে	১৮৪০। ২৭ অক্টোবর ..	১৮৪৫। ২৮ মে।	
শ্রী উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন ভট্টাচার্য্য	যশোহর	... ...	১৮৩৮। ৮ মে	১৮৩৯। ১২ ফেব্রুআরি ..	১৮৪৩। ২৫ সেপ্টেম্বর।	

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

No. 13.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to forward to you, copy of a letter from the Judge of Backergunge, No. 36 of the 25th ultimo, and of the reply thereto No. 1072 of this date, in order that the plan authorized in Backergunge may also be followed in arranging the records of your Court under the orders now in course of execution on that subject.

(Signed) C. T. BUCKLAND,
Register

Fort William, the 4th July, 1853.

(True Copy)
R. STUART, *Assist Register*

(Copies.)
No. 36

From the Judge of Backergunge, to the Register of Sudder Dewanny Adawlut, Fort William, dated the 25th June, 1853.

I was called upon by the Court in their Resolution No. 475 of the 28th March last, to report the progress made in the arrangement of the records of my office according to the new rules as circulated by the Court in their letter No. 5 of the 3rd March, 1852.

2 So little had *then* been done that my report would have gone up nearly blank. I thought it best therefore to delay replying to the Court's Resolution, till I could make a report of *some* progress. At the same time I may explain why so little was at first effected, and how I have been able to make greater progress latterly.

3 The extra Mohurers were appointed on the 17th November, 1852. Their plan was at first to prepare a list of every paper to be burnt—and a list of every paper to be retained. The former was placed weekly before the Judge who then ordered the destruction of the papers—and the latter was placed with the records of the paper intended to be preserved. For some time or to speak more particularly, up to the 1st March last it did not occur to me that both the lists were equally useless.

4th. Every Nuthee has a list appended to it of every paper forming the record. In this list, I instructed the Mohafez to note by some distinguishing mark the papers extracted from each Nuthee for destruction. Thus the object of the 2 separate lists was accomplished at once—the old list sufficed to shew the papers of the original record—as well as those taken from it to be burnt—which is all that is required.

5. Since the introduction of this plan the business has proceeded rapidly, and I trust the annex-

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে বাকরগঞ্জের জজ সাহেবের গত মাসের ২৫ তারিখের ৩৬ নম্বরী পত্রের নকল এবং অদ্যকার তারিখের ১০৭২ নম্বরী তাহার উত্তরের নকল পাঠাইতেছি। এ পত্র পাঠাইবার অভিপ্রায় এই যে, আদালতের কাগজপত্র সাজাওনের বিষয়ে এইক্ষণে যে হুকুমক্রমে কার্য্য হইতেছে সেই হুকুমের অধীনে, বাকরগঞ্জে যে নিয়মের অনুমতি হইয়াছে তুমিও সেই নিয়মমতে আপন আদালতের কাগজপত্র সাজাও।

সি. টি. বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৪ জুলাই।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।

আসিষ্টাণ্ট রেজিষ্টর।

(নকল।)

৩৬ নম্বর।

ফোর্ট উলিয়ম রাজধানীতে সদর দেওয়ানী আদালতের শ্রীযুত রেজিষ্টর সাহেবের প্রতি বাকরগঞ্জের শ্রীযুত জজ সাহেবের পত্র। ১৮৫৩ সাল ২৫ জুন।

সদর আদালতের সাহেবেরা গত মার্চ মাসের ২৮ তারিখের ৪৭৫ নম্বরী আপনারদের নিষ্কারণে আমাকে হুকুম করিয়াছিলেন যে, ঐ আদালতের সাহেবেরা ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ৫ নম্বরী পত্রে যে নূতন বিধান প্রকাশ করিয়াছিলেন সেই বিধানানুসারে আমার দফতরখানার কাগজপত্র যেপর্য্যন্ত সাজান গিয়াছে তদ্বিষয়ের রিপোর্ট করি।

২। ঐকালে ঐ কর্ম্ম এত অল্প হইয়াছিল যে আমার রিপোর্ট প্রায় শূন্যই পাঠাইতে হইত। অতএব বোধ করিলাম যে এ কর্ম্ম কিঞ্চিৎ হইয়াছে, যাবৎ এমত রিপোর্ট করিতে না পারি তাবৎ সদর আদালতের নিষ্কারণের উত্তর দেওয়াতে আমার বিলম্ব করা উচিত। ইতিমধ্যে প্রথমে এত অল্প কার্য্য হইবার কারণ, আর পরে অধিক কিপ্রকারে করিতে পারিলাম, তাহার বৃত্তান্ত লিখিতে পারি।

৩। ঠিকা মুহুরীরেরা ১৮৫২ সালের ১৭ নবেম্বর তারিখে নিযুক্ত হইয়াছিল। তাহারদের কার্য্য করিবার প্রথমে এই নিয়ম ছিল, যে সকল কাগজ পোড়াইয়া ফেলিতে হইবেক তাহার এক ফর্দ্দ এবং যে সকল কাগজ রাখিতে হইবেক তাহার এক ফর্দ্দ প্রস্তুত করিত। প্রথম ফর্দ্দ সপ্তাহে২ জজ সাহেবের সম্মুখে অর্পণ হইলে তিনি ঐ কাগজ নষ্ট করিবার হুকুম করিতেন। দ্বিতীয় ফর্দ্দ, যে কাগজপত্র রাখা যাইবার অভিপ্রায় ছিল তাহার নথীর সঙ্গে রাখা যাইত। কিন্তু অনেক কালপর্য্যন্ত, অর্থাৎ বিশেষমতে বলিলে গত মার্চ মাসের ১ তারিখপর্য্যন্ত, আমার এমত অনুভব হইল না যে উভয় প্রকার ফর্দ্দ তুল্যরূপেই অনর্থক।

৪। প্রত্যেক নথীর শামিল যে২ কাগজপত্র আছে তাহার এক২ ফর্দ্দ ঐ নথীর সঙ্গে থাকে। আমি মহাফেজকে কহিয়াছিলাম যে প্রত্যেক নথীর যে কাগজ নষ্ট হইবার নিমিত্তে বাহির করা যায় তাহা চিনিবার নিমিত্তে ঐ ফর্দ্দে এক২ চিহ্ন দেও। এই প্রকারে দুই আলাহিদা ফর্দ্দের অভিপ্রায় একেবারে সিদ্ধ হইল। আসল নথীর কাগজপত্র, এবং পোড়াইবার নিমিত্তে যাহা নথীহইতে বাহির করা যায় তাহা দেখাইবার নিমিত্তে পুরাতন ফর্দ্দ প্রচুর ছিল। তাহার অধিকের প্রয়োজনও নাই।

৫। এই নিয়ম চালাইবার কালঅবধি ঐ কার্য্য অতিশীঘ্র চলন হইয়াছে এবং অদ্যকার তারিখপর্য্যন্ত যত কর্ম্ম

ed paper shewing what has been accomplished up to this date will be deemed satisfactory.

6. What remains to be done will I expect be completely accomplished by September next, up to which period I have applied for the sanction of Government for the retention of the extra Mohurers.

(Signed) C. Steer,
Judge.

A List shewing the nature of the records and their quantity which have been now arranged after the extraction and destruction of the papers not intended for preservation.

Cases.	Bundles or Bustahs.
Cases decided by the Molovy and Sudder Ameen from 1806 to 1832, ..	43
Do. Do. by Pundit and Sudder Ameen from 1806 to 1832, ...	41
Do. Do. by the former Sudder Ameens from 1815 to 1832, ...	35
Do. Do. by the Registers from 1803 to 1826, ...	61
Do. Do. by the Moonsiffs of Burrisaul from April, 1833 to December, 1851, ...	215
Do. Do. by the Moonsiffs of Cowcally from Do. to Do., ...	140
Do. Do. of Bowfaul from May, 1833 to December, 1851, ...	131
Do. Do. of Mendeegunge from 1833 to 1851, ...	114
Do. Do. by the present Sudder Ameens from July, 1835 to December, 1851, ...	50
Do. Do. by the Principal Sudder Ameens from January, 1833 to December, 1851, ...	139
Do. Do. by the Additional Principal Sudder Ameen from December, 1849 to September, 1850, ...	7
Appeals from Moonsiffs disposed of by the Principal Sudder Ameen and Additional Do. from 1839 to 1851, ...	116
Do. from Sudder Ameens disposed of by the Principal Sudder Ameen from 1842 to September, 1845, ...	10
Do. from Moonsiffs disposed of by the Judges from 1833 to 1851, ...	66
Do. from Registers, Principal Sudder Ameens and Sudder Ameens disposed of by the Judges from 1838 to 1851, ...	67
Suits for money ("Nukdeat") disposed of by the Judges from 1831 to 1840, (arranged by the former Mohafez.)	32
Appeals in the above description of suits disposed of by the Judges from 1831 to 1840, (arranged by the former Mohafez,)	61
Execution of Decrees in suits for money disposed of by the Judges from 1831 to 1840, (arranged by the former Mohafez,)	30
Cases for review of Judgment, disallowed by the Judges from March, 1833 to the end of 1850, ...	3
Periodical Statements of the Principal Sudder Ameens, Sudder Ameens, and Moonsiffs from 1831 to 1851, ...	21
Do. Do. of the Mofussil Cazees from 1831 to 1851, ...	21
Do. of the Regular Ameens from 1846 to 1851, ...	6
Total	1409

Besides the above there have been burnt ten bags of papers relating to money suits decided by the former Moonsiffs prior to the passing of Regulation 5, 1831.

(Signed) C. Steer,
Judge.

No. 1072.

To the Judge of Backergunge.

The Court having had before them your letter No. 36 of the 25th ultimo, and its enclosure, direct me to inform you that they consider the progress made under your direction, in the arrangement of the records of your Court to be very creditable

2 They would, however, wish that the papers *preserved*, and not those *destroyed* should be noted on the old lists by some distinguishing marks, of a kind which cannot be erased without much hazard of detection This will obviously be preferable to noting the papers destroyed by a distinguishing mark, since such mark could readily be added hereafter on any occasion of the surreptitious abstraction of a paper The erasure of marks, carefully made in the lists opposite papers *preserved*, would be much more difficult

3 You will proceed on this plan in future, and you will also have all the papers preserved, in the records already arranged, carefully noted on the old lists with the same mark that will be affixed to the papers preserved in the lists of records, that still remain to be arranged.

(Signed) C T BUCKLAND,
Register

Fort William, the 4th July, 1853

(True Copies)

R STUART, *Ass't Register*

১০৭২ নম্বর।

বাকরগঞ্জের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা তোমার গত মাসের ২৫ তারিখের ৩৬ নম্বরী পত্র এবং তাহার সঙ্গে প্রেরিত যর্দ দৃষ্টি করিয়া তোমাকে জানাইতে হুকুম করিয়াছেন যে তোমার আজ্ঞাধীনে তোমার আদালতের কাগজপত্র সাজা-ওনের কর্ম্ম যেপর্য্যন্ত চলিয়াছে তাহা তাঁহারদের বিবেচনায় অত্যন্ত প্রশংসনীয়।

২। পরন্তু তাঁহারা চাহেন যে যে সকল কাগজপত্র নষ্ট হয় তাহা চিনিবার কোন চিহ্ন পুরাতন ফর্দ্দেতে না দিয়া, যাহা রাখা যায় তাহা চিনিবার একং চিহ্ন দেওয়া যায়। আর এমন চিহ্ন করিতে হয় যে ধরা পড়িবার অত্যন্ত আশঙ্কা বিনা তাহা উঠাইয়া দেওয়া অসাধ্য হয়। যে কাগজ নষ্ট করা যায় তাহা চিনিবার চিহ্ন দেওনহইতে উক্তমতে করা স্পষ্টই শ্রেয় হয়, যেহেতুক উত্তর কালে যদি কেহ একটা কাগজ চুরী করিয়া লয় তবে ঐ ফর্দ্দেতে নষ্টহওয়া কাগজের যে চিহ্ন দেওয়া যায় তাহার মত এক চিহ্ন স্বচ্ছন্দে কোন সময়ে বসাইতে পারে। কিন্তু যে কাগজ রাখা যায়, ফর্দ্দেতে তাহার পার্শ্বে যে চিহ্ন মনোযোগপূর্ব্বক দেওয়া যাইবেক তাহা উঠাইয়া দেওয়া অত্যন্ত কঠিন হইবেক।

৩। উত্তর কালে তুমি এই নিয়মমতে কর্ম্ম করিবা এবং সাজাওন রেকার্ডে যে সকল কাগজ তুমি রাখিবা তাহার পার্শ্বে নথীর ফর্দ্দে যে প্রকার চিহ্ন দিবা, সেই প্রকার চিহ্ন তুমি যে নথী সাজাইয়াছ তাহার রক্ষিত সকল কাগজের পার্শ্বে, পুরাতন ফর্দ্দেতে মনোযোগপূর্ব্বক দিবা।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৫৩ সাল ৪ জুলাই।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।

আসিষ্টান্ট রেজিষ্টর

JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS

The 8th August 1853

Baboo Ram Coomar Bose, a Diploma Holder of 1849, to be Moonsiff of Pulas, Zillah Dacca, vice Imdad Alee, deceased

The 9th August, 1853

Baboo Hurrischunder Mitter, Moonsiff of Lubshaw, to be Moonsiff of Bishenpore, and Baboo Juggernauth Pershad Banerjee Moonsiff of Bishenpore, to be Moonsiff of Lubshaw Zillah 24-Pergunnahs. These appointments to take effect from the closing of the Courts for the approaching Dusserah Holidays.

LEAVES OF ABSENCE.

The 8th August, 1853

Moonshee Imdad Alee, late 1st Grade Moonsiff of Pulas, Zillah Dacca, from the 17th to the 28th ultimo, on Medical Certificate.

The 9th August, 1853.

Mooteeurruhuman, Moonsiff of Bhowanigunge, Zillah Rungpore, for one week, on Medical Certificate

C T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৮ আগস্ট।

ইমদাদ আলীর মৃত্যু হওয়াতে ১৮৪৯ সালে যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু রামকুমার বসু ঢাকা জিলার পলাশের মুনসেফ হইবেন।

১৮৫৩ সাল ৯ আগস্ট।

লবসার মুনসেফ শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র মিত্র বিষ্ণুপুরের মুনসেফ হইবেন এবং বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথপ্রসাদ বাঁড়ুয্যা চব্বিশপরগনার লবসার মুনসেফ হইবেন। এই নিয়োগ আগামি দশহরার বন্দের নিমিত্তে আদালত বন্দ হওয়া অবধি চলিবেক।

ছুটী।

১৮৫৩ সাল ৮ আগস্ট।

ঢাকা জিলার পলাশের প্রথম শ্রেণীর সাবেক মুনসেফ শ্রীযুত মুনশী ইমদাদ আলী চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১৭ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৯ আগস্ট।

রঙ্গপুর জিলার ভবানীগঞ্জের মুনসেফ শ্রীযুত মুতিউর-রহমান চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

১৩৮৮ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২১ জুলাই।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নীচের লিখিত আজ্ঞাপত্র এবং তাহাতে উল্লিখিত পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে। ফ্রান্সীয়েরদের শ্রীলশ্রীযুক্ত বাদশাহ ১৮৫৫ সালের মে মাসে পারিস রাজধানীতে সর্ব্ব দেশের কৃষি ও শিল্প বিদ্যাসম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের যে মহাপ্রদর্শনের কল্পনা করিয়াছেন তাহার বিষয়ে ঐ পত্র।

সাধারণ ডিপার্টমেণ্ট।

ভারতবর্ষের হুজুর কৌন্সেলে আমারদের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বরাবরেষু।

১৮৫৩ সালের ৩০ নম্বর।

১। বিদেশীয় বিষয়ব্যাপার সম্পর্কে শ্রীশ্রীমতী মহারাণীর সেক্রেটারী সাহেবের নিকটে ফ্রান্স দেশের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের প্রতিনিধি সাহেব যে পত্র লেখেন তাহার এক নকল পাঠাইতেছি। তাহাতে ১৮৫৫ সালের মে মাসে পারিস রাজধানীতে সর্ব্ব দেশের কৃষি ও শিল্প বিদ্যাসম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের মহাপ্রদর্শন করণ বিষয়ে ফ্রান্সীয়েরদের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের কল্পনা প্রকাশ হইতেছে।

২। আমরা আদেশ করিতেছি যে ভারতবর্ষীয় দ্রব্যের প্রদর্শন বিষয়ে তোমার বিবেচনায় যে মতে প্রকাশ হইলে ফ্রান্সীয়েরদের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের কল্পনা সর্ব্বাপেক্ষা উত্তমরূপে সিদ্ধ হইতে পারে সেই মতে এই বিজ্ঞাপন অতিবিস্তারিতরূপে প্রকাশ কর।

৩। এই বিজ্ঞাপনে মহাপ্রদর্শন নির্ব্বাহ করণের নিয়ম বিষয়ে অন্য যে পত্রের কথা উক্ত হইয়াছে সেই পত্র পাইবামাত্র তোমার নিকটে প্রেরণ করিব। তাহার নিয়মে অধীন রাজধানীতে সেই বিজ্ঞাপন করিতে হইবেক [illegible]।

রসেল এলিস।

জে অলিফেন্ট।

ও অন্যান্য ডৈরেক্টর্স সাহেব।

লণ্ডন। ১৮৫৩ সাল ২৪ মে।

[অনুবাদ।]

লণ্ডন। ১৮৫৩ সাল ২০ আপ্রিল।

শ্রীযুত রাইট অনরবিল অর্ল অফ ক্লারেণ্ডন সাহেব বরাবরেষু।

সম্ভ্রমপুরঃসর আপনাকে অবগত করাইতেছি যে শ্রীলশ্রীযুক্ত বাদশাহ গত মার্চ মাসের ৮ তারিখে নির্দ্ধারণ করিয়া আজ্ঞা করিয়াছেন যে সর্ব্ব দেশের কৃষি ও শিল্প বিদ্যাসম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের এক মহাপ্রদর্শন ১৮৫৫ সালের ১ মে তারিখে পারিস নগরে হইবেক।

ব্রিটন দেশীয় শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কর্ত্তৃত্বকারক সাহেব লোককে এই সম্বাদ অগোণে প্রকাশ করত তাঁহারদের আরো হৃদ্বোধ করাইতেছি যে ব্রিটন দেশনিবাসি যে সকল মহাশয় আমারদের আবেদনমতে কোন দ্রব্য প্রদর্শন করাইতে চাহেন তাঁহারা "পালেস অফ ইণ্ডস্ট্রি" নামক শিল্প দ্রব্য রাখন করণার্থ অট্টালিকাতে আপনারদের দ্রব্য গৃহীত হওন বিষয়ে ও তাহার সাজাওনের ও তত্ত্বাবধারণের বিষয়ে যথেষ্ট উপকার প্রাপ্ত হইবেন। অন্য এক পত্র শ্রীযুক্তের নিকটে অবিলম্বে সম্ভ্রমপুরঃসর প্রেরণ করিব। তাহাতে অবশিষ্ট বিষয়সকল অর্থাৎ ফ্রান্সীয়েরদের মধ্যে সর্ব্ব দেশীয় দ্রব্যের মহাপ্রদর্শন যে নিয়মমতে করা যাইবেক তাহা এবং প্রদর্শিত মহাজনী দ্রব্য যে বিধিমতে প্রদর্শন করা যাইবেক এবং যে নানা প্রকার দ্রব্য গ্রাহ্য হইতে পারিবেক ইত্যাদি বিষয় বিস্তারিতরূপে নির্দ্দিষ্ট হইবেক।

শেষ লিখিতব্য এই। ফ্রান্সীয়েরদের শ্রীলশ্রীযুক্ত বাদশাহের অধীন কর্ত্তৃত্বকারক সাহেবেরা ভরসা করেন যে ১৮৫৫ সালের মহাপ্রদর্শনের বিষয় ব্রিটনীয় শ্রীশ্রীমতী মহারাণীর অধীন কর্ত্তৃত্বকারক সাহেবেরা আপনারদের সাধ্যপর্য্যন্ত ব্রিটন দেশের শিল্পকর নানা শ্রেণীর লোকেরদের মনোগত করাইবেন। তাহাতে ইঙ্গলণ্ডীয়েরদের ১৮৫১ সালের আবেদনক্রমে ফ্রান্সীয়েরা যে প্রকারে কার্য্য করিতে উদ্যোগী ছিলেন ইঙ্গলণ্ডীয়েরাও এইক্ষণে সেই প্রকারে উদ্যত হন।

ইতি গ্রাহ্য করুন প্রভৃতি।

এ ওয়ালিউস্কি।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১ আগষ্ট।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব নির্দ্ধারণ করিয়াছেন যে দেশীয় ভাষায় যে সেনাপতি সাহেবেরা ১৮৫২ সালের মার্চ মাসের ৯ তারিখের বিজ্ঞাপনের নির্দ্দিষ্টমতে নিপুণ হন তাঁহারদিগকে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে ১০০০৲ টাকা পুরস্কার দেওনের অনুমতি করিয়াছেন তাহা যে সেনাপতি সাহেবেরা দশের বৎসরের অধিক কাল কর্ম্ম করিয়াছেন তাঁহারদিগকে দেওয়া যাইবেক না। ১৮৫২ সালের অক্টোবর মাসের ১ তারিখের যে বিজ্ঞাপন অক্টোবর মাসের ৬ তারিখের কলিকাতা গেজেটে প্রকাশ হইয়াছিল তাহা ইহার দ্বারা রদ হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৩১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৩০ জুলাই।

বালেশ্বরে তৃতীয় শ্রেণীর পোলীসের দারোগা শ্রীযুত করিম বক্স প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ২ আগষ্ট।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে যশোহরের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে টি শেব সাহেব (Mr. J. T. Shave) চিকিৎসকের সর্টিফিকেটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ আগষ্ট।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব হুকুম করিয়াছেন যে অতিরিক্ত ডেপুটী কালেক্টরেরদের নামে সরকারী সকল পত্রেতে তাঁহারদের যে খ্যাতি লিখিবার হুকুম হইয়াছে ডেপুটী মাজিস্ট্রেটেরদেরও সেই খ্যাতি লেখা যায়।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette, 16th August*, 1853.]

১৩৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৯ জুলাই।

চাটিগাঁর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ আলী ও দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাবাগীশ উক্ত জিলায় মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ জুলাই।

শ্রীযুত ই এফ হারিসন সাহেব (Mr. E. F. Harrison.) বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া উক্ত জিলায় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

১৮৫৩ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত এ বীল সাহেব (Mr. A. Beale,) পূরণিয়া জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১ আগষ্ট।

ফোর্ট উলিয়মের হৈনরাই সৈনোদের ও সাধারণ চিকিৎসালয়ের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর পাণ্টিং সাহেব (Reverend R. Panting.) মার্চ মাসের ৩০ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অতিরিক্ত গত জুন মাসের ৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৬ আগষ্ট।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে নিযুক্ত পুরীর ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নীলমণি ব্রহ্ম স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে আট দিনের ছুটী পাইয়াছেন।

মানিকগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত সায়দ জাইনউদ্দীন হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৩৮৯ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৯ আগষ্ট।

শ্রীযুত পাদরি জে কোলি সাহেব (Rev. J. Coley,) দারজিলিঙ্গের ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি সি গ্লাডুইন সাহেব (Rev. C. Gladwin,) বারাকপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৩ সাল ১০ আগষ্ট।

শ্রীযুত সায়দ মহম্মদ তকী খাঁ ত্রিহুতের সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ১১ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore.) ফরিদপুর জিলায় দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ সিমসন সাহেব (Mr. A Simpson) ত্রিহুতনগর শোভার্থ কমিটির মেম্বর হইবেন।

ছুটী

১৮৫৩ সাল ৪ আগষ্ট।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত টি ই রেবন্সা সাহেব (Mr. T. E. Ravenshaw.) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৮ আগষ্ট।

আইনসম্পর্কীয় কাগজের সুপরিণ্টেণ্ডেণ্ট ও রিমেম্বান্সর শ্রীযুত সি বি ট্রেবর সাহেব (Mr. C. B. Trevor,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত বাবু রমাপ্রসাদ রায়ের প্রতি অর্পণ করিয়া ১৮৪০ সালের জানুআরি মাসের ২৯ তারিখের বিধির ১১ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ট্রেবর সাহেবের (Mr. Trevor,) অনুপস্থানপর্য্যন্ত উক্ত বাবু ঐ কার্য্য নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৯ আগষ্ট।

বারাকপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি সি গ্লাডুইন সাহেব (Reverend C. Gladwin) ছুটী বিষয়ক সংশোধিত বিধির ২৩ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকেটক্রমে আগামি নবেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন। শ্রীযুত পাদরি গ্লাডুইন সাহেবের (Reverend Mr. Gladwin.) অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত পাদরি জে সার্কি সাহেব (Reverend J. Sharkey.) বারাকপুরের ধর্ম্মোপদেশকতা কার্য্য নির্ব্বাহ করিতে থাকিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা গোআলপাড়া।

এহলানামা কাছারি কালেক্টরি জেলা গোআলপাড়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারার আদেশানুসারি বাজেয়াপ্তী খাস মহাল পরগনে তাড়িয়ার অন্তঃপাতি কিসামত উচিতার ৷১০ আনা অংশের সন ১৮৫৩। ৫৪ ইংরেজীর প্রথম ছেমাহির দরুন খাজানা আদায় জন্যে নিম্নের লিখিত জমিদারি বর্ত্তমান ইংরেজী বর্ষের আগত ২৯ আগষ্ট ও বাঙ্গলা চলিত সনের ১৪ ভাদ্র রোজ সোমবার বেলা দশ ঘণ্টার সময় শ্রীযুত কালেক্টর সাহেবের কাছারিতে নিলাম নীলামে ধরা যাবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজী তারিখ ১ আগষ্ট মোতাবেক সন ১২৬০ বাঙ্গলা তারিখ ১৮ শ্রাবণ।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখা মালিক	সদর জমা	বাকীর খোলাসা	বাকী খাজানার কৈফিয়ৎ
নং ২০	খোরদা	নং ২	পরগনে তাড়িয়ার ৫ এক পাই	রাজকিশোর ঘোষ	১৬৭॥	৪২১	সরকারের পাওনা সন ১৮৫৩। ৫৪ ইংরেজীর প্রথম ছেমাহির ৩১ জুলাই তকের।

W. Agnew, *Collector*.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৬ আগষ্ট।]

আফিমের ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ২২ আগস্ট সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২২০৫
বানারসের পয়দায়শী আফিম	১০৮৫
জুমলা সিন্দুক	৩২৯০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শর্ত্ত সকল ধারানুসারে সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ২৯ আগস্ট এবং ৬ সেপ্টেম্বর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে মহারাজ্ঞীর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ২৯ আগস্ট সোমবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাস সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ৬ সেপ্টেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের সেকদার আফিমের সেওয়ায় ইম সন নীচের লিখিত সেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের	২০ সেপ্টেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ অক্টোবর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১ নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ ডিসেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
				৮৮২৩	৪৩১৯	১৩১৪২

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ৮ আগস্ট।

এ আর ইয়ং। এক্টিং ছোট সেক্রেটারী

JUST PUBLISHED,

A Bengalee Translation of the Assistant's Kutcherree Companion and Help to the Revenue Examinations. Apply to the Government Pleader, Sudder Court, Calcutta. Price 3 Rs. a Copy.

মাল সংক্রান্ত আইনের সার সংগ্রহ অর্থাৎ এতদ্দেশীয় মাল সংক্রান্ত তাবৎ আইন ও চিঠি ও অপরাপর নিয়মের সারার্থ ইং ১৭৯৩ সাল নাং ১৮৫৩ সাল প্রশ্ন উত্তরের ছলে রাজস্বের অতি প্রধান পদাভিষিক্ত কোন মহাত্মাকর্ত্তৃক ইংরাজী ভাষায় বিরচিত হইয়া সংপ্রতি বঙ্গভাষায় অনুবাদিত হইয়াছে। এই পুস্তক যাঁহার প্রয়োজন হয় তিনি কলিকাতা সদর দেওয়ানী আদালতের সরকারী উকিলের নিকট তত্ত্ব করিলে পাইবেন।

মূল্য ৩৲ টাকা মাত্র।

সেক্সপিয়রকৃত নাটকহইতে অপূর্ব্বোপাখ্যান।

উক্ত মহাকবিকৃত নাটকের মর্ম্মে মেং ও মিসলেম্ব রচিত বিংশতি গল্প সাধুভাষায় অনুবাদিত হইয়া উত্তমরূপে মুদ্রিত হইয়াছে, পরিমাণে ৫০০ পৃষ্ঠ, তদ্ব্যতীত ২১ খানি প্রতিমূর্ত্তি আছে। এ গ্রন্থ কৌন্সেল অব এডুকেসনের মনোনীত হইয়াছে,। যাঁহার প্রয়োজন হয় কলিকাতা পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে ২৲ টাকা মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন।

MESSRS. YEATHERD AND CO.,
Stone Masons and Undertakers,
No. 36, Bow Bazar.
Orders promptly attended to.
Terms.—Moderate.

শ্রীযুত য়েথার্ড কোম্পানি।
ভাস্কর ও মুর্দ্দাফরাশ।
নং ৩৬ বাটী বহুবাজার।
হুকুম অযোগে মানা যাইবেক।
মূল্য অল্প।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ১৬ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 23, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৩ আগষ্ট।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 4.

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

I am directed by the Court to forward to you, for your information and guidance, Extract (Paragraph 3) of a Resolution (No. 376, dated 30th of March last) recorded on the Annual Criminal Report and Statements relating to the administration of Criminal Justice in the district of Nuddea for the past year, and of copy of the Magistrate's letter (No. 210, dated the 6th instant) addressed to the Session Judge of that District received in reply thereto.

2d The Court direct me to call your attention, and, through you, of your Subordinates, to the practice observed by Mr. Montresor in dealing with accused parties in petty Criminal cases. This *notice* to the accused you will observe is not compulsory, nor does it in any way supersede the processes prescribed by the Law for procuring the attendance of accused persons if they do not attend voluntarily. But it may be of obvious advantage to give to a Defendant, or to one of several Defendants, the option of being present on the first taking of evidence upon a charge.

(Signed) C. T. Buckland,
Offg. Register.

Fort William, the 13th June, 1853.

Extract (Paragraph 3) from a Resolution of the Presidency Court of Nizamut Adawlut, No. 376, dated 30th March, 1853.

"The general analysis of acquittals is given in the

সদর নিজামত আদালতের সরকুলর অর্ডর।

৪ নম্বর।

বাঙ্গালাপ্রদেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব ও জাএণ্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

জিলা নদীয়াতে গত বৎসরের ফৌজদারী আদালত নিকেশের নিয়মিত বার্ষিক [illegible] সদর [illegible] গত মার্চ মাসের ৩০ তারিখের ৩৭৬ নম্বরী যে নিষ্পত্তি লেখা যায় তাহার চুম্বক প্রকরণ ৩ দফা, এবং তাহাতে ঐ জিলার সেশন জজ সাহেবের নিকট মাজিষ্ট্রেট সাহেব বর্তমান মাসের ৬ তারিখের ২১০ নম্বরী যে উত্তর লেখেন তাহার নকল, সদর আদালতের হুকুমক্রমে তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

২। ফৌজদারী ক্ষুদ্র অপরাধের নালিশগ্রস্ত ব্যক্তিরদের বিষয়ে শ্রীযুত মণ্টেসর সাহেব যেরূপ কার্য্য করিয়া থাকেন তাহাতে সদর আদালতের হুকুমক্রমে তোমাকে মনোযোগ করাইতেছি এবং তোমার দ্বারা তোমার অধীন কার্য্যকারকদিগকেও মনোযোগ করাইতেছি। তুমি জানিবা যে এরূপ এত্তেলা নালিশগ্রস্ত ব্যক্তিকে অবশ্য দিতে হইবেক এমত নহে, এবং নালিশগ্রস্ত ব্যক্তিরা ইচ্ছামতে হাজির না হইলে তাহাদিগকে হাজির করিবার যে পরওয়ানা [illegible] নির্দিষ্ট আছে তাহা ঐ এত্তেলার [illegible] হইতেছে এমতও নহে। কিন্তু নালিশ হইলে সাক্ষিদের সাক্ষ্য প্রথমে লওয়ার সময়ে, আসামীকে কি আসামীরদের মধ্যে একজনকে হাজির হইবার সুযোগ দিলে সাক্ষাৎ উপকার হইতে পারে।

সি টি বকলণ্ড, এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩। ১৩ জুন।

সদর নিজামত আদালতের ১৮৫৩ সালের ৩০ মার্চ তারিখের ৩৭৬ নম্বরী নিষ্পত্তির চুম্বক (৩ দফা।)

"নালিশগ্রস্ত ব্যক্তিরা [illegible]

margin.* It is decidedly more satisfactory than in many other Districts. The Magistrate will report, through the Sessions Judge, on the causes which, so far as he may have been able to ascertain them, have led to so considerable a reduction in the number of persons acquitted, after having been summoned by the Magistrate and the Officers subordinate to him."

(Copy.)

No. 210.

To J. C. Brown, Esq., Sessions Judge of Nuddea.

With reference to the 3d Paragraph of Resolution No. 376, of the Presidency Court of Nizamut Adawlut, under date the 30th March last, I have the honor to state, for the information of the Court, that the diminution in the acquittals of Defendants summoned by the Magistrate and his subordinates, has arisen in this wise :-

The greater number of Defendants formerly acquitted were those brought to trial in petty cases in which probably some 8 or 10 defendants were named by a prosecutor and witnesses and subsequently summoned. On the defendants being present and being enabled to give some satisfactory defence, the case terminated in the acquittal of a large number of persons; for this reason the Officers subordinate to this Court have been instructed by me to give the defendants an opportunity of appearing to answer the charge by notice served on them at the time of the institution of the suit, and the effect has been that some one or two of the defendants generally appear and shew cause why a large number of the defendants named should not be summoned. This is the only, and I believe the direct, cause for the reduction in the number of acquittals.

(Signed) C. F. MONTRESOR,

Magistrate.

Zillah Nuddea, Magistrate's Office,
The 6th June, 1853.

(True Extract and Copy,)

R. STUART,

Assistant Register.

তাহার সাধারণ মর্ম্ম নীচে * লেখা যাইতেছে। অন্য অনেক জিলাহইতে এই জিলার ঐ বৃত্তান্ত সন্তোষজনক। মাজিষ্ট্রেট সাহেব এবং তাঁহার অধীন কার্য্যকারকেরা যত ব্যক্তিকে তলব করিয়াছিলেন তাহারদের মধ্যে পূর্ব্বাপেক্ষা এত অল্প লোককে নির্দ্দোষ করা গিয়াছে ইহার হেতু মাজিষ্ট্রেট সাহেব যেপর্য্যন্ত অবগত হইতে পারেন তাহা সেশন জজ সাহেবের দ্বারা রিপোর্ট করিবেন।"

(নকল।)

২১০ নম্বর।

নদীয়ার সেশন জজ শ্রীযুত জে সি ব্রৌন্ সাহেব বরাবরেষু।

সদর নিজামৎ আদালতের গত মার্চ মাসের ৩০ তারিখের ৩৭৬ নম্বরী নির্দ্ধারণের ৩ দফার উপলক্ষে আমি সদর আদালতের সাহেবেরদের বিজ্ঞাপনের নিমিত্তে জানাইতেছি যে, মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার অধীন কার্য্যকারকেরদের দ্বারা যে আসামীরদিগের তলব হইয়াছিল তাহারদের পূর্ব্বাপেক্ষা অল্প লোককে নির্দ্দোষ করা গিয়াছে তাহা এই প্রকারে হইয়াছে।

যে আসামীরদিগকে পূর্ব্বে নির্দ্দোষ করা যাইত তাহারদের অধিকাংশ লোককে ক্ষুদ্র২ মোকদ্দমায় বিচারার্থে উপস্থিত করা যাইত, অর্থাৎ যে২ মোকদ্দমায় ফরিয়াদী ও সাক্ষিরা ৮। ১০ জন আসামীর নাম করিলে তাহারদিগকে পরে তলব করা যাইত এমত মোকদ্দমায়। আসামীরা হাজির হইয়া কোন হৃদ্বোধজনক উত্তর দিতে পারিলে অনেক লোক নির্দ্দোষ হইয়া মোকদ্দমা সমাপ্ত হইত। এই হেতুতে আমি এই আদালতের অধীন কার্য্যকারকদিগকে হুকুম করিয়াছিলাম যে মোকদ্দমা উপস্থিত হইবার সময়ে আসামীরদের নামে এত্তেলা দিয়া তাহারদিগকে ঐ নালিশের উত্তর দিবার জন্যে হাজির হইবার সুযোগ দেওয়া যায়। তাহার এই ফল হইয়াছে যে প্রায় সর্ব্বদা দুই তিন জন আসামী হাজির হইয়া, অন্য যে আসামীরদের নাম করা গিয়াছিল তাহারদের অনেক লোকের তলব না করার মাতবর হেতু দেখায়। নির্দ্দোষকরা ব্যক্তিরদের সংখ্যা কম হওয়ার কেবল এই হেতু আছে, আর বোধ করি এই সপষ্ট হেতু।

সি এফ মণ্ট্রেসর।

মাজিষ্ট্রেট।

জিলা নদীয়া মাজিষ্ট্রেটের দপ্তরখানা।

১৮৫৩ সাল ৬ জুন।

(যথার্থ চুম্বক ও নকল।)

আর ষ্টুআর্ট।

আসিষ্টাণ্ট রেজিষ্টর।

	1851	1852
* Summoned by the Magistrate and his Subordinates, ...	630	343
Sent in by the Police, ...	160	233
Released on bail by Police, &c., ...	183	180
	973	756
On default, ...	5	11
" Compromise, ...	44	61
" Recognizance, ...	57	0
Unconditional, ...	867	684
	973	756

	১৮৫১	১৮৫২
* মাজিষ্ট্রেট সাহেবের, ও তাঁহার অধীন কার্য্যকারকেরদের দ্বারা তলব হয়	৬৩০	৩৪৩
পোলীসের দ্বারা পাঠান যায় ...	১৬০	২৩৩
পোলীসপ্রভৃতির দ্বারা জামিনীতে খালাস হয়	১৮৩	১৮০
	৯৭৩	৭৫৬
ত্রুটিপ্রযুক্ত	৫	১১
রফানামা করিয়া	৪৪	৬১
মুচলকা লিখিয়া	৫৭	০
নিয়মবিনা	৮৬৭	৬৮৪
	৯৭৩	৭৫৬

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৩ আগষ্ট।]

No. 6.

To the Session Judges in the Lower Provinces, and Criminal Authorities in the Extra Regulation Provinces.

I am directed by the Court to forward to you, for your future guidance, the accompanying Extract paragraph 3, of a letter written by their order on this date, to the Sessions Judge of Beerbhoom, in which it is held that it will not be necessary to insert a Count charging a party with being an accomplice when he is charged with being a principal in the Crime.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 15th July, 1853.

(Copy.)

Extract paragraph 3 of a letter No. 798, dated the 15th July, 1853, to the Sessions Judge of Beerbhoom.

3. Although, with reference to the distinctions made by the Mahomedan Law, a Futwa may occasionally be delivered distinguishing the acts of accomplices from those of the principal in a Crime, the Court observe that there is no occasion to insert a Count charging a party with being an accomplice when he is charged with being a principal in the Crime.

(True Extract.)
R. STUART, *Assist. Register.*

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে অদ্যকার তারিখের যে পত্র বীরভূমের শ্রীযুত সেশন জজ সাহেবের নিকটে লেখা যায় তাহার নীচের লিখিত চুম্বক অর্থাৎ ৩ দফা তোমার উত্তরকালীন উপদেশের নিমিত্তে সদর আদালতের হুকুমক্রমে তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে নির্দ্ধার্য্য হইয়াছে যে, অপরাধের কর্ত্তা বলিয়া যদি কোন ব্যক্তির নামে নালিশ হয় তবে সেই ব্যক্তি সঙ্গী ছিল বলিয়া তাহার নামে এক দফা লেখা আবশ্যক নাই।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১৫ জুলাই।

নকল।

বীরভূমের শ্রীযুত সেশন জজ সাহেবের নিকটে ১৮৫৩ সালের ১৫ জুলাই তারিখের ৭৯৮ নম্বরী পত্রের চুম্বক অর্থাৎ ৩ দফা।

৩। মুসলমানেরদের শরায়েতে যেং বিশেষ করা যাইতেছে, তাহার উপলক্ষে যে ফতওয়া দেওয়া যায়, সেই ফতওয়াতে যদ্যপি কখনং অপরাধের কর্ত্তা বলিয়া ও সঙ্গী বলিয়া এক ব্যক্তির কার্য্যের বিশেষ ধরা যাইতেছে, তথাপি সদর আদালতের সাহেবেরা কহেন যে, অপরাধের কর্ত্তা বলিয়া যদি কোন ব্যক্তির নামে নালিশ হয় তবে সেই ব্যক্তি সঙ্গী ছিল বলিয়া তাহার নামে এক দফা লেখা আবশ্যক নাই।

(যথার্থ চুম্বক।)

আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

No. 13.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 8th July, 1853.

I am directed by the Board of Revenue to call the attention of yourself and of the Collectors subordinate to you to the provisions of Act VI. of 1853.

2nd.—With a view to carrying out its provisions, it would be advisable, the Board think, for the Collector to call on such Zemindars as have estates containing talooks with land in two or more Zillahs, to furnish a statement particularizing the contents of each talook or tenure, and pointing out the Collectorate within the jurisdiction of which it will now fall.

3rd.—I am desired to take this opportunity of reminding you that the new Act cancels the Board's Circular of the 25th June, 1850, No. 39, and that in supersession of the subsequent Circular of the 30th May, 1851, No. 16, the rules for the conduct of sales, according to the several modifications of the law referred to in Section X. of the Act, will be as follows :—

I. All sales under Act VIII. of 1835 shall be

১৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৮ জুলাই

সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে ও তোমার অধীন কালেক্টর সাহেবদিগকে ১৮৫৩ সালের ৬ আইনের বিধানের বিষয়ে মনোযোগ করাইতেছি।

২। ঐ আইনের বিধান সফল করিবার অভিপ্রায়ে বোর্ডের সাহেবেরা বোধ করেন যে কালেক্টর সাহেবেরদের ইহা কর্ত্তব্য, অর্থাৎ যে জমীদারেরদের জমিদারীর তালুকের ভূমি এক কি ততোধিক জিলার শামিল থাকে সে জমীদারদিগকে হুকুম করেন যে ঐ প্রত্যেক তালুকের কি অধিকারের সকল জমী বিশেষ করিয়া লিখিয়া এক ফর্দ্দ দাখিল করে, এবং এইরূপে সেই জমীদারী যে কালেক্টরী এলাকার মধ্যে পড়ে তাহা ঐ জমীদারদিগকে কহিয়া দেন।

৩। এই সুযোগমতে হুকুমক্রমে তোমাকে স্মরণ করাইতেছি যে নূতন আইনেতে বোর্ডের সাহেবেরদের ১৮৫০ সালের ২৫ জুন তারিখের ৩৯ নম্বরী সরকুলর রদ হইয়াছে, এবং তাহার পর ১৮৫১ সালের ৩০ মে তারিখের ১৬ নম্বরী যে সরকুলর জারী হইয়াছিল তাহা অন্যথা হইয়া, ঐ আইনের ১০ ধারাতে আইনের যে নানা প্রকার পরিবর্ত্তনের বিষয় উল্লেখ হইয়াছে তদনুসারে, নীলাম চালাইবার নীচের লিখিত বিধান হইবেক।

১। ১৮৩৫ সালের ৮ আইনানুসারে সকল নীলাম

made in public cutcherry by the Collector or Deputy Collector of Land Revenue, or duly authorized Assistant to the Collector or Deputy Collector, subject to an appeal to the Commissioner of Revenue for the Division, as in other cases of a summary nature provided for in Section IV., Regulation VIII. of 1831.

ভূমির রাজস্বের কালেক্টর কি ডেপুটী কালেক্টর সাহেবের দ্বারা, কিম্বা কালেক্টর কি ডেপুটী কালেক্টর সাহেবের উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টান্ট সাহেবের দ্বারা, খোলা কাছারীতে হইবেক। এবং ১৮৩১ সালের ৮ আইনের ৪ ধারার নির্দ্দিষ্টমতে সরাসরী প্রকারের অন্যান্য মোকদ্দমায় যেরূপ হইতে পারে সেইরূপে ঐ নীলামের উপর, এলাকার রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে।

II. Each lot shall be sold to the highest bidder, and every one not the actual defaulter shall be free to bid, not excepting the person in satisfaction of whose demand the sale may be made, nor the under-tenants of a defaulter whose tenure may be exposed to sale.

২। যে জন যে লাটের অত্যুচ্চ মূল্য ডাকে তাহাকে সেই লাট বিক্রয় করা যাইবেক, এবং যে জন নিতান্ত বাকীদার হয় সে ছাড়া অন্য কোন ব্যক্তির ডাকিবার বাধা হইবেক না, যে ব্যক্তির দাওয়া পূরণার্থে নীলাম হয় তাহারও নাই, এবং যে বাকীদারের ভূমি নীলাম হয় তাহার পাট্টাদার প্রজাদেরও নাই।

III. Fifteen per cent. of the purchase-money shall be paid immediately the lot is knocked down, and the Officer conducting the sale shall be competent to refuse to accept a bid, or to knock down a lot to any bidder, unless he has assurance to his satisfaction that the amount required to be deposited is in hand for the purpose, or will be produced in two hours.

৩। লাটের নীলাম শেষ হইবার ঘা মারা গেলে, খরীদের টাকার কিস্তিতে পনেরো টাকা তৎক্ষণাৎ দেওয়া যাইবেক এবং যে কার্য্যকারক সাহেব নীলাম চালান তাঁহার এই ক্ষমতা থাকিবেক যে, যত টাকা আমানৎ করিতে হইবেক তাহা আমানৎ হইবার নিমিত্তে মৌজুদ আছে কিম্বা দুই ঘণ্টার মধ্যে উপস্থিত করা যাইবেক ইহা তাঁহার মতে অবগত না হইলে, ডাক গ্রাহ্য না করেন, কিম্বা ডাকনিয়া কোন ব্যক্তির নামে নীলাম শেষ হইবার ঘা না মারেন।

IV. If the fifteen per cent. be not paid in cash or in notes of the Bank of Bengal within two hours of the sale, or an equivalent amount of Government securities be not lodged, the lot shall be re-sold on the same day, and if the remainder of the purchase-money be not paid by noon of the eighth day, notice shall be given of re-sale on the following day, that is, on the ninth day from the first sale, by proclaiming the same by beat of drum through the bazar of the Sudder station of the Zillah; after which the lot shall be re-sold at the appointed time at the risk of the first purchaser, who shall forfeit to the Government the advance of fifteen per cent. already made, and be answerable for any sum in which the proceeds of the second sale may fall short of the antecedent one:—such deficiency to be levied by the process for the execution of the decrees of the Civil Court.

৪। নীলামের পর দুই ঘণ্টার মধ্যে যদি শতকরা ঐ পনেরো টাকা নগদ কিম্বা [illegible] ব্যাঙ্ক নোটে না দেওয়া যায় কিম্বা তাহার মূল্য [illegible] কোম্পানির কাগজ [illegible] না করা যায়, তবে ঐ লাট সেই দিনে পুনরায় নীলাম হইবেক। এবং যদি খরীদের অবশিষ্ট টাকা অষ্টম দিবসের দুই প্রহরের মধ্যে না দেওয়া যায় তবে পর দিবসে অর্থাৎ প্রথম নীলামের [illegible] পুনরায় নীলাম হওয়ার [illegible] জিলার সদর মোকামের বাজারের মধ্যে ঢোল শিটাইয়া ঘোষণা করিয়া দেওয়া যাইবেক। তাহার পরে নিরূপিত সময়ে প্রথম খরীদারের জিম্মায় ঐ লাট পুনরায় নীলাম হইবেক। অর্থাৎ শতকরা যে পনেরো টাকা অগ্রিম দেওয়া গিয়াছিল তাহা সরকারে জব্দ হইবেক এবং প্রথম নীলামের উৎপন্ন টাকা অপেক্ষা দ্বিতীয় নীলামের উৎপন্ন যদি কম হয় তবে যত টাকা কম হয় তাহা ঐ প্রথম খরীদারের দিতে হইবেক। দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার যে নিয়ম আছে সেই নিয়মমতে ঐ কমী টাকা উসুল করা যাইবেক।

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue,
Lower Provinces.

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

বাঙ্গালাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

No. 11.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 12th July, 1853.

১১ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গালাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ জুলাই।

The lithographed and manuscript Circulars of the Board of Revenue, of which an abstract is given below, of the year 1851, contain standing orders for the guidance of local Officers, which should find a place in future volumes of their printed Circulars; otherwise the orders are liable to be overlooked: they are therefore re-circulated in this

বোর্ড রেবিনিউর সাহেবেরদের ১৮৫১ সালের পাথরে ছাপা ও হাতের লেখা যে সরকুলরের চুম্বক নীচে লেখা যাইতেছে তাহার মধ্যে স্থানবিশেষের কার্য্যকারক সাহেবেরদের উপদেশার্থে যে হুকুম আছে তাহা স্থায়ী, এবং তাঁহারদের ছাপাহওয়া যে সকল সরকুলর উত্তর কালে পুস্তকে বাঁধা যাইবেক তাহার শামিল করা উচিত। তাহা না করিলে ঐ হুকুমের বিষয়ে অমনোযোগ হইতে পারে। অতএব উক্ত সালের ছাপাহওয়া সরকুলরের ফাইলের

form, so as to admit of their being attached to the file of printed Circulars of the above year.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue,
Lower Provinces.

ABSTRACT.

No. 2.—11th February—manuscript.—Periodical Returns and Contingent Bills to be forwarded by Commissioners unaccompanied by a letter of form.

No. 7.—18th March—lithographed.—Under orders of Government of 30th January, 1851 No. 138, all Bills for compensation paid to proprietors for rent of land appropriated for Military Cantonments, to be submitted for adjustment within the period prescribed by the Military Regulations, *viz.* three months, dating from the final sanction to the compensation by competent authority.

No. 8.—21st March—Ditto.—When reporting cases of refund, whenever there has been delay, Commissioners required to sift the cause of it, and to state the name of the Officer whom they consider responsible for it.

No. 13.—13th June—manuscript.—Commissioners empowered, without reference to the Board, to sanction the destruction of such Collectorate records as may be shown to their satisfaction by the reports of Collectors to be useless.

No. 23.—4th November—Ditto.—When parties apply to Commissioners to forward to the Board appeals against their orders in cases in which an appeal does not lie under the rule in Circular No. 8 of 8th February, 1850, Commissioners should decline to forward them.

No. 15.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 12th July, 1853.

The lithographed Circulars of the Board of Revenue, of which an abstract is given below, of the year 1852, contain standing orders for the guidance of Local Officers, which should find a place in future volumes of their printed Circulars; otherwise the orders are liable to be overlooked: they are, therefore, re-circulated in this form, so as to admit of their being attached to the file of printed Circulars of the above year.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue,
Lower Provinces.

ABSTRACT.

No. 3.—*9th January—lithographed.*—The following form prescribed for annual return of Estates under Attachment.

[*Government Gazette*, 23rd *August*, 1853.]

মধ্যে গাঁথা যাইতে পারিবার নিমিত্তে ঐ সকল সরকুলর এই পাঠে পুনরায় প্রকাশ হইতেছে।

এ গ্রোট।
একটিং সেক্রটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের
বোর্ড রেবিনিউ।

চুম্বক।

২ নম্বর।—১১ ফেব্রুআরি।—হাতের লেখা।—নিরূপিত সময়ের রিটর্ণ এবং উপরি বিল কমিসনর সাহেবেরা রীতিমত সরকারী পত্র না লিখিয়া চালান করিবেন।

৭ নম্বর।—১৮ মার্চ—পাতরে ছাপা।—গবর্ণমেণ্টের ১৮৫১ সালের ৩০ জানুআরি তারিখের ১৩৮ নম্বরী হুকুমক্রমে, সৈন্যসম্পর্কীয় ছাউনিতে যে ভূমি লওয়া যায় তাহার খাজানার বাবৎ ঐ ভূমির মালিককে যে টাকা দিতে হয় তাহার [illegible] বিল সৈন্যসম্পর্কীয় নিয়মেতে যে মিয়াদ নির্দিষ্ট আছে সেই মিয়াদের মধ্যে, অর্থাৎ ক্ষতিপূরণের টাকা ক্ষমতাপ্রাপ্ত সাহেবেরদের দ্বারা চূড়ান্তরূপে মঞ্জুর হওয়া [illegible] তিন মাসের মধ্যে, মোকাবিলার নিমিত্তে পাঠান যাইবেক।

৮ নম্বর।—২১ মার্চ—ঐ।—যখন কোন টাকা ফিরিয়া দেওনের বিষয়ের রিপোর্ট করিতে হয় এবং সেই টাকার বিষয়ে কোন বিলম্ব হইয়াছে তখন কমিসনর সাহেবেরদের প্রতি হুকুম আছে যে তাঁহারা ঐ বিলম্বের কারণ অনুসন্ধান করেন এবং তাঁহারদের বিবেচনায় যে কর্ম্মকারক তাহার [illegible] আছেন তাঁহার নাম লেখেন।

১৩ নম্বর।—১৩ জুন—হাতের লেখা।—কালেক্টর সাহেবেরদের [illegible] যে সকল কালেক্টরী কাগজপত্র কমিসনর সাহেবের [illegible] অকেজো [illegible] বোর্ডে [illegible] নষ্ট করিবার অনুমতি দিতে কমিসনর সাহেবেরদের ক্ষমতা আছে।

২৩ নম্বর।—৪ নবেম্বর—ঐ।—১৮৫০ সালের ৮ ফেব্রুআরি তারিখের ৮ নম্বরী সরকুলরের আইনের বিধানমতে যে মোকদ্দমায় [illegible] হইতে পারে না এমত মোকদ্দমায় [illegible] কমিসনর সাহেবেরদের হুকুমের [illegible] বোর্ডের নিকটে পাঠাইবার নিমিত্তে কমিসনর সাহেবেরদের [illegible] তখন কমিসনর সাহেবেরদের তাহা পাঠাইতে অস্বীকার করা উচিত।

---

১৫ নম্বর।

[illegible] কমিসনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুক্ত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ জুলাই।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের ১৮৫২ সালের পাতরে ছাপা যেং সরকুলরের চুম্বক নীচে প্রকাশ করা যাইতেছে তাহার মধ্যে স্থানবিশেষের কার্য্যকারক সাহেবেরদের উপদেশার্থে যে হুকুম আছে [illegible] স্থায়ী, ও তাঁহারদের ছাপাইওয়া যে সকল সরকুলর উত্তর কালে পুস্তকে বাঁধা যাইবেক তাহার শামিল করা উচিত। তাহা না করিলে ঐ হুকুমের বিষয়ে অমনোযোগ হইতে পারে। অতএব উক্ত সালের ছাপাইওয়া সরকুলরের ফাইলের মধ্যে গাঁথা যাইতে পারিবার নিমিত্তে ঐ সকল সরকুলর এই পাঠে পুনরায় প্রকাশ হইতেছে।

এ গ্রোট। একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের
বোর্ড রেবিনিউ।

চুম্বক।

৩ নম্বর।—৯ জানুআরি।—পাতরে ছাপা।—ক্রোক করা মহালের বার্ষিক কৈফিয়তের নীচের লিখিত পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে।

Statement of Estates and Lands in the Division, under attachment by order of the Civil and Criminal Courts during the year 18 .

IV. Provided always, that no Court shall try or determine any case, Civil or Criminal, with respect to which a final decision was pronounced previously to the said 6th day of July 1853, by any Court or person within the said tract of land, having at the time of the decision lawful power and authority to pronounce it; and that with the exception of cases within the provisions of Section IV. of the said Regulation VII. of 1816, no act committed within the said tract of land prior to the 31st day of August 1853, shall be deemed an offence punishable under the provisions hereof, if at the time of the commission of such act the same was not contrary to the laws then in force in the said tract of land.

V. Nothing in this Act shall extend to any crime or offence within the provisions of Section III. or IV. of the said Regulation committed before the passing of this Act, but every such crime or offence shall be dealt with and punished as if this Act had not been passed.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be reconsidered at the first Meeting of the Legislative Council of India after the 26th day of October next.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

দালত ঐ সকল মোকদ্দমার বিচারে ও নিষ্পত্তিতে চালাইবেন ও তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু যদি কোন গতিকে দৃষ্ট হয় যে উক্ত প্রকার কোন মোকদ্দমার বিচারে ও নিষ্পত্তিতে ঐ আইন ও বিধান চালাইলে তাহার চালাওনেতে অন্যায়রূপ ফল জন্মিবেক তবে উক্ত আদালতের ক্ষমতা হইবেক যে যাথার্থ্য ও ধর্ম্ম বিবেচনামতে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করেন ইতি।

৪ ধারা। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে উক্ত জমীখণ্ডের মধ্যে কোন মোকদ্দমার নিষ্পত্তি করণ সময়ে তাহা করিবার সম্পূর্ণ শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত কোন আদালত কি ব্যক্তি ১৮৫৩ সালের উক্ত ৬ জুলাই তারিখের পূর্ব্বে যে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিয়াছিলেন এমত দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমা কোন আদালত বিচার কি নিষ্পত্তি করিবেন না। এবং ১৮১৬ সালের উক্ত ৭ আইনের ৪ ধারার বিধানের মধ্যে যে২ বিষয় আইসে তাহাছাড়া উক্ত জমীখণ্ডের মধ্যে ১৮৫৩ সালের ৩১ আগষ্ট তারিখের পূর্ব্বের করা যে কোন কার্য্য সেই স্থানে তৎকালের চলিত বিধানের বিপরীত না ছিল, তাহা এই আইনের বিধানক্রমে দণ্ডের যোগ্য অপরাধ জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। উক্ত ৭ আইনের ৩ কিম্বা ৪ ধারার বিধানের মধ্যের যে কোন অপরাধ কি দোষ এই আইন জারী হওনের পূর্ব্বে হইয়াছিল তাহার বিষয়ে এই আইনের কোন কথা খাটিবেক না। কিন্তু এই আইন জারী না হওয়ার মত ঐ দোষ কি অপরাধের বিচার ও দণ্ড হইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি অক্টোবর মাসের ২৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে উক্ত মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 19.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 5th August, 1853.

I am directed by the Board of Revenue to inform you, that the Government has been pleased to take a different view of the law which has hitherto been held to authorize its delegating to the Board authority to remit irrecoverable balances subject to Government approval. It is, in consequence, necessary to rescind so much of Articles XIV. and XV. of the Rules of Practice of 1842, as vests the Board or the Commissioners with such authority.

2nd. Under the orders quoted in the margin* it will now be necessary to obtain the sanction of Government to the remission of *all* irrecoverable balances of revenue. In these orders it is prescribed that the balances shall be reported in *annual* statements; but as it is of importance that the Ac-

* No. 277, dated 11th July, 1853.

সদর বোর্ড রেবিনিউর সরকুলের অর্ডর।

১৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৫ আগষ্ট।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে তোমাকে অবগত করিতেছি যে যে আইনানুসারে এইক্ষণপর্য্যন্ত ধার্য্য হইয়া আসিতেছে যে বাকী যে মালগুজারী আদায় হইতে না পারে তাহা মাফ করিবার ক্ষমতা বোর্ডের প্রতি অর্পণ হইতে পারে, কেবল তাহাতে গবর্ণমেণ্টের মঞ্জুরীর অপেক্ষা ছিল গবর্ণমেণ্ট সেই আইনের অন্য অভিপ্রায় বোধ করিয়াছেন। অতএব ১৮৪২ সালের কার্য্যের বিধানের ১৪ ও ১৫ ধারার যে অংশেতে বোর্ডের প্রতি কি কমিস্যনর সাহেবেরদের প্রতি সেই ক্ষমতার্পণ হইয়াছিল সেই অংশ রদ করা আবশ্যক হইয়াছে।

২। যে মালগুজারীর বাকী আদায় হইতে পারে না এমত সকল বাকীর মাফ করিবার বিষয়ে নীচের লিখিত * হুকুমানুসারে এইক্ষণে গবর্ণমেণ্টের অনুমতি পাইবার আবশ্যক হইবেক। ঐ হুকুমে নির্দ্দিষ্ট হইয়াছে যে ঐ বাকার রিপোর্ট বার্ষিক কৈফিয়তে করা যাইবেক। কিন্তু যত কাল নিতান্ত না হইলে নয় তাহার অধিক কাল হিসা-

* ১৮৫৩ সালের ১১ জুলাই তারিখের ২৭৭ নম্বরী হুকুম।

counts should not be encumbered longer than can be avoided, it is the intention of the Board to propose that *quarterly* statements be substituted for annual; and with a view to the preparation of these statements, they request that you will report all such items quarterly. Collectors will continue to report them, as at present; and such cases of remission as you can support will be registered in your office, and entered in your divisional return, to be despatched at the end of each quarter. The explanations of the causes which render the balances irrecoverable should be at once clear and brief.

3rd. The Board have included in their return for the quarter ending July, all such cases of remission as were pending orders on the 31st ultimo. Your first return will be for the current (2nd) quarter, and when received, cases of remission now pending the Board's orders, will be, with its contents, incorporated in the next return to Government.

4th. The present orders, it should be borne in mind, do not affect the power of Commissioners to sanction, under Rule XV., the remission of rents as distinguished from revenue, either under the orders communicated in the Circular of the 9th February, 1842, No. 4, or in the Circular of the 14th June, 1850, No. 36.

5th. These orders, moreover, will not modify the existing practice of reporting specially such cases as the Board were not competent to deal with under the Rules of Practice above quoted. These will, of course, be laid before Government as occasion may require.

6th. You will instruct the Collectors that in the detailed explanations of balances furnished with their Towjees, it will not be necessary to repeat the particulars of items already reported for remission; the words "reported for remission" will suffice.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue, Lower Provinces.

No. 20.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ———. Dated Fort William, the 5th August, 1853.

I am directed by the Board of Revenue to forward herewith a form of "Register of an application for a Superannuation Pension," and to request that it may be adopted whenever such applications are submitted, in substitution of the form appended to the Pension Rules of the 4th January 1831, printed at page 174 of Mr. Peters' Volume.

2nd. Lithographed copies of the form will be supplied, on application, by the Superintendent of Stationery to those Officers who may require them.

(Signed) A. GROTE, *Offg. Secretary.*

Board of Revenue, Lower Provinces.

বের কোন বাহুল্য না রাখা অভিপ্রেততর বিষয়, অতএব বার্ষিক কৈফিয়তের পরিবর্ত্তে ত্রৈমাসিক কৈফিয়৽ দেওয়া যায় বোর্ডের সাহেবেরদের এমত প্রস্তাব করিবার কল্পনা আছে। এব৽ ঐ কৈফিয়৽ প্রস্তুত হওনের অভিপ্রায়ে তাঁহারা আদেশ করিতেছেন যে তুমি ঐ প্রকার সকল বাকীর রিপোর্ট তিন২ মাসে করিবা। কালেক্টর সাহেবেরা এইক্ষণে যেরূপ রিপোর্ট করেন সেইরূপ করিতে থাকিবেন। এব৽ তুমি যে২ স্থলে বাকী মাফ করিবার পোষকতা করিতে পার তাহা তোমার দফ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক ও তিন২ মাসের শেষে পাঠান যাইবার নিমিত্তে তোমার এলাকার রিটর্ণের মধ্যে লেখা যাইবেক। যে২ হেতুতে ঐ বাকী আদায় হইতে না পারে সেই২ হেতু সপষ্ট ও স৽ক্ষেপরূপে ব্যাখ্যা করা উচিত।

৩। মাফ করিবার যে সকল বিষয় গত মাসের ৩১ তারিখে হুকুমের অপেক্ষায় উপস্থিত ছিল তাহা বোর্ডের সাহেবেরা, জুলাই মাসের শেষপর্য্যন্ত যে তিন মাস, তাহারই রিটর্ণের মধ্যে লিখিয়াছেন। তোমার প্রথম রিটর্ণ বর্ত্তমান অর্থাৎ দ্বিতীয় তিন মাসের নিমিত্তে হইবেক, এব৽ তাহা পাওয়া গেলে তাহাতে লিখিত কথাসমেত মাফ করিবার যে সকল বিষয় এইক্ষণে বোর্ডের হুকুমের অপেক্ষায় উপস্থিত আছে তাহা, গবর্ণমেণ্টকে আগামি যে রিটর্ণ দেওয়া যাইবে তাহাতে লেখা যাইবেক।

৪। পরন্তু মনে রাখিতে হইবেক যে ১৮৪২ সালের ৯ ফেব্রুআরি তারিখের ৪ নম্বরী সরকুলর অর্ডরে কিম্বা ১৮৫০ সালের ১৪ জুন তারিখের ৩৬ নম্বরী সরকুলর অর্ডরে যে হুকুম প্রকাশ হইয়াছিল তদনুসারে মালগুজারী ভিন্ন খাজানা মাফ করিবার অনুমতি দেওয়ার যে ক্ষমতা ১৫ বিধানমতে কমিস্যনর সাহেবেরদের আছে এই হুকুমের দ্বারা তাহার কোন প্রকারে হ্রাসবৃদ্ধি হইল না।

৫। আরো যে সকল বিষয়ে পূর্ব্বোক্ত বিধানমতে বোর্ডের সাহেবেরদের কার্য্য করিবার ক্ষমতা ছিল না সেই২ বিষয়ের বিশেষমতে রিপোর্ট [illegible] যে রীতি এইক্ষণে চলন আছে তাহা এই হু[illegible]র দ্বারা মতান্তর হইবেক না। সুতরা৽ ঐ সকল বিষয় প্রয়োজনমতে গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করা যাইবেক।

৬। তুমি কালেক্টর সাহেবদিগকে অবগত করিবা যে বাকীর বিস্তারিত যে সকল বেওরা তাঁহারা আপনারদের তৌজীর সঙ্গে দিয়া থাকেন তাহার মধ্যে মাফের নিমিত্তে যে সকল বাকীর রিপোর্ট হইয়াছে তাহার বৃত্তান্ত পুনশ্চ লেখার প্রয়োজন হইবেক না, কেবল "মাফের নিমিত্তে রিপোর্ট হইয়াছে" এই কথা লিখিলে প্রচুর হইবেক।

এ গ্রোট। এক্টি৽ সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোড রেবিনিউ।

---

২০ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত এক্টি৽ সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিযম, ১৮৫৩ সাল ৫ আগষ্ট।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে "বার্দ্ধক্যপ্রযুক্ত পেনস্যনের দরখাস্তের রেজিষ্টরের" পাঠ তোমার নিকটে পাঠাইতেছি এব৽ আদেশ করিতেছি যে যখন ঐ প্রকার দরখাস্ত পাঠান যায় তখন ১৮৩১ সালের ৪ জানুআরি তারিখের পেনস্যনের বিধানের নিম্ন ভাগের যে পাঠ পিটর্স সাহেবের পুস্তকের ১৭৪ পৃষ্ঠায় ছাপা হইয়াছে সেই পাঠের পরিবর্ত্তে এই পাঠের ব্যবহার হয়।

২। ঐ পাঠের পাতরে ছাপা নকলের প্রয়োজন যে কার্য্যকারক সাহেবেরদের থাকে তাঁহারা কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তাহা চাহিলে পাইবেন।

এ গ্রোট। এক্টি৽ সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

Register of an Application for a Superannuation Pension from the Establishment of the , *pr ferred under the ru'es passed by Government under date the 4th January,* 1831.

1	2	3	4		4			6	7			8	9							10	11	12	13	14	15	16	17
Name of the person by whom the pension is applied for, with the name of his father.	Number on the Establishment.	Identification of the applicant's person.	Size.		Age of applicant at the time of application.			Religion, caste or tribe.	Where residing			Present employment	Specification of service in offices giving a claim to pension							Date of application to Government	Average salary or authorized official allowance per month for the five years preceding the date of application	Salary or authorized official allowance per mensem at the time of application.	Abstract of the grounds of application.	Remarks by the head of office	Proposed amount of pension per mensem.	Treasury at which the party, if pensioned, wishes to draw his pension.	Orders of Government.
			Feet.	Inches	Years.	Months	Days		Zillah.	Pergunnah	Village		Name of office	Period of service.			Salary of office.										
														Years	Months	Days	Rupees	Annas.	Pies								
																								Secretary.			A pension of Rupees is granted to the Applicant. Rs. By order of Secretary.

১৮৩১ সালের ৪ জানুআরি তারিখের গবর্ণমেণ্টের জারীহওয়া বিধানানুসারে অমুক সাহেবের সিরিশ্তাহইতে বার্দ্ধক্যপ্রযুক্ত পেনস্যান পাইবার যে দরখাস্ত দরপেশ হয় তাহার রেজিষ্টর।

১	২	৩	৪		৫			৬	৭			৮	৯							১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
যে ব্যক্তি পেনস্যান প্রার্থনা করে তাহার ও তাহার পিতার নাম।	সিরিশ্তার তাহার নম্বর।	দরখাস্তকারির অনন্যতার প্রমাণ।	দীর্ঘতা।		দরখাস্ত করিবার সময়ে দরখাস্তকারির বয়স।			ধর্ম্ম কি জাতি কি বংশ।	যেখানে বাস করে।			এইক্ষণে যে কর্ম্ম করে।	যে কর্ম্মেতে পেনস্যান পাইতে পারে এমত যেং কর্ম্ম করিয়াছে তাহার নির্দ্দেশ করণ।							গবর্ণমেণ্টে দরখাস্ত করিবার তারিখ।	দরখাস্ত করিবার তারিখের পূর্ব্বে পাঁচ বৎসর অবধি বেতনের হার কিম্বা পদের যে মাসিক বেতন নির্দ্দিষ্ট হয় তাহা।	দরখাস্ত করিবার সময়ে বেতন কিম্বা পদের যে মাসিক বেতন নির্দ্দিষ্ট আছে তাহা।	দরখাস্ত করিবার হেতুর মর্ম্ম।	সিরিশ্তার প্রধান কার্য্যকারকের মন্তব্য কথা।	মাসেং যত পেনস্যান পাইবার প্রস্তাব হয়।	পেনস্যান পাইলে যে খাজানাখানায় সে আপন পেনস্যান লইতে চাহে।	গবর্ণমেণ্টের হুকুম।
			ফুট	ইঞ্চ	বৎসর	মাস	দিন		জিলা	পরগনা	গ্রাম		পদের নাম	যত কাল কর্ম্ম করিয়াছে			পদের বেতন										
														বৎসর	মাস	দিন	টাকা	আনা	পাই								
																											শ্রীঅমুকের হুকুমক্রমে শ্রীঅমুক সেক্রেটারী। দরখাস্তকারিকে এত টাকার পেনস্যান দেওয়াগিয়াছে ==== টাকা।

সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*.

PROCLAMATION.

FORT WILLIAM,

THE 6TH AUGUST, 1853.

WHEREAS an application was made to the Government for putting in force Act No. XXVI. of 1850 in the town of Santipore, in the District of Nuddea; and whereas it has been reported by the Deputy Magistrate of Santipore that the majority of the Inhabitants of the said town have declared themselves in favor of the adoption of the said Act therein; it is hereby ordered and declared that the application aforesaid appears to the Most Noble the Governor of Bengal to be wholly according to the wishes of the Inhabitants of the said town, and that Act No. XXVI. of 1850 shall be henceforth in force in the said town of Santipore in the District of Nuddea, for all the purposes set forth in Section II. of the said Act.

By Order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,
Secy to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

১৮৫৩ সাল ৬ আগষ্ট।

যেহেতুক ১৮৫০ সালের ২৬ আইন নদীয়া জিলার শান্তিপুর নগরে চলন করিবার দরখাস্ত গবর্ণমেন্টের নিকটে হইয়াছিল এবং যেহেতুক শান্তিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট রিপোর্ট করিয়াছেন যে উক্ত নগর নিবাসিরদের অধিকাংশ লোক উক্ত নগরে উক্ত আইন স্থাপন হওনে সপক্ষতা প্রকাশ করিয়াছেন অতএব ইহার দ্বারা হুকুম ও নির্দ্ধারিত হইল যে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেব বোধ করেন যে ঐ দরখাস্তের বিষয়ে উক্ত নগরনিবাসি লোকেরদের সম্পূর্ণ সম্মতি আছে অতএব ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারায় যে সকল অভিপ্রায় প্রকাশ হইয়াছে সেই অভিপ্রায় সিদ্ধ করণের নিমিত্তে ঐ আইন অদ্যাবধি নদীয়া জিলার শান্তিপুর নগরে চলন হয়।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 23d August, 1853.

Moulvee Mazum Hossein, Moonsiff of Madhubgunge, Zillah West Burdwan, for eight days, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacation, on urgent private affairs.

Moulvee Mahomed Aulum, Moonsiff of Oolberia, Zillah Hooghly, for three days, on private affairs.

The 29th August, 1853.

Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Bhuttooreeah, Zillah East Burdwan, for the 27th Instant.

The 30th August, 1853.

The unexpired portion (ten days) of the leave of absence for eighteen days, granted on the 2d May last, to Baboo Judooram Deka Baroowa, Moonsiff of Golah Ghat, in Zillah Sheebsagur, has been cancelled at his own request.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ২৩ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের মাধবগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মাজুম হুসেন আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে আট দিনের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলম স্বীয় কর্ম্মোপলক্ষে তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৯ আগষ্ট।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের ভাতুড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ২৭ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ আগষ্ট।

জিলা শিবসাগরের গোলাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু যদুরাম ঢেকা বড়ুয়া গত মে মাসের ২ তারিখে আঠার দিনের যে ছুটী পাইয়াছিলেন তাহার অবশিষ্ট দশ দিন তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৫২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৯ আগষ্ট।

শ্রীযুত জে সি সিমন্স সাহেব (Mr. J. C. Simons,) আসামে গৌহাটির চিকিৎসকের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৩ সাল ২০ আগষ্ট।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকি সাহেব (Mr. C. Mackay,) প্রথম শ্রেণীর প্রধান সদর আমীন হইয়াছেন।

শ্রীযুত সায়দ আব্বাস আলী ত্রিপুরার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম ঢাকার প্রধান সদর আমীন হইয়া উক্ত জিলায় মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ হানিফ পাটনার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত ডবলিউ রাইট সাহেব (Mr. W. Wright,) সারণের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

বর্দ্ধমানে কাঁটওয়ার মুনসেফ শ্রীযুত বাবু তারাকৃষ্ণ হালদার প্রথম শ্রেণীভুক্ত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ৬ সেপ্টেম্বর।]

১৮৫৩ সাল ২৫ আগষ্ট।

শ্রীযুত পাদরি এম ব্রনসন সাহেব (Reverend M. Bronson,) নওগাঁ জিলায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৩ সাল ২৭ আগষ্ট।

শ্রীযুত জি সিবলি সাহেব (Mr. G. Sibley,) বীরভূমে গুদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৩ সাল ২৯ আগষ্ট।

রেবিনিউ বোর্ডের মেম্বর শ্রীযুত এচ রিকেট্স সাহেব (Mr. H. Ricketts,) বিশেষ কর্ম্মোপলক্ষে মেদিনীপুর সমেত কটক প্রদেশে এবং দক্ষিণ পশ্চিম অঞ্চলের এজেন্ট সাহেবের এলাকায় গমন করিবার হুকুম পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ আগষ্ট।

শ্রীযুত বাবু লোকনাথ বসু চব্বিশপরগনার প্রধান সদর আমীন হইয়া ঐ জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এচ এস তামসন সাহেব (Mr H S. Thompson,) হুগলীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু অভয়াকুমার দত্ত চব্বিশপরগনার সদর আমীন এবং উক্ত জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

ভাগলপুরে সূর্য্যগড়ার মুনসেফ শ্রীযুত সৈয়দ ফরহৎ আলী প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১ সেপ্টেম্বর।

শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C Tottenham,) ঢাকার কালেক্টর হইবেন।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr G. P Leycester,) চটিগাঁর কালেক্টর হইবেন কিন্তু ঢাকার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২২ আগষ্ট।

যেহেতুক ১৮৫১ সালের ১০ আইনের ২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে যে সাধারণমতে কলিকাতার খাল নামে বিখ্যাত ১৮৩৬ সালের ২২ আইনেতে নির্দ্দিষ্ট জলপথের কোন এক পথের কোন স্থানে নৌকা কি কাষ্ঠের কি বাঁশের মাড কর কি গহিরা না দিয়া যত কাল থাকিতে পারে তাহা এবং যে কোন নৌকা কি কাষ্ঠের কি বাঁশের মাড নির্দ্দিষ্ট সময়ের অধিক কাল এমতে থাকে তাহার উপর যে হারে কর কি গহিরা উসুল করা যাইবেক তাহা, বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব নিরূপণ করিতে পারেন অতএব নীচের লিখিতমতে নির্দ্দিষ্ট হইয়াছে।

১ বিধি। যে প্রত্যেক নৌকার কি কাষ্ঠের কি বাঁশের মাড়ের মাসুল দেওয়া গিয়াছে তাহার ঐ সকল খালের কোন খাল দিয়া যাইবার নিমিত্তে, খালে প্রবেশ করিবার ও খাল হইতে বাহির হইবার দিন লইয়া, তিন দিন মিয়াদ দেওয়া গিয়াছে। ঐ তিন দিনের উপর নৌকা কি কাষ্ঠের মাড় কি বাঁশের মাড় গহিরা না দিয়া নীচের লিখিত কাল খালে থাকিতে পারে বিশেষতঃ।

নৌকা।—মাপঅনুসারে তিন শত মোনপর্য্যন্ত বোঝাই নৌকার ফিশত মোনের জন্যে এক দিন এবং তিন শত মোনের অধিক দুই২ শত মোনের জন্যে এক২ দিন।

কাষ্ঠের মাড। পঞ্চাশের অধিক না হয় এমত কোন সংখ্যার কড়ি কাষ্ঠের জন্যে দুই দিন এবং ঐ সংখ্যার অধিক পঞ্চাশ২ কড়ির নিমিত্তে এক২ দিন।

বাঁশের মাড। পাচ শতের অধিক না হয় এমত কোন সংখ্যার বাঁশের নিমিত্তে দুই দিন এবং ঐ সংখ্যার অধিক পাচ২ শত বাঁশের নিমিত্তে এক২ দিন।

২ বিধি। পাঁশপাটা ও খিদিরপুরের চৌকীর মধ্যে পূর্ব্ব দিগের খালের কোন স্থানে, কিম্বা লোণা জলের হুদ অবধি বৈঠকখানার রাস্তাপর্য্যন্ত যে খাল যায় তাহা লইয়া কলিকাতার খালের কোন স্থানে যে কোন নৌকা কি কাষ্ঠের মাড কি বাঁশের মাড পূর্ব্বোক্ত বিধিমতে নিরূপিত কালের অধিক থাকে তাহার ঐ কালের অধিক প্রতিদিনের জন্যে মাসুলের অর্দ্ধেকের তুল্য গহিরা দিতে হইবেক।

৩ বিধি। কলিকাতার খালের নিকট গদিতে, কিম্বা পূর্ব্ব দিগের খালের নিকট কলিকাতার কালেক্টর সাহেব যে২ স্থান নিরূপণ করেন এমত কোন স্থানে যে২ নৌকার মেরামৎ হয় সেই২ নৌকার যত কাল মেরামৎ হইতেছে তত কাল ২ বিধির নির্দ্দিষ্ট গহিরার সিকী ভাগের হারে দিতে হইবেক।

৪ বিধি। ১ বিধির নির্দ্দিষ্ট খালের কোন খালে যে কোন নৌকা কি কাষ্ঠের মাড় কি বাঁশের মাড ত্রিশ দিনের অধিক থাকে সেই নৌকার কি মাডের উপর ঐ ত্রিশ দিনের অধিক প্রতিদিনের নিমিত্তে মাসুলের তুল্য গহিরা লওয়া যাইবেক।

১৮৫৩ সাল ১ সেপ্টেম্বর।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G D Wilkins,) কিঞ্চিৎকালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT

নিমক।

এস্তেহার।

কমবেশ ৫,০০০০০ পাঁচ লক্ষ মোন নমক জেলা হিজলির ঘাট রসুলপুর হইতে শালিখার গোলায় ঢোলাই করণার্থে এই এস্তেহারের দ্বারা টেণ্ডর অর্থাৎ দরখাস্ত তলব করা যাইতেছে।

উক্ত নমক তিন মাস মেয়াদ মধ্যে অর্থাৎ আগামি নবেম্বর মাহার ১৫ তারিখ হইতে লাগাইদ ১৫ ফেব্রুআরির মধ্যে বেবাক ঢোলাই করিতে হইবেক।

প্রত্যেক টেণ্ডরের দরখাস্তে দরখাস্তকারিরা যাকি দরে ঢোলাই করিতে চাহে তাহা বিশেষ করিয়া লিখিতে হইবেক।

উক্ত নমকের কাণ্ট্রাক্টারকে রসুলপুর গোলায়ে নদীর ধারে ওজনপূর্ব্বক নমক দেওয়া যাইবেক তথাহইতে তাহাকে নিজ খরচে ঢোলাই করিতে হইবেক। কিন্তু শালিখা গোলা ঘাটপর্য্যন্ত সে নমক সরকারী খরচে ডেঙ্গায় তুলিয়া ওজন হইবেক।

আগামি সেপ্টেম্বর মাহার ১৫ তারিখ রোজ শুক্রবার বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত উক্ত নমকের যে পরিমাণে ঢোলাই করিতে চাহে তাহার টেণ্ডর লওয়া যাইবেক কিন্তু লক্ষ মোনের কম পরিমাণে টেণ্ডর দিলে লওয়া যাইবেক না।

[*Government Gazette*, 6th *September*, 1853.]

সাহেবান বোর্ডের এক্তিয়ার রহিল যে কোন টেণ্ডর নামঞ্জুর করিতে চাহিলে তাহাতে কারণ না দর্শাইয়া নামঞ্জুর করিতে পারিবেন ইতি।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। সন ১৮৫৩ সাল তারিখ ২৪ আগষ্ট।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ফরিদপুর।

এক্তালানামা কাছারী কালেক্টরী মোং ফরিদপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি নীচের লিখিত মহাল সন ১৮৫২। ৫৩ সনের লাং কিস্তী আপ্রিলের পাওনা বাকী মালগুজারীর নিমিত্তক সন ১৮৫৩ সনের ১৫ সেপ্টেম্বর মোং ১২৬০ সনের ৩১ ভাদ্র বৃহস্পতিবার অত্র কালেক্টরীর কাছারীতে নীলামে ধরা যাইয়া নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ সন তারিখ ২৬ আগষ্ট।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা	মন্তব্য কথা
২	জায়গীর বাজে-আপ্তি ম্যাদী বন্দোবস্ত	১৯২	জায়গীর তাং কালাআলম	মং ঝড়ু খাঁ ভিকু খাঁ নিং খরিদা রামনাথ লশকর	২৮॥৴৬	১৪॥৴৬	এই মহাল ১৮৫৩ সনের ২৫ জুলাই তারিখে গঙ্গাপ্রসাদ রায় ২৲ টাকা মুল্যে নীলাম খরিদ করিয়া মেয়াদ ৩০রোজ মধ্যে বাকী পণের টাকা দাখিল না করাতে পুনরায় নীলাম হইবেক এবং খরিদার মজকুরের দাখিলী বায়না সরকারে জব্দ হইয়াছে ইতি।

W. J. LONGMORE, *Deputy Collector.*

DELHI BANK.

NOTICE.—A Special General Meeting of the Shareholders of the Delhi Bank will be held at the Bank house at Delhi, at noon, on Monday, the 12th day of December next, for the purpose of resolving that the Bank shall be registered under Act XLIII. of 1850.

By order of the Managers.

G. BERESFORD, *Manager.*

বিজ্ঞাপন।

১৮৫০ সালের ৪৩ আইনানুসারে দিল্লির ব্যাঙ্ক রেজিষ্টরী করণের বিষয়ে নির্দ্ধার্য্য করিবার নিমিত্তে দিল্লী ব্যাঙ্কের অংশিদারেরদের বিশেষ সভা আগামি ডিসেম্বর মাসের ১২ তারিখের বেলা দুই প্রহর সময়ে দিল্লীর ব্যাঙ্কে হইবেক।

সরবরাহকার।

জি বেরেস ফোর্ড সাহেব।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of KENNETH ROSS MACKENZIE, and another, Insolvents.

On Saturday, the 6th day of August, 1853, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 9170-7-8 in his hands, pay a dividend at the rate of Co.'s Annas four per cent., (which will amount to the sum of Co.'s Rs. 6821-6-0) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন কেনেথ রস মেকেঞ্জি সাহেব ও অন্যেরদের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে ১৮৫৩ সালের আগষ্ট মাসের ৬ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ৯১৭০ ।৶৮ টাকা আছে সেই টাকাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর ফি শত টাকার প্রতি ।০ আনার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬৮২১ ।৶ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৬ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 13, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৩ সেপ্টেম্বর।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 2ND SEPTEMBER, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 2nd of September, 1853:—

ACT No. —— OF 1853.

An Act to amend the Law relating to Pleaders in the Courts of the East India Company.

WHEREAS it is expedient to amend the law relating to Pleaders in the Courts of the East India Company, it is enacted as follows:-

I. Section XVI. Regulation XXVII. of 1814 of the Bengal Code, and Section XVI. Regulation XIV. of 1816 of the Madras Code, are hereby repealed.

II. No Pleader shall be bound to attend in any of the Courts of the East India Company, on any day fixed for the transaction of Civil business, or to notify to the Court his inability to attend, unless he shall be employed in some cause or business which, according to the practice of the Court, may be heard or transacted therein on that day, anything in any law or regulation to the contrary notwithstanding.

III. Every Attorney on the roll of any of Her Majesty's Supreme Courts of Judicature in India shall be entitled as such to plead in any of the Sudder Courts of the East India Company, or in any of the Courts subordinate thereto, subject however to all the rules for the time being in force in the said Sudder and other Courts respectively, applicable to Barristers pleading therein, whether relating

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের আদালতের মধ্যে উকীলেরদের বিষয়ি আইন সংশোধনের আইন।

যেহেতুক কোম্পানি বাহাদুরের আদালতের মধ্যে উকীলেরদের বিষয়ি আইন সংশোধন করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৪ সালের ২৭ আইনের ১৬ ধারা এবং মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ১৪ আইনের ১৬ ধারা ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। কোম্পানি বাহাদুরের কোন আদালতে, দেওয়ানী কার্য্য নির্ব্বাহের জন্যে নিরূপিত কোন দিনে, কোন উকীল হাজির হইতে, কিম্বা ঐ আদালতে হাজির হইতে না পারিলে তাহার সম্বাদ দিতে বদ্ধ হইবেন না কোন আইনের কথা ইহার বিপরীত হইলেও নয়। কিন্তু তিনি যে মোকদ্দমায় কি কার্য্যেতে নিযুক্ত হন যদি তাহা সেই দিনে আদালতের দস্তুরমতে শুনা যাইবেক কি নির্ব্বাহ হইবেক তবে তাঁহার হাজির থাকিতে হইবেক কিম্বা হাজির হইতে না পারিলে তাহার সম্বাদ দিতে হইবেক ইতি।

৩ ধারা। ভারতবর্ষে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টের ফর্দ্দের লিখিত প্রত্যেক উকীল কোম্পানি বাহাদুরের কোন সদর আদালতে কিম্বা তাঁহার অধীন কোন আদালতে উক্ত প্রকার উকীলস্বরূপ সওয়াল জওয়াব করিতে পারিবেন। পরন্তু আদালতে যে ভাষা কহিতে হইবেক তাহার বিষয়ে, কিম্বা অন্য কোন বিষয়ে, উক্ত সদর কি অন্য আদালতে সওয়ালজওয়াবকরণীয়া কৌন্সেলী সাহেবেরদের প্রতি যে সময়ের চলিত যে বিধি

to the language in which the Court is to be addressed or to any other matter.

Ordered, that the draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India, after the 2nd day of December next.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

খাটে ঐ উকীল সাহেবেরা সেই সময়ে সেই সমস্ত বিধির অধীন কার্য্য করিবেন ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ২ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে উক্ত মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

সদর বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

No. 21.

From the Officiating Junior Secretary to the Board of Revenue, Lower Provinces, to
Dated Fort William, the 9th August, 1853.

I am directed by the Board of Revenue to circulate, for close observance on the part of all Officers subject to their authority, the annexed orders of Government in regard to applications for leave on medical certificate.

(Signed) A. R. YOUNG,
Offg. Junior Secretary.

Board of Revenue, Lower Provinces.

২১ নম্বর।

শ্রী অমুক সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৯ আগষ্ট।

চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী পাইবার দরখাস্তের বিষয়ে গবর্ণমেণ্টের নীচের লিখিত হুকুম বোর্ড রেবিনিউর সাহেবেরদের আদেশমতে পাঠাইতেছি। তাঁহারদের আজ্ঞাধীন সকল কার্য্যকারক ঐ হুকুমমতে অবিকলরূপে কার্য্য করিবেন।

এ আর ইয়ং।
এক্টিং দ্বিতীয় সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

No. 622.

From the Under-Secretary to the Government of Bengal, to A. Grote, Esq., Officiating Secretary to the Board of Revenue. Dated Fort William, the 2nd August, 1853.

I am directed by the Most Noble the Governor of Bengal to request, with reference to Section V. of the Civil Absentee Rules, that medical certificates which accompany applications for leave of absence by Officers subordinate to the Board, may invariably be countersigned by the Medical Board,* as prescribed by that Rule, before being submitted to Government.

(Signed) W. G. YOUNG,
Under-Secy. to the Govt. of Bengal.

Board of Revenue, Lower Provinces.
Fort William, the 9th August, 1853.
(True Copy)
(Signed) A. R. YOUNG,
Offg. Junior Secretary.

৬২২ নম্বর।

বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী শ্রীযুত এ গ্রোট সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার ছুটীবিষয়ক বিধির ৫ ধারার উপলক্ষে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবেল গবর্নর সাহেবের হুকুমক্রমে আদেশ করিতেছি যে বোর্ডের অধীন কার্য্যকারক সাহেবেরদের ছুটীর দরখাস্তের সঙ্গে যে চিকিৎসকের সর্টিফিকট পাঠান যায় গবর্ণমেণ্টের নিকটে অর্পণ হইবার পূর্ব্বে তাহাতে ঐ বিধির নির্দ্দিষ্টমতে মেডিকাল বোর্ডের * দস্তখৎ নিয়ত থাকিবেক।

ডবলিউ জি ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৯ আগষ্ট।
(যথার্থ নকল।)
এ আর ইয়ং।
এক্টিং দ্বিতীয় সেক্রেটারী।

No. 22

From the Officiating Junior Secretary to the Board of Revenue, Lower Provinces, to
Dated Fort William, the 16th August, 1853.

I am directed by the Board of Revenue to inform you that the disapproval expressed by the late Sudder Board of Revenue, in their Circular, No. 26, dated the 14th May, 1850, of the practice, on the part of European functionaries, of carrying about their native Officials on every change of appointment, is henceforward to be regarded as a di-

২২ নম্বর।

শ্রী অমুক সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১৬ আগষ্ট।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে তোমাকে জ্ঞাপন করিতেছি যে ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরা যতবার নূতন পদ পান ততবার আপনারদের এদেশীয় আমলারদিগকে সঙ্গে২ লওনের ব্যবহার বিষয়ে সাবেক সদর বোর্ড রেবিনিউর সাহেবেরা আপনারদের ১৮৫০ সালের ১৪ মে তারিখের ২৬ নম্বরী সরকুলর অর্ডরে যে অসন্তোষের কথা প্রকাশ করিয়াছিলেন সেই কথা গবর্ণ-

---

* Or in certain cases by the Superintending Surgeon.

* কিম্বা কোন২ স্থলে সুপরিণ্টেণ্ডিং চিকিৎসক সাহেবের।

rect prohibition, under orders of Government, dated the 22nd June last.

2nd. Though European functionaries are specified in the Circular, the grounds on which the practice is condemned apply equally in the case of native functionaries with fixed establishments; but such Officers as Deputy Collectors, who at present have an allowance for establishment, are not understood to be affected by the Government orders.

(Signed) A. R. Young,
Offg. Junior Secretary.

Board of Revenue, Lower Provinces.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 2nd September, 1853.

Baboo Grees Chunder Ghose, 1st Grade Moonsiff of Furreedpore, Zillah Dacca, is transferred to Sulkeah, Zillah 24-Pergunnahs, vice Mr. William Wright, promoted.

Baboo Rausbeharee Bose, a Diploma Holder of January, 1851, to be Moonsiff of Furreedpoor, Zillah Dacca, vice Baboo Grees Chunder Ghose, transferred.

Baboo Pudolochun Doss, a Diploma Holder of January, 1851, to be Moonsiff of Leeraguuge, Zillah Dacca, vice Baboo Abhoy Coomar Dutt, promoted.

The 5th September, 1853.

Moulvee Mahomed Mahmood, Moonsiff of Borobaree, Zillah Rungpore, to be Moonsiff of Juggernathdiggee, Zillah Tipperah, vice Hureemohun Bose, deceased.

Baboo Calidoss Dutt, Acting Moonsiff of Borobaree, Zillah Rungpore, is confirmed in that appointment.

The 6th September, 1853.

Moonshee Dubeeroodin Mahomed, a Diploma Holder of January, 1851, to be Acting Moonsiff of Nicossee, Zillah Midnapoor, during the absence of Nuseeroodin Hyder, Moonsiff, on Medical Certificate, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 5th September, 1853.

Baboo Madhub Chunder Bhuttacharjee, Moonsiff of Bilmariah, Rajshahye, for three months, from the 4th November next, in addition to the period of the Dusserah and Mohurrum Vacation, on private affairs.

Moulvee Nusseeroodeen Hyder, late Moonsiff of Kheytooparah, Rajshahye, for six weeks, from the date of making over charge of office, on Medical Certificate.

The 6th September, 1853.

Baboo Gopeenath Moitree, Moonsiff of Nassir-

মেণ্টের গত জুন মাসের ২২ তারিখের হুকুমক্রমে এই-ক্ষণঅবধি স্পষ্ট নিষেধ আজ্ঞাস্বরূপ জ্ঞান হইবেক।

২। ঐ সরকুলরের মধ্যে ইউরোপীয় কর্ম্মকারক সাহেবেরা নির্দ্দিষ্ট হইয়াছেন বটে পরন্তু যে হেতুতে ঐ ব্যবহার নিষিদ্ধ হইয়াছে তাহা যেমন ইউরোপীয় কর্ম্মকারকেরদের বিষয়ে খাটে তেমনি এদেশীয় যে কার্য্যকারকেরদের মোকররী আমলাগণ থাকে তাঁহারদের বিষয়েও খাটে। কিন্তু ডেপুটী কালেক্টরেরদের মত যে কার্য্যকারকেরা এক্ষণে আমলাগণের নিমিত্তে নির্দ্দিষ্ট টাকা পান তাঁহারদের গবর্ণমেণ্টের ঐ হুকুমের দ্বারা কোন ইতরবিশেষ হয় এমত জ্ঞান হইতেছে না।

এ আর ইয়ং।
একটিং দ্বিতীয় সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

John Robinson, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২ সেপ্টেম্বর।

শ্রীযুত উলিয়ম রাইট সাহেব উচ্চ পদে নিযুক্ত হওয়াতে জিলা ঢাকার ফরিদপুরের প্রথম শ্রেণীর মুনসেফ শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ জিলা চব্বিশপরগনার শালিকাতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ স্থানান্তরে প্রেরিত হওয়াতে ১৮৫১ সালের যোগ্যতার পত্র প্রাপ্ত শ্রীযুত বাবু রাসবিহারী বসু ঢাকা জিলার ফরিদপুরের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু অভয়াকুমার দত্ত উচ্চ পদে নিযুক্ত হওয়াতে ১৮৫১ সালের জানুআরি মাসের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু পদ্মলোচন দাস ঢাকা জিলার লেছড়াগঞ্জের মুনসেফ হইবেন।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

বাবু হরিমোহন বসুর মৃত্যু হওয়াতে জিলা রঙ্গপুরের বড়বাড়ীর মুনসেফ শ্রীযুত মোলবী মহম্মদ মামুদ জিলা ত্রিপুরার জগন্নাথদীঘীর মুনসেফ হইবেন।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু কালিদাস দত্ত উক্ত পদে সম্পূর্ণরূপে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৬ সেপ্টেম্বর।

জিলা মেদিনীপুরের নিকাসির মুনসেফ শ্রীযুত নসীরউদ্দীন হয়দরের চিকিৎসকের সর্টিফিকটক্রমে অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫১ সালের জানুআরি মাসের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত মুনশী দবিরুদ্দীন মহম্মদ ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

রাজশাহীর বিলমারিয়ার মুনসেফ শ্রীযুত বাবু মাধবচন্দ্র ভট্টাচার্য্য দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত আগামি নবেম্বর মাসের ৪ তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর খেতুপাড়ার সাবেক মুনসেফ শ্রীযুত মৌলবী নসীরউদ্দীন হয়দর যে তারিখে আপনার কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৬ সেপ্টেম্বর।

জিলা ত্রিপুরার নাসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু গো-

nugger, Zillah Tipperah, for seven days, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacation.

The 7th September, 1853.

Baboo Ramcomul Bonnerjee, Moonsiff of Attyah, Zillah Mymensing, for one week, previous to and two weeks after the re-opening of the Civil Courts, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacation, on private affairs.

C. T. BUCKLAND, *Register*.

পীনাথ মৈত্রি আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৭ সেপ্টেম্বর।

জিলা ময়মনসিংহের আটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু রামকমল বাঁড়ুয্যা স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরা ও মহরমের বন্দের পূর্ব্বে এক সপ্তাহ ও দেওয়ানী আদালত খুলিবার পরে ঐ বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১২৫৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৮ জুলাই।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা ত্রিপুরাতে ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বার্বর সাহেব (Mr L Barber,) চাটিগাঁয়ে প্রেরিত হইয়া প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন। বার্বর সাহেব (Mr. Barber.) ঐ জিলায় ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১৮ আগষ্ট।

ক্রিপী কার্য্যের ৩ সংখ্যক অর্থাৎ পূর্ব্ব এলাকার নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনানুসারি ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায় জিলা ত্রিপুরাতে প্রেরিত হইয়াছেন।

১৮৫৩ সাল ৩ সেপ্টেম্বর।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলী ত্রিহুতের সদর আমীন হইবেন।

সারণে সেবানের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজিদ প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত পাদরি জে গাওয়েন সাহেব (Reverend J. Gawen,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত দমদমার ধর্ম্মোপদেশকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৩ সেপ্টেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা যেহারের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে মাকলোড সাহেব (Mr. J. Macleod,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

হিজলীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ও নিমকের ডেপুটী এজেণ্ট শ্রীযুত এচ বেলি সাহেব (Mr. H. Baillie,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১২ আগষ্ট।

বুড়ি গঙ্গা নদীর উত্তর তীরে পাগলা পুলঅবধি দক্ষিণ তীরে পাঙ্গোয়ানপর্য্যন্ত যে গুদারা সম্প্রতি স্থাপিত হইয়াছে তাহা ১৮১৯ সালের ৬ আইনক্রমে সরকারী গুদারা হইয়াছে এমত প্রকাশ করা গেল।

১৮৫৩ সাল ৩১ আগষ্ট।

শ্রীযুত লার্ড সাহেব গোলন্দাজী পল্টনের দ্বিতীয় লেপ্টেনেণ্ট শ্রীযুত জে এ এচ একফর্ড সাহেবকে (Second Lieutenant J. A. H. Eckford,) উর্দ্দূ ও হিন্দী ভাষার অত্যন্ত নৈপুণ্যের সর্টিফিকট প্রদান করিয়াছেন।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১২৭৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৮ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব (Mr. W. H. Brodhurst,) ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১ সেপ্টেম্বর।

দক্ষিণপশ্চিম অঞ্চলের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে হানিংটন সাহেব (Major J. Hannyngton,) ছুটী বিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে দশহরার বন্দের সময়ে এক মাসের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোমের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন ও সদর আমীনের সিরিশ্তার চলিত কর্ম্মও চালাইবেন।

১৮৫৩ সাল ৮ সেপ্টেম্বর।

ফরিদপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব ভাগলপুর ও মুঙ্গেরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ হাইণ্ড সাহেবকে (Rev. F. Hinde,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ২৫ ধারানুসারে যে এক মাসের ছুটী দিয়াছিলেন তাহা মঞ্জুর হইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৩ সেপ্টেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব চাটিগাঁ জিলায় এক এলাকাখণ্ড হইবার অনুমতি দিয়াছেন। থানা রামু ও টেকনাফ ও চকরিয়া ও ফাঁড়ি মাস্কাল ও কক্সবাজার ঐ এলাকাভুক্ত হইবেক। কক্স সাহেবের বাজার ঐ এলাকার সদর মোকাম হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৩ সেপ্টেম্বর।]

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলা শুক্তিবাদে লাগাদ ৩১ আগস্ট সন ১৮৫৩ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলা।

এজেন্সীর নাম		সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।		০	০	০	০	২,২৫,৮৮২/	৩,৬০,৪০০/	৫,৮৬,২৮২/
ঐ ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	২০,১২৭/	১৯৫,০৫০/	২,১৫.১৭৭/
ঐ ঐ রামনগর।		০	০	০	৫,০৯০॥৫	৮০০।৫	১,৫৮,৬২৫/	১,৬৪ ৫১৬/
গাছা নমক।		৩,৭৩০॥১॥	০	০	০	০	০	৩,৭৩০॥১॥
	একুন।	৩,৭৩০॥১॥	০	০	৫,০৯০॥৫	২,৪৬,৮০৯।৫	৭,১৪,০৭৫/	৯,৬৯,৭০৫॥১॥
তমলুক।								
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	০	১৯,৭২৬।৮দ	১৯,৭২৬।৮দ
	একুন।	০	০	০	০	০	১৯,৭২৬।৮দ	১৯,৭২৬।৮দ
চট্টগ্রাম।								
পাঙ্গা নমক নিজামপুর ঘাট ডোমখালি।			০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ		০	০	০	০	০	৪৯দ২ ৴	৬,৫২,৭৬১।৬॥/
ঐ সদর ঘাট এজেন্সী।		০	০	২,৭৫,৯১৪/।	৩,৭৪,৭৭০॥৯	২,০২৬দ৫	০	২,৮১,৯৪৫/২ ৷ড১০
ঐ ঐ আরাকিন।		২,৭৯,৬৩[illegible] ৷ড১০	০	০	২,৩০৬/	০		
	একুন।	২৭,৯,৬৩৯/২ ৷ড১০	০	২,৭৫,৯১৪/।	৩,৭৭,০৭৬॥৯	২,০২৬দ৫	৪৯দ২ ৴	৯,৩৪,৭০৬।৯[illegible]

[*Government Gazette*, 13*th September*, 1853.]

এজেন্সীর নাম	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের এজুন।
শালিখ।							
পাঙ্গা নমক কটক।	৭,৩৪,০৭৫ ।৫	৬.৯৪৬॥৫	২,৮৬৫/	৫৭,২৪৪/	০	০	৮,০১,১৩১/
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	৯৭৩॥০	২,৫১৫॥০	০	৩,৪৮৯/
ঐ ঐ চিলকা।	০	০	৩০/	৯৪৩ ।০	২,৯৮৯॥০	০	৩,৯৬২৸০
করকচ নমক মান্দ্রাজ পরমিট ১ পহিলা রমক।	০	০	০	০	০	০	০
ঐ ঐ ২ দোসরা রমক।	০	০	০	০	০	০	০
পাঙ্গা হিজলি কালীনগর।	১.০৫৯॥৭	০	০	০	০	০	১,০৫৯॥৭
ঐ রামনগর।	০	০	০	২৯/	০	০	২৯/
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	৩.৮৪,১৭৪ ।৫	০	০	০	০	৩,৮৪,১৭৪ ।৫
ঐ ঐ ডাইমন হারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর।	০	৪৯,১৭২॥০	০	০	০	০	৪৯,১৭২॥০
এজুন	৮.৫৭,৫২০/১	৪.৪০,১৯৩॥০	২.৮৯৫/	৫৯.১৮৯৸০	৫.৫০৫/	০	১৩,৬৫,৪০৩ ।২
আরকিন							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	১.০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
এজুন।	০	১.০৬৯/৮	০	৩৩.২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
মোট এজুন।	১১.৪০,৮৮৯॥৫৸/১০	৪,৪১,৩৬২॥৮	২.৯৮,৮০৯/ ।	৪.৭৪ ৬২৭॥৪	৫,৭১,০৭০৸০	৭,৩৩,৮৫১ ।১/	৩৩,৯০,৬১০৸৯ ।১০

এ আর ইয়ং। একটিং চোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৩ সেপ্টেম্বর।]

OPIUM.

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ১৬ সেপ্টেম্বর শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের নবম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	১২০৫
বানারসের পয়দায়শী আফিম	১০৮৫
জুমলা সিন্দুক	৩২৯০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ২১ সেপ্টেম্বর এবং ১ অক্টোবর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরী রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মঞ্জুরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ২১ সেপ্টেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিম্মতের পুরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ১ অক্টোবর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিমের সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদি স্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের	২৪ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২১ নবেম্বর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ	২০ ডিসেম্বর	মঙ্গলবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
				৬৬১৮	৩২৩৪	৯৮৫২

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ২৩ আগষ্ট

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

এস্তেহার।

সন ১৮৫৩। ৫৪ সালের পয়দায়শী আফিসের সিন্দুক সকলের হেফাজাত করিতে এবং চট মোড়াই করিবার নিমিত্তে জেলা বেহারের এজেন্ট সাহেবের আবশ্যকমতে নীচের লিখিত জিনিসহায়ের সরবরাহ জন্য টেণ্ডর অর্থাৎ দরখাস্ত এই এস্তেহারের দ্বারা তলব করা যাইতেছে।

জায় জিনিস।

লোহার পত্তর	১ দফা।
লোহার পেরেক	১ দফা।
চট	১ দফা।
সুতলী	১ দফা।

উপরোক্ত প্রত্যেক জিনিসের নমুনা দেখিবার প্রয়োজন হইলে বোর্ডের দপ্তরখানায় প্রার্থনা করিলে দেখিতে পাইবেন এবং যে রকম জিনিস যে আন্দাজ দরকার এবং যে সময়ে দাখিল করিতে হইবেক তাহারো বিস্তারিত বিবরণ জানিতে পারিবেন।

আর টেণ্ডরের দরখাস্তে দরখাস্তকারি ব্যক্তি যে দরে প্রত্যেক অথবা তন্মধ্যে কোন জিনিস সরবরাহ করিতে ইচ্ছুক হয় তাহা ভিন্ন২ করিয়া লিখিতে হইবেক। উক্ত টেণ্ডরের দরখাস্ত বর্ত্তমান মাসের ১৯ তারিখে বেলা দুই প্রহর দুই ঘন্টা পর্য্যন্ত লওয়া যাইবেক।

আর যে২ ব্যক্তির টেণ্ডরের দরখাস্ত মঞ্জুর করা যাইবেক তাহারদিগের নিকট কান্ট্রাক্টের কর্ম্ম সুচারুরূপে আঞ্জাম হয় ইত্যভিপ্রায়ে সিকিউরিটী মাতবরী তলব করা যাইবেক।

আর যদি কোন টেণ্ডরের দরখাস্ত নামঞ্জুর করিতে হয় তবে সাহেবান বোর্ডের এক্তার রহিল যে তাহার কোন কারণ না দর্শাইয়া নামঞ্জুর করিতে পারিবেন ইতি।

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। সন ১৮৫৩ সাল তারিখ ৫ সেপ্টেম্বর মতাবেক বাঙ্গলা সন ১২৬০ সাল তারিখ ২১ ভাদ্র।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. / ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা পূরণিয়া।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে ইস্তাহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত এক মহাল ১৮৫৩ সালের মে মাসের কিস্তীপর্য্যন্ত বাকী রাজস্বের বাবৎ ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৭ সেপ্টেম্বর তারিখ মোতাবেক বাঙ্গলা সন ১২৬০ সালের ২ আশ্বিন শনিবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে কি রেজিষ্টরীতে মহালের নম্বর	মহালের নাম	লিখিত মালিক	সদর জমা	সন ১৮৫৩ সালের মে মাসের কিস্তীপর্য্যন্ত যত বাকী	মন্তব্য কথা
২	১০০৲ টাকার অনধিক ইস্তমরারী জমা ধার্য্যহওয়া মহাল	৯৭৯	মৌজে হলদীবাড়ী ও শালগড়া পরগনে সূর্য্যাপুর	মোহনলাল কুম দাস নীলামী খরিদার	৫১ ।৮	১৭৸৫	এই মহালের প্রথম নীলামী খরীদার বায়না দাখিল করিয়া বাকী পণের টাকা দাখিল না করিবায় ছানি নীলাম হইবেক।

G. BALFOUR, *Offg. Collector.*

পূরণিয়ার কালেক্টরী। ১৮৫৩ সাল ২ সেপ্টেম্বর।

DELHI BANK.

NOTICE.—A Special General Meeting of the Shareholders of the Delhi Bank will be held at the Bank house at Delhi, at noon, on Monday, the 12th day of December next, for the purpose of resolving that the Bank shall be registered under Act XLIII. of 1850.

By order of the Managers,

G. BERESFORD, *Manager*.

বিজ্ঞাপন।

১৮৫০ সালের ৪৩ আইনানুসারে দিল্লির ব্যাঙ্ক রেজিষ্টরী করণের বিষয়ে নির্দ্ধার্য্য করিবার নিমিত্তে দিল্লী ব্যাঙ্কের অংশিদারেরদের বিশেষ সভা আগামি ডিসেম্বর মাসের ১২ তারিখের বেলা দুই প্রহর সময়ে দিল্লীর ব্যাঙ্কে হইবেক।

কর্ম্মকর্ত্তারদের হুকুমক্রমে।

জি বেরেসফোর্ড সাহেব। অধ্যক্ষ।

বিজ্ঞাপন।

মেকফর্শন সাহেবের দেওয়ানী মোকদ্দমার বিচার সংক্রান্ত আইনের সারসংগ্রহ নামক পুস্তক বাঙ্গালায় তর্জ্জমা হইয়া শীঘ্র মুদ্রিত হইবেক। মূল্য স্বাক্ষরকারির প্রতি ২০৲ বিনা স্বাক্ষরকারির ২৫৲ টাকা। কলিকাতা মিলেটরী আকোণ্টেণ্ট আফিসে অথবা চাঁপাতলার মুজাপুর ট্যাঙ্কলেনের ৪ নম্বরী বাটীতে কলিকাতা নিউ প্রেসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট পুস্তক পাওয়া যাইবে। পুস্তকের বৃত্তান্ত ৬৪৯ নং গেজেটে আছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৩ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 20, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২০ সেপ্টেম্বর।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 9TH SEPTEMBER, 1853.

THE following extract from the proceedings of the Governor General of India in Council in the Legislative branch of the Home Department, under date the 9th September, 1853, is published for general information :—

Read a second time the Draft of a proposed Act, dated the 15th May, 1847, and published in the *Bengalee Government Gazette* of the 25th May, 1847, for regulating the powers of Deputy Magistrates, appointed under Act XV. of 1843.

Resolution.—The Governor General in Council resolves, that the following amended Draft on the subject be published for general information :—

ACT NO. — OF 1853.

An Act for regulating the Powers of Assistants to Magistrates and of Deputy Magistrates, appointed under Act XV. of 1843.

WHEREAS Assistants to Magistrates and also Deputy Magistrates appointed under Act XV. of 1843 to exercise the powers of a Covenanted Assistant, under Regulations XIII. of 1797, IX. of 1807, or III. 1821, are not competent to decide any cases but such as are referred to them by the Magistrate, and whereas this restriction is attended with practical inconvenience to complainants in petty criminal cases ; It is enacted as follows :

I. It shall be competent to the local Government of each of the divisions of the Bengal Presidency, to

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

দেশীয় ডিপার্টমেণ্টের ব্যবস্থাপক সিরিশ্তায় ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ৯ সেপ্টেম্বর তারিখে যে কার্য্য করেন তাহার নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১৮৪৩ সালের ১৫ আইনক্রমে নিযুক্ত ডেপুটী মাজিস্ত্রেটদিগের ক্ষমতা নিরূপণ করণের বিষয়ে ১৮৪৭ সালের ১৫ মে তারিখের প্রস্তাবিত আইনের যে মুসাবিদা ১৮৪৭ সালের ২৫ মে তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহা দ্বিতীয়বার পাঠ করা গেল।

নির্দ্ধারণ। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নির্দ্ধারণ করিতেছেন যে তদ্বিষয়ে নীচের লিখিত শুধরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

মাজিস্ত্রেট সাহেবেরদের আসিষ্টাণ্টদিগের এবং ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে নিযুক্ত ডেপুটী মাজিস্ত্রেটদিগের ক্ষমতা নিরূপণ করণের বিষয়ে আইন।

যেহেতুক মাজিস্ত্রেট সাহেবেরদের আসিষ্টাণ্টেরা এবং ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে নিযুক্ত যে ডেপুটী মাজিস্ত্রেটেরা ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন কি ১৮২১ সালের ৩ আইনক্রমে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিতে নিযুক্ত হন তাঁহারা মাজিস্ত্রেট সাহেবদিগের অর্পণকরা মোকদ্দমাভিন্ন কোন মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন না এবং যেহেতুক এই নিষেধের দ্বারা ক্ষুদ্র ফৌজদারীর বিষয়ের দরখাস্তকারিরদের কাযেং ক্লেশ হইতেছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা রাজধানীর অধীন প্রত্যেক ভাগের গবর্ণমেণ্টের ক্ষমতা হইবেক যে মাজিস্ত্রেট সাহেবদিগের

empower Assistants to Magistrates and also Deputy Magistrates appointed as aforesaid, to receive and try, without reference by the Magistrate, such charges as they are now competent to try upon reference by the Magistrate, subject to appeal from their decisions, according to the provisions of Section II. Act XXXI. of 1841.

Ordered, that the Draft now read be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 9th day of November next.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

আসিষ্টাণ্টেরা এবং পূর্ব্বোক্তমতে নিযুক্ত ডেপুটী মাজিস্ট্রেটেরা মাজিষ্ট্রেট সাহেবের অর্পণ করা যে নালিশের বিচার করিতে ক্ষমতাপন্ন আছেন সেই প্রকার নালিশ মাজিষ্ট্রেট সাহেবের অর্পণ করণবিনা গ্রাহ্য করিয়া বিচার করিতে তাঁহারদিগকে ক্ষমতা দেন কিন্তু তাঁহারদের হুকুমের উপর ১৮৪১ সালের ৩১ আইনের ২ ধারার বিধানমতে আপীল হইতে পারে ইতি।

হুকুম হইল যে আগামি নবেম্বর মাসের ৯ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লাউডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

PUBLISHED FOR GENERAL INFORMATION BY ORDER OF THE COURT OF SUDDER DEWANNY ADAWLUT.

At the Court at Buckingham Palace.
The 13th day of June, 1853
Present :
The Queen's Most Excellent Majesty
His Royal Highness Prince Albert.

Lord President.	Earl of Aberdeen.
Lord Steward.	Earl of Clarendon
Duke of Newcastle.	Viscount Palmerston.
Duke of Wellington.	Mr. Herbert.
Lord Chamberlains.	Sir James Graham, Bart.

Whereas there was this day read at the Board a report from the Right Honourable the Lords of the Judicial Committee of the Privy Council, dated the 30th May last past, humbly setting forth that the Lords of the Judicial Committee have taken into consideration the practice of the Committee, with a view to greater economy, despatch, and efficiency in the appellate jurisdiction of Her Majesty in Council, and that their Lordships have agreed humbly to report to Her Majesty that it is expedient that certain changes should be made in the existing practice in Appeals, and recommending that certain Rules and Regulations therein set forth should henceforth be observed, obeyed, and carried into execution, provided Her Majesty is pleased to approve the same.

Her Majesty, having taken the said Report into consideration, was pleased, by and with the advice of Her Privy Council, to approve thereof, and of the Rules and Regulations set forth therein, in the words following, videlicet :—

[Appellant, when successful, may recover costs of Appeal.]

I. That, any former usage or practice of Her Majesty's Privy Council notwithstanding, an Appellant who shall succeed in obtaining a reversal or material alteration of any judgment, decree, or order appealed from, shall be entitled to recover the costs of the Appeal from the Respondent, except in cases in which the Lords of the Judicial Committee may think fit otherwise to direct.

সদর দেওয়ানী আদালতের হুকুমক্রমে সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা গেল।

বকিংহাম রাজবাটীতে।
১৮৫৩ সাল ১৩ জুন।
উপস্থিত।
শ্রীশ্রীমতী মহারাণী।
শ্রীলশ্রীযুক্ত প্রিন্স আলবর্ট।

শ্রীযুত লার্ড প্রেসীডেণ্ট সাহেব।	শ্রীযুত অর্ল অফ আবরডীন।
„ লার্ড ষ্টিয়ার্ড সাহেব।	„ অর্ল অফ ক্লারেণ্ডন।
„ ডিউক অফ নিউকাস্টল।	„ বৈকোণ্ট পামরষ্টন।
„ ডিউক অফ ওএলিংটন।	„ হরবর্ট সাহেব।
„ লার্ড চেম্বরলেন সাহেব।	„ সর জেমস গ্রেহাম, বারোনেট।

যেহেতুক প্রিবি কৌন্সেলের বিচারকারক কমিটির শ্রীল শ্রীযুক্ত লার্ড সাহেবেরদের গত মে মাসের ৩০ তারিখের এক রিপোর্ট অদ্য বোর্ডে পাঠ করা গিয়াছে ও তাহাতে সম্ভ্রমপুরঃসর প্রকাশ হইয়াছে যে হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর আপীলসম্পর্কীয় এলাকার কার্য্য অল্প খরচে ও অধিক ত্বরায় ও কার্য্যসাফল্যরূপে নির্ব্বাহ হওনের অভিপ্রায়ে বিচারক কমিটির শ্রীযুক্ত লার্ড সাহেবেরা কমিটির কার্য্য করণের নিয়ম বিবেচনা করিয়াছেন। এবং আপীলের বিষয়ের চলিত নিয়ম কোনং স্থলে পরিবর্ত্তন করা বিহিত হইয়াছে এই কথার রিপোর্ট শ্রীযুক্ত লার্ড সাহেবেরা শ্রীশ্রীমতীর নিকটে সম্ভ্রমপুরঃসর করিতে সম্মত হইয়া এই পরামর্শ করিয়াছেন যে ঐ রিপোর্টের মধ্যে যে কএক বিধি ও হুকুম প্রকাশ হইয়াছে তাহা যদি শ্রীশ্রীমতী মঞ্জুর করেন তবে অদ্যাবধি মান্য হয় ও পালন হয় ও আমলে আনা যায়।

শ্রীশ্রীমতী মহারাণী উক্ত রিপোর্ট বিবেচনা করিয়া আপন প্রিবি কৌন্সেলের পরামর্শ লইয়া তাঁহারদের ঐ রিপোর্ট মঞ্জুর করিয়াছেন এবং তাহাতে নীচের লিখিত কথায় যে বিধি ও হুকুম প্রকাশ হইয়াছে তাহাও মঞ্জুর করিয়াছেন বিশেষতঃ।

[আপেলাণ্ট জিতিলে আপীলের খরচা ফিরিয়া পাইতে পারে।]

১। আপেলাণ্ট কোন নিষ্পত্তি কি ডিক্রী অথবা হুকুমের উপর আপীল করিলে যদি তাহার অন্যথার কি স্থূলাংশের পরিবর্ত্তনের হুকুম পায় তবে রেসপণ্ডেণ্টের স্থানে আপীলের খরচা ফিরিয়া পাইতে পারিবেক. শ্রীশ্রীমতী মহারাণীর প্রিবি কৌন্সেলের কোন পূর্ব্বকার দস্তুর কি ব্যবহার বিপরীত হইলেও পারিবেক। পরন্তু যে স্থলে বিচারক কমিটির শ্রীযুত লার্ড সাহেবেরা তদ্বিপরীত হুকুম করেন সে স্থলে পারিবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২০ সেপ্টেম্বর।]

[Transcripts to be sent to Registrar of Privy Council.]

II. That the Registrar or other proper officer having the custody of records in any Court or special jurisdiction from which an Appeal is brought to Her Majesty in Council be directed to send by post, with all possible despatch, one certified copy of the transcript record in each cause to the Registrar of Her Majesty's Privy Council, Whitehall ; and that all such transcripts be registered in the Privy Council Office, with the date of their arrival, the names of the parties, and the date of the sentence appealed from ; and that such transcript be accompanied by a correct and complete index of all the papers, documents, and exhibits in the cause ; and that the Registrar of the Court appealed from, or other proper officer of such Court, be directed to omit from such transcript all merely formal documents, provided such omission be stated and certified in the said index of papers ; and that especial care be taken not to allow any document to be set forth more than once in such transcript ; and that no other certified copies of the record be transmitted to agents in England by or on behalf of the parties in the suit ; and that the fees and expences incurred and paid for the preparation of such transcript be stated and certified upon it by the Registrar or other officer preparing the same.

[প্রিবি কৌন্সেলের রেজিষ্ট্রার সাহেবের নিকটে নকল পাঠাইতে হইবেক।]

২। যে আদালত কিম্বা বিশেষ এলাকাহইতে কোন আপীল শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে দরপেশ করা যায় তাহার রেজিষ্ট্রার সাহেবের প্রতি কি অন্য যে উপযুক্ত কার্য্যকারকের জিম্মায় কাগজপত্র থাকে তাঁহার প্রতি হুকুম হইবেক যে তিনি যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র প্রত্যেক মোকদ্দমার কাগজপত্রের দস্তখৎকরা এক কেতা নকল ওয়াইটহালে শ্রীশ্রীমতী মহারাণীর প্রিবি কৌন্সেলের রেজিষ্ট্রার সাহেবের নিকটে ডাকযোগে পাঠান্। এবং এমত সকল নকল ও তাহা পঁহুছিবার তারিখ ও বাদিপ্রতিবাদির নাম ও যে হুকুমের উপর আপীল হয় তাহার তারিখ প্রিবি কৌন্সেলের দপ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক এবং মোকদ্দমার সকল কাগজপত্র ও দলীলদস্তাবেজ ও নিদর্শনপত্রের এক শুদ্ধ ও সম্পূর্ণ ফিরিস্তি ঐ নকলের সঙ্গে পাঠান যাইবেক। এবং যে আদালতের হুকুমের উপর আপীল হয় তাহার রেজিষ্ট্রার সাহেবকে কি ঐ আদালতের উপযুক্ত অন্য কার্য্যকারকে হুকুম হইবেক যে কেবল দস্তুরমাফিক যে সকল দলীল দেওয়া যায় তাহা ঐ নকলের সঙ্গে না পাঠান্ কিন্তু তাহা ছাড়া গেল এই কথা কাগজপত্রের উক্ত ফিরিস্তির মধ্যে উল্লেখ করা যাইবেক ও তদ্বিষয়ের সর্টিফিকট থাকিবেক এবং ঐ নকলের মধ্যে কোন দলীলদস্তাবেজ একবারের অধিক প্রকাশ না করা যায় এই বিষয়ে বিশেষ সতর্ক হইতে হইবেক। এবং মোকদ্দমার বাদিপ্রতিবাদী কি তাহারদের পক্ষে কেহ ঐ কাগজপত্রের অন্য কোন দস্তখতী নকল ইঙ্গলণ্ডে মোখ্তারেরদের কাছে পাঠাইবেক না ; এবং ঐ নকল প্রস্তুত করণের নিমিত্তে যে রসুম ও খরচ হয় ও দেওয়া যায় তাহা রেজিষ্ট্রার সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারক তাহা প্রস্তুত করেন তিনি ঐ নকলের উপর লিখিয়া তদ্বিষয়ের সর্টিফিকট লিখিবেন।

[Transcripts may be printed abroad.]

III. That when the record of proceedings or evidence in the cause appealed has been printed or partly printed abroad, the Registrar or other proper officer of the Court from which the Appeal is brought shall be bound to send home the same in a printed form, either wholly or so far as the same may have been printed, and that he do certify the same to be correct, on two copies, by signing his name on every printed sheet, and by affixing the seal, if any, of the Court appealed from to these copies, with the sanction of the Court.

And that in all cases in which the parties in appeals shall think fit to have the proceedings printed abroad, they shall be at liberty to do so, provided they cause fifty copies of the same to be printed in folio, and transmitted, at their expense, to the Registrar of the Privy Council, two of which printed copies shall be certified as above by the officers of the Court appealed from ; and in this case no further expense for copying or printing the record will be incurred or allowed in England.

[নকল বিদেশে ছাপা হইতে পারে।]

৩। যে মোকদ্দমার উপর আপীল হয় তাহার কার্য্যের কি সাক্ষ্যের কাগজপত্র সমুদয় কি তাহার এক অংশ যদি ইঙ্গলণ্ডভিন্ন বিদেশে ছাপা হইয়াছে তবে যে আদালতের হুকুমের উপর আপীল হয় সেই আদালতের রেজিষ্ট্রার সাহেবের কি অন্য উপযুক্ত কার্য্যকারকের ছাপাকরা সে নকল সমুদয় কিম্বা তাহার যেপর্য্যন্ত ছাপা হইয়াছে তাহা ইঙ্গলণ্ডে পাঠাইতে হইবেক। এবং তাহার দুই কেতায় ছাপাকরা প্রত্যেক ফর্দে আপন নাম দস্তখৎ করিয়া এবং যে আদালতের হুকুমের উপর আপীল হয় তাহার যদি মোহর থাকে তবে আদালতের অনুমতি লইয়া ঐ দুই কেতা নকলে মোহর করিয়া তাহা শুদ্ধ আছে ইহার সর্টিফিকট করিবেন।

এবং যে সকল মোকদ্দমায় আপীলের বাদিপ্রতিবাদী বিদেশে কাগজপত্র ছাপান উচিত বোধ করে সেই সকল মোকদ্দমায় তাহারা তাহা করিতে পারিবেক। পরন্তু তাহারা ফোলিও পরিমাণে অর্থাৎ বড় ফর্দ কাগজে তাহার পঞ্চাশ কেতা ছাপাইয়া আপনারদের খরচে প্রিবি কৌন্সেলের রেজিষ্ট্রার সাহেবের নিকটে পাঠাইবেক এবং যে আদালতের হুকুমের উপর আপীল হয় তাহার কার্য্যকারকেরা ছাপাকরা দুই কেতা নকলে পূর্ব্বোক্তমতে সর্টিফিকট দিবেন। তাহা হইলে ইঙ্গলণ্ডে ঐ কাগজপত্রের নকল করণের কি ছাপাইবার জন্যে অধিক কোন খরচ লাগিবেক না ও তাহার অনুমতি হইবেক না।

[Written transcripts to be printed by Her Majesty's Printer.]

IV. That on the arrival of a written transcript of appeal at the Privy Council Office, Whitehall, the

[হাতের লেখা নকল শ্রীশ্রীমতী মহারাণীর প্রিণ্টর সাহেবের দ্বারা ছাপা হইবেক।]

৪। আপীলের হাতের লেখা নকল ওয়াইটহালে প্রিবি কৌন্সেলের দপ্তরখানায় পঁহুছিলে আপেলাণ্ট

and having heard them, and examined the transcript, may report to the Committee as to the nature of the proceedings.

And Her Majesty is further pleased to order, and it is hereby ordered, that the foregoing Rules and Regulations be punctually observed, obeyed, and carried into execution in all appeals or petitions and complaints in the nature of Appeals brought to Her Majesty, or to Her heirs and successors, in Council, from Her Majesty's colonies and plantations abroad, and from the Channel Islands or the Isle of Man, and from the territories of the East India Company, whether the same be from Courts of Justice or from special jurisdictions, other than Appeals from Her Majesty's Courts of Vice Admiralty, to which the said rules are not to be applied.

Whereof the Judges and officers of Her Majesty's Courts of Justice abroad, and the Judges and officers of the Superior Courts of the East India Company, and all other persons whom it may concern, are to take notice, and govern themselves accordingly.

(Signed) WM L BATHURST.

নকলের তজবীজ করিয়া রোয়দাদের ভাবের রিপোর্ট কমিটির নিকটে করিতে পারেন।

এবং শ্রীশ্রীমতী আরো আজ্ঞা করিয়াছেন ও ইহার দ্বারা হুকুম হইল যে বিদেশে শ্রীশ্রীমতীর প্রজারদের আবাদী ও বসতি স্থানহইতে এবং চানেল উপদ্বীপহইতে ও আইল অফ মানহইতে এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশহইতে যে সকল আপীল কিম্বা আপীলের ভাবে যে সকল দরখাস্ত ও নালিশ হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে কিম্বা শ্রীশ্রীমতীর উত্তরাধিকারিরদের কি উত্তর কালে যাঁহারা তাঁহার পদস্থ হন তাঁহারদের নিকটে উপস্থিত করা যায়, তাহা শ্রীশ্রীমতীর বৈস আডমিরালটির আদালতভিন্ন বিচারার্থ কোন আদালতের কিম্বা বিশেষ এলাকার হুকুমের উপর হউক, সেই আপীলাদির বিষয়ে পূর্ব্বোক্ত বিধান ও হুকুম অবিকলরূপে পালন হইবেক ও মান্য হইবেক ও আমলে আনা যাইবেক। কিন্তু শ্রীশ্রীমতী মহারাণীর বৈস-আডমিরালটি আদালতের প্রতি ঐ হুকুম খাটান যাইবেক না।

বিদেশেতে শ্রীশ্রীমতীর বিচারার্থ আদালতের বিচারকর্ত্তারা ও কার্য্যকারকেরা এবং কোম্পানি বাহাদুরের উপরিস্থ আদালতের জজ সাহেবেরা ও কার্য্যকারকেরা এবং অন্য যে সকল ব্যক্তির ইহাতে ক্ষতিবৃদ্ধি হয় তাঁহারা এতদ্বিষয়ে মনোযোগ করিবেন এবং তদনুসারে কার্য্য করিবেন।

উলিয়ম এল বাথর্ষ্ট।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 17.

To the Civil Judges in the Lower Provinces.

I am directed by the Court to inform you that the Circular Orders noted in the margin,* are hereby superseded.

In future, you, and the Courts subordinate to you, will be guided by Circular Orders No. 167, 3rd March. 1852 No. 181, of 22nd June, 1852, and No. 182, of 30th June, 1852—Paragraph 2, with regard to the preservation and destruction of records which have not been 12 years in your Office, and with regard to cases which have been more than 12 years in your office, every thing will be destroyed except the final decision and the original Documents, (or copies of such documents filed by the parties) on which the decision was based. This order will be applicable to the records of the Courts of the Moonsiffs, as well as of those of the higher Judicial Officers.

2. In destroying records, the Court particularly direct, that effectual care be taken to have them burnt under such precautions as will make it certain that the order has been duly carried into effect.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 26th August, 1853.

* No. 81, 1st February, 1833.
No. 112, 1st August, 1834.
Para. 1, No. 182, 30th June, 1852.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে তোমাকে জানাইতেছি যে নীচের লিখিত সরকুলর অর্ডর * রদ হইয়াছে।

যে সকল কাগজপত্র তোমার কাছারীতে ১২ বৎসর নাই তাহার রক্ষার ও নষ্ট করার বিষয়ে তুমি ও তোমার অধীন সকল আদালত ১৮৫২ সালের ৩ মার্চ তারিখের ১৬৭ নম্বরী ও ১৮৫২ সালের ২২ জুন তারিখের ১৮১ নম্বরী সরকুলর অর্ডর এবং ১৮৫২ সালের ৩০ জুন তারিখের ১৮২ নম্বরী সরকুলর অর্ডরের ২ দফাঅনুসারে কার্য্য করিবা। এবং যে সকল নথী ১২ বৎসরের অধিক কাল তোমার কাছারীতে আছে তাহার বিষয়ে, চূড়ান্ত নিষ্পত্তি এবং যে আসল দলীলদস্তাবেজক্রমে চূড়ান্ত নিষ্পত্তি হইয়াছিল তাহাভিন্ন (অথবা বাদিপ্রতিবাদির দাখিলকরা ঐ দলীলদস্তাবেজের নকল ভিন্ন) অন্য সকল কাগজপত্র নষ্ট করা যাইবেক। এই হুকুম যেমন উপরিস্থ বিচারকেরদের কাছারীর বিষয়ে খাটে তেমনি মুনসেফেরদের আদালতের রোয়দাদের বিষয়েও খাটিবেক।

২। রোয়দাদ নষ্ট করণেতে সদর আদালতের সাহেবেরা বিশেষমতে আদেশ করিতেছেন যে এই হুকুম উপযুক্তমতে সিদ্ধ হইয়াছে ইহা যেরূপ সাবধানতার কার্য্যের দ্বারা নিশ্চয় হইতে পারে এমত কার্য্যক্রমে তাহা পোড়াইয়া ফেলিতে ফলজনক সতর্কতা করা যায়।

সি টি বকলণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৬ আগষ্ট।

* ১৮৩৩ সালের ১ ফেব্রুআরির ৮১ নম্বরী।
১৮৩৪ „ ১ আগষ্টের ১১২ „
১৮৫২ „ ৩০ জুনের ১৮২ „ ১ দফা।

[*Government Gazette, 20th September,* 1853.]

No. 18.

To the Judicial Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you copy of an Extract (paragraphs 3) of a letter from Mr. Mills, Officiating Judge of this Court, now absent on Special Duty, and to request that you will be careful to correct the erroneous practice and impression therein referred to, if you should find them to prevail in your own, or in any of your subordinate Courts.

2. I am directed further to point out that the issues, filed by the Vakeels, should invariably be kept filed with the Nuthee, whether in an original suit or in an Appeal, in conformity with the direction in paragraph 6, of the Circular Order No. 154 of November 20th 1851.

3. With reference to another point which has been noticed by Mr. Mills, I am instructed to desire that you will enjoin on all the Courts subordinate to you that a Section X. proceeding should contain no Abstract of the pleadings or description of the case, but merely the issues, as laid down by the Court, separately and succinctly stated in the order indicated by the specimen proceeding accompanying the Circular Order No. 92 of May 8th, 1850, with the issues which have been submitted by the Pleaders for the consideration of the Judge previously to his own settlement of the issues, either filed together with such Section X. proceeding or copied in it, as may be thought the most convenient.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 26th August, 1853.

COPY.

Extract, Para. 3 from a letter from Mr. A. J. M. Mills, Officiating Judge of the Sudder Court on deputation, dated 17th August, 1853.

Para. 3. Secondly, the rules require that the issues shall be signed by the Pleaders proposing them and with the words "accepted or rejected," instead of doing this, some Pleaders record at full length their objections to the proposed issue, and some labor under the impression that the acceptance of an issue is an admission of its validity, and therefore object to all.

(True Extract.)
R. STUART,
Assistant Register.

১৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত বিচারকর্ত্তা সাহেব বরাবরেষু।

সদর আদালতের হুকুমক্রমে এই আদালতের একটিং জজ শ্রীযুত মিল্‌স সাহেবের পত্রের এক অংশের (অর্থাৎ ৩ দফার) নকল তোমার নিকটে পাঠাইতেছি (ঐ সাহেব এইক্ষণে বিশেষ কর্ম্মোপলক্ষে অনুপস্থিত আছেন।) এবং আদেশ করিতেছি যে ঐ দফাতে যে ভ্রান্তির ব্যবহার ও বোধ উল্লেখ হইয়াছে তাহা যদি তুমি আপন কিম্বা আপনার অধীন কোন আদালতে চলন হইতে দেখ তবে তাহা শোধন করিতে মনোযোগ কর।

২। আরো তোমাকে হুকুমক্রমে দেখাইতেছি যে উকীলেরদের যে সকল ইসু দাখিল করা যায়, তাহা প্রথমত উপস্থিতকরা মোকদ্দমাতে হউক কি আপালী মোকদ্দমায় হউক, সেই ইসু ১৮৫১ সালের ২০ নবেম্বর তারিখের ১৫৪ নম্বরী সরক্যুলর অর্ডরের ৬ দফার লিখিত হুকুমানুসারে সর্ব্বদাই নথীর শামিল করিতে হয়।

৩। শ্রীযুত মিল্‌স সাহেব অন্য যে এক বিষয় উল্লেখ করিয়াছেন তাহার উপলক্ষে আমি হুকুমক্রমে আদেশ করিতেছি যে তুমি আপন অধীন সকল আদালতে আজ্ঞা কর যে ১০ ধারার রুবকারীর মধ্যে সওয়ালজওয়াবের চুম্বক কিম্বা মোকদ্দমার বেওরা লিখিতে হয় না, কিন্তু কেবল আদালতের নির্দ্দিষ্ট ইসু, ১৮৫০ সালের ৮ মে তারিখের ৯২ নম্বরী সরক্যুলর অর্ডরের সঙ্গে প্রেরিত রুবকারীর পাঠে যে ক্রম প্রকাশ হইয়াছে সেই ক্রমে, আলাহিদা ও সংক্ষেপে লিখিতে হয়, এবং বিচারকর্ত্তার দ্বারা ইসু নির্দ্ধার্য্য হওনের পূর্ব্বে তাঁহার বিবেচনার নিমিত্তে উকীলেরা যে সকল ইসু দরপেশ করিয়াছিলেন তাহা উচিত বোধ হইলে ঐ ১০ ধারার রুবকারীর সঙ্গে গাঁথা যাইবেক কিম্বা রুবকারীতে নকল করা যাইবেক।

সি টি বক্লাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৬ আগষ্ট।

নকল।

বিশেষ কর্ম্মে প্রেরিত সদর আদালতের একটিং জজ শ্রীযুত এ জে এম মিল্‌স সাহেবের ১৮৫৩ সালের ১৭ আগষ্ট তারিখের পত্রের ৩ দফা।

৩ দফা। দ্বিতীয়তঃ বিধানেতে হুকুম আছে যে, যে উকীল যে ইসু প্রস্তাব করেন তিনি তাহাতে দস্তখৎ করেন এবং তাহাতে "গ্রাহ্য হইল কি অগ্রাহ্য হইল" এই কথা লেখা যায়। তাহা না করিয়া কোন উকীলেরা প্রস্তাবিত ইসুতে আপনারদের যে আপত্তি তাহা বিস্তারিতরূপে লিখিয়া থাকেন। এবং ইসু গ্রাহ্য করিলে তাহার যাথার্থ্য স্বীকার করা হয় বোধ করিয়া কোন২ উকীলেরা সকল ইসুর বিষয়ে আপত্তি করেন।

(যথার্থ চুম্বক।)
আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 9th September, 1853.

Baboo Moheschunder Sein, Moonsiff of Rawojan, Zillah Chittagong, from the 2d to the 8th instant, on Medical Certificate.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

জিলা চাটিগাঁয়ের রাওজানের মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি ৮ তারিখপর্য্যন্তের ছুটী পাইয়াছেন।

Moonshee Mofizoodin Mahomed, Moonsiff of Mendigunge, Zillah Backergunge, for five days, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacation, on private affairs.

The 16th September, 1853.

Moulvee Abdool Futteh, Moonsiff of the 2d Town Division, Zillah Chittagong, for two weeks, in excess of the period of the ensuing Dusserah and Mohurrum Vacation, on private affairs.

Muhamud Hossain, Moonsiff of Bamunarah, Zillah East Burdwan, for three days, from the 8th instant, on private affairs.

C. T. BUCKLAND, *Register.*

জিলা বাকরগঞ্জের মেন্দিগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত মুনশী মফিজউদ্দীন মহম্মদ স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৬ সেপ্টেম্বর।

জিলা চাটিগাঁয়ের সদর মোকামের দ্বিতীয় খণ্ডের মুনসেফ শ্রীযুক্ত মৌলবী আবদুল ফত্তে স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের বামনআড়িয়ার মুনসেফ শ্রীযুক্ত মহম্মদ হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৬১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত মোষ্ট নোবল গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৭ সেপ্টেম্বর।

আসিষ্টাণ্ট সরবেয়র জেনরল শ্রীযুক্ত কাপ্তান জি এচ সাকষ্টন সাহেব (Captan G. H Saxton,) স্বীয় পদোপলক্ষে দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

শ্রীযুক্ত এচ বেলি সাহেব (Mr. H. Baillie,) হুগলীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৩ সাল ১০ সেপ্টেম্বর।

মুজঃফরপুরের ফতওয়াদায়ক ও মুনসেফ শ্রীযুক্ত মুন্সী ইরাদাত আলী মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ১ সেপ্টেম্বর।

ময়মনসিংহের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুক্ত আর অলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) গত জুলাই মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৬ সেপ্টেম্বর।

পাবনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত এফ এল বোফর্ট সাহেব (Mr. F L. Beaufort,) আপনার কর্ম্মের ভার শ্রীযুক্ত এস এফ ডেবিস সাহেবের (Mr. S. F. Davis,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুক্ত বোফর্ট সাহেবের (Mr. Beaufort,) অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত ডেবিস সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

বর্দ্ধমানের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুক্ত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie) আপন কর্ম্মের ভার কালেক্টর শ্রীযুক্ত জে জে ওয়ার্ড সাহেবের (Mr J. J. Ward.) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১৬ ধারানুসারে পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন। শ্রীযুক্ত আবরক্রম্বি সাহেবের (Mr. Abercrombie,) অনুপস্থানপর্য্যন্ত কালেক্টর শ্রীযুক্ত জে জে ওয়ার্ড সাহেব মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৩১ আগষ্ট।

বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিবিলসম্পর্কীয় নিরিশতার শ্রীযুক্ত চার্লস পাজেট কারমিকেল স্মিথ সাহেব (Mr. Charles Paget Carmichael Smyth,) স্মিথ এই উপনাম ত্যাগ করিয়া কেবল কারমিকেল উপাধি গ্রহণ করিয়া ব্যবহার করিতে অনুমতি প্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১৩ সেপ্টেম্বর।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুরের কার্য্যের নীচের লিখিত চুম্বক সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে। তাহার মধ্যে বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টের কার্য্যকারকদিগকে ১৮৩১ সালের বিধানমতে পেনসান দেওনের বিষয়ে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের এক পত্র আছে।

১৪১০ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত মোষ্ট নোবল গবরনর্ জেনরল বাহাদুরের ১৮৫৩ সালের ২ সেপ্টেম্বর তারিখের কার্য্যের চুম্বক।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৩ সালের ২০ জুলাই তারিখের ১৩ নম্বরী নীচের লিখিত পত্র পাঠ করা গেল। তাহাতে বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে নিযুক্ত গবর্ণমেণ্টের কার্য্যকারকদিগকে ১৮৩১ সালের পেনসান বিষয়ে সাধারণ বিধানমতে সাহায্য পাইবার অনুমতি হইয়াছে।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৩ সাল ১৩ নম্বর।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর্ জেনরল বাহাদুর বরাবরেষু।

১। ১৮৪৬ সালে তুমি পরামর্শ দিয়াছিলা যে বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে নিযুক্ত গবর্ণমেণ্টের কার্য্যকারকদিগকে ১৮৩১ সালের পেনসানবিষয়ে সাধারণ বিধানক্রমে উপকার পাইবার অনুমতি পান।

২। সেই বিষয় নির্দ্ধার্য্য করণের পূর্ব্বে আমরা তোমার প্রস্তাবিত এ কার্য্যের খরচ নিশ্চয় করিতে পারিবার নিমিত্তে প্রত্যেক রাজধানীতে যেং বিদ্যালয় আছে তাহার এক ফর্দ্দ পাইবার জন্যে আদেশক রিয়াছিলাম। তোমার ১৮৪৮ সালের ৩০ মে তারিখের পত্রের সঙ্গে এ ফর্দ্দ পাঠান গিয়াছিল এবং তাহাতে দৃষ্ট হইয়াছিল যে তৎকালে বিদ্যাধ্যাপনের নিরিশতায় যত ব্যক্তি নিযুক্ত ছিলেন তাঁহারদের পেনসানের নিমিত্তে সরকারের অনুমান ২০,০০০. টাকা বার্ষিক খরচ লাগিতে পারে। তৎকালে খাজানাখানার অবস্থা বুঝিয়া তদ্দ্বারা সেই প্রস্তাবের বিবেচনা করিতে হইয়াছিল এবং তোমার খাজানাখানার উন্নতিসূচক অবস্থা না দেখিয়া আমারদের সেই অনুগ্রহ করণের বিষয়ে বিলম্ব করিতে হইয়াছিল নচুবা অন্য তাবৎ বিষয়ের বিবেচনায় আমরা সন্তুষ্ট হইয়া বিদ্যাধ্যাপনের কার্য্যকারকদিগে এ অনুগ্রহ করিতাম।

৩। উত্তর পশ্চিম দেশে নিযুক্ত বিদ্যাধ্যাপনের কার্য্যকারক সকল আমারদের নিকটে যে দরখাস্ত পাঠাইছিলেন তাহার উত্তরে আমরা এই সিবিলশতার ১৮৫১

[*Government Gazette, 20th September*, 1853.]

সালের ১৭ সেপ্টেম্বর তারিখের ৫০ নম্বরী পত্রে খেদপূর্ব্বক জ্ঞাপন করিয়াছিলাম যে বিদ্যালয়ের কর্ম্ম ত্যাগ করিলে তাঁহারদিগকে পেনস্যন দিবার বিষয়ে তাঁহারদের প্রার্থনা আমরা তৎকালে খাজানাখানার অবস্থা বুঝিয়া সিদ্ধ করিতে পারিলাম না।

৪। আমরা পুনরায় সেই বিষয়ে মনোযোগ করিয়াছি এবং সরকারী কার্য্যকারকেরদের মধ্যে ঐ কর্ম্মণ্য শ্রেণীর বিষয়ে যে বাধা ছিল তাহা এইক্ষণে উঠাইয়া দিতে এবং তাঁহারদিগকে ১৮৩১ সালের পেনস্যনের বিধি জন্য ক্ষমতার অংশী হইবার অনুমতি দিতে স্থির করিয়াছি। আরো তাঁহারদের কর্ম্মের গুরুত্ব বিষয়ে আমারদের জ্ঞান প্রকাশ করিবার অভিপ্রায়ে আমরা নির্দ্ধার্য্য করিয়াছি যে কালেজের প্রিন্‌সিপল্ অর্থাৎ প্রধান ব্যক্তিরা ও বিদ্যালয়ের হেড মাষ্টর অর্থাৎ প্রধান শিক্ষকেরা পণ্ডিত ও মৌলবীরদের এবং ভারতবর্ষীয় বিচারকর্ত্তারদের তুল্য শ্রেণীর মধ্যে গণ্য হইবেন* এবং তাঁহারদের বিষয়ে যেমন হয় তেমনি প্রিনসিপল ব্যক্তিরা ও হেড মাষ্টরেরা যদি বার্দ্ধক্য কি দুর্ব্বলতাপ্রযুক্ত কর্ম্মেতে অক্ষম হন তবে পনেরো বৎসরপর্য্যন্ত কর্ম্ম করিলে তাঁহারদের গড় মাসিক বেতনের তিন অংশের এক অংশ কিম্বা বাইশ বৎসর ও তাহার অধিক কাল কর্ম্ম করিলে ঐ বেতনের অর্দ্ধেকের তুল্য পেনস্যন পাইতে পারিবেন কিন্তু প্রিন্‌সিপল্ ও হেড মাষ্টরভিন্ন অন্য কেহ তাহা পাইতে পারিবেন না। বিদ্যাধ্যাপনের অন্য সকল কার্য্যকারক বিশ বৎসরপর্য্যন্ত কর্ম্ম করিলে পর পেনস্যনের অতি ক্ষুদ্র নিয়মানুসারে পেনস্যন পাইতে পারেন কিন্তু বিশ বৎসর কর্ম্ম না করিলে পাইবেন না।

৫। যেং বিদ্যালয়ের খরচ সম্পূর্ণরূপে কি অধিকাংশে আমারদের গবর্ণমেণ্টের দ্বারা দেওয়া যায় কেবল সেইং বিদ্যালয়ে নিযুক্ত কার্য্যকারকদিগকে ঐ পেনস্যন দেওয়া যাইবেক কিন্তু যে বিদ্যালয়ের খরচ অন্য স্থানহইতে হয় তাহার কার্য্যকারকেরদিগকে নহে। এবং তোমার পূর্ব্বের উল্লেখকরা ১৮৪৮ সালের ৩০ মে তারিখের পত্রের মধ্যে যে চুম্বক লেখা ছিল তাহাতে যে সকল কার্য্যকারকের বিষয়ে উল্লেখ করিয়াছ তাঁহারদেরহইতে নীচ পদস্থ কোন শ্রেণীর লোকদিগকে পেনস্যন দেওয়া যাইবেক না। ঐ পত্র লিখিবার কালে ঐ প্রকার কার্য্যকারকেরদের মোট সংখ্যা ৫৫৯ জন।

৬। আমরা আদেশ করি যে উক্ত কএক দফার নকল মান্দ্রাজ ও বোম্বাইয়ের গবর্ণমেণ্টের এবং উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেফ্‌টেনেণ্ট গবর্নর সাহেবের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তাঁহারদের নিকটে পাঠান যায়।

রসেল এলিস।
জে অলিফাণ্ট
ও অন্য সাহেবেরা।

লণ্ডন।
১৮৫৩ সাল ২০ জুলাই।

হুকুম হইল যে উক্ত পত্রের এক নকল বাঙ্গলা দেশের ও বোম্বাইয়ের ও মান্দ্রাজের গবর্ণমেণ্টের এবং উত্তর পশ্চিম দেশের শ্রীযুত লেফ্‌টেনেণ্ট গবর্নর সাহেবের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তাঁহারদের নিকটে পাঠান যায়। এবং তাঁহারদিগকে জ্ঞাপন করা যায় যে পূর্ব্বোক্ত পত্রেতে শ্রীযুত অনরবিল কোর্টের সাহেবেরা ১৮৩১ সালের পেনস্যনের যে বিধির বিষয় উল্লেখ করিয়াছেন তাহার নির্দ্দিষ্টমতে বিদ্যাধ্যাপনের সিরিশ্তার নিযুক্ত যে কার্য্যকারকেরা মাসেং দশ টাকার অধিক বেতন পান কেবল তাঁহারাই বার্দ্ধক্যপ্রযুক্ত পেনস্যন পাইবেন। চিকিৎসাসম্পর্কীয় ও সৈন্যসম্পর্কীয় যে কার্য্যকারকেরা বিদ্যাধ্যাপনের সিরিশ্তার নিযুক্ত আছেন তাঁহারা উক্ত পেনস্যনের বিধির দ্বারা উপকার পাইতে পারিবেন না।

আরো হুকুম হইল যে ঐ পত্রের এক নকল সিবিল আডিটর সাহেবের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে তাঁহার নিকটে পাঠান যায়।

(যথার্থ চুম্বক।)
সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

* পেনস্যন বিষয় ১৮৩১ সালের ৫ বিধির ৩ প্রকরণ দেখ।

১৬৪০ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৭ আগষ্ট।

ছিলটে লশকরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামতারক রায় উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনক্রমে ডেপুটী কালেক্টর ও ১৮৪৩ সালের ১৫ আইনক্রমে ডেপুটী মাজিস্ট্রেটও হইবেন।

১৮৫৩ সাল ৫ সেপ্টেম্বর।

শ্রীযুত লেফ্‌টেনেণ্ট জে সি হটন সাহেব (Lieutenant J. C. Haughton,) মোলমেনের মাজিস্ট্রেট ও আমহর্ষ্ট জিলার জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবলিউ জে এলিস সাহেব (Mr. W. J. Ellis,) পাবনার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৩ সাল ১০ সেপ্টেম্বর।

শ্রীযুত মৌলবী ওফজুল হুসেন পূরণিয়ার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী রুকুনুদ্দীন খাঁ পাটনার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন এবং শাহাবাদের অতিরিক্ত প্রধান সদর আমীনী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

পণ্ডিত শ্রীযুত নরহরি শিরোমণি রঙ্গপুরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আহমদ বকস ময়মনসিংহের প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৩ সেপ্টেম্বর।

চাটিগাঁয়ের এক্টিং কালেক্টর শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত জে এস স্প্যাঙ্কি সাহেবের (Mr. J. S. Spankie,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত স্প্যাঙ্কি সাহেব কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

মঙ্গলপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr. H. A. R. Alexander,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ADAM FREER SMITH, and another, Insolvents.

On Saturday, the 3rd day of September instant, upon an application of the Assignee in this matter, It was ordered, that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 11,256-4-1 in his hands, pay a dividend at the rate of Co.'s One Rupee per cent., (which will amount to the sum of Co.'s Rs. 9,060) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, 13th September, 1853.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আদম ফ্রিয়র স্মিথ সাহেব ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেবের দরখাস্তমতে বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ৩ তারিখ শনিবারে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইলে তাঁহার হাতে যে ১১,২৫৬ ।১ টাকা আছে সেই টাকাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শতকরা ১৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বশুদ্ধ ৯,০৬০৲ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনির দফ্তরখানা ১৮৫৩ সাল ১৩ সেপ্টেম্বর।

The like notice in the matter of THOMAS ADAMES, an Insolvent, wherein it was ordered, that out of the sum of Co.'s Rs. 7,078-10-1, a dividend at the rate of Co.'s Rs. 5 per cent. (amounting to Rs. 6,291-2-9) be paid.

যোত্রহীন তামস আদামস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইয়াছিল যে আসৈনি সাহেবের হাতে কোং যে ৭,০৭৮॥৵১ টাকা আছে তাহাহইতে তিনি শতকরা ৫৲ টাকার হারে ডিবিডেণ্ড দেন অর্থাৎ সর্ব্বশুদ্ধ ৬,২৯১৵৯ টাকা দেন।

In the matter of JOHN PALMER, and others, Insolvents.

NOTICE is hereby given, that Saturday, the 1st day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 9th day of February, 1849, until the 31st day of August, 1853, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Assignee's Office, 12th September, 1853.

যোত্রহীন জান পামর সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার জন্যে এই বিষয়ের পুনশ্চ শুননির নিমিত্তে আগামি অক্টোবর মাসের ১ তারিখ শনিবার নির্দ্দিষ্ট হইয়াছে। এবং ১৮৪৯ সালের ফেব্রুআরি মাসের ৯ তারিখঅবধি ১৮৫৩ সালের আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে তাহা প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এই বিষয়ে লিপ্ত অন্য যে কোন ব্যক্তি উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কাক্রেন্। সরকারী আসৈনি।

আসৈনির দফ্তরখানা। ১৮৫৩ সাল ১২ সেপ্টেম্বর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২০ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 27, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৭ সেপ্টেম্বর।

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 16TH SEPTEMBER, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 16th of September 1853:—

ACT No. —— OF 1853.

An Act to amend the 38th Article of War for the Native Army.

WHEREAS it is expedient, that any Native Soldier who shall make away with or pawn any medal granted to him for service in the Field, or for general good behaviour, should be punished for such unsoldier-like conduct, It is enacted,—

That there shall be added to the 38th Article of War for the Government of the Native Officers and Soldiers in the Military Service of the East India Company, the words following—that is to say ; " or " who shall make away with or pawn any medal, or " decoration, granted him for service in the Field or " for general good conduct."

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 16th day of December next.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৬ সেপ্টেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৬ সেপ্টেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় আইনের ৩৮ বিধান সংশোধনের আইন।

যেহেতুক এদেশীয় কোন সৈন্য যুদ্ধস্থলে কার্য্য করণের কিম্বা সাধারণমতে সদাচরণ করণের পুরস্কাররূপে যে কোন মেডল অর্থাৎ পদক পাইয়াছে তাহা যদি হস্তান্তর করে কি বন্ধক দেয় তবে সৈন্যের অনুচিত সেইপ্রকার কর্ম্মের নিমিত্তে তাহার দণ্ড করা বিহিত আছে অতএব হুকুম হইল যে

কোম্পানি বাহাদুরের সৈন্যসম্পর্কীয় সিরিশ্তায় এদেশীয় হুদ্দাদার ও সিপাহীরদের কর্ত্তৃত্বের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনের ৩৮ বিধানের পর এই কথাও পড়িতে হইবেক বিশেষতঃ " কিম্বা যে কেহ যুদ্ধস্থলে কার্য্য করণের কিম্বা সাধারণমতে সদাচরণ করণের পুরস্কারস্বরূপ যে কোন মেডল কি শোভার্থ পদকাদি পাইয়াছে তাহা হস্তান্তর করে কি বন্ধক দেয়।"

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে আগামি ডিসেম্বর মাসের ১৬ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

14th July, 1853.

A Party transporting Salt who does not immediately on demand by the Salt authorities produce the paper, whether a single Rowana or a Chalan given to him by the Salt Chowkee Officers to accompany and protect his Salt cargo is liable to the penalties prescribed in Section 38, Regulation X. of 1819.

Government—Petitioner.

Two boats each laden with 500 maunds of Salt started with Rowanas and Chalans from the Narainpore Ghaut, the place of their destination being unknown. But when one of these boats was subsequently examined by the Salt authorities, neither the Chalan nor the Rowana was forthcoming on demand; the latter however was shewn after the lapse of one night.

On the case being sent up to the Judge of Midnapore by the Superintendent of Salt Chowkees, with a view to the confiscation of the Salt and the punishment of the offenders, the Judge, not considering it necessary to apply the penalties prescribed by Section 38, Regulation X. of 1819, ordered both the Salt and the prisoner to be released.

From the Judge's order which is dated the 15th January, 1853, the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court, Mr. J. R. Colvin. "The true intent of the Regulation, in my opinion, is that every person transporting Salt should produce a paper whether a Rowana or Chalan covering his Salt, immediately on the demand of the Salt authorities. In this case, if the party transporting Salt had produced either a Rowana or Chalan immediately on demand, it would have been sufficient. If the Ghat Salt Officers indeed had by mistake given one of these papers when they ought to have given the other and the Churundar had produced immediately on demand, the paper that was given to him, he could not have been held responsible for their error. As, however in this case, neither of the above papers was produced on demand, both the Salt and boat are legally liable to confiscation. The Salt having been released at the request of the Government pleader, it only remains to enforce the penalty of fine on the offenders. The Judge is accordingly directed to pass an order for the infliction of such a fine as he may consider proper with reference to the nature of the case." Order reversed.

27th July, 1853.

Held that a decreeholder may execute only a portion of a decree if he pleases during appeal though so as not to injure the use or enjoyment of the property left in the possession of the other party. Also that the security to be given according to Section 11, Regulation XIII. of 1808, in execu-

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫৩ সাল ১৪ জুলাই।

নিমক রপ্তকরণিয়া কোন ব্যক্তির স্থানে লবণের কার্য্যকারকেরা ছাড়চিঠী তলব করিলে আপন বোঝাই লবণের সঙ্গে লইবার ও রক্ষা করিবার যে চিঠী লবণের চৌকীর কার্য্যকারকেরা তাহাকে দিয়াছিলেন তাহা, একি রওয়ানা হউক কি চালান হউক, যদি সে ব্যক্তি তৎক্ষণে না দেখায় তবে ১৮১৯ সালের ১০ আইনের ৩৮ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হয়।

গবর্ণমেণ্ট। দরখাস্তকারী।

৫০০/ মোন করিয়া লবণ বোঝাই দুই নৌকা রওয়ানা ও চালান লইয়া নারায়ণপুরের ঘাটহইতে রপ্ত হইল কিন্তু দুই নৌকার গমনের স্থান জানা ছিল না। পরে লবণের কার্য্যকারকেরা তাহার এক নৌকার তদারক করিলে চিঠী তলব করিবামাত্র চালান কি রওয়ানা দেখান গেল না। এক রাত্রির পর রওয়ানা দেখান গেল।

তাহাতে ঐ লবণ জব্দ হওনের ও অপরাধিরদের দণ্ড করণের অভিপ্রায়ে নিমকচৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ বিষয় মেদিনীপুরের জজ সাহেবের নিকটে অর্পণ করিলে জজ সাহেব ১৮১৯ সালের ১০ আইনের ৩৮ ধারার নির্দ্দিষ্ট দণ্ড খাটান আবশ্যক নাই বোধ করিয়া লবণ ও কয়েদীকে ছাড়িয়া দিতে হুকুম করিলেন।

জজ সাহেবের ঐ হুকুম ১৮৫৩ সালের ১৫ জানুআরি তারিখে হয়। ঐ হুকুমের উপর দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করেন।

সদর আদালতের জজ মেং জে আর কলবিন সাহেব কহিলেন। "আমার বিবেচনায় এ আইনের প্রকৃত অভিপ্রায় এই যে যে কোন ব্যক্তি লবণ রপ্তানী করিতেছে তাহার স্থানে লবণের কার্য্যকারকেরা চিঠী তলব করিবামাত্র তাহার লবণের ছাড়চিঠী রওয়ানা হউক কি চালান হউক তৎক্ষণে বাহির করা উচিত। এই মোকদ্দমায়, যে ব্যক্তি লবণ রপ্ত করিয়াছিল সে যদি তলব হইবামাত্র রওয়ানা কি চালান বাহির করিত তবে তাহাই প্রচুর হইত। ঘাটে নিমকের আমলারা যদি ভ্রমক্রমে ইহার মধ্যে এক কাগজ না দিয়া অন্য কাগজ দিত, এবং চড়নদারের স্থানে তাহা তলব হইবামাত্র তাহাকে যে কাগজ দেওয়া গিয়াছিল তাহা দেখাইয়া দিত, তবে ঘাটের আমলারদের ঐ ভুলের নিমিত্তে সে দায়ী হইত না। কিন্তু উক্ত মোকদ্দমায়, তলব হইলেও উক্ত কাগজের মধ্যে এক কাগজও দেখান যায় নাই অতএব লবণ ও নৌকা উভয়ই জব্দ হওনের যোগ্য। গবর্ণমেণ্টের উকীলের প্রার্থনামতে লবণ ছাড়িয়া দেওয়া গিয়াছে অতএব এখন কেবল এই বাকী আছে যে অপরাধিরদের স্থানে জরীমানা লওয়া যায়। অতএব জজ সাহেবের প্রতি আজ্ঞা হইতেছে যে মোকদ্দমার ভাব বুঝিয়া তিনি যত টাকা জরীমানা করা উচিত বোধ করেন তাহার হুকুম করেন।" হুকুম অন্যথা হইল।

১৮৫৩ সাল ২৭ জুলাই।

ধার্য্য হইল যে ডিক্রীদার যদি চাহে তবে আপীল হওনকালে ডিক্রীর কেবল এক অংশ জারী করে কিন্তু তাহা এমত করিতে হইবেক যে তদ্দ্বারা বিপক্ষ ব্যক্তির অবশিষ্ট সম্পত্তির ব্যবহার ও ভোগের হানি না হয়। আরো ধার্য্য হইল যে ১৮০৮ সালের ১৩ আইনের ১১ ধারানুসারে ডিক্রী জারীকরণেতে যে জামিন দিতে হয় তাহা সর-

tion of a decree must be for the whole annual produce of the land, without deducting the Government Jumma.

Bamundass Mookerjee,—Petitioner.

In execution of a decree in which Musst. Tarnee was decreeholder against the petitioner debtor, the decreeholder in order to take possession of the Mal or Revenue paying Talooks decreed to her, gave security for the annual profits of the Talooks in the sum of 13,298 Rs. 11 As. 7 Gundas. The petitioner especially pleaded two points, 1st. That the decreeholder is not competent to execute her decree in respect to a portion of the properties decreed to her; 2nd. That the decreeholder in addition to the above sum should give security for the Sudder Jumma of Talooks amounting to 7,480 Rs. 11 As. 5 Gundas; the total amount thus required being 20,779 Rs. 4 As. 12 Gundas. The Principal Sudder Ameen of Nuddea, rejected the petitioner's pleas declaring that a decreeholder may execute his decree for the whole or a portion of the properties decreed to him, and that the security given by the decreeholder for the annual profits of the Talook is sufficient.

From the Principal Sudder Ameen's order which was dated the 15th January, 1853, the petitioner appealed to the Sudder Dewanny Adawlut, pleading the above two points.

By the Court, Mr. J. R. Colvin. "The 1st point is not good because a decreeholder may execute a decree as regards a portion of the properties decreed to him according to his means of giving security—but so as not to injure the use or enjoyment of the properties, of which he does not take possession. The 2nd plea however is valid, because the security to be given in taking out execution, must be under the provisions of Section 11, Regulation XIII. of 1808, for the whole annual produce and not merely for the Zemindaree profits after deducting the Government Jumma. Under these circumstances, it is necessary in this case that in addition to the above sum of 13,298 Rs. 11 As. 7 Gundas security for the further sum of 7,480 Rs. 9 As. 5 Gundas on account of the Sudder Jumma be given. The Principal Sudder Ameen is directed to amend his order with reference to the above remarks.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 19.

To the Civil and Session Judges in the Lower Provinces.

I am directed by the Court of Sudder Dewanny and Nizamut Adawlut to transmit to you a list of qualified Moulvees and Pundits received from the Officiating Under-Secretary to the Government of Bengal, and to desire that their claims may be duly

কারের জমা বাদ না দিয়া ভূমির মোট উৎপন্নের নিমিত্তে দিতে হইবেক।

বামনদাস মুখুয্যা। দরখাস্তকারী।

মসম্মাৎ তারিণী যে ডিক্রীমতে ডিক্রীদার ছিল তাহা দরখাস্তকারী খাতকের বিরুদ্ধে জারী করণেতে ডিক্রীদার, আপনার পক্ষে যে মাল তালুকের অর্থাৎ মালগুজারীর ভূমির ডিক্রী হইয়াছিল তাহা দখল করিবার অভিপ্রায়ে ঐ তালুকের বার্ষিক লাভ ১৩,২৯৮৷৵৭ টাকার জামিন দিল। দরখাস্তকারী বিশেষমতে দুই বিষয়ের আপত্তি করিল। প্রথম, ডিক্রীদারের পক্ষে যে সম্পত্তি ডিক্রী করা যায় তাহার এক অংশের বিষয়ে আপন ডিক্রী জারী করিতে পারে না। দ্বিতীয়, ডিক্রীদারের উচিত যে উক্ত টাকার উপর তালুকের সদর জমা ৭,৪৮০৷৵৫ টাকারও নিমিত্তে জামিন দেয় তাহাতে সর্ব্বশুদ্ধ তাহার ২০,৭৭৯।১২ টাকা দিতে হয়। তাহাতে নদীয়ার প্রধান সদর আমীন কহিয়াছিলেন যে ডিক্রীদারের পক্ষে যে সম্পত্তির ডিক্রী হইয়াছে তাহার সমুদয়ের কিম্বা একাংশের নিমিত্তে সে আপন ডিক্রী জারী করিতে পারে এবং ডিক্রীদার তালুকের বার্ষিক লাভের নিমিত্তে যে জামিন দিয়াছিল তাহাই প্রচুর। ইহা বলিয়া উক্ত প্রধান সদর আমীন ঐ দরখাস্তকারির আপত্তি অগ্রাহ্য করিলেন।

প্রধান সদর আমীনের ঐ হুকুম ১৮৫৩ সালের ১৫ জানুআরি তারিখে হয়। দরখাস্তকারী উক্ত দুই বিষয়ের আপত্তি ধরিয়া সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব কহিলেন। "প্রথম আপত্তি মাতবর নহে যেহেতুক ডিক্রীদারের পক্ষে যে সম্পত্তির ডিক্রী করা গিয়াছে তাহার বিষয়ে যত জামিন দিতে তাহার ক্ষমতা আছে তদনুসারে এক অংশের বিষয়ে ডিক্রী জারী করিতে পারে, কিন্তু তাহা এমত করিতে হইবেক যে সম্পত্তির যে অংশের দখল না করে তাহার ব্যবহারের কি ভোগের হানি না হয়। কিন্তু দ্বিতীয় আপত্তি মাতবর আছে। যেহেতুক ডিক্রী জারীর হুকুম বাহির করণেতে যে জামিন দিতে হইবেক তাহা ১৮০৮ সালের ১৩ আইনের ১১ ধারার বিধানানুসারে বার্ষিক মোট উৎপন্নের জন্যে হইবেক এবং সরকারের জমা বাদ দিয়া কেবল জমীদারীর লভ্যের জন্যে নয়। অতএব এই বিষয়ের বিবেচনায় এই মোকদ্দমায় আবশ্যক আছে যে উক্ত ১৩,২৯৮৷৵৭ টাকার অধিক সদর জমার বাবত ৭,৪৮০৷৵৫ টাকার নিমিত্তেও জামিন দেওয়া যায়। প্রধান সদর আমীনের প্রতি আজ্ঞা হইতেছে যে উক্ত কথার উপলক্ষে আপন হুকুম সংশোধন করেন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামত আদালতের সরকুলর হুকুম।

১৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং দোইম সেক্রেটারী সাহেবের স্থানে কর্ম্মের উপযুক্ত যে মৌলবীদের ও পণ্ডিতেরদের নামের এক ফিরিস্তি প্রাপ্ত হওয়া গিয়াছে তাহা সদর দেওয়ানী ও নিজামত আদালতের আজ্ঞামতে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে

[*Government Gazette* 27*th September*, 1853.]

considered on the occurrence of vacancies requiring to be supplied in the situation of Mahomedan or Hindoo Law Officer.

(Signed) C. T. BUCKLAND,
Register.

Fort William, the 25th August, 1853.

LIST OF CANDIDATES.

Mahomedan Law.

1. Mohumud Ibraheem.
2. Huseebooddeen.
3. Mohumud Ameer.
4. Khubeerooddeen.
5. Shaykh Matasin Billah.
6. Mohumud Sunee.
7. Abdool Hakeem.
8. Mamabdeen.
9. Ahmud Hosain.

Hindoo.

1. Tarasunker.

কতওয়াদারকের কি ব্যবস্থাদায়কের পদ খালী হইলে তাহাতে লোক ভর্ত্তি করণেতে তাঁহারদের দাওয়ার উপযুক্ত বিবেচনা হয়।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ২৫ আগষ্ট।

পদাকাঙ্ক্ষিরদের নাম।

মৌলবী।

১। মহম্মদ ইব্রাহীম।
২। হসীবুদ্দীন।
৩। মহম্মদ আমীর।
৪। খবীরুদ্দীন।
৫। শেখ মাতাসিন বিল্লা।
৬। মহম্মদ সনী।
৭। আবদুল হাকীম।
৮। মামাবদ্দীন।
৯। আহমদ হুসেন।

পণ্ডিত।

১। শ্রী তারাশঙ্কর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 20th September, 1853.

Baboo Nubocoomar Banerjea, now Acting Moonsiff of Gowas, who was appointed by Court's Resolution No. 1415, of the 13th August, 1852, to be Moonsiff of Hureerparah, will return to his Chowkee.

Baboo Gooroopershad Bose, late Moonsiff of Zeagunge, to be Moonsiff of Gowas in the district of Moorshedabad.

Baboo Gowreenath Goopt, (a Diploma Holder of 1852,) to be Acting Moonsiff of Parkool, Zillah Sylhet, during the absence on leave of Nazeeroodin Mahomed or until further orders.

Syud Moazzum Hossein, (a Diploma Holder of 1852,) to be Moonsiff of Sunkerpossa, Zillah Sylhet, with his head quarters at Lushkerpore, in the same District.

The 23d September, 1853.

Baboo Gooroopershad Sein, at present Acting as Moonsiff of Bauleah, Zillah Rajshahye, to be Acting Moonsiff of Belmariah in the same District, during the absence on leave of the Incumbent, (Baboo Madhub Chunder Bhuttacharjee,) or until further orders.

LEAVE OF ABSENCE.

The 20th September, 1853.

Baboo Poornoo Chunder Mookerjee, Moonsiff of Howlah, Zillah Chittagong, from the 3rd to the 24th November next, in excess of the period of the ensuing Vacations, on private affairs.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২০ সেপ্টেম্বর।

এইক্ষণে গওয়াসের যে এক্টিং মুনসেফ শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা সদর আদালতের ১৮৫২ সালের ১৩ আগষ্ট তারিখের ১৪১৫ নম্বরী নির্দ্ধারণক্রমে হরিরপাড়ার মুনসেফী কর্ম্মে নিযুক্ত হইয়াছিলেন তিনি আপন চৌকাতে প্রত্যাগমন করিবেন।

জিয়াগঞ্জের সাবেক মুনসেফ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ বসু মুরশিদাবাদ জিলায় গওয়াসের মুনসেফ হইবেন।

শ্রীযুত নাজিরুদ্দীন মহম্মদের ছুটী লইয়া অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত ১৮৫২ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত বাবু গৌরীনাথ গুপ্ত জিলা ছিলটে পারকুলের এক্টিং মুনসেফ হইবেন।

১৮৫২ সালের যোগ্যতার পত্রপ্রাপ্ত শ্রীযুত সৈয়দ মওয়াজম হুসেন জিলা ছিলটের শঙ্করপসার মুনসেফ হইবেন তাঁহার সদর মোকাম ঐ জিলার লস্করপুরে হইবেক।

১৮৫৩ সাল ২৩ সেপ্টেম্বর।

জিলা রাজশাহীর বেলমারিয়ার মুনসেফ শ্রীযুত বাবু মাধবচন্দ্র ভট্টাচার্য্যের ছুটা লইয়া অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার বাউলিয়ার বর্ত্তমান এক্টিং মুনসেফ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন ঐ স্থানের এক্টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২০ সেপ্টেম্বর।

জিলা চাটিগাঁয়ে হাওলার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মুখুয্যা আগামি দশহরার বন্দের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে আগামি নবেম্বর মাসের ৩ তারিখঅবধি ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৭ সেপ্টেম্বর।]

রাজকর্ম্মে নিয়োগ।

১৬৪০ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

নওগাঁয়ে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান জে বটলর সাহেব (Captain J. Butler,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত সি কে হডসন সাহেবের (Mr. C. K. Hudson,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। কাপ্তান বটলর সাহেবের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত হডসন সাহেব উক্ত পদের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

চাটিগাঁর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এচ এফ উলিয়ম্‌স সাহেব (Dr. H. F. Williams) এক মাসের ছুটী পাইয়াছেন।

ফরিদপুরের একটিং সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উমেশচন্দ্র মিত্র এক মাস পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১০ সেপ্টেম্বর।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত জে রাইলি সাহেব (Mr. J. Reily,) বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি আগামি নবেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

কলিকাতার পুরাণগির্জ্জার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ বক্স সাহেব (Reverend F. W. Vaux.) আগামি মাসের ৬ তারিখে বা তাহার পরে নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে যাইতে অনুমতি পাইয়াছেন।

১৮৫৩ সাল ১২ সেপ্টেম্বর।

বগুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple.) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেবের (Mr. W. H. Henderson,) প্রতি অর্পণ করিয়া এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত হেণ্ডর্সন সাহেব তাঁহার কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

১৬৬৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

শ্রীযুত ক্রাষ্টর সাহেবের (Mr. Craster) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L. Dampier.) মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ১৭ সেপ্টেম্বর।

শ্রীযুত বি উড সাহেব (Mr. B. Wood,) জলেশ্বর এলাকায় নিমক চৌকীর সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এচ জি মাষ্টন সাহেব (Mr. H. J. Muston,) কলিকাতা এলাকায় নিমকচৌকীর সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৯ সেপ্টেম্বর।

মালদহের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব (Mr. E. C. Craster,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মুনশী ওয়ালিউদ্দীন খাঁ গত আপ্রিল মাসের ১৯ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তাহার অতিরিক্ত আগামি জুলাই মাসের ৮ তারিখঅবধি ১৮৫৪ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১২ সেপ্টেম্বর।

ত্রিহুতের প্রধান সদর আমীন শ্রীযুত ই ডিকষ্টা সাহেব (Mr. E. D'Costa,) আগামি নবেম্বর মাসের ৪ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

কাটওয়া এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি হিউইট সাহেব (Mr. G. Hewett,) দশহরার বদলে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৫ সেপ্টেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ছিলটে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামগতি মিত্র বর্ত্তমান মাসের ১৯ তারিখঅবধি আগামি নবেম্বর মাসের ১৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৬ সেপ্টেম্বর।

ভাগলপুরের কালেক্টর শ্রীযুত আর আর ষ্টর্ট সাহেব (Mr. R. R. Sturt.) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার এ জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত উক্ত মাজিষ্ট্রেট সাহেব কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২২ আগষ্ট।

২। বাঙ্গলা দেশের পূর্ব্ব দিগের জিলাতে আবকারী কার্য্য নির্ব্বাহের তত্ত্বাবধারণের যে নিয়ম পরিবর্ত্তন সম্প্রতি হইয়াছে তাহা পশ্চিম দিগের জিলাতেও চলন হইবার সম্ভাবনা। তাহার এই ফল হইবেক যে ঐ ডিপার্টমেণ্ট পুনরায় রাজস্বের কমিস্যানর সাহেবেরদের ও কালেক্টর সাহেবেরদের হস্তগত করা যাইবেক। এবং বোধ হয় ঐ কার্য্যের যে পুরাতন নিয়ম ১৮৪০ সালের পূর্ব্বে চলন ছিল তাহার, কিম্বা ঐ কার্য্যেতে বিশেষমতে নিযুক্ত কমিস্যানর সাহেবেরা “সপষ্ট নিয়ম” নামে বিখ্যাত যে নিয়ম চালাইয়াছিলেন তাহার, এওরা ঐ রাজস্বের কমিস্যানর ও কালেক্টর সাহেবেরা জ্ঞাত না হইয়া থাকিবেন। অতএব বোর্ডের সাহেবেরা এই সুযোগমতে কএক মন্তব্য কথা লিখিতে চাহেন।

৩। বাঙ্গলা দেশের প্রত্যেক জিলাহইতে আবকারী কত রাজস্ব উৎপন্ন হইতে পারে তাহা গবর্ণমেণ্টের নিশ্চয়রূপে জানিতে পারিবার অভিপ্রায়ে ১৮৪০ সালে নিয়ম পরিবর্ত্তন করা গিয়াছিল। এইক্ষণে প্রত্যেক জিলার ক্ষমতা অবগত হইয়াছেন অতএব তাঁহারা ঐ মাসুল তহসীল করণের কার্য্য ভূমির রাজস্বের কার্য্যকারকেরদের হস্তে পুনরায় সমর্পণ করিতেছেন। এই পুনরর্পণের বিষয়ে গবর্ণমেণ্টের যে মত এবং তাহার যে গুরুত্ব তাহা তোমার দ্বারা নানা কালেক্টর সাহেবের নিকটে পূর্ব্বে প্রকাশ করা গিয়াছে।

৪। সাবেক সুপরিণ্টেণ্ডেণ্টেরদের উপর অনেক তত্ত্বাবধারণ থাকাতে তাঁহারদের পক্ষে শৈথিল্যের কোন চিহ্ন হইলে আবকারী কমিস্যানর সাহেব তাহা হঠাৎ ধরিতে পারিতেন। তাঁহারদের অধিকাংশ ব্যক্তি ডেপুটী কালেক্টর হইয়া স্থানবিশেষে আবকারী এওরার ভার রাখিবেন। এইক্ষণে ঐ সকল তত্ত্বাবধারণ কালেক্টর সাহেবেরদের হস্তে থাকিবেক এবং তাঁহারদের অধীন কার্য্যকারকেরা তাঁহারদের সঙ্গে এক ঘরে কার্য্য করিবেন তাহাতে তাঁহারা ঐ কার্য্যের তত্ত্বাবধারণ আরো সফলরূপে করিতে পারিবেন।

৫। এইক্ষণে যে রিটর্ণ পাঠান যাইতেছে তাহা প্রস্তুত করণেতে বোর্ডের সাহেবেরা ভাবগতিক বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারিল সেইপর্য্যন্ত ভূমির রাজস্বের সিরিশ্তায় যে পাঠ ও দস্তুর চলন আছে তদনুসারে করিয়াছেন। তিন২ মাসান্তর তোমাকে ও আকৌণ্টেণ্ট সাহেবকে তৌজী * দেওয়া যাইবেক। তাহাতে যে২ বাকী

* ১ নম্বর হাল দাওয়াপ্রভৃতির ত্রৈমাসিক কৈফিয়ৎ।
২ নম্বর বকেয়া ঐ ঐ ঐ।

pecting the balances they may show; you will pass orders on them and return the Statements to the Collectors. A General Statement embodying Divisional particulars, furnished from the Accountant's Office, will bring periodically under the Board's eye the state of the Abkaree collections in each District, and whenever the state of the collections in any District may appear to require the notice of the Board, the Towjee, with your resolutions thereon, will be called for. The Board will still require the Quarterly Comparative Statement of Opium Sales to be furnished as at present.

[No. 3, Settlement or Estimate of Abkaree Revenue.]

6th. The Form of Estimate or Settlement will be seen to provide for Districts in which both the Khas and Farming systems prevail. Where there are no Farms the lines applicable to these may be omitted. Of course changes from one system to another will not be made in any District without a reference to the Board.

7th. This Estimate should be furnished to your Office in duplicate so soon as the Collector may have completed his arrangements for the year. You will prepare from them an Abstract Divisional Statement, and submit this with a copy of the District Estimate for the Board's orders. The Collector need not of course send any copy of the Estimate to the Accountant.

8th. On the subject of remissions the Board remark that in the Khas Districts of the Calcutta Division, there should not be any balances, the rule there observed being that no Vendor can fall into arrear beyond the amount of his deposit. It would be well if this rule were acted up to generally in all Khas Districts.

9th. Still there is always liable to be a nominal balance consisting of the demand by Estimate for the short interval of non-effective demand between the lapse of lease and its renewal. By acting promptly the Collector may always prevent this interval from exceeding a day or two. Further, there may sometimes be a nominal balance, accruing on a lease renewed on lower terms than what were shown in the year's Estimate.

10th. Such balances as these, or any other irrecoverable balances in Khas Districts, may be remitted by you on statements furnished by the Collector.

11th. All balances considered irrecoverable in Farmed Districts, must be reported by you for remission to the Board.

12th. In analogy with the practice in the Land Revenue Department, the Collectors in Khas Districts will take measures without reference to the Commissioner for closing the Shops of defaulting Vendors, and for re-licensing them on the best terms available. In Farmed Districts cases of lapse will of course be dealt with by Collectors under instructions from your Office.

(Signed) A. GROTE,

Officiating Secretary

দেখা যায় তাহার পূর্ণ বেওরা থাকিবেক। তুমি তাহার বিষয়ে হুকুম করিয়া কালেক্টর সাহেবেরদের নিকটে কৈফিয়ৎ ফিরিয়া দিবা। এলাকাসম্পর্কীয় বেওরার এক সাধারণ কৈফিয়ৎ আক্কোণ্টেণ্ট সাহেবের দফ্তরখানাহইতে বোর্ডে পাঠান যাইবেক তাহাতে প্রত্যেক জিলাতে আবকারীর তহসীলাতের যে অবস্থা তাহা নিরূপিত সময়েতে বোর্ডের সাহেবেরদের দৃষ্টিগোচর হইবেক এবং যখন কোন জিলাতে তহসীলাতের অবস্থার বিষয়ে বোর্ডের সাহেবেরদের সম্বাদ লওয়া প্রয়োজন বোধ হয় তখন তৌজী ও তাহার বিষয়ে তোমার নির্দ্ধারণ তলব হইবেক। আফীনের নীলামের ত্রৈমাসিক মিলান কৈফিয়ৎ এইক্ষণে যেরূপ দাখিল করা যাইতেছে সেইরূপ দাখিল হইয়া থাকে বোর্ডের সাহেবেরা ইহা চাহিবেন।

[৩ নম্বর। আবকারী রাজস্বের বন্দোবস্ত কি এষ্টিমেট করণ।]

৬। দৃষ্ট হইবেক যে এষ্টিমেটের কি বন্দোবস্তের যে পাঠ পাঠান যাইতেছে তাহা যে জিলাতে খাস ও ইজারা উভয় নিয়ম চলন আছে সেই জিলার নিমিত্তে আছে। যে জিলাতে ইজারা নাই তাহার বিটর্গেতে ইজারার পাঁইত ত্যাগ করা যাইতে পারে। সুতরাং বোর্ডের নিকটে জিজ্ঞাসা না করিলে কোন জিলাতে এক নিয়মের পরিবর্ত্তে অন্য নিয়ম চলন হইবেক না।

৭। কালেক্টর সাহেব বৎসরের নিমিত্তে আপনার নিয়ম সাঙ্গ করিলে পর তাঁহার ঐ এষ্টিমেটের ডুপ্লিকেট অযোগে তোমার দফ্তরখানায় পাঠাইতে হইবেক। তুমি তাহা দেখিয়া এলাকাসম্পর্কীয় কৈফিয়তের চুম্বক প্রস্তুত করিয়া তাহা ও জিলার এষ্টিমেটের এক নকল বোর্ডের হুকুম পাইবার জন্যে অর্পণ করিবা। সুতরাং কালেক্টর সাহেবের ঐ এষ্টিমেটের কোন নকল আক্কোণ্টেণ্ট সাহেবের নিকটে পাঠাইবার আবশ্যক হইবেক না।

৮। মাফের বিষয়ে বোর্ডের সাহেবেরা জানাইতেছেন যে কলিকাতা এলাকার খাস জিলাতে কোন বাকী থাকা উচিত নয় যেহেতুক ঐ২ জিলার মধ্যে এই বিধান আছে যে আপন আমানতী টাকার সংখ্যার অধিক কোন বিক্রেতার বাকী হইতে পারে না। যদি সকল খাস জিলাতে এই বিধানমতে সাধারণরূপে কার্য্য হইত তবে উত্তম।

৯। তথাপি পাট্টার খেলাফ হওনের কালাবধি নূতন পাট্টা না দেওনপর্য্যন্ত যে সময় হয় সেই অল্প সময়ে অকার্য্যের যে দাওয়া তাহা এষ্টিমেটঅনুসারে নামমাত্র সর্ব্বদাই বাকী হইতে পারে কিন্তু কালেক্টর সাহেব ত্বরায় উদ্যোগ করিলে ঐ সময় দুই এক দিনের অধিক না হয় এমত সর্ব্বদাই করিতে পারেন। আরো বৎসরের এষ্টিমেটে যে দর প্রকাশ হয় তাহার কম দরে নূতন পাট্টা দেওয়া গেলে কখন২ নামমাত্র বাকী হইতে পারে।

১০। এইপ্রকার বাকী কিম্বা খাস জিলাতে অন্য যে কোন বাকী আদায় হইতে না পারে তাহা তুমি কালেক্টর সাহেবের স্থানে কৈফিয়ৎ পাইলে ক্ষমা করিতে পারিবা।

১১। ইজারাহওয়া জিলাতে যে সকল বাকী আদায় হইতে পারে না বোধ হয়, তাহার ক্ষমা হইবার নিমিত্তে তোমার বোর্ডে রিপোর্ট করিতে হইবেক।

১২। ভূমির রাজস্বের সিরিশতার চলিত ব্যবহারানুসারে, খাস জিলার কালেক্টর সাহেবেরা কমিস্যনর সাহেবদিগকে জিজ্ঞাসা না করিয়া বাকীদার বিক্রেতারদের দোকান বন্দ করিবার এবং সাধ্যমতে উত্তম দরে তাহার পুনরায় পাট্টা দিবার উপায় করিবেন। ইজারার জিলাতে পাট্টা খেলাফ হইলে কালেক্টর সাহেবেরা সুতরাং তোমার দফ্তরখানাহইতে প্রাপ্ত উপদেশমতে কার্য্য করিবেন।

এ গ্রোট।

একটিং সেক্রেটারী।

[*Government Gazette*, 11th *October*, 1853.]

STATEMENT 1.

QUARTERLY STATEMENT of Hal Abkaree Demand, Collections and Balance for ———— Quarter of ———— for Zillah ————.

	1. Balance of last Quarter.	2. Demand of this Quarter containing say 92 days.	3. Total.	4. Collections.	5. Balance.	6. Remission.	7. Net Balance.	8. Proceeds of Opium Sales.	9. Total of Columns 4 and 8.
Country Spirits, ...									
Tarree, ...									
Drugs, ...									
Total, ...									

MEMO. of reconcilement of demand in Column 2.

Demand of the quarter according to the settlement, ... 20,000
Deduct for licenses cancelled during the quarter, ... 1,000
Remaining Demand, ... 19,000
Add for licenses granted during the quarter, ... 1,000
Total Demand, ...

MEMO. giving details of and authority for Remissions in Column 6.

১ নম্বরের কৈফিয়ৎ।

অমুক জিলাতে অমুক সালের অমুক তিন মাসের হাল আবকারীর দাওয়া ও তহসীলাৎ ও বাকীর ত্রৈমাসিক কৈফিয়ৎ।

	১ গত তিন মাসের বাকী	২ চলন তিন মাসের অর্থাৎ ৯২ দিনের দাবী	৩ মোট	৪ তহসীলাৎ	৫ বাকী	৬ ক্ষমা	৭ আসল বাকী	৮ আফীন বিক্রয়ের উৎপন্ন	৯ ৪ ও ৮ ঘরের মোট।
দেশীয় শরাব।									
তাড়ী ।...									
মাদক দ্রব্য।									
মোট।									

২ ঘরের দাবীর মিলান।

বন্দোবস্তমতে তিন মাসের দাবী————২০,০০০৲
বৎসরের মধ্যে বাতিলকরা পাট্টা বাদ ——— ১০০০৲
বাকী দাবী ————১৯,০০০৲
তিন মাসের মধ্যে যে পাট্টা দেওয়া যায়——— ১০০০৲
মোট দাবী ... ...

৬ ঘরে ক্ষমার দেওয়া ও যে হুকুমমতে হইয়াছে তাহা।

STATEMENT 2.

QUARTERLY STATEMENT of Bukya Abkaree Demand, Collections and Balances for ——— *Quarter of* ——— *for Zillah* ———.

	Balance of previous years.	Collections.	Balance.	Remissions.	Net Balance.	Authority for Remission shown in Column
Country Spirits, ...						
Tarree, ...						
Drugs, ...						
Total, ...						

২ নম্বরের কৈফিয়ৎ।

অমুক জিলাতে অমুক সালের অমুক তিন মাসের বকেয়া আবকারীর দাওয়া ও তহসীলাৎ ও বাকীর ত্রৈমাসিক কৈফিয়ৎ।

	পূর্ব্ব২ বৎসরের বাকী	তহসীলাৎ	বাকী	কম	আসল বাকী	অমুক ঘরের কমা যাঁহার হুকুমমতে হয়
দেশীয় শরাব।						
তাড়ী।						
মাদক দ্রব্য।						
মোট।						

STATEMENT or Estimate of the Abkaree Revenue for ——— from the 1st May ——— to the 30th April ——— of the ——— Division,
submitted in conformity to the orders of the Board of Revenue, No. ——— dated the ———.

Districts.	1. Country Spirits.		2. Putchye.		3. Tarree.		4. Ganjah.		5. Siddhee.		6. Churrus.		7. Muddut.		8. Majoom.		9. Chundoo.		10. Bhang.		11. Retail European Wines and Spirits.		12. Rum.		13. Estimate for the year of Report.		14. Average of 3 preceding years.		15. Estimated Increase in.	16. Estimated Decrease in.	Remarks.
	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	No. of Shops.	Estimate.	Total No. of Shops.	Total Estimate for.	Average No. of Shops.	Average Jumma.			
Dacca, Khass,																															
Farmed,																															
Total,																															
Mymensing,																															
Khass																															
Farmed																															
Total,																															
Total,																															

অমুক সালের ১ মে তারিখঅবধি অমুক সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত অমুক এলাকার অমুক জিলার আবকারী রাজস্বের কৈফিয়ৎ কি এষ্টিমেট। বোর্ড রেবিনিউর অমুক তারিখের অমুক নম্বরী হুকুমমতে পাঠান যাইতেছে।

জিলা	১ দেশীয় শরাব		২ পচুই		৩ তাড়ী		৪ গাঁজা		৫ সিদ্ধি		৬ চরস		৭ মদৎ		৮ মাজুম		৯ চণ্ডু		১০ ভাং		১১ ইউরোপীয় ওয়াইন ও শরাবের খুচরা বিক্রয়		১২ রুম		১৩ যে বৎসরের রিপোর্ট হইতেছে তাহার এষ্টিমেট		১৪ গত তিন বৎসরের গড়		১৫ অমুক বিষয়ে আন্দাজী বৃদ্ধি	১৬ অমুক বিষয়ে আন্দাজী হ্রাস	মন্তব্য
	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের সংখ্যা	এষ্টিমেট	দোকানের মোট সংখ্যা	অমুক সালের মোট এষ্টিমেট	দোকানের গড় সংখ্যা	গড় জমা			
ঢাকা—খাস																															
ইজারা																															
মোট																															
ময়মনসিংহ খাস																															
ইজারা																															
মোট																															
মোট																															

[Government Gazette, 11th October, 1853.]

No. 2.

From the Officiating Secretary to the Board of Revenue, to the Commissioner of ———. Dated Fort William, the 10th June, 1853.

I am directed by the Board of Revenue to request that in future the Statement of Abkaree Cases, now submitted as a Monthly Abstract Divisional Return, may be discontinued, its contents being incorporated with the Collector's Quarterly Business Returns in the Land Revenue Department, under heading 17.

2. On the back of this return a Memorandum should be added of the cases disposed of under this heading as shown in Column 11, and thus classified:

Memorandum of Abkaree Cases.

1. Cases of Illicit Manufacture.	2. Cases of illegal possession of Excisable Articles.	3. Cases of Illicit Sale of ditto.	4. Cases of false information Section VII., Regulation XXV. of 1840.	5. Cases against Officers of the Department, Section XII., Regulation XXV. of 1840.	6. Total number of Arrests.	
					Discharged.	Convicted.

২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৩ সাল ১০ জুন।

বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে আবকারী মোকদ্দমার যে কৈফিয়ৎ এলাকাসম্পর্কীয় মাসিক চুম্বক রিটর্ণস্বরূপ এক্ষণে পাঠান যাইতেছে তাহা উত্তর কালে রহিত হয় এবং তাহাতে যে কথা লেখা গিয়া থাকে তাহা ভূমির রাজস্বের ডিপার্টমেণ্টে কালেক্টর সাহেবের ত্রৈমাসিক কার্য্যের রিটর্ণের ১৭ ঘরের শিরনামার নীচে লেখা যায়।

২। ১১ ঘরের প্রকাশিতমতে ঐ শিরনামার যে সকল মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে তাহার এক মন্তব্য কথা এই রিটর্ণের পৃষ্ঠে লেখা গিয়া নীচের লিখিতমতে শ্রেণীবদ্ধ করা যাইবেক।

আবকারী মোকদ্দমার মন্তব্য।

১ বিনানুমতিতে দ্রব্য প্রস্তুত করণের মোকদ্দমা	২ যে দ্রব্যের উপর আবকারী মাসুল লাগে তাহা বেআইনীমতে দখলে রাখনের মোকদ্দমা	৩ ঐ দ্রব্যের বিনানুমতিতে বিক্রয় করণের মোকদ্দমা	৪ মিথ্যা সম্বাদ দেওনের মোকদ্দমা ১৮৪০ সালের ২৫ আইনের ৭ ধারা	৫ সিরিশ্তার আমলাদের নামে মোকদ্দমা। ১৮৪০ সালের ২৫ আইনের ১২ ধারা	৬ গ্রেফ্তারের মোট সংখ্যা	
					খালাস হয়	দোষ নিশ্চিত হয়

Particulars of pending cases will, of course, be given like those of cases under other headings in the column of remarks in the body of the Quarterly Statements.

4. The local check over the Abkaree Deputy Collectors being now so immediate, there is not the same occasion for the Monthly Detail Statement heretofore rendered to the Abkaree Commissioner. It will be the duty of the Collector frequently to examine the Register kept by the Deputy Collector, and to revise any case in which he may see reason to apprehend any irregularity.

5. Persons imprisoned for offences against the Excise laws, or for balances of Abkaree Revenue, will be accounted for in the Quarterly Returns of "Prisoners Confined for Government Demands," rendered to your Office by Collectors. To this Return should be appended a Memorandum to the following effect:

Detail of Prisoners.

For arrears of Land Revenue, ...	0	0	0
For non-payment of fines in Land Revenue Cases, ...	0	0	0
For arrears of Abkaree Revenue,	0	0	0
For non-payment of fines, &c. in Abkaree Cases, ...	0	0	0
Total, ...	0	0	0

(Signed) A. GROTE,
Offg. Secretary.

Board of Revenue
Lower Provinces.

No. 1..

From the Officiating Secretary to the Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———. Fort William, the 8th May, 1851.

There being apparently no rule nor recognized practice for the receipt or rejection of Petitions on unstamped paper in the several Departments subject to the late Board of Customs, Salt and Opium, I am directed by the Board of Revenue to request that you will give publicity to the following rules which have been drawn up for general guidance.

I. The Stamp Regulation XII. of 1826, the Abkaree Act XI. of 1849, and the Salt Preventive Act XIII. of 1849 apply only to Calcutta. The Stamp Regulation prescribes stamp duties for "deeds" and "instruments" only, and none of these enactments require that applications to the authorities should be written on stamped paper. The Board direct therefore that all Petitions or applications on plain paper presented to the Board or to any subordinate authority, on matters connected with these enactments, be received.

II. In like manner all Petitions and applications connected with the levy of Customs duties or the business of the Custom House must as heretofore be received on plain paper.

৩। ত্রৈমাসিক কৈফিয়তের মধ্যে মন্তব্য কথার ঘরে অন্যং শিরনামার লিখিত মোকদ্দমার বেওরা যেরূপ লেখা থাকে সুতরাং উপস্থিতথাকা মোকদ্দমার বেওরা সেইরূপে লেখা যাইবেক।

৪। আবকারী ডেপুটী কালেক্টরেরদের উপর স্থানীয় যে তত্ত্বাবধারণ তাহা এইক্ষণে অব্যবধানে হয় অতএব আবকারী কমিস্যনর সাহেবের নিকটে যে মাসিক বেওরার কৈফিয়ৎ পূর্ব্বাবধি দেওয়া যাইতেছে তাহা দিবার এক্ষণে তাদৃশ প্রয়োজন নাই। কালেক্টর সাহেবের কর্ত্তব্য যে ডেপুটী কালেক্টর যে রেজিষ্টর রাখেন তাহার অনেকবার তত্ত্ব লইয়া কোন মোকদ্দমাতে বেদস্তুর কার্য্য হইয়াছে এমত সন্দেহ করিবার হেতু থাকিলে সেই মোকদ্দমার পুনরায় তজবীজ করেন।

৫। আবকারী মাসুলের আইনের বিপরীত অপরাধ করাতে কিম্বা আবকারী রাজস্বের বাকীর বাবৎ যে লোকেরা কয়েদ হইয়াছে তাহারদের কথা, কালেক্টর সাহেবেরা "গবর্ণমেণ্টের দাওয়ার নিমিত্তে কয়েদকরা ব্যক্তিরদের" যে ত্রৈমাসিক রিটর্ণ তোমার দফ্তরখানায় দিয়া থাকেন তাহাতে লেখা যাইবেক। ঐ রিটর্ণের নীচে এই মর্ম্মের এক মন্তব্য কথা লেখা উচিত।

কয়েদীরদের সংখ্যার বেওরা।

ভূমির রাজস্বের বাকীর বাবৎ	০	০	০
ভূমির রাজস্বের মোকদ্দমায় জরীমানা না দেওনের নিমিত্তে	০	০	০
আবকারী রাজস্বের বাকীর বাবৎ .	০	০	০
আবকারী মোকদ্দমার জরীমানাপ্রভৃতি না দেওনের নিমিত্তে	০	০	০
মোট	০	০	০

এ গ্রোট।
একটিং সেক্রেটরী।

বাঙ্গল প্রভৃতি দেশের
বোর্ড রেবিনিউ।

১৩॥ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটরী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫১ সাল ৮ মে।

মাসুল ও নিমক ও আফিঙ্গের সাবেক বোর্ডের অধীন নানা সিরিশতায় শাদা কাগজে দরখাস্ত গ্রাহ্য কি অগ্রাহ্য করণের কোন বিধান কিম্বা মঞ্জুরী ব্যবহার দৃষ্ট হইতেছে না অতএব বোর্ড রেবিনিউর হুকুমক্রমে আদেশ করিতেছি যে সকল লোকের উপদেশের নিমিত্তে নীচের লিখিত যে বিধান প্রস্তুত করা গিয়াছে তুমি তাহা প্রকাশ কর।

১। ইষ্টাম্পের ১৮২৬ সালের ১২ আইন ও আবকারীর ১৮৪৯ সালের ১১ আইন ও বিনানুমতির লবণের আমদানী নিবারণার্থ ১৮৪৯ সালের ১৩ আইন কেবল কলিকাতায় খাটে। ইষ্টাম্পের ঐ আইনেতে কেবল "প্রতিজ্ঞাপত্রের" ও "নিদর্শনপত্রের" উপর ইষ্টাম্পের মাসুল লাগিবার হুকুম আছে এবং উক্ত কোন আইনেতে হুকুম নাই যে কার্য্যকারক সাহেবেরদের নিকটে ইষ্টাম্প কাগজে দরখাস্ত লিখিতে হইবেক। অতএব বোর্ডের সাহেবেরা হুকুম করিতেছেন যে ঐ২ আইনসম্পর্কীয় বিষয়ে যে সকল দরখাস্ত কি প্রার্থনা বোর্ডের সাহেবেরদের কি অধীন কোন কার্য্যকারকের নিকটে শাদা কাগজে দরপেশ করা যায় তাহা গ্রাহ্য হয়।

২। সেই প্রকারে মহালের মাসুল আদায়ের কিম্বা কষ্টম হোসের কার্য্যসম্পর্কীয় সকল দরখাস্ত ও প্রার্থনা যেমন পূর্ব্বাবধি হইয়া আসিতেছে তেমনি শাদা কাগজে গ্রাহ্য হইবেক।

III. Similarly all applications and representations from opium merchants must be received on plain paper. Opium Ryots, moreover, may fairly claim to be treated (as in practice they are) on the same footing with Molunghees, who, by special order of the Board, are allowed to petition on plain paper.

IV. Petitions and representations to the Collector of Calcutta or to the Commissioner, on subjects connected with Act VII. of 1847 and Act XXIII. of 1850, must also be received on plain paper.

V. In all Departments representations and informations on matters of general interest and not affecting the writer individually should be received on plain paper.

VI. In all other cases, whether the Petitioner be a private individual or an officer of Government dissatisfied with the orders of his superior, the Rule in Article 7, Schedule B., Regulation X. of 1829 should be uniformly enforced.

VII. Petitions sent by Dâk otherwise than through the Officer against whose order the appeal is preferred will either be returned or allowed to lie in the Office pending the appearance of the Petitioner.

Offg. Secretary.

NOTE—This Circular was in the first instance issued only to the Commissioner of the Jessore Division and the Officers of the Customs, Salt and Opium Departments.

৩। তদ্রূপেও আফীনের মহাজনেরদের সকল দরখাস্ত ও আরজী শাদা কাগজে গ্রাহ্য হইবেক। আরো পোস্তের চাসীরা ন্যায্যমতে দাওয়া করিতে পারে যে মলঙ্গীরদের বিষয়ে যে নিয়ম আছে তাহারদের বিষয়েও সেই নিয়ম হয়। ফলতঃ কার্য্যব্যবহারে তদ্রূপই হইতেছে। বোর্ডের এক বিশেষ হুকুমক্রমে ঐ মলঙ্গীরদের শাদা কাগজে দরখাস্ত করিবার অনুমতি আছে।

৪। ১৮৪৭ সালের ৭ আইন ও ১৮৫০ সালের ২৩ আইনের সম্পর্কীয় বিষয়ে কলিকাতার কালেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবের নিকটে যে দরখাস্ত ও আরজী হয় তাহাও শাদা কাগজে গ্রাহ্য করিতে হইবেক।

৫। সকল সিরিশতায় যে আরজী ও এজহার কেবল লেখকের মঙ্গলজনক না হইয়া সর্ব্বসাধারণের ক্ষতিবৃদ্ধির বিষয়ে হন তাহা শাদা কাগজে লইতে হয়।

৬। অন্য সকল গতিকে দরখাস্তকারী স্বাধীন কর্ম্মকারক হউক কিম্বা উপরিস্থ কার্য্যকারকের হুকুমে অসন্তুষ্ট গবর্ণমেণ্টের কোন আমলা হউক তাহার বিষয়ে ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৭ প্রকরণের বিধানক্রমে সর্ব্বদাই কার্য্য হওয়া উচিত।

৭। যে কার্য্যকারকের হুকুমের উপর আপীল হয় তাঁহার দ্বারা না হইয়া যে সকল দরখাস্ত ডাকযোগে পাঠান যায় তাহা হয় ফিরিয়া দেওয়া যাইবেক নতুবা দরখাস্তকারির স্বয়ং উপস্থিত হইবার অপেক্ষায় দফতরখানায় থাকিতে দেওয়া যাইবেক।

একটিং সেক্রেটারী।

মন্তব্য। এই সরকুলর আদৌ কেবল যশোহর এলাকার কমিস্যনর সাহেবের এবং হাসিল ও নিমক ও আফীনের সিরিশতার কার্য্যকারকেরদের নামে জারী হইয়াছিল।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 3rd October, 1853.

The leave of absence for seven days, granted on the 21st May last, to Moulvee Mahomed Munaim, Moonsiff of Dwarhatta, Zillah Hooghly, has been cancelled at his own request.

The 5th October, 1853.

Lala Luchmun Purshad, Moonsiff of Kishenpoor, Zillah Lohardugga, for one week, in excess of the Dusserah and Mohurrum Vacation.

C. T. BUCKLAND, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৩ অক্টোবর।

জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মনায়েম গত মে মাসের ২১ তারিখে যে সাত দিনের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনায় রহিত হইয়াছে।

১৮৫৩ সাল ৫ অক্টোবর।

জিলা লোহারডগার কৃষ্ণপুরের মুনসেফ শ্রীযুত লালা লক্ষ্মণপ্রসাদ দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৭ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবলিউ কোবর্ণ সাহেব (Mr. W. Cockburn,) মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়া ফরক্কাবাদ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৩ সাল ২৯ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ বেডি সাহেব (Mr. H. Beddy,) আরাকান প্রদেশের কমিস্যনর সাহেবের ছোট আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেব (Mr. W. O. A. Beckett,) আসাম দেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর এ সিমশন সাহেব (Dr. A. Simpson,) ত্রিহুতে প্রদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয়করণের কমিটির মেম্বর হইবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৩ সাল তারিখ ২৬ অক্টোবর বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫১। ৫২ সালের পয়দায়শী আফিমের দশম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩২৯০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই

বেহারের পয়দায়শী আফিম	২২০৫
বানারসের পয়দায়শী আফিম ...	১০৮৫
জুমলে সিন্দুক	৩২৯০

১ দফা। এইরূপে যে নীলামের ইশতেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শর্ত সকল ধারানুসার সন ১৮৫২ সালের ১৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগি টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৩ সালের ২ নবেম্বর এবং ১১ নবেম্বর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতি ট্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারি দস্তাবেজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৩ সালের ২ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাস করণে কিস্তের পূর্ব টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৩ সালের ১১ নবেম্বর শুক্রবারের বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইম সন নীচের লিখিত মেকদার সন ১৮৫১। ৫২ সালের বেহার ও বনারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক। আর যদি দৈবাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি

	বেহারের সিন্দুক	বনারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৩ সালের ১১ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৫	১০৮৫	৩২৯০
ঐ ১২ ডিসেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২২০৮	১০৬৪	৩২৭২
	৪৪১৩	২১৪৯	৬৫৬২

হিসে জীয় হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উইলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ২৬ সেপ্টেম্বর।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

SALT. **নিমক।**

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেন্ট গোলা শুক্তিবাবৎ লাগাদ ৩০ সেপ্টেম্বর সন ১৮৫৩ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলা।

এজেন্সীর নাম		সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাঙ্গা নমক ঘাট রসুলপুর।		০	০	০	০	২,২৫,৮৮২/	২,৯৮,২৪৮/	৫,২৪,১৩০/
ঐ ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	১৯,৯৫২/	১,৭১,৯১০/	১,৯১ ৮৬২/
ঐ ঐ রামনগর।		০	০	০	৫,০৯০॥৫	৭২৫ ।৫	১,৫৮,৬২৫/	১,৬৪,৪৪১/
গাছা নমক।		২,৪০৬॥০	০	০	০	০	০	২,৪০৬॥০
	একুন।	২,৪০৬॥০	০	০	৫,০৯০॥৫	২,৪৬,৫৫৯ ।৫	৬,২৮,৭৮৩/	৮,৮২,৮৩৯॥০
তমলুক।								
পাঙ্গা নমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	০	১৮,৭৮৮ ।৮৸	১৮,৭৮৮ ।৮৸
	একুন।	০	০	০	০	০	১৮,৭৮৮ ।৮৸	১৮,৭৮৮ ।৮৸
চট্টগ্রাম।								
পাঙ্গা নমক নিজামপুর ঘাট ডোমখালি।		০	০	০	০	০	০	০
ঐ আরাকিন ঐ		০	০	০	০	০	০	০
ঐ সদর ঘাট এজেন্সী।		০	০	২,৭৫,৯১৪/ ।	৩,৪৩,৫১০॥৯	২,৭৩৯॥৫	৫৫॥০ ⁄	৬,২২,২২৯৸৪॥/
ঐ ঐ আরাকিন।		২,৬১,৭৭১/ ২॥/১০	০	০	১,৩০৬/	০	০	২ ৬৩,০৭৭/ ২॥/১০
	একুন।	২,৬১,৭৭১/ ২॥/১০	০	২,৭৫,৯১৪/ ।	৩,৪৪,৮২৬॥৯	২,৭৩৯॥৫	৫৫॥০ ⁄	৮,৮৫,৩০৬৸৭৶১০

এজেন্সীর নাম	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭ । ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮ । ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯ । ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০ । ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১ । ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২ । ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৭,১৯,৩৫৪ ।৫	৬,৯৪৬॥৫	২,৮৬৫/	৫৫,৮৪৪/	০	০	৭,৮৫,০১০/
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	৮১৪৸০	৪২৬৸৫	০	১,২৪১॥৫
ঐ ঐ চিলকা।	০	০	৩০/	০	৫৩৫/	০	৫৬৫/
পাঙ্গা হিজলি কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ রামনগর।	০	০	০	২৯/	০	০	২৯/
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	৩,৮২,৫৭৪ ।৫	০	০	০	০	৩,৮২,৫৭৪ ।৫
ঐ ঐ ডাইমন হারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ ঐ সাগর।	০	৪৯,১৭২॥০	০	০	০	০	৪৯,১৭২॥০
একুন।	৮,৪১,৭৩৯ ।৫	৪,৩৮,৬৯৩॥০	২,৮৯৫/	৫৬,৬৮৭৸০	৯৬১৸৫	০	১৩,৪০,৯৭৭॥০
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
একুন।	০	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
মোট একুন।	১১,০৫,৯১৬৸৭॥/১০	৪,৩৯,৭৬২॥৮	২,৭৮,৮০৯/ ।	৪,৩৯,৮৭৫॥৪	৩,১৬,৯৯০ ।৫	৬,৪৭,৬২৬৸৯/	৩২,২৮,৯৮১॥৩৸৶১০

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[Government Gazette, 11th October, 1853.]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী মধ্যপ্রদেশ জিলা কটক

সর্ব্ব সাধারণ লোক সকলের জ্ঞাতার্থে সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল সন ১৮৫৩ সালের সেপ্টেম্বর মাহার ২ তারিখ লিখিত শ্রীযুত মহিমার্ণব গোউবরমেণ্ট বাঙ্গাল সাহেবের নং ১৫৮ বাং নকল চিঠী হুকুমানুসারে সন ১৮৫৩ সাল নবেম্বর ২১ তারিখ মোতাবেক সন ১২৬১ সাল অগ্রহায়ণ মাহার ৮ তারিখ সোমবার দিবসে উক্ত কালেক্টরী কাছারীতে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ২৬ সেপ্টেম্বর সন ১৮৫৩ সাল।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জেলার তৌজী লিখিত মহালের নম্বর	মহালের নাম	মাহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১৮৫৩ সালের সেপ্টেম্বর মাহার ২৬ তারিখ পর্য্যন্ত সরকারের পাওনা	মন্তব্য কথা
নং ২	মিয়াদি বন্দোবস্ত ...	নং ১০১৬	তাং পাটাপ্তাই পং উত্তিকন উগযবহ	প্রিয়নাথ রায় ও রায় বৈকুণ্ঠনাথ চৌধুরী ও রায় সর্ব্বনাথ চৌধুরী ও রায় কৃষ্ণনাথ চৌধুরী	২৬৭৯৯১/৭	১১৩৬১৷২৫	এই মহালের মধ্যে রায় বৈকুণ্ঠনাথ চৌধুরীর যে কিঃ ৶৮ দুই আনা আট পাই হিস্যা আছে সন ১৭৯৬ সালের ১১ আইনানুসারে সরকারে জব্দ হওয়াতে ঐ রায় বৈকুণ্ঠনাথ চৌধুরীর উক্ত হকিয়ত সন ১৮৫৩ সাল সেপ্টেম্বর মাহার ২ তারিখ লিখিত নং ১৫৮ শ্রীযুত মহিমার্ণব গোউবরমেণ্টের হুকুমানুসারে নীলাম হইবেক।

ত বিশ সন নদব।

R. P Harrison, *Offg. Collector*

জিলা ভুলুয়া।

এস্তালানামা কাছারি কালেক্টরি জিলে ভুলুয়া।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ বত্ত ধারার মর্ম্মানুযায়ি নীচের লিখিত মহালাতের সন ১২৬০ সনের লাং কিস্তী ভাদ্রের সরকারি পাওনা বাকী মালগুজারি আদায়ের নিমিত্তে এবং অন্যান্য যে দাওয়া চলিত আইনক্রমে বাকী মালগুজারির ন্যায় আদায় করনের হুকুম আছে তাহার নিমিত্তে সন১৮৫৩ সনের ২১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৬০ সনের ৯ অগ্রহায়ণ রোজ বুধবারে অত্র কালেক্টরি কাছারিতে বিনা ওজর ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩। তাং ১৮ সেপ্টেম্বর।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	জিলার তৌজীতে মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকীর সংখ্যা সন ১৮৫৩ সালের লাং ২৬ সেপ্টেম্বর সূর্য্যাস্তপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
১	ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১৬ নং	কাএমী জমীদারী পং সন্দ্বীপ হিস্যা ।১/১ কড় তরফ ভবানীচরণ।	শ্রীমতী রাম সুন্দরী দেবী ও শ্রীমতী ষোড়শী-বল দেবী	১৯৮০৯৶১	৮৩১৷৶৪	
ঐ	ঐ	১০০ নং	পং অমরাবাদ হিস্যা /৬॥ = ক্রি স্থির খাঁ বিভক্ত তাং বিবন বিবি।	বিবন বিবি	২০৯৷৶২	৬৫৸/১১	
ঐ	ঐ	৬৬০ নং	পং ঐ হিস্যা ॥৶১১। ক্রি স্থির খাঁ বিভক্ত তাং মকিম।	গিরিধারী ঘোষ	২২॥৶১০	৯৸০	
ঐ	ঐ	৯৭৭ নং	পং ঐ হিস্যা ৵৬॥ = ০ বিভক্ত মহম্মদ ৪ নং চাবি মহাল ৫	গিরিধারী ঘোষ	১৫৶২	৬৷৶	

J W. Dalrymple, *Deputy Collector.*

ঐ

জিলা ত্রিপুরা।

সন ১৮৪৫ ইং ১ আইনের ৬ দফামতে এস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত জিলে ত্রিপুরার মহালের সন ১২৬০ বাঙ্গলার লাং কিস্তী ভাদ্রের পাওনা বাকী মালগুজারির নিমিত্তে এবং অন্যান্য দাওয়া চলিত আইনক্রমে মালগুজারির ন্যায় আদায় করণের হুকুম আছে তাহার নিমিত্তক সন ১৮৫৩ ইঙ্গরেজির ৪ নবেম্বর মোতাবেক সন ১২৬০ বাঙ্গলার ২০ কার্ত্তিক রোজ শুক্রবার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে নীলাম করা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩ ইঙ্গরেজি তারিখ ২৭ সেপ্টেম্বর মোং ১২ আশ্বিন ১২৬০ বাং।

শ্রেণীর নম্বর	মহালের শ্রেণী	তৌজীর মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিক	সদর জমা	বাকী খাজানা লাং কিস্তী ভাদ্র সন ১২৬০ সন	কৈফিয়ৎ
১	ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।	২৩১	মহাল চরপাতা কিং ৩৭॥ গণ্ডা ...	হরিশ্চন্দ্র বসু	১৫৫॥ ৯	৪৯/১	
২	ঐ	২৩৩	মহাল চরপাতা কিং ৩৭। গণ্ডা	রুক্মচন্দ্র বাবনারাণ	১৫৫॥/ ১০	৪৯/১	
৩	ঐ	৬৯৫	তং ফরকাবাদ তাং রামীর মনস মুং হিং ১৫ গণ্ডা রাধামাধব দেব রায়।	গোলোকচন্দ্র দত্ত	১০১।৩৪	১৪০৩১১	

H. C. HALLETT, *Collector*

জিলা ফরিদপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে সন ১৮৫৩।৫৪ সনের লাং কিস্তী আগষ্টের পাওনা রাজস্ব অনাদায় কারণ নিম্নের লিখিত মহাল ১৮৫৩ সনের ২৫ নবেম্বর মোং ১২৬০ সনের ১১ অগ্রহায়ণ রোজ শুক্রবার দুই প্রহরান্তে মোকাম ফরিদপুরের ডিপুটী কালেকটরির কাছারিতে নীলাম হইবা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি ১৮৫৩ সন তারিখ ২৯ সেপ্টেম্বর।

নম্বর শ্রেণী	মহালের প্রকার	তৌজীর নম্বর	মহালের নাম	মালীক দখলকারের নাম	সদর জমা	কোন্ সনের কোন্ কিস্তির বাকী পাওনা ১৮৫৩।৫৪ কীং আগষ্ট	মন্তব্য কথা।
১	রসদী মুদ্রে কাএমী বন্দবস্ত	৩৬৩	সরকারি তিক্ত্রীর মহাল চর গঙ্গামালঙ্ক	মিরআলী আসরফ ও ফরখন্দ নেছা খাতুন ও রামনাথ বসু ও মদনমোহন রায় ও জগন্নাথ রায়	৮১৮৩।	৮০	এই মহালে মালীক শতকরা ২৫ টাকা হিসাবে মুনাফা পাইয়া থাকে ইতি।

W. H. BRODHURST, *Offg. Deputy Collector*

RECEIVED

From the Collectorate of Rajshahye a Land Advertisement, dated the 4th October. The land in question is to be sold on the 20th November. It will appear next week.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ইশ্‌তিহার।

DELHI BANK.

NOTICE.—A Special General Meeting of the Shareholders of the Delhi Bank will be held at the Bank house at Delhi, at noon, on Monday, the 12th day of December next, for the purpose of resolving that the Bank shall be registered under Act XLIII. of 1850.

By order of the Managers,

G. BERESFORD, *Manager.*

বিজ্ঞাপন

১৮৫০ সালের ৪৩ আইনানুসারে দিল্লির ব্যাঙ্ক রেজিষ্টরী করণের বিষয়ে নির্দ্ধার্য্য করিবার নিমিত্তে দিল্লী ব্যাঙ্কের অংশিদারেরদের বিশেষ সভা আগামি ডিসেম্বর মাসের ১২ তারিখের বেলা দুই প্রহর সময়ে দিল্লীর ব্যাঙ্কে হইবেক।

কর্ম্মকর্ত্তারদের হুকুমক্রমে।

জি বেরেসফোর্ড সাহেব। অধ্যক্ষ।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে শহর কলিকাতার বড়বাজারের মনরাপটীর ১৪ নম্বরের কুঠী বাটী যাহাতে ইতিপূর্ব্বে শ্রী বেহারীলাল শালের কারবার ছিল তাহা এইক্ষণে তিনি উঠাইয়া দিয়া উক্ত কুঠী বাটীর ছয় অংশের এক অংশ যাহা তাহার স্বীয় স্বত্ব ছিল তাহা শ্রীমতী বৃকভানু দাসীকে বিক্রয় করিয়াছেন এবিধায় জ্ঞাপন করা যাইতেছে যে উক্ত বেহারীলাল শাল মহাশয়ের উক্ত কুঠী বাটীর প্রতি কোন স্বত্ব নাই।

শ্রীমতী বৃকভানু দাসী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৩। ১১ অক্‌টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 18, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৮ অক্টোবর।

No 1772.

ORDERS BY THE MOST NOBLE THE GOVERNOR OF BENGAL.

NOTIFICATION

The 4th October, 1853.

With reference to the Notification, No 1388, dated the 21st July last, which appeared in the *Bengal Government Gazette* of the 9th August, 1853, the following despatch from the Hon'ble the Court of Directors, together with the letter referred to therein, is published for general information

PUBLIC DEPARTMENT.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL

No 48 *of* 1853 — With reference to our Despatch in this Department, dated 24th May last, No 30, we forward copy of a letter which has been addressed to Her Majesty's Secretary of State for Foreign Affairs by the French Ambassador, stating the decision which has been come to by the Government of His Imperial Majesty in regard to Foreign prohibited goods which may be sent to the Universal Exhibition to be held in Paris in May 1855, and we request that you will give the greatest possible publicity to the liberal intentions of the French Government, as stated in Count Walewski's letter.

We are, &c,

(Signed) RUSSELL ELLICE,

„ J. OLIPHANT,

and other Directors

London, 20th July, 1853.

১৭৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবেল গবরনর্ সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

গত জুলাই মাসের ২১ তারিখের ১৩৮৮ নম্বরী যে বিজ্ঞাপন গত আগষ্ট মাসের ৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার উপলক্ষে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের নীচের লিখিত পত্র এবং তাহাতে যে পত্রের উল্লেখ হইয়াছে সেই পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সাধারণ ডিপার্টমেণ্ট।

হুজুর কৌন্সেলে আমারদের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বরাবরেষু।

১৮৫৩ সালের ৪৮ নম্বর।

এই সরিশতায় আমারদের গত মে মাসের ২৪ তারিখের ৩০ নম্বরী পত্রের উপলক্ষে, বিদেশীয় বিষয়ব্যাপারের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফ্রান্স দেশীয় শ্রীযুত রাজদূত সাহেব যে এক পত্র পাঠান তাহার নকল তোমার নিকটে পাঠাইতেছি। ১৮৫৫ সালের মে মাসে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তাহাতে বিদেশীয় যে নিষিদ্ধ দ্রব্য পাঠান যাইবার সম্ভাবনা আছে সেই দ্রব্যের বিষয়ে ফ্রান্স দেশের শ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা ঐ পত্রেতে ব্যক্ত হইয়াছে। এবং আদেশ করিতেছি যে ফ্রান্স দেশীয় গবর্ণমেণ্টের ঔদার্য্যরূপ যে অভিপ্রায় শ্রীযুত কোণ্ট ওয়ালিউস্কী সাহেবের পত্রে ব্যক্ত হইয়াছে তাহা সাধ্যমতে বিস্তারিতরূপ প্রকাশ কর।

রসেল এলিস।

জে অলিফাণ্ট।

ও অন্যং ডৈরেক্টর্স সাহেব।

লণ্ডন।
১৮৫৩ সাল ২০ জুলাই

[TRANSLATION.]

London, the 29th of June, 1853.

To the Right Hon'ble the Earl of Clarendon, &c., &c., &c.

MY LORD,

With reference to the Universal Exhibition which is to take place at Paris in 1855, several manufacturers have addressed the Minister of the Interior to know, first, whether articles of which the importation is prohibited in France will be admitted at the Exhibition, and secondly, whether on the close of the Exhibition, these articles will be admitted for home consumption, or whether they must be re-exported.

These two questions, my Lord, have received an answer in accordance with the enlightened views which induced the Government of His Majesty the Emperor to decree the Universal Exhibition of 1855. It has been consequently decided, not only that prohibited merchandize shall be admitted to the Exhibition, but also that, after it shall have closed, the exhibitors will have the option either to re-export the said merchandize free of duty, or to enter them for home consumption, on paying a duty of 30 per cent. *ad valorem.*

These conditions will be excluded in the general rules which are now under preparation, but in consequence of the opinions which appear to have been already excited abroad as to the rules affecting prohibited merchandize destined for the Exhibition of Paris in 1855, I have been charged with the honor of informing your Excellency of the resolutions adopted in this respect by the Government of His Majesty the Emperor. Your Excellency will perhaps consider it advisable to give immediate information of this arrangement to the manufacturers and artizans who are subjects of Her Britannic Majesty.

I have the honor to be, &c., &c.,

(Signed) A. WALEWSKI.

By order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,

Secy. to the Govt. of Bengal.

[অনুবাদ।]

লণ্ডন। ১৮৫৩ সাল ২৯ জুন।

শ্রীযুত রাইট অনরবিল অর্ল অফ ক্লারেণ্ডন সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তদুপলক্ষে অনেক দ্রব্যনির্ম্মাতা ফ্রান্স দেশের অন্তঃপাতি স্থানবিষয়ি শ্রীযুত মন্ত্রি সাহেবের নিকটে পত্র লিখিয়া এই২ বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। প্রথম ফ্রান্স দেশে যে২ দ্রব্যের আমদানীকরা নিষেধ আছে তাহা মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক কি না। দ্বিতীয় ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্য ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে থাকিতে পারিবেক কি তাহা পুনরায় রপ্ত করিতে হইবেক।

শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে বুদ্ধিসিদ্ধ অভিপ্রায়ে ১৮৫৫ সালের সর্ব্ব দেশের মহাপ্রদর্শনের প্রস্তাব করিয়াছেন সেই অভিপ্রায়ানুসারে ঐ দুই জিজ্ঞাসার উত্তর প্রদান করা গিয়াছে। অতএব নির্দ্ধার্য্য হইয়াছে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্যও মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক তদ্ভিন্ন ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্যের দর্শক মহাশয়েরা স্বেচ্ছামতে ঐ বাণিজ্যদ্রব্য বিনামাসুলে পুনরায় রপ্ত করিতে পারিবেন অথবা দ্রব্যের মূল্যানুসারে শতকরা ৩০৲ টাকা মাসুল দিয়া তাহা ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে এণ্টর করিতে পারেন।

এইক্ষণে যে সাধারণ বিধান প্রস্তুত করা যাইতেছে তাহাতে ঐ নিয়ম ব্যক্ত হইবেক না। কিন্তু ১৮৫৫ সালে পারিস নগরের মহাপ্রদর্শনে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্য পাঠাওনের কল্পনা আছে তৎসম্পর্কীয় বিধানের বিষয়ে ভিন্ন২ দেশে নানা প্রকার মত ইতিমধ্যে আন্দোলন হইয়াছে তৎপ্রযুক্ত শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট তদ্বিষয়ে যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা আদেশমতে আপনাকে প্রকাশ করিতেছি। শ্রীশ্রীমতী মহারাণীর যে২ প্রজা দ্রব্যনির্ম্মাতা ও কারিগর আছে, বোধ হয় আপনি তাহারদিগকে এই নিয়ম অগৌণে জ্ঞাপন করা উচিত জ্ঞান করিবেন।

এ ওয়ালিউস্কী।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

১৭৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ২৩ সেপ্টেম্বর।

টাবয়ে থনাসরিম প্রদেশের কমিসনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে পি ব্রিগস সাহেব (Lieutenant J. P. Briggs,) সিংকে শ্রীযুত মহম্মদ সাদকের প্রতি আপনার কর্ম্মের ভার অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

সম্বলপুরে এক্টিং প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত টি কাম্বেল সাহেব (Mr. T. Campbell,) আপন কর্ম্মের ভার ঐ জিলার মুনসেফ রায় রূপসিংহ বাহাদুরের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে দশহরা ও মহরমের বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৭ সেপ্টেম্বর।

পাটনা এলাকার পণ্ডিত শ্রীযুত পীতাম্বর তর্কবাগীশ দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ সেপ্টেম্বর।

পাবনার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে এলিস সাহেব (Mr. W. J. Ellis,) আপন চিকিৎসকতা কর্ম্মের ভার এদেশীয় চিকিৎসক শ্রীযুত সোমন খাঁর প্রতি অর্পণ করিয়া দশহরার বন্দে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৮০২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৩ সেপ্টেম্বর।

শ্রীযুত ডবলিউ জে লং সাহেবের (Mr. W. J. Long,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দীননাথ দাস আসামে শিবসাগর মোকামের চিকিৎসকতা কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৩০ সেপ্টেম্বর।

শ্রীযুত এচ এস মাকেঞ্জি সাহেব (Mr. H. S. Mackenzie,) চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী আবদুল রহমান ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১ অক্টোবর।

শ্রীযুত পণ্ডিত শ্রীনাথ বিদ্যাবাগীশ বাকরগঞ্জের প্রধান সদর আমীন হইবেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত পণ্ডিত গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন চাটিগাঁয়ের অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত বাকরগঞ্জের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী ইমদাদ আলী শাহাবাদের সদর আমীন এবং ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মুন্সী ইরাদৎ আলী ত্রিহুতের সদর আমীন হইবেন এবং পূর্ব্বাবধি যেমন করিয়া আসিতেছেন তেমনি ফতওয়াদায়কের কর্ম্ম করিতে থাকিবেন।

বর্দ্ধমানের ইন্দাসের মুনসেফ শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৩ অক্টোবর।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত জে এচ পাটন সাহেব (Mr. J. H. Patton,) হুগলীর সিবিল ও সেশন জজ হইবেন কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত চব্বিশপরগনাপ্রভৃতির অতিরিক্ত জজী কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ টি ট্রটর সাহেব (Mr. W. T. Trotter,) ময়মনসিংহের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ জে এচ মনি সাহেব (Mr. W. J. H. Money,) যে তারিখে সরকারী কর্ম্মে ইস্তাফা দেন সেই তারিখঅবধি ঐ সকল নিয়োগ চলন হইবেক।

শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr. G. G. Mackintosh,) হুগলীর সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি লক সাহেব (Mr. G. Loch,) পুরুলিয়ার সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) মুরশিদাবাদের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন

শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) হাবড়ার মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

শ্রীযুত টি ব্রুগ সাহেব (Mr. T. Brugg,) বোর্ড রেবিনিউর মেম্বরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ সি বিডুয়েল সাহেব (Mr. A. C. Bidwell,) ১৮ সংখ্যক অর্থাৎ যশোহর এলাকার কমিস্যনরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ আগ্নিউ সাহেব (Lieutenant W. Agnew,) জিলা গোয়ালপাড়ার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৩ সেপ্টেম্বর।

শিবসাগরের সিবিল চিকিৎসক শ্রীযুত ডবলিউ জে লং সাহেব (Mr. W. J. Long,) স্বীয় কর্ম্মোপলক্ষে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ সেপ্টেম্বর।

খনাসরিম প্রদেশের কমিস্যনর সাহেবের টাবরে নিযুক্ত প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট জে পি ব্রিগস্ সাহেব (Lieutenant J. P. Briggs,) গত মাসের ২৩ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

রাজশাহীর জজ শ্রীযুত জি সি চীপ সাহেব (Mr. G. C. Cheap) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার হাসিলের কালেক্টর শ্রীযুত ডবলিউ ব্রাকেন সাহেব (Mr. W. Bracken,) গত আপ্রিল মাসের ২৭ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৫ অক্টোবর।

দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এল রাবিন্সন্ সাহেব (Mr. W. L. Robinson,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৯ সেপ্টেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশতার শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) বর্ত্তমান মাসের ২৫ তারিখে কেপ হইতে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮০৩ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৪ সেপ্টেম্বর।

সুন্দরবনের পতিত জমীর পাট্টা দেওনের বিষয়ের নীচের লিখিত বিধি বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেব মঞ্জুর করিয়াছেন অতএব তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১ বিধি।

১ প্রকরণ।—সুন্দরবনের পতিত জমী পাইবার দরখাস্ত সচরাচর সুন্দরবনের কমিস্যনরের নিকটে হইবেক। দরখাস্ত এণ্টর করিবার এক রেজিষ্টর তাঁহার দপ্তরখানায় রাখা যাইবেক এবং সেই রেজিষ্টরে ঐ প্রকার দরখাস্ত পাইলেই অগোণে রেজিষ্টর করা যাইবেক। এবং কলিকাতার গেজেটে তাহার ইশতিহার এক সপ্তাহ প্রকাশ হইলে পর তাহা বোর্ড রেবিনিউর হুকুম পাইবার জন্যে রাজস্বের কমিস্যনর সাহেবের দ্বারা অর্পণ করা যাইবেক। সুন্দরবনের কমিস্যনর আলিপুরে না থাকিলে যশোহর এলাকার রাজস্বের কমিস্যনর সাহেব অথবা বোর্ড রেবিনিউর সাহেবেরা ঐ দরখাস্ত গ্রাহ্য করিবেন।

২ প্রকরণ।—যদি একি জমীর জন্যে একের অধিক জন দরখাস্তকারী হয় তবে আর পনের দিনপর্য্যন্ত কলিকাতার গেজেটে তাহার ইশতিহার হইলে পর ঐ জমী নীলামে ধরা যাইবেক এবং যে জনের অতিউচ্চ মূল্যের ডাক হয় তাহার দরখাস্ত পূর্ব্বের নির্দ্দিষ্টমতে অর্পণ হইবেক।

২ বিধান।

যখন জমী পাইবার দরখাস্তের প্রার্থনায় বোর্ড রেবিনিউর সম্মতি হইয়াছে তখন নীচের লিখিত পাঠের এক পাট্টা বেলমে কি পার্চমেণ্টে প্রস্তুত হইয়া বোর্ড রেবিনিউর দপ্তর-

খানার রেজিষ্টরী হইবার নিমিত্তে দরুপেশ করা যাইবেক।

পাট্টার পাঠ।

অমুক সালের অমুক তারিখের বোর্ড রেবিনিউর হুকুমমতে সুন্দরবনের পতিত জমীর যে অংশ কাপ্তান হজ সাহেবের নক্শাতে অমুক নম্বরী লাট নির্দিষ্ট হইয়াছে তাহার এই পাট্টা শ্রীঅমুককে দেওয়া গিয়াছে উক্ত শ্রীঅমুক ও তাঁহার উত্তরাধিকারিরা ও অছিরা ও আসেনেরা তাহা ভোগ দখল করুন। ঐ জমীখণ্ডের পরিমাণ অনুমান এত বিঘা, তাহার চতুঃসীমা এই২।

উত্তর দিগে।

পূর্ব্ব দিগে।

দক্ষিণ দিগে।

পশ্চিম দিগে।

এই পাট্টার শর্ত্ত এই২।

প্রথম। ঘর বাঁধিবার স্থান ও জলপ্রণালী ও খাল ও নালা ও পুষ্করিণী ও রাস্তা করিবার স্থান ও বাঁধ ও পুলআদি নির্ম্মাণ করিবার স্থানের নিমিত্তে এবং যে পতিত জমীর আবাদ হইতে পারে না তাহার নিমিত্তে দস্তুরমতে যত দেওয়া যায় তাহার পরিবর্ত্তে সমুদয় জমীর চারি আনা অংশ চির কাল নিষ্কর থাকিবেক।

দ্বিতীয়। অবশিষ্ট বারো আনা অংশ অমুক সালের ১ মে তারিখঅবধি ২০ বৎসরপর্য্যন্ত নিষ্কররূপে ধার্য্য হইবেক। তাহার পর নীচের লিখিত হারে তাহার বার্ষিক মালগুজারী লাগিবেক অর্থাৎ।

২১ বৎসরের প্রথমাবধি ৩০ বৎসরের শেষপর্য্যন্ত কালিতে ৩২০০ হাতের বিঘাপ্রতি ২ পয়সা।

৩১ বৎসরের আরম্ভঅবধি ৪০ বৎসরের শেষপর্য্যন্ত কালিতে ৩২০০ হাতের বিঘাপ্রতি ⁄ এক আনা।

৪১ বৎসরের প্রথমঅবধি ৫০ বৎসরের শেষপর্য্যন্ত কালিতে ৩২০০ হাতের বিঘাপ্রতি ⁄১০ ছয় পয়সা।

৫১ বৎসরের প্রথমঅবধি ৯৯ বৎসরের শেষপর্য্যন্ত কালিতে ৩২০০ হাতের বিঘাপ্রতি ৵ দুই আনা।

তৃতীয়। বিশ বৎসর গত হইলে পর ও ত্রিশ বৎসরের শেষ না হইতে২ কোন সময়ে ঐ জমীর মধ্যে ভূমির প্রকৃত পরিমাণ নিশ্চয়রূপে জানিবার অভিপ্রায়ে গবর্ণমেণ্ট তাহা জরিপ ও মাপ করিতে পারেন এবং পাট্টাদার সেইরূপে তাহা জরিপ ও মাফ হইবার বিষয়ে প্রার্থনা করিতে পারে। ঐ জরিপের দ্বারা কালিতে যত ভূমি হয় তাহারই উপর উক্ত দুই প্রকরণের নিয়মিত মালগুজারী তৎকালঅবধি গণ্য হইবেক। যাহার প্রস্তাবমতে জরিপ হয় সে ঐ জরিপের খরচ দিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে ঐ জরিপ যাবৎ না করা যায় তাবৎ, অথবা যদি সেই প্রকার জরিপ না করা যায় তবে, এই পাট্টার প্রথম প্রকরণে কালিতে যত জমী নির্দ্দিষ্ট হইয়াছে তাহার উপর উক্ত ২ প্রকরণের নিয়মকরা মালগুজারী নিরূপণ হইবেক।

চতুর্থ। ৯৯ বৎসরের পর ঐ পাট্টার জমীর জরিপ ও পুনরায় বন্দোবস্ত হইতে পারিবেক এবং তৎকালের গবর্ণমেণ্ট তাহার উপর যে লঘু কর বসান উচিত জ্ঞান করেন তাহা দিবার যোগ্য হইবেক। কিন্তু ইস্তমরারী জমা ধার্য্য না হওয়া মহালের মালিকেরদের প্রতি যে নিয়ম সাধারণমতে খাটে সেই নিয়মানুসারে ঐ জমীর মালিকী স্বত্ব এবং গবর্ণমেণ্টের সঙ্গে করার করিবার স্বত্ব ঐ জমীপাওনিয়ার ও তাহার উত্তরাধিকারিরদের ও অছিরদের ও আসেনেরদের থাকিবেক। এবং যাবৎ ঐ নির্দ্দিষ্টমতে ঐ জরিপ ও পুনরায় বন্দোবস্ত কি পুনরায় কর ধার্য্য না হয় তাবৎ ৫১ বৎসরঅবধি ৯৯ বৎসরপর্য্যন্ত যত বার্ষিক মালগুজারী বৎসরে২ দেওয়া গিয়াছে তাহার তুল্য মালগুজারী ঐ জমীপাওনিয়া কি তাহার উত্তরাধিকারিরা কি অছিরা কি আসেনেরা বৎসরে২ দিবেক।

পঞ্চম। অমুক সালের অমুক তারিখঅবধি পঞ্চম বৎসরের শেষপর্য্যন্ত ঐ পাট্টার জমীর ৵ দুই আনা অংশ পরিষ্কার ও চাস করিবার উপযুক্ত করা যাইবেক।

অমুক সালের অমুক তারিখঅবধি দশম বৎসরের শেষপর্য্যন্ত ঐ পাট্টার জমীর ।০ চারি আনা অংশ পরিষ্কার ও চাস করার উপযুক্ত করা যাইবেক।

অমুক সালের অমুক তারিখঅবধি ২০ বৎসরের শেষপর্য্যন্ত ঐ জমীর অর্দ্ধেক পরিষ্কার ও চাস করার উপযুক্ত করা যাইবেক।

অমুক সালের অমুক তারিখঅবধি ৩০ বৎসরের শেষপর্য্যন্ত ঐ জমীর বারো আনা অংশ পরিষ্কার ও চাস করার উপযুক্ত করা যাইবেক।

এই চারি শর্ত্তের সকল কি কোন শর্ত্তের বিষয়ে ক্রটি হইলে সমুদয় জমী বাজেয়াপ্ত হইবেক এবং জমীপাওনিয়া ব্যক্তির ঐ জমীতে, অর্থাৎ তৎকালে যাহা অপরিষ্কার থাকে তাহাতে ও যাহা পরিষ্কার হইয়া আবাদ করা গিয়াছে তাহাতেও, সকল স্বত্ব ও সম্পর্ক খেলাফ হইবেক। সুন্দরবনের কমিসানর কিম্বা অন্য কার্য্যকারক সরেজমীনে তদারক করিলে পর ঐ ক্রটির বিষয় বোর্ড রেবিনিউর সাহেবেরা চূড়ান্তরূপে নিষ্পত্তি করিবেন।

ষষ্ঠ। এই পাট্টার তৃতীয় ও চতুর্থ নিয়মমতে যে মালগুজারী দিতে হয় তাহা পাট্টার কবুলিয়তের পৃষ্ঠে যে তারিখ নির্দিষ্ট হয় সেই তারিখে, গবর্ণমেণ্ট যে খাজানাখানা নিরূপণ করেন সেই খাজানাখানায় দেওয়া যাইবেক। কিম্বা তাহা লইবার জন্যে যে কালেক্টর কি গবর্ণমেণ্টের অন্য কার্য্যকারক গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত হন তাঁহাকে দেওয়া যাইবেক। যদি তাহাতে ক্রটি হয় তবে গবর্ণমেণ্টের মালগুজারীর বাকী আদায়ের নিমিত্তে এইক্ষণে যে নিয়ম চলন আছে কি উত্তর কালে হয় সেই নিয়মমতে ঐ মালগুজারী ঐ জমীপাওনিয়ার কি তাহার উত্তরাধিকারিরদের কি অছিরদের কি আসেনেরদের স্থানে আদায় করা যাইতে পারিবেক।

সপ্তম। ঐ জমীপাওনিয়ার জমী দিয়া যে কোন খোলা নদী কি নালা চলিতেছে তাহাতে নৌকার গমনীয় পথের বিষয়ে সে কোন প্রকারে হস্তক্ষেপ করিবেক না এবং ঐ সকল নদীর কি নালার তীরে গুণ টানিবার পথের উপযুক্ত স্থান ছাড়িবেক।

৩ বিধান।

১ প্রকরণ। এইক্ষণপর্য্যন্ত যে বিধি চলন হইয়া আসিতেছে তদনুসারে যে জমীপাওনিয়ারা কি তাহারদের স্থলাভিষিক্তেরা মোকরুরী পাট্টাক্রমে জমা ধার্য্য করে তাহারা চাহিলে আপনারদের বর্ত্তমান পাট্টা ত্যাগ করিয়া এই বিধানমতে অন্য পাট্টা লইতে পারে কিন্তু বর্ত্তমান পাট্টা যে তারিখে আরম্ভ হইয়াছিল সেই তারিখঅবধি ৯৯ নিরানব্বই বৎসর গত হইলে ঐ নূতন পাট্টা রহিত হইবেক।

২ প্রকরণ। জমীপাওনিয়া যে ব্যক্তিরা এই প্রকারে আপনারদের বর্ত্তমান পাট্টার পরিবর্ত্তে নিরানব্বই বৎসরপর্য্যন্তের পাট্টাক্রমে বন্দোবস্ত করিতে ইচ্ছা করে তাহারদের যে সকল জমী এইক্ষণে সরকারে মালগুজারী দেয় সেই জমীর নিমিত্তে তাহারা বর্ত্তমান সালের আরম্ভঅবধি বিঘাপ্রতি ৵ আনার হারে মালগুজারী দিবেক।

4th.—The Board have already directed that in all cases the Abkarree Deputy Collector be provided with accommodation in the Collectorate. The detailed accounts will be examined and checked by him as heretofore, but payments will be made direct into the treasury in accordance with the rules about to be circulated for treasury management. The first Mohurrir in the Abkarree Department represents the Towjee Nuvees in the Land Revenue Department. He will endorse on the chellans the head to which the payment is to be credited, and one of these will be returned into his office by the treasurer after payment has been completed. Disbursements whether in cash or by transfer cannot, of course, be made save under the Collector's warrant. The payment of rewards, advances for diet money, refund of deposits, &c., will thus form part of the daily business of the treasury.

5th.—Of the numerous registers and books ordered to be kept up by Mr. Donelly's Memorandum, dated the 1st October, 1844, the following only, as it seems to the Board, need hereafter be retained as appertaining distinctly to the Abkarree Office.

ছে এবং নীচের লিখিত * সংশোধিত শ্রেণীমতে সিরিশ্তা নিযুক্ত করণের বিষয়ে বোর্ডের সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতি পাইয়াছেন। যে জিলাতে যে শ্রেণী হইবেক তাহা ডিপার্টমেণ্টের কার্য্য বুঝিয়া যত কর্ম্ম থাকে তদনুসারে নিরূপণ হইয়াছে এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর নিরুপণেতে রাজস্বের সংখ্যাও বুঝিয়া হইয়াছে। যেং জিলাতে ভূমির রাজস্বের সাধারণ কার্য্যকারকেরা আবকারী মহালের ভার গ্রহণ করিয়াছেন সেইং জিলার নিমিত্তে তৃতীয় শ্রেণী নিরুপণ হইয়াছে। ঐং সিরিশ্তা মোকররীরূপে থাকিবেক এবং তদনুসারে কালেক্টর সাহেবের চুম্বক খাতায় লেখা থাকিবেক। নাজিরের কর্ম্ম কালেক্টর সাহেবের নাজিরের তরফে নিযুক্ত এক জন নায়েব কি বক্শী নির্ব্বাহ করিবেন। বোর্ডের সাহেবেরা দেখিতেছেন যে অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরদের দপ্তরখানায় তদ্রূপই সাধারণমতে হইতেছে।

৪। বোর্ডের সাহেবেরা পূর্ব্বে হুকুম করিয়াছেন যে আবকারী ডেপুটী কালেক্টর সর্ব্বদা কালেক্টরীতে স্থান পাইবেন। পূর্ব্বাবধি যেমন হইয়া আসিতেছে তেমনি তিনি বিস্তারিত সকল হিসাব মোকাবিলা করিয়া মিলাইবেন। কিন্তু খাজানাখানার কার্য্য চালাওনের বিষয়ে যে বিধি সম্প্রতি জারী হইবেক তদনুসারে টাকা একেবারে খাজানাখানায় দাখিল করা যাইবেক। আবকারী ডিপার্টমেণ্টের প্রথম মুহুরীর ভূমির রাজস্বের ডিপার্টমেণ্টের তৌজীনবীসের তুল্য। দাখিলকরা টাকা যে শিরনামায় জমা করিতে হইবেক তাহা ঐ মুহুরীর সকল চালানের পিঠে লিখিয়া দিবেন এবং টাকা দেওয়া সমাপ্ত হইলে পর খাজাঞ্চী ঐ চালানের মধ্যে এক চালান মুহুরীরের দপ্তরখানায় ফিরিয়া পাঠাইবেন। কোন নগদ টাকার কিম্বা খারিজদাখিলরূপে কোন টাকার ব্যয় সুতরাং কালেক্টর সাহেবের পরওয়ানা না হইলে হইতে পারে না। এতদ্রূপে পুরস্কারের টাকা দেওন ও খোরাকী টাকা আগাম দেওন ও আমানতী টাকা ফিরিয়া দেওনপ্রভৃতি কার্য্য খাজানাখানার প্রতিদিনের কার্য্যের মধ্যে পড়িবেক।

৫। শ্রীযুত ডনেলি সাহেবের ১৮৪৪ সালের ১ অক্টোবর তারিখের মিমরাণ্ডম অর্থাৎ মন্তব্য লিপিক্রমে যে বহুতর রেজিষ্টর ও বহী রাখিবার হুকুম হয় তাহার মধ্যে বোর্ডের সাহেবেরদের বিবেচনায় স্পষ্টই আবকারী সিরিশ্তার বহীস্বরূপ কেবল নীচের লিখিত বহী উত্তর কালে রাখিবার প্রয়োজন।

---

* FIRST CLASS.

Serishtadar, ...	...	35
Writer, ...	...	25
1st Mohurrer,	...	15
2nd Ditto,	...	10
3rd Ditto,	...	7
2 Peons, ...	...	8
	Rs., ...	100

SECOND CLASS.

Serishtadar,	... ...	35
Writer,	... ...	25
Mohurrer,	... ...	15
Ditto,	... ...	7
Peons,	... ...	8
	Rs., ...	90

THIRD CLASS.

Writer,	... ...	25
Mohurrer,	... ...	15
Ditto,	... ...	7
Peons,	... ...	8
	Rs., ...	55

প্রথম শ্রেণী।

সিরিশ্তাদার	...	৩৫৲
কেরাণী ...	...	২৫৲
প্রথম মুহুরীর	...	১৫৲
দ্বিতীয় মুহুরীর	...	১০৲
তৃতীয় মুহুরীর	...	৭৲
২ পেয়াদা ...	...	৮৲
		১০০৲

দ্বিতীয় শ্রেণী।

সিরিশ্তাদার	...	৩৫৲
কেরাণী ...	..	২৫৲
মুহুরীর ...	...	১৫৲
ঐ ...	...	৭৲
পেয়াদারা ...	...	৮৲
		৯০৲

তৃতীয় শ্রেণী।

কেরাণী	...	২৫৲
মুহুরীর	...	১৫৲
ঐ	...	৭৲
পেয়াদারা	...	৮৲
		৫৫৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১ নবেম্বর।]

1st. Order Book or Register of all papers received (corresponding with Collector's Registers Nos. 1 and 2.)

*2nd.** Register of cases against the Excise Laws.

3rd. Register of Licenses.

4th. Register of Passes.

5th. Register of Fines.

Copy books of settlement papers of towjees and other returns made to the Collector and of perwannahs issued to the subordinate officers of the department, will, of course, be kept, as they must be, in all well-ordered offices.

6th.—The accounts which will be kept up in the first Mohurrer's department, will consist as at present of an open account with each vendor. A separate Rokur should be kept for opium sales.

7th.—Familiarity with the condition and prospects of the Abkaree Mehal, such as in obedience to the injunction of Government, circulated on the 24th November, 1852, and quoted in the margin,† Collectors should make a point of obtaining,—will be acquired most successfully by constant personal communication with the Deputy Collector in charge of it. Periodical scrutiny to be effective, should be exercised after mastering all departmental details. The following are the periodical returns which the Deputy Collector should make to the Collector and which should be drawn up in the English language in his own office.

MONTHLY.

Towjee.
Statement of Licenses cancelled.
Ditto of ditto granted.
Ditto of Sales and Proceeds of Opium.
Ditto of Irrecoverable Balances.

QUARTERLY.

[Prescribed by Circular, No. 1.]

Statement of Hal Abkarree demand.
Ditto of Bukya ditto.
Statement of Licenses cancelled.
Ditto of ditto granted.
Ditto of Sale and Proceeds of Opium.
Statement of Business.

* N. B. These cases will have to be classified under the five heads prescribed by Circular, No. 2, of the 10th June last, at the termination of the Quarter.

† "In carrying out this measure, the Most Noble the Governor of Bengal requests, that the Board will impress upon the Commissioners and Collectors of Land Revenue, that they will be held strictly responsible for the efficient management of the Abkarree Revenue, and for the proper employment and control of the ample force of Mofussil Officers placed at their disposal for the purpose."

প্রথম। যে সকল কাগজপত্র দাখিল হয় তাহার অর্ডর বহী কি রেজিষ্টর (এই বহী কালেক্টর সাহেবের ১ ও ২ নম্বরী রেজিষ্টরের মত।)

দ্বিতীয়।* আবকারী মাসুলের আইনের বিপরীত মোকদ্দমার রেজিষ্টর।

তৃতীয়। পাট্টার রেজিষ্টর।

চতুর্থ। পাসের রেজিষ্টর।

পঞ্চম। জরীমানার রেজিষ্টর।

কালেক্টর সাহেবেরদের নিকটে বন্দোবস্তের কাগজ ও তৌজী ও অন্যান্য যে রিটর্ণ পাঠান যায় তাহার এবং ডিপার্টমেণ্টের অধীন কার্য্যকারকেরদের নামে যে সকল পরওয়ানা জারী হয় তাহার নকলের বহী সুতরাং থাকিবেক। সুনিয়মিত সকল সিরিশ্তায় সেইরূপ বহী অবশ্যই থাকে।

৬। প্রথম মুহুরীরের ডিপার্টমেণ্টে এই২ হিসাব রাখিতে হইবেক। এইক্ষণে যেমন হইতেছে তেমনি প্রত্যেক বিক্রেতার হিসাব থাকিবেক। আফীন বিক্রয়ের জন্যে আলাহিদা এক রোকড় বহী রাখিতে হইবেক।

৭। গবর্ণমেণ্টের নীচের লিখিত † যে হুকুম ১৮৫২ সালের ২৪ নবেম্বর তারিখে জারী হয় তাহা মানিয়া আবকারী মহালের অবস্থা ও সম্ভাবিত উৎপন্নের বিষয়ে কালেক্টর সাহেবেরদের যে সূক্ষ্ম জ্ঞান প্রাপণের উদ্যোগ করা উচিত তাহা তিনি আবকারী মহালের ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টরের সঙ্গে স্বয়ং নিয়ত কথোপকথনাদির দ্বারা অতি ফলজনকরূপে প্রাপ্ত হইবেন। নিরূপিত সময়ান্তরের যে সূক্ষ্ম তজবীজ হয় তাহা সাফল্যরূপে করিবার জন্যে ডিপার্টমেণ্টের সকল বেওরা উত্তমরূপে অবগত হইলে পর করা উচিত। কালেক্টর সাহেবের নিকটে ডেপুটী কালেক্টরের নিরূপিত সময়ান্তরের যে সকল রিটর্ণ পাঠাইতে হয় তাহা নীচে লেখা যাইতেছে। সেই সকল রিটর্ণ ডেপুটী কালেক্টরের আপনার দপ্তরখানায় ইঙ্গরেজী ভাষায় প্রস্তুত করা কর্ত্তব্য।

মাসান্তর।

তৌজী।
যে সকল পাট্টা রহিত হয় তাহার কৈফিয়ৎ।
ঐ ঐ দেওয়া যায় তাহার ঐ।
আফীন বিক্রয়ের ও উৎপন্নের ঐ।
যে বাকী ফিরিয়া পাওয়া যাইতে পারে না তাহার ঐ।

তিন২ মাসান্তর।

[১ নম্বরী সরক্যুলর অর্ডরে নির্দ্দিষ্ট।]

হাল আবকারীর দাওয়ার কৈফিয়ৎ।
বকেয়া ঐ ঐ।
যে২ পাট্টা রহিত হইয়াছে তাহার কৈফিয়ৎ।
ঐ দেওয়া গিয়াছে ঐ।
আফীনের নীলামের ও উৎপন্নের ঐ।
কার্য্যের কৈফিয়ৎ।

* মন্তব্য। এই সকল মোকদ্দমা গত জুন মাসের ১০ তারিখের ২ নম্বরী সরক্যুলরে যে পাঁচ শিরনামা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার নীচে তিন২ মাসের শেষে, শ্রেণীমতে লিখিতে হইবেক।

† এই কার্য্য সিদ্ধ করণেতে বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্ণর সাহেব আদেশ করিতেছেন যে, বোর্ডের সাহেবেরা ভূমির রাজস্বের কমিস্যনর সাহেবেরদের ও কালেক্টর সাহেবেরদের মনোগত করান যে, আবকারী রাজস্বের কার্য্য ফলজনকরূপে চালাওনের বিষয়ে, এবং সেই কার্য্যের নিমিত্তে মফঃসলে যে প্রচুরসংখ্যক কার্য্যকারকেরা তাঁহারদের অধীন নিযুক্ত হইয়াছেন তাঁহারদের উপযুক্তমতে কর্ম্মে নিযুক্ত করণের ও তত্ত্বাবধারণ করণের বিষয়ে, ঐ কমিস্যনর সাহেবেরা ও কালেক্টর সাহেবেরা দৃঢ়রূপে দায়ী জ্ঞান হইবেন।

[Prescribed by Circular, No. 2.]

Statement of Prisoners confined for Government demands in the Department.

ANNUAL.

Statement of Hal Abkarree Demand.
Ditto of Bukya Ditto.
Ditto of Sale and Proceeds of Opium.
Ditto of Business.
Estimate of Abkarree Revenue for the coming year.

8th.—The Collector will thus have his subordinate's management of the mehal brought under his eye every month, while his own management will come under the Commissioner's, and subsequently under the Board's scrutiny every quarter. For the first year, or until the Collectors shall have become thoroughly trained, their monthly Towjees, however, must be regularly submitted for the Commissioner's inspection.

9th.—The Collector should be instructed to see that the Registers, &c., prescribed in paragraph 5, above, are carefully kept up, and he should occasionally call for cases decided by the Deputy Collector even though no appeal may be preferred. Subject to the Collector's revision on or without appeal, Deputy Collectors have by law the same powers as Collectors; but the Board direct as a general rule that all cases in which a heavier punishment than Abkarree Superintendents are authorized to inflict under Section 3, Act XXV. of 1840, may be thought necessary, shall be referred for the Collector's orders.

10th.—In an Appendix to this Circular, will be found certain Circulars and Notifications of dates and Nos. as per margin,* issued by the late Board of Customs, Salt and Opium, in the Abkarree Department, during the period for which that Board administered this Mehal. These Circulars connect the series embodied in Peter's volume (1838) with the series now issuing from this Board.

11th.—In a second Appendix will be found extracts here and there modified from Mr. Donnelly's Memorandum of 1844, which is now out of print. The very minute instructions then considered necessary are no longer called for: still the Board wish the diary to be kept up by the Deputy Collector while in the interior of his District, and there are other precautions prescribed in the Memorandum which should not be lost sight of. On this account they take this opportunity of re-publishing

* Notification of 29th June, 1841.
No. 1081, dated 31st July, 1841.
No. 1808, of 30th September, 1847.
No. 2272, of 20th December, 1847.
No. 1847, of 13th October, 1849.
Notification of 1st May, 1851.
No. 1073, of 7th July, 1851.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৩ । ১ নবেম্বর ।]

[২ নম্বরী সরকুলরে নির্দ্দিষ্ট ।]

ঐ ডিপার্টমেণ্টে গবর্ণমেণ্টের দাওয়ার নিমিত্তে যাহারা কয়েদ হইয়াছে তাহারদের কৈফিয়ৎ ।

বার্ষিক ।

হাল আবকারীর দাওয়ার কৈফিয়ৎ ।
বকেয়া ঐ ঐ ।
আফীম বিক্রয়ের ও উৎপন্নের ঐ ।
কার্য্যের ঐ ।
আগামি বৎসরের আবকারী রাজস্বের এষ্টিমেট ।

৮ । এই প্রকারে কালেক্টর সাহেব আপন অধীন কার্য্যকারকের কর্ম্ম চালাওনের নিয়ম প্রতিমাসে দেখিবেন এবং তাঁহার নিজ কার্য্যকরণের নিয়ম তিন২ মাসে কমিস্যনর সাহেব ও পরে বোর্ডের সাহেবেরা দেখিয়া তজবীজ করিবেন । পরন্তু প্রথম বৎসরপর্য্যন্ত অথবা কালেক্টর সাহেবেরা যেপর্য্যন্ত পটু না হন সেইপর্য্যন্ত তাঁহারদের মাসিক তৌজী কমিস্যনর সাহেবের দেখিবার জন্যে পাঠাইতে হইবেক ।

৯ । কালেক্টর সাহেবকে এই আদেশ করা উচিত যে উপরের ৫ দফার নির্দ্দিষ্ট রেজিষ্টরপ্রভৃতি মনোযোগপূর্ব্বক রাখা যাইতেছে এই বিষয় দেখেন এবং ডেপুটী কালেক্টর যেং মোকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন তাহার উপর আপীল না হইলেও তাহা তাঁহার কখন২ তলব করা উচিত । কালেক্টর সাহেবের যেরূপ ক্ষমতা থাকে আপীলমুখে কিম্বা আপীলবিনা কালেক্টর সাহেবের পুনর্বিচারের অধীনে ডেপুটী কালেক্টরেরদেরও আইনমতে সেইরূপ ক্ষমতা আছে । কিন্তু বোর্ডের সাহেবেরা সাধারণ বিধানস্বরূপ এই হুকুম করিতেছেন যে আবকারী সুপরিণ্টেণ্ডেণ্টেরা ১৮৪০ সালের ২৫ আইনের ৩ ধারানুসারে যত দণ্ড করিবার ক্ষমতাপন্ন হন তদপেক্ষা গুরুতর দণ্ড যে সকল মোকদ্দমায় আবশ্যক জ্ঞান হয় সেই সকল মোকদ্দমা কালেক্টর সাহেবের হুকুমের জন্যে তাঁহার নিকটে অর্পণ করা যায় ।

১০ । হাসিল ও নিমক ও আফীমের সাবেক বোর্ডের সাহেবেরা আবকারী মহালের কার্য্য যে কালে নির্ব্বাহ করিতেন সেই কালে তাঁহারদের জারীকরা নীচের লিখিত * তারিখের ও নম্বরের কএক সরকুলর ও বিজ্ঞাপন এই সরকুলরের ক্রোড়পত্রে পাওয়া যাইবেক । এই সরকুলরের দ্বারা পিটর সাহেবের ১৮৩৮ সালের প্রকাশিত পুস্তকের সরকুলরের সঙ্গে বোর্ডের সাহেবেরা এইক্ষণে যে সকল সরকুলর জারী করিতেছেন তাহার সংযোগ হয় ।

১১ । শ্রীযুক্ত ডনেলি সাহেবের ঐ ১৮৪৪ সালের মিমরাণ্ডমহইতে গৃহীত কএক কথা কোন২ স্থলে সংশোধিত হইয়া দ্বিতীয় ক্রোড়পত্রে প্রকাশ করা যাইতেছে । ডানলি সাহেবের ঐ মিমরাণ্ডম যত ছাপা হইয়াছিল তাহা সকল উঠিয়া গিয়াছে । তৎকালে যে নানা ক্ষুদ্র২ বিষয়ের উপদেশ দেওয়া আবশ্যক জ্ঞান ছিল তাহার এইক্ষণে প্রয়োজন নাই । তথাপি বোর্ডের সাহেবেরা চাহেন যে ডেপুটী কালেক্টর যাবৎ আপন জিলার মফঃস্বলে থাকেন তাবৎ রোজনামা লেখেন । তদ্ভিন্ন ঐ মিমরাণ্ডমের মধ্যে অন্য সতর্কতার কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে তাহাও ভুলিতে

* ১৮৪১ সালের ২৯ জুন তারিখের বিজ্ঞাপন ।
১৮৪১ । ৩১ জুলাই তারিখের ১০৮১ নম্বরী সরকুলর ।
১৮৪৭ । ৩০ সেপ্টেম্বর „ ১৮০৮ „ „
১৮৪৭ । ২০ ডিসেম্বর „ ২২৭২ „ „
১৮৪৯ । ১৩ অক্টোবর „ ১৮৪৭ „ „
১৮৫১ । ১ মে „ বিজ্ঞাপন ।
১৮৫১ । ৭ জুলাই „ ১০৭৩ নম্বরী সরকুলর ।

and circulating as standing orders the extracts which are appended.

Offg. Secretary.

[To be Continued]

No. 1772.

ORDERS BY THE MOST NOBLE THE GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 4th October, 1853.

With reference to the Notification, No. 1388, dated the 21st July last, which appeared in the *Bengalee Government Gazette* of the 9th August, 1853, the following despatch from the Hon'ble the Court of Directors, together with the letter referred to therein, is published for general information.

PUBLIC DEPARTMENT.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

No. 48 *of* 1853.—With reference to our Despatch in this Department, dated 24th May last, No. 30, we forward copy of a letter which has been addressed to Her Majesty's Secretary of State for Foreign Affairs by the French Ambassador, stating the decision which has been come to by the Government of His Imperial Majesty in regard to Foreign prohibited goods which may be sent to the Universal Exhibition to be held in Paris in May 1855, and we request that you will give the greatest possible publicity to the liberal intentions of the French Government, as stated in Count Walewski's letter.

We are, &c.,
(Signed) RUSSELL ELLICE,
" J. OLIPHANT,
and other Directors.

London, 20th July, 1853.

[TRANSLATION]

London, the 29th of June, 1853.

To the Right Hon'ble the Earl of Clarendon,
&c., &c., &c

MY LORD,

With reference to the Universal Exhibition which is to take place at Paris in 1855, several manufacturers have addressed the Minister of the Interior to know, first, whether articles of which the importation is prohibited in France will be admitted at the Exhibition, and secondly, whether on the close of the Exhibition, these articles will be admitted for home consumption, or whether they must be re-exported.

These two questions, my Lord, have received an answer in accordance with the enlightened views which induced the Government of His Majesty the Emperor to decree the Universal Exhibition of 1855. It has been consequently decided, not only that prohibited merchandize shall be admitted to the Exhibition, but also that, after it shall have closed,

[*Government Gazette*, 1st *November*, 1853.]

হয় না। এই জন্যে তাঁহারা এই সুযোগমতে এই সরকুলরের শেষে লিখিত ঐ গৃহীত কথা স্থায়ি হুকুমস্বরূপ পুনরায় প্রকাশ ও জারী করিতেছেন।

একটিং সেক্রেটারী।

[ইহার শেষ আগামিতে প্রকাশ হইবেক।]

১৭৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

গত জুলাই মাসের ২১ তারিখের ১৩৮৮ নম্বরী যে বিজ্ঞাপন গত আগস্ট মাসের ৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার উপলক্ষে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নীচের লিখিত পত্র এবং তাহাতে যে পত্রের উল্লেখ হইয়াছে সেই পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সাধারণ ডিপার্টমেণ্ট।

হজুর কৌন্সেলে আমারদের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বরাবরেষু।

১৮৫৩ সালের ৪৮ নম্বর।

এই সিরিশতায় আমারদের গত মে মাসের ২৪ তারিখের ৩০ নম্বরী পত্রের উপলক্ষে বিদেশীয় বিষয়ব্যাপারের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফ্রান্স দেশীয় শ্রীযুত রাজদূত সাহেব যে এক পত্র পাঠান তাহার নকল তোমার নিকটে পাঠাইতেছি। ১৮৫৫ সালের মে মাসে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তাহাতে বিদেশীয় যে নিষিদ্ধ দ্রব্য পাঠান যাইবার সম্ভাবনা আছে সেই দ্রব্যের বিষয়ে ফ্রান্স দেশের শ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা ঐ পত্রেতে ব্যক্ত হইয়াছে। এবং আদেশ করিতেছি যে ফ্রান্স দেশীয় গবর্ণমেণ্টের ঔদার্য্যরূপ যে অভিপ্রায় শ্রীযুত কোণ্ট ওয়ালিউস্কী সাহেবের পত্রে ব্যক্ত হইয়াছে তাহা সাধ্যমতে বিস্তাররূপ প্রকাশ কর।

রসেল এলিস।
জে অলিফাণ্ট।
ও অন্যং ডৈরেক্টর্স সাহেব।

লণ্ডন।
১৮৫৩ সাল ২০ জুলাই

[অনুবাদ।]

লণ্ডন। ১৮৫৩ সাল ২৯ জুন।

শ্রীযুত রাইট অনরবিল অর্ল অফ ক্লারেণ্ডন সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তদুপলক্ষে অনেক দ্রব্যনির্ম্মাতা ফ্রান্স দেশের অন্তঃপাতি স্থানবিষয়ি শ্রীযুত মন্ত্রি সাহেবের নিকটে পত্র লিখিয়া এইং বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। প্রথম ফ্রান্স দেশে যে২ দ্রব্যের আমদানীকরা নিষেধ আছে তাহা মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক কি না। দ্বিতীয় ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্য ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে থাকিতে পারিবেক কি তাহা পুনরায় রপ্তানি করিতে হইবেক।

শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে বুদ্ধিসিদ্ধ অভিপ্রায়ে ১৮৫৫ সালের সর্ব্ব দেশের মহাপ্রদর্শনের প্রস্তাব করিয়াছেন সেই অভিপ্রায়ানুসারে ঐ দুই জিজ্ঞাসার উত্তর প্রদান করা গিয়াছে। অতএব নির্দ্ধার্য্য হইয়াছে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্যও মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক অধিকন্তু ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্যের দর্শক মহাশয়েরা স্বেচ্ছামতে ঐ বাণিজ্যদ্রব্য বিনামাশুলে পুনরায় রপ্তানি করি-

the exhibitors will have the option either to re-export the said merchandize free of duty, or to enter them for home consumption, on paying a duty of 30 per cent. *ad valorem*.

These conditions will be excluded in the general rules which are now under preparation, but in consequence of the opinions which appear to have been already excited abroad as to the rules affecting prohibited merchandize destined for the Exhibition of Paris in 1855, I have been charged with the honor of informing your Excellency of the resolutions adopted in this respect by the Government of His Majesty the Emperor. Your Excellency will perhaps consider it advisable to give immediate information of this arrangement to the manufacturers and artizans who are subjects of Her Britannic Majesty.

I have the honor to be, &c., &c.,

(Signed) A. WALEWSKI.

By order of the Most Noble the Governor of Bengal, CECIL BEADON,

Secy. to the Govt. of Bengal

তে পারিবেন অথবা দ্রব্যের মূল্যানুসারে শতকরা ৩০২ টাকা মাসুল দিয়া তাহা ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে এণ্টর্ করিতে পারেন।

এইক্ষণে যে সাধারণ বিধান প্রস্তুত করা যাইতেছে তাহাতে ঐ নিয়ম ব্যক্ত হইবেক না। কিন্তু ১৮৫৫ সালে পারিস নগরের মহাপ্রদর্শনে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্য পাঠাওনের কল্পনা আছে তৎসম্পর্কীয় বিধানের বিষয়ে ভিন্নং দেশে নানা প্রকার মত ইতিমধ্যে আন্দোলন হইয়াছে তৎপ্রযুক্ত শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট তদ্বিষয়ে যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা আদেশমতে আপনাকে প্রকাশ করিতেছি। শ্রীশ্রীমতী মহারাণীর যে২ প্রজা দ্রব্যনির্ম্মাতা ও কারিগর আছে, বোধ হয় আপনি তাহারদিগকে এই নিয়ম অগৌণে জ্ঞাপন করা উচিত জ্ঞান করিবেন।

এ ওয়ালিউস্কী।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

EDUCATION NOTICE.

The next meeting of the Committee appointed for the examination of candidates for promotion and employment in the Education Department will be held in the Hindu College on Saturday the 5th of November, 1853.

Detailed particulars of the nature and extent of the examination, the number of vacancies in the Department, &c. &c., will be afforded by the Secretary to the Council of Education to all candidates on personal application. (By Order.)

F. J. MOUAT,

Secy. Council of Education.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে উচ্চ পদ প্রাপণের এবং কর্ম্মে নিযুক্ত হওনের আকাঙ্ক্ষিরদের পরীক্ষার্থ কমিটির আগামি বৈঠক ১৮৫৩ সালের ৫ নবেম্বর শনিবারে হিন্দু কালেজে হইবেক।

পরীক্ষার প্রকার এবং যেপর্য্যন্ত পরীক্ষা হইবেক ও বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে যত পদ শূন্য আছে ইত্যাদি বিস্তারিত বৃত্তান্ত কর্ম্মাকাঙ্ক্ষি যে কোন ব্যক্তি জানিতে চাহেন তিনি বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী সাহেবের নিকটে স্বয়ং উপস্থিত হইয়া তাঁহার স্থানে অবগত হইতে পারেন। (হুকুমক্রমে।)

এফ জে মোআট।

বিদ্যাধ্যাপনের কৌন্সেলের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৮৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৮ অক্টোবর।

হুগলীর কালেক্টর সাহেব ও বর্দ্ধমানের কালেক্টর সাহেব ১৮৫০ সালের ৪২ আইনের ২ ও তৎপরের ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ২১ অক্টোবর।

বীরভূমের কালেক্টর সাহেবও ১৮৫০ সালের ৪২ আইনের ২ ও তৎপরের ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ২২ অক্টোবর।

ত্রিপুরার কালেক্টর শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr H. C. Halkett,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ রায়ের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে আগামি মাসের ১৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৭ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেব জিলা রঙ্গপুরের পলাশবাড়ীর ও ভবানীগঞ্জের মুনসেফী এলাকা সংযুক্ত করিবার অনুমতি করিয়াছেন ঐ সংযুক্ত এলাকার কাছারী বদিয়াখালিতে স্থাপিত হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১ নবেম্বর।]

অশুদ্ধ শোধন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের ১৮৬১ নম্বরী যে হুকুম বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৮৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহার দক্ষিণ দিগের ঘরের প্রথমঅবধি গণ্য করিয়া ৪ পঙ্‌ক্তিতে "অতিরিক্ত সিবিল ও সেশন জজ" এই কথার পরিবর্ত্তে "অতিরিক্ত জজ" এই কথা পড়িতে হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৯১২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৪ অক্টোবর।

শ্রীযুত মৌলবী নাজীরউদ্দীন মহম্মদ মালদহের সদর আমীন হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

নগোয়ানের মুনসেফ শ্রীযুত মৌলবী দেরাসৎউল্লা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১৯ অক্টোবর।

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davis,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৩ সাল ২৪ অক্টোবর।

শাঙ্গিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়া হাবড়া জিলার ডেপুটী মাজিস্ট্রেট হইবেন।

১৮৫৩ সাল ২৬ অক্টোবর।

শ্রীযুত ডাক্তর টি এন মাকনামারা সাহেব (Dr. T. N. Macnamara.) মেডিকাল কালেজে কিমিয়া বিদ্যার প্রদর্শক হইবেন।

শ্রীযুত এ এস হারিসন সাহেব (Mr. A. S. Harrison,) বহরমপুরের কালেজের প্রিন্সিপল হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২১ অক্টোবর।

চব্বিশপরগনার সিবিল আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত এফ পি ষ্ট্রঙ্গ সাহেব (Mr. F. P. Strong,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৫ অক্টোবর।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকাই সাহেব (Mr. C. Mackay,) দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত পনের দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত পণ্ডিত গোবিন্দচন্দ্র বিদ্যারত্ন দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৬ অক্টোবর।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ শ্রীযুত উএল্‌বি জাকসন সাহেব (Mr. Welby Jackson) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

রেইলওয়ে ডিপার্টমেন্টে নিযুক্ত ১৮৩৩ সালের ৯ আইনানুসারের ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক বর্ত্তমান মাসের ১৮ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৭ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোস্ট নোবেল গবরনর সাহেব জয়ন্তীর নিম্নে লিখিত পরগনা পাইকুলের মুনসেফের এলাকাহইতে খারিজ করিয়া লাটুর মুনসেফের এলাকার শামিল করিয়াছেন।

বড বাগ।	চওড়া।
চটুল।	ফালজুর।
বরদেশ।	মোলাগুল।
বজরা।	সৌথব্যাঙ্ক।
চরকটা।	পশ্চিমবাগ।

১১১৩ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৬ অক্টোবর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোস্ট নোবল গবরনর সাহেব মুরশিদাবাদ জিলার অন্তঃপাতি বহরমপুরে এক কালেজ সংস্থাপনের অনুমতি করিয়াছেন অতএব ইহার দ্বারা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে যে ঐ কালেজ ছাত্রেরদের গ্রাহ্য হওনের নিমিত্তে ১৮৫৩ সালের ১ নবেম্বর তারিখে খোলা যাইবেক এবং তাহার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র শিক্ষার আরম্ভ হইবেক।

যাহারা কালেজে ভর্ত্তি হইতে চাহে তাহারদের ধর্ম্মের কি জাতির বিশেষ বিবেচনা না করিয়া গ্রাহ্য হইবেক কিন্তু যে বয়স নির্দ্দিষ্ট হইয়াছে তাহার অধিক বয়সের হইলে, কিম্বা পড়িবার বহীর মূল্য দিতে ও বিদ্যা শিক্ষার ব্যয়ার্থে মাসে২ কিছু দিতে স্বীকার না করিলে গ্রাহ্য হইবেক না। আট বৎসরের অধিক বয়সের বালক যদি স্কুল বুক সোসাইটির ইঙ্গলিশ রিডরের দ্বিতীয় নম্বর শুদ্ধমতে ও উত্তম উচ্চারণ করিয়া পড়িতে পারে তবে গ্রাহ্য হইতে পারিবেক।

বারো বৎসরের অধিক বয়সের বালক যদি স্কুলবুক সোসাইটির ইঙ্গলিশ রিডরের পঞ্চম নম্বরের কোন পদ পাঠ ও তাহার শব্দের অন্বয় করিতে ও তাহার অর্থ করিতে পারে, এবং অঙ্ক বিদ্যার সামান্য বিধান জানে, এবং পৃথিবীর আকার ও তাহার প্রধান খণ্ড ও তাহার উপভাগ অর্থাৎ দেশ, এবং প্রান্তদেশের রাজধানীর ও প্রধান২ নগরের নাম ও প্রধান২ পর্ব্বতের ও নদীর নাম জানে, এবং বাঙ্গলা কি হিন্দুস্থানী কোন পদ ইঙ্গরেজী ভাষায় শুদ্ধরূপে অনুবাদ করিতে পারে এবং ইঙ্গলিশ রিডরের পঞ্চম নম্বরহইতে ইঙ্গরেজী ভাষার কোন পদ বাঙ্গলা কি হিন্দুস্থানী ভাষায় অনুবাদ করিতে পারে তবে সে বালক গ্রাহ্য হইতে পারিবেক।

ষোল বৎসরের অধিক বয়সের কোন বালক গ্রাহ্য হইবেক না।

কলিকাতার হিন্দু কালেজে ও হুগলীতে মহম্মদ মহসীনের কালেজে যে সকল বিদ্যা শিক্ষা করাণ যাইতেছে তাহা ঐ কালেজে শিক্ষা হইবেক।

ঐ কালেজে মাসে ৩০ ও ৪০ টাকার প্রধান বৃত্তির আট পদ ও মাসে ৮২ টাকার দ্বিতীয় বৃত্তির বারো পদ আছে। প্রতিবৎসরের শেষে সকল ছাত্রের পরীক্ষা হইবেক এবং যে ছাত্রেরা নির্দ্দিষ্ট যে পরীক্ষোত্তীর্ণ হয় তাহারা তদনুসারে ঐ বৃত্তিভোগী হইবেক এবং অধঃস্থ শ্রেণীর অতিযোগ্য বালকদিগকে পুরস্কার দেওয়া যাইবেক।

আরো বাঙ্গলা দেশের শ্রীযুত গবরনর সাহেব বীরভূম ও রঙ্গপুর ও শাহাবাদ ও পাবনা জিলাতে জিলার পাঠশালা স্থাপন হইবার আজ্ঞা দিয়াছেন তাহার মধ্যে প্রথম পাঠশালা খোলা গিয়াছে এবং অন্য সকল পাঠশালা ছাত্রেরদের গ্রাহ্য হইবার নিমিত্তে ১৮৫৩ সালের ১ নবেম্বরে খোলা যাইবেক। ঐ প্রত্যেক পাঠশালায় এবং বৌলিয়াতে যে পাঠশালা স্থাপন হইয়াছে তাহাতে মাসে ৮২ টাকা করিয়া দ্বিতীয় বৃত্তির চারি পদ আছে তাহা বহরমপুরের সদর কালেজহইতে প্রাপ্ত হওয়া যায়। ঐ বৃত্তি এবং অন্য২ পুরস্কার প্রতিবৎসরের পরীক্ষা কালে অত্যুত্তমরূপে উত্তীর্ণ বালকদিগকে দেওয়া যাইবেক।

নীচের লিখিত জিলাতে সেই নিয়মমতে পাঠশালা স্থাপন হইবার অনুমতি দেওয়া গিয়াছে তাহাতেও বৃত্তি আছে এবং পাঠশালার নামের পার্শ্বে যে কালেজ লেখা হইয়াছে সেই কালেজহইতে ঐ বৃত্তি প্রাপ্ত হওয়া যায়।

স্কুল।	কালেজ।
ময়মনসিংহ	ঢাকা।
ফরিদপুর	ঢাকা।
বগুড়া	ঢাকা।
বরিশাল	ঢাকা।
নওয়াখালী	ঢাকা।
পূরণিয়া	হুগলী।
বালেশ্বর	হুগলী।
পুরী	হুগলী।

কলিকাতার স্কুল সোসাইটির পাঠশালায় ও হুগলীর শাখা পাঠশালায় যেং বিদ্যা শিক্ষা করাণ যাইতেছে তাহা সেই সকল পাঠশালায় শিক্ষা হইবেক।

উপরের উক্ত প্রত্যেক স্থানে কমিটি নিযুক্ত করা গিয়াছে। যাহারা ঐ২ স্থানের কালেজে কি পাঠশালায় ভর্ত্তি হইতে চাহে তাহারা ঐ কমিটির মহাশয়েরদের নিকটে মনোবাঞ্ছা জানাইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোস্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্নমেন্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 1st *November*, 1853.]

GOVERNMENT ADVERTISEMENT

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা যশোহর।

এক্তেলানামা কাছারী কালেক্‌টরী জেলা যশর।

সংবাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারানুসারে জেলা যশরের সংক্রান্ত নীচের লিখিত মহালাত প্রচলিত সন ১৮৫৩ সালের ২৫ নবেম্বর মোতাবেক সন ১২৬০ সালের ১১ অগ্রহায়ণ রোজ শুক্রবার কালেক্টর সাহেবের কাছারীতে নীলামে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৩। ১৮ অক্টোবর মোং সন ১২৬০। ৩ কার্ত্তিক।

নম্বরের শ্রেণী	মহালের শ্রেণী	তৌজীর লিখিত মহালের নম্বর	মহালের নাম	মহালের লিখিত মালিকের নাম	সদর জমা	সন ১২৬০ সালের লাং শ্রাবণপর্য্যন্তের বাকী	মন্তব্য কথা
৪ নং	এস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল	১০০ নং	পং হোগলা	গঙ্গানারায়ণ রায় চৌধুরী	১৫৫৭৩৻৫ গঙ্গার কাত ১৫৫৭৩৻৩	৩৮৬৮৸০	পং হোগলার রকম ৷৶ আনা যাহা মৃত কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের ইষ্টেট পং চিরলিয়া মধুদিয়ার ইজারার জমিনিতে আবদ্ধ আছে তাহার অর্দ্ধাংশ রকম ৶ আনা উক্ত ইজারা মহালের লাং শ্রাবণ তলবের বাকী রাজস্ব ৩৮৬৮৸০ টাকা আদায় জন্য নীলাম হইবেক।
৬ নং	ঐ	১৬০ নং	মৌজে লক্ষ্মীনাথ কাটী পং সিলিমাবাদ ...	তাং রঘুনাথ ঘোষ ও রামলোচন বসু ও কৃষ্ণকান্ত ঘোষ ও উমেশচন্দ্র ঘোষ	৪০৯৷৶৪	০	ঐ বন্দুস্ত্রী সোণামণি দাস্যার হিস্যার দেনা বাঁটওয়ারার আমিনের বেতন ২৩৲ টাকা আদায় জন্য উক্ত ব্যক্তির স্বত্বের মধ্যে /০ আনা রকম নীলাম হইবেক।
৬ নং	ঐ	৩১০ নং	মৌজে ডিয়াডাঙ্গা ওগয়রহ পং ইশফপুর	তাং হরিশ্চন্দ্র ব্রহ্মচারী ও কৈলাসচন্দ্র ব্রহ্মচারী	২০৯৩৷/৩	০	বাজেআপ্তী মোদামি বন্দবস্তী তালুক মৌজে ডিয়াডাঙ্গার হরিশ্চন্দ্র ব্রহ্মচারির হকিয়ৎ রকম ৷০ আনার মধ্যে রকম ।০ আনা ঐ মহালের বাঁটওয়ারার আমিনের বেতন ১৫০৲ টাকা আদায় জন্য নীলাম হইবেক ইতি।

R. HAMPTON, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 8, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ৮ নবেম্বর।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 28TH OCTOBER, 1853.

The following Act passed by the Governor General of India in Council, on the 28th October, 1853, is hereby promulgated for general information.

ACT No. XV. OF 1853

An Act for the amendment of Procedure in cases of regular appeal to the Sudder Courts in the presidency of Fort William in Bengal.

WHEREAS it is desirable to simplify and shorten the procedure in regular appeals to the Courts of Sudder Dewanny Adawlut in the said Presidency; It is enacted as follows:—

I. Act IV. 1850, and Sections II, III. and IV. Act XXX. 1850, are hereby repealed, except as to appeals presented before the passing of this Act.

II. *Clause 1st.*—Every petition of regular appeal in a case appealable to either of the said Sudder Courts shall be presented to the Court in which the decision was passed within six weeks from the day of the decision. Such petition of appeal shall, except in cases of petitions under Section XIII. of this Act, contain only notice that the party, being dissatisfied with the decision, is desirous of appealing from it.

Clause 2nd—The Sudder Court may extend the time for presenting such petition of appeal to the lower Court, upon being satisfied that there is sufficient cause for such extension of time. The application for such extension of time may be made directly to the Sudder Court, or through the inter-

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২৮ অক্টোবর তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইংরেজী ১৮৫৩ সাল ১৫ আইন।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সদর আদালতে নম্বরী আপীলের মোকদ্দমায় কার্য্য করণের নিয়ম সংশোধনের আইন।

যেহেতুক উক্ত রাজধানীর সদর দেওয়ানী আদালতে নম্বরী আপীলের কার্য্যের নিয়ম সহজ ও সংক্ষেপ করণ বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। ১৮৫০ সালের ৪ আইন ও ১৮৫০ সালের ৩০ আইনের ২। ৩। ৪ ধারা ইহার দ্বারা রদ হইল কিন্তু এই আইন জারী হওনের পূর্ব্বে যে সকল আপীল উপস্থিত করা গিয়াছিল তাহার বিষয়ে রদ হইল না ইতি।

২ ধারা। ১ প্রথম প্রকরণ। উক্ত আদালতের মধ্যে কোন আদালতে যে মোকদ্দমার আপীল হইতে পারে তাহার নম্বরী আপীলের প্রত্যেক দরখাস্ত, যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে ডিক্রীর তারিখের পর ছয় সপ্তাহের মধ্যে দাখিল করা যাইবেক। আপীলের ঐ দরখাস্তের মধ্যে কেবল এই লেখা থাকিবেক যে আপেলাণ্ট নিষ্পত্তিতে নারাজ হইয়া তাহার উপর আপীল করিতে চাহে। কিন্তু এই আইনের ১৩ ধারানুসারে যে দরখাস্ত হয় তাহা বর্জ্জিত থাকিবেক।

২ দ্বিতীয় প্রকরণ। অধস্থ আদালতের নিকটে আপীলের ঐ প্রকার দরখাস্ত দাখিল করিবার মিয়াদ বৃদ্ধি করিবার মাতবর কারণ আছে সদর আদালতের সাহেবেরদের হৃদ্বোধমতে এই প্রকার জ্ঞান হইলে তাঁহারা ঐ মিয়াদ বৃদ্ধি করিতে পারেন। ঐ প্রকার মিয়াদের বৃদ্ধি করণের দরখাস্ত দরখাস্তকারির ইচ্ছামতে একেবারে সদর আদা-

vention of the lower Court, at the option of the applicant.

III. On presentation of a petition of regular appeal to the Court, in which the decision was passed, notice thereof to the respondent, as well as a proclamation to the same effect, shall immediately issue from that Court; and a copy of the proclamation shall be forthwith fixed up in some conspicuous part of the Court House of the said Court. If the notice cannot be personally served, the proclamation shall at once be fixed upon the door of the respondent's dwelling house, or in some conspicuous place in the village or place where he usually resides; or in cases in which the respondent shall not have a fixed residence within the jurisdiction of the Company's Courts, the proclamation may be fixed upon the door of his house of business or cutcherry, or the notice may be served on his known local agent. In case the proclamation cannot be fixed or the notice served in the manner above-mentioned, the proclamation shall be fixed up in such other place, if any, as the said last mentioned Court shall direct. The nazir shall make a return to the Court stating when and where the notice and proclamation have been served or fixed up. The return of the nazir shall be filed in Court and shall form part of the record of the case, and such return shall be published by fixing up the same in some conspicuous part of the Court House of the lower Court.

IV. *Clause 1st.*—The Rule in Section XI. Regulation VI. 1793, which directs copies of all original papers transmitted to the Sudder Court with the record of an appealed case to be made out and deposited in the Court in lieu of the originals, is hereby modified, and it shall be necessary to copy, authenticate and deposit only the exhibits in the case, and also any other papers of importance, including the pleadings, or any parts of them which either of the parties shall require to be copied, authenticated and deposited in the lower Court previously to their being transmitted to the Sudder Court.

Clause 2nd.—If either of the parties require any papers to be copied, authenticated and deposited, such party shall either by himself or his pleader or authorized agent give notice in writing thereof to the lower Court, before the expiration of fourteen days from the time of the publication of the return of the nazir as aforesaid. Such notice shall specify the papers which the party requires to be copied authenticated and deposited.

Clause 3rd.—Either party may by himself or his pleader or authorized agent before the presentation of an appeal give notice in writing to the lower Court specifying any papers or documents which he requires to be copied, authenticated and deposited, in the event of an appeal being preferred.

V. The petition of appeal together with the record of the lower Court shall be certified to the Sud-

লতে হইতে পারে অথবা অধঃস্থ আদালতের মারফৎ সদর আদালতে হইতে পারে ইতি।

৩ ধারা। যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতে নম্বরী আপীলের দরখাস্ত দাখিল হইলে রেস্পাণ্ডেণ্টের নিকটে তদ্বিষয়ের এক এত্তেলা এবং সেই মজমুনের এক ইশ্‌তিহারনামা ঐ আদালতহইতে অগৌণে জারী হইবেক এবং ঐ ইশ্‌তিহারনামার নকল অগৌণে উক্ত আদালতের আদালতঘরের কোন প্রকাশস্থানে লট্‌কান যাইবেক। যদি সেই এত্তেলা রেস্পাণ্ডেণ্টের উপর জারী হইতে না পারে তবে ঐ ইশ্‌তিহারনামা রেস্পাণ্ডেণ্টের বসতবাটীর দ্বারে কিম্বা যে গ্রামে কি স্থানে সামন্যতঃ বাস করে তথায় সকলের দৃষ্টিগোচর কোন স্থানে একেবারে লট্‌কান যাইবেক অথবা যদি কোম্পানি বাহাদরের আদালতের এলাকার মধ্যে রেস্পাণ্ডেণ্টের নির্দ্দিষ্ট কোন বাসস্থান না থাকে তবে ঐ ইশ্‌তিহারনামা তাহার কর্ম্মস্থানের কি কাছারীর দরওয়াজায় লট্‌কান যাইতে পারে কিম্বা ঐ এত্তেলা তাহার সেই স্থানে জানিত মোখ্‌তারের উপর জারী হইতে পারে। ইশ্‌তিহারনামা উপরের উক্ত প্রকারে লট্‌কান যাইতে কি এত্তেলা জারী হইতে না পারিলে যদি শেষোক্ত আদালত অন্য কোন স্থানে লট্‌কাইতে হুকুম করেন তবে সেই অন্য স্থানে ইশ্‌তিহারনামা লট্‌কান যাইবেক। পরে নাজির যে সময়ে ও যে স্থানে সে এত্তেলা জারী হইয়াছে কিম্বা ইশ্‌তিহারনামা লট্‌কান গিয়াছে তাহার রিপোর্ট করিবেন। নাজিরের ঐ রিটর্ণ আদালতে দাখিল হইবেক এবং সেই মোকদ্দমার রোয়দাদের শামিল থাকিবেক এবং অধঃস্থ আদালতের আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওনের দ্বারা প্রকাশ করা যাইবেক ইতি।

৪ ধারা। ১ প্রথম প্রকরণ। ১৭৯৩ সালের ৬ আইনের ১১ ধারার যে বিধানমতে হুকুম হইয়াছে যে আপীলী মোকদ্দমার রোয়দাদের সঙ্গে যে সকল আসল কাগজপত্র সদর আদালতে পাঠান যায় সেই সকলের নকল করা যাইবেক ও আসল কাগজপত্রের পরিবর্ত্তে আদালতে দাখিল হইবেক সেই বিধান ইহার দ্বারা মতান্তর হইল। এবং মোকদ্দমার দস্তাবেজ ও অন্য যে কোন গুরুতর কাগজপত্র এবং সওয়ালজওয়াব কিম্বা ঐ সওয়ালজওয়াবের যে কোন অংশ সদর আদালতে পাঠান যাইবার পূর্ব্বে বাদী কি প্রতিবাদী নকল করাইতে ও দস্তখৎ হইয়া অধঃস্থ আদালতের সিরিশ্‌তায় রাখিতে প্রার্থনা করে তাহাছাড়া অন্য কাগজপত্রের নকল করিবার কি দস্তখৎ হইয়া সিরিশ্‌তায় রাখিবার আবশ্যক হইবেক না।

২ দ্বিতীয় প্রকরণ। যদি বাদী কি প্রতিবাদী চাহে যে কোন কাগজপত্রের নকল করা যায় ও দস্তখৎ হইয়া তাহা আদালতের সিরিশ্‌তায় দাখিল করা যায় তবে পূর্ব্বোক্তমতে নাজিরের রিটর্ণ প্রকাশ হইবার সময়ের পর চৌদ্দ দিবস অতীত না হইতে২ ঐ বাদী কিম্বা প্রতিবাদী আপনি কিম্বা আপনার উকীল কি ক্ষমতাপ্রাপ্ত মোখ্‌তারের দ্বারা ঐ বিষয়ের এত্তেলা লিখিয়া অধঃস্থ আদালতে জানাইবেক। বাদী কি প্রতিবাদী যে সকল কাগজপত্রের নকল করাইতে ও দস্তখৎ হইয়া সিরিশ্‌তায় রাখিতে চাহে তাহা ঐ এত্তেলাতে নির্দ্দিষ্ট থাকিবেক।

৩ তৃতীয় প্রকরণ। আপীল দরপেশ হওনের পূর্ব্বে বাদী কিম্বা প্রতিবাদী আপনি কি তাহার উকীল কি ক্ষমতাপ্রাপ্ত মোখ্‌তারের দ্বারা কোন কাগজপত্র কি দলীল নির্দ্দিষ্ট করিয়া অধঃস্থ আদালতে এমত এত্তেলা লিখিয়া দিতে পারে যে যদি আপীল করা যায় তবে চাহি যে ঐ সকল কাগজাদি নকল করা যায় ও দস্তখৎ হইয়া সিরিশ্‌তায় রাখা যায় ইতি।

৫ ধারা। আপীলের দরখাস্ত দরপেশ হওনের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র আপীলের দরখাস্ত

der Court as soon as conveniently may be after the presentation of the petition of appeal. Provided that the same shall not be certified within the time allowed to the parties for specifying the papers which they desire to be copied, authenticated and deposited.

VI. On arrival of the appeal record at the Sudder Court, notice shall be affixed in the Court House of the said Court, requiring the appellant to file, within six weeks from the date thereof, his grounds of objection to the decision of the Court below. Within the said space of six weeks the appellant shall file in the said Sudder Court his grounds of objection to the decision.

VII. *Clause 1st.*—On the filing of the grounds of objection by the appellant, notice shall be affixed in the Court House of the Sudder Court requiring the respondent to file his grounds of objection, if any, to the appeal or to the decision of the lower Court within four weeks from the date of such notice.

Clause 2nd.—Within the said space of four weeks, the respondent shall file any grounds of objection which he has to the appeal, or which relate to such parts of the decision as are involved in the appeal.

Clause 3rd.—If the respondent shall desire to object to any part of the decision of the lower Court not involved in the appeal, he may present a separate petition of appeal to the Sudder Court within the said space of four weeks, or within such further time as the said Sudder Court shall allow for that purpose.

Clause 4th.—The respondent shall in such case file with his petition of appeal his grounds of objection to that part of the decision to which his appeal relates, otherwise his appeal shall not be received.

VIII. *Clause 1st.*—At the expiration of the time allowed to the respondent for filing his grounds of objection and for filing a separate petition of appeal in the Sudder Court, the record shall be deemed complete, and the case ready to be called up for decision on any day which the Sudder Court may notify, unless the respondent within such time file a separate petition of appeal in the Sudder Court.

Clause 2d.—If the respondent file a separate petition of appeal in the Sudder Court, notice shall be fixed up in the Court House of the Sudder Court to the effect that the respondent has filed such separate appeal, and the notice shall require the appellant to file any grounds of objection which he may have thereto, within the space of four weeks from the date of the notice.

Clause 3rd—Within such space of four weeks the appellant may file any grounds of objection which he has to such appeal, or which relate to that part of the decision which is involved in the respondent's appeal. At the expiration of the time allowed for filing such grounds of objection by the appellant, the record shall be deemed complete, and the case ready to be called up for decision on any

এবং অধঃস্থ আদালতের রোয়দাদ সদর আদালতে পাঠান যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে বাদিপ্রতিবাদী যে কাগজপত্রের নকল করাইতে ও দস্তখৎ হইয়া সিরিশ্তায় রাখিতে চাহে তাহা নির্দ্দিষ্ট করিবার যে মিয়াদ তাহারদিগকে দেওয়া গিয়াছে তাহার মধ্যে ঐ দরখাস্ত ও রোয়দাদ পাঠান যাইবেক না ইতি।

৬ ধারা। আপীলী মোকদ্দমার রোয়দাদ সদর আদালতে পঁহুছিলে পর ঐ আদালতঘরে এক এস্তেলানামা লট্কান যাইবেক তাহাতে আপেলাণ্টের প্রতি এই হুকুম হইবেক যে অধস্থ আদালতের ডিক্রীর বিষয়ে তাহার আপত্তির যে হেতু থাকে তাহা ঐ এস্তেলার তারিখের পর ছয় সপ্তাহের মধ্যে দাখিল করে। ঐ ছয় সপ্তাহ মিয়াদের মধ্যে আপেলাণ্ট ডিক্রীর বিষয়ে আপনার আপত্তির হেতু ঐ সদর আদালতে দাখিল করিবেক ইতি।

৭ ধারা। ১ প্রথম প্রকরণ। আপেলাণ্ট আপত্তির হেতু দাখিল করিলে সদর আদালতের আদালত ঘরে এক এস্তেলানামা লট্কান যাইবেক তাহাতে রেস্পাণ্ডেণ্টকে হুকুম হইবেক যে আপীলের বিষয়ে কিম্বা অধঃস্থ আদালতের ডিক্রীর বিষয়ে তাহার কোন আপত্তি থাকিলে ঐ এস্তেলার তারিখের পর চারি সপ্তাহের মধ্যে তাহার হেতু দাখিল করে।

২ দ্বিতীয় প্রকরণ। আপীলের বিষয়ে রেস্পাণ্ডেণ্টের যে আপত্তি থাকে কিম্বা আপীলের মধ্যে ডিক্রীর যে অংশ ধরা গিয়াছে সেই অংশের সম্পর্কে যে আপত্তি থাকে সেই আপত্তির হেতু রেস্পাণ্ডেণ্ট উক্ত চারি সপ্তাহ মিয়াদের মধ্যে দাখিল করিবেক।

৩ তৃতীয় প্রকরণ। অধঃস্থ আদালতের ডিক্রীর যে অংশ আপীলের মধ্যে ধরা যায় নাই এমত কোন অংশের বিষয়ে যদি রেস্পাণ্ডেণ্ট আপত্তি করিতে চাহে তবে সেই চারি সপ্তাহের মধ্যে অথবা সদর আদালত সেই অভিপ্রায়ে অধিক যে মিয়াদ দেন সেই মিয়াদের মধ্যে আপীলের আলাহিদা দরখাস্ত দরপেশ করিতে পারে।

৪ চতুর্থ প্রকরণ। এমত স্থলে রেস্পাণ্ডেণ্ট ডিক্রীর যে অংশের সঙ্গে তাহার আপীল সম্পর্ক রাখে তদ্বিষয়ে আপনার আপত্তির হেতু আপীলের দরখাস্তের সঙ্গে দাখিল করিবেক নতুবা তাহার আপীল গ্রাহ্য হইবেক না ইতি।

৮ ধারা। ১ প্রথম প্রকরণ। সদর আদালতে আপত্তির হেতু দাখিল করিবার ও আপীলের আলাহিদা দরখাস্ত দাখিল করিবার যে মিয়াদ রেস্পাণ্ডেণ্টকে দেওয়া গিয়াছে তাহা অতীত হইলে রেস্পাণ্ডেণ্ট এ মিয়াদের মধ্যে আপীলের আলাহিদা দরখাস্ত সদর আদালতে দাখিল না করিলে রোয়দাদ সম্পূর্ণ হইয়াছে এবং সদর আদালত যে কোন দিনের এস্তেলা করেন সেই দিনে নিষ্পত্তি হইবার জন্যে মোকদ্দমা তলব হইবার প্রস্তুত আছে জ্ঞান হইবেক।

২ দ্বিতীয় প্রকরণ। যদি রেস্পাণ্ডেণ্ট আপীলের আলাহিদা দরখাস্ত সদর আদালতে দাখিল করে তবে সদর আদালতের আদালত ঘরে এই মর্ম্মের এক এস্তেলানামা লট্কান যাইবেক যে রেস্পাণ্ডেণ্ট সেই প্রকার আলাহিদা আপীল দাখিল করিয়াছে এবং ঐ এস্তেলানামাতে আপেলাণ্টকে হুকুম হইবেক যে সেই বিষয়ে তাহার যে কোন আপত্তি থাকে তাহার হেতু ঐ এস্তেলানামার তারিখের পর চারি সপ্তাহ মিয়াদের মধ্যে দাখিল করে।

৩ তৃতীয় প্রকরণ। ঐ আপীলের বিষয়ে আপেলাণ্টের যে আপত্তি থাকে অথবা রেস্পাণ্ডেণ্টের আপীলের মধ্যে ডিক্রীর যে অংশ ধরা গিয়াছে তাহার সম্পর্কে যে আপত্তি থাকে তাহার হেতু আপেলাণ্ট ঐ চারি সপ্তাহ মিয়াদের মধ্যে দাখিল করিবেক। আপেলাণ্টের এ আপত্তির হেতু দাখিল করণের মিয়াদ অতীত হইলে রোয়দাদ সম্পূর্ণ হইয়াছে এবং মোকদ্দমার নিষ্পত্তির জন্যে সদর আদালত যে দিনের এস্তেলা দেন সেই দিনে নিষ্প-

day which the Sudder Court shall notify for that purpose.

Clause 4th.—If the appeal of either party be dismissed or withdrawn, the appeal of the other may be heard alone; otherwise the two appeals and the proceedings thereon shall form one record, unless the Sudder Court shall otherwise order.

IX. The respondent shall not be allowed to present a separate petition of appeal in the Sudder Court, if he shall previously have presented a petition of appeal to the lower Court.

X. *Clause 1st.*—All grounds of objection which shall be filed by either the appellant or the respondent, shall be stated distinctly and concisely without any argument or narrative of facts, and shall be numbered consecutively, and except in the cases herein-aftermentioned, shall be on paper bearing the stamp duty prescribed by Article 9, Schedule B, Regulation X. 1829.

Clause 2nd.—The Sudder Court may extend the time for filing grounds of objection either by an appellant or respondent upon special application for that purpose, and upon sufficient reasons being shown to the satisfaction of the said Court for such extension of time. In such case the objections may be filed within such extended time.

XI. Either party may, by leave of the Sudder Court or any Judge thereof, at any time before the hearing, amend his grounds of objection or add grounds of objection to those filed, upon such terms and conditions, and within such time as the said Court or Judge may order. The said Court may also, upon the hearing of any appeal, allow either party to amend his grounds of objection, or to add further grounds, or to urge and be heard by himself or his pleader in support of any objection not included in his grounds of objection, upon such terms and conditions as to postponement of the cause, and as to the payment of costs or otherwise, as the Court shall think just, to prevent the opposite party or his pleader from being taken by surprise or otherwise. Without such leave of the Court, neither party shall be allowed to urge or be heard in support of any objection not included in his grounds of objection filed. But the Court shall not be confined to such grounds of objection on deciding the cause.

XII. *Clause 1st.*—The Sudder Court may call up for hearing and decision on any day the Court shall notify, and without regard to the place in which the case stands in the general list of appeals, any grounds of objection filed by the respondent or the appellant to the appeal of the opposite party, and the Sudder Court may hear and decide upon such grounds of objection before calling the case up for

ত্তির জন্যে মোকদ্দমা তলব হইবার প্রস্তুত আছে এমত জ্ঞান হইবেক।

৪ চতুর্থ প্রকরণ। যদি উভয় পক্ষের মধ্যে এক পক্ষের আপীল ডিসমিস হয় কিম্বা উঠাইয়া লওয়া যায় তবে কেবল অন্য পক্ষের আপীল শুনা যাইতে পারিবেক। নতুবা সদর আদালত অন্যরূপ হুকুম না করিলে উভয় আপীল ও তাহার রুবকারীর কাগজে একি রোয়দাদ হইবেক ইতি।

৯ ধারা। রেস্পাণ্ডেণ্ট যদি অধঃস্থ আদালতে আপীলের দরখাস্ত দাখিল করিয়া থাকে তবে তাহার পর আপীলের আলাহিদা দরখাস্ত সদর আদালতে দাখিল করিতে তাহার প্রতি অনুমতি হইবেক না ইতি।

১০ ধারা। ১ প্রথম প্রকরণ। আপেলাণ্ট কিম্বা রেস্পাণ্ডেণ্ট যে সকল আপত্তির হেতু দাখিল করে তাহা স্পষ্টরূপে ও সংক্ষেপে লেখা যাইবেক এবং তাহাতে কোন বিতর্ক কি কার্য্যের বিবরণ থাকিবেক না। তাহা ১. ২. প্রভৃতি নম্বর বিলিমতে লেখা যাইবেক এবং নীচের লিখিত স্থলভিন্ন অন্য সকল স্থলে ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৯ প্রকরণে যে মুল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে সেই মুল্যের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক।

২ দ্বিতীয় প্রকরণ। আপেলাণ্টের কিম্বা রেস্পাণ্ডেণ্টের আপত্তির হেতু দাখিল করণের মিয়াদ বৃদ্ধির জন্যে বিশেষ দরখাস্ত হইলে এবং সদর আদালতের হৃদ্বোধমতে ঐ মিয়াদ বৃদ্ধির প্রচুর হেতু দর্শান গেলে ঐ আদালত সেই মিয়াদ বৃদ্ধি করিতে পারেন। তাহা হইলে আপত্তি ঐ বৃদ্ধিকরা মিয়াদের মধ্যে দাখিল করা যাইতে পারে ইতি।

১১ ধারা। শুননির পূর্ব্বে কোন সময়ে আপেলাণ্ট কিম্বা রেস্পাণ্ডেণ্ট সদর আদালতের কিম্বা তাহার কোন জজ সাহেবের অনুমতি লইয়া ঐ আদালত কি ঐ সাহেব যে নিয়ম ও শর্ত্ত ও যে মিয়াদের হুকুম করেন সেই নিয়ম ও শর্ত্তমতে ও সেই মিয়াদের মধ্যে আপন২ আপত্তির হেতু সংশোধন করিতে কিম্বা যাহা দাখিল করিয়াছে তাহাছাড়া অধিক আপত্তির হেতু দাখিল করিতে পারে। আরো উক্ত আদালত কোন আপীল শুনিবার সময়ে আপেলাণ্টকে কি রেস্পাণ্ডেণ্টকে অনুমতি দিতে পারেন যে তাহার আপত্তির হেতু সংশোধন করে কিম্বা অধিক হেতু লেখে কিম্বা যে কোন আপত্তি তাহার আপত্তির হেতুর মধ্যে না থাকে তাহা প্রকাশ করে ও তাহার পোষকতায় তাহার কি তাহার উকীলের কথা শুনা যায়। পরন্তু ইহাতে বিপক্ষ ব্যক্তি কি তাহার উকীল হঠাৎ অপ্রস্তুত প্রভৃতি না হয় এই নিমিত্তে আদালত মোকদ্দমার শুননির বিলম্ব করণের বিষয়ে এবং খরচাপ্রভৃতি দেওনের বিষয়ে যে নিয়ম ও শর্ত্ত ন্যায় বোধ করেন তদনুক্রমে ঐ অনুমতি দিবেন। আদালতের সেই প্রকার অনুমতি না হইলে আপেলাণ্ট কি রেস্পাণ্ডেণ্ট আপনার দাখিলকরা আপত্তির হেতুর মধ্যে যে কোন আপত্তি না থাকে তাহা প্রকাশ করিতে পারিবেক না এবং তাহার পোষকতায় তাহার কথা শুনা যাইতে পারিবেক না। কিন্তু মোকদ্দমার নিষ্পত্তি করণেতে আদালত ঐ আপত্তির হেতুভিন্ন অন্য হেতু লইয়া কার্য্য করিবেন না এমত নহে ইতি।

১২ ধারা। ১ প্রথম প্রকরণ। রেস্পাণ্ডেণ্ট কিম্বা আপেলাণ্ট বিপক্ষ পক্ষের আপীলের বিষয়ে যে কোন আপত্তির হেতু দাখিল করিয়াছে তাহা শুনিবার ও নিষ্পত্তি করিবার জন্যে, ঐ মোকদ্দমা আপীলের সাধারণ ফিরিস্তিতে যে স্থানে থাকে তাহার বিবেচনা না করিয়া, সদর আদালত যে কোন দিনের এত্তেলা করেন সেই দিনে তলব করিতে পারেন। এবং অধঃস্থ আদালতের ডিক্রীর বিষয়ে আপত্তির যে হেতু থাকে তাহার নিষ্পত্তির নি-

decision upon the grounds of objection to the decision of the lower Court.

Clause 2nd.—If the grounds of objection filed by the appellant, and respondent, shall be upon points of law only, and shall not raise any question of fact, the Sudder Court may order the case to be called up for hearing and decision on any day which the said Court shall notify, without regard to the place in which it stands in the general list of appeals pending in the said Court.

Clause 3rd.—If the grounds of objection filed shall raise questions of law and fact, and it shall appear to the Sudder Court that the decision of the law may render it unnecessary to determine any question of fact so raised, the Court may order the case to be called up for decision upon the law alone, in the first instance, in the manner pointed out in the last preceding Section, and if their decision of the case upon the law shall render it unnecessary to determine any question of fact, the said Court shall pass a final decision in the case, otherwise the Court shall determine the law only, and the case shall be afterwards set down in the list of regular appeals for hearing upon the question or questions of fact, and shall be determined in the same manner as any other regular appeal.

XIII. If any party to a regular suit be desirous of being admitted to appeal *in formâ pauperis* to the Sudder Court, the following procedure shall be adopted.

Clause 1st.—The appellant shall present his petition to the lower Court according to the rules prescribed by Section II. of this Act. Provided that a petition to appeal *in formâ pauperis* against any decision passed before this Act shall come into operation, may be presented within three months from the day of the decision.

Clause 2nd.—Petitions of appeal by parties desirous to appeal *in formâ pauperis* shall contain a statement to that effect, and also a Schedule of the whole real and personal property belonging to the petitioner, and the estimated value of such property, and shall be written on paper bearing the stamp duty of two Rupees per sheet.

Clause 3rd—Upon the presentation of such petition, the notice to the respondent and the proclamation shall state that the appellant desires to appeal *in formâ pauperis.*

Clause 4th—On arrival of the appeal record at the Sudder Court, the same procedure shall be adopted in that Court as in other cases of regular appeal, except that after the filing of the grounds of objection by the appellant, and before notice shall be given requiring the respondent to file his grounds of objection, the Sudder Court shall determine, according to the rules now applicable to the determination of such cases, whether or not the appellant shall be allowed to appeal *in formâ pauperis*

Clause 5th.—If the Sudder Court allow the petitioner to appeal *in formâ pauperis,* notice shall be given to the respondent to file his grounds of objection

মিত্তে মোকদ্দমা তলব করণের পূর্ব্বে সদর আদালত ঐ আপত্তির হেতু শুনিয়া নিষ্পত্তি করিতে পারেন।

২ দ্বিতীয় প্রকরণ। আপেলাণ্ট ও রেসপাণ্ডেণ্ট আপত্তির যে হেতু দাখিল করে তাহা যদি কেবল আইনঘটিত বিষয় হয় এবং তাহাতে বৃত্তান্তঘটিত কোন জিজ্ঞাসা না উঠে তবে সদর আদালতে উপস্থিত থাকা আপীলী মোকদ্দমার সাধারণ ফিরিস্তিতে ঐ মোকদ্দমা যে স্থানে থাকে তাহা বিবেচনা না করিয়া ঐ আদালত কোন দিনের এত্তেলা দিয়া সেই দিনে শুননির ও নিষ্পত্তির নিমিত্তে মোকদ্দমার তলব হইবার হুকুম করিতে পারেন।

৩ তৃতীয় প্রকরণ। আপত্তির যে হেতু দাখিল করা যায় তাহাতে যদি আইন এবং বৃত্তান্তঘটিত সওয়াল উত্থিত হয় ও সদর আদালত যদি বোধ করেন যে আইনঘটিত বিষয়ের নিষ্পত্তি করিলে ঐ প্রকারে উত্থিতহওয়া বৃত্তান্তঘটিত কোন সওয়ালের নিষ্পত্তি করা অনাবশ্যক হইতে পারে তবে ঐ আদালত ১১ ধারার নির্দ্দিষ্ট প্রকারে আদৌ কেবল আইনঘটিত বিষয় নিষ্পত্তির নিমিত্তে মোকদ্দমা তলব হইবার হুকুম করিতে পারেন। এবং যদি ঐ মোকদ্দমার আইনঘটিত বিষয়ে তাঁহারদের নিষ্পত্তিতে বৃত্তান্তঘটিত কোন সওয়াল নিষ্পত্তিকরা অনাবশ্যক হয় তবে উক্ত আদালত মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবেন। নতুবা আদালত কেবল আইনঘটিত বিষয় নিষ্পত্তি করিবেন পরে বৃত্তান্তঘটিত এক কি অনেক বিষয়ের শুননির নিমিত্তে ঐ মোকদ্দমা নম্বরী আপীলের ফিরিস্তিতে লেখা যাইবেক এবং অন্য কোন নম্বরী আপীলের মত সেই মোকদ্দমারো নিষ্পত্তি হইবেক ইতি।

১৩ ধারা। নম্বরী মোকদ্দমার বাদী কি প্রতিবাদী যদি সদর আদালতে পাপরস্বরূপ আপীল করিবার অনুমতি পাইতে চাহে তবে নীচের লিখিতমতে কার্য্য করিতে হইবেক।

১ প্রথম প্রকরণ। আপেলাণ্ট এই আইনের ২ ধারার নির্দ্দিষ্ট বিধিমতে আপনার দরখাস্ত অধঃস্থ আদালতে দিবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে এই আইনের আমলে আসিবার পূর্ব্বে যে ডিক্রী হইয়াছে এমত কোন ডিক্রীর উপর পাপরস্বরূপ আপীল করিবার দরখাস্ত হইলে ঐ দরখাস্ত ডিক্রীর তারিখের পরে তিন মাসের মধ্যে দরপেশ হইতে পারিবেক।

২ দ্বিতীয় প্রকরণ। যে ব্যক্তিরা পাপরস্বরূপ আপীল করিতে চাহে তাহারদের আপীলের দরখাস্তেতে সেই মর্ম্মের কথা লেখা থাকিবেক এবং দরখাস্তকারির স্থাবর ও অস্থাবর সমস্ত সম্পত্তির এক তফসীল এবং ঐ সম্পত্তির আন্দাজী মূল্য লেখা থাকিবেক। এবং তাহা যে কাগজে লেখা যাইবেক তাহার প্রত্যেক ফর্দে দুই টাকার ইষ্টাম্প লাগিবেক।

৩ তৃতীয় প্রকরণ। এমত দরখাস্ত দেওয়া গেলে রেসপ্যাণ্ডেণ্টের প্রতি এত্তেলাতে এবং ইশ্তিহারনামাতে লেখা যাইবেক যে আপেলাণ্ট পাপরস্বরূপ আপীল করিতে চাহে।

৪ চতুর্থ প্রকরণ। আপীলী মোকদ্দমার রোবদাদ সদর আদালতে পঁহুছিলে ঐ আদালতে নম্বরী আপীলের অন্যান্য মোকদ্দমায় যেরূপ কার্য্য হইয়া থাকে সেইরূপ কার্য্য হইবেক. কেবল বিশেষ এই যে, আপেলাণ্টের আপত্তির হেতু দাখিল হইলে পর, এবং রেসপ্যাণ্ডেণ্টকে আপনার আপত্তির হেতু দাখিল করিবার হুকুমের এত্তেলা দেওয়া যাইবার পূর্ব্বে, সদর আদালত, ঐ প্রকার মোকদ্দমায় নির্ণয় করিবার বিষয়ে একক্ষণে যে বিধি খাটে সেই বিধিমতে, নির্দ্ধার্য্য করিবেন যে আপেলাণ্ট পাপরস্বরূপ আপীল করিবার অনুমতি পাইবেক কি না।

৫ পঞ্চম প্রকরণ। যদি সদর আদালত দরখাস্তকারিকে পাপরস্বরূপ আপীল করিতে অনুমতি দেন তবে রেসপাণ্ডেণ্টকে এত্তেলা দেওয়া যাইবেক যে এই আই-

in the manner provided by Section VII. of this Act, and the same procedure shall be adopted subsequently thereto as in other cases of regular appeal under this Act. The rules and conditions now applicable to persons admitted by the Sudder Court to appeal *in formâ pauperis* shall continue in force except where the same are inconsistent with any of the provisions of this Act.

Clause 6th.—If the Sudder Court refuse to allow the petitioner to appeal *in formâ pauperis*, the said Court may make an order to the effect that the appellant upon filing a petition of appeal in that Court, upon paper stamped with the stamp duty required by Article 8, Schedule B, Regulation X. 1829, and upon re-filing his grounds of objection on paper stamped with the stamp duty required by Article 9 of the same Schedule, may proceed with the appeal according to the rules prescribed by this Act in the case of persons not appealing as paupers.

Clause 7th.—Upon such order being made, the appellant shall file his petition and re-file his objections upon paper stamped with the stamp duty required by Clause 5 of this Section, within two weeks from the date of such order, or within such further time as the said Court may allow for that purpose, otherwise the appeal shall stand dismissed.

Clause 8th.—Upon the re-filing of the grounds of objection according to the provisions of the last preceding Clause, notice of the order and of the re-filing of such objections shall be given to the respondent in the manner prescribed by Section VII. of this Act, and the respondent shall be required to file his grounds of objection, if any, according to the provisions of that Section. The procedure subsequent to such notice shall be according to the general provisions of this Act.

Clause 9th.—If an appellant shall petition to appeal *in formâ pauperis*, his grounds of objection may be written on plain paper.

XIV. If an appellant shall be admitted to appeal or a respondent to defend *in formâ pauperis*, all grounds of objection subsequently filed by either party may be written on plain paper.

XV. No decision shall be reversed or altered, nor shall any case be remanded upon appeal to the Sudder Court on account of any error, defect or irregularity not productive of injury to either party, nor opposed to any express enactment contained in the general Regulations or Acts of Government.

XVI. This Act extends only to regular appeals which shall be presented after the passing of this Act in Civil cases appealable to either of the Sudder Courts in the Presidency of Fort William in Bengal.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৮ নবেম্বর।]

নের ৭ ধারার বিধানমতে আপন আপত্তির হেতু দাখিল করে তাহার পরে এই আইনানুসারে নম্বরী আপীলের অন্যং মোকদ্দমায় যে নিয়মমতে কার্য্য হয় সেই নিয়মমতে কার্য্য হইবেক। যে ব্যক্তিরদিগকে সদর আদালত এইক্ষণে পাপরস্বরূপ আপীল করিতে অনুমতি দেন তাহারদের প্রতি যে বিধান ও নিয়ম খাটে তাহা বলবৎ থাকিবেক কিন্তু তাহা যে স্থলে এই আইনের বিধানের সঙ্গে না মিলে সেই স্থলে বলবৎ থাকিবেক না।

৬ ষষ্ঠ প্রকরণ। যদি সদর আদালত দরখাস্তকারিকে পাপরস্বরূপ আপীল করিতে অনুমতি না দেন তবে ঐ আদালত এই মর্ম্মের হুকুম করিতে পারিবেন যে আপেলাণ্ট ১৮২৯ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৮ প্রকরণে যে মুল্যের ইষ্টাম্প নির্দ্দিষ্ট আছে সেই মুল্যের ইষ্টাম্প কাগজে ঐ আদালতে আপীলের দরখাস্ত দাখিল করিলে এবং ঐ তফসীলের ৯ প্রকরণে যে মূল্য নির্দ্দিষ্ট হইয়াছে সেই মূল্যের ইষ্টাম্প কাগজে আপন আপত্তির হেতু পুনরায় দাখিল করিলে, পাপরস্বরূপ যাহারা আপীল না করে তাহারদের বিষয়ে এই আইনে যে বিধান নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধানমতে আপীলের মোকদ্দমা চালাইতে পারিবেক।

৭ সপ্তম প্রকরণ। সেই প্রকার হুকুম হইলে আপেলাণ্ট ঐ হুকুমের তারিখের পর দুই সপ্তাহের মধ্যে অথবা উক্ত আদালত ঐ অভিপ্রায়ে যে অধিক মিয়াদের অনুমতি দেন সেই মিয়াদের মধ্যে এই ধারার ৫ প্রকরণে যে মূল্যের ইষ্টাম্প কাগজের হুকুম আছে সেই মুল্যের ইষ্টাম্প কাগজে আপনার দরখাস্ত দাখিল করিবেক ও আপনার আপত্তি পুনরায় দাখিল করিবেক। তাহা না করিলে আপীল ডিসমিস হইবেক।

৮ অষ্টম প্রকরণ। যদি উক্ত ৭ সপ্তম প্রকরণের বিধানমতে আপত্তির হেতু পুনরায় দাখিল করা যায় তবে ঐ হুকুমের এবং ঐ আপত্তি পুনরায় দাখিল করণের এত্তেলা এই আইনের ৭ ধারার নির্দ্দিষ্টমতে রেসপাণ্ডেণ্টকে দেওয়া যাইবেক এবং রেসপাণ্ডেণ্টের প্রতি হুকুম হইবেক যে তাহার কোন আপত্তির হেতু থাকিলে ঐ ধারার বিধানমতে তাহা দাখিল করে। ঐ এত্তেলার পরের সমস্ত কার্য্য এই আইনের সাধারণ বিধানানুসারে হইবেক।

৯ নবম প্রকরণ। যদি আপেলাণ্ট পাপরস্বরূপ আপীল করিবার দরখাস্ত করে তবে তাহার আপত্তির হেতু শাদা কাগজে লেখা যাইতে পারে ইতি।

১৪ ধারা। যদি পাপরস্বরূপ আপেলাণ্ট আপীল করিতে কি রেসপাণ্ডেণ্ট জওয়াব দিতে অনুমতি পাইয়া থাকে তবে তাহার পর আপেলাণ্ট কি রেসপাণ্ডেণ্ট যে সকল আপত্তির হেতু দাখিল করে তাহা শাদা কাগজে লেখা যাইতে পারে ইতি।

১৫ ধারা। যে ভ্রান্তি কি ত্রুটি কি বেদাঁড়া বাদির কি প্রতিবাদির ক্ষতিজনক না হয় কিম্বা গবর্ণমেণ্টের সাধারণ আইনের কি আক্টের লিখিত কোন স্পষ্ট বিধানের বিপরীত না হয় এমত কোন ভ্রান্তি কি ত্রুটি কি বেদাঁড়াপ্রযুক্ত সদর আদালতে আপীলমুখে কোন ডিক্রীর অন্যথা কি পরিবর্ত্তন হইবেক না এবং কোন মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইবেক না ইতি।

১৬ ধারা। বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর কোন সদর আদালতে যে দেওয়ানী মোকদ্দমার আপীল হইতে পারে সেই মোকদ্দমায় এই আইন জারী হওনের পর যে নম্বরী আপীল উপস্থিত করা যায় কেবল সেই আপীলের বিষয়ে এই আইন খাটে ইতি।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,

THE 28TH OCTOBER, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 28th October, 1853:—

ACT No. —— OF 1853.

An Act relating to Appeals in the Civil Courts of the East India Company.

WHEREAS every case in appeal ought to be determined upon the merits without regard to technical errors or defects; It is enacted as follows:—

No order or decision of any of the Civil Courts of the East India Company shall be reversed, altered or remanded on account of any error, defect or irregularity not productive of injury to either party, nor opposed to any express enactment contained in the general regulations or Acts of Government.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 28th day of January, 1854.

GEO PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

অইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২৮ অক্টোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতে আপীলের বিষয়ি আইন।

যেহেতুক আপীলহওয়া প্রত্যেক মোকদ্দমার পারিভাষিক ভ্রান্তি কি ত্রুটি বিবেচনা না করিয়া দোষগুণঅনুসারে নিষ্পত্তি করা উচিত। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

যে ভ্রান্তি কি ত্রুটি কি বেদাঁড়া বাদির কি প্রতিবাদির ক্ষতিজনক না হয় কিম্বা গবর্ণমেণ্টের সাধারণ আইনের কি আক্টের লিখিত কোন স্পষ্ট বিধানের বিপরীত না হয় এমত কোন ভ্রান্তি কি ত্রুটি কি বেদাঁড়াপ্রযুক্ত কোম্পানি বাহাদুরের কোন দেওয়ানী আদালতের কোন হুকুম কি নিষ্পত্তি অন্যথা কি পরিবর্ত্তন হইবেক না কি ফিরিয়া পাঠান যাইবেক না ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হয়।

হুকুম হইল যে ১৮৫৪ সালের জানুআরি মাসের ২৮ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

[Continued from page 597.]

APPENDIX NO. 1.
ABKARRY NOTIFICATION.

NOTICE is hereby given, that under the provisions of Section II., Regulation VII. of 1824, of the Bengal Code, and in modification of the Notices and Rules published under dates 2d March, 1835, and 26th June, 1839, the following Rules have been prescribed by Government to take effect in regard to all distilleries constructed and worked after the European method, beyond the limits of the jurisdiction of the Supreme Court of Calcutta.

1.—It shall rest with the Board of Customs, Salt and Opium, to determine what portion of the Rules contained in Sections IV., V., VI., VII., VIII., IX., X., XI., XII., XIII. and XIV., Regulation II., of 1802, shall continue to be enforced in respect to distilleries licensed to be worked as above and in which up to the present date the said rules have been in force.

2.—Parties licensed to establish distilleries worked as above, shall deposit Five Thousand Rupees in cash, or in Government Securities with the Board of Customs, Salt and Opium, the same or such portion of the amount as Government shall determine

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

[৫৯৭ পৃষ্ঠহইতে চলিতেছে।]

ক্রোড় পত্র। ১ নম্বর।
আবকারী বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ইউরোপীয় ভাটীখানা যে প্রকারে করা যায় ও তাহাতে কার্য্য করা যায় কলিকাতার সুপ্রিম কোর্টের এলাকার সীমার বাহিরে সেই প্রকারে নির্ম্মিত ও তদ্রূপে কার্য্যহওয়া সকল ভাটীখানার বিষয়ে চলন হইবার নিমিত্তে গবর্ণমেণ্ট, বাঙ্গলা দেশের চলিত ১৮২৪ সালের ৭ আইনের ২ ধারার বিধানমতে, এবং ১৮৩৫ সালের ২ মার্চ তারিখের ও ১৮৩৯ সালের ২৬ জুন তারিখের প্রকাশিত ইশ্‌তিহার ও বিধান মতান্তরক্রমে, নীচের লিখিত বিধান নির্দ্দিষ্ট করিয়াছেন।

১। উপরের উক্তমতে কার্য্য হইবার অনুমতিপ্রাপ্ত যেং ভাটীখানাতে অদ্যকার তারিখপর্য্যন্ত ১৮০২ সালের ২ আইনের ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ও ১৪ ধারার লিখিত বিধান চলন হইয়া আসিতেছে সেইং ভাটীখানার বিষয়ে ঐ বিধানের যে অংশ প্রবল হইতে থাকিবেক তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা নিরূপণ করিবেন।

২। উপরের উক্তমতে কার্য্য হইবার ভাটীখানা স্থাপন করিবার পাট্টা যে ব্যক্তিরা পায় তাহারা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের নিকটে নগদ কিম্বা কোম্পানির কাগজে পাঁচ হাজার টাকা আমানৎ করিবেক। অথবা যদি বাঙ্গলা রাজধানীর আবকারী আইনের কোন প্রকার

on the recommendation of the Board of Customs, Salt and Opium, together with the distillery license to be forfeited in the event of any breach of the Abkarry Regulations of the Bengal Presidency proved before the officer vested by law, with the decision of Abkarry suits. On the license ceasing without such forfeiture, the sum deposited shall be returned by the Board of Customs, Salt and Opium.

3.—Not more than *one* cautionary deposit of 5,000 Rupees in cash or in public Securities will be required on account of any number of distilleries (worked in the European method) that may be established by one and the same individual or firm.

4.—No distillery worked after the above method, shall be licensed until the parties applying for the license shall have satisfied the Board of Customs, Salt and Opium, that the works are capable of producing not less than 300 gallons of spirits per diem.

5.—No distillery proposed to be worked after the above method, shall be licensed until the parties applying for the license, shall have satisfied the Board of Customs, Salt and Opium, that the premises are so constructed as to afford full security for the realization of the Government revenue, and in all cases, parties applying for a license for distilleries, already erected shall engage to adopt such measures for the security of the public revenue, and within such time as may be prescribed by the Board of Customs, Salt and Opium.

6.—Parties having a license to establish distilleries worked as above, shall provide a residence for the native officer of the Abkaree Department stationed on the premises, which residence shall be so situated as to command the ingress and egress to and from the premises.

7.—Parties working distilleries constructed and worked in the European method as above, are required to apply to the Board of Customs, Salt and Opium, in December each year, for the renewal of their licenses for the year following, and licenses not so renewed, will be considered null and void, and as not protecting from seizure and confiscation, the spirits produced in the said distilleries, or the parties working the said distilleries, from the penalties provided by law for the illicit manufacture of spirits.

8.—The Board of Customs, Salt and Opium, are empowered to refuse licenses for distilleries worked as above without assigning any reason, for the same except to Government, in the event of parties appealing from their decision.

9.—The Board of Customs, Salt and Opium, have been empowered by Government to require, as a condition of the license, that the parties establishing a distillery shall pay the expense of the officer or officers, who may be employed on the part

উল্লঙ্ঘন হয় এবং আবকারী মোকদ্দমার নিষ্পত্তি করণার্থে যে কার্য্যকারক আইনের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহার সম্মুখে তাহার প্রমাণ হয় তবে ঐ আমানতী সমস্ত টাকা কিম্বা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের পরামর্শক্রমে গবর্ণমেণ্ট তাহার যে অংশ নির্দ্ধার্য্য করেন সেই অংশ এবং ভাটীখানার ঐ পাট্টা জব্দ হইবেক। উক্ত প্রকারে জব্দ না হইয়া যদি পাট্টা বন্দ হয় তবে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা ঐ আমানতী টাকা ফিরিয়া দিবেন।

৩। ইউরোপীয় নিয়মমতে যেং ভাটীখানাতে কার্য্য হয় এমত যত ভাটী একি জনের কিম্বা একি কুঠীর দ্বারা স্থাপন হয় সেই সকল ভাটীর নিমিত্তে জামিনস্বরূপ নগদ কিম্বা কোম্পানির কাগজে ৫০০০৲ টাকা কেবল একি আমানৎ করিতে হইবেক তাহার অধিক নয়।

৪। উপরের নিয়মমতে কার্য্যহওয়া ভাটীর পাট্টা পাইবার বিষয়ে যে ব্যক্তিরা দরখাস্ত করে তাহারা যদি ঐ ভাটীর দ্বারা প্রতিদিন ৩০০ গ্যালনের কম না হয় এত মদিরা প্রস্তুত হইতে পারে এই বিষয়ে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হৃদ্বোধ না করায় তবে পাট্টা দেওয়া যাইবেক না।

৫। কোন ভাটীখানার উপরের উক্ত নিয়মমতে কার্য্য করিবার প্রস্তাব হইলে যে ব্যক্তিরা পাট্টা পাইবার দরখাস্ত করে তাহারা যাবৎ হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হৃদ্বোধ না জন্মাইতে পারে যে বাটী ঘরপ্রভৃতি এমত প্রস্তুত হইয়াছে যে সরকারের রাজস্ব নির্ব্বিঘ্নরূপে আদায়ের সন্দেহ নাই তাবৎ পাট্টা পাইবেক না। এবং যে ভাটীখানা আছে তাহার পাট্টা পাইতে যাহারা দরখাস্ত করে তাহারা সরকারের রাজস্বের সুরক্ষার জন্যে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা যে সময়ের মধ্যে যে উপায় করিতে হুকুম করেন সেই সময়ে সেই উপায় করিতে সম্মদাই করার করিবেক।

৬। যে ব্যক্তিরা উপরের উক্তমতে কার্য্যহওয়া ভাটীখানা স্থাপন করিবার পাট্টা পায় তাহারা সেই জমীতে আবকারী ডিপার্টমেণ্টের এদেশীয় যে আমলা নিযুক্ত হন তাঁহার বাসস্থান করিয়া দিবেক এবং সেই বাসস্থান এমন জায়গাতে হইবেক যে জমীর ভিতরে ও বাহিরে যাইবার পথ সেই স্থানহইতে অবাধিতরূপে দেখা যায়।

৭। উক্ত প্রকারে ইউরোপীয় নিয়মমতে প্রস্তুতকরা ও কার্য্যহওয়া ভাটীর কর্ম্ম যে ব্যক্তিরা চালায় তাহারদের প্রতি হুকুম হইতেছে যে প্রতিবৎসরের ডিসেম্বর মাসে আগামি বৎসরের জন্যে আপনারদের পাট্টা নূতন করিয়া দিবার বিষয়ে হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবদিগের নিকটে দরখাস্ত করে এবং যে পাট্টা সেই প্রকারে নূতন না করিয়া দেওয়া যায় তাহা রদ ও বাতিল জ্ঞান হইবেক এবং উক্ত ভাটীখানায় যে মদিরা প্রস্তুত করা যায় তাহা ঐ পাট্টার দ্বারা ক্রোক ও জব্দ হওনহইতে রক্ষা পাইবেক না কিম্বা বেআইনীমতে মদিরা প্রস্তুত করণের বিষয়ে আইনেতে যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে তাহাহইতে উক্ত ভাটীখানার কর্ম্মকারকেরা ঐ পাট্টার দ্বারা রক্ষা পাইতে পারে না এমত জ্ঞান হইবেক।

৮। হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের ক্ষমতা আছে যে কোন হেতু না জানাইয়া পূর্ব্বোক্তমতে কার্য্যহওয়া ভাটীখানার জন্যে পাট্টা দিতে অস্বীকার করেন। কিন্তু তাঁহারদের সেই নির্দ্ধার্য্যের উপর কোন ব্যক্তিরা আপীল করিলে তাঁহারা গবর্ণমেণ্টকে হেতু জানাইবেন।

৯। হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবদিগকে গবর্ণমেণ্ট এই ক্ষমতা দিয়াছেন যে, ভাটীখানা স্থাপনকরণিয়া ব্যক্তিরা ঐ ভাটীখানায় গবর্ণমেণ্টের তরফে যে আমলাকে কি আমলারদিগকে নিযুক্ত করা যায় তাহারদের খরচ দিবার করার না করিলে তাঁহারা পাট্টা

of Government at such distillery, the payment to be secured in a manner satisfactory to the Board of Customs, Salt and Opium, and a failure therein to render the license forfeitable at the discretion of the Board.

By order of the Board of Customs, Salt and Opium, the 29th June, 1841.

H. TORRENS,
Secretary.

[To be Continued.]

না দেন। এবং ঐ খরচ নিশ্চয়রূপে দিবার নিয়ম হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের মনোমতে করা যাইবেক ও তাহা দেওনের ত্রুটি হইলে বোর্ডের বিবেচনামতে পাট্টা খেলাফ হইতে পারে।

হাসিল ও নিমক ও আফীমের বোর্ডের সাহেবেরদের ১৮৪১ সালের ২৯ জুন তারিখের হুকুমক্রমে।

এচ টরেন্স। সেক্রেটারী।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

No. 33.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
THE 28TH OCTOBER, 1853.

NOTIFICATION.

NOTICE is hereby given, that no claim, under the Notifications dated 23rd of April and 6th of June last, by Proprietors of the Five per Cent. Sicca Loans, to transfer the amount of their Notes into the Four per Cent. Loan of 1842-43, will be recognized after the 28th of November next.

Published by order of the Most Noble the Governor General of India in Council.

C. ALLEN,
Secy to the Govt. of India.

৩৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।
১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সিক্কা শতকরা ৫, টাকার সুদের কোম্পানির কাগজের মালিকেরা গত আপ্রিল মাসের ২৩ তারিখের ও জুন মাসের ৬ তারিখের বিজ্ঞাপনানুসারে আপনারদের ঐ কাগজ খারিজ করিয়া ১৮৪২। ৪৩ সালের শতকরা ৪, টাকার সুদের কাগজে দাখিল করিবার দাওয়া করিলে সেই দাওয়া আগামি নবেম্বর মাসের ২৮ তারিখের পর গ্রাহ্য হইবেক না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রকাশিত।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 34.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
THE 28TH OCTOBER, 1853.

NOTIFICATION.

NOTICE is hereby given, that all the Notes of the Five per Cent. Loan, bearing date the 30th of June 1841, from No. 19001 to the last number on the Register, will be discharged at the General Treasury in Calcutta on the 30th of January next, on which date the Interest thereon will cease.

Proprietors of the Notes hereby advertised for payment are permitted, on or before 30th of January next, to transfer the amount of their Promissory Notes into a new Loan, which shall bear Interest at the rate of Four per Cent. per annum, payable half-yearly on the 31st of Decembe raud on the 30th of June.

Proprietors who may transfer their Promissory Notes into this new Loan, through the Government Agent, shall not be subjected to the payment of the Fees prescribed in the Rules of the Government Agency for transferring Notes from one Loan to another.

All Officers authorised to receive subscriptions to Government Loans are hereby required to receive applications in writing from individuals who may desire to transfer the amount of their loans into the new Four per Cent. Loan.

These applications, together with the Promissory

৩৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।
১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪১ সালের ৩০ জুন তারিখের ১৯০০১ নম্বরঅবধি রেজিষ্টরের লিখিত শেষ নম্বরপর্য্যন্ত শতকরা পাঁচ টাকার সুদের কর্জের সকল কোম্পানির কাগজের টাকা আগামি জানুআরি মাসের ৩০ তারিখে কলিকাতার জেনরল ট্রেজুরীতে শোধ হইবেক ঐ তারিখে তাহার উপর সুদ রহিত হইবেক।

উক্ত যে কোম্পানির কাগজের টাকার পরিশোধ হইবার ইশ্‌তিহার দেওয়া যাইতেছে তাহার মালিকেরদের প্রতি অনুমতি আছে যে আগামি জানুআরি মাসের ৩০ তারিখে কি তাহার পূর্ব্বে আপনারদের কোম্পানির কাগজের লিখিত টাকা নূতন কর্জেতে অর্পণ করেন সেই নূতন কর্জেতে বার্ষিক শতকরা চারি টাকার হারে সুদ দেওয়া যাইবেক সেই সুদ ছয়২ মাসে অর্থাৎ ৩১ ডিসেম্বর ও ৩০ জুন তারিখে দেওয়া যাইবেক।

যে ব্যক্তিরা গবর্ণমেণ্টের এজেণ্ট সাহেবের দ্বারা আপনারদের কোম্পানির কাগজ খারিজ করিয়া ঐ নূতন কর্জেতে দাখিল করিতে চাহেন, গবর্ণমেণ্টের এজেন্টী বিধানেতে এক কর্জহইতে অন্য কর্জে কাগজ খারিজ দাখিল করিবার জন্যে যে রসুম নির্দ্দিষ্ট আছে তাহা তাঁহারদের দিতে হইবেক না।

যে সকল কার্য্যকারক সাহেবদিগকে গবর্ণমেণ্টের কর্জেতে টাকা গ্রহণ করিবার ক্ষমতার্পণ হইয়াছে তাঁহারদিগকে ইহার দ্বারা আদেশ করা যাইতেছে যে যাঁহারা আপনারদের কর্জা টাকা শতকরা চারি টাকার সুদের নূতন কর্জেতে খারিজদাখিল করিতে চাহেন তাঁহারদের স্থানে লিখিত দরখাস্ত লন।

ঐ২ দরখাস্ত এবং যে কোম্পানির কাগজের বিষয়ে তা-

Notes in reference to which they may have been received, shall, without fee or expense of any kind to the proprietor, be transmitted to the Deputy Accountant General at Fort William, who will forthwith cause an entry to be made on the face of the Note acknowledging the transfer, and giving the number of the Note on the Register of the new Loan.

This entry shall be deemed tantamount to the issue of a new Note bearing Interest at Four per Cent. per annum, payable half-yearly on 31st of December and the 30th of June, and shall be in the following form :

"No —— Of the Four per Cent. Loan of 1854-55.

By transfer.

"Interest is payable on this Note at the rate of "4 per Cent. per annum, by half-yearly instal-"ments, on the 31st December and the 30th "of June."

Prompt settlement of the Principal and Interest at the rate of Five per Cent. per annum to the date of advertised discharge, will be made with proprietors who may tender their Notes for transfer into the new Loan ; provided, however, that the Principal only will be transferred, and that the Interest up to the 30th of January inclusive will be discharged in Cash, as well as anticipation Interest up to the 30th of June 1854.

It is further notified, that the Most Noble the Governor General in Council has, for the accommodation of proprietors who are not in India, authorized the Deputy Accountant General to allow the conditional transfer of their Notes to the new Four per Cent. Loan, on the application of agents or friends, leaving it optional with the proprietors to confirm the transfer or to require payment in cash : provided however that no notice disallowing the transfer will be received after six months from the present date.

The Promissory Notes of the new Loan will not be re payable until after the expiration of three months from notice of payment duly advertized in the *Calcutta Gazette*, under the authority of the Governor General of India in Council.

Published by order of the Most Noble the Governor General of India in Council.

C. ALLEN,
Secy. to the Govt. of India.

No. 35.
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
THE 28TH OCTOBER, 1853.

NOTIFICATION.

NOTICE is hereby given, that the Sub-Treasurers at Fort William, Fort St. George, and Bombay, the several Residents at Native Courts, and the several Collectors of Land Revenue under those Presiden-

হা পাওয়া গিয়াছে তাহা ঐ কাগজের মালিকের কোন রসুম কি কোন প্রকার খরচ বিনা ফোর্ট উলিয়মে শ্রীযুত ডেপুটী আকেন্টোণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠান যাইবেক। তিনি তৎক্ষণে ঐ কোম্পানির কাগজের উপর লিখিয়া খারিজদাখিল স্বীকার করিবেন এবং নূতন কর্জ্জের রেজিষ্টরে কোম্পানির কাগজের যে নম্বর আছে তাহা দিবেন।

ঐ লিখিত কথা, শতকরা চারি টাকার বার্ষিক সুদের যে কাগজের সুদ ছয়২ মাসে অর্থাৎ ৩১ ডিসেম্বর তারিখে ও ৩০ জুন তারিখে দিতে হয় এমত এক নূতন কোম্পানির কাগজ দেওনের তুল্য জ্ঞান হইবেক। ঐ কথার এই পাঠ।

"খারিজদাখিলমতে।

"১৮৫৪। ৫৫ সালের শতকরা চারি টাকার সুদের কর্জ্জের — নম্বর।

"এই কোম্পানির কাগজের উপর বৎসরে শতকরা চারি টাকার সুদ ছয়২ মাসের কিস্তীতে অর্থাৎ ৩১ ডিসেম্বর ও ৩০ জুন তারিখে দেওয়া যাইবেক।"

যে মালিকেরা আপনারদের কাগজ নূতন কর্জ্জে খারিজ দাখিল করিবার জন্যে দাখিল করেন তাঁহারদের ঐ কাগজের আসল টাকার, ও ইশ্‌তিহারমত্তে টাকা শোধ করণের তারিখপর্য্যন্ত বৎসরে শতকরা পাঁচ টাকার দরে সুদের হিসাব, অরায় চুকাইয়া দেওয়া যাইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে কেবল আসল টাকার খারিজ দাখিল হইবেক। এবং ৩০ জানুআরি তারিখপর্য্যন্তের সুদ ও ১৮৫৪ সালের ৩০ জুন তারিখপর্য্যন্তের আগাম সুদ নগদ দেওয়া যাইবেক।

আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ কোম্পানির কাগজের যে মালিকেরা ভারতবর্ষে বাস করেন না তাঁহারদের সাহায্যের জন্যে হজুর কৌন্সেলে শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর ডেপুটী আকেন্টোণ্টেণ্ট জেনরল সাহেবকে ক্ষমতা দিয়াছেন যে তাঁহারদের মোখ্তারেরদের ও বন্ধুরদের দরখাস্তমতে তাঁহারদের কাগজ শতকরা চারি টাকার সুদের কর্জ্জেতে এই শর্ত্তমতে খারিজদাখিল হওনের অনুমতি দেন যে ঐ মালিকেরা যদি চাহেন তবে সেই খারিজদাখিল মঞ্জুর করেন কিম্বা নগদ টাকা লন। পরন্তু জানা কর্ত্তব্য যে অদ্যকার তারিখের পর ছয় মাস অতীত হইলে ঐ খারিজদাখিল নামঞ্জুর করণের সম্বাদ গ্রাহ্য হইবেক না।

নূতন কর্জ্জের কাগজের টাকা শোধ করিবার ইশতিহার হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ক্ষমতাক্রমে কলিকাতার গেজেটে প্রকাশ হইলে পর তিন মাস অতীত না হইলে ঐ টাকা পুনরায় শোধ হইবেক না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রকাশিত।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩৫ নম্বর।
ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

বিজ্ঞাপন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ফোর্ট উলিয়মের অর্থাৎ কলিকাতার ও ফোর্ট সেণ্ট জর্জ্জের অর্থাৎ মান্দ্রাজের ও বোম্বাইয়ের শ্রীযুত সব-ট্রেজুরর সাহেবদিগকে ও এতদ্দেশীয় রাজারদের দরবারের রেসিডেণ্ট সাহেবদিগকে

cies, as well as the Collectors and others in charge of Treasuries under the Supreme Government and the Government of the North-Western Provinces, have been authorized to receive, until further Orders, any sums of money in even hundreds, of not less than 500 of Company's Rupees, which may be tendered on loan to the East India Company, at an Interest of three and a half per centum per annum, subject to the provisions hereinafter specified.

All authorized public demands, including audited Bills for arrears of Salary and Bills of Exchange on the public Treasuries, these last being subject to a deduction at the rate of three and a half per centum per annum for the period they may have to run, will be received as Cash at par.

The Pay-masters of the Army under the several Presidencies are also authorized to transfer any demands which may be payable by them respectively to this Loan, and to grant drafts for the amounts, in Bengal and Madras on the Accountant General, and in Bombay on the Military Pay-master General, which drafts shall be received by those Officers in payment of Subscriptions to this Loan, on being tendered to them for that purpose.

The several public Officers, authorized to receive subscriptions into this Loan, will grant acknowledgments, in the following form, for all sums received by them respectively :—

"I hereby acknowledge that A. B. has this day
"paid into the East India Company's Treasury
"the sum of Company's Rupees
"for which he is entitled to re-
"ceive a Promissory Note bearing interest
"from the (28th February or 31st of August
"next as the case may be,) of the tenor, and
"subject to the conditions of the Loan spe-
"cified in the Advertisement published in
"the *Calcutta Gazette* of the 28th October,
"1853."

The Deputy Accountant General at Fort William will, on the said acknowledgments being delivered, forthwith cause to be prepared and issued to the parties entitled thereto, Promissory Notes under the signature of the Secretary to the Government of India, in the following form :—

"FORT WILLIAM, THE 28TH FEBRUARY, 1854.
"Promissory Note at three and a half per cen-
"tum for Company's Rupees
"The Governor General of India in Council does
"hereby acknowledge to have received from A. B.
"the sum of Company's Rupees
"as a Loan to the East India Company, and
"does hereby promise for and on behalf of the said
"Company to repay the said Loan, by paying the
"said sum of Company's Rupees
"to the said A. B. his Executors
"or Administrators, or his or their Order, on de-
"mand, at the General Treasury of Fort William,
"after the expiration of three months' Notice of
"payment to be given by the Governor General of

এবং ঐ২ রাজধানীতে ভূমির রাজস্বের নানা কালেক্টর সাহেবদিগকে এবং সুপ্রিম গবর্ণমেণ্টের ও উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের অধীন খাজানাখানার ভারপ্রাপ্ত কালেক্টর সাহেব ও অন্যান্য কার্য্যকারকদিগকে ক্ষমতা দেওয়া গিয়াছে যে কোম্পানির ৫০০৲ টাকার কম না হয় এমত পূরা যত শত টাকা কোম্পানি বাহাদুরের নামে কর্জস্বরূপ তাঁহারদিগকে দেওয়া যায় তাহা অন্য হুকুম না হওনপর্য্যন্ত নীচের লিখিত বিধানানুসারে বৎসরে শতকরা ৩॥০ সাড়ে তিন টাকা সুদে গ্রহণ করেন।

সরকারের স্বীকারকরা সকল দাওয়া এবং সরকারী খাজানাখানার উপর মাহিয়ানার বাকীর আডিটহওয়া বিল ও হুণ্ডী যত টাকার হয় তত নগদ টাকার তুল্য গ্রহণ হইবেক। কিন্তু হুণ্ডীর যে মিয়াদ আছে সেই মিয়াদপর্য্যন্ত বৎসরে শতকরা ৩॥০ সাড়েতিন টাকার হারে বাদ দেওয়া যাইবেক।

নানা রাজধানীতে পল্টনের বক্‌শী সাহেবদিগকেও ক্ষমতা দেওয়া যাইতেছে যে তাঁহারদের স্থানে যে কোন দাবির টাকা পাওনা হয় তাহাও এই কর্জে খারিজদাখিল করিয়া ঐ টাকার বাবৎ বাঙ্গলা দেশে ও মান্দ্রাজে আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের ও বোম্বাইয়ে মিলিটারী পেমাষ্টর জেনরল সাহেবের উপর হুণ্ডী দেন। ঐ হুণ্ডী এই কর্জেতে টাকা দেওনের মত ঐ কার্য্যকারক সাহেবদিগকে দেওয়া গেলে তাঁহারা সেই ভাবে গ্রহণ করিবেন।

এই কর্জেতে টাকা গ্রহণ করিবার ক্ষমতা সরকারী যে সকল কার্য্যকারকদিগকে দেওয়া গিয়াছে তাঁহারা প্রত্যেক জন যে টাকা পান তাহার রসীদ নীচের লিখিত পাঠে দিবেন।

"আমি স্বীকার করিতেছি যে শ্রী অমুক কোম্পানির
"এত টাকা অদ্য কোম্পানি বাহাদুরের খাজানাখানায় দা-
"খিল করিয়াছেন তাহার জন্যে (আগামি ২৮ ফেব্রুআরি
"অথবা সময়বিশেষে ৩১ আগষ্টঅবধি) সুদসমেত এবং
"১৮৫৩ সালের ২৮ অক্‌টোবর তারিখের কলিকাতা গে-
"জেটে প্রকাশহওয়া ইশ্‌তিহারের নির্দ্দিষ্ট কর্জের মর্ম্মানু-
"সারে ও নিয়মাধীনে প্রমিসরি নোট অর্থাৎ কোম্পানির
"কাগজ পাইবার স্বত্ব রাখেন।"

ঐ রসীদ দাখিল হইলে ফোর্ট উলিয়মের শ্রীযুত ডেপুটী আকৌণ্টেণ্ট জেনরল সাহেব অগৌণে প্রমিসরি নোট অর্থাৎ কোম্পানির কাগজ প্রস্তুত করাইয়া ঐ ব্যক্তিরদিগকে দেওয়াইবেন। ঐ কাগজে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের সহী থাকিবেক। কাগজের পাঠ এই।

"ফোর্ট উলিয়ম ১৮৫৪ সাল ২৮ ফেব্রুআরি।
"শতকরা সাড়ে তিন টাকার সুদে কোম্পানির এত
"টাকার প্রমিসরি নোট।

"হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল
"বাহাদুর কোম্পানি বাহাদুরের নামে কর্জস্বরূপ শ্রীঅমু-
"কের স্থানে এত টাকা পাইয়াছেন স্বীকার করিয়া ইহার
"দ্বারা প্রতিজ্ঞা করিতেছেন যে হজুর কৌন্সেলে ভারত-
"বর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ টাকা শোধ
"করিবার ইশ্‌তিহার কলিকাতা গেজেটে প্রকাশ করণের
"পর তিন মাস অতীত হইলে পর দাওয়া হইলে শ্রীযুক্ত
"কোম্পানির উক্ত এত টাকা উক্ত শ্রীঅমুককে কি তাঁহার
"অছি কি আডমিনিষ্ট্রেটরকে কিম্বা তাঁহার বা তাঁহার-
"দের হুকুমমতে ফোর্ট উলিয়মের জেনরল ট্রেজুরীহইতে
"উক্ত কর্জ পরিশোধ করিবেন। এবং পূর্ব্বোক্তমতে শোধ
"করণের উক্ত প্রকার এত্তেলা দেওয়া গেলে পর তিন মাস

"India in Council in the *Calcutta Gazette*, and to "pay the Interest accruing on the said sum of "Company's Rupees at "the rate of three and a half per centum per annum, "by half-yearly payments at the General Treasury "of Fort William, to the said A. B., his Executors "or Administrators, until the expiration of three "months after such notice of payment as aforesaid, "when the amount of Interest due will be payable "with the Principal, and (such notice being considered equivalent to a tender of payment at the "period appointed for the discharge of the Note) "all further Interest shall cease.

"Signed by the authority of the Governor General of India in Council,

"*Secretary to the Govt.*"

"*Accountant General's Office*,
"*Registered as No. of* .

The several Officers authorized to receive subscriptions, will, on application from the holders of acknowledgments, transmit them (free of every expense whatever) to the Deputy Accountant General at Fort William, to be exchanged for Promissory Notes bearing Interest from the 28th of February or 31st of August next ensuing after the date of subscription. The Interest accruing on the broken period of the half year, that may intervene between the date of subscription and the 28th of February or 31st August next ensuing, as the case may be, will be paid up at the time of granting the acknowledgment.

Proprietors of Notes or acknowledgments who may desire to have the Interest payable at any other public Treasury than at the General Treasury of Calcutta, shall be entitled to receive it accordingly, provided they notify their wish to the Deputy Accountant General at Fort William, and transmit the Notes or acknowledgments to him to have an Order for the payment of Interest at the said Treasury written on the face of the Notes under the signature of the said Officer or that of his Assistant, and after such order shall, on the application of the proprietor, be inscribed on any Note, the Interest shall be payable only from the said Treasury unless the proprietor shall present the Note with an application, for the purpose of transferring the payment elsewhere to the Deputy Accountant General at Fort William.

The Promissory Notes of this Loan shall not be renewed, subdivided or consolidated except by the Deputy Accountant General at Fort William. The practice and rules heretofore in use in regard to the renewal, sub-division, and consolidation of Promissory Notes will be adhered to.

Published by order of the Most Noble the Governor General of India in Council,

C. ALLEN,
Secy. to the Govt. of India.

"অতীত না হওনপর্য্যন্ত কোম্পানির উক্ত এত টাকার "উপর বৎসরে শতকরা সাড়ে তিন টাকার দরে যে সুদ "হয় তাহা ছয়২ মাসে ফোর্ট উলিয়মের জেনরল ত্রেজুরী- "হইতে উক্ত শ্রীঅমুককে কি তাঁহার অছিকে কি আড- "মিনিষ্ট্রেটরদিগকে দিবেন। ঐ তিন মাস অতীত হইলে "পর যে সুদ পাওনা আছে তাহা সমেত আসল টাকার "শোধ হইবেক। এবং ঐ ইশতিহার কোম্পানির কাগ- "জের টাকা শোধ করিবার নির্দ্দিষ্ট তারিখে টাকা দেও- "নের প্রস্তাবের তুল্য জ্ঞান হওয়াতে সেই তারিখঅবধি "সুদ রহিত হইবেক ইতি।

"হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল "বাহাদুরের ক্ষমতাক্রমে স্বাক্ষরিত।

"শ্রী অমুক
"গবর্ণমেণ্টের সেক্রেটারী।"

"আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবের দফতরখানা।
"অমুক সালের অমুক নম্বরে রেজিষ্টর হয়।

যে কার্য্যকারক সাহেবদিগকে ঐ প্রকার কর্জ্জা টাকা গ্রহণ করিবার ক্ষমতা আছে তাঁহারদের নিকটে ঐ রসীদ পাওনিয়া ব্যক্তিরা প্রার্থনা করিলে তাঁহারা ঐ রসীদ বিনা খরচে ফোর্ট উলিয়মে ডেপুটী আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠাইবেন তাহার এওজে কোম্পানির কাগজ দেওয়া যাইবেক। ঐ কাগজের সুদ টাকা দেওনের তারিখের পর ২৮ ফেব্রুআরি তারিখ অবধি অথবা ৩১ আগষ্ট তারিখঅবধি চলিবেক। টাকা দেওনের তারিখঅবধি তাহার পরের ২৮ ফেব্রুআরি কি ১৩ আগষ্টপর্য্যন্ত ছয় মাসের কোন অংশের যে সুদ পাওনা হয় তাহা ঐ রসীদ দেওনের সময়ে দেওয়া যাইবেক।

কোম্পানির কাগজের কিম্বা রসীদের যে মালিকেরা কলিকাতার জেনরল ত্রেজুরী ভিন্ন অন্য কোন সরকারী খাজানাখানাহইতে সুদ লইতে চাহেন তাঁহারা ফোর্ট উলিয়মে ডেপুটী আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে আপনারদের অভিপ্রায় জানাইলে এবং উক্ত কার্য্যকারক সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের দস্তখতে উক্ত খাজানাখানাহইতে সুদ দেওয়া যাইবার হুকুম কোম্পানির কাগজের উপর লিখিয়া দিবার নিমিত্তে ঐ কাগজ কি রসীদ তাঁহার নিকটে পাঠাইলে তদনুসারে সুদ পাইতে পারিবেন। এবং মালিকের দরখাস্তমতে ঐ প্রকার হুকুম কোন কোম্পানির কাগজের উপর লেখা গেলে পর যাবৎ অন্য স্থানহইতে সুদ পাইবার দরখাস্ত ঐ কাগজ সমেত ফোর্ট উলিয়মে শ্রীযুত ডেপুটী আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে দাখিল না করা যায় তাবৎ ঐ সুদ কেবল সেই খাজানাখানাহইতে দেওয়া যাইবেক।

ফোর্ট উলিয়মে শ্রীযুত ডেপুটী আকেকৌণ্টেণ্ট জেনরল সাহেবভিন্ন অন্য কোন কাহার দ্বারা এই কর্জ্জের প্রমিসরি নোট নূতন করিয়া দেওয়া যাইতে পারে না কি তাহার এওজে ক্ষুদ্র২ সংখ্যার কাগজ করিয়া কিম্বা অনেক কোম্পানির কাগজের টাকা সংগ্রহ করিয়া এক কোম্পানির কাগজ দেওয়া যাইতে পারে না। কোম্পানির কাগজ নূতন করণ ও বিভাগ করণ ও সংগ্রহ করণের বিষয়ে পূর্ব্বাবধি যে দস্তুর ও বিধি চলন হইয়া আসিতেছে তদনুসারে কার্য্য হইবেক।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে প্রকাশিত।

সি আলেন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৮ নবেম্বর।]

No. 1772.

ORDERS BY THE MOST NOBLE THE GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 4th October, 1853.

With reference to the Notification, No. 1388, dated the 21st July last, which appeared in the *Bengalee Government Gazette* of the 9th August, 1853, the following despatch from the Hon'ble the Court of Directors, together with the letter referred to therein, is published for general information.

PUBLIC DEPARTMENT.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

No. 48 *of* 1853.—With reference to our Despatch in this Department, dated 24th May last, No. 30, we forward copy of a letter which has been addressed to Her Majesty's Secretary of State for Foreign Affairs by the French Ambassador, stating the decision which has been come to by the Government of His Imperial Majesty in regard to Foreign prohibited goods which may be sent to the Universal Exhibition to be held in Paris in May 1855, and we request that you will give the greatest possible publicity to the liberal intentions of the French Government, as stated in Count Walewski's letter.

We are, &c ,

(Signed) RUSSELL ELLICE,
„ J. OLIPHANT,
and other Directors.

London, 20th July, 1853.

[TRANSLATION.]

London, the 29th of June, 1853.

To the Right Hon'ble the Earl of Clarendon,
&c., &c., &c.

MY LORD,

With reference to the Universal Exhibition which is to take place at Paris in 1855, several manufacturers have addressed the Minister of the Interior to know, first, whether articles of which the importation is prohibited in France will be admitted at the Exhibition, and secondly, whether on the close of the Exhibition, these articles will be admitted for home consumption, or whether they must be re-exported.

These two questions, my Lord, have received an answer in accordance with the enlightened views which induced the Government of His Majesty the Emperor to decree the Universal Exhibition of 1855. It has been consequently decided, not only that prohibited merchandize shall be admitted to the Exhibition, but also that, after it shall have closed, the exhibitors will have the option either to re-export the said merchandize free of duty, or to enter them for home consumption, on paying a duty of 30 per cent. *ad valorem*.

These conditions will be excluded in the general rules which are now under preparation, but in consequence of the opinions which appear to have been

১৭৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

গত জুলাই মাসের ২১ তারিখের ১৩৮৮ নম্বরী যে বিজ্ঞাপন গত আগষ্ট মাসের ৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার উপলক্ষে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স্ সাহেবেরদের নীচের লিখিত পত্র এবং তাহাতে যে পত্রের উল্লেখ হইয়াছে সেই পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সাধারণ ডিপার্টমেণ্ট।

হজুর কৌন্সেলে আমারদের ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বরাবরেষু।

১৮৫৩ সালের ৪৮ নম্বর।

এই সিরিশতায় আমারদের গত মে মাসের ২৪ তারিখের ৩০ নম্বরী পত্রের উপলক্ষে, বিদেশীয় বিষয়ব্যাপারের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফ্রান্স দেশীয় শ্রীযুত রাজদূত সাহেব যে এক পত্র পাঠান্ তাহার নকল তোমার নিকটে পাঠাইতেছি। ১৮৫৫ সালের মে মাসে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তাহাতে বিদেশীয় যে নিষিদ্ধ দ্রব্য পাঠান যাইবার সম্ভাবনা আছে সেই দ্রব্যের বিষয়ে ফ্রান্স দেশের শ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা ঐ পত্রেতে ব্যক্ত হইয়াছে। এবং আদেশ করিতেছি যে ফ্রান্স দেশীয় গবর্ণমেণ্টের ঔদার্য্যরূপ যে অভিপ্রায় শ্রীযুত কৌণ্ট ওয়ালিউস্কী সাহেবের পত্রে ব্যক্ত হইয়াছে তাহা সাধ্যমতে বিস্তারিতরূপ প্রকাশ কর।

রসেল এলিস।
জে অলিফাণ্ট।
ও অন্য২ ডৈরেক্টর্স সাহেব।

লণ্ডন।
১৮৫৩ সাল ২০ জুলাই

[অনুবাদ।]

লণ্ডন। ১৮৫৩ সাল ২৯ জুন।

শ্রীযুত রাইট অনরবিল অর্ল অফ ক্লারেণ্ডন সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তদুপলক্ষে অনেক দ্রব্যনির্ম্মাতা ফ্রান্স দেশের অন্তঃপাতি স্থানবিষয়ি শ্রীযুত মন্ত্রি সাহেবের নিকটে পত্র লিখিয়া এই২ বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। প্রথম ফ্রান্স দেশে যে২ দ্রব্যের আমদানীকরা নিষেধ আছে তাহা মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক কি না। দ্বিতীয় ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্য ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে থাকিতে পারিবেক কি তাহা পুনরায় রপ্তানি করিতে হইবেক।

শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে বুদ্ধিসিদ্ধ অভিপ্রায়ে ১৮৫৫ সালের সর্ব্ব দেশের মহাপ্রদর্শনের প্রস্তাব করিয়াছেন সেই অভিপ্রায়ানুসারে ঐ দুই জিজ্ঞাসার উত্তর প্রদান করা গিয়াছে। অতএব নির্দ্ধার্য্য হইয়াছে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্যও মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক তদ্ভিন্ন ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্যের দর্শক মহাশয়েরা স্বেচ্ছামতে ঐ বাণিজ্যদ্রব্য বিনামাসুলে পুনরায় রপ্তানি করিতে পারিবেন অথবা দ্রব্যের মূল্যানুসারে শতকরা ৩০৲ টাকা মাসুল দিয়া তাহা ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে এণ্টর করিতে পারেন।

এইক্ষণে যে সাধারণ বিধান প্রস্তুত করা যাইতেছে তাহাতে ঐ নিয়ম ব্যক্ত হইবেক না। কিন্তু ১৮৫৫ সালে পারিস নগরের মহাপ্রদর্শনে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্য পা

already excited abroad as to the rules affecting prohibited merchandize destined for the Exhibition of Paris in 1855, I have been charged with the honor of informing your Excellency of the resolutions adopted in this respect by the Government of His Majesty the Emperor. Your Excellency will perhaps consider it advisable to give immediate information of this arrangement to the manufacturers and artizans who are subjects of Her Britannic Majesty.

I have the honor to be, &c., &c.,

(Signed) A. WALEWSKI.

By order of the Most Noble the Governor of Bengal, CECIL BEADON,

Secy. to the Govt. of Bengal.

ঠাওনের কল্পনা আছে তৎসম্পর্কীয় বিধানের বিষয়ে ভিন্ন২ দেশে নানা প্রকার মত ইতিমধ্যে আন্দোলন হইয়াছে তৎপ্রযুক্ত শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট তদ্বিষয়ে যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা আদেশমতে আপনাকে প্রকাশ করিতেছি। শ্রীশ্রীমতী মহারাণীর যে২ প্রজা দ্রব্যনির্ম্মাতা ও কারিগর আছে, বোধ হয় আপনি তাহারদিগকে এই নিয়ম অগৌণে জ্ঞাপন করা উচিত জ্ঞান করিবেন।

এ ওয়ালিউস্কী।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৪৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৩১ অক্টোবর।

শ্রীযুত এ জে এম মিল্স সাহেব (Mr. A. J. M. Mills.) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ হইবেন এবং ১৮১৮ সালের ৩ আইনানুসারে স্পেসিয়ল কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত জি এ সি প্লোডন সাহেব (Mr. G. A. C. Plowden,) বোর্ড রেবিনিউর মেম্বর হইবেন। শ্রীযুত প্লোডন সাহেব ইদানীং ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত থাকিবেন।

শ্রীযুত এচ টি রেক্স সাহেব (Mr. H. T. Raikes,) ১৪ সংখ্যক অর্থাৎ মুরশিদাবাদ এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন কিন্তু সদর আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি টি ডেবিডসন সাহেব (Mr. C. T. Davidson,) ১৫ সংখ্যক অর্থাৎ ঢাকা এলাকার রাজস্বের কমিস্যনর হইবেন।

শ্রীযুত এ স্কন্স সাহেব (Mr. A. Sconce,) ঢাকার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত এ ফরবস সাহেব (Mr. A. Forbes,) চাটিগাঁয়ের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট এবং পেশকসী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) রঙ্গপুরের কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চাটিগাঁয়ের অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

উপরোক্ত নিয়োগসকল বর্ত্তমান মাসের ১৪ তারিখ অবধি চলিবেক।

ছুটী।

১৮৫৩ সাল ২১ অক্টোবর।

রঙ্গপুরের একটিং জজ শ্রীযুত ডবলিউ বেল সাহেব (Mr. W. Bell,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার উক্ত জিলার সদর আমীনের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার চিকিৎসকতা কার্য্যকারক শ্রীযুত ডাক্তর জে বি বারি সাহেব (Dr. J. B. Barry,) আপনার কর্ম্মের ভার এতদ্দেশীয় চিকিৎসক শ্রীযুত দয়া সিংহের প্রতি অর্পণ করিয়া স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

গোবিন্দপুরের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু মহেশচন্দ্র দত্ত পূর্ব্বে যে ছুটী পাইয়াছিলেন তাহার অতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৭ অক্টোবর।

মানভূমের প্রধান সদর আমীন শ্রীযুত রায় তারকনাথ সেন দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৯ অক্টোবর।

বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) আপন মোকামে পঁহুছিবার মিয়াদের অতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১। ১২ ধারানুসরে পঁচশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৩১ অক্টোবর।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) আপন কর্ম্মের ভার শ্রীযুত এচ বি লাফর্ড সাহেবের (Mr. H. B. Lawford,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত লাফর্ড সাহেব মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এচ জি আষ্টেল সাহেব (Mr. H. G. Astell,) "ওরিএণ্টল নামক" বাষ্পীয় জাহাজে ইউরোপে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন আডকাটি সাহেব এ জাহাজ বর্ত্তমান মাসের ২১ তারিখে সমুদ্রে ছাড়িয়া আইসেন।

১৮৫৩ সাল ৩১ অক্টোবর।

শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১৬০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৪ অক্টোবর।

শ্রীযুত আর এচ পর্কিন্স সাহেব (Mr. R. H. Perkins,) বালেশ্বরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক এবং ঐ জিলাতে নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৮ নবেম্বর।]

১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

শ্রীযুত জে এচ মাঙ্গল্স সাহেব (Mr. J. H. Mangles,) বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

১৮৫৩ সাল ৩ নবেম্বর।

শ্রীযুত জে এচ রেবন্‌শা সাহেব ও শ্রীযুত ডবলিউ টেরি সাহেব (Messrs. J. H. Ravenshaw and W. Terry,) ও শ্রীযুত বাবু রাঁধানাথ গাঙ্গুলি মেদিনীপুরে সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৩১ অক্টোবর।

১১ সংখ্যক অর্থাৎ পাটনা এলাকার একটিং কমিস্যনর শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) আপনার কর্ম্মের ভার রাখিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পুরীর সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত ই বি থ্রিঙ্গ সাহেব (Mr. E. B. Thring,) আপনার চিকিৎসকতা কর্ম্মের ভার সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ সরকারের প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) আপনার কর্ম্মের ভার একটিং কালেক্টর শ্রীযুত ই জেনকিন্স সাহেবের (Mr. E. Jenkins,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জেনকিন্স সাহেব মাজিষ্ট্রেটী কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. / গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. / ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চব্বিশপরগনা।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবত ইংরাজী সন ১৮৫৩ সালের ২২ নবেম্বর মোতাবেক সন ১২৬০ সালের ৮ অগ্রহায়ণ মঙ্গলবার এই জেলার কালেক্টরির কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণী। এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৫৪৯ নং। হজুরি মহাল পরগনা পাইকানওং মোঃ শালিখিয়াওং লিখিত মালিক শ্রীশ্রীকৃষ্ণ সিংহপ্রভৃতি।

সদর জমা ২০৯১৶৭ টাকা।

সন ১৮৫৩। ৪ নবেম্বর।

E. T. TREVOR, *Collector.*

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given that the Pottahs of the undermentioned Government Grants, situated in the limits of the Soonderbuns, in 24-Pergunnahs, will be put up for public sale at noon on Wednesday the 16th November, 1853, corresponding with the 2d Augron, 1260, B. S., at the Office of the Commissioner in the Soonderbuns, Allipore.

2nd. The highest bidder will be entitled to them, and must immediately pay to the Commissioner of the Soonderbuns, the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name and made over to him with the confirmation of Government, and he will become the Grantee of the said Grant under the condition prescribed in the Pottah.

3d. It is further notified, that intending purchasers, who may wish to see the map of the grant, and desire to obtain any particulars connected with it, and its present state, can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner. These conditions and particulars will be proclaimed at the time of sale.

Number of Lots.	Ruqbah.
106	20,900
110	31,000
111	60,000
112	29,000
113	26,000
114	62,000
115	38,000
135	28,000
140	18,000
163	38,000
168	21,000
99	21,900

OOMAKAUNT SEIN,
Commissioner.

Soonderbun Commissioner's Office, Allipore,
The 29th October, 1853.

[*Government Gazette*, 8*th November*, 1853.]

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার ।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে কাপ্তান হাজীয সাহেবের নক্শাভুক্ত নিম্নের লিখিত লাটহায় সংক্রান্ত জঙ্গল ভূমির পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরেজী সন ১৮৫৩ সালের ১৬ নবেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৬০ সালের ২ অগ্রহায়ণ রোজ বুধবার বেলা দুই প্রহরের সময় নীলামে হইবেক যে জন অতিউচ্চ মূল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণে খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাহার নামে প্রস্তুত করিয়া গবর্ণমেণ্টের মঞ্জুরিক্রমে তাহাকে দেওয়া যাইবেক পরন্তু খরিদার মজকুর পাট্টার নির্দিষ্ট নিয়মানুসারে ভূমিতে দখলকার হইয়া রাজস্ব আদায় করিবেন আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষ যে কেহ ঐ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় যাইয়া দেখিতে পারেন এবং অপর নিয়মের বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ২৮ অকটোবর মোতাবক সন ১২৬০ সাল তারিখ ১৩ কার্ত্তিক।

লাটের নম্বর	আন্দাজী রকম ।
১০৬ নং	২০৯০০/
১১০ নং	৩১০০০/
১১১ নং	৬০০০০/
১১২ নং . . .‧. ...	২৯০০০/
১১৩ নং	২৬০০০/
১১৪ নং	৬২০০০/
১২৫ নং	৩৮০০০/
১৩৫ নং	২৮০০০/
১৪০ নং	১৮০০০/
১৬৩ নং	৩৮০০০/
১৬৮ নং	২১০০০/
৯৯ নং	১১৯০০/

উমাকান্ত সেন । কমিস্যনর ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৩ । ৮ নবেম্বর ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল ।

Numb. 718 ৭১৮)

(৬১৭)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 15, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৫ নবেম্বর।

DRAFT OF ACT

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 28TH OCTOBER, 1853

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 28th October 1853.

ACT No —— OF 1853

An Act to explain and amend Act X of 1851 and Act XX of 1841

WHEREAS doubts exist as to the limits within which certificates of administration to personal estates granted in pursuance of Section IV Act X of 1851, by the British representative accredited to a foreign State or by the British Officer holding the highest executive authority in a district to which Act XX. of 1841 does not extend, and it is expedient to remove such doubts and also to amend the provisions of the said Act, It is enacted as follows:—

I. Every such certificate of administration as aforesaid, which shall hereafter be granted, shall, as regards the public securities of the East India Company, give authority to the person to whom the same shall be granted throughout the territories in the possession and under the Government of the East India Company, and have the same effect throughout the said territories as a certificate granted under the provisions of Act XX of 1841, as amended by Act X of 1851, has within the Presidency within which the same is granted, provided always, and it is hereby enacted, that no certificate granted under the provisions of Act XX of 1841, as amended by Act X of 1851, or under the provisions of Act X. of 1851, shall empower the person certified to negotiate any Government note or share of a Bank

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২৮ অক্টোবর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২৮ অকটোবর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

১৮৫১ সালের ১০ আইন ও ১৮৪১ সালের ২০ আইন স্পষ্ট করণের ও সংশোধনের আইন।

যেহেতুক ভিন্ন দেশের রাজদরবারে ব্রিটিস গবর্ণমেণ্টের প্রতিনিধিস্বরূপ যে সাহেব নিযুক্ত হন তিনি অথবা ১৮৪১ সালের ২০ আইন যে জিলাতে চলন নাই সেই জিলাতে যে ব্রিটনীয় কার্য্যকারক সাহেব সর্ব্বাপেক্ষা উচ্চ রাজ সম্পর্কীয় ক্ষমতা রাখেন তিনি, ১৮৫১ সালের ১০ আইনের ৪ ধারাক্রমে অস্থাবর সম্পত্তির সরবরাহের যে সর্টিফিকট দেন তাহার সীমার বিষয়ে সন্দেহ আছে, এবং ঐ সন্দেহ দূর করা ও উক্ত দুই আইনের বিধান সংশোধন করা বিহিত হইয়াছে, অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। সরবরাহ করণের পূর্ব্বোক্ত প্রকারের যে প্রত্যেক সর্টিফিকট উত্তর কালে দেওয়া যাইবেক তদ্দ্বারা, যে ব্যক্তিকে ঐ সর্টিফিকট দেওয়া যায় তাহাকে, কোম্পানি বাহাদুরের প্রমিসরি নোটের বিষয়ে, কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশ ব্যাপিয়া ক্ষমতার্পণ হইবেক। এবং ১৮৫১ সালের ১০ আইনের দ্বারা সংশোধিত ১৮৪১ সালের ২০ আইনের বিধানক্রমে দেওয়া সর্টিফিকট যে রাজধানীর মধ্যে দেওয়া যায় তাহাতে তাহার যে ফল হয় উক্ত দেশ ব্যাপিয়াও তাহার সেই ফল হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য ও ইহার দ্বারা হুকুম হইল যে ১৮৫১ সালের ১০ আইনের দ্বারা সংশোধিত ১৮৪১ সালের ২০ আইনের বিধানক্রমে, অথবা ১৮৫১ সালের ১০ আইনের বিধানক্রমে, যে সর্টিফিকট দেওয়া যায় তাহাতে যদি কোন গবর্ণমেণ্টের নোট কি ব্যাঙ্কের শ্যার নির্দ্দিষ্ট না থাকে তবে সেই গবর্ণমেণ্টের নোট কি ব্যাঙ্কের শ্যের কি এমত নোটের কোন অংশ কেনাবেচা করিতে কিম্বা

or any share of such security, or to receive any interest or dividend due thereon, or any share of such interest or dividend, unless the Government note or Bank share shall be specified in such certificate.

II. Any Judge, British representative or other British Officer authorized to grant a certificate may from time to time extend the same to any Government note or Bank share not originally specified therein, and every such extension shall have the same effect as if the Government note or Bank share to which the certificate shall be extended had been originally specified therein.

III. Upon the extension of a certificate, security may be required in the same manner as upon the original grant of a certificate.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 28th day of January, 1854.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

[Continued from page 609.]

Circular No. 1081, *dated 31st July,* 1841.

1 have the honor by direction of the Board of Customs, Salt and Opium, to forward herewith for your information, and for the purpose of being made generally known within the District under your control, four printed copies of the Rules now in force in regard to the removal of Rum, under bond, from Mofussil distilleries to Calcutta, for exportation by sea.

2. The Board request your particular attention to the 9th clause of the Rules, and they desire me to inform you that they will expect a strict observance of the same on your part, it being essentially necessary for purposes of check in the cancellation of bonds, and with a view to the security of the Abkarry revenue, that this office and that of the Collector of Customs should be kept apprized of all passes granted in the Mofussil for the removal of Rum to Calcutta.

RULES.

[*Enacted under date 15th July,* 1841,]

RELATIVE TO THE BONDING OF RUM, PRODUCED AT LICENSED DISTILLERIES, WORKED IN THE EUROPEAN METHOD, SUCH RUM BEING REMOVED UNDER BOND FOR EXPORTATION BY SEA.

First.—Parties working under license, distilleries

তাহার উপর পাওনা কোন সুদ কি ডিবিডেণ্ড, কি ঐ সুদ কি ডিবিডেণ্ডের কোন অংশ, গ্রহণ করিতে ঐ সর্টিফিকটের দ্বারা ঐ সর্টিফিকটপ্রাপ্ত ব্যক্তির প্রতি ক্ষমতা হইবেক না ইতি।

২ ধারা। যে কোন জজ সাহেব কি ব্রিটিস গবর্ণমেণ্টের প্রতিনিধি সাহেব কি অন্য ব্রিটিস কার্য্যকারক সাহেবের সর্টিফিকট দেওয়ার ক্ষমতা আছে তিনি সময়ে২ ঐ সর্টিফিকট বিস্তার করিয়া, তাহাতে যে গবর্ণমেণ্টের নোট কি ব্যাঙ্কের শ্যার প্রথমে লেখা যায় নাই তাহার বিষয়েও খাটাইতে পারেন, এবং যে গবর্ণমেণ্টের নোট কি ব্যাঙ্কের শ্যারের বিষয়ে ঐ সর্টিফিকট খাটান যাইবেক তাহা প্রথমে তাহাতে নির্দ্দিষ্ট থাকিলে যেরূপ ফল হইত উক্ত প্রকার প্রতিবারের বিস্তার করণেরও সেই ফল হইবেক ইতি।

৩ ধারা। সর্টিফিকট প্রথমে দেওয়া গেলে যে প্রকারে জামিনী দিতে হয় সেই প্রকারেও সর্টিফিকট বিস্তার করিলে জামিনী দিবার হুকুম হইতে পারিবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হুকুম হইল যে ১৮৫৪ সালের ২৮ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

[৬০৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১৮৪১ সাল ৩১ জুলাইর ১০৮১ নম্বরী সরকুলর।

রম শরাব সমুদ্রপথে রপ্তানী করিবার জন্যে বণ্ডক্রমে মফঃসলের ভাটীখানাহইতে কলিকাতায় আনিবার বিষয়ি ছাপাকরা চারি প্রস্থ বিধি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হুকুমমতে তোমার বিজ্ঞাপনের নিমিত্তে এবং তোমার অধীন জিলার মধ্যে সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি।

২।● বোর্ডের সাহেবেরা বিধানের ৯ প্রকরণে তোমাকে বিশেষমতে মনোযোগ করিতে হুকুম করিতেছেন এবং তোমাকে জানাইতে আমাকে আদেশ করিতেছেন যে সেই বিধানের কথা তুমি অতিদৃঢ়রূপে মানিবা তাঁহারদের এই অপেক্ষা আছে, যেহেতুক বণ্ড বাতিল করিতে হইলে মোকাবিলার জন্যে এবং আবকারী রাজস্বের রক্ষার জন্যে, রম শরাব কলিকাতায় লইয়া যাইবার যে সকল পাস মফঃসলে দেওয়া যায় তদ্বিষয় এই দপ্তরখানায় এবং হাসিলের কালেক্টর সাহেবের দপ্তরখানায় জ্ঞাত করাণ অত্যন্ত আবশ্যক কার্য্য।

বিধান।

ইউরোপীয় নিয়মমতে কার্য্যহওয়া পাট্টাপ্রাপ্ত ভাটীখানাতে যে রম শরাব চোয়ান যায় এবং সমুদ্রপথে রপ্তানী হইবার বণ্ডক্রমে বাহির করা যায় সেই রম শরাবের বণ্ডের বিষয়ি বিধান।

[১৮৪১ সালের ১৫ জুলাই তারিখে জারী হয়।]

১ প্রথম। ইউরোপীয় নিয়মমতে যে ভাটীখানা প্রস্তুত

constructed and worked in the European method, will be allowed to remove Rum there produced direct to Calcutta, without the previous payment of the still head duty after executing a bond to the Honorable the East India Company, binding themselves to pay eight annas* per wine gallon being the consolidated Abkarry tax† and still head duty for any portion of the spirits so bonded which may not be exported by sea as merchandize within four calendar months from the date of the bond.

Second.—A member of some established house of business in Calcutta to be one of the parties bound, and the parties bound to be jointly and severally answerable for any amount which may ultimately fall due under the bond.

Third.—The distillery and apparatus will be considered as pledged‡ for any amount which may become due under the bond.

Fourth.—The Board of Customs, Salt and Opium, may refuse the security tendered without assigning any cause.

Fifth.—Bonds will not be received for a less quantity of Rum than 1,000 wine gallons, and no quantity of less than 1,000 wine gallons will be allowed to be removed from the distillery under bond. No spirits to be removed of a strength below London proof.¶

Sixth.—On the bond being duly executed an order with corresponding marks and numbers will be issued to the Collector of Land Revenue or other officer duly authorized under whose supervision the distillery is worked, directing him to permit the quantity bonded to pass from the distillery without payment of the still head duty, at the same time a true copy of the bond will be forwarded to the Collector of Calcutta Customs.

Seventh.—The Darogah or other officer in charge of the distillery will not allow any cask of Rum to leave the distillery without the following marks cut or legibly painted on the cask.

1.—The name of the distillery and known mark of the proprietor.

2.—The quantity of Rum contained in the cask.

3.—The strength of the Rum *over* London proof,

---

* This has since been changed to one rupee per imperial gallon, being the rate of duty levied on Rum consumed in Calcutta under Act No. XI. of 1849.

† *Note.*—Leviable under Section 4, Clause 1, Regulation VII. of 1824.

‡ *Note.*—Under Section 10, Regulation II. of 1802.

¶ *Note.*—The strength to be determined by Sykes's Hydrometer, the instrument used by the Excise in England.

হয় ও তাহাতে কার্য্য করা যায় তাহার পাট্টাপ্রাপ্ত হইয়া যে ব্যক্তিরা কর্ম্ম করে তাহারা যদি কোম্পানি বাহাদুরের নিকটে এই মর্ম্মের এক বণ্ড অর্থাৎ একরারনামা লিখিয়া দেয় যে, ঐ বণ্ডের তারিখের পর চারি মাসের মধ্যে উক্ত প্রকারে বণ্ডহওয়া মদিরার যে কোন অংশ বাণিজ্যদ্রব্য-স্বরূপ সমুদ্রপথে রপ্তানী না করা যায় তাহার উপর ওয়াইন শরাবের গালনপ্রতি ॥০ আট* আনা অর্থাৎ আবকারীর† ও ভাটীর মোটের মাসুল দিব, তবে ভাটীর মাসুল পূর্ব্বে না দিয়া সেই স্থানের চোয়ান রম শরাব কলিকাতায় একেবারে লইয়া যাইতে পারিবেক।

২ দ্বিতীয়। ঐ একরারনামায় যাহারা বদ্ধ থাকে তাহারদের মধ্যে কলিকাতায় তেজারতের কোন প্রসিদ্ধ কুঠীর শরীক এক জন হইবেক এবং যাহারা সেই প্রকারে বদ্ধ হয় তাহারা ঐ বণ্ডক্রমে শেষে যে কোন সংখ্যার টাকা দেনা পড়ে তাহার বাবৎ একত্র ও স্বতন্ত্র দায়ী হইবেক।

৩ তৃতীয়। বণ্ডক্রমে যে কোন টাকা দেনা পড়ে তাহার নিমিত্তে ভাটীখানা ও ভাটী ডেগাদি সকল পাত্র বন্ধকী দ্রব্য ‡ স্বরূপ জ্ঞান হইবেক।

৪ চতুর্থ। যে জামিনী দিবার প্রস্তাব হয় তাহা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরা কোন হেতু না দর্শাইয়া অগ্রাহ্য করিতে পারেন।

৫ পঞ্চম। ১০০০, এক হাজার ওয়াইন গালনের কম রম শরাবের নিমিত্তে বণ্ড গ্রাহ্য হইবেক না এবং ১০০০ হাজার ওয়াইন গালনের কম শরাব বণ্ডক্রমে ভাটীখানা-হইতে বাহির করিবার অনুমতি হইবেক না। লণ্ডন নগরের পরখসই মদিরার যে তীব্রতা তাহার কম তীব্রতার কোন মদিরা বাহির করা যাইবেক না।¶

৬ ষষ্ঠ। বণ্ড উপযুক্তমতে দস্তখৎ হইলে তদনুসারের চিহ্ন ও সংখ্যার সহিত এক হুকুম, ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের নামে, অথবা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য যে কার্য্যকারকের ভারে ঐ ভাটীখানার কার্য্য চালান যাইতেছে তাঁহার নামে, জারী হইবেক। তাহাতে তাঁহার প্রতি এই হুকুম হইবেক যে যত শরাবের নিমিত্তে বণ্ড হইয়াছে তত শরাব, ভাটীর মাসুলবিনা ভাটীখানা-হইতে ছাড়িয়া দেন। সেই সময়ে ঐ বণ্ডের এক প্রকৃত নকল কলিকাতার হাসিলের কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইবেক।

৭ সপ্তম। পীপাতে নীচের লিখিত চিহ্ন খোদিত না হইলে কি রঙ্গ দিয়া স্পষ্টরূপে প্রকাশ না হইলে দারোগা কিম্বা ভাটীখানার ভারপ্রাপ্ত অন্য আমলা রম শরাবের কোন পীপা ভাটীখানাহইতে যাইতে দিবেক না।

১। ভাটীখানার নাম ও মালিকের জানা চিহ্ন।

২। পীপাতে যত রম শরাব আছে তাহার কথা।

৩। লণ্ডননগরের পরখসই মদিরার তীব্রতার ঊর্দ্ধ

---

* তাহার পরে ঐ মাসুলের পরিবর্ত্তে ইম্পিরিয়ল গালনের উপর ১, টাকা মাসুল লইবার হুকুম হইয়াছে ১৮৪৯ সালের ১১ আইনক্রমে কলিকাতায় যে রম শরাব খরচ হয় তাহার উপর ঐ হারে মাসুল লওয়া যাইতেছে।

† মন্তব্য। ১৮২৪ সালের ৭ আইনের ৪ ধারার ১ প্রকরণানুসারে আদায় হয়।

‡ মন্তব্য। ১৮০২ সালের ২ আইনের ১০ ধারাক্রমে

¶ মন্তব্য। তাহার তীব্রতা নিরূপণের নিমিত্তে সাইকসের হৈড্রমিটর নামক যন্ত্রের ব্যবহার হইবেক। ইঙ্গলণ্ডে আবকারীর কার্য্যকারকেরা ঐ যন্ত্র ব্যবহার করে।

as for instance the marks of Dhobah will stand thus:

RUM
Wine Gallon.
B & Co.
DHOBAH.
* O P 5.

Eighth.—The above marks must be put at each end of the casks, and the strength above London proof must be declared and marked by the proprietors themselves or their agents, at the distillery.

Ninth.—On the Rum being removed from the distillery, the Collector of the District or other officer duly authorised will grant a pass for its protection to Calcutta (as is now done when spirits pay the still head duty) and then immediately make his return to the Board that they have been so removed.

Tenth.—The Calcutta Custom House to have no cognizance of the Rum until it is brought for exportation. If the proprietors of Rum distilleries or their agents should rent a godown on the Custom House premises, the Rum as brought from the distillery may of course be lodged in that godown. But all Rum so lodged on the Custom House premises must be considered as intended exclusively for export by sea. In other words no Rum lodged in godowns on the Custom House premises can be passed into town subsequently, nor be passed otherwise on any account except for direct sea export.

Eleventh.—On Bengal Rum being brought to the Custom House for exportation, the exporting parties shall declare in writing by what bond it is protected, and shall produce the pass of the Collector of Land Revenue or the officer duly authorized to grant passes, and the factory invoice. It shall then be gauged for quantity and proved to ascertain its strength by a Custom House officer. If the strength be not less than that shown by the mark on the cask, which cask must be the same in which it was removed from the distillery, the Rum shall be allowed to pass for sea export and the quantity be written off on the copy of the bond which will previously have been furnished to the Collector of Sea Customs, from the office of the Board of Customs, Salt and Opium. If the strength be less than the mark on the cask, the cask and spirits in question shall be liable to confiscation and forfeiture to Government. No Rum shall be allowed to be ex-

* *Note.*—Meaning 5 Degrees over or above London proof.

ঐ রুম শরাবের যত তীব্রতা। যথা ধোবার শরাবের এই চিহ্ন থাকিবেক।

রুম
এড ওয়াইন গালন
বি কোম্পানি
ধোবা
উর্দ্ধ ৫। *

৮ অষ্টম। উক্ত চিহ্ন সকল পীপার দুই দিগে থাকিবেক এবং লণ্ডন পরখসহীর উর্দ্ধ যে তীব্রতা হয় তাহা মালিকেরা আপনারাই কিম্বা তাহারদের মোখ্তারেরা ভাটীখানাতে জানাইয়া তাহার অঙ্ক ঐ চিহ্নেতে দিবেক।

৯ নবম। রুম শরাব ভাটীখানাহইতে লইয়া যাইবার সময়ে, এইক্ষণে শরাবের ভাটীর মাসুল দেওয়া গেলে যেমন হইয়া থাকে তেমনি, জিলার কালেক্টর সাহেব কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক কলিকাতাপর্য্যন্ত তাহার রক্ষার জন্যে পাস দিয়া তৎক্ষণে বোর্ডের নিকটে আপনার রিপোর্ট করিবেন যে তাহা বাহির করা গিয়াছে।

১০ দশম। রুম শরাব রফ্তানী হইবার জন্যে যাবৎ উপস্থিত না করা যায় তাবৎ তদ্বিষয়ে কলিকাতার কষ্টম হৌসের কোন এলাকা থাকিবেক না। যদি রুম শরাবের ভাটীখানার মালিকেরা কি তাহারদের মোখ্তারেরা কষ্টম হৌসের কোন গুদাম কেরায়া করিয়া লয় তবে রুম শরাব ভাটীখানাহইতে যেমন আনা যায় তেমনি ঐ গুদামে রাখা যাইতে পারে। কিন্তু সেই প্রকারে কষ্টম হৌসে যে সকল রুম শরাব গুদামজাত করা যায় তাহা কেবল সমুদ্রপথে রফ্তানী হইবার নিমিত্তে আছে জ্ঞান হইবেক। এই কথার ভাব এই, কষ্টম হৌসের এলাকার গুদামের মধ্যে রুম শরাব গুদামজাত করা গেলে পর নগরের মধ্যে চালান হইতে পারিবেক না এবং একেবারে সমুদ্রপথে রফ্তানী হইবার জন্যভিন্ন অন্য কোন প্রকারে তাহার কোনমতে পাস হইতে পারে না।

১১ একাদশ। বাঙ্গলা দেশের রুম শরাব রফ্তানী হইবার জন্যে কষ্টম হৌসে পঁহুছান গেলে যে বণ্ডের দ্বারা তাহার রক্ষা হয় তাহা রফ্তানীকরণিয়া ব্যক্তিরা লিখিয়া জানাইবেক এবং ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের পাস কিম্বা পাস দিতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের পাস এবং কুঠীর চালান দেখাইবেক। যে পীপাতে ভাটীখানাহইতে বাহির করা গিয়াছে সেই পীপাতে ঐ রুম শরাব থাকিবেক। পরে কষ্টম হৌসের এক জন কার্য্যকারক পীপাতে যত শরাব আছে তাহা গেজের দ্বারা মাপিয়া তাহার তীব্রতা নিশ্চয় করিবার নিমিত্তে তাহার পরখ করিবেক। তাহাতে পীপার উপর যে চিহ্ন দেখান যায় তাহাহইতে যদি তীব্রতা কম না হয় তবে সমুদ্রপথে রফ্তানী হইবার জন্যে ঐ রুম শরাবের পাস হইতে পারিবেক এবং হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের দফ্তরখানাহইতে ঐ বণ্ডের যে এক কেতা নকল সমুদ্রপথে গমনার্থ দ্রব্যের হাসিলের কালেক্টর সাহেবকে পূর্ব্বে দেওয়া গিয়াছিল, তাহার উপর ঐ পীপাতে যত শরাব আছে তাহা লেখা যাইবেক। পীপাতে যে অঙ্ক আছে তাহার অপেক্ষা যদি তীব্রতা কম হয় তবে ঐ পীপা ও কমতীব্র ঐ শরাব গবর্ণমেণ্টে ক্রোক হইয়া জব্দ হইবার যোগ্য হইবেক। লণ্ডনের পরখসহীর কম তীব্র কোন রুম শরা-

* অর্থাৎ লণ্ডন নগরের পরখসহী মদিরার তীব্রতার উর্দ্ধ ৫ অঙ্ক তীব্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

ported below London proof, and any brought to the Customs House below London proof shall be confiscable to the Government.

Twelfth.—When the entire bonded quantity is written off upon the copy of the bond, the Collector of Sea Customs shall return the said copy of the bond (or otherwise certify the full exportation of the Rum covered by that bond) to the Board of Customs, Salt and Opium, and the bond in the Board's keeping shall then be cancelled.

Thirteenth.—If at the expiration of four months the entire quantity of Rum covered by any bond shall not have been exported and written off as provided in the preceding clause, the Board of Customs, Salt and Opium, the same being certified to them by the Collector of Calcutta Customs, will proceed* to recover the duty at the rate of 8 annas† per wine gallon, conditioned to be paid upon such quantity of Rum as may not have been exported under the said bond.

Fourteenth.—It shall be the province of exporters to see that the exports made from time to time under a bond are properly written off or certified on the copy of such bond, which is in possession of the Collector of Calcutta Customs, and they, the exporters, shall testify that it was correctly so written off by their signature to the entry.

Fifteenth.—Time expired bonds shall be renewable under the authority of the Board of Customs, Salt and Opium, in the event of its being shown to the satisfaction of the Board that the parties executing the bond have been unable from the occurrence of some unforeseen obstacle or accident to export the entire bonded quantity within the period of the currency of the bond. It is to be fully understood, however, that the Board reserve to themselves the power of declining to renew time expired Bonds without assigning any reason for so doing, in which case the duty of 8 annas † per gallon on the unexported quantity shall be levied.

Sixteenth.—A shipment of Rum is entitled to drawback of the consolidated still head or Abkarry duty of 8 annas † per gallon, whether paid in cash or secured by bond, subject to the prescribed export Customs duty.

Seventeenth.—A maximum allowance as per following scale will be made on account of ullage and leakage on Rum brought to Calcutta from the Mofussil for exportation by sea.

---

* See notification of 1st May, 1851 giving the Collector discretion to renew bonds.

† This has since been changed to one rupee per imperial gallon, being the rate of duty levied on Rum consumed in Calcutta under Act No. XI. of 1849.

[*Government Gazette*, 15*th November*, 1853.]

বের রপ্তানী হইবার অনুমতি হইবেক না এবং লণ্ডন পরুথ-সহীর কমতীত্র যে রম শরাব কষ্টম হৌসে আনা যায় তাহা গবর্ণমেণ্টে জব্দ হইবার যোগ্য হইবেক।

১২ দ্বাদশ। বণ্ডকরা সমুদয় শরাবের পরিমাণ ঐ বণ্ডের নকলে লেখা গেলে পর সমুদ্রে গমনার্থ দ্রব্যের হাসিলের কালেক্টর সাহেব বণ্ডের উক্ত নকল হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবদিগকে ফিরিয়া দিবেন, (কিম্বা ঐ বণ্ডেতে যত রম লেখা হইয়াছে তাহার সমুদয় রপ্তানী হইবার সর্টিফিকট অন্য প্রকারে দিবেন,) তাহাতে বোর্ডের নিকটে যে বণ্ড আছে তাহা বাতিল হইবেক।

১৩ ত্রয়োদশ। কোন বণ্ডের দ্বারা যে রম শরাবের রক্ষা হয় তাহার সমুদয় যদি ১২ দ্বাদশ প্রকরণের নির্দ্দিষ্টমতে চারি মাস অতীত হইয়াও রপ্তানী না হয় ও লেখা না যায় তবে কলিকাতার হাসিলের কালেক্টর সাহেব সেই কথা হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদিগকে জ্ঞাত করিলে ঐ বোর্ডের সাহেবেরা উক্ত বণ্ডক্রমে যত রম শরাব রপ্তানী হয় নাই তাহার যে মাসুল দিবার করার হইয়াছিল ফি ওয়াইন গালনের উপর ॥০ ঐ আট আনা * মাসুল আদায় করিবেন।

১৪ চতুর্দ্দশ। রপ্তানীকরণিয়ারদের কর্ত্তব্য যে বণ্ডক্রমে সময়ে২ যে সকল শরাব রপ্ত হয় তাহা ঐ বণ্ডের যে কেতা নকল কলিকাতার হাসিলের কালেক্টর সাহেবের নিকটে আছে তাহাতে লেখা গিয়াছে অথবা তাহার রপ্তানীর নিশ্চয়ার্থ কথা লেখা হইয়াছে এই বিষয় দেখে ও তাহা যথার্থমতে লেখা গিয়াছে ইহার প্রমাণে রপ্তানী করণিয়েরা এণ্ট্রীতে আপনারদের নাম সহী করিবেন।

১৫ পঞ্চদশ। বণ্ডের মিয়াদ অতীত হইলে যদি হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হৃদ্বোধমতে দেখান যায় যে ঐ বণ্ড যাহারা করিয়াছিল তাহারা কোন অদৃষ্ট বাধা কি দৈবঘটনাপ্রযুক্ত ঐ বণ্ডের মিয়াদের মধ্যে করারী সমুদয় শরাব রপ্ত করিতে পারে নাই তবে ঐ বোর্ডের সাহেবেরদের আজ্ঞার অধীনে ঐ বণ্ড নূতন করিয়া দেওয়া যাইতে পারে। পরন্তু যে বণ্ডের মিয়াদ অতীত হইয়াছে তাহা নূতন করিয়া দিবার বিষয়ে কোন হেতু না দর্শাইয়া অস্বীকার করিতে পারেন বোর্ডের সাহেবেরদের এই ক্ষমতা থাকিবেক ইহাও সকলের ভালমতে জানা উচিত। যদি নূতন করিয়া না দেন তবে রপ্ত করিতে যত বাকী থাকে তাহার ফিগালনের উপর ॥০ আট আনা * মাসুল আদায় করা যাইবেক।

১৬ ষোড়শ। যে রম শরাব জাহাজে বোঝাই হয় তাহার ফিগালনের প্রতি ভাটীর কি আবকারীর মোটের মাসুল ॥০ আনা * নগদ দেওয়া গেলেও কি বণ্ডের দ্বারা তাহা আদায়ের করার হইলেও তাহা ফিরিয়া পাইবার স্বত্ব থাকিবেক। কিন্তু রপ্তানী দ্রব্যের উপর হাসিলের নির্দ্দিষ্ট মাসুল দেওয়া প্রয়োজন।

১৭ সপ্তদশ। মফঃসলহইতে সমুদ্রপথে রপ্তানী হইবার জন্যে যে রম শরাব কলিকাতায় আনা যায় তাহার ঝর্ত্তি ও পড়তির বাবৎ অত্যধিক যাহা বাদ দেওয়া যাইতে পারে তাহার ফর্দ্দ এই।

---

* ১৮৫১ সালের ১ মে তারিখের বিজ্ঞাপন দেখ তাহাতে কালেক্টর সাহেব স্বীয় বিবেচনামতে বণ্ড নূতন করিয়া দিতে পারেন।

† তাহার পরে ঐ মাসুলের পরিবর্ত্তে ইম্পিরিয়ল গালনের উপর ১৲ টাকা মাসুল লইবার হুকুম হইয়াছে ১৮৪৯ সালের ১১ আইনক্রমে কলিকাতায় যে রম শরাব খরচ হয় তাহার উপর ঐ হারে মাসুল লওয়া যাইতেছে।

	Miles.	℔ Cent.
For a distance not exceeding ...	100	5
Ditto ditto	200	7½
For all distances in excess of ...	200	10

By order of the Board of Customs, Salt and Opium,

H. TORRENS,
Secretary.

মাইল	শতকরা
১০০ অধিক না হয় এমত স্থানহইতে	৫৲
২০০ ঐ ঐ	৭॥০
২০০ অধিক দূর স্থানহইতে	১০৲

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের হুকুমক্রমে।

এচ টরেন্স। সেক্রেটারী।

Circular No. 1808, *dated 30th September,* 1847.

I am directed by the Board of Customs, Salt and Opium, to request that after the receipt of these instructions by the officers in charge of the Abkarry Mehal in the districts noted in the margin, no Abkarry opium may be supplied to the licensed vendors or sold on account of Government, except at the rates specified opposite the name of each district.

2. No interference will of course be exercised in the dealings of the licensed vendors. They will be allowed, as heretofore freely to make what profit they can by the sale of the drug to the people.

১৮৪৭ সালের ৩০ সেপ্টেম্বর তারিখের ১৮০৮ নম্বরী সরকুলর।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হুকুমক্রমে আদেশ করিতেছি যে নীচের লিখিত* জিলার আবকারী মহালের ভারপ্রাপ্ত কার্য্যকারকেরা এই উপদেশপত্র পাইলে পর প্রত্যেক জিলার পার্শ্বে যে হার নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন অন্য হারেতে গবর্ণমেণ্টের তরফে কোন আবকারী আফীন পাট্টাপ্রাপ্ত বিক্রেতারদিগকে দেওয়া না যায় কি বিক্রয় না হয়।

২। পাট্টাপ্রাপ্ত বিক্রেতারদের ব্যাপারে সুতরাং কোন প্রকারে হস্তক্ষেপ করিতে হইবেক না। তাহারা পূর্ব্বাবধি যেমন করিয়া আসিতেছে তেমনি লোকেরদের কাছে আফীন বিক্রয় করিয়া যত লভ্য করিতে পারে তাহার বাধা হইবেক না।

District	Rate
Calcutta, Punchawongong, 24-Pergunnahs, Hooghly	16 Rupees a Seer.
Midnapore, Burdwan, Nuddea, Jessore	15 " "
Maunbhoom, Bancoorah, Beerbhoom, Moorshedabad	14 " "
Chittagong	16 " "
Bullooah	15 " "
Pubna, Furreedpore, Backergunge, Tipperah	14 " "
Rajshaie, Dacca	13 " "
Maldah, Bograh, Mymensing, Sylhet	12 " "
Rungpore, Dinagepore	11 " "
Bhaugulpore: Moonghyr, Bhaugulpore, Purneah	11 " "
Cuttack: Balasore	16 " "
Cuttack: Cuttack	14 " "
Cuttack: Pooree	13 " "
Arracan: Akyab, Kyouk Phyoo, Sandoway, Ramree	16 " "
S. W. Frontier: Hazareebaug	12 " "
S. W. Frontier: Lohardagga	11 " "

জিলা	হার
* কলিকাতা, পঞ্চান্নগ্রাম, চব্বিশপরগনা, হুগলী	শের প্রতি ১৬৲ টাকা
মেদিনীপুর, বর্দ্ধমান, নদীয়া, যশোহর	" " ১৫৲
মানভূম, বাঁকুড়া, বীরভূম, মুরশিদাবাদ	" " ১৪৲
চাটিগাঁ	" " ১৬৲
ভুলুয়া	" " ১৫৲
পাবনা, ফরিদপুর, বাকরগঞ্জ, ত্রিপুরা	" " ১৪৲
রাজশাহী, ঢাকা	" " ১৩৲
মালদহ, বগুড়া, ময়মুনসিংহ, ছিলট	" " ১২৲
রঙ্গপুর, দিনাজপুর	" " ১১৲
ভাগলপুর: মুঙ্গের, ভাগলপুর, পূরণিয়া	" " ১১৲
কটক: বালেশ্বর	" " ১৬৲
কটক: কটক	" " ১৪৲
কটক: পুরী	" " ১৩৲
আরাকাণ: আক্যাব, কিউকফিউ, সান্দোএ, রামরী	" " ১৬৲
দক্ষিণ পশ্চিম অঞ্চল: হাজারীবাগ	" " ১২৲
দক্ষিণ পশ্চিম অঞ্চল: লোহারডগা	" " ১১৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

Circular No. 2272, dated 20th December, 1847.

I am directed to transmit the following extract of a letter, dated 10th July last, No. 1252, addressed under the orders of the Board of Customs, Salt and Opium, to the Commissioner of the Chittagong Division, containing their views in regard to the principles on which the retail vend of opium is to be conducted, and which are circulated for the information and guidance of yourself and your subordinates :

" The Board are averse to any direct interfer-
" ence with the profits of the licensed retail opium
" vendors, or to any express limitation of the price
" at which they are to sell the drug to their cus-
" tomers. It is not, they desire me to remark, the
" business of Government or of public officers to
" determine, whether a licensed vendor shall realise
" 20 or 100 per cent. on his sales. On the contra-
" ry the vendors should be allowed to make the
" highest profit they can. The competition of other
" vendors will almost invariably restrict that pro-
" fit within moderate bounds ; and it is only in the
" possible, but unlikely case of a successful combi-
" nation among vendors to keep up prices at such a
" height, as to drive the people to the use of con-
" traband opium, and to deter other parties from
" taking out licenses, that a Collector would be jus-
" tified in resorting to the extreme measure of sell-
" ing opium for consumption at his own office."

" The Board are of opinion, that opium vendors
" would not be content with a gross profit of 20
" per cent. on their purchases, and that they would
" find effectual means of defeating any direct at-
" tempt to confine them to that rate, either by adul-
" teration or by the use of contraband opium. If
" on the other hand, their profits are limited only
" by the natural checks of competition and demand,
" the public are more likely to get pure opium for
" consumption, and one vendor will act as a check
" upon the illicit dealings of another."

" As already observed the power of selling from
" the Collector's office for consumption is not to be
" exercised except under extraordinary circum-
" stances, and then only as a temporary expedient
" to cease with the evil it was designed to cure."

" The Board do not see the objection supposed
" to exist to the application of a check by means of
" increasing the number of licensed vendors.* It is
" true that there are no impassible barriers between
" thannahs, pergunnahs, or even districts, but nei-

* Under Section LXVII. of Regulation XIII. of 1816, every licensed vendor must sell the opium in the shop specified in his license, or is liable to penalties.

[*Government Gazette. 15th November,* 1853.]

১৮৪৭ সালের ২০ ডিসেম্বর তারিখের ২২৭২ নম্বরী সরক্যুলর।

হাসিল ও নিমক ও আফীনের বোর্ডের সাহেবেরদের হুকুমক্রমে চাটিগাঁ এলাকার কমিস্যনর সাহেবের নিকটে গত জুলাই মাসের ১০ তারিখের ১২৫২ নম্বরী যে পত্র পাঠান যায় তাহাহইতে গৃহীত নীচের লিখিত কথা হুকুমমতে পাঠাইতেছি। আফীনের খুজরা বিক্রয় যে নিয়মমতে হইবেক তাহার বিষয়ে বোর্ডের সাহেবেরদের অভিপ্রায় ঐ কথায় লিখিত হইয়াছে। তোমার ও তোমার অধীন কার্য্যকারকেরদের উপদেশের নিমিত্তে তাহা পাঠান যাইতেছে।

" আফীনের পাট্টাপ্রাপ্ত খুজরা বিক্রেতারদের লভ্যের
" বিষয়ে সপষ্টরূপে হস্তক্ষেপ করণে, কিম্বা তাহারা যে মূ-
" ল্যেতে ঐ দ্রব্য ক্রেতারদের নিকটে বেচিবে তাহা নিশ্চয়-
" রূপে নিরূপণ করণে, বোর্ডের সাহেবেরা সম্মত নহেন।
" তাঁহারা আমাকে এই কথা কহিতে আদেশ করেন যে
" পাট্টাপ্রাপ্ত বিক্রেতা আপন বিক্রীত দ্রব্যের উপর শত-
" করা ২০৲ টাকা কি ১০০৲ টাকা লভ্য করুক এই বিষয়
" নিরূপণ করা গবর্ণমেণ্টের কি সরকারী কার্য্যকারকের-
" দের কর্ত্তব্য নয়। বরং বিক্রেতারা যত লভ্য করিতে
" পারে ততই করিতে দেওয়া উচিত। অন্য বিক্রেতারদের
" প্রতিযোগিতাতে ঐ লভ্য প্রায় সর্ব্বদাই মাঝামাঝি থা-
" কিবেক। কেবল বিক্রেতারা সফলরূপে যোগ করিয়া
" যদি আফীন অতি উচ্চ মূল্যে বিক্রয় করিতে থাকাতে
" লোকেরদের অগত্যা বিনানুমতির আফীন ব্যবহার
" করিতেই হয় এবং অন্য লোকেরা পাট্টা লইতে পারে
" না কেবল এমত অবস্থায় কালেক্টর সাহেব নিদানে
" আপন কাছারীতে লোকেরদের ব্যবহারার্থ আফীন
" বিক্রয় করিলেও তাহা অকর্ত্তব্য হয় না। ফলতঃ আফীন
" বিক্রেতারদের পূর্ব্বোক্ত প্রকার যোগ হইলে হইতেও
" পারে বটে কিন্তু তাহা অসম্ভব।

" বোর্ডের সাহেবেরা বোধ করেন যে আফীন বি-
" ক্রেতারা আপনারদের খরীদকরা আফীনের উপর
" মোটে শতকরা ২০৲ টাকা লভ্যেতে তৃপ্ত হইবেক না
" এবং তাহার অধিক লভ্য তাহারদের না পাইবার
" জন্যে সপষ্ট উদ্যোগ হইলে তাহারা হয় মিশাল কর-
" ণের দ্বারা নতুবা বিনানুমতির আফীন ব্যবহার করণের
" দ্বারা ঐ উদ্যোগ বিফল করিবার ফলিতার্থ কোন উপায়
" করিবেক। পরন্তু প্রতিযোগিতা ও গ্রাহক সংখ্যানু-
" সারে ব্যবসায়ঘটিত যে স্বাভাবিক আটক হইয়া থাকে
" কেবল তাহাতেই যদি তাহারদের লভ্যের খর্ব্বতা হয়
" তবে সাধারণ লোকেরদের ব্যবহারার্থ নির্ভাজ আফীন
" পাইবার অধিক সম্ভাবনা আছে এবং এক বিক্রেতার
" বেআইনী ব্যাপারের বিষয়ে অন্য বিক্রেতা বাধক হই-
" বেক।

" পূর্ব্বে লেখা গিয়াছে যে কালেক্টর সাহেবের কাছা-
" রীহইতে লোকেরদের ব্যবহারার্থ আফীন বিক্রয় করি-
" বার যে ক্ষমতা আছে সেই ক্ষমতামতে তিনি অসামান্য
" গতিকে কার্য্য করিতে পারেন কিন্তু তাহাও কেবল কি-
" ঞ্চিৎকালীন উপায় অর্থাৎ যে অনিষ্ট বিষয় নিবারণার্থে
" তাহা করা যায় সেই বিষয় নিবারণ হইলে ঐ উপায়ও
" স্থগিত হয়।

" পাট্টাপ্রাপ্ত বিক্রেতারদের সংখ্যা বৃদ্ধি করণের
" দ্বারা যে আটক হইতে পারে তদ্বিষয়ে যে আপত্তি
" আছে বোধ হয়, তাহা বোর্ডের সাহেবেরা ঠাহরাই-
" তে পারেন না। * থানায়২ ও পরগনায়২ এবং জি-
" লায়২ও গমনাগমনের কোন অনিবার্য্য বাধা নাই এই

* ১৮১৬ সালের ১৩ আইনের ৬৭ ধারামতে পাট্টাদার প্রত্যেক বিক্রেতার পাট্টাতে যে দোকান নির্দ্দিষ্ট হইয়াছে সেই দোকানে তাহার আফীন বিক্রয় করিতে হইবেক। না করিলে সে দণ্ডের যোগ্য হয়।

" ther is it desirable that there should be, or that
" vendors should be free from the control arising
" from the existence, or the fear of competition
" either in their own pergunnahs or in those adjoining. The improvident issue of licenses is undoubtedly to be avoided, that is to say, licenses
" ought only to be given to respectable and responsible parties; but their number need be subject
" to no other restriction than that opposed by the
" natural operations of trade; except in so far as
" may be necessary to prevent smuggling, there
" seems no good reason why the number of persons,
" licensed to sell opium, should be limited any more
" than that of the dealers in any other article of retail merchandize."

" কথা সত্য, কিন্তু তদ্রূপ বাঞ্ছা যে হয়, এবং আপনারদের
" পরগনার কিম্বা নিকটস্থ পরগনার প্রতিযোগি বিক্রেতা
" থাকনহইতে কিম্বা প্রতিযোগিতার ভয়হইতে যে বাধা
" জন্মে তাহাহইতে বিক্রেতারা যে মুক্ত হয়, ইহা ইষ্ট বিষয়ও নহে। বিবেচনা না করিয়া যাকে তাকে পাট্টা
" দেওয়া অবশ্য কর্ত্তব্য নহে। অর্থাৎ যাহারা সম্ভ্রান্ত ও
" দায়যোগ্য লোক কেবল তাহারদিগকে পাট্টা দিতে হয়।
" কিন্তু তাহারদের সংখ্যার বিষয়ে বাণিজ্যব্যাপারের
" স্বাভাবিক ফলেতে যে বাধা হয় ততোধিক কোন বাধা
" করা প্রায়োজন নাই। পরন্তু অন্যান্য বাণিজ্যদ্রব্যের
" খুজরা বিক্রেতারদের সংখ্যা যেমন খর্ব্ব করিবার কোন
" মাতবর হেতু নাই তেমনিও, কেবল ঘাট মাসুল চুরী
" নিবারণার্থে যেপর্য্যন্ত আবশ্যক হয় তদ্ভিন্ন, আফীন
" বিক্রেতারদের সংখ্যা খর্ব্ব করিবার কোন মাতবর হেতু
" দৃষ্ট হইতেছে না।"

Circular No. 1847, *dated* 13*th October*, 1849.

In modification of the Board's Circular to Collectors, dated the 15th August, 1831, I am directed to request that licenses for the wholesale vend of wines and spirits beyond the limits of Calcutta, may not be granted except on the payment of a fee of sixteen rupees as prescribed in Clause 1, Section 5, Regulation VII. of 1824.

2. Such licenses will remain in force from the date on which they are granted until the 30th April following, and will be sufficient to protect the entire quantity of any wines or spirituous liquors which those obtaining the license may have in their possession. When obtained by persons carrying wines and liquors for sale in transit, such licenses will be in force in every district to which the goods may be carried.

3. The accompanying form of wholesale license will be substituted in future for all others at present in use.

১৮৪৯ সালের ১৩ অক্টোবর তারিখের ১৮৪৭ নম্বরী সরকুলর।

বোর্ডের সাহেবেরদের ১৮৩১ সালের ১৫ আগষ্ট তারিখের যে সরকুলর কালেক্টর সাহেবেরদের নামে পাঠান গিয়াছিল তাহা মতান্তর হইয়া আমি আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে, ১৮২৪ সালের ৭ আইনের ৫ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্টমতে ষোল টাকা রসুম না দেওয়া গেলে কলিকাতার সীমাসরহদ্দের বাহিরে ওয়াইন শরাবের ও মদিরার থোকে বিক্রয়ের পাট্টা না দেওয়া যায়।

২। ঐ প্রকার পাট্টা যে তারিখে দেওয়া যায় সেই তারিখঅবধি তাহার পর আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত তাহা বহাল থাকিবেক। এবং পাট্টাপাওনিয়া ব্যক্তিরদের দখলে যত ওয়াইন শরাব ও মদিরা থাকে তাহাসমুদয়ের রক্ষার নিমিত্তে ঐ পাট্টা প্রচুর হইবেক। যাহারা ওয়াইন শরাব ও মদিরা বিক্রয়ার্থে স্থানে২ লইয়া যায় তাহারা যখন সেই প্রকার পাট্টা পায় তখন যে কোন জিলাতে তাহারদের ঐ দ্রব্য লওয়া যায় সেই জিলায় ঐ পাট্টা বহাল থাকিবেক।

৩। এইক্ষণে পাট্টার যে সকল পাঠ ব্যবহার হইতেছে তাহার পরিবর্ত্তে থোকে বিক্রয়ের পাট্টার নীচের লিখিত পাঠ ব্যবহার হইবেক।

LICENSE No.

FOR THE VEND OF SPIRITS AND WINES BY WHOLESALE.

I

do hereby, under the following conditions, authorize to sell Wines and Spirituous Liquors by wholesale beyond the limits of Calcutta from the date of his license to the 30th April, 185 .

2. This license does not authorize the sale of any Wines or Spirituous Liquors in a less quantity than two gallons, such sale being declared by Clause 2, Section 5, Regulation VII. of 1824, to be a retail sale.

3. If the said should take Wines or Spirituous Liquors for sale under this license to any other district than that in which the license is granted, he must report his arrival in every such district to the Officer in charge of the Abkarry Mehal there stationed. And if the said continues for more than one week at one place he must

ওয়াইন শরাবের ও মদিরার থোকে বিক্রয়ার্থ অমুক নম্বরের পাট্টা।

১। আমি অমুক ইহার দ্বারা শ্রী অমুককে নীচের লিখিত নিয়মানুসারে তাহার পাট্টার তারিখঅবধি অমুক সালের ৩০ আপ্রিল তারিখপর্য্যন্ত কলিকাতার সীমাসরহদ্দের বাহিরে ওয়াইন শরাব ও মদিরা থোকে বিক্রয় করিবার ক্ষমতা দিলাম।

২। এই পাট্টার শক্তিতে দুই গালনের কম কোন ওয়াইন শরাব কি মদিরা বিক্রয় করিতে হইবেক না যেহেতুক ১৮২৪ সালের ৭ আইনের ৫ ধারার ২ প্রকরণানুসারে উক্ত পরিমাণের কম বিক্রয় খুজরা বিক্রয় প্রকাশ হইয়াছে।

৩। যদি উক্ত শ্রী অমুক যে জিলায় পাট্টা দেওয়া গিয়াছে তদ্ভিন্ন অন্য কোন জিলায় ওয়াইন শরাব কি মদিরা বিক্রয়ার্থে লইয়া যায় তবে ঐ অন্য জিলাতে আবকারী মহালের ভারপ্রাপ্ত যে কার্য্যকারক নিযুক্ত আছেন তাঁহার নিকটে উক্ত শ্রী অমুক আপনকার ঐ জিলাতে পঁহুছিবার রিপোর্ট করিবেক। এবং যদি উক্ত শ্রী অমুক এক সপ্তাহের অধিক কাল এক মোকামে থাকে তবে সেই মোকাম যে জিলার অন্তঃপাতী হয় সেই জিলার আবকা-

take out a separate license from the Officer in charge of the Abkarry Mehal of the district in which that place may be situated.

4. The said shall not sell Wines or Liquors of any kind or in any quantity within the limits of any Military Cantonment without the sanction of the Commanding Officer.

5. An infraction of any of the above-named conditions will subject the said to the penalties prescribed in Section 21, Regulation X. of 1813, and Clause 2, Section 10, Regulation VII. of 1824.

Given under my hand and seal this day of 18 .

Notification of 1st May, 1851.

Parties interested in the execution of bonds for the exportation of Rum by sea, are hereby informed, that with the sanction of the Board of Revenue for the Lower Provinces, Section 15, of the Bonding Rules, will take effect as follows, and be enforced accordingly.

[Bonds for Rum for exportation by sea.]

1. Bonds for the exportation of Rum by sea will be current four months from the date thereof. The currency will be renewable, at the discretion of the Collector of Calcutta, for a further period of four months from the date of expiration of the first currency, and for no period more or less than that term. On the expiration of the eighth month or of the second currency, the Collector of Calcutta will proceed to adjust such time expired bonds, and levy duty on the quantity of Rum deficient or unaccounted for.

2. Provided however, that any party or parties seeking exemption from the strict enforcement of the above rule are required to make a representation to the Collector of Calcutta, setting forth the grounds on which they have been unable to export or account for the quantity of Rum deficient, and under the special sanction of the Abkarry Commissioner of the first or Calcutta Division the bond will be renewed, if sufficient cause be shown, for a third term, after the expiration of which currency the bond must be finally adjusted and duty levied on the deficiency if any.

[Bonds for Rum to be used in refining sugar and molasses.]

3. Distillers and Sugar Factors are also hereby informed, that the principle of the above rules is, under the sanction of the Board of Revenue for the Lower Provinces, applicable to bonds for Rum duty free used in refining Sugar and Molasses, but the periods of currency will remain as heretofore, *viz*:— First, currency for six months, second currency for a further period of six months no more and no less, and a third currency of six months will, as in the case of bonds for Rum for exportation by sea, require the special sanction of the Abkaree Commissioner of the 1st or Calcutta Division, and the

ত্রী মহালের ভারপ্রাপ্ত কার্য্যকারকের স্থানে তাহার আলাহিদা এক পাট্টা লইতে হইবেক।

৪। উক্ত শ্রী অমুক সৈন্যেরদের কোন ছাউনি স্থানের মধ্যে অধ্যক্ষ সেনাপতি সাহেবের অনুমতিবিনা কোন প্রকারের কি কোন পরিমাণের ওয়াইন শরাব কি মদিরা বিক্রয় করিবেক না।

৫। উপরের লিখিত নিয়মের মধ্যে কোন নিয়ম লঙ্ঘন করিলে উক্ত শ্রী অমুক ১৮১৩ সালের ১০ আইনের ২১ ধারার ও ১৮২৪ সালের ৭ আইনের ১০ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেক।

অমুক সালের অমুক তারিখে আমার দস্তখৎ ও মোহরে দেওয়া গেল।

১৮৫১ সালের ১ মে তারিখের বিজ্ঞাপন।

সমুদ্রপথে রম শরাবের রপ্তানীর বণ্ড করিবার বিষয়ে যে ব্যক্তিরদের সম্পর্ক থাকে তাহারদিগকে ইহার দ্বারা জ্ঞাপন করা যাইতেছে যে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর অনুমতিক্রমে বণ্ড করিবার বিষয়ি বিধানের ১৫ ধারানুসারে নীচের লিখিতমতে কার্য্য করা যাইবেক ও তাহা তদনুসারে প্রবল হইবেক।

[রম শরাবের সমুদ্রপথে রপ্তানীর বণ্ড।]

১। সমুদ্রপথে রম শরাব রপ্তানী করিবার বণ্ড যে তারিখে করা যায় সেই তারিখঅবধি চারি মাস বহাল থাকিবেক। কলিকাতার কালেক্টর সাহেবের বিবেচনামতে প্রথম বহালী মিয়াদ খেলাফ হইবার তারিখঅবধি অধিক চারি মাসের নূতন মিয়াদ দেওয়া যাইতে পারিবেক কিন্তু চারি মাসের অধিক কি কম নহে। অষ্টম মাস অর্থাৎ দ্বিতীয় মিয়াদ অতীত হইলে কলিকাতার কালেক্টর সাহেব ঐ খেলাফী মিয়াদের বণ্ড মোকাবিলা করিবেন এবং যত রম শরাব বাকী থাকে কিম্বা যতকের হিসাব দেওয়া যায় নাই তাহার মাসুল আদায় করিবেন।

২। পরন্তু জানা কর্ত্তব্য যে যখন কোন ব্যক্তি বা ব্যক্তিরা ঐ বিধির অতি আঁটাআঁটি কার্য্যহইতে মুক্ত হইতে চাহে তখন তাহারদিগকে আদেশ হইতেছে যে, কলিকাতার কালেক্টর সাহেবের নিকটে আরজী লিখিয়া, যে২ হেতুতে বাকী রম শরাব রপ্ত করিতে পারে নাই কি তাহার হিসাব দিতে পারে নাই তাহা জানায়। তাহাতে যদি মাতবর হেতু প্রকাশ হয় তবে প্রথম অর্থাৎ কলিকাতা এলাকার আবকারী কমিস্যনর সাহেবের বিশেষ অনুমতিক্রমে তৃতীয় মিয়াদে ঐ বণ্ড নূতন করিয়া দেওয়া যাইবেক। ঐ মিয়াদ অতীত হইলে পর ঐ বণ্ডের চূড়ান্তরূপে মোকাবিলা হইবেক এবং যদি কিছু বাকী থাকে তবে তাহার উপর মাসুল আদায় হইবেক।

[চিনী ও গুড় পরিষ্কার করিতে যে রম ব্যবহার হয় তাহার বণ্ড।]

৩। ভাটীদারদিগকে এবং চিনী প্রস্তুতকারকদিগকে এতদ্দ্বারা জ্ঞাপন করা যাইতেছে যে চিনী ও গুড়ের পরিষ্কার করণেতে বিনামাসুলের যে রম শরাব ব্যবহার হয় তাহার বণ্ডের বিষয়ে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে উক্ত বিধানের মূল নিয়ম খাটান যাইবেক। কিন্তু ঐ বণ্ড চলনের মিয়াদ পূর্ব্বাবধি যেমন হইয়া আসিতেছে তেমনি হইবেক অর্থাৎ প্রথম মিয়াদ ছয় মাসের, দ্বিতীয় মিয়াদ ছয় মাসের, তাহার অধিক নয় কমও নয়। এবং সমুদ্রপথে রপ্তানী হইবার নিমিত্তে রম শরাবের বণ্ডের বিষয়ে যেমন হয় তেমনি ছয় মাসের তৃতীয় মিয়াদ পাইবার জন্যে প্রথম অর্থাৎ কলিকাতা এলাকার আব-

course prescribed in paragraph 2, be followed in respect to them.

4. The uniform extensions above indicated will accord with the primary condition of the bonds, and will, it is believed, induce parties to exercise greater care in tendering bonds and punctuality in adjusting them.

CALCUTTA :
Abkaree Collectorate,
The 1st May, 1851. } *Collector.*

Circular No. 1073, *dated 7th July*, 1851.

I am directed by the Board of Revenue to forward a form* of license for the retail vend of imported spirituous and fermented liquors and wines which is to be immediately substituted for those now in use. The tax on the retail sale of these articles is to be limited in all cases to a license fee of Rs. 4 a month, without reference to the quantity that may be sold.

2. No such license is to be given for the retail vend of imported liquors and wines in a Military Cantonment without the previous sanction of the Commanding Officer.

3. A license of this description and also a license for the whole sale vend of imported wines and spirituous liquors may be held by the same person at one and at the same time.

[To be Continued.]

No. 1772.

ORDERS BY THE MOST NOBLE THE GOVERNOR OF BENGAL.

NOTIFICATION.

The 4th October, 1853.

With reference to the Notification, No. 1388, dated the 21st July last, which appeared in the *Bengalee Government Gazette* of the 9th August, 1853, the following despatch from the Hon'ble the Court of Directors, together with the letter referred to therein, is published for general information.

PUBLIC DEPARTMENT.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

No. 48 *of* 1853.—With reference to our Despatch in this Department, dated 24th May last, No. 30, we forward copy of a letter which has been addressed to Her Majesty's Secretary of State for Foreign Affairs by the French Ambassador, stating the decision which has been come to by the Government of His Imperial Majesty in regard to Foreign prohibited goods which may be sent to the Universal Exhibition to be held in Paris in May 1855, and we request that you will give the greatest possible

* The form circulated with these orders has been amended. See Circular, No. 10, dated the 21st May, 1852.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

কারী কমিস্যনর সাহেবের বিশেষ অনুমতির প্রয়োজন আছে এবং ২ দফায় যে ধারা নির্দ্দিষ্ট হইয়াছে সেই ধারামতে ঐ মিয়াদের বিষয়েও কার্য্য হইবেক।

৪। প্রথম মিয়াদের বণ্ডের যে নিয়ম আছে সেই নিয়মানুসারে চারি২ মাসের কি ছয়২ মাসের অন্য মিয়াদ দেওয়া যাইবেক। তাহাতে বোধ হয় লোকেরা বণ্ড দেওনের প্রস্তাব করণের বিষয়ে অধিক সতর্ক হইবেক এবং সেই বণ্ডঅনুসারের কার্য্য নিরূপিত সময়মতে করিবেক।

কলিকাতা।
আবকারী কালেক্টরী।
১৮৫১ সাল ১ মে। কালেক্টর।

১৮৫১ সালের ৭ জুলাই তারিখের ১০৭৩ নম্বরী সরক্যুলর।

আমদানীওয়া মদিরা ও গাঁজাধরা শরাব ও ওয়াইন শরাবের খুচরা বিক্রয়ের পাট্টার পাঠ * বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমক্রমে পাঠাইতেছি। এইক্ষণে যে পাঠ ব্যবহার হইতেছে তাহার পরিবর্ত্তে এই পাঠ অগৌণে ব্যবহার করিতে হইবেক। ঐ দ্রব্যের যত বিক্রয় হয় তাহার কিছু বিবেচনা না করিয়া সর্ব্বদাই পাট্টার ফীস ৪৲ টাকা মাসে লওয়া যাইবেক তদ্ভিন্ন ঐ দ্রব্যের খুচরা বিক্রয়ের উপর কোন টাক্স লাগিবেক না।

২। সৈন্যেরদের ছাউনি স্থানে অধ্যক্ষ সেনাপতি সাহেবের অনুমতি পূর্ব্বে না হইলে আমদানীওয়া মদিরার ও ওয়াইন শরাবের খুচরা বিক্রয়ার্থে ঐ প্রকারের কোন পাট্টা দেওয়া যাইবেক না।

৩। একি ব্যক্তি একি সময়ে ঐ প্রকার পাট্টাদার এবং আমদানীওয়া ওয়াইন শরাব ও মদিরার থোকে বিক্রয়ের পাট্টাদার হইতে পারে।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

১৭৭২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৪ অক্টোবর।

গত জুলাই মাসের ২১ তারিখের ১৩৮৮ নম্বরী যে বিজ্ঞাপন গত আগষ্ট মাসের ৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার উপলক্ষে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নীচের লিখিত পত্র এবং তাহাতে যে পত্রের উল্লেখ হইয়াছে সেই পত্র সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

সাধারণ ডিপার্টমেণ্ট।

হুজুর কৌন্সেলে আমারদের ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বরাবরেষু।

১৮৫৩ সালের ৪৮ নম্বর।

এই সিরিশতার আমারদের গত মে মাসের ২৪ তারিখের ৩০ নম্বরী পত্রের উপলক্ষে, বিদেশীয় বিষয়ব্যাপারের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণীর শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফ্রান্স দেশীয় শ্রীযুত রাজদূত সাহেব যে এক পত্র পাঠান্ তাহার নকল তোমার নিকটে পাঠাইতেছি। ১৮৫৫ সালের মে মাসে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তাহাতে বিদেশীয় যে নিষিদ্ধ দ্রব্য পাঠান যাইবার সম্ভাবনা আছে সেই দ্রব্যের বিষয়ে ফ্রান্স দেশের শ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা ঐ পত্রেতে ব্যক্ত হইয়াছে। এবং আদেশ করিতেছি যে ফ্রান্স দেশীয় গবর্ণমেণ্টের ঔদার্য্য-

* এই সরক্যুলরের সঙ্গে যে পাঠ পাঠান গিয়াছিল তাহা পরিবর্ত্তন হইয়াছে। ১৮৫২ সালের ২১ মে তারিখের ১০ নম্বরী সরক্যুলর দেখ।

publicity to the liberal intentions of the French Government, as stated in Count Walewski's letter.

We are, &c.,

(Signed) RUSSELL ELLICE,

" J. OLIPHANT,

andother Directors.

London, 20th July, 1853.

[TRANSLATION.]

London, the 29th of June, 1853.

To the Right Hon'ble the Earl of Clarendon, &c., &c.. &c.

MY LORD,

With reference to the Universal Exhibition which is to take place at Paris in 1855, several manufacturers have addressed the Minister of the Interior to know, first, whether articles of which the importation is prohibited in France will be admitted at the Exhibition, and secondly, whether on the close of the Exhibition, these articles will be admitted for home consumption, or whether they must be re-exported.

These two questions, my Lord, have received an answer in accordance with the enlightened views which induced the Government of His Majesty the Emperor to decree the Universal Exhibition of 1855. It has been consequently decided, not only that prohibited merchandize shall be admitted to the Exhibition. but also that, after it shall have closed, the exhibitors will have the option either to re-export the said merchandize free of duty, or to enter them for home consumption, on paying a duty of 30 per cent. *ad valorem*.

These conditions will be excluded in the general rules which are now under preparation, but in consequence of the opinions which appear to have been already excited abroad as to the rules affecting prohibited merchandize destined for the Exhibition of Paris in 1855, I have been charged with the honor of informing your Excellency of the resolutions adopted in this respect by the Government of His Majesty the Emperor. Your Excellency will perhaps consider it advisable to give immediate information of this arrangement to the manufacturers and artizans who are subjects of Her Britannic Majesty.

I have the honor to be, &c., &c ,

(Signed) A. WALEWSKI.

By order of the Most Noble the Governor of Bengal,

CECIL BEADON,

Secy. to the Govt. of Bengal.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 4th November, 1853.

Moonshee Udeelooddeen, Moonsiff of Khajoorah, Zillah Jessore, for one month, from the 4th instant, on Medical Certificate.

Baboo Mohun Lall Panday, Moonsiff of Jehanabad, Zillah Hooghly, for one week, in excess of the period of the Dusserah and Mohurrum Vacations.

C. T. BUCKLAND, *Register.*

রূপ যে অভিপ্রায় শ্রীযুত কৌণ্ট ওয়ালিউস্কী সাহেবের পত্রে ব্যক্ত হইয়াছে তাহা সাধ্যমতে বিস্তারিতরূপ প্রকাশ কর।

রসেল এলিস।

জে অলিফাণ্ট।

ও অন্য২ ডৈরেক্টর্স সাহেব।

লণ্ডন।
১৮৫৩ সাল ২০ জুলাই

[অনুবাদ।]

লণ্ডন। ১৮৫৩ সাল ২৯ জুন।

শ্রীযুত রাইট অনরবিল অর্ল অফ ক্লারেণ্ডন সাহেব বরাবরেষু।

১৮৫৫ সালে পারিস নগরে সর্ব্বদেশীয় দ্রব্যের যে মহাপ্রদর্শন হইবেক তদুপলক্ষে অনেক দ্রব্যনির্ম্মাতা ফ্রান্স দেশের অন্তঃপাতি স্থানবিষয়ি শ্রীযুত মন্ত্রি সাহেবের নিকটে পত্র লিখিয়া এই২ বিষয় জিজ্ঞাসা করিয়াছেন। প্রথম ফ্রান্স দেশে যে২ দ্রব্যের আমদানীকরা নিষেধ আছে তাহা মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক কি না। দ্বিতীয় ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্য ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে থাকিতে পারিবেক কি তাহা পুনরায় রপ্ত করিতে হইবেক।

শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট যে বুদ্ধিসিদ্ধ অভিপ্রায়ে ১৮৫৫ সালের সর্ব্ব দেশের মহাপ্রদর্শনের প্রস্তাব করিয়াছেন সেই অভিপ্রায়ানুসারে ঐ দুই জিজ্ঞাসার উত্তর প্রদান করা গিয়াছে। অতএব নির্দ্ধার্য্য হইয়াছে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্যও মহাপ্রদর্শনে গ্রাহ্য হইবেক তদ্ভিন্ন ঐ মহাপ্রদর্শনের শেষ হইলে ঐ২ দ্রব্যের দর্শক মহাশয়েরা স্বেচ্ছামতে ঐ বাণিজ্যদ্রব্য বিনামাসুলে পুনরায় রপ্ত করিতে পারিবেন অথবা দ্রব্যের মুল্যানুসারে শতকরা ৩০৲ টাকা মাসুল দিয়া তাহা ফ্রান্স দেশে ব্যবহার হইবার নিমিত্তে এণ্টর করিতে পারেন।

এইক্ষণে যে সাধারণ বিধান প্রস্তুত করা যাইতেছে তাহাতে ঐ নিয়ম ব্যক্ত হইবেক না। কিন্তু ১৮৫৫ সালে পারিস নগরের মহাপ্রদর্শনে যে নিষিদ্ধ বাণিজ্যদ্রব্য পাঠাওনের কল্পনা আছে তৎসম্পর্কীয় বিধানের বিষয়ে ভিন্ন২ দেশে নানা প্রকার মত ইতিমধ্যে আন্দোলন হইয়াছে তৎপ্রযুক্ত শ্রীলশ্রীযুক্ত বাদশাহের গবর্ণমেণ্ট তদ্বিষয়ে যে নির্দ্ধারণ করিয়াছেন তাহা আদেশমতে আপনাকে প্রকাশ করিতেছি। শ্রীশ্রীমতী মহারাণীর যে২ প্রজা দ্রব্যনির্ম্মাতা ও কারিগর আছে, বোধ হয় আপনি তাহারদিগকে এই নিয়ম অগৌণে জ্ঞাপন করা উচিত জ্ঞান করিবেন।

এ ওয়ালিউস্কী।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবর্নর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৪ নবেম্বর।

জিলা যশোহরের খাজুরার মুনসেফ শ্রীযুত মুনশী অদীলউদ্দীন চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর জাহানাবাদের মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলা ছক্তি বাবৎ লাগাদ ৩১ অক্টোবর সন ১৮৫৩ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলার।

এজেন্সীর নাম।		সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাক্কা নমক ঘাট রসুলপুর।		•	•	•	•	২,২৫,৮৮২/	২,৭৯,৭৪৮/	৫,০৫,৬৩০/
ঐ ঐ কৃষ্ণনগর।		•	•	•	•	২৭১/	৬,৬১০/	৬,৮৮১/
ঐ ঐ রামনগর।		•	•	•	৫,০৯০॥৫	৬৬৫ ।৫	১,২৯,৬২৫/	১,৩৫,৩৮১/
গাছা নমক।		২,৩৭৫॥০	•	•	•	•	•	২,৩৭৫॥০
	একুন।	২,৩৭৫॥০	•	•	৫,০৯০॥৫	২,২৬,৮১৮ ।৫	৪,১৫,৯৮৩/	৬,৫০,২৬৭॥০
তমলুক।								
পাক্কা নমক ঘাট নারায়ণপুর।		•	•	•	•	•	১০,৬৩০ ।৮৸	১০,৭৩০ ।৮৸
	একুন।	•	•	•	•	•	১০,৬৩০ ।৮৸	১০,৬৩০ ।৮৸
চট্টগ্রাম।								
পাক্কা নমক নিজামপুর ঘাট ডোমখালি।		•	•	•	•	•	•	•
ঐ আরাকিন ঐ		•	•	•	•	•	•	•
ঐ সদর ঘাট এজেন্সী।		•	•	২,৭১,৩৮১/ ।	২,৯৫,৯২০/৯	২,৭০৯॥৫	৫৫॥০ V	৫,৭০,০৯৯ ।৪॥/
ঐ ঐ আরাকিন।		২,৪৮,১২০ ।৬/১০	•	•	১,৩০৬/	•	•	২,৪৯,৪২৬ ।৬/১০
	একুন।	২,৪৮,১২০ ।৬/১০	•	২,৭১,৩৮১/ ।	২,৯৭,২২৬/৯	২,৭০৯॥৫	৫৫॥০ V	৮,১৯,৫২২৸০॥৶১০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

এজেন্সীর নাম	সন ১২৫৪ সাল ইং ১৮৪৭। ৪৮ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৫ সাল মোতাবক ইং ১৮৪৮। ৪৯ সাল	সন ১২৫৬ সাল মোতাবক ইং ১৮৪৯। ৫০ সাল	সন ১২৫৭ সাল * মোতাবক ইং ১৮৫০। ৫১ সাল	সন ১২৫৮ সাল মোতাবক ইং ১৮৫১। ৫২ সাল	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	মৌজুদ নম্বরের একুন।
শালিখা।							
পাঙ্গা নমক কটক।	৬,৭৬,৬৪৪ ।৫	৬,৯৪৬॥৫	২,৮৬৫/	৩৮,৫৮৪/	০	০	৭,২৫,০৪০/
ঐ ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ ঐ খোরদা।	০	০	০	৮১৪h০	৪২৬h৫	০	১,২৪১॥৫
ঐ ঐ চিলকা।	০	০	০	০	৪৫৫/	০	৪৫৫/
পাঙ্গা হিজলি কালীনগর।	০	০	০	০	০	০	০
ঐ রামনগর।	০	০	০	২৯/	০	০	২৯/
ঐ রসুলপুর।	০	০	০	০	০	০	০
ঐ ২৪ পরগনা নারায়ণপুর নমক।	০	৩,৮০,৯৭৪ ।৫	০	০	০	০	৩,৮০,৯৭৪ ।৫
ঐ ঐ ডাইমন হারবর।	১,২২,৩৮৫/	০	০	০	০	০	১,২২,৩৮৫/
ঐ সাগর।	০	৪৯,১৭২॥০	০	০	০	০	৪৯,১৭২॥০
একুন।	৭,৯৯,০২৯ ।৫	৪,৩৭,০৯৩॥০	২,৮৬৫/	৩৯,৪২৭h০	৮৮১h৫	০	১২,৭৯,২৯৭॥০
আরাকিন।							
পাঙ্গা ঘাট কৈকফু।	০	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
একুন।	০	১,০৬৯/৮	০	৩৩,২৭০॥০	৬৬,৭২৯॥০	০	১,০১,০৬৯/৮
মোট একুন।	১০,৪৯,৫২৫ ।১/১০	৪,০৮,১৬২॥৮	২,৭৪,২৪৬/ ।	৩,৭৫,০১৫/৪	২,৯৭,১৬৯ ।৫	৪,২৬,৬৬৮h৯/	২৮,৬০,৭৮৭ ।৭ h১০

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

জিলা ঢাকা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ঢাকায় নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর বাবত ইঙ্গরেজি ১৮৫৩ সনের ২৯ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৬০ সনের ১৫ অগ্রহায়ণ মঙ্গলবার ঐ জিলার কালেক্টরির কাচারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি।

*প্রথম শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১১৯ নম্বর। মহাল হুমুরি। খারিজা পরগনে পাটপশার তালুক ভোলানাথ কালিকাপ্রসাদ চন্দ। লিখিত মালিক কাশীনাথ চক্রবর্ত্তী। সদর জমা ১৮৯/৯৮

C. TOTTENHAM, *Collector.*

জিলা নদীয়া।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা নদীয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল মালগুজারির বাকীর ও চলিত আইনমতে অন্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় করিতে হয় তাহার বাবৎ ইংরেজী ১৮৫৩ সনের ২১ নবেম্বর মোং ১২৬০ সনের ৭ অগ্রহায়ন সোমবার ঐজেলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৩ ইংরেজী তাং ৪ নবেম্বর মোং ১২৬০ সন ২০ কার্ত্তিক।

প্রথম শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৩১১। ৩১ নং মৌং জঙ্গীতারা পং উখড়া মালিক গোলোকচন্দ্র রায় মহেশচন্দ্র রায় শিবচন্দ্র উমেশচন্দ্র উদয়চন্দ্র গৌরীচন্দ্র ও নবীনচন্দ্র রায় সদর জমা মায় পুলিস ৫৮৮৷৷৵২ টাক।

১৪৭২ নং মৌং শিবচন্দ্রপুর পং পলাশি মালিক কৃষ্ণগোপাল ব্রজনাথ নীলকমল কাশীশ্বর ভট্টাচার্য্য সদর জমা ১০০৶১০ টাকা।

দ্বিতীয় শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৮৩০ নং চর ধর্ম্মদহ নীলাম খরিদা মালিক ভুবনমোহন রায় সদর জমা ৩০৮/১ পাই।

৮৬৭ নং চর মাণিকডিহি ওং বেতাই মালিক নবকৃষ্ণ চন্দ্রমোহন মুখোপাধ্যায় ব্রজরাজ মুখোপাধ্যায় গয়রহ সদর জমা ৫১৫।৵৯ পাই।

২১৭৯ নং মৌং শ্যামনগরের শক্তিচর ভরাটী পং রাজপুর মালিক শ্রীহরি বন্দ্যোপাধ্যায় রামানন্দ নবকৃষ্ণ রামচন্দ্র চন্দ্রমোহন মুখোপাধ্যায় সদর জমা ৪৬৮৸৵১০ পাই।

২৫৭৩ নং চর বর্কসিপুর পং রাজপুর মালিক নবকৃষ্ণ রামচন্দ্র চন্দ্রমোহন মুখোপাধ্যায় সদর জমা ১৭২৶৭ পাই।

ষষ্ঠ শ্রেণী। বাকী মালগুজারী যেরূপে আদায় হয় সেইরূপ আদায় করণের দাওয়ার নিমিত্তে যে মহাল নীলাম হইবেক।

১১৮ নং পং মুলঘড় ডিহি কাগজপুখরিয়া মালিক দামোদরচন্দ্র রায় খোদ অছি জানিবে বেনওয়ারিলাল ও মুরারিলাল রায় নাবালগান পেছরে মৃত রঘুনাথ রায় ও চন্দ্রমোহন রায় খোদ ও অছি জানিবে কৃষ্ণনাথ রায় নাবালগ পেছরে মৃত ডোমনসিংহ রায় ও কেশবচন্দ্র রায় ও বেহারিলাল রায় ও সর্ব্বচন্দ্র রায় ও ঈশানচন্দ্র রায় ঐ মহালের উক্ত মালিকানের স্বত্ত্ব সম্পর্ক। সদর জমা ৫৮৫২ ।৵২ পাই পুলিস ৬৮৷৷৬ পাই একুন ৫৯২০৸৶৮ পাই।

G. W. BATTYE, *Collector.*

জিলা মুঙ্গের।

সম্বাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল সোমবার তারিখ ২৮ নবেম্বর সন ১৮৫৩ সাল মতাবেক ১৩ অগ্রহায়ণ সন ১২৬১ সাল ফসলি জেলা মুঙ্গেরের কালেক্টর সাহেবের কাছারিতে বাকী মালগুজারির নিমিত্তে নীলাম ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক।

শ্রেণীর নম্বর। ১ এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নম্বর ৩১৮১। মৌজা সেরপুর পরগনা সূর্য্যগাড়া লিখিত মালিক মহেশ মাহতো ও রাজ মাহাতো সদর জমা কোম্পানি সিক্কা ৪০১৸৵০

শ্রেণীর নম্বর। ৪ মহাল যাহা অন্য মহালের বাকীর নিমিত্তে বিক্রয় হইবেক।

নম্বর ২৩১০ হক হিস্যা মোসম্মাত গঙ্গাকুয়র দরুন মৌজা চমঘরা পরগনা অমরেথু সদর জমা কোম্পানি সিক্কা ৪০৮।৯

নম্বর ২৩১৩ হক হিস্যা মোসম্মাত গঙ্গাকুয়র দরুন মৌজা আঁওরা পরগনা অমরেথু সদর জমা কোম্পানি সিক্কা ১৭২৫৶৫

মুঙ্গের কাছারি কালেক্টরি তারিখ ৪ নবেম্বর সন ১৮৫৩ সাল।

H. FERGUSSON, *Collector.*

জিলা ময়মনসিংহ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে

যে জিলা ময়মনসিংহের নীচের লিখিত মহাল মালগুজারি বাকীর বাবৎ ইংরেজী ১৮৫৩ সনের ২৯ নবেম্বর মোং বাঙ্গলা ১২৬০ সনের ১৫ অগ্রহায়ণ রোজ মঙ্গলবার ঐ জিলার কালেক্টরি কাচারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৩ সন তারিখ ৪ নবেম্বর মোং ২০ কার্ত্তিক ১২৬০ সন।

প্রথম শ্রেণী। এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৩৬৪ খারিজা তালুক বিনোদরাম দত্ত পং কাগমারি এস্ত কালির লিখিত মালিক জাহ্নবী চৌধুরাণী জমা ২৪০৲ টাকা কোম্পানি।

F. B. KEMP, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলে চট্টগ্রামের নীচের লিখিত মাহাল মালগুজারি বাকির বাবৎ ইঙ্গরেজী ১৮৫৩ সালের ২ ডিসেম্বর মোতাবেক সন ১২৬০ বাঙ্গালার ১৮ অগ্রহায়ণ তারিখের রোজ শুক্রবার ঐ জিলার কালেক্টরি কাছারিতে বিনাওজরে নীলামে খরা যাইবেক ইতি সন ১৮৫৩ ইঙ্গরেজী তারিখ ৫ নবেম্বর মতাবেক সন ১২৬০ বাঙ্গালা তারিখ ২১ কার্ত্তিক।

প্রথম কাইমি বন্দবস্তী মহাল।

৫৬ নম্বর জেলে চট্টগ্রাম তরফ আত্মারাম পোদ্দার মালিক মুলুবি তৈয়ব উল্লা খাঁ সদর জমা ১৩৫।/৩

১২৭ নম্বর জেলে ঐ নীলাম বৈদ্যনাথ কাননগোয়ে বাবতে তরফ ফরাদ ছায়দর মালিক গোপালকৃষ্ণ রায় ও রত্নমণি দাসী সদর জমা ১০৭৩৷৷/৬

৩৭৫ নম্বর জেলে ঐ তরফ মুকিম খোশাল মালিক প্রতাপনারায়ণ ও রামকিশোর ও কামু বিবি ও মনকা বানু সদর জমা ২১৯৶

৪০০ নম্বর জেলে ঐ তরফ মদন শফর ভূইয়া মালিক মাহাৎ আমি মুনশী ও শফর আলী সদর জমা ১০৮৸৵০

৪৮৬ নম্বর জেলে ঐ তরফ রুদ্রনারায়ণ চৌধুরী মালিক মৃত্যুঞ্জয় ও গুরুদাস ও বকশা আলি ও জিতরাম ও আবদুল আলি ও আহামদ শাহা ও চণ্ডীচরণ দাস ও আহামদ আলি ও আরমল্লা ও উমাচরণ চৌধুরী সদর জমা ১৪১৷৶৩

৫০৫ নম্বর জেলে ঐ তরফ কুল্লম আলি মুছা হকিয়তে ছনাউল্লা ও মাহামুদ ওয়াশান ও হোচন আলি ও মাহামুদ ছোচন ও রামদাস চৌধুরী ও আগবর আলি ও মাহামুদ জমা ও বসারৎ সদর জমা ৪২৫৸৵১

৫২৪ নম্বর জেলে ঐ তরফ রাজবল্লভ পিছরে শাস্তি হকিয়তে রামদয়াল ও কৃষ্ণচরণ ও আলিমদ্দীন বদিঅদ্দীন সদর জমা ৭০৷৷৶৩

৬০৩ নম্বর জেলে ঐ তরফ ছাদকলাল মালিক লুখি সদর জমা ৪৫৩৸/৩

২২৯৭০ নম্বর জেলে ঐ তালুক দেওয়ান আলি ও আবদুল আলি ও ইছপ আলি মালিক খোদহায় সদর জমা ৩৸/

২৩০১৫ নম্বর জেলে ঐ তালুক জান আলি মালিক খোদ সদর জমা ৵৯

৭৮০ নম্বর জেলে ঐ তালুক হাচন আলি ও দেওয়ান আলি মালিক খোদহায় সদর জমা ৷৷৶৯

৬৮৬৬ নম্বর জেলে ঐ তালুক রামজয় ও জগদম্বা মালিক লক্ষ্মীকান্ত সদর জমা ৷৵৩

১১৭৯৫ নম্বর জেলে ঐ তালুক বক্কার মালিক মৃত্যুঞ্জয় সিঙ্গ সদর জমা ৶৯

১২০৫৫ নম্বর জেলে ঐ তালুক মাহামুদ আলি ও কমর আলি মালিক ছাদক আলি তমিজদ্দীন সদর জমা /০

১২৬০২ নম্বর জেলে ঐ তালুক কাঁটচনি ও জিতরাম ও আত্মারাম মালিক নিত্যানন্দ সদর জমা /৩

২০৯২৪ নম্বর জেলে ঐ তালুক শ্রীমতী ভবানী ও বাবুরাম ও রামসুন্দর মালিক খোদহায় সদর জমা ৶৬

২৪৮৪৯ নম্বর জেলে ঐ তালুক রমজুন আলি ও নাছির মাহামুদ গএরহ নীলাম কানাইলাল মুকুল সদর জমা /৬

২৪৮৭৯ নম্বর জেলে ঐ তালুক নওয়া গাজি মালিক খোদ সদর জমা ৶৯

২৪৯৮০ নম্বর জেলে ঐ তালুক তিলকচান্দ গএরহ নীলাম রামদাস সদর জমা ১৷৷৵০

২৫২৬৬ নম্বর জেলে ঐ তালুক মছরত খাঁ নীলাম রামদাস সদর জমা ৸৬

২৬৭১৭ নম্বর জেলে ঐ তালুক মাহামুদ কামিল গএরহ নীলাম আছরতউল্লা সদর জমা ৶৬

২৬৮০৭ নম্বর জেলে ঐ তালুক দৌলত মালিক খোদ সদর জমা ১৷৷/৯

২৬৮০৮ নম্বর জেলে ঐ তালুক সৈদ হাচন আলি ও বাকর আলি মালিক খোদহায় ১৷৶৬

৩৬১৬৩ নম্বর জেলে ঐ তালুক রামকানু মহন্ত নীলাম আবদুল্লা সদর জমা ৩৷৷/৯

৩৬৩৯৮ নম্বর জেলে ঐ তালুক সেখ কেরানদ্দীন নীলামদার মালিক খোদ সদর জমা ৷৶০

৩৬৬৭৪ নম্বর জেলে ঐ তালুক মৃত্যুঞ্জয় ও ধনঞ্জয় ও শিবচরণ মালিক খোদহা সদর জমা ৷৷৵৯

৩৭৯৭১ নম্বর জেলে ঐ তালুক মৈরম বিবি নীলাম বৈকুণ্ঠচরণ সদর জমা ৶৩

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারীর বাবত যে যে মহাল নীলাম হইবেক।

৮৮৬১ নম্বর জেলে চট্টগ্রাম তাৎ উমেদআলী মালিক খোদ সদর জমা ৯/৩

৩২৪৪৯ নম্বর জেলে ঐ তালুক রামমোহন ঘোষ মালিক খোদ সদর জমা ৷৷৵৯

৩২৬৮৩ নম্বর জেলে ঐ তালুক রামমোহন ঘোষ মালিক খোদ সদর জমা ৷৷৶১

৩২৬৯০ নম্বর জেলে ঐ তালুক রাজমণি মালিক খোদ সদর জমা /২

৩২৭৬৩ নম্বর জেলে ঐ তালুক রাজমণি মালিক খোদ সদর জমা /১

৩২৭৬৫ নম্বর জেলে ঐ তালুক রামমোহন ঘোষ মালিক খোদ সদর জমা ৵১

২৮৭৬৩ নম্বর জেলে ঐ তালুক রামমোহন ঘোষ মালিক খোদ সদর জমা ৷৷৭

২৮৯৭৯ নম্বর জেলে ঐ তালুক রাজমণি ঘোষ মালিক খোদ সদর জমা ২৷৶৬

J. S. SPANKIE, *Offg. Collector.*

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given that the Pottahs of the undermentioned Government Grants, situated in the limits of the Soonderbuns, in 24-Pergunnahs, will be put up for public sale at noon on Wednesday the 16th November, 1853, corresponding with the 2d Augron, 1260, B. S., at the Office of the Commissioner in the Soonderbuns, Allipore.

[*Government Gazette*, 15*th November*, 1853.]

2nd. The highest bidder will be entitled to them, and must immediately pay to the Commissioner of the Soonderbuns, the full amount of his purchase money. The Pottahs will be drawn up in his name and made over to him with the confirmation of Government, and he will become the Grantee of the said Grant under the condition prescribed in the Pottah.

3d. It is further notified, that intending purchasers, who may wish to see the map of the grant, and desire to obtain any particulars connected with it, and its present state, can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner. These conditions and particulars will be proclaimed at the time of sale.

Number of Lots.	Ruqbah.
106	20,900
110	31,000
111	60,000
112	29,000
113	26 000
114	62,000
115	38,000
135	28 000
140	18,000
163	38,000
168	21,000
99	21,900

OOMAKAUNT SEIN,
Commissioner

Soonderbun Commissioner's Office, Allipore,
The 29th October, 1853.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে কাপ্তান হাজীর সাহেবের নক্শাভুক্ত নিম্নের লিখিত লাটহায় সংক্রান্ত জঙ্গল ভুমির পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরেজী সন ১৮৫৩ সালের ১৬ নবেম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৬০ সালের ২ অগ্রহায়ণ রোজ বুধবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে জন অতিউচ্চ মূল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাহার নামে প্রস্তুত করিয়া গবর্ণমেণ্টের মঞ্জুরিক্রমে তাহাকে দেওয়া যাইবেক পরন্তু খরিদার মজকুর পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে ভুমিতে দখলকার হইয়া বাজে অংশ করিবেন আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদ করণাকাঙ্ক্ষ যে কেহ এ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় যাইয়া দেখিতে পারেন এবং অপর নিয়মের বিশেষ বেওরা নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ২৮ অক্টোবর মোতাবক সন ১২৬০ সাল তারিখ ১৩ কার্ত্তিক।

লাটের নম্বর	আন্দাজী রকবা।
১০৬ নং	২০৯০০/
১১০ নং	৩১০০০/
১১১ নং	৬০০০০/
১১২ নং	২৯০০০/
১১৩ নং	২৬০০০/
১১৪ নং	৬২০০০/
১১৫ নং	৩৮০০০/
১৩৫ নং	২৮০০০/
১৪০ নং	১৮০০০/
১৬৩ নং	৩৮০০০/
১৬৮ নং	২১০০০/
৯৯ নং	২১৯০০/

উমাকান্ত সেন। কমিস্যনর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ১৫ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 22, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২২ নবেম্বর।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

[Concluded from page 626.]

APPENDIX No. 2.

Deputy Collector's Diary.

1. When absent from his Sudder Office, the Deputy Collector is to keep a diary in the following form:—

Division.	Village.	Thannah	Distance from Sudder Station.	REMARKS.

Form of Memo. to be given at the end of the Diary.

Division.	Village.	Price of Opium per Chittack.	Gunjah per Chittack.	Spirits per Bottle.	Rum per Bottle.	Tawree per Seer.

Note.—Any other description of intoxicating drug sold, but not mentioned here is to be entered.

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

[৬২৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

২ নম্বরের ক্রোড়পত্র।

ডেপুটী কালেক্টরের রোজনামা।

১। ডেপুটী কালেক্টর যে সময়ে সদর দফ্তরখানায় না থাকেন সেই সময়ে নীচের লিখিত পাঠানুসারে এক রোজনামা রাখিবেন।

এলাকা,	গ্রাম	থানা	সদর মোকাম-হইতে যত দূর।	মন্তব্য।

রোজনামার শেষে যে মন্তব্য কথা লিখিতে হইবেক তাহার পাঠ।

এলাকা	গ্রাম	আফীমের ছটাকের দর	গাঁজার ছটাকের দর	মদিরার ফি বোতলের দর	রম শরাবের ফি বোতলের দর	তাড়ীর শেরের দর

মন্তব্য। অন্য যে কোন মাদক দ্রব্য বিক্রয় হয় কিন্তু ইহাতে লেখা যায় নাই তাহাও লিখিতে হইবেক।

2. When making a tour of his District, should he visit a Government distillery, he will enter the place and examine if all the stills are consecutively numbered, and he will ascertain how much each still is capable of producing, and whether any still has been worked more than once (a still should never be worked twice, if it can possibly be avoided) in the day between sunrise and sunset, he will make partiqular enquiry whether one abkar is in the habit of using the still of another, and he will record in his diary all circumstances worthy of notice, regarding the management of the department by the local officers; whether the darogah regularly tests the strength of the spirit in conformity with the provisions of Section 8, Regulation X. of 1813, and whether he observes all the other rules laid down for his guidance.

3. He will carefully examine the accounts of the darogah or other subordinate officer whose station he may visit, and he will sign the accounts specifying the date on which the examination may take place.

4. In like manner he will occasionally examine the books of the abkars, and will ascertain from

২। যখন আপন জিলার দওরা করেন তখন গবর্ণমেণ্টের ভাটীখানাতে গেলে তিনি ঐ কারখানায় প্রবেশ করিয়া দেখিবেন যে সকল ভাটীর ১, ২, প্রভৃতি নম্বর লিখি হইয়াছে কি না। এবং প্রত্যেক ভাটীতে কত করিয়া মদিরা প্রস্তুত হইতে পারে এবং একি দিনে সূর্য্যোদয় সময়াবধি সূর্য্যাস্ত সময়পর্য্যন্ত কোন ভাটী একের অধিকবার চড়ান গিয়াছে কি না ইহা নিশ্চয়রূপে অবগত হইবেন (কেবল যে স্থানে নিতান্ত না হইলে নয় তদ্ভিন্ন একি ভাটী দিনে দুইবার চড়ান উচিত নয়।) এবং এক আবকার অন্য আবকারের ভাটী ব্যবহার করিয়া থাকে কি না এই বিষয়ের বিশেষ সন্ধান লইবেন। এবং তৎস্থানের নিযুক্ত আমলারা ঐ ডিপার্টমেণ্টের কার্য্য যেপ্রকারে তত্ত্বাবধারণ করেন তদ্বিষয়ে লিখিবার যোগ্য সকল বৃত্তান্ত এবং দারোগা ১৮১৩ সালের ১০ আইনের ৮ ধারার বিধানানুসারে মদিরার তীব্রতা সর্ব্বদাই পরখ করিয়া থাকেন কি না ও তাঁহার উপদেশার্থে অন্য যে সকল বিধান নির্দ্দিষ্ট হইয়াছে তাহা মানেন কি না এই২ কথা আপন রোজনামায় লিখিয়া দিবেন।

৩। যে দারোগার কিম্বা অধীন অন্য যে কোন আমলার মোকামে যান তাহার হিসাব মনোযোগপূর্ব্বক দেখিয়া লইবেন এবং যে তারিখে তাহা দেখিয়াছেন সেই তারিখ লিখিয়া ঐ হিসাবে দস্তখৎ করিবেন।

৪। সেই প্রকারেও কখন২ আবকারেরদের বহী দেখিয়া লইবেন এবং তাহারা যে টাকা দেয় তাহার রসীদ ঐ

them, whether they regularly receive from the local collecting officers receipts for the money they may pay.

5. Where private stills commonly called out-stills have been licensed under the provisions of Section 14, Regulation X. of 1813, enquiry will be made whether the conditions of the license have been strictly observed, especially whether the abkar distils more than once a day, or sells his liquor in more than one place.

6. He will also ascertain whether the abkars adhere to the conditions of their licenses, particularly whether opium venders adulterate the drug, and on their being proved to have done so, he will punish them according to law.

7. Although he must pay particular attention to the suppression of illicit dealing, or the illicit possession of intoxicating spirits or drugs, he must also be particularly careful not to search a house till he has complied with the conditions of Section 5, Act 25, of 1840, and he will enjoin the same precaution on all his subordinates; no respectable woman must ever be arrested, nor are boats to be searched, without the receipt of previous information.

OPENING NEW SHOPS.

8. It must always be borne in mind that the excise system has been established in order that intoxicating spirits and drugs consumed, should be taxed, and not to increase consumption.

9. Only one shop can be carried on under one license, and each license must have a distinct number on the towjee. There cannot be dependant shops unregistered.

10. An abkar cannot throw up his license at the close of the official year, unless he give the notice prescribed by Clause 4, Section 7, Regulation VII. of 1824. If the Abkaree Officer desire it, such abkar may be forced to continue his shop.

11. An opposition shop ought not to be licensed, if the new lessor will not agree to guarantee that he will take the old shop if it be closed, in consequence of his being opened, and as a general rule a new shop never should be opened during the year so near another licensed shop as to injure the party already under obligation.

12. When a misunderstanding arises between the officers of two distinct districts, regarding the injury done to the boundary shop of one district, by the boundary shop of the other, that shop is to be considered established longest, which has been held continuously open for the greatest length of time under the new system:—Thus if a shop has been opened at some former time under the Land Revenue Collector, has been intermediately closed, and has again been re-opened after the licensing of a boundary shop of the neighbouring district, it shall not be considered the older shop of the two

স্থানের তহসীলের কার্য্যকারকের নিকটে রীতিমতে পাইয়া থাকে কি না এই কথা তাহারদিগকে জিজ্ঞাসা করিয়া অবগত হইবেন।

৫। যে স্থলে সামান্যতঃ বাহিরের ভাটী নামে খ্যাত মফঃসলের ভাটীর পাট্টা ১৮১৩ সালের ১০ আইনের ১৪ ধারামতে দেওয়া গিয়াছে সেই স্থলে পাট্টার নিয়মানুসারে ঠিকরূপে কার্য্য হইতেছে কি না আর বিশেষতঃ আবকার দিনের মধ্যে একের অধিকবার ভাটী চড়ায় কি একের অধিক স্থানে আপন শরাব বেচে এই২ বিষয়ের সন্ধান লওয়া যাইবেক।

৬। আরো আবকারেরা আপনারদের পাট্টার নিয়মমতে সর্ব্বদাই চলে কি না বিশেষমতে আফীমবিক্রেতারা আফীমের সঙ্গে অন্য কোন দ্রব্য মিশাল করিয়া দেয় কি না এই বিষয়ের সন্ধান লইবেন আর তাহা করণের প্রমাণ হইলে আইনমতে তাহারদিগের দণ্ড করিবেন।

৭ বেআইনীমতে ব্যাপার করণের অথবা নেশাল মদিরা কি দ্রব্য বেআইনীমতে দখলে রাখণের নিবারণ বিষয়ে তাঁহার যদিও বিশেষ মনোযোগ করিতে হইবেক তথাপি যাবৎ তিনি ১৮৪০ সালের ২৫ আইনের ৫ ধারার বিধানমতে কার্য্য না করিয়াছেন তাবৎ খানাতালাশী না করেন এই বিষয়েও তাঁহার বিশেষমতে সতর্ক থাকিতে হইবেক এবং আপন অধীন কার্য্যকারকদিগকেও সেই বিষয়ে সতর্ক করিবেন। সম্বাদ পূর্ব্বে না পাওয়া গেলে কোন সম্ভ্রান্ত স্ত্রীকে গ্রেপ্তার করা যাইবেক না ও নৌকার তালাশী হইবেক না।

নূতন দোকান খুলিবার বিষয়।

৮। সর্ব্বদাই মনে রাখিতে হইবেক যে, আবকারী নিয়মের সংস্থাপন নেশাল মদিরা ও দ্রব্যের ব্যবহার বৃদ্ধি হইবার জন্যে নহে কিন্তু যাহা ব্যবহার হইতেছে তাহার উপর টক্স লাগে এই জন্যে হইয়াছে।

৯। একি পাট্টাক্রমে কেবল একি দোকান চালান যাইতে পারে এবং তৌজীতে প্রত্যেক পাট্টার আলাহিদা নম্বর থাকিবেক। রেজেষ্টর না হওয়া তাবেদার দোকান হইতে পারে না।

১০। আবকার ১৮২৪ সালের ৭ আইনের ৭ ধারার ৪ প্রকরণের নির্দিষ্ট এত্তেলা না দিলে সরকারী বৎসরের শেষে আপন পাট্টা ত্যাগ করিতে পারে না। আবকারী কার্য্যকারক যদি চাহেন তবে সেই আবকারকে জোর করিয়া আপন দোকান করাইতে পারেন।

১১। কেহ যদি আড়ি করিয়া দোকান করিতে চাহে তবে তাহার দোকান খোলা যাওনপ্রযুক্ত পুরাণ দোকান বন্দ হইলে নূতন পাট্টাদার সেই দোকান লইবেক এমত মাতবরী দিতে যদি রাজী না হয় তবে সেই নূতন দোকানের পাট্টা দেওয়া উচিত নয়। এবং সাধারণরূপে এই বিধি থাকিবেক, যে ব্যক্তি পাট্টাক্রমে বদ্ধ আছে তাহার পাট্টাপ্রাপ্ত দোকানের যাহাতে ক্ষতি হয় এমত নিকট কোন নূতন দোকান বৎসরের শেষ না হইলে খোলা যাইতে পারে না।

১২। এক জিলার সীমানাতে যে দোকান আছে তাহার ক্ষতি অন্য জিলার সীমানার দোকানের দ্বারা হওনের বিষয়ে যদি দুই আলাহিদা জিলার কার্য্যকারকেরদের মধ্যে কোন বিবাদ উপস্থিত হয় তবে নূতন নিয়মমতে যে দোকান অতিদীর্ঘ কালপর্য্যন্ত অনবরত খোলা হইয়া রহিয়াছে সেই দোকান অতিদীর্ঘ কাল স্থাপন হইয়াছে জ্ঞান হইবেক। যথা যদি পূর্ব্বে কোন সময়ে ভূমির রাজস্বের কালেক্টর সাহেবের অধীনে এক দোকান খোলা গিয়াছিল কিন্তু মধ্যে কোন সময়ে বন্দ হইয়াছিল পরে নিকটস্থ জিলার সীমানার অন্য দোকানের পাট্টা দেওয়া গেলে পর ঐ প্রথম দোকান পুনর্ব্বার খোলা যায় তবে দুই দোকানের মধ্যে সেই প্রথম দোকান দীর্ঘ কালীন দোকান জ্ঞান হইবেক না।

13. The substitution in future of a cash deposit for the nominal securities hitherto furnished in many cases, is considered a beneficial arrangement in every respect, and if, as directed, the tax is paid in at short intervals, which it will be a principal part of the Abkaree Officer's duty to see strictly attended to by his subordinates, no loss whatever can accrue to Government nor will balances accumulate. Some opposition will be experienced at the outset, but it may safely be disregarded, and with the view of preventing too poor a class of men from engaging in the trade, and the increase of drunkenness, it may even be advisable to go a step further, and refuse to grant licenses for the opening of a shop paying a less tax than four annas a day, the tax on half a gallon of spirits, fixed by the Board of Customs, in conformity with the provisions of Sections 13 and 14, Regulation X. of 1813.

14. A list of all shops opened must be sent monthly to the Magistrate, as also of those closed, since the observance of this practice is requested by the Police Superintendent's Circular to Magistrates, No. 980, of the 5th of June, 1840.

COUNTRY SPIRITS.

15. The settlements of this branch of the Excise are of two kinds, the Sudder Distillery system, under Section 13, Regulation X. of 1813, and the Out-Still system, under Section 14 of the same law. In the former arrangement all spirits are manufactured within the Government Distillery; in the latter, the still is situated at the shop of the vender. Sudder distilleries ought to be introduced, where it is practicable to do so; but previous to constructing them a report must be made to the Commissioner for sanction;—and this report must contain a detailed explanation of the intended size of the distillery, its extent in bigahs, the rent to be paid, whether it be near water, whether the inhabitants object to the particular spot selected, why that spot has been selected, how far it is situated from the office of the Deputy Collector, if at the station, or of the local collecting officer, if in the Mofussil, and any other information the Deputy Collector may consider worthy of record, can also be recorded.

16. It is often not practicable to introduce the Sudder Distillery system, because the population is scanty, the shops are distant from each other, and the cost of the manufacture of spirits, caused by the expense of taking the ingredients necessary for the manufacture of spirits to, and of bringing back the manufactured spirits from the distillery is so great that the licensed vender could not compete with smugglers.

17. Spirits and intoxicating drugs found in a shop, the lease of which has expired by transfer to another, or the resignation of the vender, are to be considered untaxed, and liable to the imposition of duty unless taken over by the new lessee.

১৩। পূর্ব্বাবধি অনেক স্থলে যে নামমাত্র জামিনী দেওয়া যাইতেছে তাহার পরিবর্ত্তে উত্তর কালে নগদ আমানৎ করণের নিয়ম সর্ব্বপ্রকারে হিতজনক নিয়ম জ্ঞান হয়। এবং যদি হুকুমানুসারে টাক্স অল্পং কালান্তর দাখিল করা যায় তবে গবর্ণমেণ্টের কোন ক্ষতি হইবেক না এবং অনেক বাকীও জমিবেক না। আবকারী কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্মের মধ্যে এই এক প্রধান কর্ম্ম যে সেই অল্পং কালান্তর টাক্স দেওয়া যাওনবিষয়ে তাঁহার অধীন কার্য্যকারকেরা মনোযোগী আছেন ইহা দেখেন। ইহাতে প্রথমে কিছু প্রতিবন্ধকতা হইতে পারে বটে কিন্তু তাহা নির্বিঘ্নরূপে তুচ্ছ করা যাইতে পারে। আরো অতিদরিদ্র লোকেরা সেই ব্যবসায়ে হস্তক্ষেপ না করে ও সুরাপানের বৃদ্ধি না হয় এই নিমিত্তে অল্পং কালান্তর টাক্স দেওয়ানভিন্ন অধিক কিছু করা উচিত হইতে পারে অর্থাৎ ১৮১৩ সালের ১০ আইনের ১৩ ও ১৪ ধারার বিধানমতে হাসিলের বোর্ডের সাহেবেরা আধ গালন মদিরার যে টাক্স বসাইয়াছেন দিনে সেই ।০ চারি আনার কম টাক্স যে দোকান দেয় এমত দোকান খুলিবার পাট্টা না দেওন।

১৪। যে সকল দোকান খোলা যায় ও যে সকল বন্ধ করা যায় তাহার এক তালিকা মাসেং মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক। যেহেতুক এই রীতি পালন করিবার আদেশ মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের ১৮৪০ সালের ৫ জুন তারিখের ৯৮০ নম্বরী সরক্যুলর পত্রে হইয়াছে।

দেশীয় মদিরা।

১৫। আবকারীর এই অংশের বন্দোবস্ত দুই প্রকারের হয় অর্থাৎ ১৮১৩ সালের ১০ আইনের ১৩ ধারানুসারে সদর ভাটীখানার নিয়ম এবং ঐ আইনের ১৪ ধারানুসারে বাহিরের ভাটীর নিয়ম। প্রথম লিখিত নিয়মাধীনে সকল মদিরা সরকারের ভাটীখানায় চোয়ান যায়। শেষোক্ত নিয়মাধীনে বিক্রেতার দোকানে ভাটী থাকে। যেং স্থলে হইতে পারে সেইং স্থলে সদর ভাটীখানা স্থাপন করা উচিত। কিন্তু তাহা করিবার পূর্ব্বে অনুমতি পাইবার নিমিত্তে কমিস্যনর সাহেবের নিকটে রিপোর্ট করিতে হইবেক। ঐ রিপোর্টের মধ্যে এইং বেওরা বিস্তারিত করিয়া লিখিতে হইবেক বিশেষতঃ ভাটীখানা কত বড় করিবার মানস আছে, কত বিঘা জমী লাগিবেক, তাহার কত খাজানা দেওয়া যাইবেক, তাহা জলের ধারে আছে কি না, যে স্থান মনোনীত হইয়াছে সেই বিশেষ স্থানের বিষয়ে তথাকার প্রতিবাসিরদের আপত্তি আছে কি না, ঐ স্থান কেন পসন্দ হইয়াছে, যদি সদর স্থানে হয় তবে ডেপুটী কালেক্টরের দফ্তরখানাহইতে কত দূর, যদি মফঃসলে হয় তবে সেই স্থান তহসীলের আমলার কাছারীহইতে কত দূর এতদ্ভিন্ন ডেপুটী কালেক্টর অন্য যে কোন সম্বাদ লিখিতে উপযুক্ত জ্ঞান করেন তাহা লেখা যাইতে পারে।

১৬। অনেক স্থানে সদর ভাটীখানা স্থাপন করা যাইতে পারে না, কারণ এই যে সেই স্থানে অল্প লোকের বসতি, দোকান দূরেং আছে, এবং মদিরা চুয়াইবার নিমিত্তে যে সরঞ্জামের প্রয়োজন তাহা ভাটীখানাতে লইয়া যাইবার আর চোয়ান মদিরা ভাটীখানাহইতে ফিরিয়া আনিবার অধিক খরচ হওয়াতে মদিরা চোয়াইবার খরচ এত হইয়া উঠে যে পাট্টাপ্রাপ্ত বিক্রেতা আবকারীর মাসুলচোরেরদের বিরুদ্ধে প্রতিযোগিতা করিতে পারে না।

১৭। অন্য লোকের হস্তে অর্পণ করাতে কিম্বা বিক্রেতা ত্যাগ করাতে যে দোকানের পাট্টার মিয়াদ খেলাফ হইয়াছে তাহাতে যে সকল মদিরা ও মাদক দ্রব্য পাওয়া যায় সেই সকলের টাক্স দেওয়া যায় নাই জ্ঞান হইবেক এবং নূতন পাট্টাদার যদি সেই সকল মদিরাদি না লয় তবে তাহার উপর মাসুল লওয়া যাইতে পারে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২২ নবেম্বর।]

RUM.

18. Clause 1, Section 4, Regulation VII. of 1824, directs, that persons receiving a license for the retail sale of spirits manufactured at any European distillery, shall pay a duty to Government of such amount per gallon, as shall, with the still head duty, equal the highest amount payable under the rules of Regulation X. of 1813, on spirits manufactured at the Sudder distillery, nearest the place of retail sale. The rate of duty fixed by the Board of Customs on such country spirits, is eight annas a gallon : and Section 8, Regulation X. of 1813 enacts, that no spirits shall be removed from a Sudder distillery, which may exceed twenty-five per cent. below London proof. Consequently, if the Rum retailed, exceed that strength, the tax to be levied on it must be proportionably increased.

19. Licenses of this description are granted in conformity with the provisions of Section 5, Regulation VII. of 1824, and it has been the practice of the Department to consider ten wine merchants' quarts equal to two gallons.

TAUREE.

20. Section 15, Regulation X. of 1813, prohibits the sale of Tauree in any state, without a license from an excise officer ; but this law is not intended to include sales by ryots to manufacturers of sugar ; it only contemplates the punishment of parties who retail for consumption without the payment of a tax. Government Orders, No. 3, of the 4th of January, 1843, declare four seers to be the quantity which may be in transit without being liable to seizure, under the provisions of Section 11, Regulation VII. of 1824.

21. The law merely makes sales of Tauree without a license penal ; and, therefore, the grower of the Tauree tree may consume any quantity he pleases, without paying duty.

BALANCES.

22. If the Abkaree Officers will only be careful in taking a cash deposit from the venders, equal to the tax for one month, there will be little difficulty in realizing the public dues ; but should it at any time be necessary for them to hold sales of land or houses, to recover balances, Regulation XVII. of 1814, authorizes recourse to that process.

23. Balances are not on any account, to be permitted to accumulate ; the tax must be collected weekly, and if the darogahs do not recover according to orders, the amount of the tax will be deducted from their cash deposits.* The Abkaree Officers

* NOTE.—The day that any sum is deducted from a cash deposit, and credited in the accounts to Revenue, a purwannah ought to be written to the local officer concerned, directing him to make a similar deduction in his accounts, that the accounts of both officers may agree.

[*Government Gazette, 22nd November,* 1853.]

রম শরাব।

১৮। ১৮২৪ সালের ৭ আইনের ৪ ধারার ১ প্রকরণে হুকুম আছে যে " ইউরোপীয়মতে বানান কোন ভাটীতে প্রস্তুতকরা মদিরা খুজরা বিক্রয় করণের নিমিত্তে যে সকল লোকেরা অনুমতিপত্র পায় তাহারা ফিগালন তাহার তীব্রতার ন্যূনাতিরেকের দৃষ্টে এত করিয়া মাসুল সরকারেতে দিবেক যে ষ্টিলহেড ডুটি অর্থাৎ যন্ত্রের মাসুল সুদ্ধা ঐ খুজরা বিক্রয় যে স্থানে করা যায় তাহার অতিনিকট সদর ভাটীতে প্রস্তুতকরা মদিরার উপর ১৮১৩ সালের ১০ আইনের হুকুমানুসারে যত২ করিয়া মাসুল দিতে হয় তাহার উচ্চতম মাসুলের সমান হইবেক।" ঐ দেশীয় মদিরার যে মাসুলের হার হাসিলের বোর্ডের সাহেবেরা নির্দ্ধার্য্য করিয়াছেন তাহা গালনপ্রতি ॥০ আট আনা। ১৮১৩ সালের ১০ আইনের ৮ ধারাতে হুকুম হইয়াছে যে যে শরাবের তেজ লণ্ডন পরুফসহী তেজহইতে শতকরা পঁচিশ অংশের কম হয় এমত কোন শরাব সদর ভাটীখানাহইতে বাহির হইবেক না অতএব যে রম শরাবের খুজরা বিক্রয় হয় তাহার যদি সেই তেজহইতে অধিক তেজ হয় তবে তাহার উপর যে টাক্স আদায় করা যাইবেক তাহাও তদনুসারে বৃদ্ধি করিতে হইবেক।

১৯। এই প্রকারের পাট্টা ১৮২৪ সালের ৭ আইনের ৫ ধারার বিধানানুসারে দেওয়া যায় এবং আবকারী সিরিশ্তায় এমত ব্যবহার চলন হইয়াছে যে ওয়াইন শরাবের ব্যবসায়িরদের ব্যবহার্য্য কাটের ১০ কাট দুই গালনের তুল্য জ্ঞান হয়।

তাড়ী।

২০। ১৮১৩ সালের ১০ আইনের ১৫ ধারাতে হুকুম আছে আবকারী কার্য্যকারকের পাট্টাবিনা কোন প্রকারের তাড়ী বিক্রয় হইবেক না। কিন্তু রাইয়তেরা চিনী প্রস্তুতকরণিয়ারদের নিকট যে তাড়ী বেচে তাহাও গণ্য করা এই আইনের অভিপ্রায় নহে। কেবল যাহারা টাক্স না দিয়া লোকেরদের ব্যবহারার্থ খুজরা বিক্রয় করে তাহারদের দণ্ড করিবার অভিপ্রায় আছে। গবর্ণমেণ্টের ১৮৪৩ সালের ৪ জানুআরি তারিখের ৩ নম্বরী হুকুমে নির্দ্ধার্য্য হইয়াছে যে তাড়ীর চারি শেরপর্য্যন্ত ১৮২৪ সালের ৭ আইনের ১১ ধারার বিধানমতে ক্রোক হইবার যোগ্য না হইয়া এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাওয়া যায়।

২১। পাট্টাবিনা তাড়ী কেবল বিক্রয় করাই আইনমতে দণ্ডের যোগ্য কর্ম্ম। অতএব তাড়ী যে গাছে জন্মে তাহা যে ব্যক্তি রক্ষা করে সেই ব্যক্তি যত খাইতে চাহে মাসুল না দিয়া ততই খাইতে পারে।

বাকী।

২২। আবকারী কার্য্যকারকেরা যদি মনোযোগী হইয়া এক মাসের টাক্সের তুল্য নগদ টাকা বিক্রেতারদের স্থানে আমানৎ লন তবে সরকারের পাওনা টাকা আদায়করা কঠিন হইবেক না। কিন্তু যদি বাকী আদায়ের নিমিত্তে তাঁহারদের কোন সময়ে ভূমির কি বাটীর নীলাম করা আবশ্যক হয় তবে ১৮১৪ সালের ১৭ আইনেতে সেই উপায় করিবার ক্ষমতার্পণ হইয়াছে।

২৩। বাকীর কোন প্রকারে ক্রমে২ বৃদ্ধি হইতে দিবেন না। টাক্স সপ্তাহে২ আদায় করিতে হইবেক এবং যদি দারোগারা হুকুমমতে না পান তবে টাক্স যত হয় তাহা বিক্রেতারদের আমানতী নগদ টাকাহইতে বাদ দেওয়া যাইবেক।* নিরূপিত সময়মতে রাজস্ব আদায় হওনের-

* মন্তব্য। যে দিনে আমানতী টাকা হইতে কোন টাকা বাদ দিয়া রাজস্বের হিসাবে জমা করা যায় সেই দিনে তৎস্থানে যে আমলার সঙ্গে সেই বিষয়ের সম্পর্ক থাকে তাঁহার নিকট এক পরওয়ানা পাঠাইয়া তাঁহাকে আপন খাতায় সেইরূপ বাদ দেওয়ার হুকুম করা উচিত। তাহাতে উভয় কার্য্যকারকের খাতার মিল থাকিবেক।

are held personally responsible for the punctual realization of the revenue; and it is suggested that they keep in their office, and also in the office of the darogahs, a kistbundee that will shew the sum demandable weekly by the collecting officers, or by themselves, should they have charge of any part of the collections, without the intervention of a local officer.

বিষয়ে আবকারী কার্য্যকারকেরা নিজে দায়ী আছেন। আরো তাঁহারদিগকে এই পরামর্শ দেওয়া যাইতেছে যে তাঁহারা আপনারদের দপ্তরখানায় এবং দারোগারদের দপ্তরখানায় এক২ কিস্তিবন্দী রাখেন, তাহাতে তহসীলের কার্য্যকারকেরদের, অথবা তৎস্থানীয় ঐ কার্য্যকারকের সাহায্যবিনা তাঁহারদের নিজের প্রতি যদি রাজস্ব আদায়ের ভারের কোন অংশ থাকে তবে আপনারদেরও, সপ্তাহে২ যত আদায় করিতে হয় তাহা দেখান যাইবেক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 26.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of —— Dated Fort William, the 6th October, 1853.

Circular Order, No. 59, dated the 27th August, 1850, directed that thirty-five Registers should be kept in a Collector's Office, and prescribed the form in which each was to be prepared; in para. 4, it was intimated, that when the Registers had been in use for one year, any improvements and alterations which experience might suggest would be considered. By Circular, No. 15, dated 28th September, 1852, five new Registers were added to the list, and the Board have from time to time received various suggestions for increasing the number of Registers and introducing correspondence between the Registers and the headings in the Quarterly Business Statements, by which greater perspicuity as to the nature and state of the business in each office might be obtained, and much trouble saved.

2. I am now directed to forward a revised list of Registers, with corresponding headings for the Quarterly Statements, a new form of Quarterly Statement drawn up in conformity therewith, and a paper of directions containing such full explanations of the entries to be made in the respective Registers, as will, it is hoped, prevent any misapprehension of what is intended.

3. The Registers are increased to forty four, and the headings in the Statement to thirty, but the Board, after communication with those Officers who have bestowed attention on the subject, feel assured that the quantity of writing in a Collector's office will really be decreased, and much time saved by the methodical correspondence of the Registry and Quarterly Statements now to be introduced.

4. It will be seen that an additional memorandum has been appended to the Statement with a view to obtaining more information than it has hitherto been the practice to furnish regarding resort to the law of distraint.

5. The Board request that you will impress on the Collectors, that on this, and on similar occasions, it is not well to pass on the papers to the Writer and the Record-keeper to make what they can of them. The Collector should make himself thoroughly acquainted with the instructions, and when his ministerial Officers have had full oppor-

২৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ৬ অক্টোবর।

১৮৫০ সালের ২৭ আগষ্ট তারিখের ৫৯ নম্বরী সরকুলর অর্ডরে হুকুম হইয়াছিল যে কালেক্টর সাহেবের দপ্তরখানায় পঁয়ত্রিশখান রেজিষ্টর রাখা যায় এবং প্রত্যেক রেজিষ্টর যে পাঠানুসারে প্রস্তুত করা যাইবেক তাহাও নির্দ্দিষ্ট হইয়াছিল। ৪ দফাতে লেখা ছিল ঐ সকল রেজিষ্টর এক বৎসরপর্য্যন্ত ব্যবহার হইলে পর যদি কার্য্যক্রমে পূর্ব্বাপেক্ষা কোন উত্তম নিয়ম করা কি নিয়ম মতান্তর করা পরামর্শ হয় তবে তাহার বিবেচনা হইবেক। ১৮৫২ সালের ২৮ সেপ্টেম্বর তারিখের ১৫ নম্বরী সরকুলরের দ্বারা ঐ রেজিষ্টরের তালিকাতে পাঁচখান নূতন রেজিষ্টর লেখা গিয়াছে এবং রেজিষ্টরের সংখ্যা বৃদ্ধি করণের বিষয়ে ও প্রত্যেক দপ্তরখানার কার্য্যের প্রকার ও অবস্থা তাহাতে আরও স্পষ্টরূপে বুঝা যায় ও অনেক ক্লেশ রক্ষা হয় এই নিমিত্তে রেজিষ্টরের ও ত্রৈমাসিক কার্য্যের কৈফিয়তের শিরনামার মিল করাইবার বিষয়ে বোর্ডের সাহেবেরদের নিকটে সময়ে২ নানাপ্রকার পরামর্শ দেওয়া গিয়াছে।

২। আমি এইক্ষণে আদেশমতে রেজিষ্টরের এক সংশোধিত ফিরিস্তি এবং তদনুযায়ি ত্রৈমাসিক কৈফিয়তের শিরনামা এবং তদনুসারে প্রস্তুত ত্রৈমাসিক কৈফিয়তের নূতন এক পাঠ ও উপদেশের এক পত্র পাঠাইতেছি। ঐ২ রেজিষ্টরের মধ্যে যে সকল কথা লিখিতে হইবেক তাহা ঐ উপদেশপত্রে অতি সম্পূর্ণরূপে ব্যাখ্যা হওয়াতে ভরসা হয় যে অভিপ্রেত বিষয়ের কোন ভুল হইবেক না।

৩। রেজিষ্টরের সংখ্যা বৃদ্ধি হইয়া চৌয়াল্লিশ রেজিষ্টর হইবেক এবং কৈফিয়তের ত্রিশ শিরনামা হইবেক। কিন্তু যে কার্য্যকারক সাহেবেরা তদ্বিষয়ে মনোযোগ করিয়াছেন তাঁহারদের সঙ্গে বোর্ডের সাহেবেরা লিখনপঠন করিয়া নিশ্চয়রূপে বোধ করেন যে রেজিষ্টরী ও ত্রৈমাসিক কৈফিয়তের পরস্পর নিয়মিত যে মিল এইক্ষণে হইবেক তাহাতে কালেক্টর সাহেবের দপ্তরখানায় বহু লিখনের নিতান্ত কমা হইবেক ও বহু সময় রক্ষা হইবেক।

৪। দৃষ্ট হইবেক যে ক্রোকী আইনানুসারে কার্য্য করিতে হইলে তদ্বিষয়ে যেপর্য্যন্ত বিবরণ লেখার ব্যবহার হইয়া আসিতেছে তদতোধিক সম্বাদ পাইবার অভিপ্রায়ে কৈফিয়তের পর অতিরিক্ত এক মেমরাণ্ডম নির্দ্দিষ্ট হইয়াছে।

৫। বোর্ডের সাহেবেরা আদেশ করিতেছেন যে তুমি কালেক্টর সাহেবেরদের মনোগত করাও যে বর্ত্তমান ও তত্তুল্য অন্যান্য স্থলে কেরাণী ও মহাফেজ কাগজপত্র দেখিয়া আপনারদের সাধ্যমতে বুঝিয়া লয় এই নিমিত্তে তাহারদের হস্তে তাহা দেওয়া ভাল নয়। কালেক্টর সাহেবের কর্ত্তব্য যে আপনি ঐ উপদেশ সম্পূর্ণরূপে অবগত হন পরে তাঁহার আমলারা ঐ কাগজ অনু-

tunity of studying the papers, should satisfy himself that they have not misapprehended any part of them, and instruct them if it be necessary. By this means the irksome task of revising incorrect Statements is averted, and the timely despatch of correct Returns is secured.

6. The injunctions contained in the Circular of the 27th August, 1850, in regard to indents will of course be strictly attended to by Collectors, the instructions to the Superintendent of the Lithographic Press, referred to in its 4th para., having been repeated in furnishing him with the new forms.

(Signed) A. GROTE,
Offg. Secretary.

শীলন করিবার সম্পূর্ণ অবকাশ পাইলে পর তাঁহার কোন অংশের বিষয়ে তাঁহারদের ভ্রম হয় নাই এই বিষয় হুবোধমতে জ্ঞাত হন এবং যদি আবশ্যক হয় তবে তাঁহারদিগকে বুঝাইয়া দেন। এই উপায় করিলে অশুদ্ধ কৈফিয়ৎ সংশোধন করিবার অতি ক্লেশকর কার্য্য করিতে হইবেক না এবং ঠিক রিটর্ণ সময়মতে পাঠান যাইবেক।

৬। কৈফিয়ৎপ্রভৃতির পাঠ চাহিয়া লইবার বিষয়ে ১৮৫০ সালের ২৭ আগষ্ট তারিখের সরক্যুলর পত্রে যে হুকুম আছে তাহা কালেক্টর সাহেবেরা সুতরাং অবিকলরূপে মানিবেন। পাতরিয়া ছাপাখানার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে ঐ সরক্যুলরের ৪ দফাতে যে উপদেশের কথা উল্লেখ হইয়াছে তাহা তাঁহার নিকট নূতন পাঠ পাঠাওনের সময়ে পুনরায় তাঁহাকে দেওয়া গিয়াছে।

এ গ্রোট।
একটিং সেক্রেটারী।

COLLECTOR'S QUARTERLY STATEMENT OF BUSINESS TRANSACTED.

1. Petitions received and orders passed.
2. Roobokarees, Reports, Urzees, Kyfeuts, &c., &c., received, and orders passed thereon.
3. Mutation cases.
4. Summary Suits under Regulation VII. of 1799, for arrears of rent.
5. Summary Suits instituted by under-holders for damages on account of exactions of rent.
6. Suits under Sections 15 and 16, Regulation V. of 1812.
7. Miscellaneous cases of every description connected with the Summary Suit laws under Regulation V. of 1812, Section 9, Regulation VII. of 1799, Act X. of 1846, &c., &c.
8. Cases of illegal ejectment under Section 18, Regulation VIII. of 1819, and Circular Order 29th August, 1837, No. 73.

কালেক্টর সাহেবের নির্ব্বাহকরা কার্য্যের ত্রৈমাসিক কৈফিয়ৎ।

১। যে দরখাস্ত পাওয়া গিয়াছে ও তাহার উপর যে হুকুম দেওয়া গিয়াছে।

২। যে রুবকারী ও রিপোর্ট ও আরজী ও কৈফিয়ৎ প্রভৃতি পাওয়া গিয়াছে ও তাহার উপর যে হুকুম দেওয়া গিয়াছে।

৩। খারিজদাখিলী মোকদ্দমা।

৪। মালগুজারীর বাকীর বাবৎ ১৭৯৯ সালের ৭ আইনমতে সরাসরী মোকদ্দমা।

৫। খাজানা অন্যায়রূপে লওনপ্রযুক্ত খেসারতের যে সরাসরী মোকদ্দমা তাবেদার দখীলকারের উপস্থিত করে।

৬। ১৮১২ সালের ৫ আইনের ১৫ ও ১৬ ধারামতে মোকদ্দমা।

৭। সরাসরী মোকদ্দমার ১৮১২ সালের ৫ আইন ও ১৭৯৯ সালের ৭ আইনের ৯ ধারা ও ১৮৪৬ সালের ১০ আইনপ্রভৃতি আইনসম্পর্কীয় সর্ব্বপ্রকারের মুৎফরক্কা মোকদ্দমা।

৮। ১৮১৯ সালের ৮ আইনের ১৮ ধারা ও ১৮৩৭ সালের ২৯ আগষ্ট তারিখের ৭৩ নম্বরী সরক্যুলর অর্ডরঅনুসারে বেআইনীমতে বেদখল করণের মোকদ্দমা।

REGISTERS TO BE KEPT IN COLLECTOR'S OFFICE.

1. Register of Petitions.
2. Register of Roobokarees, Reports, Urzees, Kyfeuts, &c., received, and orders passed thereon.
3. Register of Mutations.
4. Register of Summary Suits under Regulation VII. of 1799, for arrears of rent.
5. Register of Summary Suits instituted by under-holders for exactions of rent.
6. Register of Suits under Sections 15 and 16, Regulation V. of 1812.
7. Register of Miscellaneous cases connected with the Summary Suit laws.
8. Register of cases of illegal ejectment under Section 18, Regulation VIII. of 1819, and Circular Order, 29th August, 1837, No. 73.

৪ চতুর্থ প্রকরণ।—খাস আপীল অগ্রাহ্য করণের কিম্বা মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার হুকুম যদি কেবল এক জন জজ সাহেবের দ্বারা হয় তবে ঐ হুকুম চূড়ান্ত হইবেক না কিন্তু তাহা ঐ আদালতের অন্য এক জন জজ সাহেবের সম্মুখে অর্পণ করা যাইবেক এবং সেই সাহেব আপেলাণ্টের কি তাহার উকীলের এবং রেসপাণ্ডেণ্টের কি তাহার উকীলের কিম্বা তাহারদের যে কেহ হাজির থাকে তাহারদের সম্মুখে আপীলের দরখাস্ত শুনিবেন। ঐ দ্বিতীয় জজ সাহেব যদি বোধ করেন যে আপীল নামঞ্জুর করা কিম্বা মোকদ্দমা ফিরিয়া পাঠান উচিত তবে তিনি সেই মর্ম্মের চূড়ান্ত হুকুম জারী করিবেন। যদি বোধ করেন যে আপীল গ্রাহ্য করা উচিত তবে তাহা গ্রাহ্য করিবার বিষয়ের হুকুম জারী করিবেন এবং তৎক্রমে আপীল গ্রাহ্য হইবেক ও প্রথমে গ্রাহ্য হইলে যেরূপ হইত সেইরূপে তাহা উপযুক্ত দাঁড়ামতে শুনা যাইবেক ও নিষ্পত্তি হইবেক।

৫ পঞ্চম প্রকরণ।—রেসপাণ্ডেণ্টের হাজির হইতে ও তাহার কথা শুনা যাইতে পারিবার নিমিত্তে তাহাকে এত্তেলা না দেওয়া গেলে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার চূড়ান্ত হুকুম হইবেক না।

৬ ষষ্ঠ প্রকরণ।—খাস আপীল গ্রাহ্য করণের হুকুম যে কোন জজ সাহেব করেন তিনি এমত সর্টিফিকটও লিখিয়া দিতে পারেন যে খাস আপীল যেং হেতুতে হইতে পারে এমত কোন হেতুসম্পর্কে অধঃস্থ আদালতের নিষ্পত্তি আমার বিবেচনায় স্পষ্টই ভ্রমযুক্ত। তাহা করিলে ঐ আপীল শুনা যাইবার নিমিত্তে সর্টিফিকটহওয়া খাস আপীলের ফিরিস্তিনামক ফিরিস্তিতে লেখা যাইবেক। এমত ফিরিস্তিতে যে সকল মোকদ্দমা লেখা যায় তাহা, সদর আদালতে উপস্থিতথাকা খাস আপীলের সাধারণ ফিরিস্তির বিষয়ে, দৃষ্টি না রাখিয়া, এই আইনের বিধানানুসারে শুনিবার ও নিষ্পত্তি হইবার নিমিত্তে উপযুক্ত দাঁড়ামতে তলব হইতে পারে।

৭ সপ্তম প্রকরণ।—এই আইনের বিধানমতে যত জন

be heard by a number of Judges sufficient according to the provisions of this Act to hear and determine the appeal and it shall appear that the decision is manifestly erroneous, or that the case ought to be remanded the appeal may be heard and determined forthwith, if the respondent or respondents be present or represented by a pleader or pleaders, otherwise the Court may order the case to be entered in the list of certified appeals, and the same shall be entered accordingly.

IX. *Clause* 1.—Every order for rejecting a special appeal shall state the reason for disallowing each of the grounds set forth in the petition, and every such order of rejection may be once reviewed by the Judge or Judges by whom the same was passed or by any Judge or Judges sitting for or instead of him or them, if they or he shall think fit to review the same. Provided that no such review shall be allowed unless application for the same be made within three months from the date of such order.

Clause 2.—If any such order be rescinded or if the Judges who shall review the same shall be equally divided in opinion, the appeal shall be admitted and the case brought on to the file of the Court and heard and determined in due course.

Clause 3.—A petition for the review of such order shall be written on paper stamped with a Government stamp of the value of two Rupees a sheet.

X. *Clause* 1.—When any special appeal shall be admitted, the same shall be heard and determined by three or more of the Judges of the Sudder Court, and such hearing and determination shall be upon all the grounds whereon a special appeal will lie under this Act.

Clause 2.—The Sudder Court may at any time before or at the time of the hearing of any special appeal or any application for a special appeal allow either party to amend the grounds of objection set forth in his petition, or to add further grounds of objection thereto; or to urge and be heard by himself or his pleader in support of any objection not included in his petition, upon such terms and conditions as to postponement of the hearing, and as to the payment of costs or otherwise as the Court shall think just, to prevent the opposite party or his pleader from being taken by surprise or otherwise. Without such leave of the Court, neither party shall be allowed to urge or be heard in support of any objection not set forth in his petition. But upon hearing the application or determining the appeal the Sudder Court shall not be confined to the grounds of objection set forth in the Petition.

XI. The existing Laws and Regulations of the Presidencies of Bengal, Madras and Bombay, relat-

জজ সাহেব হইলে আপীলের শুনানি ও নিষ্পত্তি হইতে পারে তত জন জজ সাহেবের দ্বারা যদি খাস আপীলের দরখাস্তের শুনানি হয় এবং যদি দৃষ্ট হয় যে ডিক্রী স্পষ্টরূপেই ভ্রমযুক্ত কিম্বা মোকদ্দমা ফিরিয়া পাঠান উচিত তবে রেস্পাণ্ডেণ্ট কি রেস্পাণ্ডেণ্টেরা হাজির হইলে কিম্বা তাহার কি তাহারদের স্থলে উকীল কি উকীলেরা হাজির হইলে আপীল অবিলম্বে শুনা যাইতে ও নিষ্পত্তি হইতে পারিবেক। যদি তাহারা হাজির না হয় তবে আদালত হুকুম করিতে পারেন যে ঐ মোকদ্দমা সর্টিফিকটকরা আপীলের ফিরিস্তিতে দাখিল করা যায় এবং তাহা তদনুসারে দাখিল করা যাইবেক ইতি।

৯ ধারা। ১ প্রথম প্রকরণ।—খাস আপীল নামঞ্জুর করিবার বিষয়ে প্রত্যেক হুকুমেতে দরখাস্তের লিখিত প্রত্যেক হেতু নামঞ্জুর করণের কারণ লেখা যাইবেক এবং নামঞ্জুর করণের সেইরূপ প্রত্যেক হুকুম যে জজ সাহেব কি সাহেবেরা করেন তিনি কি তাঁহারা, অথবা তাঁহার কি তাঁহারদের পরিবর্ত্তে কি স্থানে যে কোন জজ সাহেব কি সাহেবেরা বসেন তিনি কি তাঁহারা যদি সেই হুকুমের পুনর্দৃষ্টি করা উচিত বোধ করেন তবে তাহা একবার পুনর্দৃষ্টি করিতে পারেন। পরন্তু জানা কর্ত্তব্য যে ঐ হুকুমের তারিখের পর তিন মাসের মধ্যে যদি তাহার পুনর্দৃষ্টি হইবার দরখাস্ত না হয় তবে সেইরূপ পুনর্দৃষ্টি হইবেক না।

২ দ্বিতীয় প্রকরণ।—যদি সেইরূপ কোন হুকুম বাতিল করা যায় কিম্বা যে জজ সাহেবেরা তাহা পুনর্দৃষ্টি করেন তাঁহারদের যদি দুই মত হয় এবং যত জন জজ সাহেবের এক মত তত জনের অন্য মত হয় তবে আপীল গ্রাহ্য হইবেক এবং মোকদ্দমা আদালতের নথীতে দাখিল হইয়া তাহার শুনানি ও নিষ্পত্তি উপযুক্ত দাঁড়ামতে হইবেক।

৩ তৃতীয় প্রকরণ।—এমত হুকুম পুনর্দৃষ্টি করিবার দরখাস্ত প্রতি তক্তাতে ২ টাকা মূল্যের গবর্ণমেণ্টের ইষ্টাম্প কাগজে লেখা যাইবেক ইতি।

১০ ধারা। ১ প্রথম প্রকরণ।—যখন কোন খাস আপীল গ্রাহ্য হয় তখন সদর আদালতের তিন জন কি ততোধিক জন জজ সাহেব তাহা শুনিয়া নিষ্পত্তি করিবেন এবং এই আইনানুসারে খাস আপীল যে২ হেতুতে হইতে পারে সেই সকল হেতুতে ঐ শুনানি ও নিষ্পত্তি হইবেক।

২ দ্বিতীয় প্রকরণ।—সদর আদালতের এমত ক্ষমতা থাকিবেক যে কোন খাস আপীল কিম্বা খাস আপীলের কোন দরখাস্ত শুনিবার পূর্ব্বে কিম্বা শুনিবার কালে কোন সময়ে বাদিকে কিম্বা প্রতিবাদিকে আপনার দরখাস্তের লিখিত আপত্তির হেতু সংশোধন করিতে দেন। যাহা লিখিয়াছে ততোধিক আপত্তির হেতু লিখিতে কিম্বা তাহার দরখাস্তের মধ্যে যে কোন আপত্তি লেখা যায় নাই তাহা প্রমাণ করিতে ও তাহার পোষকতায় তাহার কি তাহার উকীলের কথা শুনা যাইবার বিষয়ে অনুমতি দেন। পরন্তু ইহাতে বিপক্ষ ব্যক্তি কি তাহার উকীল হঠাৎ অপ্রস্তুত হন অথবা এই নিমিত্তে আদালত দরখাস্তের শুনানির বিলম্ব করণের বিষয়ে এবং খরচাপ্রভৃতি দেওনের বিষয়ে যে নিয়ম ও শর্ত ন্যায় বোধ করেন তদনুক্রমে ঐ অনুমতি দিবেন। আদালতের সেই প্রকার অনুমতি না হইলে বাদী কিম্বা প্রতিবাদী আপন দরখাস্তের মধ্যে যে আপত্তি নাই এমত কোন আপত্তি প্রকাশ করিতে পারিবেক না এবং তাহার পোষকতায় তাহার কথা শুনা যাইতে পারিবেক না। কিন্তু দরখাস্ত শুনিতে কিম্বা আপীলের নিষ্পত্তি করণেতে সদর আদালত দরখাস্তের প্রকাশিত আপত্তির হেতু ভিন্ন অন্য হেতু লইয়া কার্য্য করিবেন না এমত নহে ইতি।

১১ ধারা। খাস আপীলের বিষয়ে বাঙ্গলা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর যে সকল আইন চলন আছে

[*Government Gazette, 6th December*, 1853.]

ing to special appeals shall continue in force, in the said Presidencies respectively, so far as they are not inconsistent with, or repealed by, this Act.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 18TH NOVEMBER, 1853.

The following Act passed by the Governor General of India in Council, on the 18th of November, 1853, is hereby promulgated for general information.

ACT NO. XVII. OF 1853.

An Act to repeal Regulation VII. of 1816, *and to declare the law which is to be in force in the tract of land granted to Maharajah Imrit Rao.*

WHEREAS a tract of land situated near the town of Teroha, in the district of Banda, was granted as an independent Jagheer by the British Government to the Maharajah Imrit Rao, and whereas by Regulation VII. of 1816, of the Bengal Code, it was enacted that from and after the date of that Regulation, the jurisdiction of the Courts of Civil and Criminal judicature and the operation of the general Regulations, should not extend to the tract of land aforesaid, and whereas Maharajah Benaik Rao, son of the said Maharajah Imrit Rao, died on the 6th day of July, 1853, and it is now expedient to repeal the above-mentioned Regulation ; It is enacted as follows :—

I. Regulation VII. of 1816, of the Bengal Code, is hereby repealed.

II. The said tract of land, being part of the district of Banda, all Laws and Regulations now in force within that district shall be in force in the said tract of land.

III. All cases, Civil or Criminal, in which the cause of action arose, or the offence was committed, within the said tract of land, before the passing of this Act, may be tried and determined by the Courts of the said district of Banda, and the general Laws and Regulations now in force there may be applied and administered by the said Courts in the trial and determination of such cases ; but if in any Civil case it shall appear that the application of the said Laws and Regulations would operate unjustly if applied to the trial and determination thereof, it shall be lawful for the said Courts to try and determine the same according to equity and good conscience.

IV. Provided always, that no Court shall try or determine any case, Civil or Criminal, with respect to which a final decision was pronounced previously to the said 6th day of July, 1853, by any Court or person within the said tract of land, having at the time of the decision lawful power and authority to pronounce it ; and that with the exception of cases within the provisions of Section IV. of the said Regulation VII. of 1816, no act com-

তাহা যেপর্য্যন্ত এই আইনের সঙ্গে অনৈক্য না হয় কি এই আইনের দ্বারা রদ না হইয়াছে সেইপর্য্যন্ত ঐ২ রাজধানীতে প্রবল থাকিবেক ইতি।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্‌টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৮ নবেম্বর।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৮ নবেম্বর তারিখে নীচের লিখিত যে আইন জারী করিলেন তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৭ আইন।

১৮১৬ সালের ৭ আইন রদ করণের, এবং মহারাজ অমৃত রাউকে যে জমী দত্ত হইয়াছিল তাহাতে যে আইন চলন হইবেক তাহা প্রকাশ করণের আইন।

যেহেতুক ব্রিটনীয় গবর্ণমেণ্ট বান্দা জিলার অন্তঃপাতি তেরোহা নগরের নিকটস্থ এক খণ্ড জমী স্বাধীন জায়গীরস্বরূপ মহারাজা অমৃত রাউকে দান করিয়াছিলেন এবং যেহেতুক বাঙ্গলা দেশের চলিত ১৮১৬ সালের ৭ আইনেতে হুকুম হইয়াছিল যে ঐ আইনের তারিখঅবধি ও তাহার পরে দেওয়ানী ও ফৌজদারী আদালতের এলাকা এবং সাধারণ আইনের শক্তি পূর্ব্বোক্ত জমীখণ্ডের প্রতি খাটিবেক না, এবং যেহেতুক উক্ত মহারাজ অমৃত রাউর পুত্র মহারাজ বিনায়ক রাউ ১৮৫৩ সালের ৬ জুলাই তারিখে লোকান্তরগত হন এবং এইক্ষণে ঐ আইন রদকরা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১৬ সালের ৭ আইন ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। উক্ত জমীখণ্ড বান্দা জিলার এক অংশ হওয়াতে ঐ জিলার মধ্যে যে সকল আইন ও বিধান চলন আছে তাহা ঐ জমীখণ্ডেতেও চলন হইবেক ইতি।

৩ ধারা। যে সকল দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমার হেতুর আরম্ভ কিম্বা যে সকল অপরাধ এই আইন জারী হইবার পূর্ব্বে উক্ত জমীখণ্ডের মধ্যে হইয়াছিল, সেই সকল মোকদ্দমার বিচার উক্ত বান্দা জিলার আদালতে হইয়া নিষ্পত্তি হইতে পারে। এবং ঐ জিলাতে যে সাধারণ আইন ও বিধান চলন আছে তাহা উক্ত আদালত ঐ সকল মোকদ্দমার বিচারে ও নিষ্পত্তিতে চালাইবেন ও তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু যদি কোন দেওয়ানী মোকদ্দমায় দৃষ্ট হয় যে তাহার বিচারে ও নিষ্পত্তিতে ঐ আইন ও বিধান চালাইলে তাহা চালাওনেতে অন্যায়রূপ ফল জন্মিবেক তবে উক্ত আদালতের ক্ষমতা হইবেক যে যাথার্থ্য ও ধর্ম্ম বিবেচনামতে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করেন ইতি।

৪ ধারা। পরন্তু সর্ব্বদা জানা কর্ত্তব্য যে উক্ত জমীখণ্ডের মধ্যে কোন মোকদ্দমার নিষ্পত্তি করণসময়ে, তাহা করিবার সম্পূর্ণ শক্তি ও ক্ষমতাপ্রাপ্ত কোন আদালত কি ব্যক্তি ১৮৫৩ সালের উক্ত ৬ জুলাই তারিখের পূর্ব্বে যে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিয়াছিলেন এমত দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমা কোন আদালত বিচার কি নিষ্পত্তি করিবেন না। এবং ১৮১৬ সালের উক্ত ৭ আইনের ৪ ধারার বিধানের মধ্যে যে২ বিষয় আইসে তাহাছাড়া উক্ত জমীখণ্ডের মধ্যে ১৮৫৩ সালের ৩১ আগষ্ট

mitted within the said tract of land prior to the 31st day of August, 1853, shall be deemed an offence punishable under the provisions hereof, if at the time of the commission of such act the same was not contrary to the laws then in force in the said tract of land.

V. Nothing in this Act shall extend to any crime or offence within the provisions of Section III. or IV. of the said Regulation committed before the passing of this Act, but every such crime or offence shall be dealt with and punished as if this Act had not been passed.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

DRAFT OF ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 4TH NOVEMBER, 1853.

The following Draft of a proposed Act was read in Council for the first time on the 4th November, 1853.

ACT NO. —— OF 1853.

An Act to provide for the registration of decrees of the Civil Courts, and to prevent alienations of property in fraud of Creditors.

WHEREAS it is expedient to provide for the registration of decrees of the Courts of Civil Judicature in the territories under the Government of the East India Company, and of Military Courts of Requests, holden in pursuance of Act XI. of 1841, and to prevent alienations of property in fraud of creditors, It is enacted as follows:

I. In every Office for the registry of deeds within the said territories, there shall be kept a register to be called the register of decrees, and also a separate register to be called the register of suits pending.

II. Each of the said registers shall be kept in a book or books distinct from any other register.

III. Each of the said registers shall be appropriated to the period of two years, commencing on the 1st of January in one year, and ending on the 31st of December in the following year, inclusive of both days.

IV. Any person who shall be entitled to enforce a decree or judgment of any of the said Courts of civil judicature in the said territories may register the same by causing a memorial thereof to be entered in the register of decrees as hereinafter mentioned.

V. *Clause 1st.*—Upon application being made either verbally or by petition on unstamped paper by any person entitled to enforce a decree of any of the said Courts or his authorized agent, at any time within twelve years from the date of the decree to the Court by which such decree shall have been passed, or in the case of a decree of a Military Court of Requests to any such Military Court holden at

তারিখের পূর্ব্বের করা যে কোন কার্য্য সেই স্থানে তৎকালের চলিত বিধানের বিপরীত না ছিল, তাহা এই আইনের বিধানক্রমে দণ্ডের যোগ্য অপরাধ জ্ঞান হইবেক না ইতি।

৫ ধারা। উক্ত ৭ আইনের ৩ কিম্বা ৪ ধারার বিধানের মধ্যের যে কোন অপরাধ কি দোষ এই আইন জারী হওনের পূর্ব্বে হইয়াছিল তাহার বিষয়ে এই আইনের কোন কথা খাটিবেক না। কিন্তু এই আইন জারী না হওয়ার মত ঐ দোষ কি অপরাধের বিচার ও দণ্ড হইবেক ইতি।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্‌টিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

কোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৪ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ৪ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্‌ট।

দেওয়ানী আদালতের ডিক্রী রেজিষ্টরী করিবার নিয়ম করণের এবং মহাজনেরদিগকে প্রবঞ্চনা করিয়া সম্পত্তি হস্তান্তর করা নিবারণ করণের আইন।

যেহেতুক কোম্পানি বাহাদুরের শাসিত দেশের দেওয়ানী আদালতের এবং ১৮৪১ সালের ১১ আইনানুসারে করা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকোয়েষ্টের ডিক্রী রেজিষ্টরী করণের নিয়ম করা এবং মহাজনেরদিকে প্রবঞ্চনা করিয়া সম্পত্তি হস্তান্তর করণ নিবারণ করা বিহিত হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। উক্ত দেশের মধ্যে দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণের প্রত্যেক দফতরখানায় ডিক্রীর রেজিষ্টর নামে এক রেজিষ্টর রাখা যাইবেক এবং উপস্থিতথাকা মোকদ্দমার রেজিষ্টর নামে অন্য এক রেজিষ্টর রাখা যাইবেক ইতি।

২ ধারা। উক্ত প্রত্যেক রেজিষ্টর অন্য২ রেজিষ্টর হইতে পৃথক্‌রূপে এক কি অনেক বহীতে রাখা যাইবেক ইতি।

৩ ধারা। উক্ত প্রত্যেক রেজিষ্টরী বহী দুই বৎসর কালের নিমিত্তে হইবেক অর্থাৎ এক বৎসরের জানুআরি মাসের ১ তারিখে আরম্ভ হইয়া তাহার পর বৎসরের ডিসেম্বর মাসের ৩১ তারিখে শেষ হইবেক তাহার মধ্যে ঐ দুই তারিখও গণ্য হইবেক ইতি।

৪ ধারা। উক্ত দেশের মধ্যে দেওয়ানী এলাকার উক্ত কোন আদালতের ডিক্রী কি হুকুম জারী করিতে যে কোন ব্যক্তির স্বত্ব থাকে সেই ব্যক্তি এই আইনের নীচের লিখিতমতে তাহার এক চুম্বকপত্র ডিক্রীর রেজিষ্টরী বহীর মধ্যে লেখাইয়া লইয়া তাহা রেজিষ্টরী করিতে পারে ইতি।

৫ ধারা। ১ প্রথম প্রকরণ।—উক্ত কোন আদালতের ডিক্রী জারী করিতে যে কোন ব্যক্তির স্বত্ব থাকে সে কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত মোক্তার ঐ ডিক্রীর তারিখের পর বারো বৎসরের মধ্যে কোন সময়ে, ঐ ডিক্রী যে আদালতের দ্বারা হইয়াছিল সে আদালতের নিকটে অথবা সেই ডিক্রী সৈন্যসম্পর্কীয় কোর্ট রিকোয়েষ্টের ডিক্রী হইলে সেই মোকামে কি ছাউনি স্থানে ঐ প্রকার যে কোন সৈন্যসম্পর্কীয় আদালত বসে সেই আদালতের নিকটে, জোবানী

the same station or cantonment, such Court shall grant a memorial of the decree unless it shall appear to the Court that the decree has been satisfied.; but no such memorial shall be granted after the expiration of the said period of twelve years, unless sufficient cause for the delay shall be proved to the satisfaction of the Court.

Clause 2nd.—If it shall appear to the Court that the decree has been satisfied, the Court shall refuse to grant a memorial.

Clause 3rd.—If the application be made before the expiration of one year from the date of the decree, the Court shall not be bound to inquire whether the decree has been satisfied.

Clause 4th.—If more than one year shall have elapsed between the date of the decree and the application for the memorial, notice shall be issued to the defendant, calling upon him to show cause within a period to be fixed by the Court why a memorial should not be granted.

Clause 5th.—In the case of a Military Court of Requests, the defendant may be called upon to show cause at the same or any subsequent Court.

VI. The memorial shall be written on plain paper and shall be sealed with the seal of the Court in cases where the Court has a seal, and shall be signed by the Judge or one of the Judges of the Court. It shall specify the name of the Court, the date of passing the decree, the date of granting the memorial, the names and descriptions of the several parties to the suit as in the record, the sum or sums of money awarded to be paid, or any other thing awarded to be done; and when any sum of money is awarded as an alternative, the amount of the sum so awarded. If the decree relates to specific immovable property, the memorial shall describe such property as in the record.

VII. The word "decree" shall include an award having the force of a decree, and also a final award in any suit referred by any of the Civil Courts of Judicature.

VIII. *Clause 1st.*—The memorial of an award shall be granted by the Court in which the award shall be filed, and in addition to the several matters required by Section VI. to be stated in a memorial, shall state the name or names of the arbitrators or umpire by whom the award shall have been made.

Clause 2nd.—The memorial of a decree of a Military Court of Requests shall be signed by the officer appointed to record the proceedings of the Court, and also by the officer commanding the station or cantonment.

IX. *Clause 1st.*—Upon application by any Plaintiff or his authorized agent in a suit, either verbally or by petition on plain paper to any of the said Courts in which such suit shall be pending at any time *before* a decree shall have been passed therein, the Court shall grant a certificate of the pendency of the suit.

Clause 2nd.—The certificate shall be written on

প্রার্থনা করিলে কি শাদা কাগজে দরখাস্ত করিলে ঐ আদালত ঐ ডিক্রীর চুম্বকপত্র দিবেন। কিন্তু আদালত যদি দেখেন যে ডিক্রীর কার্য্য হইয়াছে তবে দিবেন না। পরন্তু ঐ বারো বৎসর মিয়াদ অতীত হইলে পর, আদালতের হৃদ্বোধমতে বিলম্বের মাতবর হেতুর প্রমাণ না হইলে ঐ প্রকার কোন চুম্বকপত্র দেওয়া যাইবেক না।

২ দ্বিতীয় প্রকরণ।—ঐ ডিক্রীর কার্য্য হইয়াছে আদালত যদি ইহা দেখিতে পান তবে চুম্বকপত্র দিতে নারাজ হইবেন।

৩ তৃতীয় প্রকরণ।—ডিক্রীর তারিখের পর এক বৎসর অতীত হওনের পূর্ব্বে যদি চুম্বকপত্র পাইবার প্রার্থনা হয় তবে ডিক্রীর কার্য্য হইয়াছে কি না এই বিষয় আদালতের জিজ্ঞাসা করিবার প্রয়োজন থাকিবেক না।

৪ চতুর্থ প্রকরণ।—যদি ডিক্রীর তারিখঅবধি চুম্বকপত্র পাইবার প্রার্থনা করণের তারিখপর্য্যন্ত এক বৎসরের অধিক কাল গত হইয়াছে তবে আসামীর নামে এত্তেলা জারী হইবেক তাহাতে তাহার প্রতি হুকুম হইবেক যে ঐ চুম্বকপত্র না দেওনের কারণ আদালতের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে দর্শায়।

৫ পঞ্চম প্রকরণ।—সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্ট হইলে আসামীর প্রতি সেই আদালতে কিম্বা তাহার পর যে কোন কোর্টের বৈঠক হয় তাহাতে ঐ কারণ দর্শাইতে হুকুম হইবেক ইতি।

৬ ধারা। ঐ চুম্বকপত্র শাদা কাগজে লেখা যাইবেক এবং আদালতের মোহর থাকিলে তাহাতে আদালতের মোহর করা যাইবেক এবং আদালতের জজ কিম্বা জজেরদের এক জন তাহাতে দস্তখৎ করিবেন। এবং আদালতের নাম, ও ডিক্রী করণের তারিখ, ও চুম্বকপত্র দেওনের তারিখ, ও রোয়দাদমতে মোকদ্দমাতে লিপ্ত প্রত্যেক ব্যক্তির নাম ও বয়ান, ও যে টাকা কি টাকাসকল দেওনের হুকুম হয় কিম্বা অন্য যে কোন কার্য্য করিবার হুকুম হয় তাহা, এবং সেই কার্য্য করণের পরিবর্ত্তে যখন কোন টাকা দেওনের হুকুম হয় তখন যত টাকা দিবার সেই প্রকার হুকুম হয় তাহার সংখ্যা ঐ চুম্বকপত্রেতে নির্দ্দিষ্ট থাকিবেক। ডিক্রী যদি নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির বিষয়ে হয় তবে রোয়দাদমতে ঐ সম্পত্তির বর্ণনা চুম্বকপত্রে থাকিবেক ইতি।

৭ ধারা। "ডিক্রী" এই শব্দেতে ডিক্রীর তুল্য বলবৎ ফয়সলাও বুঝাইবেক এবং দেওয়ানী এলাকার কোন আদালতহইতে অর্পণকরা কোন মোকদ্দমার চূড়ান্ত হুকুমও বুঝাইবেক ইতি।

৮ ধারা। ১ প্রথম প্রকরণ।—ফয়সলা যে আদালতের সিরিশ্তায় দাখিল করা যায় সেই আদালত ঐ ফয়সলার চুম্বকপত্র দিবেন। এবং ৬ ধারামত চুম্বকপত্রে যে সকল কথা লিখিবার হুকুম হইয়াছে তদতিরিক্ত যে শালিসেরদের কি মধ্যস্থের দ্বারা ফয়সলা হইয়াছে তাঁহার কি তাঁহারদের নামও তাহাতে লেখা থাকিবেক।

২ দ্বিতীয় প্রকরণ।—সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের ডিক্রীর চুম্বকপত্রেতে, যে সেনাপতি সাহেব আদালতের কার্য্যের বিবরণ লিখিতে নিযুক্ত আছেন তাঁহার, ও যে সেনাপতি সাহেব মোকামের কি ছাউনি স্থানের অধ্যক্ষতা কার্য্য করেন তাঁহার দস্তখৎ থাকিবেক ইতি।

৯ ধারা। ১ প্রথম প্রকরণ।—উক্ত যে কোন আদালতে কোন মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালতে ঐ মোকদ্দমার ডিক্রী হওনের পূর্ব্বে কোন সময়ে মোকদ্দমার কোন ফরিয়াদী কিম্বা তাহার ক্ষমতাপ্রাপ্ত মোখ্তার জোবানী প্রার্থনা করিলে কিম্বা শাদা কাগজে দরখাস্ত করিলে ঐ আদালত ঐ মোকদ্দমা উপস্থিত থাকনের সর্টিফিকট দিবেন।

২ দ্বিতীয় প্রকরণ।—ঐ সর্টিফিকট শাদা কাগজে লেখা

plain paper, and shall be sealed with the seal of the Court in cases where the Court has a seal, and shall be signed by the Judge or by one of the Judges of the Court. It shall state the name of the Court, the date of the certificate, the names and descriptions of all the parties to the suit as in the record or proceedings, the date of the commencement thereof, and the substance and value of the claim—and shall certify that the suit is pending. If the suit relates to specific immovable property, the certificate shall describe such property as in the record.

X. Upon presentation of the memorial or certificate at the registry office for any district to the Officer authorized to register deeds in such district, and upon payment of the proper fee for the registration thereof, such Officer shall register the memorial or certificate in the register of decrees, or in the register of suits pending, as the case may require.

XI. The following forms shall be observed on the registration of decrees or of suits pending :—

Clause 1st.– The person producing the memorial of the decree or certificate of the pendency of the suit for registry, shall attend at the registry office and deliver the memorial to the Officer authorized to register deeds in the said registry office together with the proper fee for the registry, and thereupon the said Officer shall without further proof cause an exact copy of the memorial or certificate to be entered in the proper register book together with a memorandum of the day of the month and year and the time of the day at which the entry shall be made, and after having caused the copy to be carefully examined with the original shall attest the copy with his signature. He shall then return the original with a certificate of the registry under his signature specifying the district and book in which the registry was made, and the page of the book, the number in the register, and the date and time of the day at which the registry was made.

Clause 2d.—Such Certificate shall in all Courts of justice be evidence of the registry.

XII. The decrees registered in the register of decrees, and the suits registered in the register of suits pending, shall respectively be numbered consecutively according to the order in which they are registered.

XIII. An index to each register shall be kept by the registering Officer, in which index the name of each Defendant shall be entered separately under the letter of the alphabet with which the name of such Defendant commences, together with the description of such Defendant contained in the register, and a reference to the number of the entry therein.

XIV. The entry in each register and index shall be made in the language of the memorial or certificate produced for registry; and a translation of each register and index shall be made into the Eng

যাইবেক এবং আদালতের মোহর থাকিলে তাহাতে আদালতের মোহর করা যাইবেক এবং তাহাতে আদালতের জজ কিম্বা জজেরদের মধ্যে এক জন দস্তখৎ করিবেন। আদালতের নাম, ও সর্টিফিকটের তারিখ, এবং রোয়দাদ কিম্বা কাগজপত্রমতে ঐ মোকদ্দমার সকল বাদিপ্রতিবাদির নাম ও বয়ান, এবং সেই মোকদ্দমা আরম্ভ করণের তারিখ, এবং দাওয়ার মর্ম্ম ও মুল্য, এই২ কথা, এবং মোকদ্দমা উপস্থিত আছে ইহার নিশ্চয়ার্থ কথা ঐ সর্টিফিকটে লেখা যাইবেক। মোকদ্দমা যদি নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তির বিষয়ে হয় তবে রোয়দাদমতে ঐ সম্পত্তির বর্ণনা সর্টিফিকটে থাকিবেক ইতি।

১০ ধারা। কোন জিলার রেজিষ্টরী দফ্তরখানায় ঐ জিলাতে দলীলদস্তাবেজ রেজিষ্টরী করণের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের নিকট ঐ চুম্বকপত্র কি সর্টিফিকট দরপেশ করা গেলে এবং তাহার রেজিষ্টরী করণের উপযুক্ত রসুম দেওয়া গেলে ঐ কার্য্যকারক সাহেব বিষয় বুঝিয়া ঐ চুম্বকপত্র কি সর্টিফিকট ডিক্রীর রেজিষ্টরী বহীতে কিম্বা উপস্থিতথাকা মোকদ্দমার রেজিষ্টরী বহীতে রেজিষ্টরী করিবেন ইতি।

১১ ধারা। ডিক্রীর কিম্বা উপস্থিতথাকা মোকদ্দমার রেজিষ্টরী করণের বিষয়ে নীচের লিখিত নিয়ম পালন করিতে হইবেক।

১ প্রথম প্রকরণ।—যে ব্যক্তি ডিক্রীর চুম্বকপত্র কিম্বা মোকদ্দমা উপস্থিত থাকনের সর্টিফিকট রেজিষ্টরী হইবার নিমিত্তে উপস্থিত করে সেই ব্যক্তি রেজিষ্টরী দফ্তরখানায় হাজির হইয়া, ঐ রেজিষ্টরী দফ্তরখানায় দলীলদস্তাবেজ রেজিষ্টরী করণের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারককে ঐ চুম্বকপত্র এবং রেজিষ্টরী করণের উপযুক্ত রসুম দিবেক। তাহা হইলে উক্ত কার্য্যকারক সাহেব অন্য প্রমাণ না লইয়া ঐ চুম্বকপত্রের কিম্বা সর্টিফিকটের এক প্রকৃত নকল উপযুক্ত রেজিষ্টরী বহীতে লেখাইয়া লইবেন এবং যে সালে ও যে মাসের যে দিনে ও দিনের যে সময়ে ঐ নকল করা গিয়াছে তাহা লেখাইবেন এবং আসলের সঙ্গে ঐ নকল মনোযোগপূর্ব্বক মোকাবিলা করাইয়া নকলে দস্তখৎ করিবেন। তৎপরে তিনি ঐ আসল পত্র ফিরিয়া দিবেন এবং তাহার সঙ্গে আপন দস্তখৎকরা রেজিষ্টরী হওনের সর্টিফিকট দিবেন। যে জিলাতে ও যে বহীতে রেজিষ্টরী করা যায় তাহা, এবং বহীর পৃষ্ঠার অঙ্ক, ও রেজিষ্টরীর নম্বর এবং যে তারিখে ও দিনের যে সময়ে ঐ রেজিষ্টরী হয় তাহা ঐ সর্টিফিকটে লেখা থাকিবেক।

২ দ্বিতীয় প্রকরণ।—ঐ প্রকার সর্টিফিকট সকল বিচার আদালতে রেজিষ্টরী হওয়ার প্রমাণ হইবেক ইতি।

১২ ধারা। ডিক্রীর রেজিষ্টরী বহীতে যে সকল ডিক্রী রেজিষ্টরী করা যায় ও উপস্থিতথাকা মোকদ্দমার রেজিষ্টরী বহীতে যে সকল মোকদ্দমা রেজিষ্টরী করা যায় তাহা যে ক্রমে রেজিষ্টরী করা গিয়াছে সেই ক্রমানুসারে ১,২প্রভৃতিনম্বর বিলি করা যাইবেক ইতি।

১৩ ধারা। রেজিষ্টরীকরণিয়া কার্য্যকারক সাহেব প্রত্যেক রেজিষ্টরের সূচিপত্র রাখিবেন তাহাতে প্রত্যেক আসামীর নাম এই নামের আদিঅক্ষরক্রমে আলাহিদা লেখা যাইবেক এবং রেজিষ্টরে ঐ আসামীর যে বয়ান আছে তাহা এবং যে নম্বরে রেজিষ্টরী হইয়াছে সেই নম্বর লেখা যাইবেক ইতি।

১৪ ধারা। রেজিষ্টরী হইবার নিমিত্তে যে চুম্বকপত্র কি সর্টিফিকট উপস্থিত করা যায় তাহা যে ভাষার হয় সেই ভাষায় প্রত্যেক রেজিষ্টরী বহীতে ও সূচিপত্রে লেখা যাইবেক এবং প্রত্যেক রেজিষ্টর ও সূচিপত্র ইঙ্গরেজী ভ

lish language and also into the language used in the Civil Court having jurisdiction in the district in which the registry office is situate, whenever the memorial or certificate is in a different language.

XV. Such translations shall be kept with the original register and index, and may be searched and referred to in the same manner as the originals and without any other fee.

XVI. The person producing the memorial or certificate for registration shall be entitled to examine the entry thereof with the original, and also to examine the entries in the index and any translations hereby required to be made, and shall also sign his name to the entry in the original register.

XVII. The following fees shall be payable :—

	Rs.	A.	P.
For the registry of a decree of a Moonsiff's Court, or of a Military Court of Requests, ...	0	8	0
For the registry of a decree in any other Court,...	1	0	0
For the registry of a suit pending in a Moonsiff's Court, or in a Military Court of Requests, ...	0	8	0
For the registry of a suit pending in any other Court, ...	1	0	0
For every search, ...	1	0	0
For every copy or extract from a register, ...	1	0	0

XVIII. The general laws and regulations for the time being in force in the several Presidencies with respect to the registration of deeds, so far as such laws and regulations relate to the time at which the Registrar or other Officer shall attend at the registry office for the despatch of business to the keeping, authenticating and depositing of the register books, to the inspection thereof, and searches therein, and to the counterfeiting or falsifying of any entry in any of the registers shall be applicable to the registration of decrees and of suits pending, so far as such laws and regulations can be applied thereto, and are not inconsistent with the provisions of this Act.

XIX. *Clause 1st.*—The costs of registering any decree, whether the same be registered in one Zillah or district or in more than one, may be ordered by the Court in which the decree was passed to be paid to the decree-holder by the party against whom the decree was passed.

Clause 2nd.—The order shall have the same effect as if the amount specified therein had been awarded by the decree to be paid to the decree-holder by such party, and shall be levied and enforced in like manner.

Clause 3rd.—No appeal shall lie from any such order.

যার তরজমা করা যাইবেক এবং রেজিষ্টরীর দপ্তরখানা যে জিলাতে আছে সেই জিলাতে যে দেওয়ানী আদালতের এলাকা থাকে তাহার চলন ভাষাভিন্ন অন্য ভাষাতে যদি ঐ চুম্বকপত্র কি সর্টিফিকট লেখা যায় তবে সেই চলন ভাষাতেও তজরমা হইবেক ইতি।

১৫ ধারা। ঐ তরজমা আসল রেজিষ্টর ও সুজিপত্রের সঙ্গে রাখা যাইবেক এবং যেপ্রকারে ও যত রসুম দিয়া আসল কাগজপত্র সন্ধান করা যাইতে ও দেখা যাইতে পারে সেই প্রকারে ও তাহার অধিক রসুম না দিয়া তাহাও সন্ধান করা যাইতে ও দেখা যাইতে পারে ইতি।

১৬ ধারা। যে ব্যক্তি ঐ চুম্বকপত্র কি সর্টিফিকট রেজিষ্টরী হওনের নিমিত্তে উপস্থিত করে সেই ব্যক্তির আসলের সঙ্গে নকল মিলাইয়া দেখিবার ক্ষমতা থাকিবেক, এবং সুজিপত্রে যে কথা লেখা যায় ও এই আইনের দ্বারা যে কোন তরজমা করিবার হুকুম হইয়াছে তাহা মিলাইয়া দেখিতে তাঁহার ক্ষমতা থাকিবেক এবং আসল রেজিষ্টরী বহীতে যে কথা লেখা গিয়াছে তাহাতে দস্তখৎও করিবেক ইতি।

১৭ ধারা। নীচের লিখিত রসুম লাগিবেক।

মুনসেফের আদালতের কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের ডিক্রী রেজিষ্টরী করণের নিমিত্তে	॥০
অন্য কোন আদালতের ডিক্রী রেজিষ্টরী করণের নিমিত্তে	১৲
মুনসেফের আদালতে কিম্বা সৈন্যসম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টে উপস্থিতথাকা মোকদ্দমা রেজিষ্টরী করণের নিমিত্তে	॥০
অন্য কোন আদালতে উপস্থিতথাকা মোকদ্দমা রেজিষ্টরী করণের নিমিত্তে	১৲
প্রত্যেকবার সন্ধান করণের নিমিত্তে	১৲
রেজিষ্টরহইতে প্রত্যেক নকল লওনের কি কোন অংশ গ্রহণের নিমিত্তে	১৲

১৮ ধারা। দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণের বিষয়ে নানা রাজধানীতে যে সময়ে যে সাধারণ আইন ও বিধান চলন হয় সেই আইন ও বিধান যেপর্য্যন্ত রেজিষ্ট্রার সাহেবের কি অন্য কার্য্যকারকের কার্য্য নির্ব্বাহ করণার্থে রেজিষ্টরী দপ্তরখানায় থাকিবার সময়ের বিষয়ে, এবং রেজিষ্টরী বহী রাখিবার ও তাহাতে দস্তখৎ করিবার ও তাহা গচ্ছিত করিবার বিষয়ে, এবং তাহা দেখিয়া লওনের বিষয়ে, এবং তাহাতে তালাশ করণের বিষয়ে এবং কোন রেজিষ্টরের মধ্যে লিখিত কোন কথা কৃত্রিম করণের ও মিথ্যা করণের বিষয়ে খাটে, সেইপর্য্যন্ত ঐ আইন ও বিধান ডিক্রীর ও উপস্থিতথাকা মোকদ্দমার রেজিষ্টরী করণের বিষয়েও খাটিবেক কিন্তু যে স্থলে খাটান যাইতে পারে না ও এই আইনের বিধানের সঙ্গে অনৈক্য হয় সেই স্থলে খাটিবেক না ইতি।

১৯ ধারা। ১ প্রথম প্রকরণ।—কোন ডিক্রী এক জিলাতে কি প্রদেশে কি একের অধিক জিলাতে রেজিষ্টরী করা গেলেও, যে আদালতের দ্বারা ডিক্রী করা যায় সেই আদালত হুকুম করিতে পারেন যে ডিক্রী যাহার বিরুদ্ধে করা গিয়াছিল সেই ব্যক্তি ঐ রেজিষ্টরী করণের খরচ ডিক্রীদারকে দেয়।

২ দ্বিতীয় প্রকরণ।—ঐরূপ হুকুমেতে যত টাকা নির্দ্দিষ্ট হয় সেই টাকা ডিক্রীদারকে ডিক্রীমতে ঐ ব্যক্তির দিবার হুকুম হইলে তাহার যেরূপ ফল হইত ও যেপ্রকারে আদায় করা যাইত ও জারী হইত ঐ হুকুমেরও সেইরূপ ফল হইবেক ও টাকা সেইরূপে আদায় করা যাইবেক ও হুকুম সেইরূপে জারী হইবেক।

৩ তৃতীয় প্রকরণ। এমত কোন হুকুমের উপর কোন আপীল হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৬ ডিসেম্বর।]

XX. The costs of registering a suit pending may be ordered by the Court to be paid by the party against whom the decree shall be passed, as part of the costs in the cause.

[To be Continued.]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

The 25th November, 1853.

The undermentioned Native Judges and Cazee have obtained leave of absence for the period of the late Dusserah and Mohurrum Vacation.

East Burdwan.

Name		Station
Mr. S. Wright,	Moonsiff	of Burdwan.
Baboo Poornoochunder Mitter,	Do.	of Kytee.
„ Satcowree Deb,	Do.	of Mungulcote.
„ Mun Mohun Baboo,	Do.	of Khundghose.
„ Ramloll Sein,	Do.	of Madpoor.
„ Doorga Purshad Bose,	Do.	of Sullimabad.
„ Seeteekant Sing,	Do.	of Pothna.
Mahomed Hossein,	Do.	of Bamunarah.
Baboo Gopaul Chunder Ghose,	Do.	of Bhuttooria.
„ Mudoosoodun Banerjee,	Do.	of Culna.
Hamidool Huq,	Do.	of Mohumudpore.
Baboo Srikant Sing,	Do.	of Samuntee.

West Burdwan.

Name		Station
Baboo Bissessur Chuckerbutty,	Moonsiff	of Oundah.
„ Gopeekishen Banerjee,	Do.	of Kotulpore.
„ Eshan Chunder Dutt,	Do.	of Burjorah.
„ Ramloll Chuckerbutty,	Do.	of Radhanagore.
Moulvee Syud Noorool Hossein,	Do.	of Bishenpore.
Asadoollah,	Do.	of Sonamookey.

Jessore.

Name		Station
Moulvee Abdoor Rouf,	Moonsiff	of Singhea.
Baboo Kylas Chunder Dey,	Do.	of Noabad.
„ Haranund Mujoomdar,	Do.	of Lohagurrah.
„ Gour Chunder Mujoomdar,	Do.	of Tallah.
Moulvee Seedeq Ahmud,	Do.	of Tirmohunee.
Moonshee Ateeoollah,	Do.	of Dhurmpoor.
Baboo Anand Chunder Banerjee,	Do.	of Comercolly.
„ Radhanath Chatterjee,	Do.	of Koloopole.
Moonshee Gholam Abed,	Do.	of Jhenidah.
Baboo Doorgapershad Roy,	Do.	of Sulkea.
Moulvee Adiloodin,	Do.	of Khajoorah.

Midnapoor.

Name		Station
Baboo Srenath Bhooya,	Moonsiff	of Culmijole.
Moonshee Khyrat Hossein, 1st Grade,	Do.	of Kasseegunge.

২০ ধারা। উপস্থিতথাকা মোকদ্দমা রেজিষ্টরী করণের খরচ, যাহার বিরুদ্ধে ডিক্রী হয় তাহারই মোকদ্দমার খচরাস্বরূপ দিতে আদালত হুকুম করিতে পারেন ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে হইবেক।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ২৫ নবেম্বর।

নীচের লিখিত এতদ্দেশীয় জজ ও কাজী সাহেবেরা গত দশহরা ও মহরমের বন্দে ছুটী পান।

পূর্ব্ব বর্দ্ধমান।

বর্দ্ধমানের	মুনসেফ	শ্রীযুত এস রাইট সাহেব।
কাইতীর	ঐ	ঐ বাবু পূর্ণচন্দ্র মিত্র।
মঙ্গলকোটের	ঐ	ঐ বাবু সাতকড়ি দেব।
খণ্ডঘোষের	ঐ	ঐ মন্‌মোহন বাবু।
মাদপুরের	ঐ	ঐ বাবু রামলাল সেন।
সলিমাবাদের	ঐ	ঐ বাবু দুর্গাপ্রসাদ বসু।
পতনার	ঐ	ঐ বাবু শিতিকণ্ঠ সিংহ।
বামনআড়ার	ঐ	ঐ মহম্মদ হুসেন।
ভাতুড়িয়ার	ঐ	ঐ বাবু গোপালচন্দ্র ঘোষ।
কালনার	ঐ	ঐ বাবু মধুসূদন বাঁড়ুয্যা।
মহম্মদপুরের	ঐ	ঐ হামিদুল হক।
সামন্তির	ঐ	ঐ বাবু শ্রীকান্ত সিংহ।

পশ্চিম বর্দ্ধমান।

আউন্দার	মুনসেফ	শ্রীযুত বাবু বিশ্বেশ্বর চক্রবর্ত্তী।
কোতলপুরের	ঐ	ঐ বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা
বড়যোড়ার	ঐ	ঐ বাবু ঈশানচন্দ্র দত্ত।
রাধানগরের	ঐ	ঐ বাবু রামলাল চক্রবর্ত্তী।
বিষ্ণুপুরের	ঐ	ঐ মৌলবী সাএদনুরুল হুসেন
সোণামুখীর	ঐ	ঐ আসদউল্লা।

যশোহর।

সিংছিয়ার	মুনসেফ	শ্রীযুত মৌলবী আবদুর রৌফ।
নওয়াবাদের	ঐ	ঐ বাবু কৈলাসচন্দ্র দে।
লোহাগড়ার	ঐ	ঐ বাবু হারানন্দ মজুমদার।
টালার	ঐ	ঐ বাবু গৌরচন্দ্র মজুমদার।
ত্রিমোহিণীর	ঐ	ঐ মৌলবী সাদিক অহ্মদ।
ধর্ম্মপুরের	ঐ	ঐ মুনশী আত্তিউল্লা।
কুমারখালীর	ঐ	ঐ বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা।
কালুপোলের	ঐ	ঐ বাবু রাধানাথ চাটুয্যা।
ঝিনিদহের	ঐ	ঐ মুনশী গোলাম আবেদ।
শালিখার	ঐ	ঐ বাবু দুর্গাপ্রসাদ রায়।
খাজুরার	ঐ	ঐ মৌলবী আদিলউদ্দীন।

মেদিনীপুর।

কলমিজোলের	মুনসেফ	শ্রীযুত বাবু শ্রীনাথ ভুঞা।
কাশীগঞ্জের প্রথম শ্রেণীর	ঐ	ঐ মুনশী খয়রাৎ হুসেন।

Baboo Omes Chunder Mookerjee, Moonsiff of Anundpoor.
„ Jugobundhoo Banerjee, 1st Grade, Do of Pertahpoor.
Moulvee Derasutoollah, Moonsiff of Nugwan.
Syud Imjad Alee, 1st Grade Do. of Bughree.
Baboo Russickloll Bose, Moonsiff of Nemaul.
Moonshee Dubeeroodin, Acting Do of Nocassee.

24-*Pergunnahs.*

Baboo Ramnarain Sandial, Moonsiff of Nyehattee.
„ Beneemadhub Shome, Do of Patterghotta.
„ Nilmoney Mitter, Do of Kudumgachee.
„ Lakheenarain Mitter, Do of Manicktullah.
„ Juggernath Purshad Banerjee, Do. of Bishenpoor.
„ Rajmohun Mitter, Do. of Busheerhaut.
„ Huris Chunder Mitter, Do. of Lubshaw.

Dacca

Baboo Gris Chunder Ghose, Moonsiff of Furreedpoor.
„ Gobind Chand Bose, Do of Poragatcha.
„ Gopemohun Roy, Do. of Maneckgunge.
„ Pudolochun Dass, Do. of Lechragunge.
„ Ramcoomar Bose, Do. of Pulas
Moulvee Gholam Muqdoom, City Cazee.

Backergunge.

Baboo Berj Mohun Dutt, Moonsiff of Bowfaul

Chittagong

Baboo Ooma Churn, Moonsift of Runguneah.
„ Goluck Chunder Roy, Do. of Satcaneah
Moulvee Abdool Rouf, Do of Rawoojan.
Moonshee Ameenoodin, Do. of Deang.
Moulvee Syud Ahamud, Do. of Putteeah
Mr R. Finney, Do of Bhutteearee.
Pundit Mudun Mohun Turkbhoosun, Addl. Do. of Howlah.
Moulvee Anwur Alee, Do of Sundeep
Baboo Mohes Chunder Sein, Do. of Zorawurgunge
Moonshee Zenutoollah, Addl Do. of Town Division

Mymensingh.

Baboo Nundcoomar Bose, Moonsiff of Bazeetpoor.
Cazee Khorrum Allee, Do. of Ghosgong
Baboo Kalleekinkur Roy, Do. of Madargunge
„ Sonatun Bose, Do. of Niklee
„ Ramdoolub Dass, Do of Pingna.
„ Raj Chunder Chuckerbutty, Do of Serajgunge
„ Casinath Dass, Do. of Sherepoor

Sylhet.

Baboo Chunder Kishore, Moonsiff of Hingajeea
„ Saroda Pursuad, Do. of Azmerigunge
„ Ramcoomar, Do. of Nubeegunge.
Mahomed Salem, 1st Grade Do. of Sonamgunge

Tipperah.

Mahomed Walee, Sudder Moonsiff

আনন্দপুরের মুনসেফ শ্রীযুত বাবু উমেশচন্দ্র মুখোপাধ্যায়।
প্রতাপপুরের প্রথম শ্রেণীর ঐ ঐ জগদ্বন্ধু বাঁড়ুয্যা।
নগওয়ানের ঐ ঐ মৌলবী দেরাসৎউল্লা।
বগড়ীর প্রথম শ্রেণীর ঐ ঐ সৈয়দ ইমজাদ আলী।
নিমালের ঐ ঐ বাবু রসিকলাল বসু।
নিকাসীর একটিং ঐ ঐ মুনশী দবিরুদ্দীন।

চব্বিশপরগনা।

নৈহাটীর মুনসেফ শ্রীযুত বাবু রামনারায়ণ সান্ন্যাল
পাতরিঘাঘাটার ঐ ঐ বেণিমাধব সোম
কদমগাছির ঐ ঐ নীলমণি মিত্র
মাণিকতলার ঐ ঐ লক্ষ্মীনারায়ণ মিত্র
বিষ্ণুপুরের ঐ ঐ জগন্নাথপ্রসাদ বাড়ুয্যা
বসিরহাটের ঐ ঐ রাজমোহন মিত্র
লবসার ঐ ঐ হরিশ্চন্দ্র মিত্র

ঢাকা।

ফরিদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ।
পড়াগাছার ঐ ঐ গোবিন্দচন্দ্র বসু
মাণিকগঞ্জের ঐ ঐ গোপীমোহন রায়
লেছরাগঞ্জের ঐ ঐ পদ্মলোচন দাস
পলাশের ঐ ঐ রামকুমার বসু

শহরের কাজী শ্রীযুত মৌলবী গোলাম মকদূম।

বাকরগঞ্জ।

বাউফলের মুনসেফ শ্রীযুত বাবু ব্রজমোহন দত্ত।

চাটিগাঁ।

রাঙ্গুনীয়ার মুনসেফ শ্রীযুত উমাচরণ বাবু।
সাতকানিয়ার ঐ ঐ বাবু গোলোকচন্দ্র রায়
রাউজানের ঐ ঐ মৌলবী আবদুল রেৌফ
দেয়াঙ্গের ঐ ঐ মুনশী আমীনউদ্দীন
পটিয়ার ঐ ঐ মৌলবী সৈয়দ আহামদ
ভাটিয়ারির ঐ ঐ আর ফিনি সাহেব
হাওলার অতিরিক্ত ঐ ঐ পণ্ডিত মদনমোহন তর্কভূষণ।
সন্দীপের ঐ ঐ মৌলবী আনওর আলী।
জোরআওরগঞ্জের ঐ ঐ বাবু মহেশচন্দ্র সেন
সদর এলাকার অতিরিক্ত ঐ ঐ মুনশী জেনতউল্লা

ময়মুনসিংহ।

বাজিতপুরের মুনসেফ শ্রীযুত বাবু নন্দকুমার বসু
ঘোষগাঁয়ের ঐ ঐ কাজী খরম আলী
মাদারগঞ্জের ঐ ঐ বাবু কালীকিঙ্কর রায়
নিকলির ঐ ঐ বাবু সনাতন বসু
পিঙ্গনার ঐ ঐ রামদুর্লভ দাস
শেরাজগঞ্জের ঐ ঐ রাজচন্দ্র চক্রবর্ত্তী
সেরপুরের ঐ ঐ কাশীনাথ দাস

শ্রীহট্ট।

হিঙ্গাজিয়ার মুনসেফ শ্রীযুত চন্দ্রকিশোর বাবু
আজমিরিগঞ্জের ঐ ঐ শারদাপ্রসাদ
নবিগঞ্জের ঐ ঐ রামকুমার
সোণামগঞ্জের প্রথম শ্রেণীর ঐ ঐ মহম্মদ শালেম

ত্রিপুরা।

সদর মুনসেফ শ্রীযুত মহম্মদ আলী

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩ ৬ ডিসেম্বর।]

Rumeezoodin, Moonsiff of Cusba Noornuggur.
Alee Newaz, Do. of Ameergong.

Moorshedabad.

Baboo Ramgopaul Shome, Moonsiff of Kandee.
„ Nobocoomar Banerjee, Offg. Do. of Gowas.
Mr. L. W. Hutchinson, 1st Grade Do. of Lalbaugh.
Baboo Ramnarain Rae, Moonsiff of Jungeepoor

Dinagepore.

Moulvee Itrut Hossein, Sudder Moonsiff.
„ Soojat Alee, Moonsiff of Rajarampore.
Abdool Mujeed, Do of Beergunge.
Bassiroodin Mahomed, Do. of Thakoorgong.
Byednath Surma, Do. of Shibgunge.
Baboo Srinath Dutt, Do. of Gungarampore.
„ Denobundhoo Chowdhry, Do. of Putteealah
Khadem Hossein, Do. of Ghoraghat.
Mahataboodin, Do. of Chintamun.

Assam.

Baboo Jadooram Boroоah, Moonsiff of Shibsagur
Moonshee Izzut Hossein, Do. of Dhoobree, for twenty days
Baboo Dussoruth Chowdhry, Do. of Nulbaree, for the whole period.
„ Ramsoondur Moonshee, 2nd Do. of Durrung, for the above period.

কসবার নুরনগরের মুনসেফ শ্রীযুত রুমিজুউদ্দীন
আমিরগাঁয়ের ঐ ঐ আলীনেওআজ

মুরশিদাবাদ।

কান্দির মুনসেফ শ্রীযুত বাবু রামগোপাল সোম
গোয়াসের একটিং ঐ ঐ নবকুমার বাঁডুয্যা
লালবাগের প্রথম শ্রেণীর ঐ ঐ এল ডবলিউ হচিনসন সাহেব
জঙ্গিপুরের ঐ ঐ বাবু রামনারায়ণ রায়

দিনাজপুর।

সদর মুনসেফ শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেন
রাজারামপুরের ঐ ঐ মৌলবী সুজাত আলী
বীরগঞ্জের ঐ ঐ আবদুল মজিদ
ঠাকুরগাঁয়ের ঐ ঐ বাসীরুদ্দীন মহম্মদ
শিবগঞ্জের ঐ ঐ বৈদ্যনাথ শর্ম্মা
গঙ্গারামপুরের ঐ ঐ বাবু শ্রীনাথ দত্ত
পত্তিআলার ঐ ঐ ঐ দীনবন্ধু চৌধুরী
ঘোড়াঘাটের ঐ ঐ খাদেম হুসেন
চিন্তামনের ঐ ঐ মহতাবউদ্দীন

আসাম।

শিবসাগরের মুনসেফ শ্রীযুত বাবু যদুরাম বড়ুয়া
ধুবরির ঐ ঐ মুনশী ইজ্জৎ হুসেন বিশ দিনের ছুটী
নলবাড়ীর ঐ ঐ বাবু দশরথ চৌধুরী সম্পূর্ণ কাল
দরঙ্গের দ্বিতীয় শ্রেণীর ঐ ঐ বাবু রামসুন্দর মুনশী ঐ কাল

The 29th November, 1853

Baboo Poornoo Chunder Mookerjee, Moonsiff of Howlah, Zillah Chittagong for four weeks, from the 24th instant, on Medical Certificate, in extension of the leave granted on the 23d September last

C. T. BUCKLAND, *Register*

১৮৫৩ সাল ২৯ নবেম্বর।

জিলা চাটিগাঁর হাওলার মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মুখুয্যা গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিটক্রমে বর্ত্তমান মাসের ২৪ তারিখঅবধি চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২০৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ১৬ নবেম্বর।

সদর পরীক্ষক কমিটির রিপোর্টঅনুসারে নিম্নের লিখিত আসিষ্টান্ট সাহেবেরা ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

প্রধান পরীক্ষোত্তীর্ণ।

শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr H A R Alexander)
শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr H C. Richardson.)
শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr A J. Jackson)
শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr J M Lowis)
শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H B Lawford)

দ্বিতীয় পরীক্ষোত্তীর্ণ।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W H. Henderson)
শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins.)
শ্রীযুত ডবলিউ এল রাবিনসন সাহেব (Mr W L Robinson)
শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr J J. Grey)
শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেব (Mr J H Mangles)
শ্রীযুত টি ব্লুমফিল্ড লেন সাহেব (Mr T Blomfield Lane)

[*Government Gazette*, 6*th December*, 1853.]

নিয়োগ।

১৮৫৩ সাল ১৬ নবেম্বর।

নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা আপনং নামের পার্শ্বে যে জিলার নাম লেখা আছে সেই জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H C. Richardson,) ... ... শাহাবাদ
শ্রীযুত এচ এ আর আলেকজাণ্ডর সাহেব (Mr H A R Alexander,) পশ্চিম বর্দ্ধমান
শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr A J Jackson,) .. .. যশোহর
শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr H B Lawford,) .. . নদীয়া
শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr J M Lowis,) . ... .. চব্বিশপরগনা

নিম্নের লিখিত আসিষ্টাণ্ট সাহেবেরা আপনং নামের পার্শ্বে যে জিলার নাম লেখা আছে সেইং জিলায় ১৮২১

সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দিষ্ট বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) নওয়াখালী।

শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) বাকরগঞ্জ।

শ্রীযুত ডবলিউ এল রাবিনসন সাহেব (Mr. W. L. Robinson,) দিনাজপুর।

শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey,) হুগলী।

শ্রীযুত জে এচ মাঙ্গলস সাহেব (Mr. J. H. Mangles,) বাঁকুড়া।

শ্রীযুত টি ব্লমফিলড লেন সাহেব (Mr. T. Blomfield Lane,) কটক।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২০৭৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১০ নবেম্বর।

শ্রীযুত বাবু যাদবচন্দ্র ধাড়া মুরশিদাবাদের মিউনিসিপল কমিটির মেম্বর হইবেন।

দক্ষিণ শাহাবাজপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ পর্টর সাহেব (Mr. W. Porter,) ভুলুয়া জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেকটরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১১ নবেম্বর।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) ঢাকার চিকিৎসালয় ও ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহার্থ লোকেল কমিটির মেম্বর হইবেন।

নিম্নের লিখিত সাহেবেরা মেদিনীপুরের অবৈতনিক ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহার্থ লোকেল কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত ডবলিউ লুক সাহেব (Mr. W. Luke.)

শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গুলি।

শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল্লা খাঁ।

শ্রীযুত মুনশী নাজিরউদ্দীন মহম্মদ।

শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র গাঙ্গুলি।

ছুটী।

১৮৫৩ সাল ১৭ নবেম্বর।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট শ্রীযুত এল এস জাকসন সাহেব (Mr. L. S. Jackson,) গত ফেব্রুআরি মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৯ নবেম্বর।

দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এল রাবিনসন সাহেব (Mr. W. L. Robinson,) গত অক্টোবর মাসের ৫ তারিখের হুকুমক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত এফ হাইণ্ড সাহেব (Reverend F. Hinde,) কেপে গমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই বৎসরের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৬ ডিসেম্বর।]

২১০৫ নম্বর

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৭ নবেম্বর।

শ্রীযুত মৌলবী আজীম উদ্দীন হুসেন খাঁ শাহাবাদে সাধারণ বিদ্যাধ্যাপনের লোকেল কমিটির মেম্বর হইবেন।

কটকের আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু নরসিংহচন্দ্র দাস উক্ত জিলায় ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ১৮ নবেম্বর।

শ্রীযুত এচ এম ডেবিস সাহেব (Mr. H. M. Davis,) নওয়াখালীর চিকিৎসক হইবেন।

১৮৫৩ সাল ২২ নবেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা কটকে অবৈতনিক ঔষধালয়ের সরবরাহ করণার্থ লোকেল কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত সি ডবলিউ মাকেঞ্জি সাহেব (Mr. C. W. Mackenzie,)

শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগর।

শ্রীযুত বাবু রামপ্রসাদ রায়।

ছুটী।

১৮৫৩ সাল ১৭ নবেম্বর।

বাকরগঞ্জের কালেক্টর শ্রীযুত এফ ই রীড সাহেব (Mr. F. E. Read,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত ই এফ হারিসন সাহেবের (Mr. E. F. Harrison,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন। উক্ত সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ২২ নবেম্বর।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার শ্রীযুত টি ই রেবন্‌শা সাহেবের (Mr. T. E. Ravenshaw,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত রেবন্‌শা সাহেব মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সারণের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী অজহার উল হক দণ্ডহরা ও মহরমের বন্দের অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁ জিলায় চিকিৎসকতা কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু বৈদ্যনাথ ব্রহ্ম চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২১২৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৭ নবেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা বলুয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সেলামৎ উল্লা খাঁ রাজস্বের জরিপী কার্য্যের তৃতীয়সংখ্যক অর্থাৎ পূর্ব্ব এলাকায় নিযুক্ত হইয়া বলুয়া ও বাকরগঞ্জ ও ময়মনসিংহ ও ঢাকা ও ফরিদপুর ও পাবনা ও রাজশাহী ও বগুড়া ও রঙ্গপুর ও ছিলট ও ত্রিপুরা জিলায় ১৮২২ সালের ৭ আইনানুসারে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৩ নবেম্বর।

গোবিন্দপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত কুমার হরেন্দ্রকৃষ্ণ গত সেপ্টেম্বর মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বেহারের প্রধান সদর আমীন শ্রীযুত মহম্মদ রফীক খাঁ বর্ত্তমান মাসের ৪ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২৫ নবেম্বর।

ঢাকার কালেক্টর শ্রীযুত সি টটনহাম সাহেব (Mr. C. Tottenham,) আপনার সিরিশ্তার কর্ম্মের ভার এক্টিং মাজিষ্ট্রেট শ্রীযুত সি ডবলিউ মাকিলপ সাহেবের (Mr. C. W. Mackillop,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মাকিলপ সাহেব কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৩ নবেম্বর।

শ্রীযুত এডওয়ার্ড গ্রে সাহেব (Mr. Edward Grey,) শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্তায় নিযুক্ত হইয়া "মান্দ্রাজ" নামক বাষ্পীয় জাহাজে গত মাসের ১৮ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১১২৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৪ অক্টোবর।

শ্রীযুত কাজী গোলাম হাকানি গোআলপাড়ার সদর আমীন হইবেন এবং উক্ত স্থানে প্রধান সদর আমীনের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৩ সাল ২৪ নবেম্বর।

নিম্নের লিখিত সাহেবেরা মুজঃফরপুরে অবৈতনিক ঔষধালয়ের সরবরাহ কর্ম্ম নির্ব্বাহার্থে কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ আথর্টন সাহেব (Mr. H. Atherton.)

শ্রীযুত ই ডেকাষ্টা সাহেব (Mr. E. DaCosta.)

শ্রীযুত জে উএষ্টন সাহেব (Mr. J. Weston.)

শ্রীযুত বাবু যাদবচন্দ্র চাটুয্যা ১৮৩৩ সালের ৯ আইনানুসারে জিলা হুগলীতে ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৫৩ সাল ২৬ নবেম্বর।

শ্রীযুত মৌলবী আবদুল আলী রঙ্গপুরের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু পঞ্চানন্দ বাঁড়ুয্যা রাজসাহীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মুনশী নাজীরউদ্দীন মহম্মদ যশোহরের অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন এবং কিঞ্চিৎ কালের নিমিত্তে বর্দ্ধমানের অতিরিক্ত প্রধান সদর আমীনের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মিত্র মেদিনীপুরের সদর আমীন এবং উক্ত জিলায় সদর মোকামের মুনসেফ হইবেন।

ছিলটের লশকরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামতারক রায় প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ৩০ নবেম্বর।

নীচের লিখিত মহাশয়েরা যশোহরে অবৈতনিক ঔষধালয়ের কার্য্য নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন।

শ্রীযুত বাবু প্যারীমোহন বাঁড়ুয্যা।

শ্রীযুত বাবু নবচন্দ্র চাটুয্যা।

শ্রীযুত আর এন ফার্কর্সন সাহেব (Mr. R. N. Farquharson,) ও শ্রীযুত বাবু দ্বারকানাথ চাটুয্যা ভাগলপুরের অবৈতনিক ঔষধালয়ের সরবরাহ করণার্থ লোকেল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ২৫ নবেম্বর।

মঙ্গলদায়িতে আসাম প্রদেশের কমিস্যানর সাহেবের সবআসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এস হডসন সাহেব (Mr. W. S. Hudson,) স্বীয় অত্যাবশ্যক কর্ম্মোপলক্ষে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

সুন্দরবনের কমিস্যানরের দফ্তরখানার এস্তাহার।

জিলা ২৪ পরগনার অন্তঃপাতি সুন্দরবনের ১৪ নং লাটের জঙ্গল জমিনের পাট্টা বিলির তদারক বিষয়।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে এসিষ্টেণ্ট সরবিয়র শ্রীযুত বেকেট সাহেবের ১৮৫৩ সালের মেপানুযায়ি লাট মজকুরের মোট জমি ১৮১৪০/ বিঘা অন্দরে ২২৬৩৷৷৩। বিঘা আবাদি জমি পতিতাবাদি মহাল শ্রীকৃষ্ণনগর ও সানকি বেড়িয়ার ও শিবনগর ও রামচন্দ্রনগর ও কেদুয়াদিগরের শামিল সন ১৮৩১। ৩২ সালের ডৌলভুক্ত ও বন্দোবস্ত হওয়া বাদে অবশিষ্ট ১৫৮৭৪।১৮ বিঘা কৃষ্ণ কালা জঙ্গল পাট্টা বিলির কারণ বাছনি হইবায় সেই জমিনের পাট্টা পাইবার প্রার্থনায় ইদানীং রাজকিশোর বিশ্বাসনামক দরখাস্ত করিয়াছে অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত কালাজঙ্গল জমিনের প্রতি অপর কাহারো সাবেক বন্দোবস্তের দাবি ও এস্তাহার ও আপত্তি থাকিলে তাহাদের উচিত যে স্বয়ং কিম্বা প্রতিনিধি দ্বারা মেয়াদ ১৫ রোজ মধ্যে সুন্দরবনের কমিস্যানরের নিকট হাজীর আসিয়া আপনাপন ওজরাতের দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে উক্ত কালাজঙ্গল জমির পাট্টা বিলির পক্ষে উচিতাদেশ প্রচার হইবেক পরে কাহারো কোন আপত্তি শুনা যাইবেক না ইতি সন ১৮৫৩ সাল তারিখ ১ ডিসেম্বর মতাবক সন ১২৬০ সাল তারিখ ১৭ অগ্রহায়ণ।

উমাকান্ত সেন কমিস্যানর।

[*Government Gazette, 6th December*, 1853.]

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the Pottahs of the undermentioned Government grants situated in the limit of the Soonderbuns in 24-Pergunnahs, will be put up for public sale at noon on Wednesday the 7th December, 1853, corresponding with the 23rd Augron, 1260, B. S., at the Office of Commissioner in the Soonderbuns, Allipore. The highest bidder will be entitled to the Pottah, and must immediately pay to the Commissioner the full amount of his purchase money. The Pottah will be drawn up in his name, and will be made over to him with the confirmation of Government, and he will become the Grantee of the said Grant, under the conditions prescribed in the Pottah. It is further notified that the intending purchaser who may wish to see the map of the grant, and desire to obtain any particulars connected with it, can learn the same by attending either personally or through their Agent at the Office of the Commissioner. These conditions and particulars will morever be prescribed at the time of sale.

Number of Lots.	Ruqbah or Area.
43	21,000
59	34,100
123	27,000
129	22,000
130	22,000
138	17,000
142	22,000
143	10,000

OOMAKAUNT SEIN,
Commissioner

Soonderbun Commissioner's Office, Allipore,
The 17th November, 1853.

সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা ২৪ পরগনার মতালক সুন্দরবনের সীমা সরহদ্দের মধ্যে কাপ্তান হাজাস সাহেবের নক্শাভুক্ত নিম্নের লিখিত লাটহায় সংক্রান্ত জঙ্গল ভূমির পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরের দফ্তরখানায় ইঙ্গরেজী সন ১৮৫৩ সালের ৭ দিসাম্বর মোতাবকে বাঙ্গলা সন ১২৬০ সালের ২৩ অগ্রহায়ণ রোজ বুধবার বেলা দুই প্রহরের সময় নীলাম হইবেক যে জন অতিউচ্চ মূল্য ডাকেন তিনি তাহা পাইবেন তৎক্ষণে খরিদের সমুদয় টাকা কমিস্যনরকে দিতে হইবেক পরে পাট্টা তাঁহার নামে প্রস্তুত করিয়া গবর্ণমেণ্টের মঞ্জুরীক্রমে তাঁহাকে দেওয়া যাইবেক পরন্তু খরিদার মজকুর পাট্টার নির্দ্দিষ্ট নিয়মানুসারে ভূমিতে দখলকার হইয়া রাজস্ব আদায় করিবেন আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে খরিদকরণাকাঙ্ক্ষী যে কেহ ঐ জমির নক্শা দেখিতে চাহেন তিনি আপনি কিম্বা মোক্তারকারের দ্বারা কমিস্যনরের দফ্তরখানায় যাইয়া দেখিতে পারেন এবং অপর নিয়মের বিশেষ দেওয়া নীলামের সময় প্রকাশ করা যাইবেক ইতি সন ১৮৫৩ সাল তারিখ ১৭ নবম্বর মোতাবক সন ১২৬০ সাল তারিখ ৩ অগ্রহায়ণ

লাটের নম্বর	রকবা
৪৩ নং	২১০০০/
৫৯ নং	৩৪১০০/
১২৩ নং	২৭০০০/
১২৯ নং	২২০০০/
১৩০ নং	২২০০০/
১৩৮ নং	১৭০০০/
১৪২ নং	২২০০০/
১৪৩ নং	১০০০০/

উমাকান্ত সেন কমিস্যনর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ৬ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মর্শ্মেন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 13, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ১৩ ডিসেম্বর।

ACT.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
LEGISLATIVE,
THE 8TH DECEMBER, 1853.

THE following Act is brought up before the Legislative Council this day; the Governor General of India in Council being desirous that no time should be lost in passing the Act;

RESOLVED, that the Rule requiring that no Draft of a Law shall be ordered to be published till at least one week shall have elapsed from the day on which it was first laid before the Council of India in its Legislative Department, and that the Rules requiring that all Acts of the Governor General of India in Council shall be brought up for second reading in two months, or in three months from the date of the first reading, be suspended in respect to the following proposed Act, and that it be at once passed into Law.

ACT No. XXI. OF 1853.

An Act for providing for the exercise of certain Powers by the Governor General during his absence from the Council of India.

WHEREAS it is expedient that the Governor General should visit the Province of Pegu and other Eastern Provinces unaccompanied by any Member of the Council of India, It is enacted as follows:—

I. During the absence of the Governor General from the Council of India, it shall be lawful for the Governor General alone to exercise all the powers which may be exercised by the Governor General in Council, except such powers as may by a Resolution of the Governor General in Council be exercised by the President in Council during the absence of the Governor General, and except the power of making Laws and Regulations.

আইন।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
লেজিসলেটিব।
ইঙ্গরেজী ১৮৫৩ সাল ৮ ডিসেম্বর।

নীচের লিখিত আইন অদ্য লেজিসলেটিব কৌন্সেলের সম্মুখে অর্পণ হয়। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে ইচ্ছা করেন যে এই আইন অবিলম্বে জারী হয় অতএব তিনি নির্দ্ধারণ করিয়াছেন যে।

যে বিধানে হুকুম আছে যে কোন আইনের মুসাবিদা যে দিবসে লেজিসলেটিব ডিপার্টমেণ্টে ভারতবর্ষের কৌন্সেলের সম্মুখে অর্পণ হয় সেই দিবসের পর অন্যূন এক সপ্তাহ অতীত না হইলে ঐ মুসাবিদা প্রকাশ করিবার হুকুম করা যাইবেক না সেই বিধান এবং যে২ বিধানে হুকুম আছে যে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের সকল আক্ট প্রথমবার পাঠ করণের তারিখের দুই মাস কিম্বা তিন মাস পরে দ্বিতীয়বার পাঠ করিবার নিমিত্তে উপস্থিত করা যাইবেক সেই বিধান নীচের লিখিত প্রস্তাবিত আইনের বিষয়ে স্থগিত হয় এবং তাহা একেবারে আইনস্বরূপ জারী হয়।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ২১ আইন।

শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ভারতবর্ষের কৌন্সেলে অনুপস্থিত থাকন সময়ে তাঁহার কোন২ ক্ষমতার কার্য্য করণের বিধানের আইন।

যেহেতুক ভারতবর্ষের কৌন্সেলের অন্তঃপাতি কোন সাহেবকে সঙ্গে না লইয়া পিগু দেশে ও পূর্ব্ব দিগের অন্য২ প্রদেশে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের গমন উচিত বোধ হইয়াছে অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের ভারতবর্ষের হজুর কৌন্সেলে অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলের নির্দ্ধারণক্রমে তাঁহার অনুপস্থানপর্য্যন্ত যে২ ক্ষমতানুসারে হজুর কৌন্সেলের শ্রীযুত প্রেসীডেণ্ট সাহেব কার্য্য করিতে পারেন সেই ক্ষমতাভিন্ন এবং আইন করণের ক্ষমতা ভিন্ন শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হজুর কৌন্সেলে যে২ ক্ষমতা আছে সেই২ ক্ষমতানুসারে তিনি একাকী কার্য্য করিতে পারেন ইতি।

II. This Act shall commence from the day on which it shall be notified by an order published in the *Calcutta Gazette* that the Governor General has quitted Calcutta for the purpose of so proceeding as aforesaid, and shall not continue in force for a longer period than two calendar months from the time of the passing of this Act.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

DRAFT OF ACT.

ACT No. —— OF 1853.

An Act to provide for the registration of decrees of the Civil Courts, and to prevent alienations of property in fraud of Creditors.

[Concluded from Page 679.]

XXI. No alienation or transfer of any kind which shall be made by any defendant in a suit or by his representatives shall be available to protect from attachment or sale in execution of a decree, registered in pursuance of this Act, any immovable property situate in the district in which the decree is registered, unless such alienation or transfer be made or evidenced by an instrument in writing, stating the true consideration for the same, and the name or names of the person or persons for whose use or benefit the same is really and in good faith intended to operate, and unless such instrument be duly registered in the district in which the property is situate before the registration of the said decree in that district.

XXII. The Court by which any such decree shall have been passed may, if it shall deem it necessary so to do for the purpose of realizing the amount of the decree, order any immovable property situate in a district in which the decree shall have been registered and liable to attachment or sale in execution of the decree, to be held or sold under such attachment free from any incumbrance, lien, or partial interest created by any defendant in the suit or by his representatives by any mortgage or other instrument not registered in such district before the registration therein of such decree; and in such case the purchaser and all persons deriving title through him shall hold the property free from such incumbrance, lien or partial interest.

XXIII. Any transfer of immovable property which shall be registered after the registration of the pendency of a suit and before the passing of a final decree in such suit, or within one month after the passing of such final decree, shall so far as regards a final decree in the suit have the same effect only as if such alienation or transfer were registered after the registration of the decree unless notice in writing of the intention to register such alienation or transfer be given to the Court in which the suit is pending at least one month before the registra-

২ ধারা। যে তারিখে কলিকাতা গেজেটের প্রকাশিত হুকুমের দ্বারা এমত এত্তেলা দেওয়া যায় যে পূর্ব্বোক্ত অভিপ্রায়ের নিমিত্তে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কলিকাতাহইতে প্রস্থান করিয়াছেন সেই তারিখঅবধি এই আইন প্রবল হইবেক এবং এই আইন জারী হওনের পরঅবধি দুই মাসের অধিক কালপর্য্যন্ত বলবৎ থাকিবেক না ইতি।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

দেওয়ানী আদালতের ডিক্রী রেজিষ্টরী করিবার নিয়ম করণের এবং মহাজনেরদিগকে প্রবঞ্চনা করিয়া সম্পত্তি হস্তান্তরকরা নিবারণ করণের আইন।

[৬৭৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

২১ ধারা। এই আইনানুসারে যে ডিক্রী যে জিলার মধ্যে রেজিষ্টরী করা যায় সেই ডিক্রী জারীক্রমে সেই জিলার অন্তঃপাতি কোন স্থাবর সম্পত্তি ক্রোক হওনহইতে কি নীলাম করণহইতে রক্ষা করিবার জন্যে মোকদ্দমার কোন আসামী কি তাহার স্থলাভিষিক্তেরা যে কোন প্রকারের হস্তান্তর কি খারিজদাখিল করে তাহা ফলদায়ক হইবেক না। কিন্তু যদি ঐ প্রকার হস্তান্তর কি খারিজদাখিল লিখিত দলীলের দ্বারা করা যায় কি সাবুদ হয়, এবং তাহার এওজে যে প্রকৃত মূল্য দেওয়া গিয়াছে তাহা এবং নিতান্ত ও প্রকৃতপ্রস্তাবে যে ব্যক্তির কি ব্যক্তিরদের ব্যবহার কি উপকারের নিমিত্তে তাহা করা অভিপ্রায় হয় তাহার কি তাহারদের নাম ঐ দলীলে প্রকাশ করা যায়, এবং যে জিলার মধ্যে ঐ সম্পত্তি থাকে সেই জিলাতে উক্ত ডিক্রীর রেজিষ্টরী করণের পূর্ব্বে যদি ঐ দলীল সেই জিলাতে উপযুক্তমতে রেজিষ্টরী করা গিয়া থাকে তবে ফলদায়ক হইতে পারিবেক ইতি।

২২ ধারা। এমত কোন ডিক্রী যে কোন আদালত করিয়া থাকেন সেই আদালত যদি ডিক্রীর টাকা আদায় করিবার জন্যে আবশ্যক বোধ করেন তবে এমত হুকুম করিতে পারেন যে ডিক্রী যে জিলাতে রেজিষ্টরী করা গিয়াছে সেই জিলার মধ্যে যে কোন স্থাবর সম্পত্তি ঐ ডিক্রী জারীক্রমে ক্রোক কি বিক্রয় হওনের যোগ্য হয়, ঐ ডিক্রীর সেই জিলাতে রেজিষ্টরী হওনের পূর্ব্বে তাহাতে রেজিষ্টরী না করা কোন বন্ধকীপত্র কি অন্য দলীলক্রমে মোকদ্দমার কোন আসামী কি তাহার স্থলাভিষিক্তেরা ঐ সম্পত্তির বিষয়ে যে কোন দায় কি দাওয়া কি সম্পর্কের অংশ সৃষ্টি করিয়াছে তাহাবিনা সেই সম্পত্তি ক্রোক করিয়া রাখা যায় কি নীলাম হয়। এবং তাহা হইলে খরীদার এবং তাহার দ্বারা যে সকল ব্যক্তির স্বত্ব জন্মে তাহারা ঐ দায় কি দাওয়া কি সম্পর্কের অংশ বিনা ঐ সম্পত্তি দখল করিবেক ইতি।

২৩ ধারা। মোকদ্দমা উপস্থিত থাকনের বিষয় রেজিষ্টরী করণের পর কিন্তু ঐ মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী হওনের পূর্ব্বে কিম্বা ঐ চূড়ান্ত ডিক্রী হওনের পর এক মাসের মধ্যে, স্থাবর সম্পত্তির যে কোন খারিজদাখিলী পত্র রেজিষ্টরী করা যায়, ঐ হস্তান্তর করণ কি খারিজদাখিলের পত্র ঐ ডিক্রী রেজিষ্টরী করণের পর রেজিষ্টরী হইলে তাহার যেরূপ ফল হইত, মোকদ্দমার চূড়ান্ত ডিক্রীর সঙ্গে যেপর্য্যন্ত সম্পর্ক রাখে সেইপর্য্যন্ত তাহার কেবল সেই ফল হইবেক। কিন্তু যদি ঐ হস্তান্তর করণ পত্র কি খারিজদাখিলের পত্র রেজিষ্টরী করণের পূর্ব্বে অতিকম এক মাস থাকিতে সেই হস্তান্তর করণের কি

tion of such alienation or transfer, and which notice shall specify the names and places of abode of the parties to the deed or conveyance or intended deed or conveyance, their trade or occupation or other proper description, the property to which the same relates, the fairly estimated value of such property, the nature of the conveyance, and the true consideration for the same.

XXIV. Such notice shall be filed with the record in the cause, and shall be open to the inspection of the plaintiff or his authorized agent, and a copy of the notice shall forthwith be affixed in some conspicuous part of the Cutcherry of the Court in which the suit is pending.

XXV. *Clause 1st.*—Nothing in this Act contained shall affect any alienation or transfer by an Assignee appointed under any law in force in the said territories for the relief of Insolvent Debtors, nor any alienation or transfer, which shall be executed in good faith for a valuable consideration and which shall state the true consideration for the same, and the person or persons for whose benefit the same is really and in good faith intended to operate, and which shall be duly registered after the expiration of two years from the date of the registry of the decree and before any renewed registry thereof, or shall be duly registered after the expiration of two years from the date of the registry of the pendency of the suit and before the renewal of such registry or the registry of a decree in the suit.

Clause 2nd.—A decree-holder may renew the registry of a decree or of a suit pending from time to time under the rules hereinbefore prescribed for the original registry thereof, and every such new registry shall have the same effect as an original registry thereof, but shall not alter or affect any previous registry.

Clause 3rd.—Upon every such renewed registry only half the fees above specified for an original registry shall be payable.

XXVI. If immovable property be attached or sold in execution of a registered decree, the holder of a decree in execution whereof such property could not have been attached or sold shall not be entitled to share in the proceeds of the attachment or sale.

XXVII. *Clause 1st.*—Every gift of any property or effects, whether movable or immovable, by any person against whom any decree shall be passed by any of the said Courts, shall, whether the gift be made before or subsequently to the passing of the decree, be void as against the decree-holder, unless such gift be made in good faith by an instru-

খারিজদাখিলের রেজিষ্টরীকরণের মানসের লিখিত এক এত্তেলা যে আদালতে মোকদ্দমা উপস্থিত হইয়াছে সেই আদালতে দেওয়া যায় তবে তাহার কেবল সেই ফল হইবেক না। ঐ এত্তেলার মধ্যে ঐ দলীলে কি হস্তান্তর করণ পত্রে কিম্বা ঐ অভিপ্রেত দলীলে কি হস্তান্তর করণপত্রে যাহারা লিপ্ত আছে তাহারদের নাম ও বাসস্থান ও ব্যবসায় কি কর্ম্ম কিম্বা অন্য বয়ান এবং তাহা যে সম্পত্তির বিষয়ে হয় সেই সম্পত্তি ও ঐ সম্পত্তির উপযুক্তমতে আন্দাজকরা মুল্য এবং হস্তান্তর করণের প্রকার ও তাহার এওজে প্রকৃত যে মুল্য দেওয়া যায় তাহা নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

২৪ ধারা। ঐ প্রকার এত্তেলা মোকদ্দমার রোয়দাদের শামিল করা যাইবেক এবং ফরিয়াদী কি তাহার ক্ষমতাপ্রাপ্ত মোখ্‌তার তাহা অবাধে দেখিতে পারিবেক এবং যে আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত আছে সেই আদালতের কাছারীর কোন প্রকাশস্থানে ঐ এত্তেলার এক নকল অবিলম্বে লট্‌কান যাইবেক ইতি।

২৫ ধারা। ১ প্রথম প্রকরণ।—যোত্রহীন ঋণিরদের উপকারের জন্যে উক্ত দেশের মধ্যে চলত কোন আইনক্রমে নিযুক্ত আসৈনির দ্বারা যে কোন হস্তান্তর কি খারিজদাখিল করা যায় তাহার ক্ষতিবৃদ্ধি, অথবা যে কোন হস্তান্তর করণ পত্র কি খারিজদাখিলী পত্র প্রকৃতপ্রস্তাবে উপযুক্ত ভারি মুল্যের এওজে করা যায় এবং তাহার এওজে যে প্রকৃত মূল্য দেওয়া যায় তাহা তাহাতে লেখা থাকে এবং নিতান্ত ও প্রকৃতপ্রস্তাবে যে ব্যক্তির কি ব্যক্তিরদের উপকারার্থে তাহা করা অভিপ্রায় হয় তাহার কি তাহারদের নামপ্রভৃতি তাহাতে লেখা থাকে ও ডিক্রী রেজিষ্টরী হওনের তারিখের পর দুই বৎসর অতীত হইলে ও তাহার নূতন কোন রেজিষ্টরী না হইলে উপযুক্তমতে রেজিষ্টরী করা যায় অথবা মোকদ্দমা উপস্থিত থাকনের বিষয় রেজিষ্টরী হইবার তারিখের পর দুই বৎসর অতীত হইলে ও তাহার নূতন কোন রেজিষ্টরী না হইলে কিম্বা মোকদ্দমার ডিক্রীর রেজিষ্টরী করণের পূর্ব্বে উপযুক্তমতে রেজিষ্টরী করা যায় সেই হস্তান্তর করণপত্রের কি খারিজদাখিলী পত্রের ক্ষতিবৃদ্ধি এই আইনের লিখিত কোন কথার দ্বারা হইবেক না।

২ দ্বিতীয় প্রকরণ।—ডিক্রী কিম্বা উপস্থিতথাকা মোকদ্দমার প্রথমতঃ রেজিষ্টরী করণের বিষয়ে এই আইনের মধ্যে পূর্ব্বে যে বিধান হইয়াছে সেই বিধানমতে ডিক্রীদার সময়েং ডিক্রী কি উপস্থিতথাকা মোকদ্দমা নূতনরূপে রেজিষ্টরী করিতে পারে এবং তাহার প্রথমতঃ রেজিষ্টরী করণের যে ফল হয় এমতে প্রত্যেক নূতন রেজিষ্টরী করণেরও সেই ফল হইবেক কিন্তু তাহাতে পূর্ব্বে করা কোন রেজিষ্টরীর পরিবর্ত্তন কি ক্ষতিবৃদ্ধি হইবেক না।

৩ তৃতীয় প্রকরণ।—প্রথমতঃ রেজিষ্টরী করণের জন্যে ১৭ ধারাতে যে রসুম নির্দ্দিষ্ট হইয়াছে এই প্রকারের নূতনরূপে প্রত্যেক রেজিষ্টরী করণের নিমিত্তে সেই রসুমের কেবল অর্দ্ধেক লাগিবেক ইতি।

২৬ ধারা। যদি রেজিষ্টরীকরা ডিক্রী জারীক্রমে স্থাবর সম্পত্তি ক্রোক কি নীলাম হয় তবে যে ডিক্রী জারীক্রমে সেই সম্পত্তি ক্রোক কি নীলাম হইতে পারিত না সেই ডিক্রীদার ঐ ক্রোক কি নীলামের উৎপন্ন টাকার অংশ পাইবার স্বত্ব রাখিবেক না ইতি।

২৭ ধারা। ১ প্রথম প্রকরণ।—উক্ত কোন আদালত যাহার বিরুদ্ধে কোন ডিক্রী করেন এমত কোন ব্যক্তি স্থাবর কি অস্থাবর সম্পত্তি কি দ্রব্য যে দান করে সেই দান ডিক্রী হওনের পূর্ব্বে কি পরেই হউক ডিক্রীদারের প্রতিকূলে বৃথা হইবেক। পরন্তু ঐ দান, যে বিষয়ের ডিক্রী হয় এমত কোন চুক্তি করণের পূর্ব্বে কিম্বা এমত কোন মোকদ্দমার কারণ জন্মিবার পূর্ব্বে, দস্তখৎকরা ও উপযুক্ত-

ment executed and duly registered before the making of any contract or the accruing of any cause of action upon or in respect of which the decree shall be passed, such registry in the case of movable property to be made in the registry office for the district in which the donor shall have his fixed residence at the time of the registry.

Clause 2nd.—The Registrars of Deeds at the respective registry offices shall be bound to register such instruments of gift upon payment of the fee payable upon the registry of a deed of gift of immovable property.

Clause 3rd.—The Register of any gift under the preceding clause shall be evidence that the donor had a fixed residence in the district at the time of the registry, unless the contrary be proved.

XXVIII. Every alienation or transfer of property without a valuable consideration for the same, or for a consideration so inadequate as to induce the Court before which the effect of such alienation or transfer shall be disputed to find that the same was merely colorable, and not really and in good faith the inducement to make the alienation or transfer, shall be deemed a gift within the meaning of this Act.

XXIX. Any person who shall be guilty of any of the acts in this section defined shall be deemed guilty of a criminal offence punishable with fine or with ordinary imprisonment with or without labor for a term not exceeding two years, or with such imprisonment as aforesaid in addition to a fine, that is to say :—

Clause 1st.—Any person who with intent to prevent any property, movable or immovable, from being made available for the satisfaction of any debt or lawful demand to which it would otherwise be subject, shall fraudulently sign, execute or be a party to any conveyance of such property which shall be antedated or shall contain any false statement relating to the consideration for such conveyance, or relating to the person or persons for whose use or benefit the conveyance is really intended to operate.

Clause 2nd—Any person who with intent to protect from attachment or sale under a decree of any of the said Courts any property liable to such attachment or sale, shall fraudulently conceal or remove any such property or shall fraudulently assist in the removal or concealment thereof.

Clause 3rd.—Any person who with the intent last aforesaid shall fraudulently claim any movable or immovable property or any interest therein, knowing that in good faith he has no right to the property or interest claimed.

Clause 4th.—Any person who with such intent as last aforesaid shall fraudulently cause any property to be attached or sold under any decree or judgment collusively obtained for a fictitious debt or demand wholly or in part fictitious, or shall fraudu-

মতে রেজিষ্টরীকরা দলীলক্রমে প্রকৃতপ্রস্তাবে করা গেলে তাহা বৃথা হইবেক না। কিন্তু অস্থাবর সম্পত্তি হইলে আবশ্যক যে ঐ রেজিষ্টরী করণের সময়ে যে জিলার মধ্যে দাতার নিশ্চিত বাস থাকে সেই জিলার রেজিষ্টরী দপ্তরখানায় তাহা রেজিষ্টরী করা যায়।

২ দ্বিতীয় প্রকরণ।—স্থাবরসম্পত্তির দানপত্র রেজিষ্টরী করিবার জন্যে যে রসুম দিতে হয় তাহা দেওয়া গেলে নানা রেজিষ্টরী দপ্তরখানায় দলীলদস্তাবেজের রেজিষ্টর সাহেবেরদের এরূপ দানপত্রও রেজিষ্টরী করিতে হইবেক।

৩ তৃতীয় প্রকরণ।—উক্ত ধারাক্রমে কোন দানের রেজিষ্টরী করণই প্রমাণ হইবেক যে রেজিষ্টরী করণ সময়ে দাতার সেই জিলাতেই নিশ্চিত বাস ছিল। কিন্তু তদ্বিষয়ের বিপরীত প্রমাণ করা গেলে হইবেক না ইতি।

২৮ ধারা। সম্পত্তির যে প্রত্যেক হস্তান্তর কি খারিজদাখিল করণের পরিবর্ত্তে উপযুক্ত ভারি মূল্য না দেওয়া যায়, কিম্বা যে মূল্য দেওয়া গিয়াছে তাহা এমত অসঙ্গত যে ঐ হস্তান্তর করণ কি খারিজদাখিল করণের ফলের বিষয়ে যে আদালতে আপত্তি উপস্থিত করা যায় সেই আদালতের এই বিচার হয় যে তাহা ছলমাত্র, কিন্তু নিতান্ত ও প্রকৃতপ্রস্তাবে হস্তান্তর করণের কি খারিজদাখিল করণের প্রবৃত্তিজনক মূল্য নহে, সেই হস্তান্তর করণ কি খারিজদাখিল করণ এই আইনের অভিপ্রায়মতে দানস্বরূপ জ্ঞান হইবেক ইতি।

২৯ ধারা। এই ধারার নির্দিষ্ট কোন কার্য্যের অপরাধী যে কোন ব্যক্তি হয় সে ফৌজদারী অপরাধের অপরাধী জ্ঞান হইবেক এবং তাহার জরীমানা হইতে পারিবেক কিম্বা সে দুই বৎসরের অনধিক মিয়াদে শ্রমের সহিত কি তাহা বিনা সামান্য কয়েদ হইতে পারিবেক অথবা জরীমানার অতিরিক্ত সেইরূপ কয়েদ হইতে পারিবেক। বিশেষতঃ।

১ প্রথম প্রকরণ।—কোন কর্জ্জ কি আইনসিদ্ধ দাওয়া পরিশোধ করণের নিমিত্তে যে স্থাবর কি অস্থাবর সম্পত্তি লওয় যাইতে পারে তাহা লওয়া না যাইবার অভিপ্রায়ে, যে হস্তান্তর করণ পত্রেতে যে তারিখ লেখা থাকে তাহা প্রকৃত তারিখের পূর্ব্বের হয়, এবং ঐ হস্তান্তর করণের জন্যে যে মূল্য দেওয়া যায় তাহার বিষয়ে কিম্বা নিতান্ত যাহার ব্যবহার কি উপকারের নিমিত্তে ঐ হস্তান্তর করণ পত্রের অভিপ্রায় হয় সেই ব্যক্তির কি ব্যক্তিরদের বিষয়ে কোন অসত্য কথা থাকে, ঐ সম্পত্তির এমত হস্তান্তর করণ পত্র যে কোন ব্যক্তি চাতুরীক্রমে করে কি তাহাতে সহী করে কি লিপ্ত থাকে সেই ব্যক্তি।

২ দ্বিতীয় প্রকরণ।—উক্ত কোন আদালতের ডিক্রীক্রমে যে সম্পত্তি সেইপ্রকারে ক্রোক কি নীলামের যোগ্য হয় এমত কোন সম্পত্তি ক্রোক কি নীলাম হওনহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে যে কোন ব্যক্তি এমত কোন সম্পত্তি চাতুরীক্রমে লুকায় কি স্থানান্তর করে কিম্বা তাহা লুকাওনের কি স্থানান্তর করণের বিষয়ে চাতুরীক্রমে সাহায্য করে সেই ব্যক্তি।

৩ তৃতীয় প্রকরণ।—যে কোন ব্যক্তি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তির দাওয়া করিবার আপনার কোন স্বত্ব নাই কি তাহাতে সম্পর্ক নাই জানিয়াও শেষোক্ত অভিপ্রায়ে চাতুরীক্রমে সেই সম্পত্তির দাওয়া করে কিম্বা তাহাতে সম্পর্কের দাওয়া করে সেই ব্যক্তি।

৪ চতুর্থ প্রকরণ।—যে কোন ব্যক্তি কল্পিত কর্জ্জের নিমিত্তে কিম্বা সম্পূর্ণরূপে কি একাংশে কল্পিত দাওয়ার নিমিত্তে গণতাক্রমে কোন ডিক্রী কি হুকুম প্রাপ্ত হইয়া কোন সম্পত্তি শেষোক্ত অভিপ্রায়ে চাতুরীক্রমে ক্রোক কি নীলাম করায় কিম্বা কোন ডিক্রী কি হুকুমমতে কার্য্য সম্পূর্ণ

lently cause any property to be attached or sold under any decree or judgment after the same shall have been satisfied, or for a larger sum than in good faith remains unsatisfied, or shall be guilty of any other fraudulent contrivance or misrepresentation.

XXX. In the construction of this Act, unless there is anything in the context to show a contrary intention, the word "property" shall be deemed to include any estate or interest therein,—the word "conveyance" shall include every species of instrument by which any property or any interest therein is alienated or transferred either absolutely or only for a partial interest or by way of mortgage or pledge,—the word "decree" shall include any final judgment in a civil suit,—the word "decree-holder" shall include every person entitled to enforce a decree.—Words in the masculine gender shall include the feminine, and words in the singular number shall include the plural.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first meeting of the Legislative Council of India after the 4th day of February next.

GEO. PLOWDEN,

Offg. Secy. to the Govt. of India.

FORT WILLIAM.

HOME DEPARTMENT,

LEGISLATIVE,

THE 18TH NOVEMBER, 1853.

THE following Draft of a proposed Act was read in Council for the first time on the 18th November, 1853.

ACT No. —— OF 1853.

An act to amend Act No. V. of 1838 relating to the Bengal Bonded Warehouse Association.

WHEREAS the Bengal Bonded Warehouse Association are desirous that the provisions of Act No. V. of 1838 should be amended, and it appears reasonable that such amendment should be made, it is enacted as follows:

I. Sections XII., XIV., XXXII. and XXXVII. of the said Act are hereby repealed.

II. The business of the said Association shall be managed by six Directors, three of whom shall form a quorum.

III. The two Directors who are to go out of office by rotation in every year shall go out of office in the month of May, before the holding of the ordinary General Meeting of proprietors directed to be holden in that month, and that at such ordinary General Meeting two Directors shall be chosen and the Directors so going out of office or either of them shall be capable of being re-elected in the same year at such General Meeting.

IV. No person shall be capable of being a Director of the said Association who shall not be a proprietor in his own right of Five shares of the Capital Stock of the said Association.

[*Government Gazette*, 13*th December*, 1853.]

রূপে করা গেলে পর কিম্বা তদনুসারে যত টাকা প্রকৃত-প্রস্তাবে আদায় করিতে বাকী থাকে তত্তোধিক টাকার নিমিত্তে ঐ ডিক্রী কি হুকুমমতে কোন সম্পত্তি চাতুরীক্রমে ক্রোক করায় কি নীলাম করায় কিম্বা চাতুরীর অন্য কোন কৌশল কি ঠগামী করিবার অপরাধী হয়, সেই ব্যক্তি ইতি।

৩০ ধারা। এই আইনের অর্থ করণেতে "সম্পত্তি" এই শব্দের অর্থের মধ্যে কোন ইষ্টেট কি তাহাতে যে কোন সম্পর্ক থাকে তাহা বুঝাইবেক। "হস্তান্তর করণপত্র" এই শব্দের অর্থের মধ্যে যে প্রত্যেক প্রকারের দলীলের দ্বারা কোন সম্পত্তি কিম্বা তাহাতে কোন সম্পর্ক সম্পূর্ণরূপে কিম্বা কেবল সম্পর্কের অংশের জন্যে কিম্বা বন্ধকক্রমে কি জামিনীক্রমে হস্তান্তর কি খারিজদাখিল করা যায় সেই দলীল বুঝাইবেক। "ডিক্রী" এই শব্দের অর্থের মধ্যে দেওয়ানী মোকদ্দমায় কোন চূড়ান্ত হুকুমও বুঝাইবেক। "ডিক্রীদার" এই শব্দেতে ডিক্রী জারী করিবার স্বত্ত্ব যাহার থাকে এমত প্রত্যেক ব্যক্তিকে বুঝাইবেক। পুংবাচক শব্দেতে স্ত্রীকেও বুঝাইবেক এবং এক বচনের শব্দেতে বহুকেও বুঝাইবেক ইতি।

হুকুম হইল যে এক্ষণে পাঠকরা মুসাবিদা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হুকুম হইল যে আগামি ফেব্রুআরি মাসের ৪ তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের যে প্রথম বৈঠক হয় তাহাতে এই মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লৌডন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।

হোম ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৮ নবেম্বর।

প্রস্তাবিত আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৩ সালের ১৮ নবেম্বর তারিখে হজুর কৌন্সেলে প্রথমবার পাঠ করা গেল।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল —— আক্ট।

বাঙ্গাল বণ্ডেড উএরহৌস আসোসিয়েসনের বিষয়ি ১৮৩৮ সালের ৫ আইন সংশোধনের আইন।

যেহেতুক বাঙ্গাল বণ্ডেড উএরহৌস আসোসিয়েসন অর্থাৎ বাঙ্গলার একরারী গুদামের সমাজ ইচ্ছা করিয়াছেন যে ১৮৩৮ সালের ৫ আইনের বিধান সংশোধন করা যায় এবং সেইরূপ সংশোধনকরা যুক্তিসিদ্ধ বোধ হয় অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

১ ধারা। উক্ত আইনের ১২ ও ১৪ ও ৩২ ও ৩৭ ধারা ইহার দ্বারা রদ হইল ইতি।

২ ধারা। ঐ সমাজের কার্য্য ছয় জন অধ্যক্ষের দ্বারা নির্ব্বাহ হইবেক কিন্তু তাঁহারদের তিন জন একত্র হইয়া কোন কার্য্য করিলে তাহা সিদ্ধ হইবেক ইতি।

৩ ধারা। যে দুই জন অধ্যক্ষ প্রতিবৎসরে ক্রমানুসারে কর্ম্ম ত্যাগ করিবেন তাঁহারা মে মাসে অর্থাৎ ঐ মাসে অংশিরদের নিয়মিত যে সাধারণ বৈঠক হইবার হুকুম আছে সেই বৈঠক হওনের পূর্ব্বে কর্ম্ম ত্যাগ করিবেন এবং সেইরূপ নিয়মিত সাধারণ বৈঠকে দুই জন অধ্যক্ষ মনোনীত হইবেন এবং যে অধ্যক্ষেরা সেইরূপে কর্ম্ম ত্যাগ করেন তাঁহারদের উভয়কে কি তাঁহারদের এক জনকে সেই বৎসরে সেই সাধারণ বৈঠকে পুনরায় মনোনীত করা যাইতে পারে ইতি।

৪ ধারা। কোন ব্যক্তি নিজের টাকায় ঐ সমাজের মূলধনের পাঁচ অংশের অংশী না হইলে তিনি ঐ সমাজের অধ্যক্ষতা কর্ম্মে মনোনীত হইতে পারিবেন না ইতি।

V. Ordinary General Meetings of the said proprietors shall be held at least twice in every year, that is to say, on the second Wednesday in the month of May, and the second Wednesday in the month of November, and at every such ordinary Meeting the Directors of the said Association shall present a Report in writing of the state of the affairs of the said Association, and a balance sheet; and such General Meeting may declare a dividend out of the profits of the said Association, provided that no dividend shall be made which shall diminish the capital of the said Association.

VI. It shall be lawful for the said Association to make Bye-laws for the Regulation of its own proceedings, which Bye laws shall be binding only on its own Members and Officers, provided that no such Bye-law shall be valid till it shall have been approved of by one extraordinary General Meeting of proprietors specially convened for that purpose, provided also that no such Bye-law shall be valid till it shall have been confirmed by the Governor of the Presidency of Fort William in Bengal.

VII. At any time after the 14th day of March, 1860, it shall be lawful for the Governor General of India in Council by an order in Council to direct that the said Association shall be dissolved at the expiration of five years from the date of such order, and such order shall of itself have the effect of dissolving the said corporation at the expiration of the said space of five years, except for the purposes mentioned in Section XXXIX., Act No. V. of 1838.

Ordered, that the Draft now read be published for general information.

Ordered, that the said Draft be re-considered at the first Meeting of the Legislative Council of India after the 18th day of January, 1854.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

৫ ধারা। প্রতিবৎসরে অন্যূন দুইবার অর্থাৎ মে মাসের দ্বিতীয় বুধবারে ও নবেম্বর মাসের দ্বিতীয় বুধবারে ঐ অংশিরদের নিয়মিত সাধারণ বৈঠক হইবেক এবং ঐ নিরূপিত প্রত্যেক বৈঠকে ঐ সমাজের কর্ম্মাধ্যক্ষেরা ঐ সমাজের কার্য্যের অবস্থার বিষয়ের লিখিত এক রিপোর্ট অর্থাৎ বিবরণপত্র দিবেন এবং জমাওয়াসীল বাকীর এক ফর্দ্দ দিবেন এবং ঐ সাধারণ বৈঠকে সমাগত অংশিরা ঐ সমাজের প্রাপ্তিহইতে এক ডিবিডেণ্ড অর্থাৎ প্রাপ্তি বণ্টনের হুকুম দিতে পারেন কিন্তু যাহাতে ঐ সমাজের মুলধন কম হয় এমত কোন ডিবিডেণ্ড দেওয়া যাইবেক না ইতি।

৬ ধারা। ঐ সমাজ আপনারদের কার্য্য সাধন করিবার নিমিত্তে 'বৈলা" অর্থাৎ নিয়ম করিতে পারেন এবং ঐ নিয়ম কেবল আপনারদের অন্তঃপাতি ব্যক্তি এবং আপনারদের কর্ম্মকারি ব্যক্তিরদের উপর বলবৎ থাকিবেক। কিন্তু এমত যে কোন নিয়ম হয় তাহা মঞ্জুর করিবার নিমিত্তে বিশেষরূপে অংশিরদের হওয়া উপরি এক সাধারণ বৈঠকে যেপর্য্যন্ত মঞ্জুর না হয় সেইপর্য্যন্ত সিদ্ধ হইবেক না। আরো জানা কর্ত্তব্য যে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়মের রাজধানীর শ্রীযুত গবর্নর সাহেব বাহাদুর এইমত কোন নিয়ম মঞ্জুর না করিলে তাহা সিদ্ধ হইবেক না ইতি।

৭ ধারা। ইঙ্গরেজী ১৮৬০ সালের ১৪ মার্চ তারিখের পর কোন সময়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলের আজ্ঞাক্রমে হুকুম করিতে পারেন যে উক্ত সমাজ ঐ হুকুমের তারিখের পর পাঁচ বৎসর অতীত হইলে নিবর্ত্ত হয় এবং ঐরূপ হুকুম হইলেই তাহার এই ফল হইবেক যে ঐ পাঁচ বৎসর মিয়াদ অতীত হইলে উক্ত সমাজ নিবর্ত্ত হইবেক কিন্তু ১৮৩৮ সালের ৫ আইনের ৩৯ ধারার নির্দ্দিষ্ট অভিপ্রায়ের বিষয়ে নহে ইতি।

হুকুম হইল যে এইক্ষণে পাঠকরা মুসাবিদা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যায়।

হুকুম হইল যে ১৮৫৪ সালের ১৮ জানুআরি তারিখের পর ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের প্রথম যে বৈঠক হয় তাহাতে উক্ত মুসাবিদা পুনরায় বিবেচনা করা যায়।

জর্জ প্লোডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

REPORTS OF SUMMARY CASES DETERMINED BY THE SUDDER DEWANNY ADAWLUT.

23rd July, 1853.

Brij Mohun Ram,—Petitioner.

A sale of rights and interests of a debtor cannot be set aside by a summary order unless an irregularity in the sale be satisfactorily established.

In execution of a decree by the petitioner against Mr. John Oman, certain property was advertized for sale upon which Baboo Mooteelal Seel opposed the sale, alleging that the property had been purchased by him.

The Principal Sudder Ameen of Bhaugulpore, on the 7th June, 1852, having rejected this plea, ordered the property to be sold, which was done.

On appeal preferred by Baboo Mooteelal Seel, on the 29th September, 1852, Mr. Mills remanded the case for re-trial.

সদর দেওয়ানী আদালতে নিষ্পত্তিহওয়া সরাসরী মোকদ্দমার রিপোর্ট।

১৮৫৩ সাল ২৩ জুলাই।

ব্রজমোহন রাম। দরখাস্তকারী।

খাতকের স্বত্ব ও সম্পর্কের নীলামেতে কোন বেদাঁড়ার কার্য্য হুবোধমতে সাবুদ না হইলে ঐ নীলাম সরাসরী হুকুমের দ্বারা অন্যথা হইতে পারে না।

জান ওমান সাহেবের বিরুদ্ধে দরখাস্তকারির ডিক্রীজারীক্রমে কতক সম্পত্তি নীলাম হইবার ইশতিহার হয়। তাহাতে বাবু মতিলাল শীল আপনি ঐ সম্পত্তি খরীদ করিয়াছি বলিয়া নীলামের প্রতিবন্ধকতা করে।

ভাগলপুরের প্রধান সদর আমীন ১৮৫২ সালের ৭ জুন তারিখে ঐ আপত্তি অগ্রাহ্য করিয়া সম্পত্তি নীলাম হইবার হুকুম করেন। তাহাতে নীলাম হইল।

পরে বাবু মতিলাল শীল ১৮৫২ সালের ২৯ সেপ্টেম্বর তারিখে আপীল করিলে শ্রীযুত মিল্স সাহেব মোকদ্দমা পুনর্ব্বিচারার্থে ফিরিয়া পাঠাইলেন।

The Officiating Principal Sudder Ameen, on the 5th March, 1853, reversed the sale of the property and ordered the purchase-money to be given back to the purchaser upon which the petitioner appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court, Mr. J. R. Colvin. "The Principal Sudder Ameen has ordered the sale to be reversed and the purchase-money to be returned to the purchaser. If it has been returned with the consent of the purchaser that sale cannot be reversed by a summary order. But the Principal Sudder Ameen's order is illegal in my opinion, because after the rights and interests of a party have been sold, such a sale cannot be reversed unless the irregularity of the sale be established. The Principal Sudder Ameen ought not to have interfered with the case after a sale of rights and interests had once been concluded; his opinion therefore, on the merits as between the parties, will not bar a free consideration of the same point on any fresh application of the petitioner. Under these circumstances, the Principal Sudder Ameen's order is reversed in the following manner, that if the sale-money be now in deposit in the Court, the sale be considered valid, or if the purchase-money has been returned to the purchaser, the Principal Sudder Ameen will proceed with reference to the remarks."

একটিং প্রধান সদর আমীন ১৮৫৩ সালের ৫ মার্চ তারিখে সম্পত্তির নীলাম অন্যথা করিয়া খরীদের টাকা খরীদারকে ফিরিয়া দিতে হুকুম করিলেন। তাহাতে দরখাস্তকারী সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত জে আর কলভিন সাহেব কহিলেন। "প্রধান সদর আমীন হুকুম করিয়াছেন যে নীলাম অন্যথা হয় এবং খরীদের টাকা খরীদারকে ফিরিয়া দেওয়া যায়। যদি সেই টাকা খরীদারের সম্মতিতে ফিরিয়া দেওয়া গিয়াছে তবে ঐ নীলাম সরাসরী হুকুমেতে অন্যথা হইতে পারে না। কিন্তু আমার বিবেচনায় প্রধান সদর আমীনের হুকুম বেআইনী যেহেতুক কোন ব্যক্তির স্বত্ব ও সম্পর্ক নীলাম হইলে পর যাবৎ নীলাম বেদাঁড়ামতে হইয়াছে ইহা সাবুদ না হয় তাবৎ ঐ নীলাম অন্যথা হইতে পারে না। স্বত্ব ও সম্পর্কের নীলাম একবার সমাপ্ত হইলে পর ঐ মোকদ্দমায় হস্তক্ষেপকরা[1] প্রধান সদর আমীনের কর্ত্তব্য ছিল না। অতএব দরখাস্তকারী যদি কোন নূতন দরখাস্ত করে তবে উভয় পক্ষের মধ্যে মোকদ্দমার দোষগুণের বিষয়ে প্রধান সদর আমীন যে মত প্রকাশ করিয়াছেন সেই মতপ্রযুক্ত সেই বিষয়ের অবাধতরূপে বিবেচনার কোন আটক হইবেক না। এই সকল বিষয় দৃষ্টে প্রধান সদর আমীনের হুকুম নীচের লিখিতমতে অন্যথা করা গেল অর্থাৎ যদি খরীদের টাকা এইক্ষণে আদালতে আমানৎ রহিয়াছে তবে নীলাম সিদ্ধ জ্ঞান হইবেক। কিম্বা যদি খরীদের টাকা খরীদারকে ফিরিয়া দেওয়া গিয়াছে তবে প্রধান সদর আমীন এই সকল কথার প্রতি দৃষ্টি রাখিয়া কার্য্য করিবেন।"

Phaloo Sirdar and another,—Petitioners.

The entry of a party's name as a tenant of land in the accounts of a zemindar is sufficient for the zemindar's purposes in summary procedure for rent against that party up to the sale of the land in execution, but this does not prevent any other person claiming an interest in the land from suing to contest the sale on other grounds.

The petitioners applied to sue in formâ pauperis for recovery of possession of their hereditary property against Ramkanye Roy and others and for reversal of the sale of the above property under a summary decree for rents, alleging that after their father's death, their step-mothers *Munzura* and *Moorunnissa* in collusion with the zemindar's Amlahs had caused a summary suit for rents to be brought against their names under which the property was sold in execution of the decree and purchased by Ramkanye and others.

The Judge of Backergunge rejected the petitioner's application on the ground that as the names of *Munzura* and *Moorunnissa* were entered in the zemindar's Sherishta and the summary suit was laid only against them, the petitioners had no right to claim the property.

From the Judge's order which was dated the 23d July, 1853, the petitioners appealed to the Sudder Dewanny Adawlut.

By the Court, Mr. J. R. Colvin. "The circumstance of one name being entered in the zemindaree Sherishta will protect the zemindar in so far as taking out summary procedure against that one person is concerned. But any person really interested in

ফালু সরদার ও অন্য ব্যক্তি। দরখাস্তকারী।

জমীদারের খাতায় জমীর দখীলকারস্বরূপ কোন ব্যক্তির নাম লেখা থাকিলে তাহাই ঐ ব্যক্তির বিরুদ্ধে খাজানার বাবৎ সরাসরী মোকদ্দমা করিয়া হুকুম জারীক্রমে ভূমির নীলাম করণপর্য্যন্ত জমীদারের অভিপ্রায় সিদ্ধির জন্যে প্রচুর হয়। কিন্তু ইহাতে অন্য যে কোন ব্যক্তি ঐ জমীতে সম্পর্কের দাওয়া রাখে তাহার অন্য হেতুতে নীলাম অসিদ্ধ করিবার জন্যে নালিশ করিবার কোন বাধা নাই।

দরখাস্তকারিরা কহিল যে আমারদের পিতার মৃত্যুর পরে মঞ্জুরা ও নুরুন্নিসা নামক আমারদের বিমাতারা জমীদারের আমলারদের সঙ্গে যোগ করিয়া আপনারদের নামে খাজানার বাবৎ সরাসরী মোকদ্দমা উপস্থিত করাইয়াছে তাহাতে ডিক্রী জারীক্রমে আমারদের পৈতৃক সম্পত্তি নীলাম হইয়াছে ও রামকানাই রায় ও অন্যেরা তাহা খরীদ করে ইহা বলিয়া দরখাস্তকারিরা ঐ রামকানাই ও অন্যেরদের বিরুদ্ধে ঐ সম্পত্তির দখল ফিরিয়া পাইবার জন্যে এবং খাজানার বাবৎ সরাসরী ডিক্রীক্রমে ঐ সম্পত্তির নীলাম অন্যথা করিবার জন্যে পাপরস্বরূপ নালিশ করিতে দরখাস্ত করে।

বাকরগঞ্জের জজ সাহেব দরখাস্তকারিরদের প্রার্থনা এই হেতুতে অগ্রাহ্য করিলেন যে মঞ্জুরা ও নুরুন্নিসার নাম জমীদারের সিরিশতায় দাখিল হইয়াছে এবং সরাসরী মোকদ্দমা কেবল তাহারদের নামে হইয়াছিল অতএব ঐ সম্পত্তির দাওয়া করিতে দরখাস্তকারিরদের স্বত্ব নাই।

জজ সাহেবের ঐ হুকুম ১৮৫৩ সালের ২৩ জুলাই তারিখে হয়। সেই হুকুমের উপর দরখাস্তকারিরা সদর দেওয়ানী আদালতে আপীল করে।

সদর আদালতের জজ শ্রীযুত জে আর কলবিন সাহেব কহিলেন। "জমীদারী সিরিশতায় এক ব্যক্তির নাম লেখা থাকিলে সেই ব্যক্তির নামে সরাসরী ডিক্রী জারী করাওনের বিষয়ে জমীদারের রক্ষা হয়। কিন্তু ঐ তালুকেতে অন্য যে ব্যক্তির নিতান্ত সম্পর্ক থাকে সে অন্য হেতুতে

the Talook can sue to contest the sale for other grounds. The Judge is directed to pass a proper order in this case."

Order reversed.

Hurreenath Chowdhoory and another,—Petitioners.

The rights and interests of a debtor in certain property having been sold in satisfaction of a decree with a Notification of an existing mortgage upon it, the same property cannot subsequently be brought to sale by the mortgagee as on account of the debtor, but the mortgagee is not debarred from his proper remedy against the party who purchased the property with the mortgage existing on it.

In an action brought by the petitioners against Brijessurree before the Principal Sudder Ameen of Furreedpore, on account of a mortgage bond executed by Brijessurree, the mortgaged property was at the request of the petitioners attached under Regulation II. of 1806. While this case was pending one Bishenath Shah, a decree-holder, against Brijessurree in another suit, in execution of his own decree, attached the same property with a view to its sale under the orders of the Judge of Zillah Backergunge upon which the petitioner opposed the sale. The Judge, however, ordered the property to be sold with a Notification of the above mortgage on it, and it was then purchased by the decree-holder, Bishenath Shah himself.

After the action on the mortgage bond was decreed in favor of the petitioners, by the Principal Sudder Ameen of Furreedpore, they in execution of their decree applied for the sale of the mortgaged property.

The Judge of Backergunge on the objections urged by Bishenath Shah released the mortgaged property from the execution of the petitioner's decree upon which the petitioners appealed to this Court.

By the Court, Mr. J. R. Colvin. "The rights and interests of Brijessurree were purchased by Bishenath Shah, with a Notification of the existing mortgage to the petitioners. The petitioners therefore cannot again sell the rights and interests of Brijessurree in the property as they have been fully transferred to the purchaser: the petitioners however are not prohibited from proceeding in another manner for the recovery of their due. Under these circumstances, there is no reason to interfere with the Zillah Judge's order.

Petition rejected.

নীলাম অসিদ্ধ করিবার জন্যে নালিশ করিতে পারে। জজ সাহেবের প্রতি আজ্ঞা হইতেছে যে তিনি এই মোকদ্দমায় উপযুক্ত হুকুম করেন।"

হুকুম অন্যথা হইল।

হরিনাথ চৌধুরী ও অন্য ব্যক্তি। দরখাস্তকারী।

কোন সম্পত্তি বন্ধক থাকনের এত্তেলা দেওয়া গিয়া ঐ সম্পত্তিতে খাতকের স্বত্ব ও সম্পর্ক ডিক্রী জারীক্রমে নীলাম হইলে পর বন্ধকলওনিয়া ব্যক্তি খাতকের নিমিত্তে বলিয়া ঐ সম্পত্তি পুনরায় নীলামে ধরাইয়া দিতে পারে না। কিন্তু বন্ধকহওয়া ঐ সম্পত্তি যে ব্যক্তি খরীদ করিয়াছে তাহার বিরুদ্ধে বন্ধকলওনিয়ার উপযুক্ত প্রতিকার পাওয়ার বাধা নাই।

ব্রজেশ্বরী যে এক বন্ধকী খৎ লিখিয়া দিয়াছিল তাহার বাবৎ দরখাস্তকারিরা ঐ ব্রজেশ্বরীর নামে ফরিদপুরের প্রধান সদর আমীনের নিকটে মোকদ্দমা উপস্থিত করিয়াছিল তাহাতে দরখাস্তকারিরদের প্রার্থনামতে ঐ বন্ধকী সম্পত্তি ১৮০৬ সালের ২ আইনানুসারে ক্রোক করা গিয়াছিল। ঐ মোকদ্দমা উপস্থিত থাকনকালে অন্য মোকদ্দমায় ব্রজেশ্বরীর বিরুদ্ধে বিশ্বনাথ শা নামক এক জন ডিক্রীদার জিলা বাকরগঞ্জের জজ সাহেবের হুকুমমতে সেই সম্পত্তি নীলাম করিবার অভিপ্রায়ে আপন ডিক্রী জারীক্রমে তাহা ক্রোক করিল। তাহাতে দরখাস্তকারিরা ঐ নীলামের প্রতিবন্ধকতা করে। কিন্তু জজ সাহেব হুকুম করিলেন যে ঐ সম্পত্তি ঐ প্রকারে বন্ধক আছে এমত এত্তেলা দিয়া সম্পত্তি নীলাম করা যায়। তাহাতে ডিক্রীদার বিশ্বনাথ শা আপনি তাহা খরীদ করিয়াছিল।

ফরিদপুরের প্রধান সদর আমীন ঐ বন্ধকী খতের মোকদ্দমা দরখাস্তকারিরদের পক্ষে ডিক্রী করিলে পর তাহারা আপনারদের ডিক্রী জারীক্রমে বন্ধকী সম্পত্তি নীলাম হওনের নিমিত্তে দরখাস্ত করে।

তাহাতে বিশ্বনাথ শা যে আপত্তি প্রকাশ করিয়াছিল সেই আপত্তিক্রমে বাকরগঞ্জের জজ সাহেব ঐ বন্ধকী সম্পত্তি দরখাস্তকারিরদের ডিক্রী জারীহইতে মুক্ত করিলেন তাহাতে দরখাস্তকারিরা এই আদালতে আপীল করে।

XI. If no sufficient cause be shown on the day fixed or upon any subsequent day to which the Court shall enlarge the time for that purpose, the Court shall cause a summons to be issued for compelling the party to attend and give evidence.

XII. The Court on the requisition of any party to a suit, or his pleader, may cause a summons to be issued to every person who shall be required to produce any material document. Previously to the issuing of any summons for the attendance of any person to give evidence or produce a document, the party requiring the same shall pay into Court such sum as shall appear to the Court to be reasonable, to defray the travelling and other expenses of such person in passing to and from the Court in which he may be required to attend and give evidence, and for one day's attendance thereat. In fixing the sum to be paid into Court, regard shall be had to the rules, if any, established by the Court

ঐ হুকুমের তারিখের পর পনের দিনের কম হইবেক না ইতি।

৭ ধারা। কোন মোকদ্দমায় সাক্ষিরদের যে ইসমনবীসী দাখিল করিতে হইবেক তাহার মধ্যে, ইসমনবীসী দাখিলকরণিয়া ব্যক্তি যে সকল সাক্ষিরদিগকে সাক্ষিস্বরূপ তলব করিতে মানস করে অথবা সাক্ষ্য দিবার কিম্বা কোন দলীল দাখিল করিবার নিমিত্তে যাহারদের নামে সমন পাঠাইবার বিষয়ে প্রার্থন করে তাহারা মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক তাহারদিগের নাম এবং যে সকল দলীল দাখিল হইবার বিষয়ে প্রার্থনা করে তাহার তালিকা লেখা থাকিবেক ইতি।

৮ ধারা। যদি মোকদ্দমার কোন বাদী কি প্রতিবাদী ঐ মোকদ্দমাতে লিপ্ত অন্য কোন ব্যক্তিকে সাক্ষিস্বরূপ হাজির করাইতে চাহে তবে ঐ ব্যক্তিকে হাজির করাইবার নিমিত্তে তাহার নামে সমন দিবার হুকুম হইবার বিষয়ে আপনি কিম্ব উকীলের দ্বারা আদালতে বিশেষ দরখাস্ত করিবেক এবং ঐ দরখাস্তের পোষকতার্থে আদালতের খাতিরজমা মতে মাতবর হেতু দর্শাইবেক, তাহা না করিলে সমন জারী হইবেক না। যে মোকদ্দমায় আদালতের দাঁড়ামতে শুননির দিন নিরূপণ হয় সেই মোকদ্দমায় ঐ দিন নিরূপণের পূর্ব্বে ঐ দরখাস্ত করা যাইবেক ইতি।

৯ ধারা। মোকদ্দমাতে লিপ্ত যে কোন ব্যক্তিকে সাক্ষিস্বরূপ হাজির করাইবার বিষয়ে প্রার্থনা হয় তাহার উকীল দরখাস্ত করিলে, কিম্বা এমত দরখাস্ত না হইলেও আদালত উপযুক্ত বোধ করিলে, ঐ হুকুম করণের পূর্ব্বে ঐ ব্যক্তিকে কিম্বা তাহার উকীলকে এত্তেলা দিবেন। তাহাতে ঐ ব্যক্তির হাজির হইয়া সাক্ষ্য না দিবার কারণ দর্শাইবার জন্যে এক দিন নিরূপণ করিবেন এবং যদি আবশ্যক হয় তবে সময়ে২ বিশিষ্ট ও মাতবর হেতুতে ঐ কার্য্যের নিমিত্তে মিয়াদ বৃদ্ধি করিতে পারেন ইতি।

১০ ধারা। ১ প্রথম প্রকরণ।—যে কারণ দর্শান যায় তাহার পোষকতার্থে আদালত ঐ ব্যক্তির লিখিত এজেহার গ্রাহ্য করিবেন কিন্তু ঐ এজেহারেতে তাহার দস্তখৎ করিতে হইবেক এবং ঐ ব্যক্তি স্বয়ং কিম্বা উকীলের দ্বারা তাহা আদালতে দাখিল করিবেক।

২ দ্বিতীয় প্রকরণ।—যে ব্যক্তি এমত এজেহার করে সে যদি জানিয়াশুনিয়া ও দুষ্টতা করিয়া তাহার মধ্যে কোন মিথ্যা কথা লেখে তবে সেই ব্যক্তি মিথ্যা শপথের দোষী জ্ঞান হইবেক এবং তাহার বিপরীত মোকদ্দমার কার্য্য চলিবেক এবং দোষ সাব্যস্ত হইলে তদনুসারে দণ্ড পাইবেক ইতি।

১১ ধারা। সেই নিরূপিত দিবসে কিম্বা আদালত কারণ দর্শাইবার নিমিত্তে তাহার পর অন্য যে দিনপর্য্যন্ত মিয়াদ বৃদ্ধি করেন সেই দিনে যদি কোন মাতবর কারণ দর্শান না যায় তবে আদালত জোরপূর্ব্বক ঐ ব্যক্তিকে হাজির করাইবার ও সাক্ষ্য দেওয়াইবার জন্যে সমন জারী করাইবেন ইতি।

১২ ধারা। যে ব্যক্তির কোন প্রয়োজনীয় দলীল উপস্থিত করিবার বিষয়ে প্রার্থনা হয় এমত প্রত্যেক ব্যক্তির নামে আদালত, মোকদ্দমার বাদী কি প্রতিবাদী কিম্বা তাহার উকীলের দরখাস্তমতে, সমন জারী করিতে পারেন। সাক্ষ্য দেওনার্থে কি দলীল উপস্থিত করণার্থে কোন ব্যক্তিকে হাজির করিবার কোন সমন জারী হইবার পূর্ব্বে সাক্ষির প্রতি যে আদালতে হাজির হইয়া সাক্ষ্য দিতে হুকুম হয় সেই আদালতে তাহার আসিবার ও তথাহইতে ফিরিয়া যাইবার যত রাহাখরচ এবং অন্যান্য খরচ ও সেই আদালতে হাজির থাকিবার এক দিনের যত খরচ আদালত ওয়াজীব বোধ করেন তাহা যে বাদি কি প্রতিবাদির দরখাস্তমতে এ সমন জারী হইবেক তাহার আদালতে দাখিল করিতে হইবেক। আদালতে যত খরচ দাখিল করিতে হইবেক তাহা ঐ আদালত কোন আদা-

or Board, if any to which such Court shall be subordinate. The sum so paid into Court shall be tendered to the witness at the time of serving the summons if it can be served personally. In addition to the sum so paid into Court, the Court before whom any person who may attend in pursuance of a summons, or proclamation to give evidence or produce any document, may order such further sum to be paid to the person so attending by the person causing the summons or proclamation to be issued, as may appear to be necessary to defray his travelling and other expenses, and also the expenses of his detention under the summons, or proclamation, and in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the goods of the person ordered to pay the same, and the witness shall not be bound to give evidence or produce any document until such sum shall be paid.

XIII. Every summons for the attendance of a witness to give evidence, or to produce a document shall require the intended witness to attend at a time and place to be named in the summons, and shall also state whether the attendance of the witness is required for the purpose of giving evidence, or producing a document, or for both purposes. If a witness, whether a party to the suit or not, is required to attend, and to produce before the Court any document alleged by the party summoning him to be in his possession or power, a direction to attend the Court with such document shall be inserted in the summons, and the document which the witness may be so called upon to produce shall be described in the summons with convenient certainty.

XIV. Every such summons shall, if possible, be served personally upon the person thereby required to attend, by showing the original to such person, and at the same time delivering or tendering to him a copy thereof.

XV. Such service must be made a sufficient time before the time specified therein for his attendance to allow the witness a reasonable time for preparation and for travelling to the place at which his attendance is required.

XVI. Any person, whether a party to the suit or not, may be summoned to produce a document without being summoned to give evidence, and any person summoned merely to produce a document shall be deemed to have complied with the summons if he cause such document to be produced, instead of attending personally to produce the same.

XVII. Any person who shall be summoned to appear and give evidence shall be bound to attend at the time and place named for that purpose.

XVIII. Any person attending to produce a do-

লতের কি বোর্ডের অধীন থাকিলে যদি সেই আদালতের কি বোর্ডের কোন বিধান নির্দ্দিষ্ট থাকে তবে সেই বিধানের প্রতি মনোযোগ করিয়া নিরূপণ হইবেক। যদি সাক্ষির উপর সমন জারী করা যাইতে পারে তবে তাহা জারী করণ সময়ে আদালতে উক্ত প্রকারে দাখিল করা খরচ সাক্ষিকে দিবার প্রস্তাব হইবেক। যে আদালতের সম্মুখে কোন ব্যক্তি সাক্ষ্য দেওনার্থে কি কোন দলীল উপস্থিত করণার্থে সমন কি এস্তেলানামাক্রমে হাজির হয় সেই আদালত হুকুম করিতে পারেন যে উক্ত প্রকারে যে খরচ আদালতে দেওয়া গিয়াছে তদতিরিক্ত হাজিরহওয়া ব্যক্তির রাহাখরচ এবং অন্য খরচের নিমিত্তে এবং সমন কি এস্তেলাক্রমে তাহার হাজির থাকিবার খরচের নিমিত্তে অধিক যত আবশ্যক বোধ হয় তত যে ব্যক্তির দরখাস্তমতে সমন কি এস্তেলানামা জারী হয় সে ব্যক্তি ঐ হাজিরহওয়া ব্যক্তিকে দেয় এবং যদি ঐ খরচ দিতে ত্রুটি করে তবে যে ব্যক্তির প্রতি তাহা দিতে হুকুম হয় তাহার সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা ঐ খরচ উসুল করিবার হুকুম করিতে পারেন এবং যাবৎ ঐ খরচ না দেওয়া যায় তাবৎ সাক্ষির জোবানবন্দী দিবার কি কোন দলীল উপস্থিত করিবার নিতান্ত আবশ্যক হইবেক না ইতি।

১৩ ধারা। সাক্ষ্য দেওনার্থে কি দলীল উপস্থিত করণার্থে সাক্ষির হাজির হইবার প্রত্যেক সমনেতে, যাহাকে সাক্ষি করিবার মানস আছে তাহাকে সমনে যে সময় ও স্থান নির্দ্দিষ্ট থাকে সেই সময়ে ও স্থানে হাজির হইবার হুকুম হইবেক, এবং যে অভিপ্রায়ে অর্থাৎ সাক্ষ্য দেওনের নিমিত্তে কি দলীল উপস্থিত করণের নিমিত্তে কিম্বা উভয় অভিপ্রায়ে তাহাকে হাজির হইবার হুকুম হইয়াছে তাহা তাহাতে লেখা থাকিবেক। মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক কোন সাক্ষির যদি হাজির হইবার, এবং তাহার নামে সমন জারীকরণিয়া ব্যক্তির কথামতে তাহার দখলে কি এখ্তিয়ারে যে দলীল থাকে এমত কোন দলীল উপস্থিত করিবার প্রার্থনা হয় তবে ঐ দলীল লইয়া আদালতে উপস্থিত হইবার হুকুম সমনের মধ্যে লেখা যাইবেক, এবং যে দলীল উপস্থিত করিতে ঐ সাক্ষিকে এই প্রকার হুকুম দেওয়া যায় সেই দলীল সমনের মধ্যে এমন নির্দ্দিষ্ট করা যাইবেক যে তাহা উপযুক্তমতে নিশ্চয় করিয়া জানা যায় ইতি।

১৪ ধারা। যদি হইতে পারে তবে এইমত প্রত্যেক সমনের দ্বারা যে ব্যক্তির হাজির হইবার হুকুম হয় তাহাকে আসল সমন দেখাইয়া এবং সেই সময়ে তাহার এক নকল তাহাকে দিয়া বা দিবার প্রস্তাব করিয়া তাহারি উপর সমন জারী হইবেক ইতি।

১৫ ধারা। সাক্ষির হাজির হইবার নিমিত্তে যে সমন সমনে নির্দ্দিষ্ট আছে তাহার পূর্ব্বে এমত সময়ে ঐ সমন জারী করিতে হইবেক যে সাক্ষী প্রস্তুত হইবার ও যে স্থানে হাজির হইবার হুকুম হয় সেই স্থানে গমন করিবার ওয়াজীবী সময় পায় ইতি।

১৬ ধারা। কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক তাহার নামে সাক্ষ্য দিবার নিমিত্তে সমন না হইয়াও দলীল উপস্থিত করিবার নিমিত্তে সমন হইতে পারে এবং যে কোন ব্যক্তির নামে কেবল দলীল উপস্থিত করিবার সমন হয় সে ব্যক্তি যদি দলীল উপস্থিত করণার্থে আপনি হাজির না হইয়া অন্যের দ্বারা ঐ দলীল উপস্থিত করে তবে সমনমতে কর্ম্ম করিয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

১৭ ধারা। যে কোন ব্যক্তির নামে হাজির হইয়া সাক্ষ্য দিবার নিমিত্তে সমন হয় তন্নিমিত্তে যে সময় ও স্থান নির্দ্দিষ্ট আছে সেই সময়ে ও স্থানে তাহার নিতান্ত হাজির হইতে হইবেক ইতি।

১৮ ধারা। যে কোন ব্যক্তি দলীল উপস্থিত করিবার নিমিত্তে হাজির হয় তাহাকে সাক্ষিস্বরূপ শপথ না করাইয়া

cument may be called upon to produce the same without being sworn or examined as a witness.

XIX. A witness not a party to the suit or proceeding in which he is summoned, shall not be bound to produce his own title deeds, unless he shall have agreed in writing with the party requiring the production thereof, or with some person through whom he claims to produce such deeds.

XX. A witness, whether a party or not, shall not be bound to produce any document relating to affairs of State, the production of which would be contrary to good policy, nor any document held by him for any other person who would not be bound to produce it if in his own possession.

XXI. A witness being a party to the suit shall not be bound to produce any document in his possession or power which is not relevant or material to the case of the party requiring its production, nor any writing or correspondence which may have passed between him and any legal professional adviser. If any party, however, offer himself as a witness, he shall be bound to produce any such writing or correspondence, in his custody, possession, or power, if relevant or material to the case of the party requiring its production.

XXII. Every witness summoned to produce a document shall, if the same be in his custody, possession, or power, be bound to produce it, or cause it to be produced to the Court, although there be a valid objection to the right of the party calling for it to compel its production, or to the reading, or putting it in as evidence, or to the disclosure of the contents thereof; the validity of any such objection made by the person producing the document shall be determined by the Court, and for the better determination thereof, it shall be lawful for the Court to receive any admissible evidence which the person producing the document may give respecting it, and it shall also be lawful for the Court to inspect the document, and if necessary to call to its assistance any person whom it may appoint to interpret the same. Such person, however, shall be previously sworn truly to interpret the same to the Court alone, and not to disclose the contents thereof except to the Court, unless the Court shall order the document to be given in evidence. If the Court shall be of opinion that such document should not be produced, the Court shall not disclose the contents thereof to the parties, or take any note, or make any mention of the contents or effect thereof in its judgment or proceedings, but shall return the document at once to the party producing the same, having previously marked the same for the purpose

কি তাহার জোবানবন্দী না লইয়া তাহার প্রতি ঐ দলীল উপস্থিত করিতে হুকুম হইতে পারিবেক ইতি।

১৯ ধারা। যে মোকদ্দমাতে কি কার্য্যেতে যে সাক্ষির নামে সমন হয় সে যদি তাহার এক পক্ষ না হয় তবে তাহার নিজের কোন দলীলদস্তাবেজ দাখিল করিতে আবশ্যক হইবেক না। কিন্তু যে ব্যক্তি তাহা উপস্থিত করিবার বিষয়ে দরখাস্ত করে তাহার সঙ্গে অথবা অন্য যে ব্যক্তির দ্বারা সে দাওয়া করে তাহার সঙ্গে যদি ঐ সাক্ষী তাহা উপস্থিত করিতে করার লিখিয়া দিয়াছে তবে তাহা নিতান্ত দাখিল করিতে হইবেক ইতি।

২০ ধারা। কোন সাক্ষী মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক সে রাজসংক্রান্ত কার্য্যের সম্পর্কীয় যে কোন দলীল উপস্থিত করণের দ্বারা রাজকার্য্যের অপকার সম্ভবনা এইমত দলীল উপস্থিত করিতে, কিম্বা অন্য ব্যক্তির যে কোন দলীল তাহার হাতে থাকে সে দলীল যাহার হয় সেই ব্যক্তির দখলে তাহা থাকিলে যদি তাহার তাহা উপস্থিত করিবার আবশ্যক হইত না তবে ঐ সাক্ষিরও তাহা উপস্থিত করিতে আবশ্যক হইবেক না ইতি।

২১ ধারা। সাক্ষী মোকদ্দমাতে লিপ্ত হইলে তাহার দখলে কি এখ্তিয়ারে যে কোন দলীল উপস্থিত করিবার বিষয়ে মোকদ্দমার যে বাদী কি প্রতিবাদী প্রার্থনা করে তাহার মোকদ্দমার সঙ্গে ঐ দলীল সম্পর্ক না রাখিলে কি তাহাতে দরকারী না হইলে তাহা দাখিল করিতে ঐ সাক্ষির আবশ্যক হইবেক না কিম্বা কোন উকীল কি মোখ্তারের সঙ্গে ঐ সাক্ষির যে কোন লিখনপঠন হইয়াছে তাহাও উপস্থিত করিতে ঐ সাক্ষির আবশ্যক হইবেক না। পরন্তু মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি যদি আপনি সাক্ষ্য দিতে প্রস্তাব করে তবে তাহার জিম্মায় কি দখলে কি এখ্তিয়ারে এমত যে কোন লিখনপঠন উপস্থিত করিবার বিষয়ে মোকদ্দমার যে বাদী কি প্রতিবাদী প্রার্থনা করে তাহার মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখিলে কিম্বা তাহাতে দরকারী হইলে সেই লিখনপঠন তাহার অবশ্য উপস্থিত করিতে হইবেক ইতি।

২২ ধারা। যে প্রত্যেক সাক্ষির নামে দলীল উপস্থিত করিবার সমন হয় তাহার জিম্মায় কি দখলে কি এখ্তিয়ারে যদি সেই দলীল থাকে তবে তাহার সেই দলীল অবশ্য আদালতে উপস্থিত করিতে কিম্বা করাইতে হইবেক এবং যে ব্যক্তি তাহার বিষয়ে প্রার্থনা করে তাহার সেই দলীল উপস্থিত করাইবার অধিকারের বিষয়ে কোন মাতবর আপত্তি থাকিলেও কিম্বা ঐ দলীল সাক্ষ্যস্বরূপ পাঠ করিবার কিম্বা দাখিল করিবার বিষয়ে কিম্বা তাহার লিখিত কথা প্রকাশ করিবার বিষয়ে মাতবর আপত্তি থাকিলেও তাহা উপস্থিত করিতে হইবেক। দলীল উপস্থিতকরণিয়া ব্যক্তি এইমত যে কোন আপত্তি করে তাহার মাতবরী আদালত নিশ্চয় করিবেন। এবং ঐ মাতবরী আরো উত্তমরূপে নিশ্চয় করিবার জন্যে, ঐ দলীল উপস্থিতকরণিয়া ব্যক্তি তাহার বিষয়ে গ্রাহ্য যে কোন সাক্ষ্য দেয় তাহা আদালত লইতে পারিবেন এবং আদালত ঐ দলীল দেখিয়া লইতে পারেন এবং যদি আবশ্যক হয় তবে ঐ দলীলের অর্থ করিবার জন্যে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন তাহার সাহায্য লইতে পারেন। পরন্তু এমত ব্যক্তিকে পূর্ব্বে শপথ করাণ যাইবেক যে সে ঐ দলীলের প্রকৃত অর্থ কেবল আদালতকে জানাইবেক এবং যদি আদালত সেই দলীল সাক্ষ্যস্বরূপ দাখিল করণের বিষয়ে হুকুম না করেন তবে তাহার মর্ম্ম আদালতভিন্ন অন্য কোন কাহাকে জানাইবেক না। যদি ঐ আদালতের এমত বোধ হয় যে ঐ দলীল দাখিল করাণ উচিত নহে তবে ঐ আদালত তাহার মর্ম্ম বাদিপ্রতিবাদিদিগকে জ্ঞাত করিবেন না কিম্বা তাহার বিষয়ে কিছু টুকিয়া রাখিবেন না কিম্বা ফয়সলাতে কি রুবকারীতে তাহার মর্ম্মের কি ফলের বিষয় কিছুই উল্লেখ করিবেন না কিন্তু যে ব্যক্তি ঐ

of identification, and shall record in its proceedings that a document, identifying it by the mark put upon it, was called for, by the person, naming him, who shall call for its production, that the person having the possession of the document, naming him, objected to its production, and the reasons, if any, for such objection, together with the reasons of the Court for refusing to compel its production. If the Court shall refuse to enforce the production of a document, or to receive the same in evidence, the Court of appeal may, upon a regular appeal, compel the production of such document, and if such Court shall think that the production of the same ought to have been enforced, or that it ought to have been received in evidence, may themselves enforce its production, and receive it in evidence, and decide the case upon such document, coupled with the other evidence given in the suit.

XXIII. A barrister, attorney, or vakeel, shall not, without the consent of his client, disclose any communication made by the client to him in the course of his professional employment, nor any advice given by him professionally to his client, nor the contents of any document of his client, the knowledge of which he shall have acquired in the course of his professional employment. The privilege, however, is that of the client, and if any party to a suit shall give evidence therein at his own instance, he shall be deemed thereby to have waived his privilege, and to have consented to the disclosure by such barrister, attorney, or vakeel, of any such matter as aforesaid, which may be relevant, and which the barrister, attorney, or vakeel would have been bound to disclose, but for the privilege of his client, and the barrister, attorney, or vakeel, shall be bound, upon examination, to disclose any such matter.

XXIV. If any witness, whether a party to a suit or not, to whom any summons to give evidence or produce a document, shall have been personally delivered shall, without lawful excuse, fail to comply with such summons as required by this Act, or attending, or being present in Court, shall, without lawful excuse, refuse to give evidence, or to subscribe his deposition, or to produce any document in his custody or possession, named in such summons as aforesaid, upon being required by the Court so to do, the Court shall have full power and authority to issue an order in writing to the nazir to apprehend and bring the witness before the Court; or, if he be already before the Court, to take him into custody. And such Court may impose on such witness a fine not exceeding five hundred rupees for his default or refusal, realizable by attachment and sale of his property, and may commit him to close custody until he shall consent to give his evidence, or to sign his deposition, or to produce the docu-

দলীল উপস্থিত করিল তাহাকে তাহা একেবারে ফিরাইয়া দিবেন। পরন্তু ঐ দলীল ফিরাইয়া দিবার পূর্ব্বে তাহা চিনিবার জন্যে তাহাতে এক চিহ্ন দিবেন এবং আপন রোয়দাদে লিখিবেন যে অমুক চিহ্নেতে (যে চিহ্ন দেওয়া যায় তাহা নির্দ্দিষ্ট করিবেন) চিহ্নিত এক দলীল অমুকের দ্বারা (যে ব্যক্তি ঐ দলীল উপস্থিত করিবার বিষয়ে দরখাস্ত করিয়াছিল তাহার নাম উল্লেখ হইবেক) তলব হইয়াছিল এবং (নাম উল্লেখ করিয়া) অমুক যে ব্যক্তির দখলে ঐ দলীল ছিল সে তাহা দাখিল করণের বিষয়ে আপত্তি করিল, এবং যদি সেই আপত্তির কোন হেতু থাকে তবে তাহা এবং আদালত যেং হেতুতে ঐ দলীল দাখিল করাইলেন না সেইং হেতুও আপন রুবকারীতে লিখিবেন। যদি ঐ আদালত কোন দলীল উপস্থিত করাওণ বিষয়ে অথবা তাহা সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য করণ বিষয়ে নারাজ হন তবে জাবেতামতে আপীল হইলে ঐ আপীল আদালত ঐ দলীল উপস্থিত করাইতে পারেন এবং যদি ঐ আদালত বোধ করেন যে ঐ দলীল পূর্ব্বে বলপূর্ব্বক দাখিল করাওণ উচিত ছিল কিম্বা তাহা সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য করা উচিত ছিল তবে ঐ আপীল আদালত আপনি তাহা দাখিল করাইতে এবং সাক্ষ্যস্বরূপ গ্রাহ্য করিতে পারেন এবং মোকদ্দমায় অন্য যে সাক্ষ্য দেওয়া গিয়াছে তাহার সঙ্গে ঐ দলীলও লইয়া মোকদ্দমার নিষ্পত্তি করিতে পারেন ইতি।

২৩ ধারা। কোন কৌন্সেলী কি মোখ্তার কিম্বা উকীলকে স্বীয় পদোপলক্ষে কর্ম্ম করণ কালে তাঁহার মওক্কেল যে কোন কথা তাঁহাকে জানান কিম্বা তিনি স্বীয় পদোপলক্ষে মওক্কেলকে যে কোন পরামর্শ দেন তাহা অথবা স্বীয় পদোপলক্ষে কর্ম্ম করণ কালে তাঁহার মওক্কেলের কোন দলীলের যে মর্ম্ম অবগত হইয়াছেন তাহা তাঁহার মওক্কেলের সম্মতিবিনা প্রকাশ করিবেন না। পরন্তু তাহা গোপনে রাখিবার যে অধিকার তাহা মওক্কেলের। অতএব যদি মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি স্বেচ্ছামতে তাহাতে সাক্ষ্য দেয় তবে সে আপনার উক্ত অধিকার ত্যাগ করিয়াছে এবং পূর্ব্বোক্ত যে কোন বিষয় মোকদ্দমার সঙ্গে সম্পর্ক রাখে ও মওক্কেলের উক্ত অধিকার না থাকিলে কৌন্সেলী কি মোখ্তার কি উকীলের অবশ্য প্রকাশ করিতে হইত সেই বিষয় ঐ কৌন্সেলী কি মোখ্তার কি উকীলের দ্বারা প্রকাশ হইবার বিষয়ে সম্মত হইয়াছে ইহা ঐ কার্য্যের দ্বারা বোধ হইবেক। এবং সেই বিষয় ঐ কৌন্সেলী কিম্বা মোখ্তার বা উকীলের জোবানবন্দী লওন সময়ে অবশ্য প্রকাশ করিতে হইবেক ইতি।

২৪ ধারা। কোন সাক্ষী মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক যদি সাক্ষ্য দেওনের কিম্বা দলীল উপস্থিত করণের কোন সমন তাহার উপর জারী হইয়াছে আর সে যদি ন্যায্য ওজর বিনা এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে ঐ সমনমতে কার্য্য না করে অথবা হাজির হইয়া কিম্বা আদালতে উপস্থিত থাকিয়া আদালত হুকুম করিলে সে যদি ন্যায্য ওজর বিনা সাক্ষ্য দিতে কিম্বা আপনার জোবানবন্দীতে দস্তখৎ করিতে অথবা পূর্ব্বোক্ত সমনে নির্দ্দিষ্ট যে কোন দলীল তাহার জিম্মায় কি এখ্তিয়ারে আছে তাহা উপস্থিত করিতে অস্বীকার করে তবে আদালতের এমত সম্পূর্ণ ক্ষমতা ও শক্তি থাকিবেক যে ঐ সাক্ষিকে গ্রেপ্তার করিতে এবং আদালতে হাজির করিতে অথবা যদি সেই ব্যক্তি আদালতের সম্মুখে উপস্থিত আছে তবে তাহাকে কয়েদ করিতে নাজিরকে লিখিত হুকুম দেন। এবং ঐ আদালত ঐ সাক্ষির কসুর কি অস্বীকার করণপ্রযুক্ত তাহার পাঁচ শত টাকার অনধীক জরীমানা করিতে পারেন, ঐ জরীমানা তাহার সম্পত্তি ক্রোক ও নীলামের দ্বারা আদায় হইতে পারিবেক এবং যাবৎ ঐ ব্যক্তি সাক্ষ্য দিতে কি জোবানবন্দীতে দস্তখৎ করিতে অথবা ঐ দলীল উপস্থিত করিতে স্বীকার না করে তাবৎ তাহাকে কঠিন কয়েদ করিতে

ment, and any such fine as aforesaid shall be levied and recovered by attachment and sale of the property of such person. Provided that no fine imposed under the provisions of this section shall exceed the amount of the property in dispute in the suit. If any such person shall abscond, or keep out of the way, so that he cannot be seized or brought before the Court, his property shall be liable to attachment and sale in the same manner as is provided by Section XXVII. of this Act, with respect to a witness on whom the service of a summons cannot be effected. If such person shall be a party to the suit, the Court, instead of proceeding in the manner above pointed out, may, if the witness be a plaintiff, appellant, or petitioner, dismiss the complaint, appeal or petition, with costs against such party, or if such party be a defendant or respondent, may hear, and decide the case against such defendant or respondent *ex parte*. If any such complaint, appeal or petition shall be dismissed for such cause, the complainant, or petitioner shall be debarred from preferring any other petition, appeal or complaint in respect of the same matter.

XXV. Any person present in Court, whether a party or not, may be called upon and compelled by the Court to give evidence, and produce any document then and there in his actual possession, or in his power, in the same manner and subject to the same rules as if he had been summoned to attend and give evidence, or to produce such document, and may be punished in like manner for any refusal to obey the order of the Court.

XXVI. Any person, whether a party to the suit or not, to whom a summons to attend, and give evidence, or produce a document, shall be personally delivered, and who shall, without lawful excuse, neglect or refuse to obey such summons, or who shall be proved to have absconded, or kept out of the way to avoid being served with such summons, and any person who, being in Court and upon being required by the Court to give evidence, or produce a document in his possession, shall, without lawful excuse, refuse to give evidence, or sign his deposition, or to produce a document in his possession, shall, in addition to any proceedings under this Act, be liable to the party at whose request the summons shall have been issued, or at whose instance he shall be required to give evidence, or produce the document, for all damages which he may sustain in consequence of such neglect, or refusal, or of such absconding, or keeping out of the way as aforesaid, to be recovered in a civil action.

XXVII. If a person, whether a party to a suit or not, for whose attendance either to give evidence or produce a document a summons shall be issued, can-

পারেন। এবং উক্ত প্রকার কোন জরীমানা ঐ ব্যক্তির সম্পত্তি ক্রোক ও নীলাম করণের দ্বারা উসুল ও আদায় হইবেক। পরন্তু জানা কর্ত্তব্য যে এই ধারার বিধানমতে যে কোন জরীমানার হুকুম হয় তাহা মোকদ্দমাতে বিরোধীয় সম্পত্তির মুল্যের অধিক হইবেক না। যদি এমত কোন ব্যক্তি পলায় কিম্বা এমত রুপোশ হয় যে তাহাকে ধরা যায় না কিম্বা আদালতে হাজির করা যায় না তবে যে সাক্ষির উপর সমন জারী হইতে না পারে তাহার বিষয়ে এই আইনের ২৭ ধারাতে যেরূপ নির্দ্দিষ্ট আছে সেইরূপে ঐ ব্যক্তির সম্পত্তি ক্রোক ও নীলামের যোগ্য হইবেক। যদি সেই ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হয় তবে পূর্ব্বের নির্দ্দিষ্টমতে কার্য্য না করিয়া আদালতের এমত ক্ষমতা থাকিবেক যে সাক্ষী যদি ফরিয়াদী কি আপেলাণ্ট কি দরখাস্তকারী হয় তবে তাহার নালিশ কি আপীল কি দরখাস্ত খরচাসমেত ডিসমিস করেন এবং সেই খরচা তাহার শিরে পড়িবেক। অথবা যদি সেই ব্যক্তি আসামী কি রেসপাণ্ডেণ্ট হয় তবে ঐ আসামীর কি রেসপাণ্ডেণ্টের বিরুদ্ধে ঐ মোকদ্দমার একতরফা শুনানি ও নিষ্পত্তি করেন। যদি এমত কোন নালিশ কি আপীল বা দরখাস্ত উক্ত হেতুতে ডিসমিস হয় তবে ফরিয়াদী কিম্বা দরখাস্তকারী সেই বিষয়ে অন্য কোন দরখাস্ত কি আপীল কি নালিশ উপস্থিত করিতে পারিবেক না ইতি।

২৫ ধারা। কোন ব্যক্তির নামে হাজির হইয়া সাক্ষ্য দিতে কিম্বা দলীল উপস্থিত করিতে সমন হইলে আদালত যে প্রকারে ও যে বিধানমতে তাহার জোবানবন্দী লইতে পারিতেন ও তাহাকে দলীল উপস্থিত করাইতে পারিতেন এবং আদালতের হুকুম না মানিলে তাহার যে প্রকার দণ্ড করিতে পারিতেন, সেই প্রকারে ও সেই বিধানমতে আদালতে যে কোন ব্যক্তি উপস্থিত থাকে, সে মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক, তাহাকে আদালত জোবানবন্দী দিতে হুকুম করিতে পারিবেন এবং বলপূর্ব্বক তাহার জোবানবন্দী লইতে পারিবেন এবং তখনি সেখানে তাহার দখলে কি এখ্তিয়ারে যে দলীল নিশ্চয় আছে তাহা তাহাকে দাখিল করাইতে পারিবেন এবং আদালতের হুকুম মানিতে যদি কোন মতে অস্বীকার করে তবে তাহার সেই প্রকারে ও সেই বিধানমতে দণ্ড করিতে পারিবেন ইতি।

২৬ ধারা। মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক যে কোন ব্যক্তির উপর হাজির হইয়া জোবানবন্দী দিবার অথবা দলীল উপস্থিত করিবার সমন জারী হয় সে যদি ন্যায্য ওজরবিনা ঐ সমন মানিতে কসুর করে কি অস্বীকার করে অথবা যদি প্রমাণ হয় যে ঐ সমন তাহার উপর জারী না হইবার নিমিত্তে সেই ব্যক্তি পলায়ন করিয়াছে কি দেখা দেয় নাই, এবং আদালতে উপস্থিতথাকা কোন ব্যক্তিকে আদালত জোবানবন্দী দিতে কিম্বা তাহার দখলে যে দলীল থাকে তাহা দাখিল করিতে হুকুম করিলে যদি সে ব্যক্তি ন্যায্য ওজরবিনা জোবানবন্দী দিতে কিম্বা আপন জোবানবন্দীতে দস্তখৎ করিতে কিম্বা তাহার দখলে যে দলীল আছে তাহা দাখিল করিতে অস্বীকার করে তবে ঐ ব্যক্তির প্রতি এই আইনের অনুসারে যে কোন কার্য্য হইতে পারে তদতিরিক্ত যে ব্যক্তির দরখাস্তমতে ঐ সমন জারী হইয়াছিল অথবা যাহার প্রার্থনামতে তাহাকে জোবানবন্দী দিতে কি দলীল দাখিল করিতে হুকুম হইয়াছিল তাহার যে সকল ক্ষতি ঐ কসুর করণ কি অস্বীকার করণ কিম্বা পূর্ব্বোক্তমতে পলাইয়া যাওন কি দেখা না দেওনের দ্বারা হইয়াছে তন্নিমিত্তে ঐ কসুরপ্রভৃতি করণিয়া ব্যক্তি তাহার নিকটে দায়ী হইবেক এবং সেই ব্যক্তি দেওয়ানী মোকদ্দমাতে আপনার ক্ষতিপূরণ পাইতে পারে ইতি।

২৭ ধারা। কোন ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত হউক কি না হউক তাহার নামে সাক্ষ্য দেওনার্থে কিম্বা দলীল উপস্থিত করণার্থে হাজির হইবার সমন জারী হইলে যদি

not, after diligent search, to be certified by a return of the nazir, be found, the Court upon proof that the evidence of such witness, or the production of the document is material, and that the witness absconds, or keeps out of the way to avoid being served with a summons, and that he could not, after diligent search, be found or served with the summons, may cause a proclamation requiring the attendance of such person to give evidence, or produce the document at a time and place to be named therein, to be affixed, in the presence, and with the attestation of two respectable householders in some conspicuous place, upon or near to his house or place of abode and if such person shall not attend at the time and place to be named in such proclamation, and it be proved to the satisfaction of the Court that the witness cannot be found, his property, real and personal, to such amount as the Court shall deem reasonable, (but subject to the same limitation as to the articles exempt from attachment as in case of attachment for arrears of rent.) shall be liable, under an order of the Court, to attachment and sale. Provided always, that when the order for attachment and sale shall have been issued by any Court subordinate to the Court of Sudder Dewanny Adawlut, a summary appeal shall lie within one month from the date of the order of the subordinate Court to the Court to which its orders are generally appealable; and that the Rules for the time being in force in regard to sales made in execution of decrees, as to the mode and period of attachment and the place or manner of sale, and as to claims of third parties to property attached and notified for sale, shall be held applicable to such sales.

উপযুক্ত অনুসন্ধান করণের পর তাহাকে না পাওয়া যায় (এবং ঐরূপ অনুসন্ধান হওনের বিষয় নাজির আপন রিটর্ণের মধ্যে জানাইবেন) তবে ঐ সাক্ষির জোবানবন্দী কিম্বা ঐ দলীল উপস্থিত করণ নিতান্ত আবশ্যক এবং তাহার উপর সমন জারী না হইবার নিমিত্তে ঐ সাক্ষী পলায়ন করে কিম্বা দেখা না দেয় এবং উপযুক্ত অনুসন্ধান করণের পর তাহাকে পাওয়া গেল না কি সমন তাহার উপর জারী হইতে পারিল না এমত প্রমাণ হইলে, আদালত দুই জন সম্ভ্রান্ত গৃহস্থের সমুখে ও তাহারদের দস্তখৎক্রমে এক ইশ্‌তিহারনামা তাহার ঘরে বা সামান্য বাসস্থানে কি তাহার নিকটে সকল লোকের দৃষ্টিগোচর কোন স্থানে লট্‌কাইতে পারেন। ঐ ইশ্‌তিহারনামাতে হুকুম হইবেক যে সেই ব্যক্তি ঐ ইশ্‌তিহারনামার লিখিত সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার কিম্বা ঐ দলীল উপস্থিত করিবার জন্যে হাজির হয়। এবং যদি ঐ ব্যক্তি ঐ ইশ্‌তিহারনামার লিখিত সময়ে ও স্থানে হাজির না হয় এবং আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হয় যে ঐ সাক্ষিকে পাওয়া যায় না তবে আদালতের যত টাকা উচিত বোধ হয় তত টাকার তাহার স্থাবর ও অস্থাবর সম্পত্তি আদালতের হুকুমমতে ক্রোক ও বিক্রয় হইবার যোগ্য হইবেক। কিন্তু বাকী খাজানার বাবৎ ক্রোক করিতে হইলে যে২ দ্রব্য ক্রোক হইতে পারে না উক্ত সাক্ষিরও সেই২ দ্রব্য ক্রোক হইবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে ক্রোক ও নীলামের ঐ হুকুম যদি সদর দেওয়ানী আদালতের অধীন কোন আদালতের দ্বারা দেওয়া যায় তবে ঐ অধীন আদালতের হুকুমের উপর যে আদালতে সামান্যত আপীল হইতে পারে সেই আদালতে ঐ হুকুমের তারিখের পর এক মাসের মধ্যে তাহার উপর সরাসরী আপীল হইতে পারে। এবং ডিক্রী জারীক্রমে নীলাম হইলে ক্রোক করণের নিয়ম ও মিয়াদের বিষয়ে এবং নীলামের স্থান ও প্রকারের বিষয়ে এবং ক্রোক হওয়া ও নীলামের এত্তেলা দেওয়া সম্পত্তির উপর তৃতীয় ব্যক্তির দাওয়ার বিষয়ে যে২ বিধি যে সময়ে চলন থাকে সেই২ বিধি এইপ্রকার নীলামের বিষয়ে খাটিবেক ইতি।

XXVIII. *Clause* 1.—The cost of the attachment shall be borne in the first instance by the party applying for it, and the Court issuing the summons and attachment shall not proceed to sale of the property, but shall order the same to be released from attachment if the witness shall appear and satisfy the Court that he did not abscond, or keep out of the way to avoid service of a summons and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein. Upon the appearance of such witness, the Court shall make such order in regard to the costs of the attachment as it shall deem fit. If the witness appearing shall fail to satisfy the Court that he did not abscond, or keep out of the way to avoid service of a summons, and that he had not such notice of the proclamation as aforesaid it shall be in the discretion of the Court to order the property attached or any part thereof to be forfeited and sold for the purpose of satisfying all costs incurred in consequence of such default, absconding, or keeping out of the way, and such fine not exceeding the amount in dispute in the suit as the Court may deem fit to impose upon the witness having regard to all the circumstances of the case, and the condition in life of the witness, or the Court may order the property to be released from

২৮ ধারা। ১ প্রথম প্রকরণ।—যে ব্যক্তি ক্রোকের বিষয়ে দরখাস্ত করে সেই ব্যক্তি সেই ক্রোকের খরচা প্রথমে দিবেক। এবং যদি সাক্ষী উপস্থিত হইয়া আদালতের খাতিরজমামতে জ্ঞাত করে যে আমি সমন জারী না হইবার অভিপ্রায়ে পলায়ন করি নাই কি রূপোশ হই নাই এবং তাহার নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে হাজির হইতে পারিবার জন্যে পূর্ব্বে উপযুক্ত সময়ে ঐ ইশ্‌তিহারনামার এত্তেলা পাই নাই তবে যে আদালত হইতে সমন ও ক্রোকী পরওয়ানা বাহির হয় সেই আদালত সম্পত্তি নীলাম করিবেন না কিন্তু তাহা ক্রোকহইতে খালাস হইবার হুকুম করিবেন। ঐ সাক্ষী উপস্থিত হইলে ক্রোক করণের খরচার বিষয়ে আদালত যেরূপ উচিত বোধ করেন সেইরূপ হুকুম দিবেন। সাক্ষী উপস্থিত হইয়া যদি সমন জারী না হইবার অভিপ্রায়ে সে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই কিম্বা পূর্ব্বোক্তমতে ইশ্‌তিহারনামার এত্তেলা পায় নাই এই বিষয় আদালতের হৃদ্বোধ করাইতে না পারে তবে আদালত স্বীয় বিবেচনামতে ঐ ক্রোককরা সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ জব্দ হইবার এবং ঐ কসুর কি পলায়ন কি দেখা না দেওনের দ্বারা যে সকল খরচা হইয়াছে তাহা পোষাইবার নিমিত্তে নীলাম হইবার হুকুম করিতে পারেন এবং মোকদ্দমার বৃত্তান্ত ও সাক্ষির আহওয়াল দৃষ্টে ঐ আদালত যে জরীমানা উচিত বোধ করেন সেই জরীমানার হুকুম করিতে পারেন কিন্তু সেই জরীমানা মোকদ্দমায় বিরোধীয় সম্পত্তির মূল্যের অধিক হইবেক না অথবা আদালত হুকুম করিতে পারেন যে পূর্ব্বোক্ত প্রকারের খরচ ও

attachment upon payment of such costs and fine as aforesaid.

Clause 2.—An order made in pursuance of this Section shall be subject to appeal in the same manner and within the same period, as an appeal against an order for attachment and sale under the last preceding Section of this Act.

XXIX. All orders as to fines, or the levying thereof, or as to imprisonment under this Act, shall be subject to a similar appeal within one month from the date of the order.

XXX. It shall not be necessary to postpone the hearing or decision of a case for the non-production of a document, or for the evidence of a witness, who may neglect, or refuse to attend, or who shall abscond, or keep out of the way, or who cannot be served with a summons, beyond such period as shall appear proper to the Court, having regard to all the circumstances of the case; provided that when a summons shall have been issued for the attendance of a plaintiff or appellant in a suit to give evidence, or produce a document, the Court shall, at the request of the defendant or respondent, unless there be good reason to the contrary, postpone the hearing or decision until the plaintiff or appellant can be personally summoned, or shall attend and give evidence, or produce the document required, and that where a summons shall have been issued for the attendance of a defendant or respondent to give evidence, or produce a document, the hearing or decision shall, upon the application of the plaintiff or appellant, be postponed in like manner, unless there be good reason to the contrary, until the defendant or respondent can be personally summoned, or shall attend and give evidence, or produce the document required.

[To be Continued.]

জরীমানা দেওয়া গেলে ঐ সম্পত্তি ক্রোক হইতে খালাস করা যায়।

২ দ্বিতীয় প্রকরণ।—এই আইনের ২৭ ধারাক্রমে ক্রোক ও নীলামের হুকুমের উপর যে প্রকারে ও যে মিয়াদের মধ্যে আপীল হইতে পারে সেই প্রকারে ও সেই মিয়াদের মধ্যে এই ধারামতে করা হুকুমের উপর আপীল হইতে পারিবেক ইতি।

২৯ ধারা। এই আইনানুসারে জরীমানার কি জরীমানা উসুলের কিম্বা কয়েদ করণের বিষয়ে যে সকল হুকুম হয় তাহার উপরও ঐ হুকুমের তারিখের পর এক মাসের মধ্যে সেই প্রকার আপীল হইতে পারে ইতি।

৩০ ধারা। কোন দলীল উপস্থিত না হওয়াপ্রযুক্ত অথবা যে সাক্ষী হাজির হইতে কাসুর করে কি অস্বীকার করে বা পলায়ন করে কিম্বা দেখা না দেয় অথবা যাহার উপর সমন জারী হইতে না পারে তাহার সাক্ষ্যের জন্যে আদালত মোকদ্দমার সমস্ত বৃত্তান্ত বিবেচনা করিয়া যত কাল বিলম্ব করা উপযুক্ত বোধ করেন তাহার অধিক কালপর্য্যন্ত ঐ মোকদ্দমা শুনিতে কি নিষ্পত্তি করিতে বিলম্ব করণের তাঁহার আবশ্যক হইবেক না। পরন্তু জানা কর্ত্তব্য যে সাক্ষ্য দেওনার্থে কি কোন দলীল উপস্থিত করণার্থে মোকদ্দমার ফরিয়াদীর কি আপেলান্টের হাজির হইবার জন্যে যখন সমন জারী হইয়াছে তখন আদালত আসামীর কি রেস্পণ্ডেন্টের প্রার্থনামতে যাবৎ ফরিয়াদীর কি আপেলান্টের উপর সমন জারী হইতে না পারে অথবা যাবৎ সে হাজির হইয়া সাক্ষ্য না দেয় কি যে দলীল উপস্থিত করিবার বিষয়ে প্রার্থনা হয় তাহা উপস্থিত না করে তাবৎ মোকদ্দমা শুনিতে ও নিষ্পত্তি করিতে বিলম্ব করিবেন। কিন্তু যদি বিলম্ব না করণের বিশিষ্ট হেতু থাকে তবে করিবেন না। এবং যখন আসামীর কি রেস্পণ্ডেন্টের সাক্ষ্য দেওনার্থে কি দলীল উপস্থিত করণার্থে হাজির হইবার সমন জারী হইয়াছে তখন ফরিয়াদী কি আপেলান্টের দরখাস্তমতে যাবৎ আসামী কি রেস্পণ্ডেন্টের উপর সমন জারী হইতে না পারে কিম্বা যাবৎ সে হাজির হইয়া সাক্ষ্য না দেয় কিম্বা যে দলীল উপস্থিত করিবার প্রার্থনা হয় তাহা উপস্থিত না করে তাবৎ ঐ প্রকারে মোকদ্দমার শুননি ও নিষ্পত্তি করণের বিলম্ব হইবেক কিন্তু যদি বিলম্ব না করণের বিশিষ্ট হেতু থাকে তবে বিলম্ব হইবেক না ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 33.

To the Civil Judges in the Lower Provinces.

The Sudder Dewanny Adawlut notify for general information, that as Christmas Day and New Year's day each fall on a Sunday, their Court will be closed on the 26th Instant, and 2nd Proximo, on account of those holidays, and they hereby authorize the closing of the Civil Courts in the several Districts under their control on those days.

(Signed) C. T. Buckland,

Register.

Fort William, the 12th December, 1853.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২০ ডিসেম্বর।]

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

সদর দেওয়ানী আদালতের সাহেবেরা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করিতেছেন যে কৃসমিস অর্থাৎ বড় দিন ও বৎসরের প্রথম দিন রবিবারে হওয়াতে এই আদালত বর্ত্তমান মাসের ২৬ তারিখে ও আগামি মাসের ২ তারিখে উক্ত পর্ব্বের নিমিত্তে বন্দ হইবেক। এবং তাঁহারদের অধীন প্রত্যেক জিলাতে উক্ত দিনে দেওয়ানী আদালত বন্দ হইবার অনুমতি ইহার দ্বারা হইতেছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৩ সাল ১২ ডিসেম্বর।

John Robinson, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 13th December, 1853.

Baboo Sreekunt Sing, Moonsiff of Samunty, in Zillah East Burdwan, to be Moonsiff of Kytee, in the same District.

LEAVES OF ABSENCE.

The 12th December, 1853.

Moonshee Hamidool Huq, Moonsiff of Mohumudpoor, Zillah East Burdwan, for one week, from the 6th instant, on private affairs.

The 15th December, 1853.

The leave of absence which was granted to Baboo Ramsoondur Moonshee, 2nd Moonsiff of Durrung, for the Dusserah and Mohurrum Vacations, is cancelled at his request.

The 16th December, 1853.

Moulvie Gholam Buttool Tumkin, Moonsiff of Amduhra, Zillah Beerbhoom, for two days.

C. T. BUCKLAND, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৩ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের সামন্তির মুনসেফ শ্রীযুত বাবু শ্রীকণ্ঠ সিংহ ঐ জিলার কাইতির মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ১২ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত মুনশী হামিদউল হক স্বীয় কর্ম্মোপলক্ষে বর্ত্তমান মাসের ৬ তারিখঅবধি এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৫ ডিসেম্বর।

দরঙ্গের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু রামসুন্দর মুনশী দশহরা ও মহরমের বন্দে যে ছুটী পাইয়াছিলেন তাহা স্বীয় প্রার্থনামতে রহিত হইয়াছে।

১৮৫৩ সাল ১৬ ডিসেম্বর।

জিলা বীরভূমের আমদহরার মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম বতুল তমকিন দুই দিনের ছুটী পাইয়াছেন।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২১৮৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ৬ ডিসেম্বর।

দক্ষিণ শাহবাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এস পর্টর সাহেব (Mr. H. S. Porter,) আপনার কর্ম্মের ভার নওয়াখালীর এক্‌টিং জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৭ ডিসেম্বর।

ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর এচ আলেকজাণ্ডর সাহেব (Mr. R. H. Alexander,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ৮ ডিসেম্বর।

পাটনার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ ষ্টরক সাহেব (Reverend W. Sturrock,) নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনার্থ অনুমতি পাইয়াছেন। শ্রীযুত ষ্টরক সাহেব যে তারিখে আপন মোকাম ত্যাগ করিবেন সেই তারিখঅবধি যে জাহাজে যাইবেন সেই জাহাজের গমনের তারিখপর্য্যন্ত প্রস্তুত হইবার নিমিত্তে ছুটী পাইয়াছেন।

দেওগড় এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) গত আগষ্ট মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এচ এফ উলিয়মস সাহেব (Dr. H. F. Williams,) গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ এম বোফর্ট সাহেব (Mr. W. M. Beaufort,) আপনার কর্ম্মের ভার শ্রীযুত ই এফ হারিসন সাহেবের (Mr. E. F. Harrison,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত ই এফ হারিসন সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৩ নবেম্বর।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের গত জুলাই মাসের ২৭ তারিখের ৩৩ নম্বরী আজ্ঞা পত্র হইতে গৃহীত নীচের লিখিত কথা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

আমরা আজ্ঞা করিতেছি যে সরকারী কার্য্যকারকেরা সরকারী কর্ম্মের অর্থাৎ পবলিক ওর্কের ডিপার্টমেণ্টের অধস্থ কার্য্যকারকেরদের সঙ্গে কোন প্রকার বাণিজ্য ব্যবসায় না করেন এবং যে হুকুমেতে সরকারী সকল কার্য্যকারকদিগকে বাণিজ্য ব্যবসায় করিতে নিষেধ আছে সেই হুকুম কেহ উল্লঙ্ঘন করিলে তাহার বিষয়ে ঐ ডিপার্টমেণ্টের কার্য্যকারক সাহেবেরদের নিকটে জ্ঞাপন করেন এই কথা সকল সিরিশ্‌তায় সাধারণমতে জ্ঞাত করাইবার উপায় করা যায়।

১৮৫৩ সাল ২ ডিসেম্বর।

শ্রীযুত আর এচ ক্লিফর্ড সাহেব ও শ্রীযুত বি হার্ডিং সাহেব (Messieurs R. H. Clifford and B. Hardinge,) শ্রীলশ্রীযুক্ত কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা দেশের সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার কার্য্যে নিযুক্ত হইয়া "বেণ্টীঙ্ক"নামক বাষ্পীয় জাহাজে বর্ত্তমান মাসের ১ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিলবীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২১১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা যশোহরের সদর আ

[*Government Gazette, 20th December*, 1853.]

মীনী ও ঐ জিলার সদর মোকামের মুনসেফী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৮ ডিসেম্বর।

নওয়াখালির এক্টিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) গত সেপ্টেম্বর মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লঙ্গমোর সাহেব (Mr. W. J. Longmore,) গত সেপ্টেম্বর মাসের ৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

মতিহারির আফীনের সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত ই মাকডনেল সাহেব (Mr. E. McDonell,) গত ফেব্রুআরি মাসের ১৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

যশোহরের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু পেয়ারীমোহন বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ৫ তারিখঅবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৬ নবেম্বর।

সব আসিষ্টান্ট চিকিৎসকেরদের বেতন ও বৃত্তি বিষয়ে নীচের লিখিত যে বিধি শ্রীযুক্ত মোষ্ট নোবল গবরনর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে মঞ্জুর করেন তাহা জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

১। সব-আসিষ্টান্ট চিকিৎসক যখন অন্যের নিমিত্তে কার্য্য করেন তখন যে মোকামে বা যাঁহার জন্যে কার্য্য করেন তাহা বিবেচনা না করিয়া আপনার পদের বেতন লইবেন।

২। যে সব-আসিষ্টান্ট চিকিৎসকেরা মেডিকাল কালেজে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন কিন্তু কোন স্থানে নিযুক্ত হন নাই তাঁহারা যে তারিখে সরকারী কার্য্য গ্রহণ করিতে আপনারদের মনস্থ মেডিকাল বোর্ডে লিখিয়া জ্ঞাপন করেন সেই তারিখঅবধি প্রতিমাসে ৫০৲ টাকা বৃত্তি পাইবেন এবং তাঁহারা সরকারী কার্য্যের আবশ্যকতানুসারে একেবারে বাঙ্গলা দেশ ও উত্তর পশ্চিম প্রদেশে অতিরিক্ত চিকিৎসকস্বরূপ নিযুক্ত হইবেন।

৩। সব-আসিষ্টান্ট চিকিৎসকের এক পদহইতে স্থানান্তর হওনের তারিখঅবধি অন্য পদে নিযুক্ত না হওনপর্য্যন্ত তিনি আপন পদের বেতন গ্রহণ করিবেন। কিন্তু যদি আপনার কোন দোষপ্রযুক্ত শেষ পদহইতে অবসর হন তবে পাইবেন না।

১৮৫৩ সাল ৫ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ এচ জি ব্লক সাহেব (Mr. A. H. G. Block,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দ্বিতীয় শ্রেণীর নিয়মিত ছুটী লইয়া ইঙ্গলণ্ডে গমনার্থ অনুমতি পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২৪০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ২৯ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ ডাইসি সাহেব (Mr. W. Dicey,) কলিকাতার মাষ্টর আটেণ্ডণ্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট হইবেন।

১৮৫৩ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) ত্রিপুরার সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি পি লেষ্টর সাহেব (Mr. G. P. Leycester,) ত্রিপুরার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর হামটন সাহেব (Mr. R. Hampton,) বাকরগঞ্জের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর সি রেক্স সাহেব (Mr. R. C. Raikes,) যশোহরের কালেক্টরী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর বি চাপমান সাহেব (Mr. R. B. Chapman,) শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইয়া উক্ত জিলায় জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত জে সি ডজসন সাহেব (Mr. J. C. Dodgson.) রাজশাহী জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত ডবলিউ টি লিউএলিন সাহেব (Mr. W. T. Llewelyn,) কলিকাতার হার্বর মাষ্টর হইবেন।

শ্রীযুত সি আর স্মিথ সাহেব (Mr. C. R. Smith,) কলিকাতা বন্দরের খালাসীরদের রেজিষ্ট্রার সাহেবের আসিষ্টান্ট হইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ২৬ নবেম্বর।

সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জগন্নাথ সেন যে মোকামে নিযুক্ত হইয়াছে নতথায় যাইতে অসমর্থ হওয়াতে সরকারী কার্য্যহইতে অবসর হইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত মোষ্ট নোবল গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২৪১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত অনর বল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৪ ডিসেম্বর।

শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতানুসারে ঐ জিলায় কার্য্য করিবেন।

শ্রীযুত এচ আর ক্লার্ক সাহেব (Mr. H. R. Clarke,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত টি বি লেন সাহেব (Mr. T. B. Lane,) কটকের সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

নিম্নে লিখিত মহাশয়েরা পুরীর সাধারণ বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু নীলমণি বর্ম্ম।
শ্রীযুত শ্যামাচরণ সরকার।
শ্রীযুত বাবু গৌরবল্লভ ঘোষ।

ছুটী।

১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

ফোর্ট উলিয়ম কালেজের শিক্ষক শ্রীযুত এস হগ সাহেব (Mr. S. Hogg,) গত আগষ্ট মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৫৪ সালের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১০ ডিসেম্বর।

বাঁকুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সা-

হেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জে এচ মাঙ্গলস্ সাহেব (Mr. J. H. Mangles,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অক্টোবর মাসের ১৪ তারিখঅবধি ২৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৪ ডিসেম্বর।

ত্রিপুরার একটিং জজ শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) গত অক্টোবর মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে পনের দিনের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ হাইণ্ড সাহেব (Reverend F. Hinde,) কালকাতার লার্ড বিসপ সাহেবের দ্বারা প্রাপ্ত যে ছুটী গত ডিসেম্বর মাসের ৬ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছিল তদতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ২৪ ধারানুসারে যে তারিখে কেপে গমনার্থ জাহাজারোহণ করিবেন সেই তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

আসামের পদাতিক ১ পল্টনের চিকিৎসকের কার্য্যের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এ মাক্লিন সাহেব (Dr. A. McLean,) বাঙ্গলা ও আসামীয় ভাষায় পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন এমত রিপোর্ট হইয়াছে।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তহার।

জিলা বালেশ্বর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বালেশ্বরের নীচের লিখিত মাহালাতের মালগুজারির বাকীর বাবৎ ইংরাজি সন ১৮৫৪ সালের ২ জানুআরি মোতাবক উড়িয়া সন ১২৬১ সালের ২০ পৌষ সোমবার ঐ জেলার কালেক্টরির কাছারিতে বিনা ওজরে নীলাম ধরা যাইবেক।

৩ তৃতীয় শ্রেণী মেয়াদি বন্দবস্ত

৪৮৭ নং দোলগ্রাম পরগনার খরিদগি মৌজে অরাই জমিদার ভাগবত পাণ্ডা ওগয়রহ সদর জমা কোম্পানি ৬০০৷৶৩

১৬১ নং সোরো পরগনার মৌজে মদনমোহনপুর জমিদার মদনমোহন মহাপাত্র ও গোপীনাথ মাইতি সদর জমা কোম্পানি ১৩০৷৶০

২৬১ নং ধামনগর পরগনার খরিদগি মৌজে দক্ষিণ বাড় জমিদার সেখ মহম্মুদ মুরাদ ওগয়রহ সদর জমা কোম্পানি ৩০৸৶৪

৩২৩ নং অহিয়াষ পরগনার মৌজে বলরামপুর জমিদার জয়কৃষ্ণ মাহান্তি ও শ্রীকৃষ্ণ দাস ওগয়রহ সদর জমা কোম্পানি ৭৬৷৶১

৩৩১ নং অহিয়াষ পরগনার খরিদগি মৌজে বজরাপাট জমিদার অচ্যুতানন্দ মাহান্তি সদর জমা কোম্পানি ২৷/৪

১০৮৮ নং কিসমত কটসাই পরগনার মাহাল খাগড়া পাল জমিদার সেখ মনির উদ্দীন ও বিবি সাহাজাদি ও রাজকিশোর দে সদর জমা কোম্পানি ১৩৪/৫

V. H. SCHALCH, *Deputy Collector in Charge.*

জিলা কটক।

এতন্নামা কাছারি কালেক্টরি মধ্যম প্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহালসকল লাগাএত কিস্তি মাহ জুন সন ১৮৫৩ সাল মোতাবক সন ১২৬০ সাল বোলপণি বাকী সরকারের পাওনা আদায় কারণ বর্ত্তমান সন ১৮৫৩ সাল ডিজম্বর মাহার ২৯ তারিখ মোতাবক সন ১২৬১ সাল পৌষ মাহার ১৭ তারিখ বৃহস্পতিবার দিবসে এই জেলার কালেক্টরি কাছারিতে নীলামে বিক্রয় হইবেক ২ তারিখ মাহ ডিজম্বর সন ১৮৫৩ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মাহাল।

২৪৮ নম্বর তৌজী হজুরি মাহাল পৎ তিশানিয়া ওগেরহ কিসমত পটনে বংশীপুর ওগেরহ লিখিত মালিক জগমোহন দাস ও জগন্নাথপ্রসাদ দাস সদর জমা মঃ ৫৮৷৶৩ কোম্পানি।

৪৬৩ নম্বর ঐ পৎ বানুবিশী খরিদগি মৌজে কৃষ্ণপুরা ওগেরহ লিখিত মালিক আরত মাইতি সদর জমা মৎ ৬৶৭ কোম্পানি।

৪৭৪ নম্বর ঐ পৎ বানুবিশী খরিদগি মৌজে রামদাসপুর লিখিত মালিক আরত মাইতি সদর জমা মৎ ৩৶৭ কোম্পানি।

৬২৫ নম্বর ঐ পৎ ওলাস কিসমত আয়েমা মৌজে নিয়াজপুর ওগেরহ লিখিত মালিক সদা দাস দখলকার মধু মাইতি সদর জমা মৎ ২৷৶১১ কোম্পানি।

১০৩২ নম্বর ঐ পৎ সাহেবনগর তালুকে গঙ্গাধরপুর লিখিত মালিক তারকনাথ রায় চৌধুরী সদর জমা মৎ ১৫৬৸২ কোম্পানি।

১২৯০ নম্বর ঐ পৎ গণ্ডিতো খরিদগি মৌজে হুশনাবাদ লিখিত মালিক গোবিন্দ মাইতি সদর জমা মৎ ১০৶১০ কোম্পানি।

১৫০৮ নম্বর ঐ পৎ কাঁটে আরাজি জাগির বাজেয়াপ্তি মৌজে পয়েগী ওগেরহ লিখিত মালিক কুঞ্জবেহারী দাস সদর জমা মৎ ২৮৷৶২ কোম্পানি।

তারিখ সন সদর।

R. P. HARRISON, *Collector*

INSOLVENT COURT. দেওয়ালিয়াদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of GEORGE MAY, lately carrying on business in Calcutta in copartnership with Charles Hampden Pickford, under the style or firm of Saunders, May, Fordyce and Co., Insolvents.

[*Government Gazette, 20th December,* 1853.]

Notice is hereby given, that Friday, the sixth day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the First day of June, 1852, until the Thirtieth day of November, 1853, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Assignee's Office, 9th December, 1853.

যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন সাণ্ডর্স মে ফরডৈস কোম্পানির নামে পূর্ব্বে কলিকাতা নগরে চারলস হামডেন পিকফর্ড সাহেবের সঙ্গে যৌতায় কর্ম্মকারি জর্জ মে সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের অতিরিক্ত শুননির জন্যে আগামি জানুআরি মাসের ৬ তারিখ শুক্রবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫২ সালের জুন মাসের ১ তারিখঅবধি ১৮৫৩ সালের নবেম্বর মাসের ১৩ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

In the matter of WILLIAM BRUCE and others, Insolvents.

Notice is hereby given, that Friday, the sixth day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 6th day of July, 1850, until the 30th day of November, 1853, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing.

Assignee's Office, 13th December, 1853.

যোত্রহীন উলিয়ম ব্রুস ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের অতিরিক্ত শুননির জন্যে আগামি জানুআরি মাসের ৬ তারিখ শুক্রবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫০ সালের জুলাই মাসের ৬ তারিখঅবধি ১৮৫৩ সালের নাবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৩ সাল ১৩ ডিসেম্বর।

In the matter of ANDREW HERVEY, an Insolvent.

Notice is hereby given, that Friday, the sixth day of January next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 2d day of August, 1852, until the 2d day of December instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the Hearing

Official Assignee's Office, 15th December, 1853.

যোত্রহীন আন্দ্রু হারবি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের অতিরিক্ত শুননির জন্যে আগামি জানুআরি মাসের ৬ তারিখ শুক্রবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫২ সালের আগস্ট মাসের ২ তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ২ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৩ সাল ১৫ ডিসেম্বর।

The like notice in the matter of COLIN CAMPBELL JACKSON SCOTT, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 1st day of May, 1852, until the 1st day of December instant.

যোত্রহীন কলিন কাম্পবেল জাকসন স্কট সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫২ সালের ১ মে তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of JOHN DIXON NASH, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 4th day of April, 1851, until the 1st day of December instant.

যোত্রহীন জান ডিকসন নাস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তদ্বিষয়ে আসৈনি সাহেবের ১৮৫১ সালের ৪ আপ্রিল তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of RAMNARAIN NAUG, an Insolvent, wherein the Account of the Assignee is filed from the 1st day of May, 1850, until the 1st day of December instant.

যোত্রহীন রামনারায়ণ নাগের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫০ সালের ১ মে তারিখঅবধি বর্ত্তমান ডিসেম্বর মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২০ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 27, 1853.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৩ সাল ২৭ ডিসেম্বর।

ACT.

Act No. XIX. of 1853.

An Act to amend the Law of Evidence in the Civil Courts of the East India Company in the Bengal Presidency.

[Concluded from page 712.]

XXXI. On the day appointed for the hearing, the evidence of the attending witnesses shall be taken orally in open Court, in the presence and hearing, and under the personal direction and superintendence of the Judge. The evidence of each witness given upon such examination shall be taken down in writing, by or in the presence and under the superintendence of the Judge, not ordinarily by question and answer, but in the form of a narrative, and when completed shall be read over to the witness, and signed by him in the presence of the Judge and of the parties, to the suit or their vakeels, or such of them as may think fit to attend. In case the witness shall refuse to sign the deposition, the Judge shall sign the same, and record the reason, if any, given by the witness for such refusal, together with such remarks thereon as the Judge shall think fit to make. It shall be in the discretion of the Judge to take down, or cause to be taken down, any particular question and answer if there shall appear any special reason for doing so, or any party, or his vakeel, shall require it. If any question put to a witness be objected to by either of the parties, or their vakeels, and the Court shall allow the same to be put, the question and answer shall be taken down, and the objection, and the name of the party making it, shall be noticed in taking down the depositions, together with the decision of the Court upon the objection. The Judge shall also record such remarks as he may think material res-

আইন।

ইঙ্গরেজী ১৮৫৩ সাল ১৯ আইন।

বাঙ্গলা রাজধানীর অধীন দেশে কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতে সাক্ষ্যবিষয়ক আইন সংশোধনের আইন।

[৭১২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৩১ ধারা। শুনিবার নিরূপিত দিবসে যে সাক্ষিরা হাজির থাকে তাহারদের সাক্ষ্য খোলা কাছারীতে জজের হুজুরে ও কর্ণগোচরে এবং তাঁহার নিজ আজ্ঞাধীনে ও তত্ত্বাধীনে জোবানীতে লওয়া যাইবেক। এমত জোবানবন্দী লওন সময়েতে প্রত্যেক সাক্ষির জোবানবন্দী জজের দ্বারা কি তাঁহার সম্মুখে ও তত্ত্বাধীনে লিখিয়া লওয়া যাইবেক এবং তাহা সামান্যতঃ প্রশ্নোত্তরের ন্যায় লেখা যাইবেক না কিন্তু বিবরণের পাঠে লেখা যাইবেক এবং সমাপ্ত হইলে পর সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক এবং জজের ও মোকদ্দমার উভয় পক্ষের কি তাহারদের উকীলদিগের অথবা তাহারদের যে কেহ হাজির থাকিতে চাহে তাহারদের সম্মুখে সাক্ষী ঐ জোবানবন্দীতে দস্তখৎ করিবেক। যদি সাক্ষী ঐ জোবানবন্দীতে দস্তখৎ করিতে অস্বীকার করে তবে জজ তাহাতে দস্তখৎ করিবেন এবং সাক্ষী যদি দস্তখৎ না করণের কোন হেতু দিয়াছে তবে তাহাও লিখিবেন এবং জজ তদ্বিষয়ে যে মন্তব্য কথা উচিত বোধ করেন তাহাও লিখিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয় অথবা যদি বাদী কি প্রতিবাদী কিম্বা তাহার উকীল তাহা চাহেন তবে জজ আপনার বিবেচানামতে ঐ বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবেন কি লিখিতে হুকুম দিবেন। সাক্ষিকে যে সওয়াল করা যায় এমত কোন সওয়ালের বিষয়ে যদি বাদী কি প্রতিবাদী কি তাহারদের উকীলেরা আপত্তি করেন এবং আদালত ঐ সওয়াল করিতে অনুমতি দেন তবে ঐ সওয়াল ও জওয়াব লেখা যাইবেক এবং জোবানবন্দী লিখিবার সময়ে সেই আপত্তি এবং যে ব্যক্তি তাহা করে তাহার নাম লেখা যাইবেক এবং ঐ আপত্তির বিষয়ে আদালতের নিষ্পত্তিও লেখা যাইবেক। আরো জোবানবন্দী লওনের সময়ে কোন সাক্ষির ভাবের বিষয়ে

pecting the demeanor of any witness whilst under examination.

XXXII. In cases where the evidence is needed of females, who, according to the custom of the country, ought not to be compelled to appear as witnesses in a Court of Justice, and in which the Court shall be of opinion that the ends of justice require and justify it, such Court may issue a commission to any Officer of the Court or other person, to be named in such commission, for the examination of such females in the hearing of the parties to the suit or their vakeels, in such manner as the Court may direct, having regard to the custom and usage of the country, and with liberty to the parties or their vakeels, to cross examine, anything in Section V. Act VII. 1841, to the contrary notwithstanding.

XXXIII. On or before the day appointed for trial, the Court may, for any sufficient reason, such as the unavoidable absence of any material witness, or for other good cause, on the application of either party, postpone the hearing to another day, to be named, on such terms as to the payment to the opposite party of his costs occasioned by the postponement, and otherwise as to the Court shall seem reasonable. In such case notice in writing shall be given to each of the witnesses to attend and give evidence, or to produce a document on the substituted day, instead of the day mentioned in their summonses, if there be time to do so and the Judge shall so order. The notice shall be served in the same manner as a summons. The service of such notice shall have the same effect as if the substituted day had been originally named in such summons as the day for the appearance in Court to give evidence or produce a document, and all the provisions in this Act relating to summonses to give evidence or produce documents, shall extend to such notices in the same manner as if such notices had been expressly mentioned in such provisions. If the application be too late to serve such notices, the Court may order that the examination of any witness who may be present, or shall attend in pursuance of a summons, shall be proceeded with, and that the further hearing of the case, after the examination of such witness, shall alone be postponed.

XXXIV. Unless the hearing be postponed in manner aforesaid, it shall commence on the day appointed, or as soon afterwards as the business which may be pending before the Court and may be entitled to priority will allow, and the recording of evidence on the trial of any suit when begun under the rules above enacted, shall, unless there be good and sufficient reason to the contrary, (which reason shall be recorded) continue on the same day, or on consecutive business days, until the whole of the evidence of the witnesses present shall be heard. The parties or such of them as desire it shall then be heard either by themselves or their pleaders orally on the merits of the case as regards the issues

জজ যে কোন মন্তব্য কথা লেখা প্রয়োজনীয় বোধ করেন তাহাও লিখিবেন ইতি।

৩২ ধারা। যে স্থলে কোন স্ত্রীগণের সাক্ষ্যের প্রয়োজন হয় এবং দেশের চলনমতে তাহারদিগকে সাক্ষিস্বরূপ আদালতে বলপূর্ব্বক উপস্থিতকরা কর্ত্তব্য না হয় এবং যে স্থলে আদালত বোধ করেন যে যথার্থ বিচারের নিমিত্তে কমিস্যন দেওয়া আবশ্যক ও উচিত সেই স্থলে ঐ আদালত দেশের চলন ও ব্যবহারের প্রতি মনোযোগ করিয়া যে প্রকার হুকুম করেন সেই প্রকারে মোকদ্দমার উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের কর্ণগোচরে ঐ স্ত্রীগণের জোবানবন্দী লইবার নিমিত্তে আদালতের কোন আমলাকে অথবা অন্য ব্যক্তিকে কমিস্যন দিতে পারেন। যাঁহাকে কমিস্যন দেন তাঁহার নাম তাহাতে লেখা থাকিবেক। এবং মোকদ্দমার উভয় পক্ষ অথবা তাহারদের উকীলদিগকে বিপরীত জিজ্ঞাসাবাদ করিবার অনুমতি হইবেক এবং ১৮৪১ সালের ৭ আইনের ৫ ধারাতে ইহার বিরুদ্ধ কিছু থাকিলেও তাহাতে প্রতিবন্ধক হইবেক না ইতি।

৩৩ ধারা। বিচারের নির্দ্দিষ্ট দিবসে কি তাহার পূর্ব্বে কোন প্রচুর কারণক্রমে অর্থাৎ আবশ্যক কোন সাক্ষির অগত্যা গরহাজির হওনপ্রযুক্ত অথবা অন্য কোন বিশিষ্ট হেতুতে আদালত বাদির কি প্রতিবাদির দরখাস্তমতে মোকদ্দমা শুনিবার নিমিত্তে অন্য কোন দিবস নির্দ্দিষ্ট করিতে পারেন কিন্তু বিলম্বপ্রভৃতি হওয়াতে বিপক্ষপক্ষের যে খরচ হইতে পারে তাহা তাহাকে দেওনের বিষয়ে যে২ নিয়ম আদালত উচিত বোধ করেন তাহাই করিবেন। এমত স্থলে যদি সময় থাকে এবং জজ হুকুম করেন তবে প্রত্যেক সাক্ষিকে এই মর্ম্মের লিখিত এত্তেলা দেওয়া যাইবেক যে তাহারদের সমনে যে দিন নির্দ্দিষ্ট ছিল তাহার পরিবর্ত্তে অন্য যে দিন নিরূপণ হইয়াছে সেই দিনে হাজির হইয়া সাক্ষ্য দেয় কি দলীল উপস্থিত করে। সমন যেপ্রকারে জারী হয় ঐ এত্তেলাও সেইপ্রকারে জারী হইবেক। ঐ নির্দ্দিষ্ট দিবসের পরিবর্ত্তে অন্য যে দিন নিরূপণ হয় সেই দিন সাক্ষ্য দেওনার্থে কি দলীল উপস্থিত করণার্থে আদালতে হাজির হইবার জন্যে সমনে প্রথমে লেখা গেলে যেপ্রকার ফল হইত ঐ এত্তেলা জারীরও সেইপ্রকার ফল হইবেক এবং সাক্ষ্য দেওনের কি দলীল উপস্থিত করণের সমনের বিষয়ে এই আইনের সকল বিধানের মধ্যে ঐ এত্তেলা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইলে তদ্বিষয়ে যেপ্রকারে ঐ বিধান খাটিত সেইপ্রকারে সেই সকল বিধান ঐ এত্তেলার বিষয়েও খাটিবেক। যদি ঐ দরখাস্ত অতিগৌণে হওয়াপ্রযুক্ত ঐপ্রকার এত্তেলা জারী হইতে না পারে তবে আদালত হুকুম করিতে পারেন যে ঐ সমনঅনুসারে যে কোন সাক্ষী উপস্থিত থাকে কি হাজির হয় তাহারদের জোবানবন্দী লওয়া যায় এবং ঐ সাক্ষিরদের জোবানবন্দী লওনের পর মোকদ্দমার দ্বিতীয়বার শুননের বিলম্ব হয় ইতি।

৩৪ ধারা। যদি পূর্ব্বোক্তমতে শুননির বিলম্ব না হয় তবে নিরূপিত দিবসে, অথবা আদালতের সম্মুখে উপস্থিতথাকা অন্য যে কার্য্য প্রথমে নির্ব্বাহ করা আবশ্যক তাহা করিলে পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, মোকদ্দমার শুননি আরম্ভ হইবেক এবং পূর্ব্বোক্ত বিধির অনুসারে কোন মোকদ্দমার বিচারে সাক্ষ্য লিখিবার কার্য্য আরম্ভ হইলে যাবৎ হাজিরথাকা সকল সাক্ষির জোবানবন্দী না লওয়া গিয়াছে তাবৎ ঐ সাক্ষ্য লেখার কর্ম্ম সেই দিনে এবং তৎপর২ কাছারীর দিনে অনবরত চলিবেক কিন্তু তাহা না করিবার বিশিষ্ট ও মাতবর কারণ থাকিলে চলিবেক না এবং ঐ কারণ লেখা যাইবেক। তৎপরে বৃত্তান্ত এবং আইনঘটিত ইসুসম্পর্কে মোকদ্দমার দোষগুণ বিষয়ে বাদিপ্রতিবাদিরদের কি তাহারদের মধ্যে যে কেহ চাহে তাহারদের নিজের কিম্বা তাহারদের

both of fact and law, and after considering the argument and evidence, the Judge shall record his judgment under Act XII. 1843.

XXXV. If the Court, after the evidence of all the witnesses shall have been heard, and before hearing the pleaders or recording the judgment, shall think it necessary for the ends of justice to inspect any document, or to examine any party to the suit, or any other person whose evidence may appear to be material, the Court, of its own accord, may cause such party or person to be summoned to attend as a witness, to give evidence, or to produce such document, if in his possession, on a day to be appointed, and may examine such party or person as a witness in open Court, or in such other manner as the Court may direct, upon any question which the party or witness may be bound to answer and the Court may think necessary, and may also compel the production of any document mentioned in such summons, which any such persons may have in his possession or power, and be bound to produce. Any witness so called shall be subject to the cross-examination of either party, or his vakeel. If such person, whether a party or not, shall be a female, who, according to the custom of the country, ought not to be compelled to appear as a witness in a Court of Justice, the Court may order such person to be examined in the manner provided by Section XXXII. of this Act, upon such questions as it may direct. The Commissioner or other person authorized to take the examination in such case may put such further questions as in his judgment may be necessary, or may arise out of the answers to be given to the questions directed by the Court.

XXXVI. The Judge may cause public notice to be given in Court, either before or during the examination of any witness, requiring all or any other witnesses, whether parties or not who have been summoned or inserted in the list of witnesses in the same cause, to leave and to remain out of Court until further order. Any witness in a cause who without lawful excuse shall wilfully remain in, or come into Court, contrary to such notice, shall be punishable in the same manner as for a contempt of Court in open Court. Whenever such notice shall be given, the consequence of disobedience thereto shall be publicly explained at the time of giving the notice.

XXXVII. Any party to a suit, appeal or proceeding who may be examined as a witness therein, shall, except as otherwise provided by this Act, be examined according to the rules for the time being in force as to the examination of witnesses not being parties to the suit, and shall be punishable for any false evidence given by him, in the same manner as if he were not a party.

উকীলেরদের জোবানী কথা শুনা যাইবেক এবং উত্তর-প্রত্যুত্তর ও সাক্ষ্য বিবেচনা করিলে পর জজ ১৮৪৩ সালের ১২ আইনানুসারে আপনার ডিক্রী লিখিবেন ইতি।

৩৫ ধারা। সকল সাক্ষির জোবানবন্দী শুনা গেলে পর এবং উকীলেরদের কথা শুনিবার পূর্ব্বে ও ডিক্রী লিখিবার পূর্ব্বে যদি আদালত বোধ করেন যে যথার্থ বিচারের নিমিত্তে কোন দলীল তদারক করা অথবা মোকদ্দমার কোন বাদি কি প্রতিবাদির কিম্বা অন্য যে কোন ব্যক্তির সাক্ষ্য প্রয়োজনীয় বোধ হয় তাহার জোবানবন্দী লওয়া আবশ্যক, তবে আদালত আপনার ইচ্ছামতে কোন দিন নিরূপণ করিয়া সেই দিনে ঐ বাদি কি প্রতিবাদির কিম্বা অন্য ব্যক্তির নামে সাক্ষ্য দেওনার্থে কিম্বা ঐ দলীল যদি তাহার দখলে থাকে তবে তাহা উপস্থিত করণার্থে সাক্ষিস্বরূপ হাজির হইবার সমন জারী করিতে পারেন। এবং খোলা কাছারীতে সাক্ষির জোবানবন্দী যেমন লওয়া যায় তেমনি, অথবা অন্য যে কোন প্রকারে আদালত হুকুম করেন সেইপ্রকারে, যে কোন জিজ্ঞাসার উত্তর ঐ বাদিপ্রতিবাদি অথবা সাক্ষির দেওন আবশ্যক হইতে পারে ও যে জিজ্ঞাসা আদালত আবশ্যক বোধ করেন সেই জিজ্ঞাসার বিষয়ে তাহার জোবানবন্দী লইতে পারেন এবং ঐ সমনের নির্দ্দিষ্ট যে কোন দলীল এমত কোন ব্যক্তির দখলে কি এখ্তিয়ারে আছে এবং উপস্থিত করাণ যাইতে পারে তাহা তাহাকে দাখিল করাইতে পারেন। এই প্রকারে যে কোন সাক্ষিকে তলব করা যায় তাহাকে বাদী কি প্রতিবাদী কিম্বা তাহার উকীল বিপরীত জিজ্ঞাসাবাদ করিতে পারেন। এমত ব্যক্তি মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক সে যদি স্ত্রী হয় এবং দেশের চলনমতে তাহাকে সাক্ষিস্বরূপ আদালতে বলপূর্ব্বক উপস্থিত করা কর্ত্তব্য না হয় তবে আদালত যে বিষয় জিজ্ঞাসা করিতে হুকুম করেন সেই বিষয়ে এই আইনের ৩২ ধারার নির্দ্দিষ্টমতে তাহার জোবানবন্দী লইতে হুকুম করিতে পারেন। এমত স্থলে যে কমিস্যনর কিম্বা অন্য যে কোন ব্যক্তি ঐ জোবানবন্দী লইতে ক্ষমতা পান তিনি আপনার বিবেচনামতে অন্য যে কোন জিজ্ঞাসা আবশ্যক জ্ঞান করেন, অথবা আদালতের হুকুমমতে যে জিজ্ঞাসার উত্তর দেওয়া যায় সেই উত্তরহইতে অন্য যে জিজ্ঞাসা উত্থিত হয়, তাহা করিতে পারেন ইতি।

৩৬ ধারা। জজ কোন সাক্ষির জোবানবন্দী লওনের পূর্ব্বে কি লওনের সময়ে আদালতে এমত প্রকাশিত এত্তেলা দিতে পারেন যে ঐ মোকদ্দমাতে লিপ্ত হউক কি না হউক অন্য যে সকল বা কোন সাক্ষিকে তলব করা গিয়াছে কি যাহারদের নাম সাক্ষিদিগের ইসমনবীসীতে লেখা গিয়াছে তাহারা আদালতের বাহিরে যায় এবং অন্য হুকুম না পাওনপর্য্যন্ত আদালতের বাহিরে থাকে। মোকদ্দমাতে যে কোন সাক্ষী ঐপ্রকার এত্তেলার বিপরীতে ন্যায্য ওজর বিনা আদালতের ভিতরে থাকে কি আইসে সে সাক্ষী খোলা কাছারীতে আদালতের অবজ্ঞার নিমিত্তে যে প্রকার দণ্ড পাইতে পারিত সেই প্রকার দণ্ডের যোগ্য হইবেক। যখন এইপ্রকার এত্তেলা দেওয়া যায় তখন ঐ এত্তেলা না মানিলে যে দণ্ড হইবেক তাহা এত্তেলা দেওনের সময়ে প্রকাশরূপে ব্যক্ত করা যাইবেক ইতি।

৩৭ ধারা। কোন মোকদ্দমা বা আপীল কি কার্য্যে লিপ্ত যে কোন ব্যক্তি সেই মোকদ্দমাপ্রভৃতিতে সাক্ষিস্বরূপ জোবানবন্দী দেয় সেই ব্যক্তি, এই আইনের দ্বারা অন্যরূপ বিধান না হইলে, যে সাক্ষিরা মোকদ্দমাতে লিপ্ত নহে তাহারদের জোবানবন্দী লইবার বিষয়ে যে সময়ে যে বিধি চলন থাকে সেই বিধির অনুসারে জোবানবন্দী দিবেক এবং যদি কোন মিথ্যা সাক্ষ্য দেয় তবে মোকদ্দমাতে লিপ্ত না হইলে তাহার যেপ্রকার দণ্ড হইত সেইপ্রকার দণ্ডের যোগ্য হইবেক ইতি।

XXXVIII. The words "witness" and "witnesses" in Act VII. 1841, shall respectively include any party or parties to a suit, and the said Act shall be read as if the words "or party" "or parties" had been used in such Act, in conjunction with the words "witness" or "witnesses" respectively. Provided that the deposition of a party taken under the provisions of this Section at the instance of any opposite party may be read in evidence by, or on behalf of, such last-mentioned party, without the proof required by Section V. of the said Act. Provided also, that no deposition of any party taken under the provisions of this Section shall be read or used in evidence unless taken and read at the instance of some opposite party, or unless it shall be proved that the deponent is unable, from sickness or infirmity, to attend to be personally examined, or is, without collusion, or any reference to the suit, at so great a distance from the Court, that, in the judgment of the Court, it would be unreasonable to require his personal attendance in Court for the purpose of giving such evidence, in which last mentioned case it shall be discretionary with the Court, having regard to the nature of the case and of the evidence given, either to allow or to refuse such deposition to be read.

৩৮ ধারা। ১৮৪১ সালের ৭ আইনের মধ্যে "সাক্ষী" ও "সাক্ষিরা" এই২ শব্দেতে মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তিকে বা ব্যক্তিরদিগকেও বুঝাইবেক এবং ঐ আইনেতে "সাক্ষী" কিম্বা "সাক্ষিরা" এই২ শব্দের পরে ক্রমশঃ "অথবা মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তি" "অথবা মোকদ্দমাতে লিপ্ত ব্যক্তিরা" এই২ শব্দ ব্যবহার হইলে যেরূপে ঐ আইন পাঠ হইত সেইরূপে পাঠ করিতে হইবেক। পরন্তু জ্ঞানা কর্ত্তব্য যে এই ধারার বিধানমতে কোন বাদি কি প্রতিবাদির যে জোবানবন্দী তাহার বিপক্ষপক্ষ ব্যক্তির প্রার্থনামতে লওয়া যায় তাহা ঐ আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট প্রমাণবিনা ঐ বিপক্ষপক্ষের দ্বারা কি তাহার তরফে সাক্ষ্যস্বরূপ পাঠ করা যাইতে পারিবেক। আরো জ্ঞানা কর্ত্তব্য যে এই ধারার বিধানমতে কোন বাদি কি প্রতিবাদির যে জোবানবন্দী লওয়া যায় তাহা যদি তাহার বিপক্ষ পক্ষের প্রার্থনামতে না লওয়া যায় ও পাঠ না করা যায় অথবা যদি এইমত প্রমাণ না হয় যে জোবানবন্দীদেওনিয়া ব্যক্তি পীড়া কি দৌর্বল্য হেতুক স্বয়ং হাজির হইয়া জোবানবন্দী দিতে পারে না অথবা কারসাজী কিম্বা ঐ মোকদ্দমার সঙ্গে কোন সম্পর্ক বিনা আদালতহইতে এমত দূরে আছে যে আদালতের বিবেচনামতে ঐ সাক্ষ্য দিবার নিমিত্তে তাহার স্বয়ং আদালতে হাজির হইবার হুকুমকরা অসঙ্গত তবে কোন বাদি কি প্রতিবাদির ঐ জোবানবন্দী পাঠ করা যাইবেক না অথবা সাক্ষ্যস্বরূপ ব্যবহার হইবেক না। যদি ঐ জোবানবন্দীদেওনিয়া ব্যক্তি শেষোক্তমতে আদালতহইতে অতিদূরে থাকে তবে আদালত মোকদ্দমার এবং যে সাক্ষ্য দেওয়া যায় তাহার ভাবের বিষয়ে মনোযোগ করিয়া আপনার বিবেচনামতে ঐ জোবানবন্দী পাঠ করিবার অনুমতি দিতে পারেন বা না পারেন ইতি।

XXXIX. No appeal shall lie from any order or decision of a Judge with respect to summoning or examining any party to a suit, or as to allowing a deposition to be read under the Section next preceding.

৩৯ ধারা। মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তির নামে সমন করিবার কি তাহার জোবানবন্দী লইবার বিষয়ে অথবা এই আইনের ৩৮ ধারামতে জোবানবন্দী পাঠ করিবার অনুমতি দেওন বিষয়ে জজের যে কোন হুকুম কি নিষ্পত্তি হয় তাহার উপর কোন আপীল হইবেক না ইতি।

XL. If any party to any such suit as aforesaid shall, in any pleading or statement, refer to any document in his possession or power, as a material proof or document in support of his claim or defence, he shall file such document with the pleading or statement, unless the Court shall, for good and sufficient cause, extend the time for filing the same; and any adverse party shall be entitled, by himself, or his vakeel, to inspect and take a copy of the document.

৪০ ধারা। যদি পূর্ব্বোক্ত প্রকারের কোন মোকদ্দমাতে লিপ্ত কোন ব্যক্তি কোন সওয়াল জওয়াব কি কৈফিয়তের মধ্যে আপনার দখলে কি এখ্তিয়ারে থাকা কোন দলীলের বিষয়ে আপনার দাওয়ার কিম্বা আপন জওয়াবের পোষকতার্থে গুরুতর প্রমাণ কি দলীল বলিয়া উল্লেখ করে তবে ঐ সওয়াল জওয়াব ও কৈফিয়তের সঙ্গে ঐ দলীলও দাখিল করিবেক, কিন্তু যদি আদালত বিশিষ্ট ও মাতবর হেতুতে ঐ দলীল দাখিল করিবার সময় বৃদ্ধি করেন তবে করিবেক না, এবং তাহার বিপক্ষ কোন ব্যক্তির এমত অধিকার থাকিবেক যে আপনি কি উকীলের দ্বারা ঐ দলীল দৃষ্টি করে ও তাহার নকল লয় ইতি।

XLI. In the construction of this Act, unless where it is otherwise expressly provided, or there is something in the subject or context repugnant to such construction, or which would render such construction inapplicable to the case, the word "Court" shall mean any Civil Court of the East India Company, and shall include any Judge or other officer or person mentioned in Section II. of this Act; the word "Judge" shall be understood to mean the chief judicial authority presiding in any such Court, and shall include any officer or person having, by law, or consent of parties, authority to examine witnesses and to act judicially; the word "suit" shall be deemed to mean and include any suit, appeal or proceeding mentioned in Section II.; the word "witness" shall include all persons competent and

৪১ ধারা। এই আইনের অর্থ করণেতে "আদালত" এই শব্দেতে কোম্পানি বাহাদুরের কোন দেওয়ানী আদালতকে বুঝাইবেক এবং তাহার মধ্যে কোন জজ কিম্বা এই আইনের ২ ধারার লিখিত অন্য কোন কার্য্যকারক কি ব্যক্তি গণ্য হইবেন। "জজ" এই শব্দেতে উক্ত প্রকার কোন আদালতে কর্তৃত্বকারি কোন প্রধান বিচারকর্ত্তাকে বুঝাইবেক এবং তাহার মধ্যে যে কোন কার্য্যকারক কি ব্যক্তি আইনের দ্বারা কি বাদিপ্রতিবাদির সম্মতিক্রমে সাক্ষিরদের জোবানবন্দী লইতে এবং বিচারকের কার্য্য করিতে ক্ষমতা পান তাঁহাকেও গণ্য করা যাইবেক। "মোকদ্দমা" এই শব্দেতে ২ ধারার লিখিত কোন মোকদ্দমা কি আপীল কিম্বা কার্য্য বুঝাইবেক। "সাক্ষী" এই শব্দের অর্থের মধ্যে কোন মোকদ্দমাতে কি বিষয়ে লিপ্ত হইলে কি না হইলে যে সকল ব্যক্তি সাক্ষ্য দিতে পারে ও দিবার যোগ্য হয় তাহারদিগকে বুঝাইবেক। পুংলিঙ্গ কি এক বচনের শব্দেতে স্ত্রীলিঙ্গ কি বহুবচনের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৩। ২৭ ডিসেম্বর।]

liable to give evidence, whether parties to any suit or proceeding or not. Words importing the masculine gender or singular number shall include the feminine gender or plural number, and *vice versa*.

XLII. This Act shall extend only to Civil proceedings, and to the Presidency of Fort William in Bengal, and shall not include any of Her Majesty's Supreme Courts of Judicature.

XLIII. The provisions of Sections IX., X. and XI. of this Act shall not extend to the Zillah of Chittagong or Sylhet

XLIV. This Act shall come into operation on the 1st day of January, 1854.

GEO. PLOWDEN,
Offg. Secy. to the Govt. of India.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 16th December, 1853.

The unexpired portion (five days,) of the ten days' leave of absence granted on the 2nd instant, to Baboo Beneemadhub Shome, Moonsiff of Putterghutta, 24-Pergunnahs, has been cancelled from the date on which he resumed charge of his office.

Moulvee Mahomed Salim, Moonsiff of Sanamgunge, Sylhet for eight days, from the 1st prox. on private affairs.

The 20th December, 1853

Baboo Jadooram Boroowa, Moonsiff of Golaghat Zillah Shibsagur, for three days, from the 4th ultimo, in extension of the leave granted on the 30th August last

The leave of absence for one week, granted on the 5th October last, to Baboo Luchmun Purshad, Moonsiff of Kisnenpoor, Zillah Lohardugga, in excess of the period of the late Dusserah and Mohurrum Vacation, has been cancelled at his own request.

C. T. BUCKLAND, *Register*

রাজকর্ম্মে নিয়োগ।

২২৬৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরাবল ডেপুটি গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ মজুমদার মালদহের দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৩ সাল ১৭ ডিসেম্বর

পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডব্লিউ ড্যাম্পিয়র সাহেব (Mr W. Dampier.) অন্য হুকুম না হওনপর্য্যন্ত আপনার বর্ত্তমান কর্ম্মের অতিরিক্ত ১১ সংখ্যক অর্থাৎ পাটনা এলাকার রাজস্বের কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[*Government Gazette*, 27*th December*, 1853]

শব্দও গণ্য হইবেক এবং স্ত্রীলিঙ্গ কি বহুবচনের শব্দেতে পুংলিঙ্গ কি এক বচনের শব্দও গণ্য হইবেক। কিন্তু যদি সপষ্টরূপ অন্য প্রকার অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে অথবা যদি কথার ভাব কি পূর্ব্বাপর কথা দেখিয়া ঐরূপ অর্থকরা অসঙ্গত হয় কি ঐরূপ অর্থ বিষয়ের প্রতি খাটিতে না পারে তবে ঐ অর্থ করিতে হইবেক না ইতি।

৪২ ধারা। এই আইন কেবল দেওয়ানীর কার্য্যের বিষয়ে এবং বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে খাটিবেক এবং তাহার মধ্যে শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্ট গণ্য হইবেক না ইতি।

৪৩ ধারা। এই আইনের ৯ ও ১০ ও ১১ ধারার বিধান চাটিগাঁ কি ছিলট জিলাতে খাটিবেক না ইতি।

৪৪ ধারা। এই আইন ১৮৫৪ সালের ১ জানুআরি তারিখঅবধি চলন হইবেক ইতি।

জর্জ প্লৌডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৩ সাল ১৬ ডিসেম্বর।

চব্বিশপরগনার পাত্তরঘাটার মুনসেফ শ্রীযুত বাবু বেণীমাধব সোম বর্ত্তমান মাসের ২ তারিখে যে দশ দিনের ছুটী পান তাহার অবশিষ্ট কাল অর্থাৎ পাঁচ দিন যে তারিখে আপনার কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন সেই তারিখঅবধি রহিত হইয়াছে।

ছিলটের সানামগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ সালিম আগামি মাসের ১ তারিখঅবধি নীজ কর্ম্মোপলক্ষে আট দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২০ ডিসেম্বর।

জিলা শিবসাগরের গোলাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু যদুরাম বড়ুয়া গত আগষ্ট মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত গত মাসের ৪ তারিখঅবধি তিন দিনের ছুটী পাইয়াছেন।

জিলা লোহারডগার কৃষ্ণপুরের মুনসেফ শ্রীযুত বাবু লক্ষ্মণপ্রসাদ গত অক্টোবর মাসের ৫ তারিখে গত দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত যে এক সপ্তাহের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

সি টি বকলাণ্ড। রেজিষ্টর।

শ্রীযুত বাবু রামগতি মিত্র ১৮৩৩ সালের ৯ আইনানুসারে গত মাসের ২৫ তারিখঅবধি ফরিদপুরের ডেপুটী কালেক্টর হইবেন।

ছুটী।

১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

আমহর্ষ্টে থনাসরিম ও মার্ত্তাবান প্রদেশের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান এস আর টিকেল সাহেব (Captain S. R. Tickell,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

গুর্কি পল্টনের অধ্যক্ষ শ্রীযুত এনসাইন আর ষ্টুআর্ট সাহেব (Ensign R. Stewart,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ ও ১২ ধারানুসারে তিন মাসের ছুটী পাইয়াছেন। উক্ত সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত

কাপ্তান জি বর্ণর সাহেব (Captain G. Verner,) ঐ পল্টনের অধ্যক্ষতার ভার লইবেন।

১৮৫৩ সাল ১২ ডিসেম্বর।

মানভূমের চিকিৎসককর্তা কার্য্যকারক শ্রীযুত এম ও সলিবান সাহেব (Mr. M. O. Sullivan,) স্বীয় কর্ম্মোপলক্ষে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৭ ডিসেম্বর।

যশোহরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৯ ডিসেম্বর।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত জে এচ রেবেন্স সাহেব (Mr. J. H. Ravenshaw,) ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে। সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২২১৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৩ সাল ১৬ ডিসেম্বর।

নিম্নের লিখিত সাহেবেরা ১৮৫২ সালের ১০ আইনানুসারে ১৮৫৪ সালের নিমিত্তে কলিকাতা নগর শোভাকরণার্থে কমিস্যনর নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,)।

শ্রীযুত কাপ্তান এচ ই এল টুইলিয়র সাহেব (Captain H. E. L. Thuillier,)।

নিম্নের লিখিত মহাশয়েরা উপরোক্ত আইনানুসারে কলিকাতার টাক্সদায়িরদের দ্বারা কলিকাতা নগর শোভাকরণার্থে কমিস্যনরস্বরূপ মনোনীত হইয়াছেন।

শ্রীযুত বাবু তারিণীচরণ বাঁড়ুয্যা।

শ্রীযুত বাবু দীনবন্ধু দে।

শ্রীযুত ডবলিউ এচ এলিয়ট সাহেব (Mr. W. H. Elliott,) কমিস্যনরেরদের সভাপতি হইবেন।

১৮৫৩ সাল ২০ ডিসেম্বর।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বে যে জিলা লিখিত হইয়াছে সেই জিলায় ডেপুটী কালেক্টর নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত সি কে ডব সাহেব (Mr. C. K. Dove,) হুগলী ও নদীয়া।

শ্রীযুত জি বি হামটন সাহেব (Mr. G. B. Hampton,) বীরভূম।

শ্রীযুত জি টি ক্লীব সাহেব (Mr. G. T. Cleeve,) মুরশিদাবাদ।

শ্রীযুত সি ডবলিউ বি জোন্স সাহেব (Mr. C. W. B. Jones,) মেদিনীপুর।

শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু। বর্দ্ধমান।

শ্রীযুত বাবু গোপীনাথ দাস বালেশ্বরের সদর আমীন ও মুনসেফ হইবেন।

পশ্চিম বর্দ্ধমানের কোতলপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৩ সাল ১৬ ডিসেম্বর।

বেহারের মাজিষ্ট্রেট শ্রীযুত এফ সি ফোউল সাহেব (Mr. F. C. Fowle,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তাহার অতিরিক্ত ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ১৭ ডিসেম্বর।

রঙ্গপুরের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলী এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৩ সাল ২১ ডিসেম্বর।

বীরভূমের একটিং কালেক্টর শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie,) আপন সিরিশ্তার কর্ম্মের ভার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এচ রোস সাহেবের (Mr. H. Rose,) প্রতি অর্পণ করিয়া ছুটীবিষয়ক সংশোধিত বিধির ১১ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন। শ্রীযুত আবরক্রম্বি সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত রোস সাহেব কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৩ সাল ২২ ডিসেম্বর।

মুরশিদাবাদ চক্রের পণ্ডিত শ্রীযুত মদনমোহন তর্কালঙ্কার স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পণ্ডিত গোবিন্দকান্ত বিদ্যাভূষণ পণ্ডিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৩ সাল ৯ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেব কামরূপের রঙ্গিয়ার মুনসেফী এলাকা রহিত হওয়া এবং উক্ত মুনসেফী এলাকার নিম্নের লিখিত পরগনা উক্ত জিলার নলবাড়ী ও গৌহাটির মুনসেফী এলাকার শামিল হওয়া মঞ্জুর করিয়াছেন।

যে সকল পরগনা নলবাড়ীর শামিল হইয়াছে তাহা।

কাউরহবা	বুড়িগাং
বেতনা	ঝরগাং
পূর্ব্ব কাছারী মহাল	পশ্চিম কাছারী মহাল
ছুচক্ক	ঘোড়ামারা
ধমধমা	দ্বারবন্ধা পূর্ব্ব টঙ্গনি
পাক্করি	দ্বারবন্ধা উত্তর টঙ্গনি
	দ্বারগড়খোলা

যে সকল পরগনা গৌহাটির শামিল হইয়াছে তাহা।

পূর্ব্বপার	রামদিয়া
মাদারতলা	হাজু
বড়বংশা	পাথিদরঙ্গ
সুন্দরীচোপা	উত্তর সুরবংশর
	সুলা

১৮৫৩ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত এচ এস মেকেঞ্জি সাহেব (Mr. H. S. Mackenzie,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৩ সাল ২২ ডিসেম্বর।

ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি ডবলিউ উইনচেষ্টর সাহেব (Reverend W. Winchester,) ছুটী লইয়া যে স্থানে গমন করিয়াছিলেন তথাহইতে ওরিএণ্টল নামক বাষ্পীয় জাহাজে গত মাসের ২০ তারিখে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুমক্রমে।

সিসিল বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৪ সাল তারিখ ৯ জানেওয়ারি সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫২। ৫৩ সালের পয়দায়শী আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৪০২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৮৫৫
বানারসের পয়দায়শী আফিম	১১৭০
জুমলা সিন্দুক	৪০২৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৩ সালের ৬ ডিসেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ডিলিবরেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৪ সালের ১৪ জানেওয়ারি এবং ২৪ জানেওয়ারি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরকারের সাহেবের দস্তখতী ট্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৪ সালের ১৪ জানেওয়ারি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবেবে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসীদ সন ১৮৫৪ সালের ২৪ জানেওয়ারি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম দেওয়ার সন ১৮৫৪ সালে নীচের লিখিত মেকদার সন ১৮৫২। ৫৩ সালের বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন ইতি।

							বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৪ সালের	৮	ফিব্রুআরি	বুধবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৮	মার্চ	বুধবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	১০	আপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৮	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৮	জুন	বৃহস্পতিবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৭	জুলাই	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৯	আগষ্ট	বুধবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	[illegible]	৪০২৫
ঐ	৮	সেপ্টেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৯	অক্টোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৫৫	১১৭০	৪০২৫
ঐ	৮	নবেম্বর	[illegible]				২৮৫৫	১১৭০	৪০২৫
	৮	ডিসেম্বর	শুক্রবার	অথবা	কিঞ্চিৎ	অগ্রপশ্চাৎ	২৮৬৯	১১৯৬	৪০৪৫
							৩১৪১৯	১২৮৭৬	৪৪২৯৫

হিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৩ সাল তারিখ ১৭ ডিসেম্বর।

এ আর ইয়ং। একটিং ছোট সেক্রেটারী।

[*Government Gazette, 27th December*, 1853.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।